Vol. 140, No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

March to April Session, 2012

(From the 26th March to 2nd April, 2012)

(The 26th, 27th, 28th, 29th, 30th March, and 2nd April, 2012)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : ₹ 365/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee**, Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms.

2. **Shri Partha Chatterjee**, Minister-in-Charge, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Parliamentary Affairs and Department of Information Technology.

3. **Dr. Amit Mitra**, Minister-in-Charge, Department of Finance and Department of Excise.

4. **Shri Manish Gupta**, Minister-in-charge, Department of Development and Planning and Department of Power.

5. **Shri Subrata Mukherjee**, Minister-in-Charge, Department of Public Health Engineering.

6. **Shri Abdul Karim Chowdhary**, Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.

7. **Shri Sadhan Pande**, Minister-in-charge, Department of Consumer Affairs.

8. **Shri Upendra Nath Biswas**, Minister-in-Charge, Department of Backward Classes Welfare.

9. **Shri Javed Ahmed Khan**, Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.

10. **Shri Rabindranath Bhattacharya**, Minister-in-Charge, Department of Agriculture.

11. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Women and Child Development and Social Welfare.

12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Self Help Group and Self Employment.

14. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Co-operation and Department of Inland Water Transport.

15. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Law and Department of Judicial.

16. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Labour.

17. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Higher Education and Department of School Education.

18. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Tourism.

19. **Shri Hiten Barman,** Minister-in-Charge, Department of Forests.

20. **Shri Gautam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

21. **Shri Nure Alam Chowdhury,** Minister-in-Charge, Department of Animal Resources Development.

22. **Shri Shankar Chakraborty,** Minister-in-Charge, Department of Non-Conventional Energy Sources and Department of Correctional Administration.

23. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Technical Education and Training, Department of Science and Technology and Department of Bio-Technology.

24. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment.

25. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Youth Services.

26. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Housing.

27. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

28. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

29. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

30. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

31. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Panchayats and Rural Development.

32. **Dr. Manas Ranjan Bhunia,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways and Department of Micro and Small Scale Enterprises and Textile.

33. **Shri Abu Hena,** Minister-in-Charge, Department of Fisheries and Department of Food Processing Industries and Horticulture.

34. **Shri Manjul Krishna Thakur,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation (Independent Charge) and Department of Micro and Small Scale Enterprises and Textile.

35. **Shri Madan Mitra,** Minister-of-State, Department of Sports (Independent Charge) and Department of Fisheries.

36. **Shri Subrata Saha,** Minister-of-State, Department of Public Works and Department of Food Processing Industries & Horticulture.

37. **Shri Shyamal Mondal,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge) and Department of Irrigation and Waterways.

38. **Shri Pramatha Nath Roy,** Minister-of-State, Department of Development of Planning.

39. **Dr. Abu Naser Khan Choudhury,** Minister-of-State, Department of Science & Technology.

40. **Shri Sunil Chandra Tirkey,** Minister-of-State, Department of Consumer Affairs.

41. **Smt. Sabina Yeasmin,** Minister-of-State, Department of Labour.

42. **Shri Aroop Biswas,** Minister-of-State, Youth Services.

43. **Smt. Chandrima Bhattacharya,** Minister-of-State, Department of Health & Family Welfare.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Biman Banerjee**

Deputy Speaker : **Smt. Sonali Guha (Bose)**

Secretary : **Shri J. L. Chakraborty**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Choudhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47–Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76–Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139–Canning Purba, South 24-Parganas)
*5. Abu Hena, Shri (61–Lalgola, Murshidabad)
**6. Abu Naser Khan Choudhury, Shri (53–Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74–Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265–Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183–Jagatballavpur, Howrah)
10. Acharjee, Shri Amal (36–Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Ananta Deb (16–Maynaguri, Jalpaiguri)
12. Adhikari, Shri Anil (13–Falakata (SC), Jalpaiguri)
13. Adhikari, Shri Dibyendu (216–Kanthi Dakshin, Purba Medinipur)
14. Adhikary, Shri Paresh Chandra (1–Mekhliganj (SC), Cooch Behar)
15. Akhruzzaman, Shri (59–Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31–Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75–Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45–Chanchal, Malda)
19. A.T.M. Abdulla, Shri (125–Basirhat Uttar, North 24 Parganas)

B

20. Badal Jamadar, Shri (148-Bhangore, South 24-Parganas)
21. Bag, Shri Nabin Chandra (259–Khandoghosh (SC), Burdwan)
22. Bagdi, Shri Bijoy (284–Dubrajpur (SC), Birbhum)
23. Bagdi, Dhiren Shri (289–Sainthia, Birbhum)
24. Bakshi, Smt. Smita (165–Jorasanko, Kolkata)
25. Banerjee, Dr. Asish (291–Rampurhat, Birbhum)
+26. Banerjee, Shri Biman (140–Baruipur Paschim, South 24-Parganas)
*27. Banerjee, Smt Mamata (159–Bhabanipur, Kolkata)
28. Banerjee, Dr. Nikhil Kumar (276–Durgapur Purba, Burdwan)
29. Banerjee, Shri Rajib (184–Domjur, Howrah)
30. Banerjee, Shri Tapas (280–Asansol Dakshin, Burdwan)
31. Baraik, Shri Bulu Chik (20–Mal (ST), Jalpaiguri)

32. Barma, Shri Dr. Sukhbilas (17–Jalpaiguri (SC), Jalpaiguri)
33. Barman, Shri Binay Krishna (2–Mathabhanga (SC), Cooch Behar)
*34. Barman, Shri Hiten (5–Sitalkuchi (SC), Cooch Behar)
*35. Basu, Shri Bratya (114–Dum Dum, North 24-Parganas)
36. Basu, Smt. Manju (107–Noapara, North 24 Parganas)
*37. Basu, Shri Purnendu (117–Rajarhat-Gopalpur, North 24-Parganas)
38. Batabyal, Shri Subhasis (248–Chhatna, Bankura)
39. Bauri, Shri Purna Chandra (246–Raghunathpur (SC), Purulia
40. Bauri, Shri Umapada (245–Para (SC), Purulia)
41. Belthariya, Shri Swapan Kumar (244–Kashipur, Purulia)
42. Besra, Shri Susanta (238–Bandwan (ST), Purulia)
43. Bhattacharjee, Shri Amiya Kanti (211–Chandipur, Purba Medinipur)
44. Bhattacharya, Smt. Chandrima (110–Dum Dum (Uttar), North 24-Parganas)
*45. Bhattacharya, Shri Rabindranath (188–Singur, Hooghly)
46. Bhattacharya, Dr. Rudra Nath (26–Siliguri, Darjeeling).
47. Bhowmick, Shri Partha (104–Naihati, North 24-Parganas)
48. Bhunia, Shri Ajit (230–Daspur, Paschim Medinipur)
*49. Bhunia, Dr. Manas Ranjan (226–Sabang, Paschim Medinipur)
50. Biswas, Shri Abir Ranjan (90–Ranaghat Dakshin (SC), Nadia)
51. Biswas, Shri Aroop (152–Tollyganj, South 24-Parganas)
52. Biswas, Shri Emani (57–Suti, Murshidabad)
53. Biswas, Dr. Ramendra Nath (92–Kalyani (SC), Nadia)
54. Biswas, Shri Surajit Kumar (96–Bongaon Dakshin (SC), North 24-Parganas)
55. Biswas, Shri Sushil (88–Krishnaganj (SC), Nadia)
*56. Biswas, Shri Ujjal (85–Krishnanagar Dakshin, Nadia)
*57. Biswas, Dr. Upendra Nath (94–Bagda (SC), North 24-Parganas)
58. Bose, Shri Sujit (116–Bidhannagar, North 24-Parganas)
59. Bouri, Shri Swapan (247–Saltora (SC), Bankura)

C

60. Chaki, Shri Naresh Chandra (91–Chakdaha, Nadia)
61. Chakrabarti, Shri Chiranjeet (119–Barasat, North 24-Parganas)
62. Chakraborty, Shri Snehasis (195–Jangipara, Hooghly)
63. Chakraborty, Shri Manoj (72–Baharampur, Murshidabad)
*64. Chakraborti, Shri Shankar (39–Balurghat, Dakshin Dinajpur)
65. Champramary, Shri Wilson (11–Kalchini (ST), Jalpaiguri)
66. Chand Mohammad, Shri (62–Bhagabangola, Murshidabad)
67. Chatterjee, Shri Gouranga (275–Pandabeswar, Burdwan)

*68. Chatterjee, Shri Partha (154–Behala Paschim, South 24-Parganas)
69. Chatterjee, Shri Partha Sarathi (87–Ranaghat Uttar-Paschim, Nadia)
70. Chatterjee, Shri Rabindranath (270–Katwa, Burdwan)
71. Chatterjee, Shri Sovan (153–Behala Purba, South 24-Parganas)
72. Chatterjee, Shri Tapan (269–Purbasthali Uttar, Burdwan)
73. Chatterjee, Shri Ujjal (282–Kulti, Burdwan)
*74. Chattopadhyay, Dr. Rabiranjan (260–Bardhaman Dakshin, Burdwan)
***75. Chattopadhyay, Shri Sobhandeb (160–Rashbehari, Kolkata)
76. Chhetri, Dr. Harka Bahadur (22–Kalimpong, Darjeeling)
77. Choudhury, Shri Krishnendu Narayan (51–Englishbazar, Malda)
78. Chowdhury Md. Hedayatullah, Shri (263–Monteswar, Burdwan)
79. Choudhury (Mitra), Smt. Sikha (162–Chowrangee, Kolkata)

D

80. Das, Shri Biswajit (95–Bongaon Uttar (SC), North 24-Parganas)
81. Das, Smt. Kasturi (155–Maheshtala, South 24-Parganas)
82. Das, Shri Samares (218–Egra, Purba Medinipur)
83. Dasgupta, Shri Tapan (193–Saptagram, Hooghly)
84. Datta, Shri Silbhadra (108–Barrackpur, North 24-Parganas)
85. De, Shri Sukumar (207–Nandakumar, Purba Medinipur)
86. Deb, Shri Ashok Kumar (156–Budge Budge, South 24-Parganas)
*87. Deb, Shri Gautam (19–Dabgram-Phulbari, Jalpaiguri)
88. Debnath, Shri Swapan (268–Purbasthali Dakshin, Burdwan)
89. Dewan, Shri Trilok Kumar (23–Darjeeling, Darjeeling)
90. Dey, Shri Ajoy (86–Santipur, Nadia)
91. Dolai, Shri Bhushan Chandra (206–Moyna, Purba Medinipur)
92. Dolai, Smt. Chhaya (232–Chandrakona (SC), Paschim Medinipur)
93. Doloi, Shri Rameswar (235–Keshpur (SC), Paschim Medinipur)
94. Dolai, Shri Shankar (231–Ghatal (SC), Paschim Medinipur)
95. Dutta, Shri Parash (106– Jagatdal, North 24-Parganas)
96. Dutta, Shri Sabyasachi (115–Rajarhat-New Town, North 24-Parganas)

F

97. Firdousi Begum, Smt. (151–Sonarpur Uttar, South 24-Parganas)
*98. Firhad Hakim, Shri (158–Kolkata Port, Kolkata)
99. Firoza Begam, Smt. (63–Raninagar, Murshidabad)

G

*100. Ghatak, Shri Moloy (281–Asansol Uttar, Burdwan)
101. Ghosal, Dr. Anup (185–Uttarpara, Hooghly)
102. Ghosh, Shri Asok (170–Howrah Uttar, Howrah)
103. Ghosh, Shri Nirmal (111–Panihati, North 24-Parganas)
104. Ghosh, Shri Rabindra Nath (8–Natabari, Cooch Behar)
105. Ghosh, Shri Rathin (118–Madhyamgram, North 24-Parganas)
106. Ghosh, Shri Samarendranath (77–Karimpur, Nadia)
107. Ghosh, Shri Susanta (233–Garbeta, Paschim Medinipur)
108. Ghosh, Shri Swapan Kanti (285–Suri, Birbhum)
109. Ghosh, Shri Tamonash (144–Falta, South 24-Parganas)
*110. Ghosh Dastidar, Dr. Sudarsan (208–Mahisadal, Purba Medinipur)
111. Giasuddin Molla, Shri (142–Magrahat Paschim, South 24-Parganas)
112. Giri, Shri Akhil (217–Ramnagar, Purba Medinipur)
+113. Guha (Bose), Smt. Sonali (145–Satgachhia, South 24-Parganas)
114. Guha, Shri Udayan (7–Dinhata, Cooch Behar)
115. Gulsan Mullick, Shri (175–Panchla, Howrah)
*116. Gupta, Shri Manish (150–Jadavpur, South 24-Parganas)

H

*117. Haider Aziz Safwi, Shri (176–Uluberia Purba, Howrah)
118. Halder, Shri Bhupendra Nath (50–Maldaha (SC), Malda)
119. Halder, Shri Dipak Kumar (143–Diamond Harbour, South 24-Parganas)
120. Halder, Shri Jogoranjan (133–Kulpi, South 24-Parganas)
121. Halder, Shri Joydeb (135–Mandirbazar (SC), South 24-Parganas)
122. Halder, Shri Ram Sankar (129–Kultali (SC), South 24-Parganas)
123. Hamidul Rahaman, Shri (28–Chopra, Uttar Dinajpur)
124. Hansda, Shri Bachchu (40–Tapan (ST), Dakshin Dinajpur)
125. Hansda, Shri Dibakar (237–Binpur (ST), Paschim Medinipur)
*126. Hansda, Dr. Sukumar (222–Jhargram, Paschim Medinipur)
127. Hazra, Shri Banamali (267–Bhatar, Burdwan)
128. Hazra, Shri Bankim Chandra (132–Sagar, South 24-Parganas)
129. Hazra, Shri Gadadhar (287–Nanoor (SC), Birbhum)
130. Hembram, Smt. Deblina (249–Ranibandh (ST), Bankura)
131. Humayun Kabir, Shri (70–Rejinagar, Murshidabad)

I

132. Id. Mohammad, Shri (69–Bharatpur, Murshidabad)
133. Insar Ali Biswas, Shri (73–Hariharpara, Murshidabad)
134. Iqbal Ahmed, Shri (202–Khanakul, Hooghly)
135. Isha Khan Choudhury, Shri (54–Baishnabnagar, Malda)

J

136. Jahanara Khan, Smt. (279–Jamuria, Burdwan)
137. Jana, Shri Samir Kumar (130–Patharpratima, South 24-Parganas)
138. Javed Ahmed Khan, Shri (149–Kasba, South 24-Parganas)
139. Joardar, Shri Abani Mohan (83–Krishnanagar Uttar, Nadia)
140. Julfikar Molla, Shri (121–Haroa, North 24-Parganas)

K

141. Kar, Shri Jyotirmoy (212–Patashpur, Purba Medinipur)
142. Karak, Shri Biswanath (201–Goghat (SC), Hooghly)
143. Khan, Shri Arup Kumar (254–Onda, Bankura)
144. Khan, Shri Basudeb (261–Raina (SC), Burdwan)
145. Khan, Shri Kallol (81–Nakashipara, Nadia)
146. Khan, Shri Saumitra (256–Katulpur, Bankura)
147. Kisku, Shri Upen (250–Raipur (ST), Bankura)
148. Kujur, Smt. Kumari (14–Madarihat (ST), Jalpaiguri)
149. Kundu, Shri Biswajit (264–Kalna (SC), Burdwan)

L

150. Lahiri, Shri Jatu (172–Shibpur, Howrah)

M

151. M. Nuruzzaman, Dr. (120–Deganga, North 24-Parganas)
152. Mahamuda Begam, Smt. (38–Kumarganj, Dakshin Dinajpur)
153. Mahapatra, Shri Arun (219–Dantan, Paschim Medinipur)
*154. Mahapatra, Dr. Saumen Kumar (203–Tamluk, Purba Medinipur)
155. Mahata, Shri Nepal (240–Baghmundi, Purulia)
156. Mahata, Shri Srikanta (234–Salboni, Paschim Medinipur)
157. Mahato, Shri Chudamani (221–Gopiballavpur, Paschim Medinipur)
158. Mahato, Shri Dhirendra Nath (241–Joypur, Purulia)
*159. Mahato, Shri Shantiram (239–Balarampur, Purulia)
160. Mainul Haque, Shri (55–Farakka, Murshidabad)
161. Maiti, Shri Mrigendra Nath (236–Medinipur, Paschim Medinipur)
162. Maiti, Shri Radha Kanta (229–Debra, Paschim Medinipur)
163. Maity, Shri Ardhendu (214–Bhagabanpur, Purba Medinipur)
164. Maity, Smt. Banasri (213–Kanthi Uttar, Purba Medinipur)
165. Majhi, Shri Asim Kumar (191–Balagarh (SC), Hooghly)

166. Maji, Dr. Nirmal (177–Uluberia Uttar (SC), Howrah)
167. Mazumder Shri Asit, (190–Chunchura, Hooghly)
168. Majumder, Shri Brajamohan (173–Howrah Dakshin, Howrah)
169. Mal, Shri Asit Kumar (292–Hansan (SC), Birbhum)
170. Malakar, Shri Sankar (25–Matigara-Naxalbari (SC), Darjeeling)
*171. Mallick, Shri Jyoti Priya (100–Habra, North 24-Parganas)
172. Mamtaj Begam, Smt. (157–Metiaburuz, South 24-Parganas)
173. Mandal, Shri Anandamay (126–Hingalganj (SC), North 24-Parganas)
174. Mandal, Shri Kalipada (179–Shyampur, Howrah)
175. Mondal, Shri Nirmal Chandra (137–Baruipur Purba (SC), South 24-Parganas)
176. Mandal, Shri Ranjit Kumar (78–Tehatta, Nadia)
177. Mandi, Shri Biram (223–Keshiary (ST), Paschim Medinipur)
178. Manna, Shri Becharam (196–Haripal, Hooghly)
179. Marjit, Shri Ashis (66–Khargram (SC), Murshidabad)
180. Md. Ghulam Rabbani, Shri (30–Goalpokhar, Uttar Dinajpur)
181. Md. Sohrab, Shri (58–Jangipur, Murshidabad)
182. Md. Sohrab Ali, Shri (278–Raniganj, Burdwan)
183. Mete, Shri Basudev (273–Ausgram (SC), Burdwan)
184. Mete, Shri Gurupada (257–Indus (SC), Bankura)
##185. Mishra, Dr. Surjya Kanta (225–Narayangarh, Paschim Medinipur)
186. Mishra, Shri Kashinath (252–Bankura, Bankura)
*187. Mitra, Dr. Amit (109–Khardaha, North 24-Parganas)
188. Mitra, Shri Asit (181–Amta, Howrah)
189. Mitra, Shri Biplab (42–Harirampur, Dakshin Dinajpur)
**190. Mitra, Shri Madan (112–Kamarhati, North 24-Parganas)
*191. Mitra, Smt. Sabitri (49–Manikchak, Malda)
192. Mondal, Smt. Bina (98–Swarupnagar (SC), North 24-Parganas)
193. Mondal, Shri Dilip (146–Bishnupur (SC), South 24-Parganas)
194. Mondal, Shri Kanai Chandra (65–Nabagram (SC), Murshidabad)
195. Mondal, Shri Ranajit (215–Khejuri (SC), Purba Medinipur)
**196. Mondal, Shri Shyamal (138–Canning Paschim (SC), South 24-Parganas)
197. Mondal, Shri Sunil Kumar (274–Galsi (SC), Burdwan)
198. Mondal, Smt. Usha Rani (122–Minakhan (SC), North 24-Parganas)
199. Monirul Islam, Shri (288–Labpur, Birbhum)
200. Muzaffar Khan Shri (187–Champdani, Hooghly)
201. Mukherjee, Shri Abhijit (293–Nalhati, Birbhum)
202. Mukherjee, Shri Apurba (277–Durgapur Paschim, Burdwan)
203. Mukherjee, Shri Asutosh (253–Barjora, Bankura)

204. Mukherjee, Shri Narayan (124–Basirhat Dakshin, North 24-Parganas)
205. Mukherjee, Shri Samar (48–Ratua, Malda)
*206. Mukherjee, Shri Shyama Prasad (255–Bishnupur, Bankura)
*207. Mukherjee, Shri Subrata (161–Ballygunge, Kolkata)
208. Mukhopadhyay, Shri Jiban (147–Sonarpur Dakshin, South 24-Parganas)
209. Munda, Shri Joseph (21–Nagrakata (ST), Jalpaiguri)
210. Murmu, Shri Dulal (220–Nayagram (ST), Paschim Medinipur)
211. Murmu, Shri Khagen (43–Habibpur (ST), Malda)

N

212. Nag (Mallick), Smt. Nilima (93–Haringhata (SC), Nadia)
213. Nasiruddin Ahmed, Shri (80–Kaliganj, Nadia)
214. Naskar, Shri Jayanta (127–Gosaba (SC), South 24-Parganas)
215. Naskar, Shri Subhas (128–Basanti (SC), South 24-Parganas)
216. Naskar, Dr. Tarun Kanti (136–Jaynagar (SC), South 24-Parganas)
217. Nazmul Haque, Shri (228–Kharagpur, Paschim Medinipur)
*218. Nure Alam Chowdhury, Shri (294–Murarai, Birbhum)

O

219. Omar Ali, Dr. (205–Panskura Paschim, Purba Medinipur)

P

220. Pakhira, Shri Manturam (131–Kakdwip, South 24-Parganas)
*221. Pande, Shri Sadhan (167–Maniktala, Kolkata)
222. Panja, Shri Samir Kumar (182–Udaynarayanpur, Howrah)
223. Panja, Dr. Shashi (166–Shyampukur, Kolkata)
224. Patra, Smt. Asima (197–Dhanekhali (SC), Hooghly)
225. Patra, Shri Manoranjan (251–Taldangra, Bankura)
226. Paul, Shri Paresh (164–Beleghata, Kolkata)
227. Phiroja Bibi, Smt. (210–Nandigram, Purba Medinipur)
228. Poddar, Shri Samir Kumar (89–Ranaghat Uttar Purba (SC), Nadia)
229. Pramanick, Shri Ujjal (262–Jamalpur (SC), Burdwan)

Q

230. Quazi Abdul Gaffar, Shri (99–Baduria, North 24-Parganas)

R

231. Rafiqur Rahaman, Shri (102–Amdanga, North 24-Parganas)
232. Rajak, Smt. Protima (67–Burwan (SC), Murshidabad)

233. Ray, Shri Asok (290–Mayureswar, Birbhum)
234. Ray, Shri Keshab Chandra (6–Sitai (SC), Cooch Behar)
**235. Ray, Shri Pramatha Nath (34–Kaliaganj (SC), Uttar Dinajpur)
236. Ray, Shri Sushil Chandra (44–Gazole (ST), Malda)
*237. Roy, Shri Arup (171–Howrah Madhya, Howrah)
238. Roy, Shri Debaprasad (12–Alipurduars, Jalpaiguri)
239. Roy, Smt. Debasree (134–Raidighi, South 24-Parganas)
240. Roy, Shri Dhiman (101–Ashoknagar, North 24-Parganas)
241. Roy, Shri Gokul (32–Karandighi, Uttar Dinajpur)
242. Roy, Shri Khageswar (18–Rajganj (SC), Jalpaiguri)
243. Roy, Smt. Mamata (15–Dhupguri (ST), Jalpaiguri)
244. Roy, Shri Nagendra Nath (3–Cooch Behar Uttar (SC), Cooch Behar)
245. Roy, Shri Narmada Chandra (37–Kushmandi (SC), Dakshin Dinajpur)
246. Roy, Shri Pulak (178–Uluberia Dakshin, Howrah)
247. Roy, Shri Satyendra Nath (41–Gangarampur (SC), Dakshin Dinajpur)
248. Roy, Shri Subhranshu (103–Bijpur, North 24-Parganas)
249. Roy, Dr. Sudipto (186–Sreerampore, Hooghly)
250. Roy, Shri Tapas (113–Baranagar, North 24-Parganas)
251. Roy Chowdhury, Shri Biplab (204–Panskura Purba, Purba Medinipur)
252. Roy Pradhan, Shri Arghya (9–Tufanganj, Cooch Behar)
253. Rukbanur Rahaman, Shri (82–Chapra, Nadia)

S

254. S. M. Sadi, Shri (79–Palashipara, Nadia)
**255. Sabina Yeasmin, Smt. (52–Mothabari, Malda)
256. Saha, Smt. Aparna (266–Bardhaman Uttar (SC), Burdwan)
257. Saha, Smt. Dipali (258–Sonamukhi (SC), Bankura)
258. Saha, Smt. Mala (168–Kashipur-Belgachia Kolkata)
259. Saha, Smt. Namita (141–Magrahat Purba (SC), South 24-Parganas)
260. Saha, Shri Pundarikakshya (84–Nabadwip, Nadia)
261. Saha, Smt. Seuli (209–Haldia (SC), Purba Medinipur)
**262. Saha, Shri Subrata (60–Sagardighi, Murshidabad)
263. Saha, Shri Swarna Kamal (163–Entally, Kolkata)
264. Sahajahan Choudhury, Shri (272–Mangalkot, Burdwan)
265. Santra, Shri Krishna Chandra (200–Arambag (SC), Hooghly)
266. Sardar, Shri Nirapada (123–Sandeshkhali (ST), North 24-Parganas)
267. Sardar, Shri Sital Kumar (174–Sankrail (SC), Howrah)
268. Sarkar, Shri Apurba (68–Kandi, Murshidabad)

269. Seikh Safiujjaman, Shri (71–Beldanga, Murshidabad)
270. Sekh Sahonawez, Shri (271–Ketugram, Burdwan)
271. Sen, Shri Arunava (180– Bagnan, Howrah)
272. Sengupta, Shri Mohit (35–Raiganj, Uttar Dinajpur)
273. Sharma, Dr. Rohit (24–Kurseong, Darjeeling)
274. Shaw, Shri Ashok Kumar (189–Chandannagar, Hooghly)
275. Singh, Shri Arjun (105–Bhatpara, North 24-Parganas)
276. Singh, Shri Rachhpal (198–Tarakeswar, Hooghly)
277. Singh, Shri Sultan (169–Bally, Howrah)
278. Singha Roy, Smt. Shaoni (64–Murshidabad, Murshidabad)
279. Singh Deo, Shri K. P. (242–Purulia, Purulia)
280. Sinha, Shri Chandra Nath (286–Bolpur, Birbhum)
281. Sinha, Shri Khagendra Nath (33–Hemtabad (SC), Uttar Dinajpur)
282. Sinha, Shri Prabodh Chandra (227–Pingla, Paschim Medinipur)
283. Sk. Amjad Hossain, Shri (192–Pandua, Hooghly)
284. Sk. Parvez Rahaman, Shri (199–Pursurah, Hooghly)
285. Sohanpal, Shri Gyan Singh (224–Kharagpur Sadar, Paschim Medinipur)
286. Swati Khandoker, Smt. (194–Chanditala, Hooghly)

T

287. Tajmul Hossain, Shri (46–Harishchandrapur, Malda)
288. Thakur, Shri Akshay (4–Cooch Behar Dakshin, Cooch Behar)
**289. Thakur, Shri Manjul Krishna (97–Gaighata (SC), North 24-Parganas)
290. Tirkey, Shri Dasrath (10–Kumargram (ST), Jalpaiguri)
**291. Tirkey, Shri Sunil Chandra (27–Phansidewa (ST), Darjeeling)
292. Touab Ali, Shri (56–Samserganj, Murshidabad)
293. Tudu, Smt. Sandhya Rani (243–Manbazar (ST), Purulia)

U

294. Upadhyay, Shri Bidhan (283–Barabani, Burdwan)

NOMINATED MEMBER

295. Calvert, Shri Michael Shane

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 26th March, 2012 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 08 Ministers of State and 194 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions

(To which oral answers were given)

শিল্পক্ষেত্রে আর্থিক বিনিয়োগ

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র**: শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২ আর্থিক বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত রাজ্যের শিল্প ক্ষেত্রে আর্থিক বিনিয়োগের পরিমাণ কত (শিল্প সংস্থার নাম সহ);

(খ) উক্ত শিল্পগুলির মধ্যে কতগুলি বাস্তবায়িত হয়েছে; এবং

(গ) উক্ত সংস্থাগুলিতে কত সংখ্যক কর্মসংস্থান হয়েছে (শিল্পভিত্তিক)?

শ্রীপার্থ চ্যাটার্জী

অনুমোদিত প্রশ্ন ৫৩২-এর উত্তর ২০১১-১২ আর্থিক বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত রাজ্যের শিল্পের ক্ষেত্রে আর্থিক বিনিয়োগের পরিমাণ কত? এই যে 'পর্যন্ত' কথাটা, সূর্য্যবাবু আমি ঠিক বুঝলাম না। আপনি কি আর্থিক বছরটা জানতে চেয়েছেন? না কি '৯১ সাল থেকে ২০১১-১২ আমি সেটা একটু ঘাবড়াচ্ছি। আপনি বলুনতো কোনটা জানতে চান?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করেছি দেখছি উনি আমাকে প্রশ্ন করছেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি জিজ্ঞাসা করছি 'পর্যন্ত' মানে? আমি উত্তর সবটাই দেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বলছি এই ফেব্রুয়ারি মাস পর্যন্ত ২০১১-১২ পরিষ্কারভাবে যেটা লেখা আছে শিল্প ক্ষেত্রে আর্থিক বিনিয়োগের পরিমাণ কত? যেগুলি প্রস্তাবিত বিনিয়োগ আশি হাজার কোটি আছে, আপনারা যেটা বাজেটে বলছেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : বাংলা কঠিন হয়ে যাচ্ছে আজকাল। ওই 'পর্যন্ত' বলতে আমি ভাবলাম বোধহয় একেবারে '৯১ সাল থেকে কিংবা '৭৮ সাল থেকে করছেন তা না, তা যাইহোক ভালোই বলেছেন। আমাদের সময়ের মধ্যে ইট গাঁথতে সময় লাগে সেই টাইম বোধহয় আপনি দিতে চাইছেন না। আশি হাজার কোটি টাকার মতন বিনিয়োগের প্রস্তাব আমাদের এসেছে। আপনি শিল্প সংস্থার নাম জানতে চেয়েছেন। একশো আঠাশটি শিল্প সংস্থা আছে, আমি আপনাকে লিস্ট দিয়ে দেব। একশো আঠাশটির নাম পড়ে লাভ নেই এখানে লিস্ট আছে। আপনি চাইলেন আমি দিয়ে দেব। এর মধ্যে ১৪টি শিল্প সংস্থা রূপায়ণের কাজে হাত দিয়েছে। আর বাদবাকি আপনি যেটা বলছেন উক্ত সংস্থাগুলিতে কত কর্মসংস্থান হবে, এগুলি সবইতো ডি.পি.আর.-এর। আমরা যেটা নিয়ে আগে বারবার বলতাম যে, আপনারা বলুন কোন শিল্প সংস্থা কত দিনের মধ্যে কাজ করবে ? কত তার বিনিয়োগ হবে ? কত লোক নেবে ? কি ধরনের লোক নেবে ? তার একটা লিপিবদ্ধ তালিকা চাই। আমি বহুবার ওই আসন থেকে তৎকালনী মুখ্যমন্ত্রী ও শিল্পমন্ত্রীকে বলতাম। আপনি শুনলে খুশি হবেন আমি সেই কাজে হাত দিয়েছি। কারণ ডি.পি.আর. না দিয়ে এই যে চার হাজার সাতশো দশটি আই.ই.এম. আপনাদের তৎকালনী সরকার যে লিপিবদ্ধ করেছিলেন তার মধ্যে দেখা যাচ্ছে বাস্তবায়িত করার কথা ছেড়ে দিন, খাতায় কলমে আছে তেরোশো দশটি। তার নানা কারণ থাকতে পারে। কেউ হয়তো নিয়ে চলে গেছে কাজ করেনি। কেউ হয়তো জমিটা নিয়ে ভেবেছিল অন্য কাজ করব। আপনাদের জ্ঞাতার্থে বলি কেন চেয়েছিলাম কারণ শিল্পের জমিতে শিল্প হোক। কারণ এটাতো ঘটনা শিল্পের জন্য বিশাল জমি আকাশে হবে না পাতালে হবে আপনারা বলতেন। আমরা লক্ষ্য সেদিন ছিল যে শিল্পের জন্য যাঁরা জমি নিয়েছেন তাঁরা যেন শিল্পের জন্যই জমিটা ব্যবহার করেন আপনি শুনলে খুশি হবেন যে—এবার আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি, বিনিয়োগের যে প্রস্তাবটা এসেছে অন দ্য বেসিস অফ ডি.পি.আর.। আমি আসলাম এবং আপনি আসলেন দুজনে মিলে করমর্দন করলাম, ছবি তুললাম, সই করলাম এটা নয়। তাদেরকে জানাতে হবে—এক, কি ধরনের বিজনেস তারা করবে। দুই, তাদের তিন বছরের ব্যালেন্স সিট দিতে হবে। তিন, কত বিনিয়োগ করবে পর্যায়ক্রমে, ৩৫ হাজার কোটি বিনিয়োগ, হচ্ছে ৫ হাজার কোটি টাকাও নয়, এইরকম নয়। তাদেরকে বলতে হবে পর্যায়ক্রমে কত বিনিয়োগ করবে এবং কি ধরনের কর্মসংস্থান তারা সৃষ্টি করবে। আগে এগুলো ছিল না, এখন এগুলোকে আমরা লিজ এগ্রিমেন্টের মধ্যে আনছি। এনে এগুলোকে সই করছি। তার জন্য একটু সময় যাচ্ছে। তাহলে আমরা বুঝতে পারব কত কর্মসংস্থানের জন্য, আমাদের রাজ্যের বেকার যারা আছে, তারা প্রশিক্ষিত হয়ে ওই কাজে যেতে পারবে। সুতরাং ৮০ হাজার কোটি টাকার মতন বিনিয়োগ আছে। ১৪টি প্রকল্পের কাজ শুরু হয়েছে। অন্য প্রকল্পগুলো ওই একই পথে, শুরু হওয়ার পথে। বাণিজ্যিক উৎপাদন, আপনি নিজেও জানেন আমাদের ইনসেনটিভ স্কিম তিন বছর পর চালু হয়। অনেক ক্ষেত্রে দেখা গেছে ৭ বছর পরেও চালু হয়েছে সেগুলোকে স্ট্রিম লাইন করার ব্যবস্থা হচ্ছে। মোট কর্মসংস্থান, যা ডি.পি.আর.-এ তারা বলেছে, চিঠিতে তারা জানিয়েছে, ২ লক্ষ ৯৪ হাজার ২৭৬।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, ৮০ হাজার কোট টাকা বলেছে মানে, যেহেতু আমি দেখছি বিভিন্ন ভাষণে, রাজ্যপালের ভাষণে, বাজেটে, এই ৮০ হাজার কোটি টাকার, আপনি বলছেন ১২৮টা শিল্প আছে এর মধ্যে। তালিকা আপনার কাছে আছে, আমি নিয়ে নেব। আমার পড়ার জন্য আপনাকে বলছি না। কিন্তু আমি যেটা বলছি যে আপনি যেটা বলেছেন ১৪টা প্রকল্প তৈরির কাজ শুরু হয়েছে, এই ১৪টা প্রকল্প কি ? এটা আমি আপনার কাছে নির্দিষ্টভাবে জানতে চাইছি। বাকিগুলো নিশ্চয়ই প্রস্তাবের বিভিন্ন স্তরে আছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : কাজ শুরু হওয়া, না হওয়ার কারণটা মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলনেতার প্রশ্নের উত্তরে বলি আমাদের দপ্তরে যখন আমরা প্রথম আসি তখন দেখি যে কোনো কাগজপত্রেই সই হয়নি। এই ১৪টা, এটা হয়তো অনেক বেশি হতে পারত। তার মধ্যে রয়েছে সিয়ান্স, তাদের প্রাথমিক কাজ শুরু করেছে। প্রেম অ্যাপাবেলস, প্রপার্টি ফ্যাশান্স, ডি. টি. এল. অ্যানসিলারিস, স্ট্র্যাকার্স ইন্ডিয়া, গণপতি ফ্লাওয়ার অ্যান্ড ফুডস, টরো প্রসের্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, বেরা ডিস্ট্রিবিউটার্স, ম্যাটিস ফ্যার্টিলাইজার, জে. আর. জনসন্স, সেল এবং ইন্ডিয়ান রেলওয়েজ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি ইন্ডিয়ান রেল ওয়েজ-এর মধ্যে কেন ঢুকিয়েছেন আমি জানি না। যাই হোক ঢোকাতেই পারেন। আমি বলছি এই ১৪টির তালিকা যদি আপনি লে করে দেন, আমি যদি পাই তাহলে ভালো হয়। আপনি যেটা বললেন আমি সেটাতে সহমত পোষণ করি, এই ১৪টাতে ডি.পি.আর.-এ আমাদের জানা দরকার যে এতে কিরকম কর্মসংস্থান হবে। কি কর্মসংস্থান হতে পারে যে ১৪টা শুরু হয়েছে এবং সেই কর্মসংস্থানের জন্য যে লোক লাগবে, যে ধরনের স্কিল লাগবে, তার ডেভোলপমেন্টের জন্যে, আমি দেখছি বাজেট ইত্যাদিতে বলা হচ্ছে। সবাই তাই বলে। আমরাও তাই মনে করি। সেই জন্য এই ১৪টিতে কি রকম কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা আছে এটা শিল্পভিত্তিক কি বলা যাবে ?

[11.10 – 11.20 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলনেতার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই সরকারের অভিমুখই হচ্ছে কর্মসংস্থান সৃষ্টি করা। কিন্তু যেহেতু বেশিরভাগ শিল্প সংস্থারই লক্ষ্য হচ্ছে ক্যাপিটাল ইন্টেনসিভ ইউনিট করা, লেবার ইন্টেনসিভ নয়। আমরা লেবার ইন্টেনসিভ ইউনিটগুলোর উপরে বেশি করে জোর দিচ্ছি। তার মানে এই নয় ক্যাপিটাল ইন্টেনসিভ ইউনিট থাকবে না। এদের মধ্যে সবচেয়ে বড় যে ডাইরেক্ট কাজ এবং ইনডাইরেক্ট কাজে নিয়ে এখানে ৩০ হাজার লোকের কর্মসংস্থান হবে। এর মধ্যে প্রায় ১২ হাজার লোক হবে ডাইরেক্ট। আপনার উদ্বেগের সঙ্গে আমি এক মত, সেই উদ্বেগ আমাদের ছিল, যা বিগত দিনে করা হয়নি, সেটা করা হচ্ছে এখন। তা হচ্ছে, যে ধরনের লোক লাগবে, যে শ্রেণির লোক লাগবে, সেই শ্রেণির লোককে প্রশিক্ষিত করে তৈরি রাখা, যাতে তারা যখন কাজ শুরু করবে তারা যেন না বলতে পারে যে shortage of skilled

manpower. তার জন্য আমি এই কাজ করছি। সেই জন্য আগে থেকেই তাদের বলেছি কি ধরনের লোক তাদের লাগবে জানাতে। যখন আরম্ভ হয় তখন নির্মাণ শিল্পের লোক লাগে, সুপারভাইজার লাগে। কিন্তু যখন কারখানাটা চালু হয় তখন কারখানা চালু হতে কি ধরনের স্কিল্ড ডেভোলপমেন্ট লাগবে। কি ধরনের কটা fitter লাগতে পারে, computer-এর লোক লাগতে পারে, engineers লাগতে পার, supervisor লাগতে পারে, civil-এর লোক লাগতে পারে, general management-এর লোক লাগতে পারে, skilled labour লাগতে পার, তাদের তৈরি করা। তারা যদি বলে দেয় আমরা এই ধরনের লোকগুলোই পরবর্তী সময়ে নেব তাহলে আমরা দুই বা তিন বছরের মধ্যে আমাদের রাজ্যের বেকার যুবকদের সেইভাবে প্রশিক্ষিত করব।

ডঃ আশীষ ব্যানার্জী : ১৯৭৭ সাল থেকে ২০১১ সালের জুন বা এপ্রিল মাস পর্যন্ত সারা পশ্চিমবঙ্গে ছোট শিল্প, বড় শিল্প মিলিয়ে কত কারখানা বন্ধ হয়ে গেছে এবং তার ফলে কর্মচ্যুত মানুষের সংখ্যা কত অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা এই প্রশ্নের সঙ্গে সংযুক্ত নয়, যেহেতু ডঃ ব্যানার্জী প্রশ্নটা তুলেছেন সেই জন্য এই মহতি সভায় আপনাদের জ্ঞাতার্থে জানাতে চাই। অনেক বিতর্ক হয়তো আমাদের তাই আমরা পেশাদারি সংস্থাকে দায়িত্ব দিয়েছি এই রাজ্যের সমস্ত ছোট বড় কল-কারখানা কত বন্ধ হয়েছে, কত তাদের জমি আছে, লায়াবিলিটিস কি আছে এবং কত লোক কর্মচ্যুত হয়েছে দেখতে। আমরা আশা করছি পরবর্তীকালে যখন সভা শুরু হবে সেই সময় এটা হয়তো হাতে পেয়ে যাব।

শ্রী নেপাল মাহাত : আমি স্যার একটা স্পেসিফিক প্রশ্ন করতে চাই। এই যে শিল্পের সম্ভাবনা দেখা দিচ্ছে বা অনেকগুলো শিল্প হচ্ছে, এই ধরনের কোনো শিল্প করার প্রস্তাব বা পরিকল্পনা পুরুলিয়া জেলায় আছে কিনা এবং যদি থাকে সেটা কি কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনার জ্ঞাতার্থে জানাই, খুব সম্ভবত এপ্রিল মাসের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহের সূচনাতেই পুরুলিয়া জেলায় মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমি যাচ্ছি। সেখানে দুটো প্রকল্পের কাজ আমরা শুরু করব। আবার বলি, শুধু পুরুলিয়াই নয়, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর এবং উত্তরবঙ্গে, প্রত্যেকটা জায়গার উপর আমরা জোর দেওয়ার চেষ্টা করছি। আপনি জানেন আপনার ওখানে যে কোল মাইনস, আমাদের নিজেদের Mineral Development Corporation আছে, তার সাহায্যে একটা project-এর কাজ শুরু হচ্ছে। সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন। এছাড়া তথ্য প্রযুক্তির একটা hub হবে। আপনার জ্ঞাতার্থে এটাও জানাই যে, আমরা আরও industrial hub এবং industrial park-এর কিছু অংশ জুড়ে স্থানীয় যুবক-যুবতী যারা আছে, যারা এই কাজে স্থানীয় কৃষি সম্পর্কে, কুটির শিল্পের কাজ করে, সেই কাজ এগিয়ে নেওয়ার কাজ হাতে নিয়েছে।

ডঃ তরুণ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই যেটা আমরা শুনেছি যে বিগত সরকারের সময়ে প্রায় ৫৬ হাজার কলকারখানা বন্ধ ছিল। সেই কলকারখানাগুলো খোলার জন্য স্পেসিফিক পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা সেটা যদি দয়া করে জানান।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য তরুণবাবুকে জানাই যে আপনি আর একটা প্রশ্ন দেখলাম করেছেন যা বিরোধী দলনেতার প্রশ্নের সঙ্গে প্রায় এক। তাই ওই প্রশ্নের উত্তরটা আপনি যদি চান আমি আপনাকে দিয়েও দেব পরবর্তীকালে। দ্বিতীয় যে প্রশ্নটি আপনি তুলেছেন, আপনি তো নিজেও দেখেছেন যে, আমাদের রাজ্যের যে শিল্পের অভিমুখে আমরা স্পষ্টতই বলেছি, রুগ্ন এবং বন্ধ—যে সমস্ত বন্ধ কারখানাগুলো আছে তা যদি বিনিয়োগকারীরা একটা নেন, একটি নতুন তার সঙ্গে একটি পুরাতন, যদি নেন তাহলে সরকার তাদের পাশে দাঁড়াবে এবং আমরা বেশ কিছু ইতিমধ্যেই বণিকসভাগুলোকে ইনভলভ করেছি। তাদের কাছ থেকেও আমরা জানতে চেয়েছি এবং তারাও কিছু প্রস্তাব আমাদের দিয়েছেন যাতে বন্ধ যে শিল্প আছে সেই শিল্পগুলোকে একটি একটি করে তারা গ্রহণ করেন নতুন বিনিয়োগের সঙ্গে তাহলে সরকার তাদের পাশে দাঁড়াবে। এছাড়া, সরকার নিজে উদ্যোগী হয়েছেন রুগ্ন কারখানার বিষয়ে। রুগ্ন কারখানার স্বার্থ রক্ষা করে চালানো সম্ভব যদি প্রয়োজন হয় যে ৬টি কারখানা আছে পাশাপাশি সেটাকে যদি একত্রিত করে এনে এক জায়গায় করা যায় এবং শ্রমজীবী মানুষের স্বার্থ করা যায় সেদিকটাও আমরা চিন্তা করছি। কিন্তু মূল চিন্তা হচ্ছে যে সংস্থাকে চালাতে হবে। যোগ্যতার সঙ্গে চালাতে হবে, পেশাদারিত্বের সঙ্গে চালাতে হবে। সেইদিকে লক্ষ্য রেখে আমরা কাজ করছি।

কলেজে লেকচারারের শূন্যপদ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২) **শ্রী নেপাল মাহাত** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজগুলিতে লেকচারারের শূন্যপদের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, পুরুলিয়া জেলার কলেজগুলিতে লেকচারারের শূন্যপদের সংখ্যা কত ; এবং

(গ) কলেজভিত্তিক লেকচারারের শূন্যপদ পূরণের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

শ্রী ব্রাত্য বসু :

(ক) বর্তমানে সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজগুলিতে লেকচারারের শূন্যপদের সংখ্যা নির্ধারণের কাজ চলছে। এ বিষয়ে BCW ডিপার্টমেন্ট, CSC এডুকেশন ডাইরেক্টরেট ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ বিগত ২১.০২.২০১২ তারিখ থেকে বিকাশ ভবনে বিশেষ ক্যাম্প করছেন। আশা করা যায়, এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে এই কাজ শেষ হবে। প্রসঙ্গত, অক্টোবর, ২০১১ পর্যন্ত লেকচারারের শূন্যপদের মোট সংখ্যা ছিল ১১৭৮ জন।

(খ) এখন পর্যন্ত তথ্য সংগ্রহের কাজ চলছে। তবে প্রাপ্ত তথ্য অনুযায়ী কলেজভিত্তিক তথ্য/সংখ্যা হল—

কলেজ	শূন্যপদের সংখ্যা
১। আরসা কলেজ	৩
২। স্পনসর্ড টিচার্স ট্রেনিং কলেজ	০
৩। রামানন্দ সেন্টিনারি কলেজ	৭
৪। মানভূম মহাবিদ্যালয়	৪
৫। বিক্রমজিৎ গোস্বামী মেমোরিয়াল কলেজ	২
৬। বলরামপুর কলেজ	৫
৭। পঞ্চকোট মহাবিদ্যালয়	৫
৮। রঘুনাথপুর কলেজ	৩
৯। কাশীপুর মাইকেল মধুসূদন মহাবিদ্যালয়	০
১০। জগন্নাথ কিশোর কলেজ	৯
১১। বড়বাজার বিক্রম টুডু মেমোরিয়াল কলেজ	৪
১২। অচ্ছুরাম মেমোরিয়াল কলেজ	১৩
১৩। মহাত্মা গান্ধী কলেজ	১
১৪। নেতাজী সুভাষ আশ্রম মহাবিদ্যালয়	৫
	মোট ৬১

(গ) শূন্য শিক্ষক পদের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ কলেজ সেবা আয়োগ কর্তৃক শিক্ষক পদে নিয়োগের জন্য সুপারিশ ও কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ প্রদত্ত হলে, পরবর্তী পর্যায়ে ওই নিয়োগ সরকারি অনুমোদন লাভ করে।

শ্রী নেপাল মাহাত : স্যার আপনার মাধ্যমে জানাই যে বিশেষ করে পুরুলিয়া জেলাতে মোট ৬১ শূন্য পদের সংখ্যা বললেন। এটা হয়তো বাড়বে কিছুটা আমার যা ধারণা।

[11.20 – 11.30 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন—বিশেষ করে আমি দুটো কলেজের কথা বলেছি। একটি হচ্ছে অচ্ছুরাম মেমোরিয়াল কলেজ সেখানে শূন্যপদের সংখ্যা ১৩, অলমোস্ট ফিফটি পারসেন্টের মতো। আর জে.কে. কলেজ এখানে ৯। স্যার জে.কে. কলেজে ম্যাথামেটিক্সে মাস্টার ডিগ্রি পড়ানো হয়, এবং ওখানে ম্যাথামেটিক্স ডিপার্টমেন্টে মোট লেকচারার আছে মাত্র তিনজন এবং সেখানে পি.জি. পড়ানো হয় এবং ওখান থেকে এবারে ছেলেরা ফার্স্ট ক্লাস ফার্স্ট হয়েছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এর আগেরবারে। স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা, যেখানে পি.জি. পড়ানো হয়। এখানে ৯ জন খালি যাচ্ছে, অচ্ছুরামে ১৩ জন খালি আছে। এর আগেরবারেও আমি বলেছিলাম। তখন একটা কতা উঠেছিল, কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান সাহেব বলেছিলেন যে মাওবাদী এলাকা বলে অনেকে যেতে চাইছে না। আমি স্ট্রংলি অবজেকশন করেছিলাম এই বিধানসভাতে। আজকে আমি জানতে চাইছি বিশেষ করে এই এলাকাগুলিতে এই যে কলেজগুলিতে দীর্ঘদিন

ধরে পদ খালি আছে, এগুলিতে পূরণের জন্য কোনো স্পেশাল ড্রাইভ নেওয়া হচ্ছে কি না বা এগুলিতে এখন কিভাবে পড়াশোনা চলছে।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ক মহাশয়ের উত্তরে জানাই—আপনি কলেজ সার্ভিস কমিশনের কোন চেয়ারম্যানের কথা বলছেন আমার জানা নেই। যদি আমাদের সরকার আসার পরে হয়।

শ্রী নেপাল মাহাত : আগের সরকারের সময়ে।

শ্রী ব্রাত্য বসু : ঠিকই এই তথ্যটা সম্পূর্ণ ভুল। মাওবাদী এলাকাতে কোন অধ্যাপক যেতে চাইছেন না, এই কথাটা ঠিক নয়। বরং বহু অধ্যাপক যেতেও চাইছেন এবং ঘটনা হচ্ছে গত তিন বছর ধরে কোনো রিক্রুমেন্ট হয়নি। তার রোপা তৈরি ছিল না। সমস্ত কাজ চলছে এবং এপ্রিলে আমি যে রকমভাবে বললাম আমি তো আপনাকে তথ্য দিলামই অচ্ছুরাম কলেজে ১৩ এবং জে.কে. মেমোরিয়াল কলেজে হচ্ছে ৯, এগুলি সবই সত্য কথা এবং এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে আমার মনে হচ্ছে আমাদের কাজ সম্পূর্ণ হয়ে যাবে। এবং তারপরে সেটা যদি সরকার অনুমোদন দেয়, কোন কোন কলেজে কত রিক্রুটমেন্ট দরকার, সেই অনুমোদন দিলেই আমরা খুব দ্রুত, আমার ধারণা এই বছরের মধ্যেই যেখানে যেখানে যা যা শূন্যপদ আছে, এই রিক্রুমেন্টের কাজ পূর্ণ করতে পারব।

শ্রী নেপাল মাহাত : পার্ট টাইমারদের ব্যাপারে কি ভাবছেন ?

শ্রী ব্রাত্য বসু : পার্ট টাইমারদের ক্ষেত্রেও আমরা নতুন পলিসি নিচ্ছি যাতে পার্ট টাইমারদের কাজ না যায়। এবং পার্ট টাইমারদের ক্ষেত্রেও আরও সংশ্লিষ্ট জায়গায় আরও সুযোগ-সুবিধা দিতে পারি সেই নিয়েও আমাদের ভাবনা চিন্তা চলছে।

মিঃ স্পীকার : মিঃ মাহাত আপনি দুটো কোয়েশ্চেনই করে ফেলেছেন। আপনি পার্ট টাইমারদের নিয়েও কোয়েশ্চেন করে ফেলেছেন। উনি তো উত্তর দিয়েছেন।

শ্রী নেপাল মাহাত : স্যার, ওটা রেকর্ডেড ছিল না। স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন পার্ট টাইম টিচারদের সম্পর্কে বলেছেন, আমি সেই প্রসঙ্গটাতে আসছি। এখানে যে কলেজগুলি দিয়েছেন, কিছু কলেজ আছে, যে কলেজগুলি আপনার জাস্ট নতুন সরকার আসার আগের সরকার যখন শেষ হচ্ছে তখন কিছু কিছু কলেজ হয়ে গেছে। সেখানে কোনো লেকচারার নেই এবং ওই কলেজের নামগুলিও এখানে নেই। অলরেডি কলেজগুলি চলছে। যেমন কোটশিলাতে আছে, জার্গোতে আছে। আরও এই রকম টোটাল ছটি কলেজ আছে পুরুলিয়া জেলাতে। সেগুলির নাম এখানে নেই। সেগুলি পার্ট টাইম দিয়েই চলছে। এগুলিতে অবিলম্বে না দিলে অসুবিধা হবে। ওখানে পার্ট টাইম যারা রিটায়ার্ড প্রিন্সিপ্যাল যেকোনো রিটায়ার্ড লোককে দিয়ে কলেজগুলি চালানো হচ্ছে। সেই কলেজগুলির ব্যাপারে ইমিডিয়েট কিছু করার ব্যবস্থা আছে কিনা জানাবেন। এই ছটি কলেজই পুরুলিয়াতে আছে।

শ্রী ব্রাত্য বসু : আপনি অবিলম্বে যে কথাটি বলছেন, এইভাবে অবিলম্বে দেওয়ার কোনো প্রভিশন নেই। এবং অবিলম্বে আমার মনে হয় না ওইভাবে দেওয়াটা ঠিক হবে।

আমার মনে হয়, একটা সার্বিক নীতি এবং যেখানে যেখানে ফুল টাইমারের সংখ্যা আছে, সেখানে ফুল টাইমার দিয়েই কাজ চালাতে হবে এবং যেখানে যেখানে ফাঁকা আছে, সেখানে ততদিনই পার্ট টাইমার দিয়ে কাজ চালাতে হবে। কিন্তু আমাদের প্রথম টার্গেট হচ্ছে সারা পশ্চিমবঙ্গে যত কলেজ আছে, সেখানে কত শূন্যপত আছে, শুধু পুরুলিয়া জেলা নয়, সারা পশ্চিমবাংলায় যে যে কলেজে শূন্যপদ আছে, সেগুলিকে লোকেট করা, তার যথার্থ রোপা তৈরি করা এবং সে আনুযায়ী অর্থমন্ত্রকের অনুমোদন সাপেক্ষে সেই রিক্রুটমেন্ট আমাদের অবিলম্বে এই বছরের মধ্যে সম্পন্ন করা। ফলে আপনি যেটা চাইছেন অন্তত যতদিন না ফুলটাইমার না যাচ্ছে, পার্ট টাইমার দিয়ে কাজ চালাতে হবে এবং আমার মনে হয়, এতদিন যখন আমরা অপেক্ষা করেছি, আর অল্প এক দু-মাস হবে অপেক্ষা করতে হবে। আমার মনে হয় এতে কোনো ক্ষতি নেই, আমার মনে হয় পূর্ণ সময়ের অধ্যাপক সেখানে গিয়ে জয়েন করুক।

শ্রী আনিসুর রহমান : স্যার, অতিরিক্ত প্রশ্ন—শিক্ষকের সমস্যা তো আছেই, তার থেকে বড় সমস্যা হচ্ছে প্রিন্সিপ্যালের সমস্যা। অনেকগুলি কলেজ আছে, যেখানে প্রিন্সিপ্যাল নেই টিচার-ইন-চার্জ হয়ে আছে। এর ফলে অনেক সমস্যা তৈরি হচ্ছে। এই জন্যে জানতে চাই কত কলেজে আমাদের প্রিন্সিপ্যাল নেই, আর সেই প্রিন্সিপ্যাল তাড়াতাড়ি নিয়োগ করার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন।

শ্রী ব্রাত্য বসু : আমি আপনাকে সংখ্যা ধরেই উত্তর দিয়ে দিতে পারব কত কলেজে প্রকৃত প্রিন্সিপ্যাল আছেন এবং কত কলেজে টিচার-ইন-চার্য দিয়ে কাজ চলছে। কিন্তু এই প্রশ্নের জন্য প্রস্তুত হয়ে আসিনি। ফলে সংখ্যা আপনাকে বলতে পারব না। সংখ্যাটা বেশ ভালোই। অনেক কলেজেই টিচার-ইন-চার্য দিয়ে কাজ চলছে। সেটা নিয়েও কলেজ সার্ভিস কমিশন কাজ করছেন। এবং একই সঙ্গে বিশেষভাবে যেটা বললাম যে বিশেষ ক্যাম্প করে বিকাশ ভবনে, যেভাবে শূন্যপদ নির্ধারণের কাজ চলছে ঠিক সেই একইভাবে প্রিন্সিপ্যাল নিয়োগ এবং প্রিন্সিপ্যালদেরও আরও কিছু সুযোগ-সুবিধা দেওয়া যায়, সেটা আমরা চেষ্টা করছি এবং আপনি জানেন যে আমাদের যে আর্থিক অবস্থা সেটার মধ্য দিয়ে চেষ্টা করছি প্রিন্সিপ্যালদেরও যাতে কিছু সুযোগ-সুবিধা বাড়ানো যায়।

মাননীয় বিধায়ক একটু আগেই বললেন যে মাওবাদী এলাকায় নাকি যেতে চাইছে না, এই তথ্যটা কিন্তু ঠিক নয়। কিন্তু এই তথ্যটা ঠিক যে, অনেকে প্রিন্সিপ্যাল হতে চাইছেন না। যার ফলে আমাদের টিচার-ইন-চার্জ দিয়েই কাজ চালাতে হচ্ছে। এখন তারা যদি প্রিন্সিপ্যাল হতে পারেন, সেই সুযোগ-সুবিধা দেওয়া যায় এবং তাদের যদি মনে হয় যে, প্রিন্সিপ্যালের যে সম্মান—তাদের যদি আমরা সেই হৃত গৌরব ফিরিয়ে দিতে পারি, তাহলে আমার মনে হয় যে অনেকে প্রিন্সিপ্যাল পদেও কাজ করতে পারবেন এবং টিচার-ইন-চার্জদের মধ্যে অনেকে আবার ভালোও আছে। আবার টিচার-ইন-চার্জ মাত্রেই খারাপ, আর প্রিন্সিপ্যাল মাত্রেই ভালো—এমন জায়গায় আমি পৌঁছাতে চাই না বা এই জাতীয় কোনো গলির মধ্যে আমি ঢুকতেও চাইনে এই আলোচনায়। কিন্তু আমার মনে হয় যে নিয়ম—একটি কলেজ, মহাবিদ্যালয় একটি প্রিন্সিপ্যালের অধীনেই থাকা উচিত। আমরা সেই প্রক্রিয়া

চালাচ্ছি এবং এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে—যে শূন্য পদের কথা আমি এক্ষুণি মাননীয় বিধায়ক নেপাল মাহাতর প্রশ্নের উত্তরে আমি জানালাম, সেই একইভাবে আমি জানাচ্ছি যে, প্রিন্সিপ্যাল নিয়োগের কাজ, প্রিন্সিপ্যাল নির্ধারণের কাজ কতটা বাকি আছে বা কতটা ফাঁকা আছে, সেই কাজও আমাদের একই সঙ্গে চলছে। আমরা আশা করছি কলেজের ক্ষেত্রে শূন্য পদগুলোতে আমরা এই বছরই রিক্রুট করতে পারবো। আর আমরা আশা রাখছি যে, প্রিন্সিপ্যালের ক্ষেত্রেও আমরা সব জায়গায় পূর্ণ সময় প্রিন্সিপ্যাল দিতে পারবো।

শ্রী স্বপন দেবনাথ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মারফত মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১২-১৩ নতুন আর্থিক বছরে নতুন কোনো কলেজ স্থাপনের প্রস্তাব আছে কিনা ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, তিনটে কলেজের কথা তো আমরা বাজেট বক্তৃতায় জানিয়েছি। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি ওই তিনটি কলেজের নাম দিয়েছিলাম—গরুবাথান, পেডঙ, রাজারহাট এবং সম্ভবত মুর্শিদাবাদের ভাবতা। এছাড়াও আমরা যেটা করছি কলেজ সার্ভিস কমিশন থেকে এবং আমাদের এডুকেশন ডাইরেক্টর থেকে, একটা ম্যাপ আমরা তৈরি করছি, যার কাজও প্রায় হয়ে এসেছে, সেখানে আমরা লোকেট করছি—(১) কোথায় কোথায় পশ্চিমবঙ্গের এই মুহূর্তে কলেজ হওয়া দরকার ; (২) আমাদের পশ্চিমবঙ্গে যে যে কলেজগুলি আছে, সেই কলেজগুলির বর্তমান পরিকাঠামো কি ? আর একইসঙ্গে এতক্ষণ যে প্রশ্ন মাননীয় বিধায়করা করছিলেন, কোন কোন জায়গায় অধ্যাপক নেই এবং কোন কোন জায়গায় অধ্যাপক নিয়োগ করা দরকার, এই সমস্ত কাজ করছি এবং তারই সঙ্গে কলেজ কটা নতুন করতে হবে এবং কত কলেজের পরিকাঠামো করতে হবে, সেই ম্যাপিং-এর কাজটা করতে হবে—এই ম্যাপিং এর কাজটা প্রায় হয়ে এসেছে। আমার ইচ্ছে হচ্ছে এটা সম্পূর্ণ করে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার কাছে আমাদের দপ্তর থেকে পাঠাবো এবং সেই অনুযায়ী আমরা সিদ্ধান্ত নেবো যে কোথায় কোথায় কলেজ আমরা করবো, কোথায় কোথায় করবো না। ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, দেখা যাচ্ছে অনেক কলেজে কোনো একটা সাবজেক্ট অনার্স থাকা সত্ত্বেও সেখানে কোনো পার্মানেন্ট টিচার নেই। আবার কোনো একটা সাবজেক্ট, যার স্টুডেন্ট নেই, সেখানে অনেক সংখ্যায় শিক্ষক আছে। এগুলোকে সঠিকভাবে মূল্যায়ন করার কোনো ব্যবস্থা হয়েছে কিনা, আর যে পার্ট টাইমাররা কাজ করছেন, তাদের ফুল টাইমার হিসেবে নিয়োগের কোনো চিন্তা আপনার সরকারের আছে কিনা ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, এটা ঠিকই যে অনেক কলেজে এই রকম সমস্যা হয়ে আছে। যেখানে হয়তো ছাত্র সংখ্যা বেশি, টিচার নেই। কিন্তু আমি এই রকম জানি না যে, টিচার আছে, ছাত্র নেই। যেটা স্কুলের ক্ষেত্রে সত্য। কলেজের ক্ষেত্রে এই রকম আছে, সেটা আমি জানি না। হতে

পারে সেটা। এখানে একটা সমস্যা হয়ে আছে এবং সেটা দীর্ঘকালীন সমস্যা। আবার বলছি যে, যতক্ষণ না এই শিক্ষক পদ কত ফাঁকা হচ্ছে, সেটা আমি যথার্থভাবে লোকেট করতে পারছি, চিহ্নিত করতে পারছি—আমার মনে হয় এই সমস্যাগুলি, যেগুলি আপনারা তুলছেন, এই বছরের শেষে সেটার সমাধান হয়ে যাবে। আর পার্টটাইমারদের ক্ষেত্রে যে কথাটা তুললেন, পার্ট টাইমারদের ওইভাবে ফুল টাইমার করা যাবে কিনা, সেটা আইন অনুযায়ী করা সম্ভব নয়। কারণ আইন বলছে যে, কলেজের অধ্যাপকের ক্ষেত্রে হয় নেট বা স্লেট বা পি.এইচ.ডি.—এই তিনটে ক্লিয়ারেন্স থাকতে হবে। কেবলমাত্র দীর্ঘদিন ধরে পার্ট টাইমার আছেন বলে আমি তাকে সরাসরি ফুল টাইমার করে দিলাম, এটা আমার মনে হয় আইন অনুযায়ী ঠিক হবে না। বরং ওদের একজনেরও যাতে কর্মচ্যুতি না হয়, আরও কি করে ওদের চাকরিটা আরো নিশ্চিত করা যায়, চাকরিতে আরো কি করে সুযোগ-সুবিধা দেওয়া যায়, সেই প্রক্রিয়া আমার মনে হয় অধিকতর বাঞ্ছনীয়। আবার তাদের পক্ষে, আমাদের পক্ষে শিক্ষা ব্যবস্থার পক্ষে এবং রাজ্যে পক্ষেও। আমার মনে হয় সেইটাই ন্যায় এবং সমীচিন হবে।

[11.30 – 11.40 a.m.]

হোমগার্ড নিয়োগ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী তজমুল হোসেন** : অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২ আর্থিক বছরে কতজন হোমগার্ড নিয়োগের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে ; এবং

(খ) তন্মধ্যে, কতজন মহিলা হোমগার্ড নিয়োগ করা হবে ?

শ্রী জাভেদ আহমেদ খান :

(ক) মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে শ্রী তজমুল হোসেন মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই ২০১১-১২ আর্থিক বছরে ৪৪৮০ জন হোমগার্ড নিয়োগের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে। বিস্তারিত জেলাওয়াড়ি তথ্য আমি বলে দিচ্ছি, ২৪ পরগনা (দক্ষিণ) ১৫৭ জন, ২৪ পরগনা (উত্তর) ৭৫ জন, হাওড়া (গ্রামীণ) ১৪১ জন, হাওড়া (কমিশনরেট) ১৬১ জন, নদিয়া ২১২ জন, মুর্শিদাবাদ ৩১৫ জন, হুগলি ২৫৯ জন, বর্ধমান ২১১ জন, আসানসোল দুর্গাপুর কমিশনরেট ১১০ জন, বীরভূম ২০০ জন, দার্জিলিং ২৪৭ জন, কোচবিহার ১৯৮ জন। কলকাতা ১০০০ জন। জঙ্গলমহলের জন্য বিশেষ তালিকাভুক্ত পশ্চিম মেদিনীপুর ৭৩৯ জন, পুরুলিয়া ২৭০ জন, বাঁকুড়া ২০৩ জন। মোট ৪৪৮০ জন।

(খ) মহিলা হোমগার্ড নিয়োগের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট সংরক্ষণ নেই। তার মধ্যেও আপনি যদি ডিটেলস্ জানতে চান আমি বলছি টোটাল মহিলা এখন পর্যন্ত স্যাংশন স্ট্রেন্থ ২০৮৭ জন, তার মধ্যে ১৩৭৯ জন মহিলা হোমগার্ড আছেন।

শ্রী তজমুল হোসেন : স্যার, এখানে অনেক জেলারই নাম দেখলাম, কিন্তু আমার মালদা জেলার নাম দেখলাম না। যাই হোক, এই যে হোমগার্ড আপনি নিয়োগ করেছেন, এই নিয়োগের যোগ্যতার মাপকাঠি কি কি ভিত্তিতে আপনারা নিয়োগ করছেন ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, মাননীয় সদস্যর অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি জানাই ৩৫ বছর বয়স একটা মাপকাঠি আছে, তার সঙ্গে হাইট আছে ৫ ফুট ৬ ইঞ্চি, তার সঙ্গে কোয়ালিফিকেশন ভিন্ন ভিন্ন, যেমন ডাই-ইন-হারনেস কেসে একটু আলাদা আছে, কিন্তু এখানে যেটা কোয়ালিফিকেশন আছে ক্লাস টেন পাশ মিনিমাম, এবং তার সঙ্গে আজকে শেষ যেটা পুলিশের মেজারমেন্ট আছে চেস্ট এবং হাইট এস.সি., এস.টি. যেটা আমরা কনসিডার করি, সেটা পুলিশে যে রকম আছে যে রকমই সব আছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, বর্তমানে হোমগার্ডদের সমস্যা মোকাবিলা করার জন্য অস্ত্রসহ আধুনিক প্রশিক্ষণ দেওয়ার কোনো পরিকল্পনা আপনি নিয়েছেন ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, উনি যে কথাটা বলছেন সেটা ট্রেনিং-এর মধ্যে আছে। তাদের সব রকমের ট্রেনিং আছে, অস্ত্র চালাবার ট্রেনিং আছে হোমগার্ডে, সেটা আজকে নতুন নয়, আগে থেকে চলছে, এবং সেটা ট্রেনিং-এর মধ্যে তারা পান।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমি একটি প্রশ্ন জিজ্ঞাসা করব—অনেক জেলা সম্পর্কে আপনি এখানে উল্লেখ করেছেন কিন্তু আমাদের জলপাইগুড়ি জেলায় হোমগার্ড নিয়োগ করা হবে কিনা সে ব্যাপারে কোনো উল্লেখ করা ছিল না। এটা যদি আপনি একটু বলে দিতে পারেন তাহলে ভালো হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, আমি এই দপ্তর থেকে জেনে আপনাদের জানিয়ে দেব। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—যারা হোমগার্ড থেকে রিটায়র করছে তাদের অবস্থা বর্তমানে শোচনীয়। অনেকেই একদম অনাহারে মৃত্যুমুখে পড়ছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, পেনশন চালু করা সহ রিটায়ারমেন্টের পর মানে অবসর গ্রহণ করার পর এই সমস্ত হোমগার্ডদের অন্য কোনো সুবিধা দেওয়ার কথা আপনি চিন্তা করছেন কিনা ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্যের উত্তরে আমি বলি, যেহেতু হোমগার্ডের সার্ভিস, রুলস, রেগুলেশন নিয়ে সুপ্রিম কোর্টে একটা মামলা দায়ের আছে সেজন্য সাবজুডিস ম্যাটার তাই এখানে আমি এই প্রশ্নের উত্তর দিতে পারছি না।

শ্রী সৌমিত্র খাঁ : স্যার, বাঁকুড়া জেলায় আপনি ২৬০ জন হোমগার্ড নিয়োগের কথা বললেন। বাঁকুড়া জেলায় আপাতত কত হোমগার্ড আছে এবং আগামী বছর কত নিয়োগ হবে সেটা যদি একটু তুলে ধরেন তাহলে জানতে পারি।

শ্রী জাভেদ আহমেদ খান : টোটাল স্ট্রেন্থের কথা বললাম এবং কটা নিয়োগ হয়েছে সেটা বলে দিয়েছি। এবং আপনার যে প্রশ্ন আছে আমি ডিপার্টমেন্ট থেকে খোঁজখবর নিয়ে আপনাকে জানিয়ে দেব। ধন্যবাদ।

কলকাতায় হেরিটেজ বিদ্যালয়

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭) **শ্রী অসিত মিত্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় হেরিটেজ বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলির রক্ষণাবেক্ষণের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে জানাচ্ছি—

(ক) বিদ্যালয় শিক্ষা দপ্তরের কোনো বিদ্যালয়কে আজ অবধি হেরিটেজ হিসেবে ঘোষণা করা হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন— আমরা হেরিটেজ স্কুল সেইগুলোকেই বলি—আমাকে থামিয়ে দেবেন না যেন—যে স্কুলগুলোতে কোনো মহাপুরুষ সেই স্কুলের ছাত্র ছিলেন, শিক্ষক ছিলেন অথবা তার একটা ঐতিহাসিক গুরুত্ব আছে। এই রকম ধরনের স্কুলগুলোকে বা যেখানে কোনো স্মৃতি জড়িয়ে আছে তাকে আমরা বলি হেরিটেজ বিল্ডিং বা হেরিজেট জায়গা। মাননীয় শিক্ষামন্ত্রী নিজে সংস্কৃতির সঙ্গে জড়িয়ে আছেন। আমি একটা কথা আপনার কাছ থেকে জানতে চাইছি, কলকাতাতে এমন অনেক স্কুল আছে আমরা যেখানকার ছাত্রদের সার্ধশতবর্ষ পালন করছি, যেমন—স্বামী বিবেকানন্দ তিনি মেট্রোপলিটন হাইস্কুল ইন্সটিটিউটের ছাত্র ছিলেন, রবীন্দ্রনাথ ঠাকুর ওরিয়েন্টাল সেমিনারির ছাত্র ছিলেন, নর্মাল স্কুল বেঙ্গল অ্যাকাডেমি, সেন্ট জেভিয়ার্স স্কুলে পড়েছেন, আশুতোষ মুখোপাধ্যায় চক্রবেড়িয়া ও সাউথ সুবারবানে পড়েছেন, স্যার নরেন্দ্রনাথ মিত্র হেয়ার স্কুলে পড়েছেন, সুকুমার রায় সিটি স্কুলে পড়েছেন। আমার প্রশ্ন হচ্ছে—এইসব স্কুলগুলোর ইতিহাস সংগ্রহ করে তাদের আলাদা মর্যাদা দেওয়ার কোনো চিন্তাভাবনা বর্তমান রাজ্য সরকারের শিক্ষামন্ত্রী হিসাবে আপনার আছে কিনা ?

[11.40 – 11.50 a.m.]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়কের প্রস্তাব খুবই সাধু এবং সুন্দর, তাতে কোনো সন্দেহ নেই। এখন এইরকম বহু মনীষী আছেন তাঁরা কলকাতার বহু স্কুলে পড়েছেন। আপনি এই যেমন বিবেকানন্দের কথা বললেন, পড়েছিলেন, আবার পড়িয়েওছিলেন। আবার ওইখান থেকে বিদ্যাসাগর, কলেজে প্রিন্সিপ্যাল বা হেড মাস্টার থাকাকালীন, তাঁর চাকরিও ছিল না। এরকম নানা বিষয় আছে। এখন এত মহাপুরুষ তাঁরা কোলকাতার যে

যে স্কুলে পড়েছেন, সেগুলোকে আগে লোকেট করতে হবে যে কোন স্কুলে পড়েছেন। আবার স্কুল চেঞ্জও করেছেন। আবার রবীন্দ্রনাথ যেমন স্কুলেই যাননি। এইগুলো সব চিহ্নিত করতে হবে। চিহ্নিত করার কাজটা খুবই কঠিন। আমি বরং সংশ্লিষ্ট বিধায়ককে বলব যে, আমরা যদি এ বিষয়ে কোনো উদ্যোগ নিই, আশা করা যায় আপনার সহায়তা এবং সহযোগিতা আমরা পাবো। আপনাকে যদি আমরা এই বিষয়ে ডাকি এবং বলি যে, কোন মহাপুরুষ কোন কোন স্কুলে পড়েছেন, সেটার যদি তালিকা আপনি আমায় করে দেন, তাহলে আমার মনে হয় সেই বিষয়ে তার পরবর্তী পদক্ষেপ নিতে আমাদের যথার্থ সুবিধা হবে। আশা করছি আপনার সহযোগিতা আমরা পাবে। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমেই আমি জানাই যে, এই বিষয়ে আমার আগ্রহ আছে। আমার যতটুকু ক্ষমতা আছে ব্যক্তিগতভাবে অথবা অন্য কোনোভাবে মাননীয় মন্ত্রিমহোদয় যদি কোনোদিন কোনো কারণে মনে করেন যে, কলকাতাসহ অন্যান্য জায়গায় কোনোভাবে কোনোরকম সহযোগিতা দরকার আমি আপনাকে কথা দিচ্ছি যে, আমার দিক থেকে যতখানি যা কিছু করার আমি আপনার পাশে দাঁড়িয়ে করবো। কিন্তু আমি চাই যে, এই বিষয়টার সমাধান হোক।

আমার দ্বিতীয় প্রশ্ন যেটা করবো, সেটা এর সঙ্গে সম্পর্কযুক্ত নয়, কিন্তু আজকে শিক্ষকদের স্বার্থে ভীষণভাবে প্রয়োজন। আপনি এই জায়গায় দাঁড়িয়ে বলেছিলেন, ওই আসনে দাঁড়িয়ে বলেছিলেন যে, CPF এবং GPF -এর যে সমস্যা আছে। সেই সমস্যার সমাধান মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন সরকার করবে, আপনি শিক্ষামন্ত্রী হিসাবে দায়িত্ব নিয়ে করবেন। এবং আপনি it is recorded, আমি আপনাকে বলছি যে, আপনি বলেছিলেন যে, এই ফাইলটা অর্থমন্ত্রীর কাছে আছে। মাননীয় অর্থমন্ত্রী থাকলে খুব ভালো হত। উনি নেই, উনি চলে গেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে, CPF এবং GPF-এর রোগে যারা আক্রান্ত CPF থেকে যারা GPF-এ যেতে চায় সেই সেইসব শিক্ষকদের বাঁচাতে, আত্মহত্যার পথ থেকে বাঁচাতে, কেউ এখনও চাকরি করছেন, কেউ retire করেছেন। তাঁদের জন্যে আপনি কি ব্যবস্থা নেবেন অতি দ্রুত ?

শ্রী ব্রাত্য বসু : আমাকে স্মরণ করিয়ে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। এবং মাননীয় বিধায়ক আপনাকেও বলি যে, CPF থেকে GPF-এ যে বিষয়টি আগেরবার আপনিই আমায় জিজ্ঞেস করেছিলেন, তারপর যেটা করেছিলেন, ঠিক যা বলেছিলাম ঠিক সেটাই হয়েছে অর্থাৎ CPF থেকে GPF-এ transfer করতে চান সেই শিক্ষকের সংখ্যা কত, সেই transfer-এর জন্যে কত টাকা contributory provision হিসাবে তারা কত টাকা ফেরত দেবেন, এবং তারা কত টাকা পাবেন, তারও একটা হিসেব করে আমরা সেই ফাইলটি কিন্তু অর্থমন্ত্রকের কাছে পাঠিয়ে দিয়েছি। অর্থাৎ আপনাকে যেটা আগেরবার বলেছিলাম পাঠিয়ে দেব দ্রুত, এবং এ বিষয়ে আমরা পদক্ষেপ নেব, সেটা পাঠানো হয়ে গেছে, আমাদের দপ্তর থেকে। মাননীয় অর্থমন্ত্রী এখানে থাকলে হয়তো আমার বক্তব্যের সারবত্তা এবং সমর্থন আমি পেতুম। সে যাইহোক, এইবার দেখা যাচ্ছে, যে financial

implication মাননীয় অর্থমন্ত্রীর কথা অনুযায়ী এবং আমাদেরও কথা অনুযায়ী এটা খুবই বড় অংকের অর্থ, সেটা আমাদের—আমি তাও উনাকে অনুরোধ করেছি যে, যত তাড়াতাড়ি এটা যদি নেওয়া যায়, যে শিক্ষকেরা এটায় sufferer হয়েছেন গত কয়েক দশক ধরে, সেটা তাঁদের হাত থেকে মুক্তি দেওয়া যেত। সেটা এখনও আমি বলতে পারি যে, আমাদের দপ্তরের কাজ শেষ। যেটা আপনাকে আমি বলেছিলাম যে, আমাদের দপ্তর থেকে এটা হিসেব করে পাঠাবো সেই কাজ শেষ। এখন অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা চালাচ্ছি, আমাদের দপ্তরও চালাচ্ছে অর্থমন্ত্রকের সঙ্গে। সেই টাকার আমরা ব্যবস্থা করতে পারলেই আশা করা যায় যে এটা আমরা করতে পারবো। ধন্যবাদ।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রীকে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। আমার কেন্দ্রের অন্তর্গত একটি স্কুল নাম, ভিক্টোরিয়া স্কুল। খুব নামী স্কুল এবং বহু বিশিষ্ট মানুষ সেখানে পড়াশুনা করেছেন। ১৪৭/৪৮ বছরের স্কুল। আমি নির্বাচনে জয়লাভ করার পরে শুনলাম সেই স্কুলে দুষ্কৃতীদের আশ্রয়। পুলিশ নিয়ে গিয়ে সেটার বন্দোবস্ত করলাম। বোমার মশলা-টশলা জিনিসপত্র সমস্ত পাওয়া গেল, অসামাজিক কার্যকলাপ হত। সেই স্কুলটির যে দারোয়ান তারা কান্নাকাটি, দু-চারজন শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী রয়েছেন, তাঁরা মাইনাপত্রও পাচ্ছেন কিন্তু স্কুলটির চার-পাঁচ বছর বন্ধ। সুতরাং সেই স্কুলটি খোলার ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর কোনো উদ্যোগ আছে কিনা, তার কারণ তার দপ্তর থেকে আমি একটি ফোন পাই, ওই স্কুলটি খোলার ব্যাপারে। আমি আপনার মাধ্যমে সেই প্রশ্নটি রাখছি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় বিধায়ক তাপসবাবুকে জানাচ্ছি যে, প্রথম কথা হচ্ছে স্কুলটা আমি জানতাম না এই রকমভাবে তার ভেতরে বোমার মশলা ইত্যাদি যা আপনি বলছেন বা দুষ্কৃতীদের যা আখড়া আছে। এখানে প্রথমে দেখতে হবে যে, এটা আমাদের স্কুল স্ট্যাটাস-এর কোন স্কিমে আছে। স্কুলটা কি গভর্নমেন্ট ডিরেক্ট স্কুল নয়, ৪৫টি স্কুলের মধ্যে সেটা পড়ে না। দি দেন, স্কুলটা কি—গভর্নমেন্ট এইডেড স্কুল। না, ডি-এ গেটিং স্কুল। এইডেড স্কুল হলে চার বছর ধরে বন্ধ আছে, সেটা দুঃখজনক। তাহলে স্কুলটাকে আমাদের প্রথমে খুলতে হবে। আর যদি স্কুলটা খোলে, স্কুলটা খোলার ব্যাপারে যদি আপনি আমাদের দপ্তর থেকে ফোন পেয়ে থাকেন, তার কারণ, সম্ভবত এটাই আমার মনে হচ্ছে যে, যে জায়গায় গভর্নমেন্ট এইডেড স্কুলগুলি বন্ধ হয়ে আছে, সেই জায়গাগুলি আমি লোকেট করতে বলেছিলাম, এবং বলেছিলাম স্কুলগুলি খোলার ক্ষেত্রে কত তাড়াতাড়ি ব্যবস্থা নেওয়া যায়। হয়তো স্কুল সার্ভিস কমিশনের সামনে যে শিক্ষক রিক্রুট-এর যে আমাদের কাজ চলছে, সেই কারণে আমরা অনেক স্কুলই খুলে ফেলতে পারব। আর বাকি যে অংশটা সেটা আমার মনে হয়, বিধায়ক হিসাবে, আমারও দায়িত্ব রয়েছে, সংশ্লিষ্ট দপ্তরেরও দায়িত্ব রয়েছে, ওখানে যদি দুষ্কৃতীদের আখড়া থাকে, সেটা আমরা, আপনারা, মিলিতভাবেই তার মোকাবিলা করতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদেরকে ওখান থেকে বিদায় করতে হবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে শিক্ষামিত্র সম্পর্কে, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের শিক্ষামিত্র সম্পর্কে সরকারের পরিকল্পনা কি আছে ?

শ্রী ব্রাত্য বসু ; মাননীয় বিধায়ক-এর প্রশ্নের উত্তরে জানাই, আপনি নিশ্চয় জানেন যে শিক্ষামিত্র বিষয়টি কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প। সর্বশিক্ষা মিশন-এর অধীনে থাকা। দ্বিতীয়ত তাদের ক্ষেত্রে এই বছর মার্চ মাসে সেই প্রজেক্টটি ফুরিয়ে যাওয়ার কথা। তারা আমাদের সঙ্গে আলোচনায় এসেছিলেন, আলোচনায় তাঁরা বসেছিলেন একাধিকবার, আমার সঙ্গে। আপাতত মুখ্যমন্ত্রীকে একটি বিশেষ অনুরোধ করি, মুখ্যমন্ত্রীকে বলি, এতগুলি পরিবার জড়িত হয়ে আছে, এটা ঠিকই যে কেন্দ্রীয় সরকারের প্রকল্প, প্রকল্পটি এই বছর শেষ হয়ে যাচ্ছে, যদি বিকল্প কিছু একটা ব্যবস্থা করা যায়। ফলে আপাতত একটা তিন মাসের আমাদের রাজ্য সরকারই ওই কেন্দ্রীয় সরকারের প্রকল্পে যেটি বন্ধ হয়ে যাওয়ার কথা, বন্ধ হয়ে গেছেও, রাজ্য সরকার শিক্ষামিত্রে, অতিরিক্ত তিন মাস, তাদের দায়িত্ব গ্রহণ করেছেন। এবং মাননীয় কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী শ্রী কপিল সিব্বাল-এর কাছে আমি একটা চিঠি লিখেছি, মাঝখানে একটা মিটিং-এ গিয়েছিলাম, সেখানে বলেও এসেছিলাম, জানি না তার ফল কি হবে। এই যে পরিবার শিক্ষামিত্র এদের নিয়ে আমরা কি করব। অনেকগুলি পরিবার এর সঙ্গে জড়িত। এখন রাজ্যের অবস্থা তো আপনি জানেন, রাজ্যের কোষাগারের অবস্থাও জানেন। তা সত্ত্বেও এদের বিষয়টা আমরা এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সহৃদয়তার সঙ্গে বিবেচনা করছেন। এবং যার ফলে এদের তিন মাসের ওরা এক্সটেনশন পেয়েছেন বন্ধ হয়ে যাওয়ার পরেও। ধন্যবাদ।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আপনার মাধ্যমে জানতে চাইছি, যেহেতু উনি সি.পি.এফ., জি.পি.এফ. সম্বন্ধে উত্তরটা দিলেন, সেই জন্য জিজ্ঞাসা করছি, আপনার কাছে জানতে চাইছি যে বিগত বামফ্রন্ট সরকার কলকাতা হাইকোর্টে সি.পি.এফ., জি.পি.এফ. সংক্রান্ত যে রায় দিয়েছিলেন, তার বিরুদ্ধে সুপ্রীম কোর্ট-এ অ্যাপীল করেছিলেন, সেই অ্যাপীল না ওঠা পর্যন্ত, আপনি কি সেই অ্যাপীলটাকে উইথড্র করার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন। ? কেন না আপনি যে ফাইল-এর কথা বললেন, ইট উইল বি ফ্রুটলেস আনটিল অ্যান্ড আনলেস দি কেস ইজ উইথড্রন ফ্রম দি সুপ্রীম কোর্ট। আপনি কি সেই সুপ্রীম কোর্ট-এর মামলাটা উইথড্র করার ব্যাপারে কিছু চিন্তা-ভাবনা করেছেন ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ক মহঃ সোহরাব-এর প্রশ্নের উত্তরে জানাই, আমাদের ডিপার্টমেন্টের পলিসি হচ্ছে যা যা শিক্ষক বিরোধী, যা যা কোর্ট কেস হয়ে আছে, তার অধিকাংশ ক্ষেত্রেই আমরা সেই কেস লিঙ্গার করতে চাই না। এবং তার মধ্যে আলাদা করে সি.পি.এফ., জি.পি.এফ.-এর ব্যাপারে সুপ্রীম কোর্টে যে রায়-এর কথা আপনি বলছেন সি.পি.এফ. বা জি.পি.এফ.-এর উপর, সম্ভবত এখনি আমি কিছু বলতে পারব না, নির্দিষ্ট করে। কিন্তু আমাদের পলিসি হচ্ছে শিক্ষকদের বিরুদ্ধে যা যা আইন আদালত আছে, যেখানে যেখানে অনর্থক হয়রানি করা হচ্ছে, সেখানে সেই কেসগুলি আমরা লড়ব না। ফলত যা

অন্যান্য ক্ষেত্রে প্রযোজ্য, আপনি যে ইস্যুটির কথা বলেছেন, সেখানে সমভাবেই প্রযোজ্য হবে এ তো বলাই বাহুল্য। ধন্যবাদ।

[11.50 – 12.00 noon]

নয়াচরে কেমিক্যাল হাব

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী ঈদ মহম্মদ :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নয়াচরে কেমিক্যাল হাব গঠনের প্রস্তাব বাতিল করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, নয়াচরে কি ধররেন শিল্প স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে বা করবে ?

শ্রী পার্থ চ্যাটার্জী :

(ক) হ্যাঁ।

(খ) নয়াচরে (১) পরিবেশ সহায়ক শিল্প তালুক (An Environmentally Sustainable Industrial Park), (২) পরিবেশ সহায়ক পর্যটন (Environmentally Sustainable Tourism) এবং (৩) উচ্চ জটিল প্রযুক্তিগত তাপবিদ্যুৎ কেন্দ্র (A Supercritical Themal Power Plant) স্থাপনের জন্য পশ্চিমবঙ্গ সরকার ও পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম নিউ কোলকাতা ইন্টারন্যাশনাল ডেভোলপমেন্ট প্রাইভেট লিমিটেড, পি.সি.আর. কেমিক্যাল প্রাইভেট লিমিটেড এবং ইউনিভার্সাল সাকসেস এন্টারপ্রাইজেস লিমিটেডের সঙ্গে ০৩/১১/২০১১ তারিখে চুক্তিপত্র স্বাক্ষর করেছে।

আপনার প্রথম প্রশ্ন ছিল যে কেমিক্যাল হাব বাতিল করা হয়েছে কিনা। আমরা ০২/০৩/২০১১ তারিখের আগে যেটা ৩১/০৭/২০০৬-এ সই হয়েছিল তা আমরা বাতিল করেছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি কেমিক্যাল হাবের প্রস্তাব বাতিল করে নতুন তিন ধরনের শিল্প, পরিবেশ সহায়ক শিল্প তালুক, পরিবেশ সহায়ক পর্যটন এবং উচ্চ জটিল প্রযুক্তিগত তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিম্নে উল্লিখিত তিনটি সংস্থার সহিত একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে ০৩/১১/২০১১ সালে। এই চুক্তির শর্তাবলীগুলি কি আছে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, প্রথমটি যেটি আমি বললাম, আচার্য প্রফুল্লচন্দ্র রায় শিল্প তালুক, এটি শিল্প তালুক,

ইন্ডাস্ট্রিয়াল পার্ক হিসাবে হবে এনভায়রনমেন্ট ফ্রেন্ডলি এবং তাতে প্রস্তাব এসেছে ২৮৩৭ কোটি টাকার এবং ডাইরেক্ট, ইনডাইরেক্ট কর্মসংস্থানের সুযোগ আছে ৪৪ হাজার লোকের। দ্বিতীয়টি, মাতঙ্গিনী হাজরা পর্যটন তালুক। এটা একটা শিক্ষা অ্যাডভেঞ্চার এবং এনভায়রনমেন্টালি সাসটেনেবল ট্যুরিজম হবে যেখানে ২৬৮ কোটি টাকা খরচ হবে। যার মধ্যে ট্যুরিজম এবং বাংলার হাট দুটোই থাকবে এবং দশ হাজার লোকের কর্মসংস্থানের সুযোগ থাকবে। আমি প্রথমেই বলি, যখন এই কথাগুলি বলছি তখন এটা ধরে নিয়েই বলছি যে আগের যা পার্মিশন নিয়ে এসেছিলেন সি.আর.জেডের হলে হবে না, সংস্থাকে বলা হয়েছে উই রিকোয়্যার স্পেশ্যাল ক্লিয়ারেন্স ফ্রম সি.আর. জেড.কমিটি। তাদের কাছ থেকে আবার এই জন্য নিয়ে আসতে হবে। আগেরটি দেখালে চলবে না। তিন, ফিশারম্যান। মৎস্যজীবীদের জন্য, তাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য এবং তাদের বাড়ি তৈরি করবার জন্য এবং তাদের শিক্ষা, স্বাস্থ্য, হাউজিং, সোসাল যে সমস্ত সামাজিক দিকগুলি আছে তা দেখার জন্য একটি বিশেষ স্থান, ফিশারম্যানস ভিলেজ করা হবে। চার, আপনার শেষ প্রশ্ন যে আর কি করা হবে, আমরা ক্রিটিক্যাল থার্মাল পাওয়ার প্রোজেক্টের জন্য এন.কে.আই.ডি-র সঙ্গে দু-হাজার মেগাওয়াট, যা দুটি স্টেজে হবে—৪৬০, ৪৬০ করে। যার টোটাল খরচ হবে ১২ হাজার কোটি টাকা।

প্রথম ফেজে ৮ হাজার কোটি টাকা খরচের প্রস্তাব আছে, এবং এক্ষেত্রেও ২৩০০ লোকের ডাইরেক্ট কর্ম সংস্থানের সুযোগ থাকবে।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই প্রোজেক্টটা করতে গেলে এর জন্য কত জমি প্রয়োজন, এবং সেই জমি অধিগ্রহণ করা হয়েছে কিনা জানাবেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রথম কথা হয়েছে যে আমরা পি.সি.পি.আই.আর.-টাকে বাতিল করেছি। জমি তো আছেই। জমি তো ছিলোই। জমি তো রয়েইছে। আমরা তো তার প্রোজেক্টটাকে বাতিল করেছি। আমরা তো অন্যটাকে বাতিল করিনি। আমরা শুধু বলেছি যে পি.সি.পি.আই.আর.-এর জন্য যে পরিবেশের সার্টিফিকেট এনেছেন, আপনি যেটি এখন করতে চান সেটার জন্যে আপনার পরিবেশ দপ্তরের থেকে সার্টিফিকেটটা আনতে হবে আমরা তার জন্য সম্পূর্ণ সাহায্য করবো। এবং এ ব্যাপারে আমরা পরিবেশ দপ্তর দিল্লির সাথে কথাও বলেছি। আপনাকে শুধু আর একটা জিনিসও বলি যে, আমি ভেবেছিলাম আপনারা কেউ হয়তো প্রশ্ন করবেন, কিন্তু এখনো পর্যন্ত কেউ সেই কোয়েশ্চেন করলেন না। সেটা হচ্ছে, আপনারা জানেন যে হলদিয়া, আসানসোল ও হাওড়া এই তিনটে অঞ্চলকে পরিবেশ দূষিত অঞ্চল বলে নতুন করে শিল্প করবার ক্ষেত্রে যে পারমিশন দেওয়া হতো যেটা বন্ধ আছে। আমাদের মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন, এ ব্যাপারে আমি নিজের মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, পরিবেশ দপ্তরের মন্ত্রী তাঁকে নিয়ে দেখা করেছি। তিনি দুবার তিনবার চিঠি লিখেছেন। সেক্ষেত্রে কিন্তু ৩১ মার্চের পর আমরা বলেছি ইমিডিয়েটলি এটাকে প্রত্যাহার করে নেওয়ার দরকার।

আর আপনি যে জমি সংক্রান্ত বিষয়টি বলছেন, নতুন করে কোনো জমি অধিগ্রহণ করা হবে না। বরঞ্চ যে জমি অধিগৃহীত ছিল, তার থেকে আমরা বলেছি Non-CRZ এলাকার যতটুকু জমি আছে তার মধ্যেই এটা করতে হবে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যে নয়াচরে পরিবেশ বান্ধব শিল্প গড়ে তোলা হচ্ছে। ২ হাজার মেগাওয়াটের উচ্চ জটিল তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলা হবে। আমরা জানি যে প্রতি মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করতে গেলে মোটামুটি এক একর জমি লাগে। স্বাভাবিকভাবে ২ হাজার একর জমি লাগবে ধরেই নিচ্ছি, এবং যেহেতু মাননীয় মন্ত্রী বিদ্যুৎ শিল্পের সঙ্গে সামান্য যুক্ত সেই কারণে উনার কাছে আমার প্রশ্ন যে, বিদ্যুৎ তৈরি করতে গেলে কয়লার প্রয়োজন। এবার উচ্চ জটিল তাপ বিদ্যুৎ কেন্দ্র যখন গড়ে উঠবে, কয়লা যখন ওখানে জ্বলবে, জ্বলার ফলে, তার ফলে মারকারি তৈরি হবে। এবং সামান্য হলেও পারমাণবিক কিছু বিকরণ তার মধ্যে থাকে। নানা রকম বিষয় তার মধ্যে থাকে যেগুলো আকাশে উঠে গিয়ে মিশবে, মাটিতে নেমে আসবে এবং নেমে আসার পরে ওখানে ঋতু চক্রের পরিবর্তন হবে। কাজেই ২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র তৈরি করতে গেলে স্বাভাবিকভাবেই, দারুণভাবে সেখানে পরিবেশের ওপরে আঘাত নেমে আসবে। কাজেই এই পরিবেশের ওপর যে আঘাত নেমে আসছে সেটাকে রক্ষা করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী ও তাঁর দপ্তর কি ভেবেছেন, এটা আমার জানার বিষয়।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন, সে প্রশ্নের উত্তরে বলি, যখন চুক্তি হয়, তখন আমরাও নিশ্চয় সে প্রশ্ন রেখেছি। পরিবেশকে দূষিত করে কোনো শিল্পই করা যাবে না। এবং পরিবেশ রক্ষা করবার জন্যে যে সমস্ত প্রযুক্তি অ্যাভেলেবল আছে, তার ব্যবহারও করতে হবে। আমরা প্রাথমিকস্তরে যেটুকু জেনেছি, আপনার জ্ঞাতার্থে জানাই যে, কয়লা কিন্তু তিনি অন্যত্র, অন্য জায়গা থেকে আনবেন অর্থাৎ আমাদের কয়লার ওপরে তার নির্ভরতা নেই। তিনি অন্য জায়গায়, যে রকমভাবে গুজরাটে সই হয়েছে, এই একই সংস্থা সই করেছেন। সেই কয়লা এবং সেই কয়লার যে কোয়ালিটি অফ কোল, সেখানে পরিবেশ দূষণের যে সম্ভাবনা আছে, সেই সম্ভাবনা ...(নয়েজ)... আমি বলে নিই। অনেক জায়গায় আছে পুড়লেও তা পরিবেশে আসে না, এটার জন্য এনভায়রনমেন্টাল ইক্যুইপমেন্ট পাওয়া যায়।

[12.00 – 12.10 p.m.]

অনেকগুলো ব্যবস্থা আছে, পরিবেশকে সুস্থ রাখার জন্য কোনো রকম গড়িমশি এই সরকার করবে না। আর দ্বিতীয় কথা আমি প্রথমবারই বলেছিলাম যে, পরিবেশগত সার্টিফিকেট আনার পর এই প্রকল্প যেটা ডি.পি.আর. দেওয়া আছে, তার একটা নির্দিষ্ট টাইম আছে। সেই টাইমের মধ্যে এবং তার উপর আমরা নজর রাখছি, শুধুমাত্র সই নয়। আমরা লক্ষ্য রাখছি, এই পরিবেশের ছাড়পত্র ছাড়া কোনোটাই আমরা এখানে করতে দিচ্ছি না।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে, নয়াচরটা একদিকে হলদিয়া আর একদিকে কুলটি এবং

কাকদ্বীপ। কুলতি এবং কাকদ্বীপ থেকে মানুষ গিয়ে ওই নয়াচরে হাজার হাজার বিঘে জায়গা দখল করে তারা মৎস্যজীবীদের নিয়ে বিভিন্ন রকম প্রকল্প তৈরি করছে এবং সেখানে একটা ফ্ল্যাগ দিয়ে তারা এইসব কাণ্ড-টাণ্ড করছেন। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, তারা যে মৎস্যবন্দর টাইপের করছেন বা ভেড়ি করছেন, তাদেরকে সরকার কোনো রকম সহযোগিতা করবেন আগামীদিনে ? না, তাদেরকে সেখান থেকে উচ্ছেদ করবেন ? এইটুকু জানতে চাইছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, দপ্তরের দায়িত্বটা তো মৎস্য দপ্তরের, আমার হাতে নইে। আমি এই প্রকল্পের মধ্যে বলেছি, যারা মৎস্যজীবী, তাদের জীবিকাকে রক্ষা করবার জন্য এবং তাদের পেশাগত যোগ্যতা বাড়ানোর জন্য আমরা প্রশিক্ষিত করব এক এবং তাদের জীবনের মানোন্নয়ন ঘটানোর জন্য প্রকল্পের মধ্যে যেটা আছে। মানোন্নয়ন ঘটানোর জন্য তাদের বাড়ি তৈরি করা হবে, তাদের জন্য স্বাস্থ্যকেন্দ্র তৈরি করা হবে, তাদের বাচ্চারা যাতে পড়তে পারে তার জন্য স্কুল তৈরি করা হবে, পানীয় জলেরও ব্যবস্থা করা হবে। সর্বদিক থেকে আমরা যে fishermen's hub বলে যে জায়গাটিকে চিহ্নিত করেছি, আপনি যেটা বললেন, নিশ্চয় সেই পয়েন্টটা আমার দৃষ্টিতে এল, আমি খোঁজ-খবর নেব। কিন্তু এই প্রকল্পের মধ্যে যে সমস্ত মৎস্যজীবীরা আছেন, তাদেরকে কিন্তু এই প্রকল্পের অন্তর্গত করে আনা হচ্ছে। তাদের জন্য এই ব্যবস্থা নেওয়ার কথা, এই চারটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প।

Mr. Spaker : Question Hour is over.

Starred Questions
(To which answers were laid on the Table)

Number of fire incidents

*68. (Admitted questions No. *283) **Shri Krishnendu Narayan Chowdhury :** Will the Minister-in-Charge of the Fire & Emergency Services Department be pleased to state—

(a) number of Fire incidents held during May, 2011 to January, 2012 (districtiwise breakup); and

(b) number of people died in those incidents (districtiwise break up) ?

Minister-in-Charge of the Fire and Emergency Serivices Department ;

(a) Total Fire incidnets 4993 Nos.

(b) 129 (One hundred twenty nine) nos. people died. District wise break up placed in a separate annexure.

"বেঙ্গল লীডস্ ২০১২"

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪০) শ্রী এস. এম. সাদি : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২ সালের জানুয়ারি মাসে অনুষ্ঠিত "বেঙ্গল লীডস্ ২০১২" অনুষ্ঠানে মোট কতজন শিল্পপতি উপস্থিত ছিলেন;

(খ) কোন্ কোন্ শিল্পসংস্থা উক্ত অনুষ্ঠানে প্রতিনিধিত্ব করেন ? এবং

(গ) অনুষ্ঠানের সামগ্রিক ফল কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২০টির বেশি।

(খ) বৃহৎ শিল্পসংস্থার মধ্যে আই.টি.সি., জেনারেল মোটরস, এসকে বিড়লা গ্রুপ, টাফে, পানজ লয়েড গ্রুপ, জে.এস.ডব্লিউ স্টিল, টি.সি.জি. সফটওয়্যার সার্ভিসেস এন্টারপ্রাইজ, ডেলয়েট অ্যান্ড টাচ কনসালটিং ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, পি.ডব্লিউ.সি., আই.এল.অ্যান্ড.এফ.এল., পেপসিকো, গ্ল্যাক্সোস্মিথলাইন, কে.পি.এম.জি., কোকাকোলা, ইনফোসিস, কোগনিজ্যান্ট, টেকনোলজিস, কে.পি.এম.জি., টেলকন ইত্যাদি।

(গ) সম্ভাব্য বিনিয়োগকারীরা একই শিল্পক্ষেত্রের বর্তমান ও সম্ভাব্য বিনিয়োগারীদের সাথে মত আদানপ্রদান করেছেন। তাঁরা সরকারের সাথে আলোচনা করেছেন এবং শিল্প গঠনের সুস্পষ্ট ইঙ্গিত দিয়েছেন।

মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিকে উন্নীতকরণ

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে (জেলাওয়াড়ি হিসাব সহ) ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত ৩৮৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছ। জেলাওয়াড়ি তথ্য সংযোজিত হল।

নতুন শিল্প সংস্থার সঙ্গে চুক্তি

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০) ডঃ **তরুণকান্তি নস্কর** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে শিল্প গড়ে তোলার জন্য রাজ্য সরকার নতুন নতুন শিল্প সংস্থার সাথে চুক্তি স্বাক্ষর করেছেন ;

(খ) সত্যি হলে, (১) কতগুলি শিল্প সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে ; ও (২) শিল্প সংস্থাগুলি কর্তৃক বিনিয়োগকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) প্রস্তাবিত নতুন শিল্পগুলিতে কতজনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায় ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ করেছেন।

(খ) (১) ৩৭টি। (২) ২০০৫৪.১৩ কোটি টাকা (প্রায়)

(গ) ৭৪,৩৯২ জন (প্রায়)

কিষাণ ক্রেডিট কার্ড

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৮) **শ্রী নরেশচন্দ্র চাকী** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০শে মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সরকার কত সংখ্যক "কিষাণ ক্রেডিট কার্ড" প্রদান করেছে; এবং

(খ) ওই কার্ড প্রাপকরা বর্তমানে কী কী সুবিধা পাচ্ছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কিষাণ ক্রেডিট কার্ড সরকার কর্তৃক প্রদান করা হয় না। বাণিজ্যিক ব্যাংক, কো-অপারেটিভ ব্যাংক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলি কিষাণ ক্রেডিট কার্ড চাষিদের প্রতি বছর দেন। মে, ২০১১ থেকে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত আনুমানিক ৬ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ড চাষিদের বিভিন্ন ব্যাংক থেকে দেওয়া হয়।

(খ) (১) স্বল্পমেয়াদী কৃষি/শস্য ঋণ, (২) ঋণ সুযোগ ৩ বছরের জন্য দেওয়া হয়। (৩) বর্তমানে বাৎসরিক ৭ শতাংশ সুদে এই ঋণ পরিশোধ হয়ে থাকে। সময়মতো ঋণ পরিশোধ করলে ৩ শতাংশ সুদ ছাড় দেওয়া হয়। (৪) ব্যক্তিগত দুর্ঘটনাজনিত বীমা এই কার্ডের মাধ্যমে দেওয়া হয়ে থাকে। (৫) ৫০,০০০ টাকা পর্যন্ত কৃষি ঋণের জন্য কোনো মার্জিন লাগে না। (৬) কিষাণ কার্ডের মাধ্যমে চাষিরা স্বয়ংক্রিয়ভাবে শস্য বীমার সুযোগ পান।

মহাবিদ্যালয়গুলিতে সরকারি প্রতিনিধি

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭) **শ্রী রামেশ্বর দোলই** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ মহাবিদ্যালয়গুলিতে সরকারি প্রতিনিধি পাঠানো হয়েছে কি ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ অধিকাংশ মহাবিদ্যালয়েরগুলিতে সরকারি প্রতিনিধি পাঠানো হয়েছে এবং বাকি মহাবিদ্যালয়গুলিতে প্রতিনিধি পাঠানোর প্রক্রিয়া চলছে।

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের পেনশন

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯১) **শ্রী বিপ্লব রায়চৌধুরী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সাপেক্ষে কতজন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের পেনশন সরকারি অনুমোদনের অপেক্ষায় আছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ পর্যন্ত প্রাথমিকের ক্ষেত্রে নতুন পেনশন কেস ৪৪২১ জনের ও প্রাথমিকে রিভিসন পেনশনের ক্ষেত্রে১৭০৫০ জন শিক্ষকের পেনশন সরকারি অনুমোদনের অপেক্ষায় আছে। মাধ্যমিকের ক্ষেত্রে নতুন পেনশন কেস ৪৬৫৮ জনের ও মাধ্যমিকে রিভিসন পেনশনের ক্ষেত্রে ১০,০০০ জন শিক্ষকের পেনশন সরকারি অনুমোদনের অপেক্ষায় আছে।

প্রাথমিক শিক্ষকদের বদলির নিয়মাবলি

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৪) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলির বিষয়ে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি ; এবং

(খ) করে থাকলে, তার নিয়মাবলি কীরূপ ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগ করা হয় সংশ্লিষ্ট জেলার প্রাথমিক বিদ্যালয় সংসদ থেকে এবং তাদের বদলির বিষয়ে সিদ্ধান্ত নেয় উক্ত সংশ্লিষ্ট জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।

(খ) বর্তমানে শিশুদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রতিটি জেলায় ছাত্র ও শিক্ষকদের নির্দিষ্ট অনুপাতে তা করতে হবে। সংশ্লিষ্ট জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদকে ছাত্র ও শিক্ষকদের নির্দিষ্ট অনুপাত রক্ষা করতে বলা হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় নতুন কারখানা স্থাপন

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রী আবু তাহের খান :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার ওমরপুরে নতুন কারখানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না।

প্রাথমিক বিদ্যালয়ে সংগঠক শিক্ষকদের সংখ্যা

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৩) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সংগঠক (অরগানাইজ) শিক্ষকদের সংখ্যা কত ;

(খ) সংগঠক (অরগানাইজ) শিক্ষকদের স্থায়ীকরণের জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি ; এবং

(গ) করে থাকলে, কবে থেকে তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোনো স্বীকৃত তথ্য বিদ্যালয় শিক্ষা দপ্তরে নেই।

(খ) এই মুহূর্তে কোনো পরিকল্পনা নেই।

(গ) এক্ষেত্রে প্রযোজ্য নয়।

কলেজগুলিতে শিক্ষাকর্মীর শূন্যপদ পূরণ

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৩) **ডঃ আশীষ ব্যানার্জী :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যের কলেজগুলিতে শিক্ষাকর্মীর শূন্যপদ পূরণের জন্য পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, শূন্যপদগুলি পূরণের পদ্ধতি কীরূপ ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সত্য রাজ্য সরকার রাজ্যের কলেজগুলিতে (সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত) শূন্যপদ পূরণের জন্য পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজগুলির ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ শিক্ষা অধিকার থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি সংখ্যা ই.ডি.-৫৬৪/২০১০ তাং ১১.০৮.২০১০ এইচ পরিচ্ছদ (শিক্ষাকর্মীর অনুমোদিত শূন্য পদ পূরণের অনুমতি) অনুসারে নিম্নলিখিত তথ্য (দুই কপি) শিক্ষা অধিকর্তা, পঃ বঃ-এর অফিসে তথা এডুকেশন ডাইরেক্টরেটে পাঠাতে হয় : (১) শিক্ষাকর্মীর পদ শূন্য হওয়ার তারিখ এবং কারণ, (২) ওই পদে এর পূর্বে যিনি ছিলেন তাঁর নাম এবং তাঁর অনুকূলে শিক্ষা অধিকার থেকে প্রকাশিত 'পে ফিক্সেশন মেমো', (৩) পরিচালন সমিতি/সংগঠন সমিতি/প্রশাসকের প্রস্তাব, (৪) ১০০ পয়েন্ট রোস্টার অনুসারে 'নিয়োগের সম্পূর্ণ নিবন্ধ' (যথাযথ পূর্ণ করে), (৫) সরকারি আদেশনামা সংখ্যা ৮৩১ (সি.এস.) তাং ৩১.১০.১৯৯৫ এবং শিক্ষা অধিকারের বিজ্ঞপ্তি সংখ্যা ১৯০১(৫০০) সি তাং ৩০.১১.১০০৫ অনুসারে শিক্ষাকর্মীদের পদ-বিন্যাস (যে শিক্ষাকর্মীর পদ পূরণের জন্য প্রস্তাব দেওয়া হচ্ছে সেই পদ সৃষ্টির সরকারি আদেশনামা এবং ওই পদে পূর্বতন কর্মীর পে ফিক্সেশন মেমো সহ)।

কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে উপরোক্ত তথ্য পাওয়ার পর শিক্ষা অধিকারে তা পরীক্ষা করা হয় এবং তথ্য সম্বলিত কাগজপত্র যথাযথ থাকলে, উচ্চ শিক্ষা দপ্তরে পদপূরণ সংক্রান্ত সরকারি আদেশনামা প্রকাশের জন্য পাঠানো হয়। উচ্চশিক্ষা দপ্তর এ ব্যাপারে কলেজভিত্তিক এবং পদভিত্তিক আদেশনামা আরোপিত শর্তানুসারে কলেজ কর্তৃপক্ষ পদ পূরণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে। পদ পূরণের পর এ সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় কাগজপত্র পাওয়ার পর শিক্ষা অধিকার তা পরীক্ষা করে সন্তুষ্ট হলে নিযুক্ত ওই কর্মীর স্বপক্ষে 'পে ফিক্সেশন মেমো' প্রকাশ করে।

সরকারি কলেজগুলির শিক্ষাকর্মীদের (শূন্যপদ) পূরণের বিষয়ে বলা যায় যে গ্রুপ 'ডি' এবং গ্রুপ 'সি' পদ পূরণের প্রক্রিয়া যথারীতি চলছে। গ্রুপ 'বি' পদ পূরণের জন্য gradation list তৈরির প্রক্রিয়ার শেষ পর্যায়ের কাজ চলছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি' পদগুলি পূরণ হবে পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগকৃত সুপারিশের মাধ্যমে। গ্রুপ 'বি' পদ পূরণ হবে গ্রুপ 'সি' থেকে পদোন্নতি মাধ্যমে।

শিক্ষক নিয়োগের জন্য পদ সৃষ্টি

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৫) **শেখ আমজাদ হোসেন** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০শে মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কত সংখ্যক শিক্ষকের পদ সৃষ্টি হয়েছে (পৃথক পৃথকভাবে) ; এবং

(খ) তন্মধ্যে, কত সংখ্যক পদ পূরণ হয়েছে (জেলাওয়াড়ি হিসাব সহ) ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০শে মে, ২০১১ থেকে ২১শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্যের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে যথাক্রমে ৫৪৪৫টি ও ৩৯,৫১০টি অতিরিক্ত সহকারি শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে। এছাড়া ২০১২-২০১৩ সালে ৫০০টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিকে উন্নীত করার প্রস্তাব অনুমোদিত হয়েছে। উন্নীত বিদ্যালয়গুলিতে ২০০০টি অতিরিক্ত উচ্চমাধ্যমিক সরকারি শিক্ষকের পদও সৃষ্টি করা হয়েছে।

(খ) এই পদগুলিতে নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন ব্যবস্থা গ্রহণ করেছেন।

রাজ্যের বিদ্যালয়গুলির অডিট

* ৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৭) **শ্রী অখিল গিরি** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিদ্যালয়গুলির বার্ষিক হিসাব নিরীক্ষণ প্রক্রিয়া উন্নত করার জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে/করছে ;

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ ; এবং

(গ) বিদ্যালয়গুলি থেকে অডিট ফি বাবদ নির্ধারিত অর্থের পরিমাণ কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এখনো পর্যন্ত বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। এ ব্যাপারে রাজ্য অর্থ দপ্তরের লোকাল অডিট শাখার সঙ্গে আলোচনা চলছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

হুগলি জেলায় প্রাথমিক বিদ্যালয় স্থাপন

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭) **শ্রী অসিত মজুমদার (তপন)** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, উক্ত জেলার কোন্ কোন্ বিধানসভা কেন্দ্রে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) শিশুদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুসারে গ্রামাঞ্চলে জনবসতির ১ কিমি এবং শহরাঞ্চলে ১/২ কি.মি.-এর মধ্যে প্রাথমিক বিদ্যালয় না থাকলে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে এবং একই রকমভাবে গ্রামাঞ্চলে ২ কি.মি.-র মধ্যে বা শহরাঞ্চলে ১ কি.মি.-র মধ্যে কোনো উচ্চতর প্রাথমিক বিদ্যালয় না থাকলে সেখানে উচ্চতর প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে। এই ব্যবস্থার ফলে প্রতিটি শিশু তার বাড়ির কাছাকাছি বিদ্যালয়ে বুনিয়াদি শিক্ষা সম্পূর্ণ করার সুযোগ পাবে। নতুন বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে জি.আই.এস. ম্যাপিং-এর সহায়তা নেওয়া হয়েছে। সেই মতো হুগলি গেলায় ৮টি নতুন প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে।

(খ) ১টি করে খানাকুল ২, গোঘাট ১, গোঘাট ২, আরামবাগ ১, পোলবা দাদপুর ও রিষড়া মিউনিসিপ্যালিটি এবং পাণ্ডুয়া ব্লকে ২টি।

শিক্ষক-শিক্ষিকাদের জন্য "জেনারেল প্রভিডেন্ট ফান্ড" চালু

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭০) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) "কনট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ডের" আওতাভুক্ত আধা-সরকারি শিক্ষক-শিক্ষিকাদের " জেনারেল প্রভিডেন্ট ফান্ডের" অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি সম্পর্কে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

পার্শ্বশিক্ষকদের চাকরি স্থায়ীকরণ

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৬) **শ্রী আখরুজ্জামান** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের পার্শ্বশিক্ষকদের চাকরি স্থায়ীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পার্শ্ব-শিক্ষক ও অনুরূপ ক্যাটেগরির জন্য বর্তমান সরকার শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ১০ শতাংশ পদের সংরক্ষণ করার আদেশ জারি করেছেন। কিন্তু এই ক্যাটেগরিতে নিয়োগের জন্য নির্দিষ্ট যোগ্যতামান পূরণ করতে হবে।

মালদা জেলার চাঁচল মহকুমায় মহিলা কলেজ স্থাপন

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৯) **শ্রী আসিফ মেহবুব** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলার অন্তর্গত চাঁচল মহকুমায় একটি মহিলা কলেজ স্থাপন করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হল, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নতুন কলেজ স্থাপন করার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদের কাছে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হয় এবং প্রদত্ত তথ্য অনুসারে উচ্চশিক্ষা সংসদ সিদ্ধান্ত গ্রহণ করেন ও সরকারকে অবহিত করেন।

(খ) নির্দিষ্ট আবেদনের ভিত্তিতে উচ্চশিক্ষা সংসদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সরকারের গোচরে আসার পরই এ বিষয়ে মন্তব্য করা যেতে পারে।

Unstarred Questions
(To which written answers were laid on the Table)

চাঁচোলে সব্জী সংরক্ষণ ও বিক্রয়কেন্দ্র

১। (অনুমোদিত প্রশ্ন নং ১১২) **শ্রী তজমুল হোসেন** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চাঁচোল মহকুমা এলাকায় পান ও সব্জী সংরক্ষণ এবং ন্যায্য মূল্যে বিক্রয় কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কি ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রতিটি ব্লক তথা চাঁচোল মহকুমার ব্লকগুলিতেও প্রয়োজনভিত্তিক বহুমুখী হিমঘর নির্মাণের পরিকল্পনা সরকারের আছে। ব্লক পর্যায়ে কৃষি বাজার নির্মাণের পরিকল্পনা রচনার কাজও সমাপ্ত হয়েছে।

(খ) প্রতিটি ব্লকের কৃষি নির্ভর এলাকায় প্রয়োজনভিত্তিক কৃষি বাজার করে, লাভজনক দামে কৃষকের ফসল বিক্রির ব্যবস্থা করা।

সর্বশিক্ষা মিশন

২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৭) **শ্রী বিপ্লব রায়চৌধুরী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জেলা পর্যায়ে সর্বশিক্ষা মিশনের কাজকর্ম পরিচালনা, শিক্ষকদের ট্রেনিং প্রভৃতি বিষয়ের জন্য অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এ মুহূর্তে কোনো পরিকল্পনা নেই।

কাকদ্বীপ মহকুমায় আদালত নির্মাণ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৩) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ চব্বিশ পরগনা জেলার কাকদ্বীপ মহকুমায় আদালত নির্মাণের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : দক্ষিণ চব্বিশ পরগনা জেলার কাকদ্বীপ মহকুমায় আদালত ভবন ও জুডিসিয়াল অফিসারদের আবাসগৃহ নির্মাণের জন্য কেন্দ্রীয় পোষিত প্রকল্পে ১৪৪৪.৪৫ লাখ টাকার প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে এবং এই বাবদ ১০.০০ লাখ টাকা যথাক্রমে ২৫ : ৭৫ অনুপাতে রাজ্য ও কেন্দ্রীয় হারে বর্তমান অর্থবর্ষের ব্যয়ানুমান খাত থেকে এই সম্পর্কিত খাতে বরাদ্দ করা হয়েছে। নির্মাণ কার্যের প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে।

Upgradation of Upper Primary Schools in Birbhum District

4. (Admitted questions No. 720) **Shri Abhijit Mukherjee :** Will the Minister-in-Charge of the School Education Department be pleased to state—

(a) Number of Upper Primary Schools upgraded during June, 2011 to February, 2012 in Birbhum District ; and

(b) The Details thereof (blockwise) ?

Minister-in-Charge of the School Education Department : (a) 8 number of Upper Primary Schools have been upgraded during June, 2011 to February, 2012 in Birbhum Distric ; and

(b) School-wise list is given below :

District : Birbhum

Sl. No.	Name and Address of the Schools
1.	Bhimgarh Tapas Smriti Junior High School. Vill. : Bhimgarh, P.O. : Churar, P.S. : Khoyrasole, Sub-Div. : Suri.
2.	Kurunnahar Puspa Devi Nimma Madhyamik Balika Vidyalaya. Vill. + P.O. : Kurunnahar, P.S. : Labpur, Sub-Div. : Bolpur.
3.	Kareya Karuichandi Junior High School. Vill. + P.O. : Kareya, P.S. : Nanoor, Sub-Div. : Bolpur
4.	Dhattikuri K. N. Junior High School. Vill. + P.O. : Dhattikuri, P.S. + Sub-Div. Suri.
5.	Radhanagar Junior High School. Vill. : Radhanagar, P.O. : Chhoto Turigram, P.S. : Mayureswar, Sub-Div. : Rampurhat.
6.	Sikshaniketan Ashram Kanya Vidyalaya (Jr. High). Vill. + P.O. : Paruldanga, P.S. + Sub-Div. Bolpur.
7.	Atkula Junior High School. Vill. : Atkula, P.O. : Shitaigram, P.S. : Nalhati. Sub-Div. : Rampurhat
8.	Alaf Jan Adibasi Junior High School. Vill: Lakshinarayanpur, P.O. : Haridaspur, Sub-Div. : Rampurhat.

চাকদহ ব্লকে জল প্রকল্প

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৫) **শ্রী নরেশচন্দ্র চাকী :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার চাকদহ ব্লকের পলাগাছা জল প্রকল্পটির কাজ বর্তমানে কী অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত জল প্রকল্পে, জমিদানকারীদের ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টি কোন্ পর্যায়ে আছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) আর্সেনিক আক্রান্ত এলাকায় আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য চাকদা ভূ-পৃষ্ঠস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্পের কাজ পূর্বনির্ধারিত হিসাবে চলছে শুধুমাত্র বাধা জমির সময়মতো অধিগ্রহণ। যাইহোক, পলাগাছা Treatment Plant Sigte-এর জমি এখনো পর্যন্ত গৃহীত হয়নি।

(খ) বিভিন্ন জমিদাতাদের ক্ষতিপূরণ যাঁরা জনসাধারণের জন্য জমি দান করেছেন, সেই সংক্রান্ত লেনদেন সরাসরি পশ্চিমবঙ্গ সরকারের ভূমি অধিগ্রহণ দপ্তর করেন।

পিছিয়ে পড়া জেলাগুলিতে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৯) **শ্রী রামেশ্বর দোলই :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২ অর্থবর্ষে, ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজ্যে পিছিয়ে পড়া জেলাগুলিতে বিশুদ্ধ পানীয় জল (নলবাহিত) সরবরাহের উদ্দেশ্যে কতগুলি প্রকল্প মঞ্জুর করা হয়েছে (জেলাভিত্তিক তালিকা ও টাকার পরিমাণ সহ) ;

(খ) পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় জল সরবরাহের বিশেষ কোনো পরিকল্পনা আছে কি না ;

(গ) থাকলে, তা কিরূপ ; এবং

(ঘ) পশ্চিম মেদিনীপুর জেলার কেশপুর ব্লকে নেড়াদেউল-এ জল সরবরাহ প্রকল্প করার প্রস্তাব বিবেচনাধীন আছে কি ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-২০১২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত পশ্চিমবঙ্গের সর্বত্র ১৬২টি (একশত বাষট্টি) নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদন করা হয়েছে। এছাড়াও পিছিয়ে পড়া বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুর জেলাগুলিতে ৭২টি (বাহাত্তর) নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদন করা হয়েছে। এইরূপ প্রকল্পগুলির তালিকা সংযোজনী (Annexure-1)-এ দেখানো হল।

(খ) হ্যাঁ, পরিকল্পনা আছে।

(গ) রাজ্যে ২০২০ সালের মধ্যে সমস্ত মানবজাতি এবং পশু সম্পদের সুরক্ষিত, দীর্ঘস্থায়ী এবং পর্যাপ্ত পরিমাণে জল সরবরাহের লক্ষ্যে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ভীসন—২০২০ দস্তাবেজ-এর অনুকরণে ২০১১.৫৭ কোটি (এক হাজার এগার কোটি সাতান্ন লক্ষ) এবং ১২৮৭.৫৭ কোটি (এক হাজার দু-শত সাতাশি কোটি সাতান্ন লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে (Estimated Cost) বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় ব্যাপক পানীয় জলের বিস্তৃতির জন্য বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় ১টি করে মোট ২টি বৃহৎ প্রকল্প প্রস্তুত করেছে। বাঁকুড়া জেলার প্রকল্পটি ইতিমধ্যে BRGF (Backward Region Grant Fund)-এর অধীনে

অনুমোদন করা হয়েছে এবং পুরুলিয়া জেলার প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে। পশ্চিম মেদিনীপুর জেলায় ইতিমধ্যে মোট ৫৫টি (পঞ্চান্ন) নলবাহিত জল সরবরাহ প্রকল্প অনুমোদন করা হয়েছে। এছাড়াও পশ্চিম মেদিনীপুর জেলায় অপর ২টি প্রকল্প রূপায়ণ করা হবে। সেগুলি হল ২১.৩৬ কোটি (একুশ কোটি ছত্রিশ লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে বিনপুর-২ নং ব্লকের বরগুখরোরা অঞ্চলে যেটি অনুমোদিত হয়েছে এবং ২১.৪৭ কোটি (একুশ কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে মেদিনীপুর সদর ব্লকের ধেরুয়া অঞ্চলে যেটি অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে।

(ঘ) এ পর্যন্ত প্রাপ্য নথি অনুসারে, পশ্চিম মেদিনীপুর জেলায় কেশপুর ব্লকের নেড়াদেউল অঞ্চলে নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণের বিষয়ে জন প্রতিনিধিদের কাছ থেকে কোনোরূপে নির্দিষ্ট প্রস্তাব নেই। যাইহোক, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর কাছাকাছি উৎসের প্রাপ্যতার সুসংগত সম্ভাব্য সমীক্ষার পর নেড়াদেউল জল সরবরাহ প্রকল্প রূপায়ণের জন্য বিবেচনা করবে।

অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬১) **শ্রী অনন্তদেব অধিকারী :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> জনস্বাস্থ্য কারিগরী বিভাগে কর্মরত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জনস্বাস্থ্য কারিগরী বিভাগে কর্মরত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের প্রস্তাব সরকার সার্বিকভাবে পর্যালোচনা ও পরীক্ষা করছে।

রাজ্যে ফুটবল অ্যাকাডেমি গঠন

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯১) **শ্রী মন্টুরাম পাখিরা :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ফুটবল অ্যাকাডেমি গঠন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, এ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না, এখনও পর্যন্ত সরকারের রাজ্যে ফুটবল অ্যাকাডেমি গঠন করার কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই আসে না।

ANNEXURE-I

List of New PWSS Sanctioned during 2011-2012

Sl. No.	Name of Scheme	District	Block	Est. Cost (in lakh)	No. of		Population			Programme/ Auth.
					Village	Habitation	Total	SC	ST	
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)
1.	Panchal	Bankura	Sonamukhi	310.86	10	55	7575	3010	795	NRDWP/ Central
2.	Pakhanna	Bankura	Barjora	382.05	9	9	11565	5650	4	NRDWP/ Central
3.	Salma	Bankura	Saltora	839.24	24	26	18727	6062	2501	NRDWP/ Central
4.	Goaldanga	Bankura	Indpur	431.54	12	16	6908	2408	214	NRDWP/ Central
5.	Chiltore	Bankura	Sarenga	365.69	12	12	6520	2179	2018	NRDWP/ Central
6.	Laksmisagar	Bankura	Simlapal	991.70	21	62	21523	7384	563	NRDWP/ State
7.	Dhanara	Bankura	Raipur	628.99	25	30	13016	3828	2804	NRDWP/ Central
8.	Phulberia	Bankura	Sarenga	417.96	19	19	7603	1672	2077	NRDWP/ Central
9.	Somsar	Bankura	Indus	217.23	1	9	3973	1876	68	NRDWP/ Central
10.	Sabur Bundh	Bankura	Saltora	512.82	11	19	9152	3531	1835	NRDWP/ Central
11.	Banshia	Paschim Medinipur	Gopiballavpur-I	16.99	1	1	296	6	286	NRDWP/ State
12.	Barabaria	Paschim Medinipur	Gopiballavpur-II	14.82	1	1	183	0	0	NRDWP/ State
13.	Jamboni	Paschim Medinipur	Nayagram	17.52	1	1	335	134	0	NRDWP/ State

(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)
14.	Pathra	Paschim Medinipur	Midnapore	92.69	1	1	2598	1303	144	NRDWP/ State
15.	Chichira	Paschim Medinipur	Jambmi	97.72	1	1	2853	512	1	NRDWP/ State
16.	Kalaimuri	Paschim Medinipur	Salbani	69.49	1	2	970	49	106	NRDWP/ State
17.	Barajharia	Paschim Medinipur	Nayagram	54.02	1	1	503	19	483	NRDWP/ State
18.	Keudi	Paschim Medinipur	Salbani	15.86	1	1	214	46	104	NRDWP/ State
19.	Kalshibhanga	Paschim Medinipur	Salbani	15.83	1	1	212	0	56	NRDWP/ State
20.	Dhengasole	Paschim Medinipur	Salbani	66.49	1	3	1096	0	97	NRDWP/ State
21.	Jatra & Banshiroysol	Paschim Medinipur	Salbani	78.82	2	3	1625	46	486	NRDWP/ State
22.	Jamdoba and Godamauli	Paschim Medinipur	Salbani	62.55	2	3	483	0	202	NRDWP/ State
23.	Sasarah	Paschim Medinipur	Gopiballavpur-I	93.36	1	5	2982	1150	20	NRDWP/ State
24.	Ukhla	Paschim Medinipur	Garbeta-II	70.63	1	4	1050	138	498	NRDWP/ State
25.	Chatra	Paschim Medinipur	Garbeta-II	19.51	1	6	479	12	0	NRDWP/ State
26.	Sutkujhuri	Paschim Medinipur	Garbeta-II	55.41	1	1	587	0	138	NRDWP/ State
27.	Hatimasan	Paschim Medinipur	Garbeta-II	58.17	1	2	781	336	68	NRDWP/ State
28.	Bhangadali	Paschim Medinipur	Binpur-I	14.66	1	1	138	0	138	NRDWP/ State
29.	Baratilaboni	Paschim Medinipur	Binpur-I	14.66	1	1	85	0	72	NRDWP/ State

(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)
30.	Pitanow	Paschim Medinipur	Gopiballavpur-I	57.86	1	4	555	14	414	NRDWP/ State
31.	Junsola	Paschim Medinipur	Gopiballavpur-II	59.48	1	1	604	15	152	NRDWP/ State
32.	Bhera	Paschim Medinipur	Gopiballavpur-I	14.82	1	1	124	0	124	NRDWP/ State
33.	Baliband	Paschim Medinipur	Jamboni	61.18	1	4	623	162	81	NRDWP/ State
34.	Kapgari	Paschim Medinipur	Jamboni	69.19	1	1	1350	342	56	NRDWP/ State
35.	Pathardhara	Paschim Medinipur	Nayagram	15.76	1	1	207	14	38	NRDWP/ State
36.	Chhenpara	Paschim Medinipur	Jhargram	19.19	1	1	456	0	138	NRDWP/ State
37.	Sitanathpur	Paschim Medinipur	Salbani	17.18	1	2	310	0	111	NRDWP/ State
38.	Lohamelya	Paschim Medinipur	Jhargram	56.32	1	1	651	25	299	NRDWP/ State
39.	Nakrasuli	Paschim Medinipur	Sankrail	18.03	1	1	391	21	133	NRDWP/ State
40.	Sankrail	Paschim Medinipur	Sankrail	19.57	1	1	484	58	220	NRDWP/ State
41.	Bahadurpur	Paschim Medinipur	Binpur-I	15.94	1	2	220	33	148	NRDWP/ State
42.	Khasjungle	Paschim Medinipur	Binpur-I	61.78	1	2	677	40	635	NRDWP/ State
43.	Kechenda	Paschim Medinipur	Binpur-II	66.74	1	3	1154	17	118	NRDWP/ State
44.	Loagan	Paschim Medinipur	Binpur-I	17.98	1	1	368	153	77	NRDWP/ State
45.	Simulpal	Paschim Medinipur	Binpur-II	63.05	1	7	1124	254	523	NRDWP/ State

(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)
46.	Laudaha	Paschim Medinipur	Sankrail	81.47	1	5	2077	454	508	NRDWP/ State
47.	Gobardhanpur	Paschim Medinipur	Pingla	340.42	9	22	8834	484	451	NRDWP/ Central
48.	Chakmakrampur	Paschim Medinipur	Kharagpur-II	335.00	21	53	8736	1667	2180	NRDWP/ Central
49.	Shyamsundarpur	Paschim Medinipur	Sabang	352.02	4	4	9880	1733	7	NRDWP/ State
50.	Adasimla	Paschim Medinipur	Sabang	333.08	6	8	9885	1429	1411	NRDWP/ State
51.	Panpara	Paschim Medinipur	Sabang	351.34	9	10	8526	434	148	NRDWP/ State
52.	Sartla	Paschim Medinipur	Sabang	338.74	12	12	9437	475	604	NRDWP/ Central
53.	Narayanbar	Paschim Medinipur	Sabang	440.02	13	13	10940	1385	16	NRDWP/ Central
54.	Khasbazar	Paschim Medinipur	Debra	366.33	15	30	9724	1042	1780	NRDWP/ Central
55.	Ragra	Paschim Medinipur	Sankrail	138.17	1	4	5214	2093	155	NRDWP/ State
56.	Maliara	Paschim Medinipur	Midnapur	108.00	3	5	3360	412	62	NRDWP/ State
57.	Palashi	Paschim Medinipur	Debra	270.37	13	27	6902	234	1228	NRDWP/ Central
58.	Nayagram	Paschim Medinipur	Midnapur	199.77	8	22	4555	787	1770	NRDWP/ State
59.	Ragpur	Paschim Medinipur	Pingla	255.07	6	21	7581	377	56	NRDWP/ Central
60.	Chaupanya	Paschim Medinipur	Kharagpur-II	273.50	13	46	7281	1336	998	NRDWP/ Central

(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)	(9)	(10)	(11)
61.	Beluria	Paschim Medinipur	Pingla	321.80	5	15	8407	199	10	NRDWP/ Central
62.	Chhotokhelna	Paschim Medinipur	Pingla	353.41	11	40	11277	323	355	NRDWP/ Central
63.	Maligram	Paschim Medinipur	Pingla	477.61	6	18	14054	1005	207	NRDWP/ Central
64.	Netai	Paschim Medinipur	Binpur-I	161.00	3	5	3551	1914	185	NRDWP/ Central
65.	Barasukjora	Paschim Medinipur	Binpur-II	2136.09	36	53	14057	1796	3879	NRDWP/ Central
66.	Parasiri	Purulia	Para	45.66	1	3	1630	317	153	NRDWP/ Central
67.	Kudagara	Purulia	Arsha	299.10	6	8	4967	16	648	NRDWP/ Central
68.	Satra	Purulia	Arsha	453.71	5	8	10592	747	284	NRDWP/ Central
69.	Baram	Purulia	Arsha	321.97	5	9	5346	704	258	NRDWP/ Central
70.	Rangamatia	Purulia	Kashipur	364.12	10	17	7083	2734	1927	NRDWP/ State
71.	Boldi	Purulia	Arasha	381.23	5	9	8366	625	527	NRDWP/ Central
72.	Manbazar-II Block (Part)	Purulia	Manbazar-II	4036.46	57	85	37159	2423	18247	NRDWP/ Central
		Total		**20197.22**	**465**	**875**	**372751**	**69644**	**57096**	

শৈলেন মান্না স্মৃতিরক্ষার্থে সরকারি পদক্ষেপ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯২) **মন্টুরাম পাখিরা** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রয়াত ফুটবলার শৈলেন মান্নার স্মৃতিরক্ষার্থে সরকার কি কি পদক্ষেপ নিয়েছে ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১৩ই মার্চ নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে প্রয়াত শৈলেন মান্নার স্মৃতির উদ্দেশ্যে এক স্মরণসভার আয়োজন করা হয়েছিল, সমাজের বিভিন্ন গুণীজন ও ক্রীড়া জগতের অতীত ও বর্তমানের বহু ক্রীড়া প্রতিভা উপস্থিত ছিলেন।

নথিভুক্ত বেকারের সংখ্যা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৫) **শ্রী স্বর্ণকমল সাহা** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৮শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের মোট সংখ্যা কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৮শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের মোট সংখ্যা ৬৮,৪৮,৮২৫ জন।

আর্সেনিকের গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ

১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১) **শ্রী স্বর্ণকমল সাহা** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ভারত সরকার এবং ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড-এর হিসেব অনুযায়ী পানীয় জল গ্রহণযোগ্য আর্সেনিকের সর্ব্বোচ্চ মাত্রা নির্ধারণ করছে ;

(খ) সত্যি হলে, উক্ত মাত্রা কত ;

(গ) ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে কত সংখ্যক মানুষকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা হয়েছে (জেলাওয়াড়ি হিসেব সহ) ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), ভারত সরকার ও ব্যুরো অফ্ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ইতিমধ্যেই পানীয় জলে আর্সেনিকের সহনশীল মাত্রা নির্ধারণ করেছে। রাজ্য সরকার বর্তমানে ব্যুরো অফ্ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস্ (BIS)-এর নির্ধারিত মাত্রা অনুসরণ করছে ;

(খ) পানীয় জলে গ্রহণযোগ্য আর্সেনিকের সর্বোচ্চ মাত্রার তালিকা নিম্নে দেওয়া হল :

Name of Chemical	Unit	Who	CPHEEO Specification			BIS Specification		
		Guideline Value	Acceptance Limit	Rejection Limit	Warning Limit	Acceptance Limit	Rejection Limit	Warning Limit
Arsenic	mg/L.	0..01	0.01	0.05	1.00	0.01	0.05	1.00

(গ) WBSEDCL (ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড)-এর কাছ থেকে বিদ্যুৎ সংযোগ পাওয়া গেলে ৩১শে মার্চ, ২০১২ পর্যন্ত প্রায় ১২০ (একশত কুড়ি) লাখ অধিবাসীকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা যাবে বলে আশা করা যায়। ৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত প্রায় ১১০.৮৩ লাখ (এক কোটি দশ লাখ তিরাশি হাজার) অধিবাসীকে ইতিমধ্যে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা হয়েছে। জেলাওয়াড়ি তালিকা নিম্নে দেওয়া হল :

PROVISION OF SAFE DRINKING WATER ARSENIC AFFECTED BLOCKS

District	Total No. of Blocks	No. of Blocks showing Presence of Arsenic in ground water as on 31.12.2001	2001 Pop (100) in Arsenic affected Block	2001 Pop (100) Covered in Arsenic Affected Blocks upto 3/2011	
				Total	% of Total at Col. 4
1	2	3	4	5	6
Murshidabad	26	19	3975	2002	50.36
Nadia	17	17	3853	2234	57.98
North 24 Pgs.	22	19	3876	2719	70.15
South 24 Pgs.	29	9	1981	1989	100.40
Malda	15	7	1625	1602	98.58
Bardhaman	31	5	796	275	34.55
Howrah	14	2	333	133	39.94
Hooghly	18	1	215	129	60.00
Total	172	79	16654	11083	66.56

আরও, সংশ্লিষ্ট দপ্তরের কাছ থেকে জমি এবং বিদ্যুৎ সংযোগ পাওয়া গেলে ডিসেম্বর, ২০১২-এর মধ্যে রাজ্যের আর্সেনিক আক্রান্ত অধিবাসীদের আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের আওতাভুক্ত করা যাবে।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received Seven notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Alleged lease of four blocks of Coal by the Power Development Corporation Limited without auction during 2004-2005	: Dr. Tarun Kanti Naskar
(ii) Fund allotted for implementation of Rajiv Gandhi Bidyut Yojana Scheme in Malda District	: Shri Tajmul Hossain
(iii) Dredging of river Ajou-Kunur in the area under Mangalkote Block	: Shri Sahajahan Choudhury
(iv) Alleged incident of rampage at Bandwan Block Primary Health Centre in Purulia	: Shri Susanta Besra & Shri Dibakar Hansda
(v) Alleged supply of inferior quality of rice through P.D.S.	: Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
(vi) Steps taken by the Government to provide assistance to the affected families in the incident of fire at Hatibagan	: Shri Asit Mitra
(vii) Urge for re-introduction of Bharkata Water Scheme in Mahammadbazar Block area, Birbhum	: Dr. Asish Banerjee

I have selected the notice of Dr. Tarun Kanti Naskar on the subject of Alleged lease of four blocks of Coal by the Power Development Corporation Limited without auction during 2004-2009

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ তরুণকান্তি নস্কর যে প্রশ্ন এই সভার সামনে দৃষ্টি আকর্ষণ করেছেন, আমি দপ্তরের সঙ্গে কথা বলে তৈরি হয়েই এই সভায় তার উত্তর জানাব।

CALLING ATTENTION (REPLY)

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Panchayats and Rural Development Department to make a statement on the subject of proposed decision of the State Government for preparation of fresh B.P.L. list.

(Attention called by Shri Asit Kumar Mal on the 20th March, 2012)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক অসিত কুমার মাল, গত ২০ তারিখে একটি কলিং অ্যাটেনশন দিয়েছিলেন, আমি তার কলিং অ্যাটেনশনের জবাব দিচ্ছি।

ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের নির্দেশে ও তত্ত্বাবধানে গত ৩০শে জানুয়ারি ২০১১ তারিখ থেকে এই রাজ্যে আর্থ সামাজিক ও জনগণনা (সোশিও ইকনমিক অ্যান্ড কাস্ট সেন্সাস), ২০০১-র প্রথম পর্বের সমীক্ষার কাজ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এই রাজ্যের গ্রামাঞ্চলের জন্য এবং পৌর দপ্তর শহরাঞ্চলের জন্য এই জনগণনার কাজে কেন্দ্রীয় (নোডাল) দপ্তর হিসাবে নির্ধারিত হয়েছেন।

সমীক্ষার কাজটি দুই পর্ব সম্পন্ন করা হবে। প্রথম পর্বে মোটামুটিভাবে সব কয়টি জেলা ৫০ শতাংশ ব্লক ও পৌরসভাতে সমীক্ষা করা হচ্ছে। দ্বিতীয় পর্বে জেলার বাকি অংশে সমীক্ষা করা হবে। জনগণনার কাজের সম্পূর্ণ পদ্ধতি ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক কর্তৃক নির্ধারিত। ওই মন্ত্রকের দ্বারা প্রণীত প্রশ্নাবলীর উত্তর প্রতি পরিবারে গিয়ে সংগ্রহ করা হলো সমীক্ষাকারীর কাজ। আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনায় পরিবারের প্রত্যেক সদস্য আর্থ-সামাজিক রূপরেখা এবং তাঁদের ধর্ম ও জাতিগত অবস্থান সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হবে। কাজটি বৈদ্যুতিন মাধ্যমে করা হচ্ছে। সমীক্ষাকারীর সাথে একজন ডাটা এন্ট্রি অপারেটর থাকছেন। তথ্য সংগ্রহের সঙ্গে সঙ্গেই তিনি তাঁর কাছে থাকা ট্যাবলেট পি.সি.-তে ওই তথ্য লিপিবদ্ধ করছেন। সংগৃহীত তথ্য দাবি ও আপত্তি পেশ করবার জন্য জনগণের সামনে পেশ করা হবে। দাবি ও আপত্তির নিরসন করবার পরে সম্পূর্ণ তথ্য ভারত সরকারের ওয়েবসাইডে আপলোড করা হবে।

বর্তমানে আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনার মাধ্যমে সব পরিবারের তথ্য সংগ্রহ করা হচ্ছে। পরবর্তীকালে জাতীয় পরিকল্পনা কমিশন এবং ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের নির্ধারিত নীতি অনুসারে এই সংগৃহীত তথ্য থেকে বি.পি.এল. তালিকা তৈরি হবে।

শ্রী অসিত মাল : মাননীয় ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছিলেন যে দীর্ঘদিন ধরে সারা রাজ্যে বি.পি.এল. তালিকা নিয়ে বিভ্রান্তি তৈরি হয়েছিল, সেই বিভ্রান্তির পরিপ্রেক্ষিতে রাজ্যে নতুন করে বি.পি.এল. তালিকা তৈরি করা হবে। সেই কথা বলেছিলেন এবং তিনি আজকে তার উত্তরে জানালেন পরিষ্কারভাবে যে বর্তমানে আর্থ-সামাজিক এবং জাতিগত জনগণনার মাধ্যমে সব তথ্য সংগ্রহ করা হবে। এই কাজটা করতে নিশ্চয়ই অনেক সময় লাগবে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : Put your question please. Time is very short.

শ্রী অসিত মাল : আমার নির্দিষ্ট প্রশ্ন আপনার কাছে, যাঁরা এর আগে যে সমস্ত বি.পি.এল. তালিকায় অন্যায়ভাবে যুক্ত হয়েছেন বা যুক্ত করা হয়েছে, যাঁরা এই সুযোগ পাচ্ছেন, বিশেষ করে কেন্দ্রীয় সরকারের অসংখ্য কর্মসূচি আপনার পঞ্চায়েতের মাধ্যমে আছে, যে সুযোগগুলো পাচ্ছেন, যতক্ষণ পর্যন্ত আপনার আর্থ-সামাজিক এবং জাতিগত জনগণনার মাধ্যমে সব পরিবারের তথ্য সংগ্রহ করা না যাচ্ছে এবং তার পরবর্তী স্টেজে জাতীয় পরিকল্পনা কমিশন এবং ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের নির্ধারিত নীতি যতক্ষণ আপনার কাছে সংগৃহীত তথ্য থেকে যেভাবে বি.পি.এল. তালিকা তৈরি করার কথা বলা হয়েছে, ততক্ষণ পর্যন্ত কি যারা এই অন্যায়ভাবে দীর্ঘদিন ধরে বি.পি.এল.-এর সুযোগ সুবিধা পেয়ে আসছে তারা কি সেই সুযোগ পেতেই থাকবে নাকি তাদের বিরুদ্ধে কিছু ব্যবস্থা হবে ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় সদস্য অসিত মাল মহাশয় ঠিকই বলেছেন। কারণ বি.পি.এল.-এর সঠিক লিস্ট, তথ্য সমৃদ্ধ লিস্ট না থাকলে অনেক মানুষের ক্ষতি হবে এবং আমাদের কাজেরও অসুবিধা হচ্ছে, ক্ষতিও হচ্ছে। আপনারা জানেন যে বিগত কয়েক বছর ধরেই এই লিষ্টে একটা প্রচণ্ড গরমিল ছিল। যা থেকে মানুষের মধ্যে একটা ক্ষোভও ছিল। এমন একটা লিস্ট ছিল যেটা ২৮ শতাংশ কেন্দ্রীয় সরকার বলছেন যে পশ্চিমবাংলায় বিলো প্রভাটি লিস্ট হবে আর ৪৮ পয়েন্ট সামথিং, গড়ে ৪৮ শতাংশ আমরা বলছি বি.পি.এল.-এর লিস্ট হবে। এই লড়াই দীর্ঘদিন চলেছে। কারণ ২৮ শতাংশ আর ৪৮ শতাংশ যদি পার্থক্য থাকে, তাহলে বাকি ২০ শতাংশ-এর টাকা রাজ্য সরকারকে দিতে হবে। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের হিসাব বহির্ভূত বা তার বাইরে যদি সংখ্যা হয়, এই গরমিলটাকে মেটাবার জন্যই কেন্দ্রীয় সরকার এখন হস্তক্ষেপ করেছেন এবং তাদের মেকানিজমেই আমাদের সহযোগিতা নিয়ে তারা এটা করছেন। আশা করি মাস খানেকের মধ্যে আমরা বি.পি.এল. লিস্ট পেয়ে যাব। এই প্রসঙ্গে বলে রাখি, আমি আগেও বিবৃতিততে বলেছি যে প্রত্যেকের কিন্তু অধিকার থাকবে। এই ড্রাফট লিস্ট টাঙ্গিয়ে দেওয়া হবে। তারপরে যদি সেখানে সংযোজন অথবা মাইনাস যদি কিছু করতে হয়, ভুল হয়, সেটা বলার অধিকার প্রত্যেকের থাকবে। তারপরেই আমরা ফাইনাল লিস্ট করব। তারপরেই যে বি.পি.এল.-এর সুযোগ সুবিধা ইত্যাদি দেওয়া হয়, সেগুলো দেওয়া হবে।

[12.10 – 12.20 p.m.]

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the First Report of the Standing Committee on Micro & Small Scale Enterprises & Textiles and Animal Resources Development (2011-2012)

Dr. Nikhil Kumar Banerjee (The Chirman) : Madam Deputy Speaker, I beg to present the First Report of the Standing

Committee on Micro & Small Scale Enterprises & Textiles and Animal Resources Development (2011-2012) on the Tollygunge State Poultry Farm.

GOVERNMENT BUSINESS

LAYING OF RULES

The West Bengal Right of Children to Free and Compulsory Education Rules, 2012.

Shri Bratya Basu : Madam Deputy Speaker, I beg to present The West Bengal Right of Children to Free and Compulsory Education Rules, 2012 published in the Kolkata Gazettee Extraordinary dated the 16th March, 2012 under School Education Departments, Notification No. 323-SE(Law)/ES/S/1A-01/2009 dated the 15th March, 2012.

MENTION

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চার মাস আগে গম বীজের অনিয়ম নিয়ে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তার পরিপ্রেক্ষিতে তদন্তও হয়েছে। ১৮টি নমুনা কেন্দ্রীয় সরকারের কৃষি দপ্তরের পরীক্ষাগারে পরীক্ষা করা হয়। সেই ১৮টি নমুনা বাতিল বলে গণ্য হয়েছে। তা সত্ত্বেও তিরুপতি সংস্থাকে বাতিল বা কালো তালিকাভুক্ত করা হয়নি। কলকাতা হাইকোর্টে তিরুপতি সংস্থা মামলা করল। সেখানে আমাদের কৃষি দপ্তরের আইনজীবী না দাঁড়ানোর ফলে দেখা যাচ্ছে একতরফাভাবে পুনরায় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর দপ্তরে এই ফাইলটা চাপা আছে। এই ব্যাপারে তড়িঘড়ি তীরুপতি সংস্থাকে কালো তালিকাভুক্ত করা হোক, এই দাবি আমি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে জানাচ্ছি।

শ্রী ভূষণ চন্দ্র দোলুই : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমরা সবাই জানি কয়েকদিন আগে সম্মানীয়া মুখ্যমন্ত্রী কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই প্রকল্পের উদ্বোধন করেছেন। এই প্রকল্পের জন্য সাধুবাদ জানাই রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে। কিন্তু একটা অসুবিধার সম্মুখীন আমরা হয়েছি। আমরা ময়না ব্লকের দক্ষিণাঞ্চলে একটা সেতু নির্মাণের পরিকল্পনার দাবি দীর্ঘদিনের এবং কোনো কারণে সেখানে সেতু নির্মাণ না হওয়ার ফলে স্থানীয় উদ্যোগে বাঁশের পুল করে সেখানে যেমন ছোটোখাটো গাড়ি বা অ্যাম্বুলেন্সও পার হত। এই কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই প্রকল্পের উদ্বোধন হয়ে গেছে। সেখানে নদীর গভীরতা বাড়বে। সেখানে স্থানীয় উদ্যোক্তা আর থাকবে না। ফলে অধিক মানুষকে অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। বিশেষ করে ওই এলাকাটাকে আমাদের পূর্ব মেদিনীপুরের

উত্তর পশ্চিমাঞ্চল এবং পূর্ব মেদিনীপুরের দক্ষিণ পশ্চিমাঞ্চলের পক্ষে একটা যোগাযোগ রক্ষা করবার সেতু বলা যেতে পারে। আপাতত আমাদের যদি দক্ষিণ অঞ্চলের মানুষকে সরাসরি অ্যাম্বুলেন্সের মাধ্যমে রোগিকে জেলা হাসপাতালে নিয়ে যেতে হয় এবং যদি কলকাতাতেও পাঠাতে হয়, ডাইরেক্ট রুট হবে ওটাই এবং ইতিমধ্যে পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ PMGSY-এ উদ্যোগ নিয়েছেন। আমার আবেদন হল সরকারি উদ্যোগে আমাদের ওই জায়গাতে গোড়ামহল ময়না সাইডে শিলাখালিতে একটা পাকা ব্রিজ করা হোক।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে, হাইকোর্টের অর্ডারও আছে যে প্রকাশ্যে মাইক বাজানো চলবে না। কিন্তু দেখা যাচ্ছে তৃণমূল কংগ্রেসের তরফ থেকে বিভিন্ন জায়গায় আজকে উদ্বোধনের নাম করে এবং রক্তদান শিবিরের নাম করে তারা প্রকাশ্যে মাইক বাজাচ্ছে। এমনকি বর্ধমান মেডিকেল কলেজের সামনে জরুরি বিভাগের সামনে তো মাইক বেঁধে সেখানে তাদের কর্মী সম্মেলন হচ্ছে এবং সেই সভাগুলিতে উপস্থিত থাকছেন কোনো বিধায়ক, মন্ত্রিমহোদয়গণও কেউ কেউ। তাই আমার অনুরোধ, বিচারের বিষয়গুলো দেখছে তারাই যদি উপস্থিত থেকে প্রকাশ্যে এই মাইক বাজানো সমর্থন করে, তাই এই বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমরা সবাই জানি যে হলদিয়া ফার্টিলাইজার, এইচ.এফ.সি. দীর্ঘদিন ধরে বন্ধ। আমার employees ভাইরা, শ্রমিক ভাইরা বাধ্য হয়েছিল ভি.আর.এস নিতে, কারো কারো চাকরিও চলে গেছে। কিন্তু তারা লিজের মাধ্যমে ওখানকার quarter-এ দীর্ঘদিন থাকে। ইতিমধ্যে একটা নোটিশ এসেছে যে, আর লিজ এক্সটেনশন করা হবে না। তার ফলে প্রায় ৩০০ পরিবার তারা কোথায় যাবে, তাদের দিশা কি তারা খুঁজে পাচ্ছে না। ইতিমধ্যেই ডি.এম.-কে deputation-এ দেওয়া হয়েছে। আমি চাই আপনার মাধ্যমে রাজ্য সরকারকে বলতে যাতে এই বিষয়ে হস্তক্ষেপ করা হয়। আমার ওখানে যারা employees-রা আছেন, Quarter-এ থাকেন তারা যাতে দীর্ঘদিন থাকতে পারেন এবং ভবিষ্যতে তাদের ছেলেমেয়েদের কথা ভেবে, এই বিষয়ে একটু দেখার অনুরোধ জানাই। ধন্যবাদ।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমার হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালটির পরিকাঠামো বেহাল অবস্থায় রয়েছে। এখনো পর্যন্ত দুঃখের বিষয় যে, সেই হাসপাতালে পাকা ছাদ নেই। এই পাকা ছাদ না থাকার দরুন সামনে বর্ষার সিজিন আসছে, ফলে জল ভেতরে প্রবেশ করবে। এখন রোগিদের অনেক কষ্ট করে থাকতে হয়। তাছাড়াও চতুর্থ শ্রেণির কর্মীর অভাবে হাসপাতালটি অপরিচ্ছন্ন অবস্থায় থাকে। ফলে, হাসপাতালটির পরিকাঠামো খুব বেহাল অবস্থায় রয়েছে। ডাক্তার তথা নার্সদের quarter-গুলো ভগ্নপ্রায়। ফলে, বহিরাগত ডাক্তাররা বেশি দিন থাকতে চায় না। তাই আমার অনুরোধ মাননীয়া ম্যাডাম, এই প্রত্যন্ত এলাকার—৯০ শতাংশ লোক এই হাসপাতালটির ওপর নির্ভরশীল। এখন তারা হতাশাগ্রস্ত

হয়ে আছে হাসপাতালটির ওপর। তাই আমার অনুরোধ আজকে যখন রাজ্যে স্বাস্থ্য পরিষেবা চরম শিখরে পৌঁছিয়েছে অথচ আমার গ্রামীণ হাসপাতালটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। হাসপাতালটিকে উন্নীত করার জন্য আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আবেদন করবো তথা স্বাস্থ্যমন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এখানে মাননীয়া প্রতিমন্ত্রী আছেন ওনারও দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ, ম্যাডাম।

[12.20 – 12.30 p.m.]

শ্রীমতী সাওনি সিংহ রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আমি আপানর মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ততা স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমাদের মুর্শিদাবাদ জেলার বহরমপুরের মাতৃসদনে প্রতিদিন বিভিন্ন প্রান্ত থেকে মায়েরা ছুটে আসেন সন্তানকে জন্ম দেবার জন্য। কিন্তু গত ২৩ তারিখে একটা ঘটনাকে কেন্দ্র করে আমরা অবাক হয়ে গেলাম। কুলসান বিবি, যাঁর বাড়ি সুদূর ফারাক্কার অর্জুনপুর গ্রামে, সেখান থেকে তিনি ছুটে এসেছিলেন মাতৃসদনে তাঁর সন্তানকে জন্ম দেবার জন্য। ২৩ তারিখ ১১.১৫ মিনিটে তিনি তার সন্তানকে জন্ম দেন। ডাক্তারবাবুরা সেই মা-কে বলেন তিনি মৃত সন্তান প্রসব করেছেন এবং সন্তানের বাবাকে বলা হয় ৫ ঘন্টা পর এসে সেই মৃত সন্তানের দেহ নিয়ে যাওয়ার জন্য। সেদিন ৫ ঘন্টা পর তুাঁর বাবা সালাউদ্দিন যখন মৃতদেহ নিতে আসেন তখন মেট্রন বলেন 'মৃতদেহ পাওয়া যাচ্ছে না।' আজ ২৬ তারিখ হয়ে গেল, তিনদিন অতিক্রান্ত হয়েছে এখনও পর্যন্ত সেই সদ্যাজাত শিশুর মৃতদেহ তার বাবা-মায়ের কাছে তুলে দিতে পারেননি। এটা সত্যি আমাদের অবাক করে। এই নারকীয় লজ্জাজনক ঘটনার তীব্র নিন্দা করছি। পাশাপাশি অনুরোধ করছি, যাদের অবহেলার জন্য এই ঘটনা ঘটেছে তা যাতে আগামীদিনে না ঘটে এবং কোনো মা-কে যাতে সন্তান হারাবার জন্য হাহাকার করতে না হয় সে কথা মাথায় রেখে বর্তমানে স্বাস্থ্যের যিনি দায়িত্বে রয়েছেন তিনি যেন এ ব্যাপারে সুনির্দিষ্ট দৃষ্টি নিক্ষেপ করেন এবং তদন্ত করান। ধন্যবাদ।

শ্রী এস. এম. সাদি : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি আমাদের রাজ্যে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে প্রায় ৩ হাজার ৪০০ প্রাণী বন্ধু আছেন যাঁরা গ্রামে গ্রামে কাজ করেন, অবলা পশুর স্বাস্থ্য রক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং এইভাবে বিভাগকে তাঁরা সাহায্য করেন। কৃত্রিম প্রজনন থেকে প্রাথমিক চিকিৎসা এবং রোগ প্রতিরোধে তাঁরা ভূমিকা পালন করেন। কিন্তু এঁদের জন্য কোনো আর্থিক ভাতার ব্যবস্থা নেই। আমাদের সরকারের যা হিসাব, এই সময়কালে প্রায় ৩২ লক্ষ কৃত্রিম প্রজনন যা আমাদের রাজ্যে হচ্ছে তার ৮০ শতাংশ ক্ষেত্রে দায়িত্ব পালন করেন এই প্রাণীবন্ধুরা। আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করব, আজকে এই অর্থনৈতিক সঙ্কটের সময়ে এবং জিনিসের দাম যেভাবে বাড়ছে তার কথা মাথায় রেখে এঁদের জন্য মাসিক ৫ হাজার টাকা ভাতা দেওয়ার বিষয়টা বিবেচনা করা হোক। অন্যান্য রাজ্যেও আছে। ঝাড়খণ্ডে আছে, পাঞ্জাবে আছে, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রকম। কোথাও তা সাইকেল ভাতা হিসাবে দেওয়ার মধ্যে দিয়ে রাখা হয়েছে, কোথাও

অন্যভাবে। আমরা জানি কোথাও ৫ হাজার ৪০০ টাকা, কোথাও ৬ হাজার টাকা করে ভাতা দেওয়া হয়। এঁরা আমাদের রাজ্যে প্রাণীসম্পদ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ম্যাডাম আপনার মারফত মাননীয় মন্ত্রিমহোদয়কে বলব, প্রাণী-বন্ধুরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন বিশেষ করে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অভ্যন্তরে। তাই তাদের ক্ষেত্রে বিষয়টা সহানুভূতির সাথে বিবেচনা করা হোক।

শ্রী অশোক ঘোষ : ম্যাডাম আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভা এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাত্র কিছুদিন আগে প্রবাদপ্রতিম কিংবদন্তী ফুটবলার শৈলেন মান্না পরলোক গমন করেছেন। ম্যাডাম আপনি জানেন তাঁর মরদেহ মোহনবাগান ক্লাব যেখানে তিনি আজীবন ছিলেন সেখানে না গেলেও সেই মরদেহ তাঁর কথামতো হাওড়ায় নিয়ে যাওয়া হয়েছিল। হাওড়াতেই তিনি মামার বাড়িতে মানুষ হয়েছে, শৈশব কাটিয়েছেন, যৌবন কাটিয়েছেন। শৈলেন মান্নার এই কৃতিত্ব হাওড়াবাসী হিসাবে আমরাও দাবি করতে পারি। হাওড়া জেলায় ডুমুরজলা স্টেডিয়াম নির্মাণ হচ্ছে। সেই স্টেডিয়ামটি শৈলেন মান্নার নামে উৎসর্গ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রী ও মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তোয়াব আলি : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ ব্লকে বহড়াগাছি নামে একটি হাইস্কুল আছে। আমি শুনলাম কয়েকদিন আগে ওই স্কুলে একজন টিচার জয়েন করেছেন। কিন্তু খোঁজ নিয়ে জানা গেল এস.এস.সি.-র প্যানেল থেকে নয়। হাইকোর্টের অর্ডারে বিশ বছর আগের সেক্রেটারির সিগনেচার নকল করে, অ্যাটেনডেন্স নকল করে, সমস্ত কিছু নকল করে একতরফা করেছে। এ ব্যাপারে তৎকালনী কমিটি মেম্বার, সেক্রেটারি একসঙ্গে কমপ্লেইন করেছিলেন সব ডিপার্টমেন্টের কাছে। তারপরেও নতুনভাবে জয়েন করেছেন। এভাবেই পাশে একটি ভাসাই পাইকড় স্কুল আছে, সেখানেও টিচার জয়েন করবার প্রস্তুতি চলছে। আমার আবেদন হচ্ছে এটা বলার, এস.এস.সি. তৈরি করার পর স্কুলে মেধাভিত্তিক টিচার নিয়োগের একটা সুস্থ পরিবেশ, সুস্থ ব্যবস্থাপনা আছে। কাজেই এই ধরনের অনেকগুলো পদ খালি আছে। অনেক নতুন পদ তৈরি করেছেন, টিচারের প্রয়োজন সবাই অনুভব করি আমরা। কিন্তু আমার আবেদন হচ্ছে—এই ধরনের যারা কারবার করছে এবং সুস্থ পরিবেশকে ভাঙতে চাইছে—দুটি স্কুলের কথা বললাম। সুনির্দিষ্টভাবে আপনি কোয়ারি করুন এবং ব্যবস্থা গ্রহণ করুন। দ্বিতীয় প্রস্তাব এস.এস.সি.-র ডেট ঘোষণা হয়েছে, আবার বাতিল হয়েছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি যে পয়েন্টটা দিয়েছেন, সেই পয়েন্টটা অলরেডি আপনি বলেছেন। আর আপনি বলতে পারবেন না। মাননীয় সদস্যগণ যে পয়েন্টটা দেবেন, সেটার উপরেই বলবেন প্লিজ।

শ্রীমতী মমতাজ বেগম : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই, কিছুদিন আগে মাধ্যমিক পরীক্ষা হয়ে গেছে।

কিছুদিন বাদে তার রেজাল্ট বেরোবে। কিন্তু মেয়েরা কোথায় গিয়ে পড়বে, পড়াশোনা করতে পারবে, সেজন্য মেয়েরা এবং অভিভাবকরা চিন্তার পড়ে আছে। মেয়েদের জন্য কোনো হাইস্কুল নেই। আপনারা জানেন, মেটিয়াবুরুজ এলাকা একটা পিছিয়ে পড়া এলাকা, মাইনোরিটি অধ্যুষিত এলাকা, সব কমিউনিটির মেয়েরা আছে, সবাই পড়তে চায়। আগে অনেকে পড়াশোনা করতেন না। কিন্তু এখন দেখা যাচ্ছে সব মেয়েদের পড়ার আগ্রহ বাড়ছে। সেই জন্য আপনার কাছে আমার আবেদন, যে মাধ্যমিক স্কুলগুলি আছে, এ বছর অন্তত ৩টি স্কুলকে যদি মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকস্তরে উন্নীত করা যায়, তাহলে আমার এলাকার মেয়েরা সুষ্ঠুভাবে পড়াশোনা করতে পারবে। এজন্য আপনার কাছে আবেদন রাখছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটা ছোট বিষয় কিন্তু খুব গুরুত্বপূর্ণ—সেটা হচ্ছে, আমাদের মাদ্রাসা মন্ত্রী মানে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে বেশ কিছু মাদ্রাসা শিক্ষা কেন্দ্র আছে, যাকে এম.এস.কে. বলে। আমি শুনলাম তারা অনেকেই বেতন পাচ্ছে না। অনেকের বেতন বন্ধ হয়ে আছে। সর্বোপরি সমস্যা হচ্ছে, সর্বশিক্ষা অভিযানে বাড়ি ঘরের জন্য সবাই টাকা পায়। এমনকি আমাদের পঞ্চায়েতে প্রায় ১৪ হাজার এস.এস.কে. এবং ২ হাজার এম.এস.কে. আছে, তারাও টাকা পাচ্ছে, সে ব্যবস্থা হয়ে গেছে। কিন্তু আনফরচুনেটলি, মাদ্রাসা শিক্ষাকেন্দ্র যেগুলি আছে, তারা না পায় কোনো টাকা, না পাচ্ছে কোনো বেতন। তারা খুব বিপদের মধ্যে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এরা সময়মতো তাদের বেতন ভাতা পেতে পারে, সঙ্গে সঙ্গে এই কেন্দ্রগুলো যেন ন্যূনতম প্রয়োজনে বাড়ি বানাতে পারে, তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, এখানে প্রতিমন্ত্রীও আছেন, আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন আমরির পরে রাজ্য সরকার এবং মুখ্যমন্ত্রীর তৎপরতায় ঘটনাটা খুব তাড়াতাড়ি একটা স্থিতাবস্থার মধ্যে এসেছিল, এতবড় দুঃসহ ঘটনা। কিন্তু বর্তমানে প্রায় সাড়ে ৩শোর উপর বিভিন্ন বেসরকারি হাসপাতাল, নার্সিংহোম এবং ডায়াগনেস্টিক সেন্টার যে সমস্ত প্রতিষ্ঠানগুলি আছে, এই প্রতিষ্ঠানগুলি লাইসেন্স বিহীন অবস্থায় চলছে। তারা লাইসেন্স কেউ হয়তো নিচ্ছে না আবার কেউ বলছে আমরা দরখাস্ত করে পাচ্ছি না, আমরা অনেকবার চেষ্টা করছি, আমরা লাইসেন্স পাচ্ছি না। এই ব্যাপারে দমকল দপ্তরেরও একটা সুনির্দিষ্ট ভূমিকা আছে। আজকে একটি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের কথা উল্লেখ করেই বলছি যে, এই ধরনের ঘটনা ঘটছে। তাই আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী অথবা প্রতিমন্ত্রী যদি মনে করেন জবাব দেওয়ার, তাহলে দিতে পারেন। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া উচিত। তা যদি না হয় তাহলে আমরীর মতো অনেক ঘটনা অন্যান্য ছোট ছোট প্রতিষ্ঠানেও ঘটবে যেটা আদৌ বাঞ্ছনীয় নয়। আমি রাজ্য সরকারের কাছে এই দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জাতীয় সড়ক এবং রাজ্য সড়কের বেহাল অবস্থা। যার ফলে মালদা জেলা জুড়ে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে। আমার বিধানসভা এলাকায় শ্রীপুরে গত ২৪ তারিখ রাত্রি সাড়ে ১২টায় ৮১ নং জাতীয় সড়কে একটি লালমাটি বোঝাই লরি একটি বাড়ির উপরে আছড়ে পড়ে। ধাক্কা মারে এবং পুরো গাড়িটাই উল্টে যায়। সেখানে হরেন মুসর এবং তাঁর স্ত্রী মিনা মুসর ও তাঁর পরিবারের তিনজন বাচ্চা নিয়ে ঘুমাচ্ছিলেন রাত্রে। হরেন মুসর এবং মিনা মুসর ওখানে ওই স্পটেই মারা যান এবং তাঁর একটি বড় মেয়ে, যার বয়স ১০ বছর, জ্যোতি মুসর এখন হাসপাতালে চিকিৎসাধীন। সেও বাঁচবে কিনা ঠিক নেই। এবং দুই সন্তান—ছোট একটি মেয়ে এবং একটি ছেলে রয়ে গেছে। আমি আবেদন করবো মাননীয় পূর্তমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করবো যে দুটি সন্তান বেঁচে আছে এবং একটি সন্তান যে চিকিৎসাধীন, অর্থাৎ তিনটি সন্তানকে সাহায্যদান এবং বেঁচে থাকার সমস্ত রকম সুযোগ-সুবিধা করুন। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি স্বাস্থ্য দপ্তরের মাননীয়া মন্ত্রী এবং এখানে প্রতিমন্ত্রী আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন........

[12.30 – 12.40 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবেল মেম্বারস, কারুর ফোন বাজছে। যাঁর ফোন ধরা পড়বে সেই ফোনটি সিজ করা হবে। প্লিজ, বারবার বলা হচ্ছে আপনারা কিন্তু শুনছেন না। আমি বাজেট বক্তৃতায় দেখেছি, জবাবী ভাষণে দেখেছি, প্রত্যেকের ফোন বেজেই যাচ্ছে। হয় আপনারা ফোনটাকে মিউট করুন না হয় আমি ফোনটাকে সিজ করে নেব। আমি সবাইকে নিরপেক্ষভাবে বলছি যাঁর ফোন বাজতে শুনবো আমি তাঁর ফোনই সিজ করে নেবো। এই আগস্ট হাউসে ফোনগুলোকে মিউট করে রাখুন, দরকার হলে বাইরে গিয়ে কথা বলুন। এইবার আপনি বলুন।

শ্রী যোগরঞ্জন হালদার : 'আশা' প্রকল্প বলে একটি প্রকল্পতে শিক্ষিত মহিলাদের নিয়োগ করা হয়েছিল। এবং যখন নিয়োগ করা হয়েছিল ৮০০ টাকা করে তাদের দেওয়া হত, বর্তমানে সেই ৮০০ টাকা দেওয়া হয় না। তাদের এমন একটি ভাতা দেওয়া হয় যে কাজ করবে তার উপরে একটা ভাতা দেওয়া হয়—এটিকে উৎসাহ ভাতা বলা হচ্ছে। অর্থাৎ যে বেশি করে প্রসূতি মাকে হাসপাতালে নিয়ে যেতে পারবে সে বেশি টাকা পাবে। এমনি একটা অবস্থা দেখা যাচ্ছে কেউ ৫০০ টাকা পাচ্ছে, কেউ হাজার, কেউ ২০০০ টাকা পাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, সাধারণ খেটে খাওয়া কাজ করে যে মজুর তার ১৫০ টাকা মজুরি। একজন শিক্ষিত মহিলা ৩০ দিন কাজ করে সাড়ে ৪০০০ হাজার টাকা অন্তত তার পাওয়া উচিত। সেই জন্য আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাদের যেন সম্মান রক্ষার্থে সাড়ে ৪০০০ হাজার টাকা তাদের মাসিক বেতন দেওয়া হয়। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে একটি ছোট বিষয়ের প্রতি এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। চারিদিকে নীল সাদা রঙ হচ্ছে। যে নীল সাদা রঙটি ব্যবহার হচ্ছে তার মধ্যে অবশ্যই সীসা মেশানো আছে এটা আমরা জানি। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, এই পরিপ্রেক্ষিতে আমরা দুটি বিষয়ে আমার বলার আছে—একটি অনুরোধ হচ্ছে আপনার কাছে এবং আরেকটি অনুরোধ সরকার পক্ষের কাছে। আপনার কাছে যে অনুরোধ সেটা হল যে, গাছের প্রাণ আছে বলে আমরা সবাই জানি এবং সীসা মিশ্রিত যে রঙ, যে কোনো জীব দেহে ব্যবহার করলে মারাত্মক তার প্রভাব পড়ে। এখানে যে গাছের গায়ে এবং গুড়িতে যেভাবে রঙ লাগানো হচ্ছে, সীসা মিশ্রিত রঙ, এর ফলে মারাত্মকভাবে প্রাকৃতিক পরিবেশ বিঘ্নিত হবে। এবং বায়ো ডাইভার্সিটি যে অ্যাক্ট ওয়েস্ট বেঙ্গলের ২০০২-এর, তা বিঘ্নিত হচ্ছে বলে আমি মনে করছি। কাজেই এটা কোনো অসুবিধা করছে কিনা গাছের স্বাস্থ্যের ক্ষেত্রে এটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। দ্বিতীয় বিষয় যেটা—আমার সরকার পক্ষের কাছে বলার, এই যে কত মিলিয়ন গ্যালন সাদা এবং নীল রঙ ব্যবহার করা হচ্ছে কলকাতার সৌন্দর্যায়নের ক্ষেত্রে, আশা করি এই বিষয়টা সরকারের পক্ষ থেকে পরবর্তীকালে আমরা জানতে পারব। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : ম্যাডাম, আমরা আগে পড়তাম অ-এ অজগর আসছে তেড়ে, আ-এ আমটি আমি খাব পেড়ে, ই-এ ইঁদুর ছানা ভয়ে মরে, ঈ-এ ঈগল পাখি যাচ্ছে উড়ে। এরা যখন এলেন—বামফ্রন্ট, তখন বললেন না, ওসব আর পড়া চলবে না। এখন বলতে হবে অ-এ অসীমবাবু আসছে তেড়ে, আ-এ আমোদ-প্রমোদ গেছে বেড়ে, ই-এ ইনক্লাব জোরে বলে, ঈ-এ ঈশ্বরকে গেছে ভুলে। ওরা ঈশ্বর মানেন না, ধর্ম মানেন না। স্বাভাবিকভাবেই ধর্মস্থানগুলোর কোনো উন্নয়ন ওরা চাননি। আমার রামপুরহাটের সন্নিকটে তারাপীঠ মন্দির। সেই মন্দিরে সারা ভারতবর্ষ থেকে মানুষ যান। সেখানে নানা সময় নানা রকম উদ্যোগ গ্রহণ করার কথা বলা হলেও দীর্ঘ দশ বছর ধরে এই বিধানসভায় নানা কথা বললেও তারা কিচ্ছু শোনেননি। বরং একটা কংক্রিটের জঙ্গল বানিয়ে দিয়ে সেখানে মানুষকে হত্যা করার একটা ব্যবস্থা করে রেখেছেন। মানুষকে স্ট্যামপেডে মারার একটা ব্যবস্থা করে রেখেছেন। আমি আপনার কাছে, আপনার মাধ্যমে আবেদন জানাব যে এখানে পর্যটন মন্ত্রী আছেন, সৌন্দর্যায়নের উদ্যোগ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গ্রহণ করেছেন। লাল টকটকে রঙ না দেখলে যাদের চোখ কটকট করে ওঠে, তারা হয়তো সেই বিষয়টা লক্ষ্য করতে পারছেন না, এক্ষুনি যা শুনলাম। কিভাবে সবুজটাকে বাদ দেওয়া যায় তার পরিকল্পনা করছেন। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে বলব যে এখানে মাননীয় পর্যটনমন্ত্রী আছেন। রামপুরহাট থেকে তারাপীঠে যাওয়ার রাস্তার দুপাশে যদি লাইটের ব্যবস্থা করে দেওয়া হয় তাহলে অনেক মানুষ উপকৃত হবেন। এর ফলে একদিকে সৌন্দর্যায়ন যেমন হবে ঠিক অপরদিকে মানুষের চলাচলের সুযোগটা আসবে। আমি তাই আপনার মাধ্যমে এই অনুরোধ করছি। যাইহোক আমি আপনার মাধ্যমে অনুরোধ করব, মাননীয় পর্যটনমন্ত্রী এখানে আছেন, তিনি যদি দু-একটি কথা এই ব্যাপারে

বলেন তাহলে উপকৃত হব। এর উদ্যোগটা যদি গ্রহণ করা হয় তাহলে মানুষ উপকৃত হবেন। সারা ভারতবর্ষের মানুষ এখানে আসেন, উপকৃত হবেন। আমি এই অনুরোধটা অপানার মাধ্যমে করছি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বর্ধমান জেলায় গলসী বিধানসভায় এই স্বনির্ভর গোষ্ঠী প্রচুর পরিমাণে আছে। যারা বিভিন্ন ক্ষুদ্র শিল্প এবং বিভিন্ন ধরনের কাজ করে স্বনির্ভর হতে চায়। শুধু তাই নয়, তাদের কাজের যে অগ্রগতি সেই অগ্রগতি থেকে তারা অনেকবার পুরস্কারও পেয়েছে। কিন্তু বর্তমানে দেখা যে এই স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ পাইয়ে দেওয়ার ক্ষেত্রের প্রশাসন এবং পঞ্চায়েতের মধ্যে সামঞ্জস্য হচ্ছে না এবং বিভিন্ন ক্ষেত্রে ব্যাংকেরও বাধা সৃষ্টি হচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যাতে এই স্বনির্ভর গোষ্ঠীগুলো তাদের লোন পায় তার জন্য আমি আপনার কাছে অনুরোধ রাখছি। নমস্কার।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আমি আপনার মাধ্যমে পরিবহন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টের আমলে সালার থেকে কলকাতা পর্যন্ত সি.এস.টি.সি.-র স্টেট বাস চালু হয়েছিল। সেই বাসটা চালু হওয়ার ফলে ওই এলাকার মানুষ খুবই উপকৃত হচ্ছিলেন। সহজেই কলকাতার ধর্মতলায় আসতেন এবং বাজার দোকান করে বিকেলের দিকে বাড়ি ফিরে যেতে পারতেন। সেই বাসটা বেশ কিছুদিন ধরে প্রায় তিন-চার মাস ধরে বন্ধ হয়ে পড়ে আছে। তাই ওই এলাকার মানুষের স্বার্থে এই বাসটিকে পুনরায় চালু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি। ধন্যবাদ।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আমি আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার জামালপুর ব্লকে সেলিমাবাদ অঞ্চলে তৃণমূল কংগ্রেসের গরিব খেটে খাওয়া মানুষের একটা অফিস সি.পি.এম.এর দুষ্কৃতী রাতের অন্ধকারে পুড়িয়ে দিয়ে ভস্মীভূত করে দিয়েছে। আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমরা এফ.আই.আর. করছি। যাতে ওই দুষ্কৃতী সাজা পায় এবং এমনভাবে দৃষ্টান্তমূলক সাজা পায় যাতে আগামীদিনে আমাদের মন্দিরসম তৃণমূল কংগ্রেসের কোনো অফিস পুড়িয়ে দেওয়ার সাহাস সি.পি.আই.এম.-এর দুষ্কৃতীরা দেখাতে না পারে। নমস্কার।

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয়া অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে নয় মাসে নব্বই পার্সেন্ট কাজ ঘোষণা করেছেন। আমার আবেদন মাননীয়া মন্ত্রীর প্রতি বীণপুর বিধানসভা এলাকায় কিছু রাস্তা আছে, সেই রাস্তার উপর কিছু নদী আছে। সেই নদী খাল তার উপর যদি ব্রিজ তৈরি করা হয় যেটা আমি ঘোষণা করছি ভেলাইডিহা অরবোন্দা রাস্তার মাঝখানে তারাফেণি নদীর উপর এবং চাপাইল খালের উপর, যেটা ছোট খাল তার উপর ব্রিজ এবং জামবনী ব্লকের মধ্যে ডুলুম নদীর উপর ব্রিজ হয় তাহলে যাতায়াতের এবং যানবাহনের ক্ষেত্রে অনেক

সুবিধা হবে। এই আবেদন রেখে এবং মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন রেখে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[12.40 – 12.50 p.m.]

শ্রী ধীরেন বাগদী : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই বিষয়টা আগের হাউসের সময়ও বলেছিলাম যে বীরভূম জেলায় সাতটি নলবাহিত জলপ্রকল্প রয়েছে। যেগুলি পরিচালনা করছে পঞ্চায়েত সমিতি। প্রতি বছর এক একটা জল প্রকল্পের জন্য প্রায় পঁচিশ লক্ষ টাকা খরচ হচ্ছে। সেই টাকা সংগ্রহ করার পঞ্চায়েত সমিতির আর্থিক সঙ্গতি নেই, পরিকাঠামো নেই। এখন আমার দাবি হচ্ছে যে এই সাতটি প্রকল্প যাতে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর দায়ভার টানের অথবা ওই প্রকল্পগুলি পরিচালনা করার জন্য সে ব্যয় সেটা যাতে সংশ্লিষ্ট দপ্তর থেকে দেওয়া হয় তার দাবি রাখছি। ম্যাডাম আমি আপনার মাধ্যমে এটাও জানাচ্ছি যে হাটগাছা জলপ্রকল্প এলাকাভুক্ত যেখানে জল পাচ্ছে না আদিবাসী এলাকা এবং ঝাড়খণ্ড রাজ্য সন্নিহিত এলাকা সেখানে সব জায়গায় জল পাচ্ছে না। এই পরিস্থিতিতে সেই জায়গাগুলিতে জল সরবরাহ করা এবং সেই সঙ্গে জনবহুল এলাকাতে জলের ব্যবস্থা করা ওই প্রকল্পভুক্ত এলাকাগুলিতে। বাড়িতে বাড়িতে কানেকশন দেওয়ার অনুরোধ রাখছি। ধন্যবাদ।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মারফত আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উপাধ্যক্ষ মহোদয়া, আপনি শুনলে অবাক হবেন এই বিষয়টি গত পাঁচ বছর বিধানসভায় পাঁচবার বলেছি মেনশনে। কোনো কিছু হয়নি। আমার পূর্বস্থলি দক্ষিণ বিধানসভা কেন্দ্র একটি উচ্চ বিদ্যালয় আছে সমুদ্রগড় রেল স্টেশনের সন্নিকটে। সেখানে ৩ হাজার ৭০০ ছেলেমেয়ে পড়াশোনা করে। ক্লাস ফাইভে বর্তমান রোল স্ট্রেন্থ ৯৪০। যেটি বাংলার কোনো উচ্চ বিদ্যালয়ে নেই। শুধু ফাইভে পড়ে ৯৪০ জন। আমি বাইফারকেশনের জন্য গত মন্ত্রিসভার কাছে বহুবার আবেদন করেছি। শিক্ষামন্ত্রী এখানে নেই, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে, ৩ হাজার ৭০০ ছাত্র-ছাত্রী বাংলার কোনো স্কুলে পড়ে কি না আমার জানা নেই। আর ক্লাস ফাইভে ৯৪০ স্টুডেন্ট এবার ভর্তি হয়েছে। সেই স্কুলটির বাইফারকশেনরে আবেদন আমি করেছি। এই বিষয়ে সরকার যদি ব্যবস্থা নেন তাহলে আমি সবচেয়ে বেশি কৃতার্থ হব। ধন্যবাদ।

ZERO HOUR

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, আপনি জানেন সারা রাজ্যে বুথস্তরে প্রবাহমান শিক্ষা কর্মীরা যে প্রয়াশ চালাচ্ছে, তা নিঃসন্দেহে প্রশংসনীয়। এর ফলে বহু স্কুলছুট বয়স্ক পুরুষ, নারী উপকৃত হয়, বিশেষ করে স্বনির্ভর দলের মহিলারা। কিন্তু দুঃখের বিষয় ম্যাডাম, এদের সাম্মানিক ভাতা খুবই কম এবং সময়মতো প্রদান করা হয় না। বিশেষ করে এই

প্রবাহমান শিক্ষা কর্মীদের ভাতাটা যদি সামান্য বৃদ্ধি করা হয় তাহলে এরা কর্মদানে উৎসাহ পাবে এবং এই সুন্দর প্রয়াস অকালে বন্ধ হবে না। তাই আপনার মাধ্যমে আমার অনুরোধ যে, প্রবাহমান শিক্ষাকর্মীদের সাম্মানিক ভাতা বৃদ্ধি করা হোক এবং তাদেরকে স্থায়ী করার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম, আজকে ২৬শে মার্চ। ১৯৭১ সালে ২৬শে মার্চ এইদিন বাংলাদেশ মুক্তি পেয়েছিল পশ্চিম পাকিস্তানের অত্যাচারী হানাদারদের হাত থেকে। আমি আপনার মাধ্যমে এই সভায় জানাতে চাই যে তারপর দীর্ঘদিন কেটে গেছে। আমরা আজও অপেক্ষায় আছি—দুই বাংলা কোনোদিন এক হবে না। কিন্তু দুই বাংলার এক সুর, এক গান, "আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।" যে মন্ত্র নিয়ে হাজার হাজার নওজোয়ান প্রাণ দিয়েছিলেন, তাঁরা সেদিন মুজিবর রহমানের নেতৃত্বে বাংলাদেশকে স্বাধীন করতে পেরেছিলেন। ইন্দিরা গান্ধী তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী। ভারতবর্ষের জনগণের প্রতিনিধি হয়ে সেই সংগ্রামে সরাসরি সহযোগিতা করেছিলেন। ম্যাডাম, আজকের দিনের সেই নিহত শহিদদের আমরা শ্রদ্ধা জানাই। মুজিবর রহমান গণতন্ত্রের প্রতীক। তাঁকেও হত্যা করা হয়েছে। তাঁর প্রতি শ্রদ্ধা জানাই। আর শ্রদ্ধা জানাবো সেই সমস্ত মানুষদের, যাঁরা বাংলাদেশের মুক্তির জন্য সহানুভূতি দেখিয়েছিলেন, প্রাণ দিয়েছিলেন। আর শেখ হাসিনার নেতৃত্বে, ডঃ মহমোহন সিংহের নেতৃত্বে আমাদের ঐক্য সুদৃঢ় হোক এই কামনা রেখে আজকে হাউসের সকলের পক্ষ থেকে তাঁদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রন্থাগারগুলিতে প্রায় ৫ হাজার ৫২০টি অনুমোদিত পদের মধ্যে প্রায় ১৪০০টির বেশি শূন্য পদের সৃষ্টি হয়েছে। যার ফলে গ্রামাঞ্চলে প্রাথমিক লাইব্রেরিগুলোতে দু'জনের পরিবর্তে একজন লাইব্রেরিয়ান চালাচ্ছেন। টাউন লাইব্রেরিগুলোতে চারজন লাইব্রেরিয়ানের পরিবর্তে দুইজনে চালাচ্ছেন। জেলাগুলিতে ১০ জনের পরিবর্তে ৫ জন চালাচ্ছেন। এরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। এই শূন্য পদগুলিতে যাতে তাড়াতাড়ি নিয়োগ করা যায় সেই জন্য গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া গ্রন্থাগার কর্মীদের মাস পয়লা মাইলে সুনিশ্চিত করতে হবে, যেমন শিক্ষক অশিক্ষকদের করা হয়েছে। আর সংখ্যালঘু, পিছিয়ে পড়া এলাকায় নতুন লাইব্রেরি, ঐতিহত্যপূর্ণ লাইব্রেরিকে সরকারি পরিপোষণায় আনতে হবে। এদিকে আমি গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50 – 1.00 p.m.]

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, গত ১৮ এবং ১৯ তারিখে বাসন্তীর সরবেড়িয়ায় আর.এস.পি.-র নেতৃত্বে সন্ত্রাস হয়েছে। সবচেয়ে দুঃখের বিষয়, মাননীয় বিধায়ক এবং প্রাক্তন মন্ত্রী সুভাষবাবু এই সভাতে বিবৃতি দিয়ে বিভ্রান্ত করেছেন। তাঁর ভাইয়ের বৌমা মারা গিয়েছিল, আপনারা সবাই জানেন। উনি সেই সময় নাটক করে মহাকরণে আসা বন্ধ করে দেবেন বলেছিলেন। যারা আসামী সেই

কেসের সেইসব হার্মাদদের নিয়ে তিনি ১৮ তারিখে সরবেড়িয়া বাজারে মিছিল করেন। পরেরদিন আবার সেখানে গিয়ে হামলা করেন। পরবর্তীকালে, গত পরশু এবং গতকাল, গত পরশু সন্ধ্যা থেকে বাসন্তীর কাঁঠালবেড়িয়া গ্রাম পঞ্চায়েতে আমাদের কর্মীরা যখন মিটিং করছিলেন সাত-আটজন বিশিষ্ট কর্মী এবং সভাপতিদের নিয়ে, তাদেরকে অতর্কিতে আক্রমণ করে একতরফাভাবে মারা হয়। তাদের আটজন আজকে বাসন্তী হাসপাতালে ভর্তি হয়েছে, মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। কিন্তু সেখানে দেখা গেল পুলিশ একধার থেকে অ্যারেস্ট করল, তাঁদেরকেও কেস দিয়েছে, তার সঙ্গে আমাদেরও কিছু নিরীহ বৃদ্ধা যারা গ্রামে ছিল তাদেরও আসামী করে পাঠিয়েছে। যদিও তাদের অনেকের জামিন হয়ে গেছে, কিছু জামি হয়নি। একতরফাভাবে সেখানে সন্ত্রাস চালাচ্ছে, এই ব্যাপারে উপযুক্ত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে জানাতে চাই।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আজকে সংবাদ মাধ্যমে একটা দুঃখজনক, বেদনাদায়ক খবর আমরা শুনলাম, দেখলাম। সেটা হচ্ছে, আমাদের পর্যটনমন্ত্রী কালকে গিয়েছিলেন হুগলিতে, সেখানে তাঁর গাড়ির কাচ ভেঙে দেওয়া হয়েছে। ....(নয়েজ) ......। আমি এখনও কিছুই বলিনি, আমাকে শেষ করতে দিন। আমি তো এখনও শুরুই করিনি। আমার বলার পরে না হয় বলবেন।

ম্যাডাম চেয়ার পার্সন : লেট হিম সে প্লিজ। ওঁনাকে বলতে দিন। আমাকে এখন জিরো আওয়ার শেষ করতে হবে। আপনারা বসুন, ওঁনাকে বলতে দিন।

শ্রী আনিসুর রহমান : সমস্ত খবরের কাগজে, সমস্ত টিভিতে একটা খবর বেরিয়েছে, আমাদের মাননীয় মন্ত্রী হরিপালে গিয়েছিলেন, সেখানে তাঁর গাড়ির কাচ ভাঙা হয়েছে। কে ভেঙেছে বলিনি আমি। এটা ঘটনা। আমি বলছি যে কালকে আরও একটা ঘটনা ঘটেছে। আমাদের কলকাতায় সি.এস.টি.সি. বাস-এর যে অফিস আছে সেখানে আগুন লেগেছে। ইদানীংকালে অনেক ঘটনাই ঘটে যাচ্ছে এবং সেই সমস্ত ঘটনার তদন্ত হবে বলা হয়েছে। খুব ভালো খবর। খারাপ বলছি না আমি। আমি বলছি যে, সি.এস.টি.সি.-র অফিসে আগুন লেগেছে তদন্ত হবে, বর্ধমানে খুন হয়েছে তদন্ত হবে, মদে বিষ দেওয়া হয়েছে, তার তদন্ত হবে। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে, যারা বলছে তদন্ত করবে, তারা আগে থেকেই বলে দিচ্ছে এটা সি.পি.এম.-এর চক্রান্ত। তাহলে তদন্ত কি করে হবে ? সবই যদি বলে দেওয়া হয়ে থাকে যে সি.পি.এম.-এর চক্রান্ত, সব খবর আমাদের কাছে আছে, ওই যে বিষ মদে বিষ মিশিয়েছে সি.পি.এম., এখানে আগুন লাগানো হয়েছে, সি.পি.এম., ওখানে আগুন লাগানো হয়েছে, সি.পি.এম., এমনকি তৃণমূলের দলের গণ্ডগোল, সেখানেও বলছে সি.পি.এম.। তাহলে তদন্ত করার কি দরকার ? আমি বিনীতভাবে বলব, তদন্তকে প্রভাবিত করার জন্য এই ধরনের মন্তব্য কারো করা উচিত নয়। ইদানীংকালে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সবাই এ রকম মন্তব্য করছেন। তদন্ত হওয়ার আগেই বলে দিচ্ছেন এটা সি.পি.এম. করেছে। আমাদের কাছে তথ্য আছে, প্রমাণ আছে, সবই আছে, আবার বলছেন তদন্ত হবে। আমি বিনীতভাবে বলব যে এতে ভালো হবে না। এ রকম কথা বলা কাম্য নয়। একটা তদন্ত কমিটি করে

দিয়ে আমি একটা আগাম কারণ ঘোষণা করে দেব, মুখ্যমন্ত্রী বলে দেবেন, মন্ত্রীরা বলে দেবেন, এতে ন্যায্য তদন্ত কখনই হয় না। আমি আবেদন জানাব, ভবিষ্যতে এই ধরনের ঘটনা যেন না ঘটে তার জন্য বিনীত অনুরোধ জানাব।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আসলে আনিসুর সাহেব তদন্ত করতে গিয়ে তো অনেক কিছুই বেরিয়ে পড়ছে। আপনারা তো পেপারে দেখছেন যে নন্দীগ্রাম তেখালি খেজুরি টেজুরির কেস তো সব আপনাদের লোকেরাই বলছে, আমাদের লোকেরা বলছেন না। কাজেই তদন্ত হচ্ছে, তদন্ত হবে।

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমাদে বলতে দেওয়ার জন্য কৃতজ্ঞতা জানাই। কালকে সি.এস.টি.সি.-র হেড কোয়ার্টার যেখানে আগুন লেগেছে সেটা আমার কেন্দ্রের অন্তর্গত (১)। মোর ওভার, আমি সি.এস.টি.সি.-র বর্তমান চেয়ারম্যান। আমি গিয়েছিলাম। আগুন লেগেছে দুটো ব্যাপারে, আমাদের অত্যন্ত চিন্তায় ফেলেছ যে বিষয়টি। ইল অ্যাপ্রিসিয়েট দ্যাট মিঃ আনিসুর রহমান নাম্বার ওয়ান। যখন অডিট অন গোয়িং ঠিক সেই সময়েতে নথি থাকে যে ঘরে, নথির পাহাড় সেই ঘরে আগুল লেগে গেল, দ্বিতীয় কথা আমি জানি না এর আগের সরকার ম্যাডাম, তারা কিভাবে কোনো একটি রাজনৈতিক দলের শ্রমিক সংগঠনকে কমপিউটার রুম, নথি থাকে যেখানে সেই রুম, মূল্যবান কাগজপত্র থাকে সেখানে তার গায়ে এককটা প্লাইয়ের পার্টিশন দিয়ে সেখানে 'সিটু'র অফিস। আমি গিয়েছিলাম সেখানে দেখে আমি অবাক। ওরা নিলই বা কি করে এবং দিলই বা কি করে। তার জন্য কিন্তু তদন্তটা হচ্ছে এবং একটা ঘটনা ঘটলে পরে পারিপার্শ্বিক ব্যাপার মানুষের চোখে এবং কানে যখন আসে তখন মানুষ তার ওপর বিচার বিবেচনা করে একটা মত তারা দেয়। এটা হতে পারে কেউ বলে এটা। আপনার একটা মত থাকতে পারে আপনি দেবেন। আমার একটা মত থাকতে পারে আমি দেব কিন্তু তদন্ত করছে সি.আই.ডি.। এফ.এস.এলের ডিরেক্টর কাল গিয়েছিলেন। সুতরাং যা ঘটনা তা সারফেসে আসবে এই নিয়ে আপনাদের কোনো চিন্তার বিষয় নেই। তবে চিন্তার বিষয় যেটা অডিট চলছে এবং প্লাইয়ের পার্টিশন দেওয়া পাশের ঘরে কি করে আপনারা 'সিটুর' অফিসটা দিয়েছেন। সেটাই আমার আশ্চর্য লেগেছে আমি সেটা আপনার মাধ্যমে হাউসকে জানালাম।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, চোরের মায়ের বড় গলা এটা আমরা জানি। ম্যাডাম, দীর্ঘদিনের যে অভ্যাস আমি যে বিষয়টা বলতে চাইছি দীর্ঘকাল ধরে যে অত্যাচার অনাচার সি.পি.এম. চালিয়ে এসেছে। সেই সি.পি.আই.এম. তাদের পুরনো অভ্যাসটা ভুলতে পারছে না। ভোলানো হবে এটা নিশ্চিত থাকুন। প্রশাসনিক স্তরে বর্তমান সরকার নিশ্চয়ই সেই ব্যবস্থা নেবেন বলে আমরা বিশ্বাস করি যে দীর্ঘদিনের আগুন লাগিয়ে দেওয়া, দীর্ঘদিন ধরে অত্যাচার চালানো এগুলো বন্ধ হবে। গতকাল আমার আর এক বিধায়ক বন্ধু তিনি বিষয়টা উত্থাপন করেছেন যে সেলিমাবাদে তৃণমূল কংগ্রেসের পার্টি অফিসটাকে পুড়িয়ে দিল। বলবেন যে তৃণমূল কংগ্রেসের লোকেরাই পুড়িয়ে দিয়েছে। আপনাদের যুক্তি যে তৃণমূল কংগ্রেসের লোকেরাই পুড়িয়ে দিয়েছে। আমি শুধু সেখানে নয়

নানুরের পার্টি অফিস, এদিকে তো সূচপুরে একের পর এক খুন করে কি করেছিলেন, সারা ভারতবর্ষের মানুষ, সারা বিশ্বের মানুষ জানে। সারা বিশ্বের মানুষ জানে যে পাটনীল গ্রামে আপনারা কি করেছিলেন। সারা বিশ্বে মানুষ জানে যে আপনারা নন্দীগ্রামে কি করেছিলেন, সিঙ্গুরে কি করেছিলেন। সারা বিশ্বের মানুষ আপনাদের অত্যাচারের কাহিনীর কথা জানেন। তাই আপনাদের বলি যে মাননীয় ম্যাডাম আপনার মাধ্যমে যে, সেলিমাবাদে যে ঘটনা ঘটেছে নানুরে যে তৃণমূল কংগ্রেস পার্টি অফিস পুড়িয়ে দেওয়া হয়েছে এবং বিভিন্ন জায়গাতে প্রতিদিন তারা একটু সুযোগ পেলেই যে অত্যাচার করছেন, তা অবিলম্বে স্তব্ধ হওয়া দরকার। প্রশাসনিকস্তরে এর একটা ব্যবস্থা গ্রহণ করা দরকার এবং যারা এই বিষয়ে দোষী তাদের উপযুক্ত শাস্তি হোক এটা আমরা দাবি করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস, আমরা আবার ১-৪৫ মিনিট সময়ে মিলিত হব।

[1.45 – 2.00 p.m.]

AFTER RECESS

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় ২০১২ এবং ২০১৩ সালের যে বাজেট প্রস্তাব এই বিধানসভায় পেশ করেছেন, সেই বিষয়ে বলতে গিয়ে আমি প্রথমে যেটা আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, তিনি যে বাজেট বিবৃতিটি এখানে পাঠ করেছেন, শেষে আর্থিক বিবরণী ২০১২-২০১৩-তে আপনি দেখবেন স্যার, ২০১০-২০১১ সালের সমাপ্তি তহবিল হিসেবে উনি দেখাচ্ছেন ১৬৯ কোটি ২৪ লক্ষ টাকা, যেটা প্লাস। আর ঠিক পরের বছর ২০১১-২০১২-তে বাজেট যখন শুরু করছেন প্রারম্ভিক তহবিল, সেখানে উনি দেখাচ্ছেন মাইনাস্ ২৮৩৮ কোটি টাকা। সাধারণ অঙ্কের হিসেবে হয়, যে আগের বছর সমাপ্তি তহবিল এবং পরের বছরের প্রারম্ভিক তহবিল। এই যে ফারাকটা, পরে অবশ্য উনি সংশোধিত বাজেটে সেটাকে সংশোধন করে নিয়েছেন। কিন্তু মূল প্রশ্ন হচ্ছে, এই যে হিসেবের এতো বড় একটা ফারাক এবং এটার ওপরে ভিত্তি করে গত বছরের যে বাজেট প্রভাব পেশ হল, আমরা চর্চা করলাম, আলোচনা করলাম—তার ভিত্তিটাই খুব আলগা এবং নড়বড়ে। ফলে এটা একটা মারাত্মক জিনিস আমার মনে হয়েছে, কারণ সরকারি হিসেবে যেহেতু মার্চ মাস শেষ হয়নি, সম্পূর্ণ হিসেব পাওয়া যায়নি—কিছু ফারাক হয়, হতে পারে। কিন্তু ১৬৯ কোটি আর এখানে যেটা আছে, এটা একটা মস্ত বড় ইরেগুলারিটিস দেখা দিয়েছে।

এরপরে যে কথাটা বলতে চাইছি যে, এই বাজেটে একটা খুব বড় জিনিস বারেবারে তুলে ধরা হচ্ছে যে, ডেট্। বিগত সরকার এই সরকারে জন্য অনেক টাকা ঋণের বোঝা রেখে দিয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা তো ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। সারা ভারতবর্ষের যে আর্থিক নিয়ম-নীতি, তা প্ল্যানিং কমিশন ঠিক করছে, কেন্দ্রীয় সরকার

ঠিক করছে। সেই একটা জেনারেল কাঠামোর মধ্যে সব রাজ্যগুলোকে চলতে হয়। এইভাবে চলতে গিয়ে আপনি দেখবেন—আমি একটু হিসেব করে দেখবার চেষ্টা করছিলাম যে, রাজ্যের ঋণ আর কেন্দ্রের ঋণ—এর মধ্যে কিরকম পজিশনটা আছে ? এখন দেখা যাচ্ছে যে, সেন্ট্রাল গভর্নমেন্টের টোটাল ঋণ হচ্ছে ৪৩ লক্ষ ৫২ হাজার ৬৬৯ কোটি টাকা। এর মধ্যে এই যে সেকেন্ড ইউ.পি.এ. গভর্নমেন্ট এসেছে ২০০৯-২০১০-এ টোটাল ঋণ ছিল ৩৫ লক্ষ ২৯ হাজার ৯৫৯ কোটি ৯০ লক্ষ। এই ছিল। অর্থাৎ এই ইউ.পি.এ.-২ সরকারের আমলে এই যে ৩ বছর গেছে, এই তিন বছরে ঋণ প্রায় বেড়েছে ১১ লক্ষ ৯৩ হাজার ৫১১ কোটি। অর্থাৎ যেটা বছরে গড় আসবে ৪ লক্ষ কোটি টাকা করে। তাহলে কেন্দ্রীয় সরকার যার শরিক আমাদের বর্তমান এখান যারা সরকারে আছেন তৃণমূল দল, তারা শরিক হিসাবে আছেন, তারা সেখানে বছরে ৪ লক্ষ কোটি টাকার ঋণটাকে মেনে নিচ্ছেন। যদিও তারা বলবেন যে আমরাতো অর্থ দপ্তর চালাই না, অর্থমন্ত্রী অন্য দপ্তরের রয়েছে। কিন্তু সংসদীয় ব্যবস্থায়তো সরকারের কালেকটিভ রেসপন্সিবিলিটি আছে। সেই কালেকটিভ রেসপন্সিবিলিটিতে সেখানে এই ঋণটা মেনে নিচ্ছেন, আর এখানের ক্ষেত্রে বারেবারে তুলে ধরা হচ্ছে যে ঋণটা বেশি। এবং আর একটা দিক থেকে দেখলে দেখা যাবে যে ঋণের সাথে আবার একটা জিনিসের তুলনা করতে হয় সেটা হচ্ছে গ্রস্ ডোমেস্টিক্ প্রেডাক্ট, ঋণটা তার কত শতাংশ। কেন্দ্রীয় সরকারের গ্রস্ ডোমেস্টিক্ প্রোডাক্ট তার ক্ষেত্রে যে ঋণ সেন্ট্রাল গভর্নমেন্টের আছে সেটার পারসেন্টেজ হচ্ছে ৪৫.৩। আর রাজ্যের ক্ষেত্রে যে ঋণটা হয়েছে তার গ্রস্ ডোমেস্টিক্ প্রোডাক্টের যে পারসেন্টেজ হচ্ছে ৩৯.৫৪, মানে প্রায় ৬ শতাংশ ডিফারেন্স, বা ৬ শতাংশ কম। সুতরাং এই বিষয়কে কেন্দ্র করে যে বক্তব্যটা বলা হচ্ছে—ওটা হচ্ছে ৪৫.৩ সেন্ট্রাল গভর্নমেন্টের, আর এটা হচ্ছে ৩৯.৫৪, যেটা মাননীয় অর্থমন্ত্রী শর্টটার্ম ফিসক্যাল পলিসির যে বইটা দিয়েছেন, সেই বইতেই স্টেটমেন্টগুলো আছে, এই রাজ্যের স্টেটমেন্টের বিষয়গুলো আছে। সুতরাং এ ভাবেতো চলতেই হবে। আপনারা ক্ষমতায় এসে যে এক বছর চালালেন, আপনাদেরও ঋণ নিতে হয়েছে। এখন যে কোনো সরকারকে ঋণ নিতে হচ্ছে, সে বাজার থেকে বোরোয়িং করতে হোক, আর অন্যভাবে ফরেন কান্ট্রি থেকে নিতে হোক, এইভাবে চলেছে। সুতরাং এই বিষয়টাকে কেন্দ্র করে যে সমালোচনাটা হচ্ছে, আমি মনে করি এটা সমীচীন নয়। ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্য তারাও ঋণ নিচ্ছে এবং ঋণ করছে। আর এখানে তো ঋণের ক্ষেত্রে একটা বক্তব্য বারেবারেই রয়েছে, এখানে যে মূল ঋণটা হচ্ছে তার প্রায় ৮০ শতাংশ হচ্ছে স্মল সেভিংস, তার একটা বড় অংশই হচ্ছে স্মল সেভিংস। স্মল সেভিংসে বেশি জমা করার ব্যবস্থা রয়েছে। এই স্মল সেভিংসের ৮০ শতাংশ টাকা স্টেট গভর্নমেন্টকে ঋণ হিসাবে নিতে হয়, এটা বাধ্যবাধকতা, ফলে ঋণের বোঝাটা বেড়ে গেছে। সুতরাং আপনারা যে ঋণের কথাটা বলছেন আমি সেই ঋণের কথার সাথে বা আপনাদের এই যে অভিযোগ, আমি বলবো এই অভিযোগটা সঠিক নয়। আমি শুধু একটু অনুরোধ করবো যে এটা বিধানসভায় আমরা যেন একটু বস্তুনিষ্ঠ হয়ে নিরপেক্ষভাবে ডিসপ্যাসনেটলি যদি আমরা সমস্ত বিষয়টা পর্যালোচনা করি, তাহলে হয়তো জিনিসটা এতটা উত্তাপ, এতটা বাদানুবাদ হয়তো হবে না। আমি সব

বিষয়ে তো যেতে পারবো না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ৩৪ বছর ধরে কিছু কাজ হয়নি। এখানে এই ৩৪ বছর ধরে কিছু কাজ হয়নি, আপনারা বলছেন কি করে ? এটা কি করে বলছেন ? মাননীয় অর্থমন্ত্রী এবারের বাজেটের সাথে দুখানা আলাদা বই দিয়েছেন, অর্থনৈতিক সমীক্ষা এবং স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেনডিক্স। এটাকে আপনারা যদি স্টাডি করে দেখেন, চর্চা করে দেখেন, তাহলে এই কথাটা বলা সম্ভব নয়, উচিত নয়। কারণ সেখানেই তো আছে উন্নয়নের ধারা, কোন খানে কতটা অগ্রগতি ঘটেছে সেটা আছে। আমি তিন, চারটি বিষয়ে আপনাদের উপরে একটু তথ্য দেওয়ার চেষ্টা করবো। ১৯৭৬-৭৭ সাল টোটাল ফুড গ্রেইন্স প্রোডাকশন কত ছিল ? ৭৪ লক্ষ ৫৩ হাজার মেট্রিক টনের মতো ছিল। আর ২০১০-২০১১-তে যখন ওই সরকারটা চলে যাচ্ছে তখন হলো ১৪৮.১০ লক্ষ মেট্রিক টন। তারপরে আপনি দেখাচ্ছেন ১৬৬ লক্ষ এই ইয়ারে, আপনাদের ২০১১-২০১২-তে ১৬৬ লক্ষ, বাজেট স্পীচে আছে। কিন্তু আপনি আমাকে বলতে পারবেন, এই যে ১৬৬ লক্ষ এটা আপনাদের ক্রেডিট হবে না আগের সরকারের ক্রেডিট হবে ? আপনি এলেন মে মাসে। তারপরে টিদিং প্রবলেম অফ দি গভর্নমেন্ট গেল, তারপর বৃষ্টিকাল এসে গেল, চাষ এসে গেল ফলে যে ফলনটা এলো সেটা কিন্তু এই সরকারেরই আমলে। এবারে আসুন পার ক্যাপিটা ইনকাম। ১৯৭৬-১৯৭৭ সালে পার ক্যাপিটা ইনকাম ছিল ৭৫০ টাকা ৪০ পয়সা। মাননীয় অর্থমন্ত্রী যে অর্থনৈতিক সমীক্ষা দিয়েছেন তাতে ২০০৪-২০০৫ সাল থেকে হিসাবটা আছে। বর্তমান যে অর্থ সমীক্ষাটা দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ২০০৪-২০০৫ সালে ২২,৬৪৮.৯১ অর্থাৎ ২২ হাজার ৬৪৮ টাকা। ২০১০-২০১১তে যখন এই সরকারের শেষ বাজেট হল তখন দেখা যাচ্ছে পার ক্যাপিটা ইনকাম বেড়ে হয়েছে ৪৮ হাজার ৫৩৬। এবং এই যে মিডটার্ম ফিসক্যাল পলিসির জন্য উনি যে বইটা দিয়েছেন সেই বইটাতে পার ক্যাপিটা ইনকামের যে গ্রাফটা আঁকা আছে সেই গ্রাফটা নিয়ে নিলেও দেখবেন এই ফিগার অনুযায়ী লিটেরেচারে যে ফিগারটা দিয়েছেন গ্রাফেরও ওই ফিগারটার সাথে মিল আছে। আপনার ফিগারটা আমি বলছি, অন্য কিছু বলছি না, আপনি লিখিত যে ফিগারটা দিয়েছেন আমি সেই ফিগারগুলো বলছি। এবারে ধরুন পার ক্যাপিটা ইনকামের কাছে গেল এইগুলো এগোনোর মাপকাঠি হবে না শুধু মুখে বললেন এগোচ্ছে না, হয়ে যাবে। এতো হয় না কখনো। ইকনমিক্সের আলোচনা আর সাহিত্যের আলোচনা দুটো আলাদা জিনিস। আমরা বলতেই পারি। অর্থনৈতিক বিষয়টাকে আলোচনা করতে গেলে আপনাদের অর্থনৈতিক মাপকাঠিতে পর্যালোচনা করার অনুরোধ জানাব। ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ১৯৭৬-১৯৭৭ সালে রেজিস্টার্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির ইনকাম ছিল ৮২১.৪১ কোটি টাকা। আর আনরেজিস্টার্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির ইনকাম ছিল ২২৬.৭৮ কোটি টাকা। ২০০৪-২০০৫ সালে এসে কি হল—রেজিস্টার্ডের ক্ষেত্রে হল ৮৮৪৮.৯৭ আর আনরেজিস্টার্ডের ক্ষেত্রে হল ৯০৯৫.৫২ কোটি। আর ২০১০ এবং ২০১১ সাল যেটা শেষ বছরের বাজেট সেখানে দেখা যাচ্ছে রেজিস্টার্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ১৭,২১৬ ছ'বছরে। ২০০৪ থেকে ২০০৫ আর ২০১০ থেকে ২০১১ এই পাঁচ-ছ'বছরে ডাবল হল ১৭,২১৬ কোটি টাকা আর আনরেজিস্ট্রার্ডে ক্ষেত্রে হল ১৯,১১০ কোটি টাকা। এটা ৩৪ বছরের নয়, ২০০৪-

২০০৫ থেকে ২০১০-২০১১ বলছি। আপনার ওটা শুনতে অসুবিধা হয়েছে। হ্যাঁ বুঝেছেন তো। এবারে আসুন এগ্রিকালচার প্রোডাকশন—এগ্রিকালচার প্রোডাকশন ১৯৭৬-১৯৭৭ সালে ছিল ইন টার্মস অফ মানিটারি টার্মস ১,৪৭৮ কোটি অর্থাৎ ওয়ান থাউজেন্ড ফোর হান্ড্রেড সেভেন্টি এইট ক্রোর্স। আর ২০০৪-২০০৫ সালে হয়েছে ৩৮,৫৩০.৪৯ কোটি আর ২০১০-২০১১তে হয়েছে ৮৪,৫৬১.৯৪ কোটি। তাহলে সার্প ইনক্রিজ। ইনক্রিজ হয়নি আপনি কি করে বলবেন ? এরপর আমি বলছি, জি.ডি.পি. গ্রোথ। আমরা উন্নয়নের মাপকাঠিটা দেখি জি.ডি.পি. কি গ্রোথ হল। জি.ডি.পি. গ্রোথে দেখা যাচ্ছে ১৯৭৬-১৯৭৭ সালে যেটা শুরু সেই সময় জি.ডি.পি. গ্রোথ ছিল ৩,৭৩৬ কোটি ২২ লক্ষ। আর ২০০৪ এবং ২০০৫ সালে যেটা উনি বইটা দিয়েছেন, তাতে উনি দেখাচ্ছেন ২,০৮,৬৫৬ এবং ৩৬ লক্ষ। আর ২০১০-১১ সালে ৪,৭৩,৮৯০ কোটি ১১ লক্ষ। আমি কয়েকটা মূল তথ্য দিলাম। আরও অন্যান্য সেক্টর আছে—পাওয়ার সেক্টর আছে, অমুক আছে, তমুক আছে। পাওয়ার সেক্টরের ক্ষেত্রে বলি—পাওয়ার সেক্টরে ২০০৫-২০০৬ থেকে আপনি তথ্য দিয়েছেন, সেখানে মেগাওয়াট উৎপন্ন ছিল ৭,৬১৬ মেগাওয়াট। আর ২০১০-২০১১-তে মেগাওয়াট উৎপন্ন হয়েছে ৯,৯৭৪.১ মেগাওয়াট।

[2.00 – 2.10 p.m.]

সুতরাং আপনারা যেটা বলছেন, তাহলে বাজেটটা আমরা কিভাবে আলোচনা করবো তার basis-টা কি ? তারভিত্তিভূমিটা আলোচনার কি হবে ? না, বাজেট proposal একটা থাকবে। আর বাজেট Proposal-কে এটা সেন্ট্রাল বাজেটেও হয় আর স্টেট বাজেটে হয়। যেদিন সেন্ট্রাল বাজেট প্লেসড হয় তার আগের দিন ওখানকার Finance Minister কেন্দ্রীয় অর্থমন্ত্রী তিনি Economic Survey হাউসে প্লেস করেন। কারণ ওইটাই হবে আলোচনার ভিত্তিভূমি। আর ওটাকে যদি আপনারা ছেড়ে দিয়ে নিজেদের মনের মতো যে কথাগুলো বললে সুবিধা হবে সেভাবে যদি করেন মানুষকে কিছুটা বিভ্রান্ত করার জন্য, তাহলে এটা মুসকিল হয়। এটাতো ঠিক সমীচীন কাজ হচ্ছে না। আর একটা জিনিস আছে, সেটা হচ্ছে বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা, একটা তথ্য পেলাম। সেটা হচ্ছে কিনা, ২০০০-২০০১ সালে আপনার বইতে আছে ৫৩,২৫,৫২০ জন গ্রাহক বিদ্যুৎ পেয়েছিল। আর ২০১০-২০১১-তে পেয়েছে, এক কোটি ১০ লক্ষ ৯৬ হাজার ৭১৯ জন। সুতরাং এই যে, আপনি যে অবস্থায় একটা রাজ্য চলছিল, আমাদের অর্থনৈতিক পরিস্থিতি independence-এর পরে স্বাধীনতার পরে যে পর্যায়ে আর্থিক সঙ্কটের মধ্য দিয়ে চলছিল সেই সঙ্কটের মধ্য দিয়ে হয়েছে। আপনি বলতে পারেন যে, আপনার কাছ থেকে আমাদের আরো উন্নতির প্রত্যাশা ছিল I can agree with that কিন্তু যে কথাটা বলছেন যে, ৩৪ বছর ধরে কিছু হয়নি, তাহলে এগুলো কি হলো। ৩৪ বছরের আগে গ্রামাঞ্চল আর এখনকার গ্রামাঞ্চল, এ আপনি কল্পনা করতে পারেন, কোথাও যেতে পারা যেত, এত রাস্তাঘাট হয়ে connectivity, এত বিদ্যুৎ, এত small scale এসবের কোনো কল্পনা করা যায় না। আর আপনি কি growth rate রাখলেন বাজেটে এসে ? ২০১০-২০১১ সালে অর্থনৈতিক growth rate ছিল ৭.০৬ আর মাননীয় অর্থমন্ত্রী তিনিও ১৯১১-১৯১২-তে growth rate দেখিয়েছে ৭.০৬।

কথা বুঝতে পেরেছেন তো। সুতরাং আপনি একটুকুও এগোতে পারেন নি অন্তত first time-এ। ফলে এই যে অবস্থা আমি অন্তত এই কথাগুলো বললাম এই কারণের জন্য, আশা করি পরবর্তীকলে আপনারা বলবেন, না এ কথাতো বলতে পারি না কিন্তু আমি বলছি যে, অর্থনৈতিক সমীক্ষাটাকে ভালো করে study করে আপনারা যদি বলেন তাহলে আমার মনে হয়, আপনাদের নিজেদের এবং এই হাউসের একটা healthy debate তৈরির করার ক্ষেত্রে সুবিধে হয়। কারণ এ পক্ষ থেকে অনেক কথা বলা হয়েছে যে, এই এই স্কীম আমাদের স্কীম, আপনারা চালাবার চেষ্টা করছেন নিজেদের বলে। ওই ওই স্কীম আগে চালু ছিল আপনি সেখানে বলছেন—এইগুলোর উত্তর প্রত্যুত্তর হোক যে, কার তথ্য ভুল কার তথ্য ঠিক। কিন্তু economic survey-কে একদম উপেক্ষা করে আপনি যদি বক্তব্য রাখেন, তাহলে সেই বক্তব্যতো ঠিক হবে না। দ্বিতীয় যে কথাটা বলতে চাইছি মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা হচ্ছে যে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেটটা পেশ করেছেন, বাজেট বক্তব্যের শেষে লিখিতভাবে নেই। কিন্তু তিনি বক্তব্যের শেষে বললেন, ১১ লক্ষের মতো একটা কর্মসংস্থান সৃষ্টি হবে। এইটা, এতবড় একটা উৎসাহব্যঞ্জক ঘোষণা বাজেটের মধ্যে লিখিতভাবে থাকলো না এবং আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে যে, এই ১১ লক্ষ কর্মসংস্থান কোন কোন ক্ষেত্র থেকে হবে ? কৃষি ক্ষেত্র থেকে কত হবে, শিল্পের ক্ষেত্র থেকে কত হবে, অন্যান্য সেক্টর থেকে কি হবে। কিভাবে ১১ লক্ষ কর্মসংস্থান তৈরি হবে এই কথাটা কিন্তু আমরা শুনলাম কিন্তু বাজেটের মধ্য দিয়ে যেটা রীতি indicate করে দেওয়া যে, expected কর্মসংস্থান শিক্ষা ক্ষেত্রে এতটা হতে পারে, agriculture-এ এতটা হতে পারে, industry-তে এতটা হতে পারে, Co-operation-এ এতটা হতে পারে, একটা তো হিসেব আছে, উনি ১১ লক্ষ কত হাজার কতজন হবে একটা হিসেব বললেন। তাহলে ওই হিসেবটা কিভাবে তিনি এগোলেন কিভাবে তৈরিটা করলেন, সেই তৈরিটা এই হাউসের সামনে থাকা দরকার ছিল। এটা হাউস-এর থেকে বঞ্চিত হল। আমরা সমৃদ্ধ হতে পারলাম না যে কি করে ১১ লক্ষ হবে। সুতরাং একটা ধোঁয়াশা থাকলো, এবং পশ্চিমবঙ্গের মানুষও এই ব্যাপারটাতে কতটা আস্থাস্থাপন করবেন এই ঘোষণাতে সেই সম্পর্কেও একটা প্রশ্ন হাজির হয়ে গেল। তৃতীয়ত কি হচ্ছে, আর একটা জিনিস কি হচ্ছে, না, উনি কর্মসংস্থান সৃষ্টির কথা বলছেন, কিন্তু যেসব খাতে বরাদ্দ বেশি করলে কর্মসংস্থানটা হবে, এখন দপ্তরগুলোর allotment দেখলে দেখা যাবে, যে সেইসব খাতে কিন্তু কর্মসংস্থান হয়েছে। আমি আর একটা জিনিস বলছি, এটা ভয়ঙ্কর লাগলো আমার কাছে। school education, school ecucation-এ মাননীয় মন্ত্রিমহাশয় যা বরাদ্দ করেছেন, ২৬৮৬ কোটি ছিল, এবারে ২৭১৩ কোটি, মানে 1%। তার মানে কি আপনারা শিক্ষাটাকে কি ভাবছেন ? 1% বাজেট বরাদ্দ করে আপনি school education-এ কি করবেন ? এই রকম অন্যান্য কতগুলো খাতে বাজেটে বরাদ্দ পঞ্চায়েত, rural development, irrigation, water-ways-এ রকম বেশি কিছু খাতে যেখানে বরাদ্দ বাড়া উচিত ছিল, সেইসব জায়গায় বেড়ে গেছে। আর উনি entry tax এ চাপাবার চেষ্টা করছেন। আপনারা প্রত্যক্ষভাবে মানুষের উপর কর চাপালেন না, কিন্তু ঘুরপথে indirectly পরোক্ষভাবে আপনারা ট্যাক্সটা আদায় করবেন। যদিও finance bill-টা না এলে কি চেহারায় আপনারা

এগোচ্ছেন সেটা বোঝা যাবে না। স্কুল এডুকেশন, স্কুল এডুকেশনে মাননীয় মন্ত্রিমহাশয় যা বরাদ্দ করেছেন ২৬৮৬ কোটি টাকা ছিল, সেখানে এবারে ২৭১৩ কোটি টাকা, মানে ওয়ান পারসেন্ট। তার মানে কি আপনারা শিক্ষাটাকে নিয়ে কিভাবে ভাবছেন ? এক পারসেন্ট বাজেট বরাদ্দ বৃদ্ধি করে স্কুল এডুকেশনে, কি করবেন ? এই রকম অন্যান্য খাতে বাজেটের বরাদ্দ পঞ্চায়েত, রুরাল ডেভোলপমেন্ট, ইরিগেশন, ওয়াটার ওয়েজ এই রকম বেশ কিছু খাতে যেমন বরাদ্দ বাড়া উচিত ছিল সেইসব জায়গায় তেমন হয়নি। আর উনি চুঙ্গি করটা মানে এন্ট্রি ট্যাক্স, চুঙ্গি কর নয়, এন্ট্রি ট্যাক্স চাপাবার চেষ্টা করছেন। আপনারা প্রত্যক্ষভাবে মানুষের উপর কর চাপালেন না। কিন্তু ঘুরপথে, ইনডাইরেক্টওয়েতে পরোক্ষভাবে আপনারা ট্যাক্সটা আদায় করবেন। যদিও ফাইনান্স বিলটা না এলে কি চেহারায় আপনারা ইয়ে করছেন সেটা বোঝা যাবে না, কিন্তু একটা জেনারেল ওভারভিউ তো পাওয়া যায়। জেনারেল ওভারভিউটা হচ্ছে যে এই বাজেটের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি কিছু হবে, কিন্তু প্রত্যাশামতো হবে না। এবং মূল্যবৃদ্ধি ঘটবে, মানুষের উপর আর্থিক দায়ভার চাপবে। সুতরাং এই কথা বলে আমি আশা করবো, যে এই বাজেটকে আরো সহনশীলতার সাথে আলোচনা করে গ্রহণ করার চেষ্টা করবেন। এই কথা বলে আমি আমার বাজেট বক্তব্য শেষ করছি।

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATES

Mr. Speaker : Before I inivite the next Speaker to speak. Hon'ble Finance Minister is here for presentation of Supplementary Estimates of the Government of West Bengal for the year 2011-2012. Dr. Amit Mitra to present.

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir Statement on behalf of the Minister-in-Charge of Finance as you have mentioned I am presenting the Supplementary Estimates for the year 2011-2012 to the Legislative Assembly.

In terms of Article 205 of the Constitution, I lay before the House Statement showing the Supplementary Expenditure for the year 2011-2012 amounting to ₹ 16788,83,00,000 only of which the charged items account for 11127,09,47,000 only and the voted items account for 5661,73,53000 only. In the booklet Demands for Supplementary Grants 2011-2012 circulated to the Hon'ble Members, details of the Supplementary Estimates and the reasons thereof have been given. Thank you. Sir.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procudeure and Conduct of Business in the West Bengal Legislative Assembly 2.00 p.m. on Tuesday, the 27th March, 2012 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction

of Supplementary Grants of the Government of West Bengal for the year 2011-2012 by this Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention Sepecific grievances ad briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat during office hours.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মহাশয়, গত ২৩শে মার্চ রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের সমর্থনে আমি আমার বক্তব্য পেশ করবো। বাজেটের উপর বক্তব্য পেশ করার আগে আমাদের সিনিয়র মেম্বার এবং বিভিন্ন বিরোধী দলের সদস্যরা যেটা বলবার চেষ্টা করছেন বারবার যে এই বাজেট দিশাহীন, এবং এই বাজেট অধিকাংশ প্রকল্প যেগুলি বলা আছে, সেই প্রকল্পগুলি তাদের সময়ে করা হয়েছিল এবং পরবর্তীকালে নাম পরিবর্তন করে সেই প্রকল্পগুলিকে আবার রাখা হয়েছে। দিশাহীন বাজেট কি বাজেট সঠিক এটা বোঝাবার জন্য আমি প্রথমেই রাজ্যের মন্ত্রী যে দিশার কথা বলেছেন, আমি ৫-এর পাতা থেকে তা একটু পড়ে শোনাচ্ছি।

[2.10—2.20 p.m.]

২০১২-২০১৩ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের সময় বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে সমাজের দুর্বল শ্রেণির, তপসিলি জাতি, উপজাতি ও অন্য অনগ্রসর শ্রেণির জনগণের, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত জনগণের ও মহিলাদের সামাজিক ও আর্থিক উন্নয়নের ওপর। এটাই দিশা। এইটাই টার্গেট। এই বাজেটে বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে শিক্ষা, স্বাস্থ্য, দক্ষতা বৃদ্ধির ওপরে। যাতে তাদের সমাজের মূল স্রোতের মধ্যে নিয়ে আসা হয়। বিশেষ করে যেটার ওপরে জোর দেওয়া হয়েছে, যেটার ওপরে আমি এখন আপনাদের সামনে কিছু বলব, সেটা হচ্ছে এই, আর্থিক শৃঙ্খলার ওপরে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। কারণ বিগতদিনে আমরা দেখেছি যে এই সরকার, আমাদের রাজ্যে যাঁরা ছিলেন তাঁরা—এর আগে আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী সম্পর্কে—আমি যখন ওইদিকের বেঞ্চে বসতাম, তখন তাঁকে আমি বহুবার বলেছি, আমার স্কুল ফ্রেন্ড, একই ক্লাসে পড়া, আমি তাঁকে বহুবার বলেছি যে তিনি পণ্ডিত মানুষ ছিলেন এই ব্যাপারে আমার কোনো সন্দেহ নেই। but he was a principal of an institution যেখানে জাগলারি শেখানো হয়। তথ্যের জাগলারিতে প্রাক্তন অর্থমন্ত্রীর থেকে ভালো আর কোনো অর্থমন্ত্রী আমাদের রাজ্যে হয়েছে বলে আমার মনে হয় না। তার তথ্যের মধ্যে নানা রকমের জাগলারি ছিল। তিনি যে বক্তব্য এখানে রাজ্যে রেখেছেন সেই প্রসঙ্গে আমি আসছি আপনাদের কাছে। বিশেষ যেটা, যেটা নিয়ে একটু আগে বললেন আপনারা, আমারা ঋণের কথা বলছি, রাজ্যকে আমাদের ঋণের ফাঁদে রেখে দেওয়া হয়েছে। আমানের রাজ্যে যখন এই সরকার বলেছেন ২ লক্ষ কোটি টাকার

ওপরে ঋণ আছে—এই ঋণটা হয়েছে গত বারো বছরে। যার রেট প্রায় ১২ বছরে ৪৮৬ শতাংশ বৃদ্ধি হয়েছে। গত বারো বছরে এই ঋণ নেওয়ার পরিমাণটা ৪৮৬ শতাংশ বেড়েছে। এই যে ৪৮৬ শতাংশ বারো বছরে বাড়লো—একটু আগে এখানে আপনি বললেন যে, আমাদের দেশের ঋণ আছে, বিভিন্ন রাজ্যের ঋণ আছে। একথা ঠিক, বিভিন্ন রাজ্যের ঋণ আছে। কিন্তু যে ঋণ তারা নিয়েছেন অর্থাৎ ধরুন মহারাষ্ট্র অথবা উত্তরপ্রদেশ, যাদের ঋণ আমাদের থেকে বেশি, ঠিকই, তাদের ঋণ আমাদের থেকে বেশি। কিন্তু ঋণ নেওয়ার মধ্যে যে দৃষ্টিভঙ্গি থাকবে—আমি ঋণ নিলাম, ঋণ নেওয়ার পরে আমাদের রাজ্যে সম্পদ সৃষ্টি হবে—যে সম্পদ পরবর্তীকালে রেভিনিউ আর্ন করতে আমাদের সাহায্য করবে। আমাদের রাজ্যে বরাবরই দেখা গেছে যে এই ঋণ নিয়ে—কয়েকদিন আগে কেউ একজন তার বক্তব্যের মধ্যে বলছিলেন যে ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ—এই ধারাপাতের উপরে, এই এথিক্সের ওপর দাঁড়িয়েই ঋণ নেওয়া হয়েছে। আমি আপনাদের আমি বলি, আমাদের এই ঋণ নেওয়ার জন্য প্রায় ২২ হাজার কোটি টাকা সুদ এবং আসল চলে যাচ্ছে। অমিতবাবু বলেছেন, অর্থমন্ত্রী বলেছেন, এই ২২ হাজার কোটি টাকা যদি সরকার উন্নয়নের জন্য খরচ করতে পারত, তাহলে প্রায় ৮৮ হাজার কোটি টাকার আভ্যন্তরীণ উৎপাদন হতে পারত। যেটা আমরা মিস করছি আমাদের রাজ্যে যে তার রিফ্লেকশন হচ্ছে এই বাজেটের মধ্যে। যার রিফ্লেকশন হচ্ছে আমাদের অনুন্নয়নের মধ্য দিয়ে। অসীমবাবু ২০১০-২০১১-তে—সবই আপনি বলেছেন একটু আগে—ঋণ নিয়েছিলেন ৩৬ হাজার ৪১৯ কোটি ৬৬ লক্ষ ১০ হাজার এবং বাজার থেকে ঋণ নিয়েছিলেন ২৩৮ কোটি টাকা। ২০১১-২০১২ সালে বললেন যে তিনি ঋণ কমাবেন। একটু আগে আপনি বললেন, ৮০ শতাংশ ঋণ নেওয়া বাধ্যতামূলক। বাধ্যতামূলক বলে কোনো কথা নেই। আপনি ৮০ শতাংশ পর্যন্ত ঋণ নিতে পারেন। আপনি বলছেন যে, বাধ্যতামূলক ঋণ নিতে হবে একটা রাজ্য সরকারকে। এটা কখনো বাধ্যতামূলক হতে পারে না। ঋণ নেওয়ার ক্যাপাসিটি আমার ৮০ শতাংশ পর্যন্ত, আই ক্যান অ্যাভেল। এটা নিতে পারি। ২০১০-২০১১ সাল থেকে ২০১১-২০১২ সালে [***] বললেন, আমি ঋণের পরিমাণ কমাবো। কত কমাবো—৩৩ হাজার ৪৪৫ কোটি ৪২ লক্ষ ৯ হাজার টাকা। বাজার থেকে ঋণ নেবেন বললেন ১৬৩ কোটি ৩৪ লক্ষ। কিন্তু ২০১১-২০১২ সালে যে বাজেট পেশ করে তিনি চলে গেলেন, সেখানে ঋণের পরিমাণ আরো বেড়ে গেল। যেখানে ৩৬ হাজার কোটি টাকা থেকে ৩৩ হাজার কোটি টাকা হওয়ার কথা, সেটা বেড়ে গিয়ে হল ৪৬ হাজার ৭০৬ কোটি ৬৬ লক্ষ টাকা।

অর্থাৎ উনারা বোধহয় বুঝতেই পারছিলেন যে চলে যেতে হবে। পপুলার ইস্যুর ওপরে কিভাবে এগোনো যায়, ঋণ নিয়ে, বাজার থেকে নিয়ে বা সরকারি ঋণ নিয়ে। আরো ঋণের মাত্রা বাড়িয়ে ফেললেন। এবং ঋণের মাত্রা বাড়িয়ে ফেললেন। ঠিকই আছে, ঋণ নিয়েছেন, ঋণ নিয়ে রাজ্য সরকারের বা সরকারের অবস্থা, সব থেকে যেটা মারাত্মক কাজ করলেন আমাদের রাজ্যে, ভারতবর্ষের সব রাজ্যে যখন অর্থনীতিকে নিয়ন্ত্রণ করার জন্যে

*** 'অধ্যক্ষের আদেশাক্রমে বাতিল'

কেন্দ্রীয় সরকার একটা আইন করেছিলেন এফ.আর.বি.এম.। ফিনান্সিয়াল রেগুলেশন অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট। এটা ভারতবর্ষের সব রাজ্যে পাস হয়ে গেছে অনেক আগে, অনেক আগে পাস হয়ে গেছে। কিন্তু অর্থমন্ত্রী আমাদের রাজ্যের অর্থনীতির মধ্যে সেই আইনটা তিনি পাস করতে চাননি। কেন চাননি আমি পরে আপনাদের বোঝাচ্ছি। বলবো আমার বক্তব্যের মধ্যে যে কেন চাননি। কারণ আমি আবারও বলছি, তথ্যের জাগলারি করে রাজ্যের অর্থনীতির ওপরে তিনি যে জাগলারি করেছেন তার জন্যে এবং তিনি যে অন্যায় করে গেছেন সেইটা রক্ষা করবার জন্যেই তিনি এফ.আর.বি.এম. আইনটা পাস করলেন না। পাস করলেন না এবং যাওয়ার আগে সেই আইন পাস করে, কি লিমিট হলো আমাদের ঋণ নেওয়ার ? ১৭৮২৮ কোটি টাকা। এর সঙ্গে একটু ছোট্ট দুষ্টুমি করে গেলেন যে পরবর্তীকালের সরকার আসছে তাকে তো বিপদে ফেলতে হবে। এই ১৭৮২৮ কোটি টাকার মধ্যে তিনি তার মধ্যে ৫৭১৩ কোটি টাকা ঋণ নিয়ে চলে গেলেন। অর্থাৎ এর পরের বছরে এসে যাঁরা সরকার চালাবেন তাঁরা যাতে, আপনি এত টাকা ঋণ নিয়েছেন সেটা আমি আগেই বলেছি। কিন্তু তারপরে যাতে পরের সরকার এসে ঋণ নিতে না পারে। এমনিতে সম্পদ সৃষ্টি করা, একটু আগে আমি বললাম আপনাদের যে ঋণ নেওয়ার মুখ্য উদ্দেশ্য হচ্ছে যে রাজ্যে নতুন করে সম্পদ তৈরি করা। কিন্তু সেই সম্পদ যেখানে তৈরি হয়নি সাত মাসের মধ্যে কোনো মিরাকুলাস চেঞ্জ করা তো সম্ভব নয়। কোনো একটা অসম্ভবকে সম্ভব করে দেওয়া সম্ভব নয়। তাহলে, তার মধ্যেও তিনি সেখানে ৫৭১৩ কোটি টাকা ঋণ নিয়ে গেলেন। আমি বলছি আপনাদের কাছে [***] পরিকল্পনা খাতে যে ব্যয় ছিলো, তার আগে আমি বলে নিই একটুখানি যে কি করে গেছেন তিনি। বাজেট এখানে প্লেস করা হয়। সংশোধিত বাজেট প্লেস করা হয় এবং সবটাই অডিট হয়। অডিট হবার পর আবার সেটা বিধানসভায় আসে। বিধানসভায় সেটা আবার পাস করা হয়। আমি আপনাদের দশ বছরে [***] কি অন্যায় করে গেছেন, সরি, বারবার নামটা, তিনি হাউসের মেম্বার নন এখন, প্রাক্তন অর্থমন্ত্রী, কিভাবে অন্যায় করে গেছেন একটু আপনাদের জানাতে চাইছি। হিসাব বর্হিভূত খরচ, যে হিসাব এই বিধানসভায় পেশ করা হয়নি। যে হিসাব বাজেটের মধ্যে ছিল না। যে হিসাব সাপ্লিমেন্টারি বাজেটে ছিল না, তার বাইরে খরচ। আপনি বলবেন সেটা কি সাংবিধানিকভাবে অন্যায় ? আমি বলবো না। কিন্তু কোন্‌টা অন্যায় ? ন্যায় হচ্ছে এইটা তার পরবর্তী বছরে সেই হিসাবকে পাস করিয়ে নিয়ে বিধানসভায় প্লেস করতে হবে। কি করে গেছেন উনি ? ২০০৩-২০০৪ সালে যে হিসাব পেশ করার কথা ০১.০৮.২০০৫-এ কত হাজার কোটি টাকা তিনি হিসাব বর্হিভূত খরচ করেছেন ? ১০৭৩৪ কোটি ৫২ লক্ষ টাকা, হিসাব বর্হিভূত খরচ। তার কোনো রিফ্লেকশন বাজেটে কোথাও নেই। তার কোনো রিফ্লেকশন সাপ্লিমেন্টারি বাজেটে নেই। তারপরে ২০০৪-২০০৫-এ, সেটা হিসাব পেশ করার কথা ছিল ২১.০৩.২০০৬-এ, কত হাজার কোটি টাকা তিনি হিসাব বর্হিভূত খরচ করে গেলেন ? ৪৭৬৭ কোটি ১৪ লক্ষ টাকা। ২০০৫-২০০৬-এ, ২৯.০৩.২০০৭-এ পেশ করার কথা, সেটা তিনি ২৬০ কোটি টাকা হিসাব বর্হিভূত খরচ করলেন। এগুলো

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

কোনোটাই র‍্যাটিফায়েড হচ্ছে না। এটা কোনোটাই র‍্যাটিফায়েড হচ্ছে না। এ.জি. থেকে ক্লিয়ারেন্স হচ্ছে না। পি.এ. কমিটিতে ক্লিয়ারেন্স হচ্ছে না। [***] যে ফিনান্সিয়াল ইনডিসিপ্লিন করে গেছেন, তার জন্যে এই হাউস।

মিঃ স্পীকার : ওই নামটা বাদ দিন। ওই নামটা বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : সরি, প্রাক্তন অর্থমন্ত্রী যে ফিনান্সিয়াল ইনডিসিপ্লিন করে গেছেন তার জন্যে এই হাউস থেকে তাঁকে তিরস্কৃত করা উচিত। আমি আসছি, আরো তার ব্যাপারটা বোঝাচ্ছি। ২০০৬-২০০৭ সালে তিনি আবার ২৯৩ কোটি ৮১ লক্ষ টাকার হিসাব দিলেন না। হিসাব দিলেন না কোনো স্তরেই, হিসাব দিলেন না। ২০০৭-২০০৮-এ আবার ১২ হাজার ১৪০ কোটি ৫৫ লক্ষ টাকা হিসাব বর্হিভূত খরচ হিসাব দিলেন না, এ.জি. ক্লিয়ারনেন্স করলেন না, পি.এ. কমিটিতে গেল না। এই হিসাব, এই সদনে, এই পবিত্র সদনে যেখানে তিনি দায়বদ্ধ ছিলেন, সেখানেও তিনি জানালেন না। ২০০৭-২০০৮-এ ১২১০০ বলেছি, ২০০৮-২০০৯-তে ৭০৫ কোটি ৮৯ লক্ষ, ২০০৯-২০১০-এ ৩৪৯২ কোটি ৯০ লক্ষ, ২০১০-২০১১-তে ৮ হাজার ৩৩০ কোটি ৭২ লক্ষ, মোট ৪০ হাজার ৭৩০ কোটি ১৬ লক্ষ টাকা তিনি হিসাব বর্হিভূত খরচ করে গেছেন। যার সম্পর্কে এই বিধানসভা কিছুই জানে না, যার সম্পর্কে এই হাউস কিছু জানে না। তিনি এইভাবে financial indiscipline করে গেছেন। তার মধ্যে যদি আপনারা দিশা দেখতে পেয়ে থাকেন, এই financial indiscipline-এ তখন আপনারা সবাই দিশা দেখতে পেরেছেন। এই অনুন্নয়নের আপনারা সবাই দিশা দেখতে পেয়েছেন। এবারের বাজেট একটু আগে একজন বলেছিলেন যে, কত পারসেন্ট কোথায় বলেছেন ? এক বছরের মধ্যে, অনেকে বক্তব্য রাখার সময় এমনভাবে বলছেন, যেন আমরা ৩৪ বছর শাসন করেছি, তারপরে কেন খাদ্যে বাড়েনি, কেন কৃষিতে বাড়েনি, কেন শিক্ষায় বাড়েনি। যতটুকু সম্ভব দিশা দেখাবার চেষ্টা করেছেন, রাজ্যের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, অমিতবাবু তারা দুইজন মিলে বসে, এমন একটা বাজেট করার চেষ্টা করেছেন, যেখানে উন্নয়নের গতি থেমে গিয়েছিল, সেই উন্নয়নের গতি আবার চালু করা যায় রাজ্যের জন্য, সেই চেষ্টা তিনি করেছেন। মোট ৪০ হাজার ৭৩০ কোটি ১৬ লক্ষ টাকা, তিনি এখানে দিশা দেখতে পারছেন না। আমাদের রাজ্যে, আমাদের এখানে বসে আছে পি.এ.সি. কমিটি চেয়ারম্যান আমাদের রাজ্যে যখন সি.এ.জি. রিপোর্ট উপরে যখন আলোচনা হয়, আমি বারবার ওনাকে বলেছি, অফিসার ফাইল খুঁজে পান না, ফাইল এখানে আসে না। বিভিন্ন সময় তারা সদুত্তর দিতে পারে না। যেটা দিয়ে আমাদের cross check করার মেন জায়গা। সেই জায়গাটাকে রেগুলেট করার জন্য অর্থমন্ত্রী কি করছেন যে, ফাইলের হদিস পাওয়ার জন্য tracking and management system চালু করার সিদ্ধান্ত নিয়েছেন। যাতে করে এই সরকারের ফাইল বিভিন্ন দপ্তরে ঘোরে, ফিনান্সে অর্ধেক ফাইল আসে না, অর্ধেক ফাইল অন্যান্য দপ্তরে চলে যায়। সেই জায়গাটাকে ঠিক করার জন্য, আপনারা এর মধ্যে কোনো দিশা খুঁজে

*** 'অধ্যক্ষের আদেশাক্রমে বাতিল'

পাচ্ছেন না, যে সরকার চলবে, যথেষ্ট সিস্টেমেটিক্যালি চলবে। সেই সরকার এই রকমভাবে ফেলে রেখে দিয়ে যাবে না যে, ৪০ হাজার কোটি টাকা হিসাব বর্হিভূত খরচ করে গেছেন তার হদিস আমাদের কাছে নেই।

[2.20 – 2.30 p.m.]

এবং প্রযুক্তিকে কাজে লাগানো, তাকে তিনি কি করছেন ? integrated financial management system চালু করার চেষ্টা করেছেন। বিজ্ঞান এবং প্রযুক্তিকে যদি আমরা কাজে লাগাতে না পারি, সেই পুরনো মান্ধাতা আমলে ফাইল সিস্টেম, এই টেবিল থেকে ওই টেবিলে যাচ্ছে—এইটাই তো দিশা, এইটাই তো দিশা। কত অল্প সময় খরচ করে, কত বেশি কাজ আমরা করে দিতে পারব, তার জন্য তিনি আপনাদের কাছে এই প্রস্তাব রেখেছেন। এই প্রসঙ্গে আমি আরও কতকগুলো ব্যবস্থা তিনি নিয়েছেন তাঁকে অত্যন্ত ধন্যবাদ প্রাপ্য তিনি। যে হাউসে এই discipline-টা আনতে চেয়েছেন, যে financial discipline-টা আমাদের রাজ্যে আনতে চেয়েছেন। যেগুলো ছিল না, যেগুলো রাজ্যে নতুন করে লঘু হবে, চালু হবে, সেটা কি ? সেটা ১৯৯৪ সালে বিক্রয় আইনে ই-রিটার্ন ব্যবস্থা চালু ছিল, সেটা তিনি একেবারে সরাসরি যাঁরা দাখিল করবেন তাঁরা বাড়িতে বসে ই-সিস্টেমের মধ্যে দিয়ে তিনি সেটা দিতে পারবেন। Electronic clearance of system, ECS, কর ফেরত দেওয়ার ক্ষেত্রে, এই system তিনি চালু করছেন। ECS-এর মাধ্যমে আর্থিক সহায়তা শিল্পে অর্থাৎ একই Electronic clearance of system-এর মাধ্যমে যাঁরা শিল্পের জন্য সহায়তা চাইবেন, তার জন্য তাঁদের বারবার মন্ত্রীর ঘরে এসে দাঁড়িয়ে থাকতে হবে না, কাউকে এসে খোসামত করতে হবে না, সরাসরি তাঁরা এই সিস্টেমের মধ্যে দিয়ে সাহায্য পাবেন। আপনারা দেখতে পারছেন না, এর মধ্যে কোনো দিশা আছে ! অর্থাৎ টোটাল সিস্টেমটা কি ? অর্থাৎ আপনারা এমন একটা জায়গায় বসে আছেন যে, কুয়োর যে ব্যাঙটা সে মনে করে উপরের ওইটুকু তার সামনে আকাশ, আর কোনো আকাশ নেই, তার বাইরে একটা মহাকাশ আছে, সেই মহাকাশকে চিনিয়ে দেওয়ার জন্যে অমিতবাবুকে আমি অনুরোধ করব, এগুলো আপনারা সহজে বুঝতে পারবেন না হয়তো। আপনি ওদের নিয়ে মাঝে মাঝে ক্লাস নেবেন যে নতুন করে বিজ্ঞান এবং প্রযুক্তিকে নিয়ে যেভাবে আপনি এই বাজেট এবং সরকারি সিস্টেমের মধ্যে নিয়ে আসছেন, সেটা বোঝার জন্য ওদের দু-একদিন ক্লাস নেবার দরকার পড়বে। অন লাইনে ভ্যাট দেবার ব্যবস্থা এবং কেন্দ্রীয় বিক্রয়কর আইনের রেজিস্ট্রেশন সার্টিফিকেট তৈরি হয়ে সেটা নেবার সুযোগ। হোয়াট মোর ইউ ওয়ান্ট ? কি অসাধারণ সিস্টেমিটিক্যাল এই বাজেটের মধ্যে দিয়ে কি অল্প সময়, এই ৯ মাসের মধ্যে, তার আগে বাজেট প্লেস করতে হয়েছে, নতুন করে কোথা থেকে রেভিনিউ আসবে, কি করে নতুন রেভিনিউ তৈরি হবে, তার কোনো সুযোগ তিনি পাননি। এখন তিনি যা দেবেন, যা বিনিয়োগ করবেন তার থেকে নতুন সম্পদ তৈরি হবে। এটাই তো ইকনমিক্সের কথা। কিন্তু সেখানে তিনি কোনো সুযোগ পাননি। বৈদ্যুতিন ব্যবস্থার মাধ্যমে ঠিকাদারকে টাকা দেবার আগে ভ্যাট কাটার ব্যবস্থা টোটাল। এর মধ্যে দুর্নীতি করবার সুযোগ থাকছে না। এর মধ্যে কোরাপ্ট প্রাকটিসের

সুযোগ থাকছে না। আমাদের রাজ্যে কোরাপশন কোন জায়গায় গেছে আমরা তো দেখতেই পাচ্ছি। মন্ত্রীদের নিয়ে গিয়ে জেরা করা হচ্ছে। লোহাচুর বিক্রি, চীন দেশে লোহা বিক্রির ব্যাপারে মন্ত্রীকে নিয়ে গিয়ে জেরা করা হচ্ছে। ই.সি.এস.সি.-র দায়-দায়িত্বে ছিলেন যিনি মন্ত্রী। এছাড়াও ই.সি.এস.-এর মাধ্যমে সরকার কর্মচারীদের মাইনে। করপোরেশন এবং স্বশাসিত সংস্থা যেগুলো আছে তাদের গ্রান্ট ইন এডে যে বিল সেটাও ওই ই.সি.এস.-এর মাধ্যমে অমিতবাবু করতে চেয়েছেন। বামফ্রন্টের আমলে, কোথা থেকে প্রবলেমটা এরাইজ করছে, জায়গাটা কোথায় ? একটা হচ্ছে রাজস্ব আদায়। রাজস্ব আদায় যদি না বাড়ে তাহলে আপনি পরিকল্পিতভাবে....

(এই সময় সবুজ বাতি জ্বলে ওঠে)

এতো তাড়াতাড়ি আমার সময় শেষ হয়ে গেল ? কমপারেটিভলি আমি বলি যেটা কিনা ২০১১-২০১২ সালে অসীমবাবু যেটা করে গিয়েছিলেন যে রাজস্ব আদায়ের ক্ষেত্রে তিনি ২৪ হাজার ৯৩৪ কোটি টাকা, সেখানে অমিতবাবু টারগেট করেছেন ৩১ হাজার ২২২ কোটি টাকা। এটা বাজেট অ্যাট-এ গ্লান্স-এ পাবেন। আমি বলি আমাদের সরকার কৃষিতে যে টারগেট সেটা আপনারা বাজেট বই-তে পড়েছেন। আলাদা করে বলার দরকার নেই। শুধু এইটুকু বলি, কৃষি এবং কৃষি বিপণন সেখানে কৃষিতে প্রায় ১৭.৭৫ শতাংশ গ্রোথ আর কৃষি বিপণনে ১৮.৫৩ শতাংশ গ্রোথ। তাঁর এই দপ্তরে যে বরাদ্দ করেছেন এই গ্রোথটা হচ্ছে তাঁর ইনভেস্টমেন্ট।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্বাস্থ্যের ক্ষেত্রেও তাই। স্বাস্থ্যবিমা হয়েছে। আমি লাস্ট শিল্পের ব্যাপার বলি, শিল্পের ব্যাপারে লাস্ট কথাটা বলে শেষ করে দেব। যেখানে থেকে আমাদের রাজ্যে নতুন সম্পদ তৈরি হবে, নতুন বেকার যুবকদের চাকুরি হবে। সেখানে ৮০ হাজার কোটি টাকা বিনিয়োগ প্রস্তাব এসেছে। তার মধ্যে আজকে সকালেই পার্থবাবু বলেছেন যে, ১৪টি শিল্পের কাজ শুরু হয়ে গেছে। এখানেও আমি আপনাকে বলতে চাই যে আপনাদের রাজ্যে বা বামফ্রন্ট সরকারের আমলে কোনো একটা বিনিয়াগ দেখাতে পারবেন না—একটা ছাড়া, সেটাও বোধহয় কার্যকরী হয়নি—১ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগ আমাদের রাজ্যে হয়েছে। কোথায় প্রথম ছিলাম ? বেকারিতে আমরা প্রথম ছিলাম, নারী ধর্ষণে আমরা প্রথম ছিলাম, নারী পাচারে আমরা প্রথম ছিলাম এবং সবশেষে আমাদের মন্ত্রীরা যাঁরা আছেন তার মধ্যে একজন মন্ত্রী জেল খেটে এলেন, একজন মন্ত্রীকে জেরা চলছে, একজন প্রাক্তন সাংসদ তাঁকে....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[2.30 – 2.40 p.m.]

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ইংরাজির ২৩ তারিখে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট পেশ করেছেন এবং এই বাজেটে অনেক উন্নয়নের

পরিকল্পনা আছে। কিন্তু আর্থিক সংস্থানের দিশা এখানে পাওয়া যাচ্ছে না। কটা পার্থক্য, গরমিলের কথা আমি বলছি। রাজ্যপাল মহাশয় যখন এই বিধানসভায় প্রথম ভাষণটি দেন, সেখানে উল্লেখ আছে ৪৬ হাজার শিক্ষক নিয়োগের প্রস্তাব। দশ মাস পর এসে এই বাজেট ভাষণে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলছেন যে ৪৪ হাজার ৯৫৫ পদ তৈরি হয়েছে, এখনও নিয়োগ হয়নি। দশটা মাস চলে গেছে। এটা একটা। কিষাণ ক্রেডিট কার্ডের ব্যাপারে রাজ্যপাল মহাশয়ের ভাষণে পাঁচ লক্ষের বেশি বলা হয়েছে। আর এখানে সুনির্দিষ্টভাবে বলা হয়েছে ছয় লক্ষ। যদিও ৩১শে মার্চ ২০১১ পর্যন্ত পূর্বতন বামফ্রন্ট সরকার ৪৮ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ড বিলি করেছে। এই সরকার নিশ্চয়ই পরে পবে করবেন। আমি সেই জায়গায় যাচ্ছি না। এই হচ্ছে গরমিল। কর্মসংস্থানের ব্যাপারটা কোথা থেকে হবে, কত হবে, সেটা তো সুস্পষ্টভাবে বলা নেই। এমনকি তিনি মুখে বললেন। এতবড় একটা ব্যাপার যে এগারো লক্ষ কর্মসংস্থান হবে। কোথায় হবে, কিভাবে হবে, সেই ব্যাপারটা লিখিতভাবে অনুল্লিখিত। মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে যে কথাটা বলা হয়েছে, আমার লেগেছে, সেটা হচ্ছে সুন্দরবন চূড়ান্তভাবে অবহেলিত। আমি বলতে চাই যে, সব কাজ হয়নি এটা ঠিক। কিন্তু আমার সঙ্গে যদি আপনারা যান আমি দেখাতে পারি সুন্দরবনে বেশ কয়েকটি বড় নদীর উপরে সেতু নির্মাণ করা হয়েছে। মাতলা সেতু, মালঞ্চ সেতু, হাড়োয়া রামচন্দ্রপুরের সেতু, বাসন্তীর উপর সেতু নির্মাণের কাজ হয়েছে। গাড়ি-ঘোড়া চলছে, রাস্তা হয়েছে। নদী ঘাটের জেটি হয়েছে। তবে এখনও অনেক কাজ হয়নি। এখনও অনেক সেতু নির্মাণ করতে হবে, রাস্তাঘাট করতে হবে। গত দশ মাসে সুন্দরবন হিঙ্গলগঞ্জ এলাকার দিকে রাস্তাঘাটে কিন্তু হাত পড়েনি। খুব খারাপ অবস্থার মধ্যে দিয়ে গাড়ি-ঘোড়া চলাচল করছে। জান শেষ হয়ে যাওয়ার মতো অবস্থা। হিঙ্গলগঞ্জের দুটো জায়গায় কাজ শুরু হয়েছে। কিন্তু এই জমি আগেই অধিগৃহীত হয়েছিল। আমি একটি বিষয় বলতে চাই যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই সভায় ঘোষণা করেছিলেন যে জমিদাতাদের পরিবারে চাকরি দেওয়া হবে। মাননীয় রাজ্যপালের ভাষণে সেটা নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণে সেই কথা উল্লেখ নেই। মানুষজনের মধ্যে প্রশ্ন উঠেছে যে উনি কি শুধু ঘোষণাই করবেন, এটা করবেন না ? ফলে বাঁধের জন্য জমি পাওয়ার ক্ষেত্রে এই প্রশ্ন উঠেছে। আমি আশা করব মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি তাঁর প্রতিশ্রুতি, তিনি তাঁর ঘোষণা কার্যকর করবেন। আমি যেটা বলতে চাই পণ্য প্রবেশ কর নিয়ে আগেই আলোচিত হয়েছে। বিগত বামফ্রন্ট সরকার নাকি উঠিয়ে দিয়েছিল। নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম যেভাবে বাড়ছে আর বাইরের থেকে যে জিনিস আসে, বড় মাছ আসে, তেল আসে, চিনি আসে, অনেক জিনিস আসে, যদি এইগুলির উপর কর ধার্য হয় তাহলে জনসাধারণের নাভিশ্বাস উঠবে। মূল্যবৃদ্ধি একদিকে, তার উপরে কর ধার্য। আরও বাড়তি বোঝা চাপবে। সুতরাং এটা ঠিক কাজ হয়েছে বলে আমি মনে করি না। রিপোর্টে যেটা বলা আছে যে প্রেসিডেন্সি বিশ্বের অন্যতম উৎকর্ষের প্রতিষ্ঠান। হোক, আমার আপত্তি নেই, আমি খুশি হব। কিন্তু এই প্রেসিডেন্সিকে কলেজ থেকে বের করে ইউনিভার্সিটির মর্যাদায় এনেছিলেন গত বামফ্রন্ট সরকার। আমার জিজ্ঞাসা যে কলকাতার মুকুটে অনেক মণি-মুক্তো

ঝকঝক্ করছে। এই যে বিশ্বমানের জায়গায় আছে, তাকে উৎকর্ষের জায়গায় নিয়ে যাওয়ার জন্য সরকার আরও কোনো বড় পরিকল্পনা গ্রহণ করবেন কিনা এবং তার সেই স্বীকৃতি দেবেন কিনা।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দুটি বিষয় উল্লেখ করেছেন। কেন করলেন আমি জানি না। সেটা হচ্ছে ভারত সরকারের দুটি সিদ্ধান্তের ফলে রাজস্ব ক্ষতি হচ্ছে, কিন্তু কয়লা রয়েলিটির ক্ষেত্রে যে পাঁচ হাজার কোটি টাকা পাওনা এবং তার সুদ আর কিছু হয়েছে, সেটার কথা এখানে উল্লেখ নেই—বললেন না আর এটা যে হচ্ছে, আমি স্বীকার করে নিয়েও বলছি যে, কেন্দ্রীয় সরকারটা পরিচালনা শুধু কংগ্রেস একা করছে না তার সাথে আপনারাও আছেন। সুতরাং, এটা ব্যাপারে আপনারা কি ভাবছেন—শুধু হচ্ছে বলে ছেড়ে দিয়েছেন, কি ভাবছেন আশা করি সেটা খোলসা করবেন এই সভায়। আমি এরপরে যেটা বলতে চাইছি যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী রাজ্যপাল মহাশয়ের ভাষণের শেষে তিনি—বলা যেতে পারে সবার বক্তব্যের পরিপ্রেক্ষিতে একটা ভাষণ রেখেছেন এবং সেখানে বলেছেন যে ধান সংগ্রহের ব্যাপারে আমরা মিল মালিকদের চেক দিয়েছি। সেই চেক বাউন্স হয়েছে তার দায়ি আমরা না। আমি খুব সবিনয়ে আপনাদের কাছে উত্থাপন করতে চাই যে, এই চেক তারা যে চেকটা দিয়েছেন, বাউন্স হয়েছে, তার জন্য তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা ? আমি এখনও আপনাদের কাছে আবেদন করব যে, সরকার একটা ধান সংগ্রহের লক্ষ্যমাত্র ঠিক করেছেন, কত জায়গা এরা ধান কিনছেন, ? আমি ধরে নিতে পারি যে, সরকার যেখানে ধান কিনছেন সরাসরি এদের দিয়ে, সেখানে কৃষকরা ধানের দামটা পাচ্ছে না, তার বাইরে যেখানে কেনা হচ্ছে না—সন্দেশখালি, হিঙ্গলগঞ্জে কি কেনা হচ্ছে ?—বহু জায়গায় কেনা হচ্ছে না। সেখানে ১৫০/২০০ টাকা কমে ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে চাষি আর সরকারের লক্ষ্যমাত্রা পূরণ হয়ে যাওয়ার পরে—এরা কি বলবেন ? বাজারে যেহেতু সরকারের লক্ষ্যমাত্রা পূরণ হয়ে গেছে আমরা এখন ধান নেব না। আবার জলের দামে ধান বিক্রি করবে চাষি। সুতরাং কৃষির কথা বলছেন উনি ! আমি বলতে চাই যে, একটা সময় আটা-ভূট্টা হত মাইলা থেকে। বামফ্রন্ট-এর আমলে খেতে হয় না, আবার সেই দিনটা ঘুরে না আসে। কৃষক ঋণগ্রস্ত হচ্ছে, তার উৎপাদনের খরচ বাড়ছে আর ফসলের দাম এইভাবে মার খাচ্ছে। আমি আশা করব আপনারা একটা কৃষিনীতি নির্ধারণ করুন যাতে সারের দাম কমে, উৎপাদনের খরচ কমে, যাতে কৃষক সহজে সস্তায় ঋণ পায়। সেই সমবায়গুলোতে যে আন্দোলন জোরদার করা দরকার তার সম্পর্কে ভাবতে হবে সরকারকে। আমি বলতে চাই যে, তা না হলে কৃষি ব্যবস্থা মার খাবে, কৃষক মার খাবে। আবার আটা, ভূট্টা, মাইলা খাওয়া দিন শেষ হয়ে আসবে। কৃষির সঙ্গে যুক্ত যে ক্ষেত-মজুর তাদের জন্য কল্যাণকর আইন প্রবর্তন করা প্রয়োজন। আমি আশা করব সরকার সেটা নিয়ে ভাববেন। আমি বলতে চাই যে, দিশাহীন একটা বাজেট আয়-ব্যয়ের সমতাটা এর মধ্যে নেই। তথ্যভিত্তিক নয়, ফলে আমি এটাকে মেনে নিতে পারি না। এই কথা বলে আমি অধ্যক্ষা মহোদয়াকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয়া ম্যাডাম, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের গত ২৩শে মার্চ যে বাজেট বিবৃতি বিধানসভায় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের যে কাট-মোশন আছে সেগুলোর বিরোধিতা করছি। এবারকার বাজেটে পরিকল্পনা খাতে মাননীয় অর্থমন্ত্রী ২৩৩৭১.৪৪ কোটি টাকা ধার্য করেছেন যা গতবারের তুলনায় সাড়ে এগার পারসেন্ট বেশি। মূলত পশ্চিমবাংলার বেশিরভাগ মানুষই গ্রামে বাস করেন এবং কৃষি তাদের মূল উপজীবিকা। কৃষি খাতে যাতে আরও উন্নতি হয় সে দিকে লক্ষ্য রেখে তিনি বাজেটের বিভিন্ন দিক তৈরি করেছেন। আমরা এটা লক্ষ্য করে দেখেছি যে বর্তমানে পশ্চিমবঙ্গে কৃষি পণ্যের উৎপাদন যথেষ্ট মাত্রায় বেড়েছে। কিন্তু তারপরেও কৃষক ফসল বিক্রি এবং ফসল সংরক্ষণের সমস্যায় জর্জরিত হত। চাল সংরক্ষণের লক্ষ্যমাত্রা, যেখানে ৫০ হাজার মেট্রিক টন সংগ্রহ করার ব্যবস্থা ছিল সেটাকে বাড়িয়ে ১০ লক্ষ মেট্রিক টন করার লক্ষ্য রাখার ফলে কৃষক উপকৃত হবে।

[2.40 – 2.50 p.m.]

হ্যাঁ, কৃষক আত্মহত্যা করছে এটা ঠিক। কৃষক আত্মহত্যা করেছে দু-তিনজন। কিন্তু তার মূল কারণটা অন্য জায়গায় যুক্ত আছে ; সে কারণটা আপনাদের জন্যই। ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী থাকাকালীন কৃষির উন্নয়নের জন্য অনেক ব্যবস্থা নিয়েছিলেন। ব্লকগুলো যেমন স্থাপন করেছিলেন তেমনি প্রত্যেকটা ব্লকের সঙ্গে একটা করে কৃষি খামার তৈরি করেছিলেন। কিন্তু ৩৪ বছরে বামফ্রন্টের রাজত্বে সেই কৃষি খামারগুলো সব ধ্বংস হয়ে গেছে। এখন পশ্চিমবঙ্গকে আমাদের ভারতবর্ষেরই অন্যান্য রাজ্য থেকে বছরে এক হাজার কোটি টাকার বীজ আমদানী করতে হয়। কৃষক আত্মহত্যা করছে কেন ? কৃষিপণ্যের দাম পাচ্ছে কী পাচ্ছে না তা কৃষকের কাছে একটা সহনীয় ব্যাপার। কোনবার ফসলের দাম বাড়ে, কোনবার কমে। কিন্তু এই যে বীজ বাইরে থেকে আমদানী করতে হয়, অনেক সময় দেখা যায় সেই বীজে যে ফসল হওয়ার কথা তা আদৌ না হওয়ার ফলে কৃষক আরো বেশি ঋণগ্রস্ত হয়ে পড়ে এবং তার ফলে তাদের আত্মহত্যা করতে হয়। কিন্তু ৩৪ বছরে কৃষি খামার তৈরির দিকে কোনো লক্ষ রাখা হয়নি। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, আপনার বাজেটের মধ্যে দিয়ে যাতে আগামীদিনে আমাদের রাজ্যে কৃষি খামারের প্রসার হয় এবং আমাদের রাজ্যের কৃষক যাতে আমাদের রাজ্যের উৎপাদিত বীজ থেকে ফসল তৈরি করতে পারে, যার মধ্যে একটা নিশ্চয়তা থাকবে তাহলে তার একটা সুরাহা হওয়ার সম্ভাবনা থাকে।

ঠিক তেমনি ফসল বিক্রি করার ক্ষেত্রে শুধুমাত্র মিলগুলোর উপর নির্ভর না করে, আমরা এর আগে দেখেছিলাম যে, এফ.সি.আই. পশ্চিমবঙ্গ থেকে ধান কিনত কিন্তু বামফ্রন্ট সরকার সেই ব্যবস্থা তুলে দেয়। আমি আপনার কাছে অনুরোধ করব যেহেতু এখনও পর্যন্ত এত ধান কেনার মত মেশিনারি রাজ্য সরকারের তৈরি করা সম্ভব হয়নি স্বভাবতই

এস.সি.আই.-কে পুনরায় পশ্চিমবাংলায় ধান কেনার ব্যবস্থায় রত রাখা হোক যাতে কৃষকের ধান বিক্রি করার ক্ষেত্রটা আরো বিস্তৃত হয় এবং কৃষক ধান বিক্রি করার সুযোগ পায়।

কৃষির উন্নয়নের এবং সঙ্গে সঙ্গে আপনি কর্মসংস্থানের কথাও বলেছেন ; যাতে মূলত ৭ লক্ষ গ্রামীণ মানুষের কথা আছে। কিন্তু আমরা লক্ষ করে দেখেছি মহাত্মা গান্ধী এন.আর.ই.জি.এস. প্রোগ্রামের মাধ্যমে গ্রামের মানুষের কর্মসংস্থানের একটা বড় সুযোগ আছে। সেই সুযোগের সদ্ব্যবহার আগেরকার সরকার সঠিকভাবে করতে পারেনি। করতে না পারার যে কারণগুলো আমার মনে হয়েছে তার মধ্যে একটা হল বেশ কিছুটা রাজনীতিকরণ। আমাদের রাজ্যে ৯ কোটি মানুষের মধ্যে প্রায় দেড় কোটি পরিবার যারা গ্রামে বাস করে কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুযায়ী তাদের জব কার্ড দেওয়া উচিত ছিল। কিন্তু এখনও পর্যন্ত সমস্ত পরিবারকে জব কার্ড দেওয়া সম্ভব হয়নি। ফলে তারা কর্মসংস্থানের সুযোগ হারিয়েছে। আর তার সঙ্গে সঙ্গে এই কাজ করার জন্য যে মেশিনারি থাকা দরকার ছিল, পরিকাঠামো থাকা দরকার ছিল, অন্যান্য রাজ্যে সেই পরিকাঠামো তৈরি হয়ে যাওয়া সত্ত্বেও পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে আমাদের পঞ্চায়েতগুলোকে সেই পরিকাঠামো না থাকায় এই কাজগুলো রূপায়ণ করার ক্ষেত্রে একটা বিরাট বাধার সৃষ্টি হয়। যেখানে অন্যান্য রাজ্যে ১০০ দিনের জায়গায় ৭৫/৮০ দিন কাজ করানো গেছে পশ্চিমবাংলায় সেটা কোনো সময় ৩৫/৪০ দিনের বেশি হয়নি।

অতএব যদি ৭ লক্ষ গ্রামীণ কর্মসংস্থানের ব্যবস্থা রাখেন, তাহলে আপনার কাছে অনুরোধ করবো, পঞ্চায়েতগুলোর সিস্টেমটাকে, পরিকাঠামোটাকে যাতে উন্নয়ন করা যায়। পরিকাঠামোর উন্নয়ন করে যাতে কাজকর্মের সুযোগ করা যায়। ঠিক তেমনি জব কার্ড ইস্যুর ক্ষেত্রেও সেভাবে একটা রাজনীতিকরণ হওয়ার ফলে বেছে বেছে জব কার্ড দিতে গিয়ে, জব কার্ড ইস্যু করা হয়নি, সেটারও যাতে সরলীকরণ করে সঠিকভাবে ইস্যু হয়। সেদিকে আপনি লক্ষ রাখবেন। আপনি ডেভেলপমেন্ট খাতে বাজেট বাড়িয়েছেন। উন্নয়ন হবে একথা ঠিক, কিন্তু একটা জায়গায় আমাদের একটু আতঙ্ক হচ্ছে। আতঙ্ক এই কারণে, আমাদের আগেরকার যিনি অর্থমন্ত্রী ছিলেন, আমরা প্রত্যেকবারই দেখতাম, তিনি বাজেট পেশ করতেন। বিভিন্ন দপ্তরের জন্য যে বাজেট বরাদ্দ হতো, তিনি ঘাটতি শূন্য বাজেট দেখানোর পরেও বছরের শেষে দেখা যেত, প্রত্যেকটা গুরুত্বপূর্ণ দপ্তরের বাজেটের কমপক্ষে শতকরা ৩০-৩৫ ভাগ ডেভেলপমেন্ট ফান্ড, ডেভেলপমেন্ট বাজেট তাদের হয়ে যেত, যেহেতু টাকার কালেকশন করা যেত না। আমি আপনার কাছে সেই জায়গায় একটা অনুরোধ করবো, আপনি একজন পণ্ডিত লোক, আপনি পরিকল্পনা খাতে খরচ করার জন্য লক্ষ্যমাত্রা রেখেছেন, ২৩ হাজার ৩১৭ পয়েন্ট ৪৪ কোটি টাকা। কিন্তু এটা ঠিক যে ২২ হাজার কোটি টাকা আমাদের ঋণ এবং সুদের জন্য দিতে চলে যাচ্ছে। যার ফলে আগেরবারে যে লক্ষ্য রেখেছিলেন ৮ হাজার ২৯০ কোটি টাকা ঘাটতি—এই আশঙ্কা করেছিলেন। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে। সেটা ১৭ হাজার কোটি টাকার উপরে চলে গিয়েছিল। এক্ষেত্রে আয় বাড়ানোর ব্যাপারটার ক্ষেত্রে আপনি যেটার উপরে জোর দিয়েছেন,

আয় বাড়ানোর জন্য যে সমস্ত জায়গা যেমন—ভ্যাট বা আন্যান্য ব্যবস্থাগুলো আছে। সেই ব্যবস্থাগুলোকে সরলীকরণ করে মানুষ সহজে তার উপর ধার্য ট্যাক্স, সেই ট্যাক্স আদায় যাতে বাড়ে—সে দিকে লক্ষ্য রেখেছেন। ঠিক তার সঙ্গে 'গ্র্যান্ট-ইন-এডের' উপরেও আপনি জোর দিয়েছেন। 'গ্র্যান্ট-ইন-এড' ২০ হাজার ২৭৫ কোটি টাকা পাবেন বলে আশা করেছেন। কিন্তু তার সঙ্গে আশঙ্কাও করেছেন, আশঙ্কাটাও বাস্তব। আজকে সারা পৃথিবীতে একটা অর্থনৈতিক দুরবস্থা চলছে। প্রত্যেকটা দেশই অর্থনৈতিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তার ফলে ভারতবর্ষেরও রপ্তানি অনেক মার খাচ্ছে। ভারতবর্ষের সরকারেরও যা অর্থনৈতিক পরিস্থিতি তাতে এই 'গ্র্যান্ট-ইন-এড' সবটা পাওয়ার ক্ষেত্রে আপনি সফল হবেন কিনা তা নিয়ে চিন্তার ব্যাপার থাকছে। সেই জায়গায় আপনার ইনকামের দিকটা কিভাবে পূরণ হবে, সেটা সম্পর্কে আপনাকে চিন্তা-ভাবনা করতে বলবো। কারণ আপনি সাধারণ মানুষের উপর যাতে ট্যাক্সের বোঝা না বাড়ে সেজন্য ট্যাক্স বেশিরভাগ ক্ষেত্রেই বসাননি। যেটুকু ট্যাক্স ধার্য করেছেন, তা বিত্তবান মানুষের উপরেই। স্বভাবতই ট্যাক্সের বোঝায় মানুষ হয়তো ক্ষতিগ্রস্ত হবেন না কিন্তু যদি আয় সঠিক জায়গায় না পৌছায়, তাহলে আবার তো সেই পূর্বতন অর্থমন্ত্রীর মতো প্ল্যান বাজেট ছাঁটাই করতে হয়, তাহলে যে লক্ষ্যমাত্রা ধার্য করে আপনি এগোচ্ছেন, সেই জায়গায় পৌছানো যাবে না। আমি সেই জন্য এই ব্যাপারটা চিন্তা-ভাবনা করার জন্য বলবো। ঠিক তেমনই কৃষি বিপণনের ব্যাপারেও আপনি যথেষ্ট গুরুত্ব দিয়েছেন। কিন্তু আমরা দেখেছি, গত ৩৪ বছরে এই কৃষি বিপণন দপ্তরটা একটা ঘুঘুর বাসায় পরিণত হয়েছিল। প্রত্যেকটা জায়গায় রাস্তায় একটা করে বাঁশ লাগিয়ে দেওয়া হয়েছে। গাড়ি আটকে কৃষি পণ্যের টাকা আদায় করা হচ্ছে। কিন্তু এই উদ্দেশ্যে এই অর্থ আদায় করা হত, যে কৃষক তার উৎপাদিত ফসল সহজেই যাতে বাজারে নিয়ে যেতে পারে তার জন্য রাস্তাঘাট তৈরি করা। মূলত তার কিছুই হয়নি। সেইদিকে লক্ষ রেখে যাতে এই

[2.50 – 3.00 p.m.]

দপ্তরটি সুষ্ঠুভাবে পরিচালিত হয় এবং কৃষকদের জন্য যাতে পরিকাঠামো তৈরির সুযোগের ব্যবস্থা থাকে, সঠিকভাবে যাতে কাজে লাগানো যায় সেই ব্যাপারে আপনাকে আমি অনুরোধ করছি। শিল্পের ব্যাপারেও আপনাকে একটা উদ্বেগের কথা জানাচ্ছি—গত বছরের আগে বিধানসভায় আমি কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলাম। সেই সুবাদে এখানে যে শিল্পগুলোর কথা বলা হয়েছে তার মধ্যে 'মহাভারত' একটি। মহাভারতের ব্যাপারটাই মহাভারতের মতো। মহাভারতের যিনি মালিক তিনি এক সময়ে বামফ্রন্ট সরকারের খুব কাছের লোক ছিলেন, বন্ধু ছিলেন। আমরা যখন ওই মহাভারতে প্রকৃতপক্ষে কি উৎপাদন হচ্ছে বলে দেখতে যাব বলে ঠিক করলাম তখন একজন বড় সাংবাদিক, তিনি এখন আবার রাজ্যসভার সদস্য হয়ে গেছেন তিনি আমাদের টেলিফোনে অনুরোধ করলেন যে, আপনারা যাবেন দেখতে সেখানে ঠিকই কিন্তু হ্যাঁ কিছুই হয়নি সেখানে। যেহেতু তারা আমাদের খুব বন্ধু লোক এই ব্যাপারটা আপনারা রিপোর্টে কোনো উল্লেখ করবেন না। ঠিকই, সেখানে গিয়ে দেখলাম—সেখানে শুধুমাত্র একটা চালা তৈরি হয়ে আছে আর কিছুই

হয়নি। তাই সেই কারণে এই মহাভারতের যাঁরা মালিক তাঁরা আবার কি মহাভারত রচনা করবেন সেই নিয়ে আমার সন্দেহ আছে। আমি সেটা আপনাকে দেখার জন্য আনুরোধ করছি। ঠিক তেমনি ম্যাট্রিক্স হাব তৈরি করবে। আমাদের রাজ্যে সার কারখানা বন্ধ হয়ে গেছে। সার তৈরি করার জন্য নিশ্চয় তাঁদের উৎসাহ দিতে হবে। এই ম্যাট্রিক্স সার কারখানা তৈরির জন্য ১০ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্টের কথা বলা আছে। একটি বেসরকারি কোম্পানি, ১০ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট করবে। আবার ২০ বছরে রাজ্য সরকার সেই কোম্পানিকে ১০ হাজার কোটি টাকার সাবসিডি দেবেন। আমি পূর্বতন সরকারের যিনি শিল্পমন্ত্রী ছিলেন তাঁকে প্রশ্ন করেছিলাম যে, তাহলে এই সার কারখানা রাজ্য সরকার স্থাপন করলো না কেন ? যদি ১০ হাজার কোটি টাকা তাকে ফেরতই দিতে হয়, সাবসিডি দিতে হয় তাহলে কেন রাজ্য সরকার নিজেরাই এই সার কারখানা তৈরি করল না ? এইবারকার আপনার বাজেট বক্তৃতায় দেখলাম সেই শিল্প প্রতিষ্ঠানগুলোকেই প্রাধান্য দিয়ে বক্তব্য রাখা হয়েছে। আমি জানি না কিভাবে এরা পশ্চিমবঙ্গের শিল্পকে এগিয়ে নিয়ে যাবে। শিল্প স্থাপন করার ক্ষেত্রে যেটা বাস্তব দিক সেটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। বিদ্যুৎ একটা গুরুত্বপূর্ণ ব্যাপার—এই সম্পর্কেও আপনি সঠিক রাস্তা গ্রহণ করেছেন। কাটোয়াতে পি.ডি.সি.এল.-এর তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি করার কথা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে সমস্যা হওয়ার পর এন.টি.পি.সি.-কে এই সংস্থাটি হ্যান্ড ওভার করে দেওয়া হয়েছে। কিন্তু এন.টি.পি.সি.-কে এখনো পর্যন্ত কাগজে কলমে হ্যান্ড ওভার করা হয়নি। সেটা যাতে দ্রুত করা হয় তার জন্য আপনাকে অনুরোধ করছি। আর বিধায়ক এলাকা উন্নয়নের ব্যাপারে আপনাকে একটু চিন্তা-ভাবনা করতে বলবো। বিধায়ক এলাকা উন্নয়নের জন্য এক একজন বিধায়ক ৬০ লক্ষ টাকার সুপারিশ করতে পারেন কিন্তু এখন মেটারিয়ালসের দাম যেভাবে বেড়ে গেছে সেই জায়গায় এই টাকায় কিছুই হয় না। অন্ততপক্ষে যাতে বছরে ১ কোটি টাকা বিধায়করা তাদের তহবিল থেকে সুপারিশ করার সুযোগ পায় সেই ব্যাপারটা দেখার জন্য আপনাকে অনুরোধ করে যেহেতু আমার আর সময় নেই, আমার বক্তব্য আর দীর্ঘায়িত না করে আপনাকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম ধন্যবাদ।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১২-১৩ সালের আর্থিক বছরের যে বাজেট এখানে উপস্থিত করেছেন, এই বাজেটের উপরে আজকে দ্বিতীয় দিন বিতর্ক চলছে। ডঃ অমিত মিত্রের ২০১২-১৩ আর্থিক বছরের এই বাজেট, এই বাজেট অসম্পূর্ণ এবং অনিশ্চিত হচ্ছে বাজেট। কাজেই বাজেটকে সমর্থন করতে পারছি না। কেন সমর্থন করতে পারছি না সেটা পরে বলছি। তার আগে এই বাজেটটা প্র্যাকটিক্যালি কার, এই বাজেটটা কি তৃণমূলের বাজেট না এই বাজেট জোট সরকারের বাজেট ? বাজেটটা কার ? আমরা দেখলাম যেদিন উনি বাজেটটা পেশ করলেন এই হাউসে, সেই বাজেট পেশ করার পরে পরেই ওই জোট শরিক, তারা প্রতিক্রিয়া দিয়ে দিলেন। কি প্রতিক্রিয়া ? এই বাজেট হচ্ছে দিশাহীন, ইত্যাদি। এটা আমার কথা নয়। আরও প্রশ্ন উঠেছে, আরও প্রশ্ন উঠেছে এই বাজেটটা ডঃ অমিত মিত্র মহাশয়ের বাজেট না এই বাজেট মাননীয়া মুখ্যমন্ত্রীর বাজেট ? বাজেটটা কার এই প্রশ্নও

উঠেছে। আমরা কয়েকদিন আগে দেখলাম যে রেলের সমস্ত শ্রেণির ভাড়া বৃদ্ধি করার ফলে মাননীয়া মুখ্যমন্ত্রীর কোপে [*** ***] মহাশয়কে তাঁর মন্ত্রীত্ব খুইতে হল অর্থাৎ তাঁর মন্ত্রীত্ব চলে গেল।

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] নামটা বাদ যাবে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : আমি সেই জন্য বলছি যে মাননীয়া মুখ্যমন্ত্রী—তিনি এইবার খুব সতর্ক পদক্ষেপ নিয়ে যাতে করে মাননীয় অর্থমন্ত্রী সেই পথে না হাঁটেন, তার জন্য শক্ত পথে বগলদাবা করে এই বাজেটকে পাশ করিয়ে নিয়েছেন, এই বাজেট পেশ করেছেন এখানে। আমরা কি দেখলাম এই বাজেটে ? আমরা কি দেখলাম ? মাননীয় অর্থমন্ত্রী যখন—আপনারা যখন ক্ষমতায় আসলেন, ২০১১-১২, সেই সময়ে উনি বাজেটের নামে যে আর্থিক বিবরণী এখানে রাখলেন আমরা সেই আর্থিক বিবরণীতে দেখলাম যে তিনি রাজ্যের অতিরিক্ত রাজস্ব আদায় করবেন, তার জন্য লক্ষ্যমাত্রা ঠিক করলেন ত্রিশ শতাংশ। এইবার এই ত্রিশ শতাংশ লক্ষ্যমাত্রা নিয়ে তিনি অনেক প্রতিশ্রুতি সেদিনও দিয়েছিলেন। কিন্তু আমরা কি দেখলাম ? যে এই ত্রিশ শতাংশ অতিরিক্ত রাজস্ব আদায়—এই বছরের শেষে আমরা দেখছি তিনি কিন্তু আদায় করতে পারলেন না। কি আদায় করলেন—করলেন একুশ হাজার কোটি টাকা অর্থাৎ এই ত্রিশ শতাংশের অনেক নিচে। কত করলেন ? করলেন মাত্র ১৮ শতাংশ। তাহলে এই যে এই করণেই বলছি অসম্পূর্ণ এবং ওই যে বিরোধীরা বলছেন যে এটার কোনো দিশা নেই। এই বাজেটে এইবার ২০১২-১৩ সালের বাজেট এখানে উপস্থিত করেছেন, আপনারা কি বলছেন, আপনারা বলছেন যে এবারে ২৫ শতাংশ অতিরিক্ত রাজস্ব আদায় করবেন। এটা হচ্ছে আপনাদের লক্ষ্যমাত্রা। আপনারা যখন এই দশ মাসে, দশ মাস মানে নয় মাসের কিছু বেশি সময়ে যখন আপনারা আপনাদের লক্ষ্যমাত্রা ঠিক করতে পারলেন না তখন দেখা গেল, আপনাদের এই যে ঘাটতি হল বাজেটে, সেই ঘাটতির পরিমাণ কত ? সেই ঘাটতির পরিমাণ হচ্ছে ২৭৫৬ কোটি টাকা। এই যে ২৭৫৬ কোটি টাকা ঘাটতি, এই ঘাটতিকে মেটানোর জন্য আপনারা অর্থাৎ মাননীয় অর্থমন্ত্রী, তিনি বাজার থেকে ঋণ গ্রহণ করলেন। কত টাকা ঋণ ? ঋণ গ্রহণ করলেন সাড়ে সতেরো হাজার কোটি টাকা। বইয়েতে আছে দেখবেন। তিনি বলেছিলেন, গতবার আর্থিক বিবরণী দেওয়ার সময়ে বলছিলেন এবং এই ২০১২-১৩ সালে তিনি লক্ষ্যমাত্রা ঠিক করলেন যে তিনি ২৫ শতাংশ নিয়ে যাবেন। আমরা কি দেখলাম এই বাজেটে, কোথায় দিশা ? তিনি তাঁর লক্ষ্যমাত্রাই ঠিক করতে পারছেন না। তিনি যে লক্ষ্যমাত্রা ঠিক করছেন, তার ধারে কাছে যেতে পারছেন না। আর কি বলছেন ? বলছেন যে বিশাল ঋণের বোঝা আমরা নাকি আপনাদের উপরে চাপিয়ে দিয়েছি। আপনারা বলুন যে সময়ে আপনারা দায়িত্বভার নিয়ে, এই নয় মাসে এই যে সাড়ে সতেরো হাজার কোটি টাকা আপনারা ঘাটতি পূরণ করার জন্য বাজার থেকে ঋণ নিলেন সেই ঋণ আজকে সারা পশ্চিমবাংলায় যতগুলি রাজ্য আছে, তার থেকে অনেক বেশি।

*** 'উপাধ্যক্ষের আদেশাক্রমে বাতিল'

[3.00—3.10 p.m.]

আপনরা যে রাজস্ব আদায় করবার জন্য যে টার্গেট ঠিক করেছিলেন, সেই টার্গেট ১৮ শতাংশ মধ্যে থাকলে যা এই সময়ের মধ্যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে রাজস্ব আদায় এই মুহূর্তে বিভিন্ন। ভারতবর্ষের রাজ্যগুলিতে প্রায় ২২ শতাংশ—২৩ শতাংশ চলে গেছে। তাহলে আপনারা কি করবেন ? এই কারণেই বলছি এটা অনিশ্চিত বাজেট এবং অনিশ্চিত ভবিষ্যৎ। আজকে সেটা অনিশ্চিত এই কারণে এবারে আপনারা এই যে সরকারের নিজস্ব যে কর আদায়ের যে জায়গাগুলি রয়েছে সেই কর আদায়ের জায়গাগুলি বিশেষ করে আজকে মূল্যযুক্ত কর, রেভিনিউ স্ট্যাম্পের উপর কর, এই যে রাজ্য সরকারের আবগারি শুল্ক ইত্যাদি এর আপনারা সরলীকরণ করতে চেয়েছেন। আপনারা কিছু কিছু ক্ষেত্রে কর ছাড় দিয়েছেন, আপনারা কিছু কিছু ক্ষেত্রে কর ধার্য করেছেন। এসব করে ২৫ শতাংশ জায়গায় যাওয়ার টার্গেট করেছেন। পারবেন কি ? এবারে নতুন কোর্ড যুক্ত করেছেন। ৭০ দশকে কংগ্রেসীরা যখন ছিল তখন এই যে এন্ট্রি ফি বা প্রবেশ কর এই কর তখন তারা লাগু করেছিল। আমরা ৯৫ সালে বামফ্রন্ট সরকার এই কর প্রত্যাহার করে নিয়েছিল। আবার আপনারা লাগু করতে যাচ্ছেন। কিভাবে লাগু করবেন ? এই যে প্রবেশ কর এই বিভিন্ন রাজ্যে থেকে আমাদের রাজ্যে যে যে খাদ্যপণ্য থেকে শুরু করে অন্যান্য পণ্য আমাদের এই রাজ্যে প্রবেশ করবে তার উপর কর ধার্য আছেই আবার তার উপর প্রবেশ কর যুক্ত করছেন। অর্থাৎ করের উপর কর চাপাচ্ছেন। ফলে সেই সমস্ত পণ্যের উপর যখন এন্ট্রি ফি ধার্য করবেন একদিকে জিনিসপত্রের দাম বৃদ্ধি হবে আর অন্যদিকে এই কর যে আদায় করবেন স্বচ্ছতা রাখতে পারবেন ? মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা। যখন ৭০ দশকে লাগু করেছিল তখন তো অনেক অফিস ছিল। হাওড়া, উলুবেড়িয়া, বারাসাত, মগরাহাট ছিল। সেই অফিসগুলি চুঙ্গি কর কালেকশন করত, টোল ট্যাক্স কালেকশন করত এবং সেই টোল কালেকশন করে সেই টাকা আদায় করবার ক্ষেত্রে তার কি পরিমাণ ঘাটতি আপনি পূরণ করবেন তার দিশা কিন্তু আপনি বাজেটে রাখেননি। এন্ট্রি ফি বা প্রবেশ কর আপনি যে কর ধার্য করেছেন এটার জন্য খুব স্বাভাবিকভাবেই জিনিসপত্রের দাম বাড়বে। একটা করে যে কৃষাণমাণ্ডি যে প্রত্যেকটা ব্লকে চালু করতে যাচ্ছেন ইতিমধ্যে সারা রাজ্য জুড়ে যতগুলি কৃষি বাজার আছে অর্থাৎ রেগুলেটেড মার্কেট আছে সেই মার্কেটগুলোতে কৃষিজাত পণ্য সেখানে আসে এবং বিক্রি হয়। শুধু কৃষিজাত পণ্যই নয়, কৃষিজাত পণ্য ছাড়াও সেখানে অন্যান্য পণ্য আসবে। তাহলে ওই মার্কেটগুলোতে রেগুলেটেড মার্কেট অ্যাক্ট অনুসারে সেখানে ওয়ান পারসেন্ট কর ধার্য করা হয়। তাহলে এই ধরনের বাজার কৃষাণ মাণ্ডিতে তৈরি করে কৃষক বাজার তৈরি করেন আর সেখানে যদি এক শতাংশ হারে কর ধার্য করেন তাহলে সেখানে ট্যাক্স বাড়িয়ে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হল। আপনি তো সেই রাস্তাতেই গেলেন। আর আপনি বলছেন কৃষাণ মাণ্ডি তৈরি করে যেখানে সাত হাজার কর্মসংস্থান করবেন। কি করে করবেন ? যেখানে পরিসংখ্যান বলছে যে আমাদের পশ্চিমবাংলায় এই যে কৃষি জমি আছে সেই জমির পরিমাণ মানুষের লোকসংখ্যার বিচারে

অপ্রতুল। অর্থাৎ কৃষির সঙ্গে যুক্ত মানুষের সংখ্যা অনেক বেশি। সেখানে আপনি এত মানুষের কর্মসংস্থান সৃষ্টি কি করে করবেন ? যেখানে কর্মসংস্থান হওয়ার সুযোগ আছে, আপনি সেখানে গেলেন না। গ্রামোন্নয়ন দপ্তর, যেখানে কর্মসংস্থানের সুযোগ আছে, নগরোন্নয়ন দপ্তর, সেচ ও জলপথ দপ্তরে টাকা বরাদ্দ করে কর্মসংস্থান সৃষ্টির জায়গায় গেলেন না। এই সমস্ত দপ্তরগুলোতে আপনি কোথাও বলেছেন ১১ লক্ষ কর্মসংস্থান করবেন। খুব সঠিকভাবেই আজকে বাজেট বিতর্কে প্রথম যিনি অবতারণা করেছেন আমাদের বিরোধী পক্ষের পক্ষ থেকে মাননীয় প্রবোধ সিন্‌হা মহাশয়, তিনি পরিষ্কারভাবে বলেছেন যে, আপনারা কর্মসংস্থানের কথা বলছেন, আপনারা এটা কি করে পূরণ করতে পারবেন। আপনি কৃষিতে কি করে করতে পারবেন ? তার দিশা কিন্তু নেই। খুব স্বাভাবিক কারণেই এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে বাংলাকে আপনারা সেইদিকে নিয়ে যাচ্ছেন, অনিশ্চিত ভবিষ্যতের দিকে নিয়ে যাচ্ছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী অজস্র প্রতিশ্রুতি দিয়েছেন আর্থিক বিবরণী পেশ করার পরেও। এবার মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন, তার পরেও মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন যে পাঁচ বছরে আপনরা ৫০ বছরের কাজ করবেন। কিভাবে করবেন ? আপনাদের কাজের নমুনা বলছি। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য এই আর্থিক বছরে ২০০ কোটি টাকা ধার্য করেছেন। ইতিমধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী ৮৪টি প্রকল্প ঘোষণা করেছেন। এই ৮৪টা প্রকল্পের মধ্যে তিনি ঘোষণা করেছেন উত্তরবঙ্গের সমতলে ৫টি হাসাপাতালের উন্নত পরিকাঠামো তৈরি করবেন এবং সেই সঙ্গে শিলিগুড়ি মহকুমা হাসপাতালের পরিকাঠামো উন্নয়ন করবেন। অর্থাৎ ৬টি হাসপাতাল। তার জন্য টাকা ধরেছেন। এখনও বলছেন গ্রাম সড়ক, ব্রিজ, কালভার্ট ইত্যাদি উন্নয়ন করবেন। কোচবিহারে কৃষি বিশ্ববিদ্যালয় করবেন। তার জন্য টাকা ধরেছেন। বালুরঘাটে নাট্য অ্যাকাডেমি কেন্দ্র করবেন, তার জন্য টাকা ধরেছেন। এই ৮৪টা প্রকল্প, একটা দুটো নয়, আপনারা বলতে পারবেন ২০০ কোটি টাকার বিনিময়ে যে ৮৪টা প্রকল্প ঘোষণা করেছেন, একটাও হয়েছে ? একটা প্রকল্প করতে পেরেছেন ? করতে পারেননি। গত আর্থিক বছরে ২০১১ সালের ডিসেম্বর মাসে আমাদের রাজ্যে ১১টি পিছিয়ে পড়া জেলার পরিকাঠামো উন্নয়নের জন্য, এটা কেন্দ্রীয় প্রকল্প, সেই টাকা এখানে ধার্য করেছে। আপনরা সেই টাকার প্রথম কিস্তি অর্থাৎ ২ হাজার ২৫১ কোটি টাকা, মোট ৮ হাজার ৭৭১ কোটি টাকার মধ্যে ২ হাজার ২৫১ কোটি টাকা আপনরা খরচ করতে পারেননি। কিমশনের সদস্য সেক্রেটারি এসেছিলেন, এসে তিনি এই টাকার ইউ.সি. চাইছিলেন। এখন পরিকল্পনা রূপায়ণকারী যে দপ্তরগুলি আছে, তারা জানেই না যে গত ডিসেম্বর মাসে ২০১১ সালে এই টাকা এসেছে পরিকাঠামো উন্নয়নের জন্য ১১টি জেলার। সেই টাকা আপনারা খরচ করতে পারেননি। আপনারা ৫ বছরে ৫০ বছরের কাজ করবেন ? কিভাবে করবেন ? এত ধাপ্পাবাজি মানুষ কিন্তু মেনে নেবে না।

এই বি.আর.জি.এফ.-এর টাকা আপনারা খরচ করতে পারেননি। আপনারা বলছেন গণবন্টন ব্যবস্থা সুদৃঢ় করবেন। মাননীয় খাদ্যমন্ত্রী খুব পদক্ষেপ নিলেন, ভুয়ো রেশনকার্ড

ধরার খুব চেষ্টা করলেন, অনেক ডিলার, যারা দুর্নীতির সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে পদক্ষেপ নিলেন। কিন্তু এখন কোথায় গেলেন। তিনি তো ইন্সপেক্টর রাজ বন্ধ করার জন্য উঠে পড়ে লেগেছিলেন, কিন্তু পেরেছেন কি ?

[3.10 – 3.20 p.m.]

তিনি দক্ষিণ দিনাজপুরে গিয়ে সব দেখে এসেছেন। দক্ষিণ দিনাজপুর পিছিয়ে পড়া জেলা, সেখানে রেশনের খাদ্যদ্রব্য আনতে হয় মালদার রেক থেকে, কেন না দক্ষিণ দিনাজপুরে কোনো রেক নেই। এর ফলে গ্রাহকরা নিয়মিতভাবে রেশনের দ্রব্য পান না, তাদের সাংঘাতিকভাবে হয়রানির মধ্যে পড়তে হয়। তিনি সেখানে গিয়ে কথা দিয়ে এসেছিলেন যে, দ্রুত ওখানে গোডাউন তৈরি করে দক্ষিণ দিনাজপুরে রেশন দ্রব্যের যে অনিয়মিত সরবরাহ হচ্ছে তা বন্ধ করবেন। কিন্তু এখনও পর্যন্ত সেখানে গোডাউন তৈরির কাজে হাত দেননি এবং গ্রাহকরাও ঠিক সময়মতো রেশনের মাল পাচ্ছেন না।

আপনারা তিস্তার কথা বলছেন। তিস্তা প্রকল্প এখন জাতীয় প্রকল্প। এতে ৯০ ভাগ টাকা খরচ করবে কেন্দ্রীয় সরকার, ১০ ভাগ খরচ করবে রাজ্য সরকার। এই ৩২০ কোটি টাকা ২০১২ সালের ৩১শে মার্চের মধ্যে খরচ করতে হবে, যদি খরচ না হয় তাহলে অনুদান হিসাবে পাওয়া কেন্দ্রের এই যে টাকা, সেটা ঋণ হিসাবে ধার্য হবে। আপনারা এক ছটাক জমি অধিগ্রহণ করে তিস্তার কাজে এগোতে পেরেছেন ? আপনারা বলছেন ৫ বছরের কাজ করবেন। আজকে উত্তরবঙ্গের পাঁচটা জেলা অবহেলিত হচ্ছে। তিস্তা প্রকল্পের জন্য আগের সরকার সাড়ে চার হাজার একর জমি অধিগ্রহণের জন্য ঠিক করে দিয়েছিল, কিন্তু আজ পর্যন্ত আপনারা তাতে হাত দিতে পারলেন না।

আজকে আপনারা বলছেন ৮০ হাজার কোটি টাকার বিনিয়োগের কথা। বিনিয়োগকারী ১২৮ জন, কিন্তু আজকে সকালে মাত্র ১৪ জন বিনিয়োগকারীর কথা বললেন। এখনও তো আপনারা জমি নীতি ঠিক করতে পারলেন না। বলছেন জমির দায়িত্ব আপনারা নেবেন না, বিনিয়োগকারীরাই জমি খুঁজে নিক। শিল্প আপনারা বলছেন, কিন্তু চাইছেন না। তাহলে কর্মসংস্থান হবে কি করে ? তাই এই দিশাহীন, অসম্পূর্ণ বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০১২-১৩ সালের বাজেট বিবৃতিকে পূর্ণ সমর্থন করে আমি দু-একটি কথা বলব। একটু আগেই শুনলাম ৩৪ বছরের পাপের বোঝা যাঁরা আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে গেছেন তাঁদের কথা। যে অবস্থায় তাঁরা আমাদের দিয়ে গেছেন, যদি নিলাম ডাকা হতো তাহলেও বোধহয় এই সরকারকে কেউ নিত না। আজকে খরচ করে গেছে। লাগে টাকা দেবে গৌরী সেন। এইভাবে ওরা দেদার খরচ করে গেছেন। কোনো উন্নয়নমূলক প্রকল্প গত ৩৪ বছরে আমরা দেখতে পাইনি। একটা জিনিস আমাদের কাছে খুব পরিষ্কার যে আজকে ২২ হাজার কোটি টাকা রিজার্ভ ব্যাঙ্ক সরাসরি আমাদের কাছ থেকে কেটে নিচ্ছে। এর দায়

কাদের ? এটা কাদের জন্য হয়েছে ? প্রবোধবাবু বড়বড় কথা বলছিলেন যে অন্য রাজ্য নেয়। এই ২২ হাজার কোটি টাকা রিজার্ভ ব্যাংক কাটার জন্য মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, ওদের বোঝা থেকে পুনর্গঠন করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি কিন্তু আমাদের সেই চেষ্টা ব্যর্থ হচ্ছে। যে সমস্ত বিরোধী দলের বন্ধুরা বললেন একবারও তো বললেন না 'আমাদের পাপের বোঝাটা আপনাদের চাপিয়ে দিয়েছি, চলুন না দিল্লিতে আপনাদের সঙ্গে দরবার করছি যাতে এই টাকা কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাংক থেকে না কাটে। সমালোচনা করা যায়। এইভাবে আজকে যে অবস্থা আপনারা পশ্চিমবাংলায় এনেছেন আমি নর্মদাবাবুর কথা দিয়ে শুরু করি উত্তরবঙ্গে উন্নয়ন—উত্তরবঙ্গের একজন জায়গীর দিয়েছিলেন এক কমরেডকে তিনি গোটা উত্তরবঙ্গটা দেখতেন উত্তরবঙ্গের উন্নয়ন তিনি করেননি। তিস্তা ব্যারেজের কথা ছেড়ে দিন। আমাদের সরকার মাননীয় অর্থমন্ত্রী দুশো কোটি টাকা বরাদ্দ করেছেন। পাহাড়ের জন্য ১১৮ কোটি টাকা বরাদ্দ করেছেন। দেখুন না কাজ হয় কিনা। এত অতিষ্ঠ হবে কি ? আপনারা তো সেই মাছকে জল থেকে তুললে যেমন ছটফট করে আজকে আপনারা ৩৪ বছর পরে ডাঙ্গায় এসেছেন ছটফট করছেন কখন আমার জলে ফিরে যাবেন, সে চেষ্টা ব্যর্থ। সে স্বপ্ন ব্যর্থ। আপনাদের হবে না কিছু। শুনে যান, দেখে যান। আপনি বললেন মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতার সময়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে বাজেট পেশ করেছেন। এর আগে প্রাক্তন অর্থমন্ত্রীকে দেখেছিলেন ? আমরা তো দূরদর্শনে দেখতাম বগলে ফাইল নিয়ে পাশে মুখ্যমন্ত্রীকে নিয়ে এখানে ঢুকতেন। তখন ভাবতেন না যে কেন এটা হয়েছে। আজকে সমালোচনা হচ্ছে অর্থমন্ত্রী নিশ্চয়ই আলোচনা করবেন মুখ্যমন্ত্রীর সঙ্গে। সরকার তো দায়বদ্ধ। আলোচনা হবে না ? মুখ্যমন্ত্রীর কাছে জবাবদিহি করতে হবেই। আজকে শুনুন যেভাবে আমরা কাজটা এগিয়ে নিয়ে যেতে চাইছি আমাদের সরকার সেই অনুযায়ী আপনাদের সামনে বাজেট পেশ করেছেন। আজকে কিষাণ ক্রেডিট কার্ড। প্রবোধবাবু বলছিলেন আপনাদের সময়ে ছিল। ভালো কোন অসুবিধা নেই। কিন্তু কিষাণ ক্রেডিট কার্ডের ব্যাপারে আমাদের সরকার যে কৃষি উৎপাদন ক্ষেত্র। অপ্রচলিত খাদ্যশস্য উৎপাদন গবেষণা প্রদর্শনের ব্যবস্থা করা হবে। এ রাজ্যে ৭০ পার্সেন্ট মানুষ মা মাটি মানুষের সরকার যাদের প্রতিনিধিত্ব করছেন। আপনাদের বলেছি যে ধাপ্পাবাজি নয়। পি.এল. অ্যাকাউন্ট তৈরি করে কোটি কোটি টাকা নয়ছয় করার ব্যবস্থা নয়, মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষক আমাদের গৌরব, কৃষি আমাদের সম্পদ এই জন্য কিষাণ কার্ড। কৃষি দপ্তরের বরাদ্দ প্রায় ১৮ শতাংশ বৃদ্ধি করেছেন। কৃষি বিপণন দপ্তরের বরাদ্দ বৃদ্ধি করেছেন ৩১৮ শতাংশ। অকুণ্ঠ ধন্যবাদ মাননীয় অর্থমন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রীকে। স্যার, স্বাস্থ্য। কি অবস্থা ছিল স্বাস্থ্যের। আপনাদের স্বাস্থ্যগুলো বেড়েছে, তৈরি হয়েছে। হসপিটালে গেলে, স্বাস্থ্য কেন্দ্রগুলোতে গেলে সেখানে তুলো পাওয়া যেত না, ব্যান্ডেজ পাওয়া যেত না। ওষুধ পাওয়া যেত না। সেই অবস্থায় স্বাস্থ্য ব্যবস্থাকে পঙ্গু করে দিয়ে আপনারা কি করে গিয়েছেন ? নার্সিং হোম তৈরি করেছেন। যারা বড় বড়

[3.20—3.30 p.m.]

মানুষ আছেন, তাদেরকে নার্সিং হোম করার জন্য আপনারা গভর্নমেন্ট থেকে স্পনসর করেছেন। স্বাস্থ্য দপ্তরকে আপনারা পঙ্গু করে দিয়েছেন। সেই স্বাস্থ্য দপ্তরকে উন্নত করার

চেষ্টা হচ্ছে। আমরা স্বাস্থ্য ব্যাংক প্রকল্প গড়েছি। ওষুধের উপরে ব্যয়বরাদ্দ দ্বিগুণ বৃদ্ধি করা হয়েছে এবং জীবনদায়ী ওষুধের ব্যবস্থা করেছি। পার্টি অফিস নয়, স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ বৃদ্ধি হয়েছে ১৭৮ কোটি টাকা যা ২০ শতাংশ। আর রেশন কার্ডের কথা ছেড়েই দিলাম। আপনারা সংবাদপত্রে দেখতেই পাচ্ছেন। কালকেও দেখবেন প্রাক্তন খাদ্যমন্ত্রীর কি অবস্থা হচ্ছে। ভুয়ো রেশন কার্ড ভরিয়ে দিয়ে গেছেন। বিভিন্ন রেশন দোকানগুলিতে আপনাদের নিজেদের একচ্ছত্রভাবে প্রভাব বিস্তার করে সেখানে অনেক কেলেঙ্কারীর কথা আমরা এখন রোজকার সংবাদপত্রে পড়ছি। আজকে আমরা সেটাকে নতুন করে সাজাতে চাইছি। এই রেশন দোকানে কার্ড যাতে ভুয়ো না থাকে, সেই রেশন কার্ডের ব্যাপার নিয়ে জনসাধারণের যে উষ্মার বিস্ফোরণ যেটা হয়েছিল সেটাকে আমরা ডিজিটাল রেশন কার্ডে পরিবর্তন করতে চলেছি। বোঝেন নর্মদাবাবু ! এটা কমপিউটার নয়। মাননীয় তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু যখন চিৎকার করেছিলেন না কমপিউটার ঢুকতে দেব না, আমার বুকের উপর দিয়ে বসবে। আবার ভুল করে যেন ডিজিটাল রেশন কার্ডকে কমপিউটার বলে মনে করবেন না। তাহলে কিন্তু আবার একটা বিপদ ডেকে আনবেন আপনারা। আমরা এই ডিজিটাল রেশন কার্ডের মাধ্যমে ভুয়ো রেশন কার্ড ধরার চেষ্টা করছি। ডিজিটাল রেশন কার্ড যতে প্রকৃত মানুষের কাছে যায়, তাই আমরা তাকে চেষ্টা করে ইনট্রোডিউস করছি। এর আগে আপনাদের অনেক ভুল হয়েছে। যে ভুলের আপনারা বারবার খেসারত দিতে দিতে আজকে আপনারা ২৩৪ থেকে ৪২-এ এসে দাঁড়িয়ে গেছেন। সংখ্যালঘুদের জন্য আমরা কি ধরেছি। ? বরাদ্দটা কি কম হয়েছে ! একবারও বললেন না তো ! দু হাজার এক সালের সেনসাসে আমাদের এখানে লোক ছিল ২৬.২৭ শতাংশ লোক। সেখানে পূর্বতন আপনাদের সরকারের সময়ে আপনারা কতখানি কদর্য রাজনীতি শুরু করেছিলেন। এই ওয়াকফ কেলেঙ্কারী থেকে শুরু করে চূড়ান্ত তছরূপ সংখ্যালঘুদের সম্পত্তি নিয়ে করেছেন। একাধিক মাদ্রাসা ও আলিয়া বিশ্ববিদ্যালয়—বাজেট বরাদ্দের পরিমাণ আমরা বাড়িয়েছে ৭০ শতাংশ। ৩৩০ কোটি থেকে বেড়ে হয়েছে ৫৭০ কোটি। এগুলি বলুন ! শুধু সমালোচনা, এগুলি কি কিছু নয়, উন্নয়নের কোনো কাজ নয় ! আপনাদেরকে এবারে একটু শিক্ষা দিই। শিক্ষাটাকে কোন অবস্থাতে এনেছিলেন আপনারা। বিগত ৩৪ বছরে বামফ্রন্ট সরকার এ রাজ্যে মেধাবী মানব সম্পদের অপব্যবহার করেছেন। প্রাথমিক ভাষা থেকে ইংরাজিটাকে তুলে দিলেন। গোল্লায় দিলেন একটা যুগের ছাত্র-ছাত্রীদেরকে। তারা গোল্লায় চলে গেল। ইংরাজি শিখতে পারল না। পরে আবার ভুল সংশোধন করে নিলেন। প্রথমে বললেন এই রকম ভুল সারাজীবনে অনেক করেছেন। বুর্জোয়া কবি রবীন্দ্রনাথ থেকে শুরু করে নেতাজি হচ্ছেন কুইজলিং, তিনি হচ্ছেন জাপানের তোজোর কুকুর, ইত্যাদি অনেক কথা বলেছেন এবং পবে সংশোধন করে বলেছেন যে, না ওটা আমাদের ভুল হয়েছে। আমাদের এই রাজ্যের অনেক সম্ভাবনা ছিল শিক্ষাক্ষেত্রে। কিন্তু তা সত্ত্বেও আমাদের ছেলেরা এখান থেকে বাইরের রাজ্যে পড়াশোনা করতে যেত। রাজ্যের আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিকে আপনারা অপদার্থ সংস্থাতে পরিণত করেছিলেন। এবং এই কারণে এখানে নিয়োগকর্তা ও কর্মপ্রার্থীর সরাসরি যোগসূত্র

তৈরি করার জন্য আমরা এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরি করছি। মাননীয় শ্রমমন্ত্রী এখানে আছেন। আপনারা দেখবেন এখানে এখন নিয়োগকর্তা ও কর্মপ্রার্থীর সঙ্গে সরাসরি যোগসূত্র হবে। দুঃখিত কমরেড বন্ধুরা চাকরি পাওয়ার জন্য আর আপনাদের কাছে কেউ দরবার করতে যাবে না। এখন ডাইরেক্ট যে এমপ্লয়মেন্ট ব্যাংক হচ্ছে তাতে স্বচ্ছ ও ইন্টারনেটের নির্ভর এই এমপ্লয়মেন্ট ব্যাংক হবে। আশা করব আপনরা যেন অপরিসীম ক্ষতির জন্য সেই হরতাল ডেকে আবার সাধারণ মানুষকে কষ্ট দেবেন না। এবার আসছি ক্রীড়ার ব্যাপারে যেটা আপনাদের খুব দুঃখের কারণ হয়েছে। আপনাদের গায়ের জ্বালা ধরছে। জঙ্গলমহলের ছেলেরা ফুটবল খেলবে ! জঙ্গলমহলের ক্লাবের ছেলেরা দুই লক্ষ টাকা পাবে ! এটা কি সম্ভব ? আপনারা তো জঙ্গলমহল নিয়ে ফুটবল খেলেছিলেন এতোদিন জঙ্গলমহলটাকে বাঁচিয়ে রেখে। আজ ক্রীড়া দপ্তর মাত্র কয়েক মাসে মমতা ব্যানার্জীর নেতৃত্বে, মদন মিত্রের ক্রীড়া দপ্তর আজকে মিরাকেল করে দিয়েছে পশ্চিমবাংলায়। প্রত্যেকটা যুবক, আজকে সুঠাম যুবক গ্রামে গ্রামে খেলছে, তারা ২ লক্ষ করে টাকা পেয়ে উৎসাহিত হয়েছে। তারা আজকে পরিষ্কারভাবে—এখানে আমি বললাম, যেখানে জঙ্গলমহলের মতো জায়গা, সেখানেও কিন্তু আমরা বলেছি, শুধু খেলার ফুটবল দিচ্ছি না, সরঞ্জাম দিচ্ছি না, ২ টাকা কেজি চালের ব্যবস্থাও আমরা করে দিয়েছি। আপনারা জঙ্গলমহলের জঙ্গলে ঢুকতেন না। পাহাড়ে উঠতে ভয় পেতেন, আজকে বুঝুন। আজকে যে অবস্থাতে আপনারা এসেছেন, আমি বলছি যে, বাজেটে বিভিন্ন খাতে আমাদের যে আর্থিক অনুদান মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন, এই খাতে বিভিন্ন বিশ্ববিদ্যালয় গড়ে উঠছে। আমাদের নতুন ক্যাম্পাস তৈরি হচ্ছে, চারটি সাধারণ ডিগ্রি কলেজ হবে। কোচবিহার জেলায় নতুন বিশ্ববিদ্যালয় হবে, ৫টা আদর্শ ডিগ্রি কলেজ হবে, ৫টা আদর্শ সরকারি কলেজ হবে। দেখুন না। আপনাদের মতো এই ঋণের বোঝা আমরা কারোর ঘাড়ে চাপাবো না, অবশ্য আমরা এখন যাচ্ছি না, আমরা এখন ৩৪ বছর থাকছি, তারপর ভাবা যাবে। আপনারা যে ঋণের বোঝা করে গিয়েছেন, সেই ঋণের বোঝায় কিভাবে মাননীয় অর্থমন্ত্রী এতো সুন্দর বাজেট পেশ করলেন, যেখানে ২২ হাজার কোটি টাকা ডাইরেক্ট ব্যাঙ্ককে দিতে হচ্ছে। সেই অবস্থায়ও একটা উন্নয়নের ধারা উনি বহাল রেখেছেন এবং সুন্দরভাবে আজকে রাজ্যকে সাজাবার চেষ্টা করছেন মমতা ব্যানার্জীর নেতৃত্বে। মা-মাটি-মানুষের সরকার এইভাবেই এগিয়ে যাবে, নমস্কার।

....(হৈ-চৈ)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : শুনুন আমি একটা কথা বলি, গত কয়েকদিন ধরে প্রসেডিং-এ যা আসছে, তাতে চাপরাসি থেকে শুরু করে অনেক কথাই শোনা যাচ্ছে। প্লিজ বি সিটেড।

শ্রী গোকুল রায় : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, গত ৩০শে মার্চ আমাদের অর্থমন্ত্রী ২০১২-১৩ সালের যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না।

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ আশীষ ব্যানার্জী, ডু নট্ ডিস্টার্ব। মিঃ গোকুল রায় আপনি বলুন।

[3.30—3.40 p.m.]

শ্রী গোকুল রায় : কারণ, এই বাজেটে কোনো নতুন দিশা নেই, আছে শুধু শ্লোগান আর চমক। আমি প্রথমেই যেটা বলতে চাই, কৃষি বিপণন দপ্তরের যে কিষাণ মান্ডি, সেই ব্যাপারে যেটা বলা আছে যে, প্রতিটি ব্লকে একটি করে কিষাণ মান্ডি হবে। সেই ব্যাপারে আমি বলতে চাই, আমাদের রাজ্যের সাথে অন্য রাজ্যের তুলনা করলে দেখা যাবে, আমাদের কিষাণ মান্ডির কনসেপ্টটা একটি অন্য ধরনের। কারণ, বেশিরভাগ হচ্ছে ক্ষুদ্র ও প্রান্তিক চাষি। তাদের জমির পরিমাণ ১০ কাটা থেকে দুই বিঘা, তিন বিঘা। কিন্তু অন্যান্য রাজ্যের কৃষকদের এই রকম ৫-১০ বিঘা নয়, অনেক বেশি জমি আছে। কাজেই তাদের কৃষি পণ্য যা আছে, তারা বহু দূর-দূরান্তে নিয়ে যেতে পারে। কিন্তু আমাদের ক্ষুদ্র-প্রান্তিক চাষি, তাদের ২৫-৩০-৪০ কিলোমিটার দূরে কিষাণ মান্ডিতে নিয়ে যাওয়ার ক্ষমতা নেই। কাজেই এখানে আমি মনে করি যে, এখানে আমাদের রাজ্যে যে প্রায় ৩২০০ ছোটো ছোটো হাট-বাজার আছে, সেইসব হাট-বাজারের মধ্যে কিছু কিছু বেছে নিয়ে যদি কৃষকের উৎপাদিত ফসল বিক্রির জন্য কিছু মার্কেটিং-এর ব্যবস্থা করা যায়, তাহলে কৃষকরা উপকৃত হ'ত এবং এই ব্যাপারে আমি আরেকটা সাজেশন রাখবো—তার আগে এই কিষাণ মান্ডির ব্যাপারে আরেকটা কথা বলে নিই, বিগত কংগ্রেস আমলে ঠিক এই কনসেপ্টের ওপর তার বড় বড় রেগুলেটেড মার্কেটের হোলসেল মার্কেট ইয়ার্ড করতো। আমাদের জেলা উত্তর দিনাজপুরে চাণ্ডোল বলে একটা জায়গা আছে, সেখানে বিশাল আকারে এই রকম করা হয়েছিল। কিন্তু সেটা পড়েই আছে। সেটা কিন্তু কোনো কৃষকের কাজে আসেনি। আমি কৃষির ব্যাপারে কিছু প্রস্তাব রাখছি। বর্তমানে কৃষকের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে কৃষি উপকরণের মূল্য।

আজকে আমরা কি দেখতে পাচ্ছি, এমনিতে সারের দাম বেশি, তারপরে সারের মধ্যে কালোবাজারি হয়, ভেজাল সারও বিক্রি হয়। ডিজেল থেকে আরম্ভ করে সব জিনিসের দাম বেশি। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে না হলেও তিন, চারটি গ্রাম পঞ্চায়েত মিলে একটা করে কৃষি পরিষেবা কেন্দ্র যদি করা যায়, যেখান থেকে কৃষক ন্যায্য মূল্যে এবং সঠিক দামে রাসায়নিক সার, Pesticide পাবে, ডিজেল কিনতে পারবে, তারা ট্রাক্টার নিতে পারবে, এমনকি তারা সয়েল টেস্ট করতে পারবে। এইসব সুবিধা যদি থাকে, তাহলে কৃষক তার চাষের উপকরণগুলো নিশ্চিতভাবেই কিনতে পারবে এবং উপকৃত হবে। আমি এখানে পাটের ব্যাপারে বলতে চাই, পশ্চিমবঙ্গের অর্থকরী ফসল হচ্ছে পাট, এখানে মিনিমাম সাপোর্ট প্রাইস ছিল TT-5 ১৭১৩ টাকা। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে বলেছিলেন এই মিনিমাম সাপোর্ট প্রাইসটাকে বাড়ানোর জন্য এবং উনি এটাও বলেছিলেন যে অ্যাডিশনাল সাপোর্ট প্রাইস প্রতি কুইন্টালে ১০০ টাকা করে ঘোষণা করেছিলেন। বাজেটে যদি এটা থাকতো যে ১০০ টাকা করে পাট চাষিদের অ্যাডিশনাল সাপোর্ট প্রাইস, আমাদের রাজ্য সরকারের এই সাপোর্ট প্রাইস বাবদ যেটা গেছে সেটা বাজেটে থাকলে ভালো হতো। এবার আমি আসি উর্দু ভাষার ব্যাপারে। বর্তমান সরকার

সিদ্ধান্ত নিয়েছেন যেখানে ১০ শতাংশ উর্দুভাষি মানুষ বসবাস করবে, সেখানে উর্দুকে সরকারি ভাষা হিসাবে মর্যাদা দিতে হবে। আপনারা এটা বলেছেন, কিন্তু এটার বাস্তবায়নে বা রক্ষণের কোনো পদক্ষেপ নাই। আমার জেলা উত্তরদিনাজপুরের ইসলামপুর সাব ডিভিশনে ১০ শতাংশ বেশি উর্দুভাষাভাষি মানুষ বাস করে। কিন্তু সেখানকার উর্দুভাষি মানুষের লেখাপড়ার জন্য কোনো স্কুল কলেজ করার কোনো উদ্যোগ নাই। সবচেয়ে বেশি অসুবিধা হচ্ছে যে সরকারি অফিসে ক্লার্ক, টাইপিষ্ট, বিভিন্ন দপ্তরে যে উর্দুভাষি স্টাফ দেওয়া দরকার সে ব্যাপারে সরকারের কোনো পদক্ষেপ নাই। আমি মনে করি এটা শুধু উর্দুভাষি মানুষকে একটা চমক দেওয়ার জন্য, খুশি করার জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ব্যাপারে বলতে চাই, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০০ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করেছিলেন। এর জন্য প্রায় ৮৩টি স্কিম নেওয়া হয়েছে। কিন্তু সেই টাকা কি আদৌ খরচ হয়েছে ? আমার তো মনে হয় না সেই টাকা খরচ হয়েছে। আবার আগামী আর্থিক বছরের জন্য ২০০ কোটি টাকা বরাদ্দ ধরা আছে। আমার প্রশ্ন হলো, এখানে মাননীয় অর্থমন্ত্রী নেই, আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করবো এই যে ২০০ কোটি টাকা খরচ হয়নি, সেই ২০০ কোটি টাকাই কি আবার ২০১২-১৩ সালের জন্য ধরা হয়েছে। নাকি আগের ২০০ প্লাস আবার এবারের ২০০ মিলে ৪০০ কোটি টাকা, এটা পরিষ্কার হচ্ছে না। আমি আশা করবো মাননীয় অর্থমন্ত্রী এটা বলবেন যে কোন ২০০ কোটি টাকা ? আগের ২০০ কোটি টাকা খরচ হয়নি, আবার আগামী আর্থিক বছরের জন্য ২০০ কোটি টাকা ধরা আছে, তাহলে এটা কিন্তু পরিষ্কার করে আমাদেরকে বোঝানোর দরকার আছে। এবার আমি বলবো আমাদের উত্তরদিনাজপুর জেলার কথা। আমাদের উত্তরদিনাজপুর জেলা পিছিয়ে পড়া জেলার মধ্যে অন্যতম জেলা। এখানকার মোট জনসংখ্যার ২৪ শতাংশ এস.সি., ৪ শতাংশ এস.টি এবং ৪৩ শতাংশ হচ্ছে মুসলিম সম্প্রদায়ের মানুষ। অর্থাৎ টোটাল ৭৬ শতাংশ হচ্ছে ব্যাকওয়ার্ড ক্লাস। আমাদের ইসলামপুর মহকুমায় ৫টি ব্লকের মধ্যে দুটি কলেজ, আমাদের জেলায় কোনো মহিলা কলেজ নেই। আমাদের জেলা এগ্রি বেসড জেলা, কৃষি প্রধান জেলা, এখানে কোনো শিল্প নেই। আমাদের কৃষি প্রধান জেলায় সেচ বলতে তিস্তা প্রোজেক্ট। কিন্তু তিস্তা প্রোজেক্টের জল আমাদের উত্তরদিনাজপুর জেলার কৃষকদের কাছে অধরাই থেকে গেছে। কবে পাবে এটা বলা মুসকিল। মাননীয় সেচমন্ত্রী গত ১০ মাস যাবৎ তিনি অনেক চেষ্টা করেছেন, তিনি অনেক দৌড়ঝাঁপ করেছেন, কিন্তু এখনো কাজের কাজ হয়নি। আজকে ৪ বছরের বেশি এটাকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করা হয়েছে। আমরা ভেবেছিলাম জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করার পরে এর জন্য অর্থের অভাব হবে না। কিন্তু তিস্তা প্রোজেক্টের সুফল আমাদের জেলা আদৌ পাচ্ছে না এবং কবে পাবে সেটা ঠিক নেই। এখানে আরও একটা ব্যাপার আছে সেটা হচ্ছে আমাদের জেলায় যে জেলা কৃষি দপ্তর, সেখানে মিনিমাম ৫০ থেকে ৬০ জন পার্মানেন্ট স্টাফ থাকার কথা, সেখানে আমাদের জেলায় মাত্র ৬ জন আছে। তার মানে উত্তরদিনাজপুরে জেলা কৃষি দপ্তর চলছে মাত্র ৬ জন স্টাফ নিয়ে। আমি এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করবো যে কৃষিকে নিয়ে বড় বড় কথা বলা হয়, কিন্তু আজকে এমন একটি জেলা যেখানে জেলা কৃষি দপ্তরে মাত্র ৬ জন স্টাফ।

আমাদের জেলায় যেখানে বর্তমান সরকার বন্ধ কলকারখানা খোলার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন কিন্তু আমাদের উত্তরদিনাজপুর জেলায় একটি মাত্র কারখানা স্পিনিং মিল সেটা বন্ধ আছে। সেটা খোলার কোনো উদ্যোগ নেই। এবং স্পিনিং মিলে যে ৫২৪ জন কর্মচারি আছেন সেই ৫২৪ জন কর্মচারির ভবিষ্যৎ সম্পূর্ণ অন্ধকারে। আমি আশা করব এই মিল খোলার উদ্যোগ গ্রহণ করা হবে অথবা বিকল্প কোনো মিলের ব্যবস্থা করা হবে যাতে এই ৫২৪ জন অনাহারে না থাকে। সে ব্যাপারটা দেখার জন্য অনুরোধ করছি। আমার শেষ বক্তব্য, গত বছর ২৪শে জুন অর্থমন্ত্রী বাজেট ভাষণের মাধ্যমে কৃষি বিপ্লব ঘটানোর ডাক দিয়েছিলেন। এতে করে ৩২ জন কৃষক ফসলের ন্যায্য দাম না পেয়ে মারা গেছেন। আমি আত্মহত্যা বলব না, আত্মহত্যা বললে আপনার চিৎকার করবেন। কিন্তু ৩২ জন কৃষক ফসলের দাম না পেয়ে মারা গেছে। তা সত্ত্বেও বর্তমান ভাষণে কি বলা আছে—কৃষক আমাদের গৌরব, কৃষি আমাদের সম্পদ। ওই যে একটা কথা আছে না—দুই কান কেটে গেলে মাঝখান দিয়ে যায়—আপনাদের অবস্থা সেই। যেখানে আগে ডাক দিয়েছিল কৃষি বিপ্লব ঘটাবার আগেই মারা গেছেন ৩২ জন। আবার এখন ডাক দেওয়া হয়েছে—কৃষক আমাদের গৌরব, কৃষি আমাদের সম্পদ। আমি বলব, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী অর্থনীতিতে পণ্ডিত ব্যক্তি তাঁর যোগ্যতা নিয়ে কোনো প্রশ্ন নেই কিন্তু তাকে বাজেট তৈরি করে দেওয়া হয়েছে চমক ও ধমকের কথা মাথায় চিন্তা রেখে। কাজেই তিনি যেটা সঠিক চিন্তা সেটা তিনি করতে পারেননি। তাকে সব সময় ভাবতে হয়েছে তাকে ধর নাহলে চল। এভাবে তাকে বাজেট তৈরি করতে হয়েছে। কাজেই এই বাজেট এক দিশাহীন বাজেট। এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী অসিত মজুমদার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, গত ২৩ তারিখ পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় আমাদের এই সংসদে যে বাজেট বিবৃতি দিয়েছিলেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। অর্থমন্ত্রী বাজেট স্বাস্থ্যের উপরে অনেক রূপরেখা রেখেছেন। আপনারা নিশ্চয়ই জানেন এই সভাকক্ষে আমরা দেখেছি গত ৩৪ বছর ধরে স্বাস্থ্য নিয়ে পশ্চিমবঙ্গের সরকার নানানভাবে টালবাহানা করেছেন। স্বাস্থ্যকে এমন জায়গায় দাঁড় করিয়ে দিয়েছিলেন, যে স্বাস্থ্য মানুষের সম্পদ ছিল, বিধান রায় যেটাকে পশ্চিমবাংলার একটি ইতিহাস তৈরি করতে চেয়েছিলেন, নানানদিকে নার্সিংহোম করে ছোট ছোট, ক্ষুদ্র-ক্ষুদ্র নার্সিংহোম—মানুষের আস্থা হারিয়ে গিয়েছিল। সেই স্বাস্থ্য ব্যবস্থায় মাননীয়া মুখ্যমন্ত্রী, বাংলার মা-মাটি-মানুষের নেত্রী এবং এই সরকারের নেত্রী স্বাস্থ্যকে এমন জায়গায় দাঁড় করাবার চেষ্টা করছেন যেটা অর্থমন্ত্রী তার বাজেট বিবৃতিতে পেশ করেছেন। আমরা দেখেছি সবার জন্য স্বাস্থ্য ব্যাঙ্ক প্রকল্প মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন তথা স্বাস্থ্যমন্ত্রী আমাদের সেইভাবে তৈরি করে দিয়েছেন, সেইভাবে অর্থমন্ত্রীও চেয়েছেন যে বাংলার স্বাস্থ্য ব্যবস্থা নতুন জায়গায় দাঁড়াক। আপনারা নিশ্চয়ই জানেন পাবলিক সেক্টর হেল্থ-এর মাধ্যমে যে ব্যবস্থা মাননীয় অর্থমন্ত্রী নিয়েছেন ওষুধ পেতে আমাদের আর কোনো অসুবিধা হবে না। আউটডোরে আমরা যে কোনো সময় ওষুধের জোগান পেতে পারব।

এবং হাসপাতালে গেলে আমারা দেখেছি যারা শিশু সন্তান জন্মগ্রহণ করতে যান বিগত সরকারের সময় কোথাও কোনো ওষুধ মিলত না। মাননীয় অর্থমন্ত্রী যে ব্যবস্থা করেছেন আমরা সেই সমস্ত মাতৃদের বিনা পয়সায় ব্যাপকভাবে ওষুধ দিতে পারব। মাননীয় অর্থমন্ত্রী স্বাস্থ্য ব্যবস্থাকে একটি জায়গায় নিয়ে যেতে চাইছেন, নতুন সরকারের স্বাস্থ্যের বিষয়ে দিশা দেখাবার চেষ্টা করছেন।

[3.40 – 3.50 p.m.]

আমরা তাই এই বাজেটকে সমর্থন করতে চাই এবং মাননীয় অর্থমন্ত্রী এবং বাংলার মুখ্যমন্ত্রী যে দিশা দেখাচ্ছেন সেই দিশাকে আমরা বাংলার নবজাগরণ বলতে চাই। মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনি আরো জানেন যে, শিক্ষা ব্যবস্থার মাধ্যমে বাংলার শিক্ষাসমাজকে গত ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার লেজেগোবরে করে দিয়েছিলেন। সেই শিক্ষাকে অর্থমন্ত্রী পাদপ্রদীপের তলায় আনতে চাইছেন। আমরা দেখতে পেয়েছি, নবম এবং দশম শ্রেণিতে যারা পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রী তাদেরকে বৃত্তি এবং সাইকেল প্রদানের মাধ্যমে তাদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি যে, বাংলার প্রায় ১১টা পিছিয়ে পড়া জেলা, সেখানে নানান জায়গায়, প্রাথমিক বিদ্যালয় তৈরি করার প্রস্তাব অর্থমন্ত্রী দিয়েছেন। অন্তত এই বছরে ৫০০টা মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীত করার চেষ্টা করেছেন। এবং আগামী বছর প্রায় ৪৯৯টা মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিকে উপনীত করার চেষ্টা করছেন। আমরা শিক্ষা ব্যবস্থায় আবার নতুন করে ফিরে যাওয়ার চেষ্টা করছি। যে শিক্ষা ব্যবস্থায় গত ৩৪ বছর ধরে কখনো ইংরেজি তুলে দিয়ে কখনো নানানভাবে শিক্ষাকে হেনস্থা করার চেষ্টা করেছেন বিগত বামফ্রন্ট সরকার, অর্থমন্ত্রী শিক্ষাকে নতুন জায়গায় দাঁড় করাবার চেষ্টা করছেন, চেষ্টা করছেন। আমাদের সরকারের মুখ্যমন্ত্রী মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জী। আমরা তাই এই বাজেটকে সমর্থন করতে চাই। মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনি জানেন যে, গত ৩৪ বছর ধরে আমরা দেখেছি যে পিছিয়ে পড়া মানুষ তারা তফসিলি জাতি, তফসিলি উপজাতি, যারা আদিবাসী তাদের কি ভয়ঙ্কর অবস্থার মধ্য দিয়ে যেতে হয়েছে। আমাদের অর্থমন্ত্রী এবার বাজেটের মাধ্যমে প্রায় ৩১২ কোটি টাকা বৃত্তির ব্যবস্থা করেছেন। যারা post matric পরীক্ষায় বসছেন। তিনি ব্যবস্থা করেছেন প্রায় ৮.৬৫ শতাংশ পিছিয়ে পড়া সমাজের জন্য, বৃত্তির ব্যবস্থা করেছেন। আমরা দেখেছি যে, যারা scheduled caste, scheduled tribe তারা সরকারি department-এ হত্যে দিয়ে বসে থাকতেন। কারও দেড় বছর, দু'বছর কারও কারও আড়াই বছর, আমার নিজের কাছে তিনটে কেস আছে, আড়াই বছর আগে তারা জমা দিয়েছেন scheduled caste certificate এখনও তারা পাননি। মাননীয় অর্থমন্ত্রী তিনি দিশা দেখিয়েছেন, মাত্র এক দেড় মাসের মধ্যে আমরা scheduled caste সার্টিফিকেট তফসিলি জাতি, তফসিলি উপজাতি, ছেলেমেয়েদেরকে দিতে পারবো এবং সেই সমাজের জন্য। আপনারা দেখেছেন যে, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ৫টা স্কুল আম্বেদকরের নামে ঘোষণা করেছেন এবং আবাসিক স্কুল এই বাজেট অধিবেশনে। আমরা তাই আদিবাসী সমাজের যারা পিছিয়ে পড়া মানুষ যারা আমাদের সমাজ থেকে অনেকটা পিছিয়ে আছে তাদের জন্য এই সরকার ব্যবস্থা করেছেন। আমি তাই

এই বাজেটকে সমর্থন করতে চাই। মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনি আরো জানেন যে, মুসলিম। যে মুসলিম সমাজ নানানদিকে, আমরা বাংলায় ২৬.২৭ শতাংশ মুসলিম আমাদের রয়েছেন। উত্তরপ্রদেশের পর আমাদের বাংলার স্থান। সেই বাংলায় মুসলিম সমাজকে নানানভাবে, নানানভাবে minority-কে অপদস্থ করার চেষ্টা করেছেন বিগত ৩৪ বছর ধরে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেই সমাজের জন্যে নানান project তৈরি করেছেন। সে সমস্ত ছেলেমেয়েরা নবম এবং দশম শ্রেণিতে পড়াশুনা করছেন তাদের বৃত্তি দেওয়া হচ্ছে, তাদেরকে cycle দেওয়া হচ্ছে। প্রায় ৩৯৮০০ cycle মাননীয় অর্থমন্ত্রী বরাদ্দ করেছেন এই সমাজের ছেলেমেয়েদের জন্য। অতএব, আমরা প্রতিটি সেক্টরে আজকে শিক্ষা, স্বাস্থ্য, আদিবাসী সমাজ এবং তার সঙ্গে সমস্ত জায়গায় বাংলা যে জায়গায় ছিল মাননীয় অর্থমন্ত্রী তাকে ধাপে ধাপে নতুন বাজেটের মাধ্যমে তাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমি তাই এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করতে চাই এবং যে জায়গায় মাননীয় অর্থমন্ত্রী আমাদের বাংলার রূপরেখা অর্থনীতিকে নিয়ে গেছেন সেটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। ধন্যবাদ।

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : রেসপেক্টেড ডেপুটি স্পীকার ম্যাডাম, গত ২৩শে মার্চ, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ সালের অর্থ বাজেট এই বিধানসভায় উত্থাপন করেছেন এবং মাননীয় অর্থমন্ত্রী কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের খুব ভক্ত। সো আই রেসপেক্ট হিম, তিনি বলেছেন 'বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল, পুণ্য হউক, পুণ্য হউক, হে ভগবান।' আমি আর একজন কবির, একটি কবিতা দিয়ে শুরু করতে চাই, ''আমাদের দেশে হবে সেই ছেলে কবে, কথায় না বড় হয়ে কাজে বড় হবে।'' আমি মাননীয় সিনিয়র মেম্বার শ্রী অশোকবাবু, তিনি শিক্ষা সংক্রান্ত কিছু বিষয়ে বলেছেন। আমি সকলকে অনুরোধ করবো, আমরা যখন কোনো তথ্য দেব, সেগুলি সবাই যেন অনুধাবন করি এবং চেষ্টা করি যেন বোঝার জন্য। তার আগে আমি মাননীয় সদস্য অশোকবাবুকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, তিনি তোজড় সম্বন্ধে যে কথাটা বললেন, বামপন্থীদের সম্বন্ধে এটা আমরা একমত নই। বরং তাঁকে বলব, ডঃ আবুল কালাম আজাদের লেখা, ভারত স্বাধীন হল, এই বইটা যদি একটি অনুগ্রহ করে আপনি পড়েন, তাহলে গান্ধীজির নেতাজী সম্বন্ধে যে মন্তব্য উনি করেছিলেন, আপনি তা অনুধাবন করতে পারবেন। আমি দ্বিতীয় যে কথাটা বলতে চাইছি, সেটা হচ্ছে এই মাননীয় অর্থমন্ত্রী, শুধু তাই নয়, আমাদের বিরোধী দলের, সরকারি পক্ষের চীফ হুইপ থেকে শুরু করে প্রত্যেক সদস্য তাদের বক্তব্য রাখার সময় বলেছেন যে প্রাক্তন অর্থমন্ত্রী তিনি তথ্যের জাগলারি করেছেন। কিন্তু আজকে যে বইটা আছে, এই বইটা যদি আমরা দেখি তাহলে এই বইটার মধ্যে যে ওয়ার্ডসগুলো আছে সেগুলো যদি মেজারস করি তাহলে দেখবো বেশিরভাগই ফিউচার টেন্স। হায়াট হ্যাপেন্ড কি হয়েছে ? কোথায় তার অ্যাসেসমেন্ট। আমি একের পর এক তথ্য দিয়ে চেষ্টা করব, এই সভাতে বলবার জন্যে। আমি বলতে চাই, সেটা হচ্ছে এই, এই যে বাজেট প্লেস তিনি করছেন, ডিউ টু রেসপেক্ট, আমি এটা বলতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী যদি আমরা দেখি

তাহলে দেখব, কোনটা ১১ শতাংশ, ১০ শতাংশ, কোনটা ৩০ শতাংশ, কোনটা ১০০ শতাংশ পর্যন্ত তিনি বৃদ্ধি করেছেন। কিন্তু আমরা তো খুব আশা করেছিলাম, রবীন্দ্রবাবুর সেই কথায়, আমরা যারা বিধায়ক বামফ্রন্টের আমলে ৬০ লক্ষ টাকা পেতাম, আমাদের সম্বন্ধে কি মাননীয় অর্থমন্ত্রী একটু কোনো শতাংশ বাড়াবার কথা ভাবা হয়নি। তাহলে আমরা একটু সন্তুষ্ট হতে পারতাম। সেটা আপনি আগামীদিনে যদি ভাবেন, আমরা সন্তুষ্ট হব। যে বাজেট প্লেস হয়েছে তাতে আমরা দেখছি, তা অসম্পূর্ণ। অস্বচ্ছ এই বাজেট। এই বাজেটে রাজস্ব আদায়ের চিত্রটি রাখা হয়েছে অস্পষ্টভাবে। সুতরাং এখানে কর্মসংস্থানের যে কথা বলা হয়েছে, এটা বাজেট বইয়ে নেই, অথচ তিনি বললেন, ১০ লক্ষ ১১ হাজার ১৮৩টি পদ সৃষ্টি হবে। হ্যাভিং নো ডকুমেন্টস। তিনি কথায় বললেন, যে ১০ লক্ষ ১১ হাজার ১৮৩টি পদ সৃষ্টি হবে। হাউ দি ওয়ে ? কিভাবে ? কিন্তু আমরা যদি একটু বাজেট বইটা পর্যালোচনা করি তাহলে দেখব, যে মূল যে জায়গাগুলি খাতগুলি বিশেষ করে গ্রামোন্নয়ন, পঞ্চায়েত, নগর উন্নয়ন, ক্ষুদ্র সেচ, শিক্ষা, উচ্চ শিক্ষা, এই জায়গাগুলিতে বাজেটে যেভাবে সংস্থান করা হয়েছে, শিক্ষায় মাত্র ১ শতাংশ বাড়ানো হয়েছে। অনলি ওয়ান পারসেন্ট। আবার এখানে অনেকগুলি পদ সৃষ্টির কথা বলা হয়েছে, বলতে তো কোনো আপত্তি নেই। অনেক পদের কথা তিনি বলেছেন, অনেক পদ সৃষ্টি হয়েছে, সেই পদের সংখ্যাটা বিরাট, প্রায় ৪৫ হাজারের কাছাকাছি।

[3.50 – 4.00 p.m.]

আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে বিগত দশ মাসে আপনি কতগুলি চাকরি শিক্ষা ক্ষেত্রে দিয়েছেন ? কতগুলি অ্যাপয়েন্টমেন্ট হয়েছে প্রাইমারি, সেকেন্ডারি, কলেজ এবং ইউনিভার্সিটিতে ? ইয়েস, হ্যাভ ইউ গেট এনি পিকচার ? নো পিকচার হেয়ার। বাট, বলা যেতে পারে, কাগজে সেখানে বলা হয়েছে এই পদগুলি সৃষ্টি হবে। আমি যে কয়েকটা দপ্তরে মেনশন করলাম সেই কটা দপ্তরে যদি আমরা দেখি, দেখব বাজেট প্রায় কোথাও হ্রাস হয়েছে। স্বাভাবিকভাবেই যেখানে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক আপনারা করছেন, অনেক কিছু করছেন, অসামর্থ্য শ্রমিকদের জন্য এমপ্লয়মেট করছেন, খুব ভালো কথা। আমি বলতে চাইছি, এর সূচিভাগটা কোথায় ? এ কোথায় গিয়ে পৌঁছাবে ? একটা কিছু বলতে তো আপত্তি নেই। আপনি বলেছেন। স্বাভাবিকভাবে তার বাস্তবতা যে জায়গাটায় তা নিয়ে সন্দেহ থেকে যাচ্ছে। আমি আর একটা কথা বলতে চাই, মাননীয় সদস্যরা বারবার বলার সময় ৩৪-৩৪ এটা বলেন। বন্ধুগণ, মাননীয় সদস্যগণ, মাননীয়া ম্যাডাম, আমাদের ওয়ারিশ সূত্রটা কেন ধরা হবে না ? কেন '৭৭ সালের আগের যে ২৮টা বছর, সেই ২৮ বছরের গ্রামবাংলার যে ভয়ংকর চিত্র, না খেতে পাওয়া মরা মানুষের মিছিল, বিদ্যালয়ে বিদ্যালয়ে কোনো ছাত্র যেত না—"রাখাল গরুর পাল নিয়ে যায় মাঠে, শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।" সেই চিত্রের যে পরিবর্তন করেছে বামফ্রন্ট সরকার আসার পর, এটা তো বাস্তব। আমি তো উদাহরণ দিয়ে বলছি, একটু শুনুন, একটু শুনলে

ভালো লাগবে আপনাদের। ১৯৭৬-৭৭ সাল, প্রাথমিক বিদ্যালয় কত ছিল—৪০,৯৪১। ২০১০-১১ কত হয়েছে— ৫০,৪৪৭। ছাত্রছাত্রী কত ছিল ৫২ হাজার। ২০১০-১১-তে ৮৬ লক্ষ ২০,৬২০। এবারে পরপর আসি। স্কুল কলেজে আসি। কলেজ ছিল ২৪৪, হয়েছে ৪৫০। বিশ্ববিদ্যালয় ছিল ৭টি, হয়েছে ২২টি। বি এড কলেজ ছিল ৪৮, এখন হয়েছে ১২৮টি। আপনারা বলছেন, শিক্ষাক্ষেত্রে কিছু হয়নি। শিক্ষাক্ষেত্রে যে প্রচুর কিছু হয়েছে, শুধু তাই নয় আপনারা জানেন যে এই যে মাধ্যমিক উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলছে, মাধ্যমিক পরীক্ষায় আজকে ১১ লক্ষের কাছাকাছি ছেলেমেয়ে পড়ছে। যা ৫০ শতাংশ-এর বেশি মেয়ে। ভারতবর্ষের মধ্যে এটা একটা উল্লেখযোগ্য ঘটনা নয় ? এগুলি কি বিগত বছরের সাফল্য উল্লেখ করে না ? আজ পরীক্ষা ব্যবস্থা চলছে। বাঁশ গাছে উঠে, দেওয়াল বেয়ে উঠে টুকলি দেওয়া হচ্ছে। পরীক্ষায় একের পর এক কোয়েশ্চেন ফাঁস হচ্ছে, কোয়েশ্চেন চেঞ্জ করতে হচ্ছে। এটা দুর্ভাগ্যের বিষয়, সংসদের সভাপতি বলছেন, বাংলা সহ পৃথিবীর অনেক দেশেই দেখেছি টোকাটুকি বলে। এই কথা যদি বলা যায় তাহলে মানুষ খুব উৎসাহিত হবে না ? এর থেকে দুর্ভগ্যের কি হতে পারে ? আর একটি তথ্য দিই, আপনারা খোঁজ নেন। শুধু আমাদের দেশ নয়, আমাদের দেশের বাইরে আমেরিকা, কানাডা, গ্রেট ব্রিটেন যখন সফটওয়্যার ইঞ্জিনিয়ার, হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারে যত লোক কাজ করে, যত ছেলে কাজ করে, তার বেশির ভাগ হচ্ছে বাংলা থেকে উঠে আসা ছেলেরা। এটাই হচ্ছে বিগত সরকারের শিক্ষাক্ষেত্রে সাফল্যের অন্যতম মাপকাঠি। আপনারা বলেছেন, একটা বৃহৎ সংখ্যক ঋণের বোঝা নিয়ে আপনাদের চলতে হচ্ছে। আমরা যে মাথাপিছু ঋণ নিয়ে জন্মেছি, সেই ঋণের পরিমাণ ২১ হাজার কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, মাননীয় সদস্য আপনারা কি জানেন, ভারত সরকার যে ঋণ গ্রহণ করেছে সেই ঋণের পরিমাণে আমার মাথা ডুবে আছে, আপনার মাথা ডুবে আছে। তা হচ্ছে ৩২,৩২১ টাকা পার ম্যান। প্রত্যেকটি মানুষের কাছে কেন্দ্রীয় সরকার ঋণ নিয়েঝে ২১,৩২১ টাকা। বন্ধুগণ মাথায় যদি রোগ হয় তাহলে হাত পায়ে রোগ হবে না ! সেই জন্য মাননীয় সদস্যবৃন্দের কাছে আমি বলব বিষয়গুলো একটু দেখার জন্য, একটু ভাবার জন্য। শুধু অন্ধের মত বিরোধিতা না করে এই সরকারের যে কাজগুলি ভালো কাজ হবে নিশ্চয় তাকে আমরা দু-হাত তুলে আর্শীবাদ করব। এই বাজেটে সরকারের একটা দৃষ্টিভঙ্গি আছে। এবারে কৃষির প্রশ্নে আসি। আপনারা জানেন, কৃষির উন্নয়নের জন্য ডঃ স্বামীনাথনের নেতৃত্বে একটি কমিশন হয়। সেই কমিশন প্রথম ইউ.পি.এ. গভর্নমেন্টের কাছে পাঁচ হাজার পৃষ্ঠার একটি বই সাবমিট করে। ডঃ স্বামীনাথন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কৃষি বিজ্ঞানী। তার নাম ছিলো ফার্মাস কমিশন, পরবর্তীকালে আর একটি কমিশন হয় লিঙ্কেজ কমিশন। সেটা ছিলো কৃষির ওপর ভিত্তি করে। আজকে তার কোনো রূপরেখা, তার কোনো infiltration সেটা কি আজকে এসেছে কৃষির জন্যে ? হ্যাঁ, ধানমান্ডি করা হবে, কৃষক মান্ডি করা হবে। কৃষি প্রদর্শন ক্ষেত্র করা হবে। নিশ্চয় ভালো কথা। কিন্তু বাংলার যাদের ওপরে এই অর্থনীতিটা নির্ভর করছে, সেই অগণিত স্মল অ্যান্ড মার্জিনাল ফার্মাস তাদের ক্ষেত্রে শুধু বাংলায়, এটা আপনারা শুনবেন সারা ভারতবর্ষে, শুধু

পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য যেখান ৮৪ শতাংশ জমি আছে স্মল অ্যান্ড মার্জিনাল ফার্মারদের হাতে। সুতরাং সেই ক্ষেত্রে বিগত সরকারের একটা গুরুত্বপূর্ণ অবদান ছিলো। প্রায় ১৫.২৭ লক্ষ একর জমি ৩০.২৩ লক্ষ মানুষের মধ্যে বিলি বন্টন হয়েছিলো। যার ফলে গ্রাম বাংলায় চেহারার পরিবর্তন হয়েছে। প্রায় ৩০ হাজার কোটি টাকার একটা অর্থ বাজার রোল করছে। সুতরাং তাদের উন্নয়নের কথা ভাবেত হবে। কিন্তু আমরা বাস্তবে কি দেখছি ? আমরা বাস্তবে দেখছি এই, যে অনেক কৃষক, অনেক পাট্টাদার, বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে। আমরা বলতে চাই, সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, এরা যদি জমিহারা হয়, তাহলে বাংলার অর্থনীতি ভেঙে পড়বে। স্বাভাবিকভাবেই আমি বলতে চাই, এই জায়গাটায় সরকারের কাছে আবেদন করবো এগুলো দেখার জন্যে। আপনারা কতগুলো স্কিম ঘোষণা করেছেন। মাননীয় সদস্যবর্গ যেগুলো চলছে, সেগুলোর শুধু নামটা পরিবর্তন করেছেন। যেমন—আমার বাড়ি, আমার ঠিকানা, গীতাঞ্জলি, নিজ ভূমি, নিজ গৃহ ইত্যাদি। এই স্কিমগুলো কি ছিলো না ? ছিলো। সবটাই ছিলো। এবং আরো কিছু বিষয় বললে আপনারা খুশি হবেন। শুধু আমার জেলার একটা কথা বলছি। আমি নদিয়া থেকে এসেছি। প্রয়াত মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু, জ্যোতি বসু তিনি কালিগঞ্জে গঙ্গা থেকে জল সংগ্রহ করে সেই জলটা সরবরাহ করার জন্যে তিনি একটি প্রকল্পের সেখানে শিলান্যাস করেন। সেই কাজ সম্পূর্ণ হয়ে যায়। আপনারা ফিতে কেটে, সেটা আপনাদের এই দশ মাসের সাকসেস দেখিয়ে যাচ্ছেন। শুধু আমরা এইটা বলতে চাই যে কাজ করুন, মানুষের আর্শীবাদ নিয়ে এসেছেন, আপনারা কাজ করবেন। আমাদের এক্ষেত্রে কিছু অসুবিধে নেই। আমরা আপনাদের সাথে থাকবো। কিন্তু এইটা আমরা বলতে চাই, যে এমন কিছু বিষয় আছে যে বিষয়গুলো বলবার ক্ষেত্রে আপনারা এক তরফাভাবে শুধু বলছেন বিগত দিনে কিছুই হয়নি, কিছুই হয়নি আপনারা এরকম করছেন। মাননীয় সদস্যরা হসপিটালের কথা উল্লেখ করেছেন। হসপিটালে আগে ওষুধ পাওয়া যেতো না। হ্যাঁ, এখন কি পাওয়া যাচ্ছে জানেন ? রোগীকে পরিষ্কার করার জন্যে অ্যাসিড পাওয়া যাচ্ছে। হসপিটাল, হসপিটালে অ্যাসিড দিয়ে রোগীকে পরিষ্কার করা হচ্ছে। ....(নয়েজ).... মাননীয়া মুর্শিদাবাদের সদস্যা উল্লেখ করেছেন সন্তান হারিয়ে যাচ্ছে। স্বাস্থ্য কেন্দ্রে যা হয়েছে ; স্বাস্থ্যে, আপনারা তো জানেন শিশু মৃত্যু নিয়ে আমরা রাজনীতি করতে চাই না। এই আমরি কাণ্ড, বিষ মদ কাণ্ড যদি আপনাদের সময়ে হতো কলকাতায় কত গাড়ি পুড়তো কত বাস ভাঙচুর হতো তার কোনো ইয়ত্তা থাকতো না। আমরা সেই ধরনের পলিটিক্স কখনো করিনি। আমি শুধু একটা কথা আপনাদের কাছে বলতে চাই, যে আপনাদের গঠনমূলক চিন্তা-ভাবনা থাক। স্বয়ম্ভর গোষ্ঠী, ১৩ লক্ষের ওপরে স্বয়ম্ভর গোষ্ঠী গঠিত হয়েছে। মাননীয় মন্ত্রী এখানে স্বয়ম্ভর গোষ্ঠী নিয়ে ভাবার কথা বলেছেন। ব্যাঙ্কগুলো যাতে এদের ফিনান্স দেয় দেখতে হবে। কিষাণ ক্রেডিট কার্ড হচ্ছে ঠিক আছে। কিন্তু ব্যাঙ্কগুলো কি তাদের টাকা দেবে ? সেই নিশ্চয়তাটা করুন। আমি শেষ করবো উইলিয়াম শেক্সপিয়ারের একটি কবিতা বলে—Let the goodness blossoms not in words but in deeds. নমস্কার।

[4.00 – 4.10 p.m.]

শ্রীমতী অসীমা পাত্র : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, গত ২৩শে মার্চ এই মহান সভায় মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১২ সালের যে বাজেটে বিবৃতি দিয়েছেন তাকে আমি ধন্যবাদ জানিয়ে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। ম্যাডাম ২০১০ এবং ২০১১, আমি প্রথমদিন থেকে বিতর্কিত সকলের বক্তব্য শুনছিলাম যে, বিরোধী সদস্যরা বলছেন, নানা রকম কথা, এই বাজেট দিশাহীন। আমি শুধু একটা কথা বলতে চাইছি, ২০১০ এবং ২০১১ বিগত বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছিলেন মানুষকে ধোঁকা দিয়ে, ঘাটতিশূন্য বাজেট পেশ করে পশ্চিমবাংলার মানুষকে প্রতারিত করেছিলেন। আজ মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর দেখা গেল কি ? বিগত সরকার দুই লক্ষ কোটি টাকা মা-মাটি-মানুষের সরকারের উপরে চাপিয়ে দিয়ে তারা চলে গেছেন। কিন্তু মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর উদ্যোগকে সার্থক করার জন্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় সর্বস্তরের মানুষকে সামাজিক এবং অর্থনৈতিক পরিকাঠামো উন্নয়নে, বিশেষত মানব সম্পদ উন্নয়নের যে দিশা তিনি দেখিয়েছেন তা এখানে সকল সদস্যের উচিত তাকে সমর্থন করা। ম্যাডাম, এই বাজেটে কৃষি গ্রামোন্নয়ন এবং দরিদ্র অনগ্রসর শ্রেণির মানুষের জন্য যেভাবে এই মা-মাটি-মানুষ সরকার জোর দিয়েছেন তা বিগত সরকার কোনোদিনই দেয়নি এবং তা আগেকার বাজেট থেকেই প্রকাশ পাওয়া গিয়েছে। কৃষিক্ষেত্রে ৩১৫ কোটি টাকা আজকে বরাদ্দ করেছেন যা আগের তুলনায় ১৮ শতাংশের কাছাকাছি এই বাজেট করেছেন। কৃষি হল গ্রাম-বাংলার হৃদয়ের স্পন্দন যেখানে ৭০ শতাংশ আমাদের ভাই-বোনেরা বাস করে। কৃষিতে কৃষকদের জন্য 'কৃষক মান্ডি' আমাদের সরকার তৈরি করেছেন এবং অলরেডি ৬২টি কৃষক মান্ডি তৈরি হয়ে গিয়েছে। এতে কৃষকরা সরাসরি তাদের উৎপাদিত ফসল বিক্রি করতে পারবে। ম্যাডাম, আমি শুনছিলাম, কয়েকদিন আগে বিতর্কে অংশ নিয়ে বলছিলেন যে, আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্রকে বলছিলেন যে, উনি অক্সফোর্ড থেকে পড়াশোনা করেছেন, উনি কি করে কৃষকপ্রেম বুঝবেন ? আমি সেই সদস্যকে একটা কথা বলছি, যারা কৃষকপ্রেম বলে চিৎকার করছেন, আজকে বলুন, ১৯৮৮ সালে শান্তিপুরে যখন কৃষক আন্দোলনের উপর গুলি চালিয়েছিল। সেদিন তারা কোথায় ছিল ? ১৯৮৭ সালে বর্ধমানের আউসগ্রামে গুলি চলেছিল কৃষকের উপর, নিরঞ্জন বাগদি নিহত হয়েছিল, যারা আজকে বিরোধী তারা সেদিন কোথায় ছিলেন ? যারা আজকে কৃষকপ্রেম, কৃষকপ্রেম বলে চিৎকার করছেন। আজকে তারা উত্তর দিন। ২০০৬ সালে যখন সিঙ্গুরের জমি নিয়ে রাইটার্স বিল্ডিং-এ বসে চুপটি করেছিল, কোথায় ছিল ওই বিরোধীরা, কোনো প্রতিবাদ করেন সেদিনকে, আজকে বলুন। ২০০৭-তে যখন নন্দীগ্রামে গুলি চলল, তখন কোথায় ছিল কৃষকপ্রেমী, যারা কৃষকপ্রেম কৃষকপ্রেম বলে চিৎকার করছেন। তাদেরকে আমরা জিজ্ঞাসা করতে চাই। আজকে ম্যাডাম, আমরা দেখেছি, রাজ্যের ভিতরে ১০ লক্ষ টন চাল রাখবার জন্য ১০ লক্ষ মেট্রিক টনের গোডাউনের প্রয়োজন আছে। কিন্তু সেখানে ১০ হাজার টনের কেবলমাত্র গোডাউন আছে, প্রয়োজনের তুলনায় অনেক কম। আমাদের মা-মাটি-মানুষের

সরকারের একটাই শ্লোগান কৃষক আমাদের গর্ব, কৃষি আমাদের বন্ধু। তাই মা-মাটি-মানুষের সরকার আজকে ঠিক করেছেন। প্রত্যেকটা ব্লকে ব্লকে একজন কৃষককে কৃষি রত্ন দেবেন। আজকে ম্যাডাম, স্বাস্থ্যের উপর আমরা জানি, অপরদিকে সিটে বসে আছেন তার মধ্যে স্বাস্থ্যমন্ত্রীও ছিলেন। আজকে দাঁড়িয়ে বলতে পারেন যে স্বাস্থ্যের হাল কোথায় নিয়ে গিয়েছিলেন ? আজকে গ্রামে গ্রামে তাঁদেরই সদস্যরা চিৎকার করে বলছেন যে আমাদের হাসপাতালে ডাক্তার নেই, নার্স নেই, ঘর নেই। কেন ৩৪ বছর পরে আজও তারা বলছেন ? এটা তাদের কথা, আমাদের কথা নয়। তাঁরাই আজকে চিৎকার করে বলছে, তার উত্তর আজকে তাঁদের দিতে হবে। আজকে স্বাস্থ্যের উপর মা-মাটি-মানুষের সরকার লক্ষ্য দিয়েছেন। তাই আজকে আউটডোরে ঔষুধের বাজেট বাড়িয়ে দিয়েছেন। মা এবং শিশুর স্বাস্থ্য সুরক্ষার জন্য জীবনদায়ী ঔষধের ব্যবস্থা করেছেন। ৭টি জেলা হাসপাতালের ব্যবস্থা করেছেন। আজকে বলুন কিভাবে স্বাস্থ্যকে মা-মাটি-মানুষের সরকার নিয়ে গেছেন। কেন ৩৪ বছরে যাঁরা চিৎকার করে বলছেন, তাঁরা কি করেছিলেন পশ্চিমবাংলার জন্য ? আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার স্বাস্থ্য ব্যাংক তৈরি করেছেন। আউটডোরে ওষুধের ব্যবস্থা করেছেন। স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করেছেন। পানীয় জল, এখানে তো আমি শুনেছি যে এখানে বলছিলেন, এখনও পর্যন্ত আর্সেনিকের জল খেতে হয়, পুকুরের জল খেতে হয়। আপনাদের লজ্জা লাগে না, ৩৪ বছর রাজত্ব করার পরে এখনও পশ্চিমবাংলাবাসীকে আর্সেনিকের জল খেতে হয়, পুকুরের জল খেতে হয় ! এরপর চিৎকার করে বলেন ! ৩৪ বছর বলতে বারণ করে দিয়েছেন। পাপের প্রায়শ্চিত্ত কারা করবে ? আমরা ? ৩৪ বছর ধরে যাঁরা পশ্চিমবাংলাটাকে কংকালে পরিণত করেছেন তাঁদেরই পাপের প্রায়শ্চিত্ত করতে হবে এই বিধানসভায় বসে। আজকে বলুন তো মা-মাটি-মানুষের সরকার রাজ্যবাসীর জন্য জলে ব্যবস্থা করছেন, নানা পদ্ধতি অবলম্বন করেছেন। আজকে বিশেষ করে যেখানে আর্সেনিক প্রবণ এলাকা আছে সেই জায়গায় জোর দিয়েছেন। শিক্ষা, অনেকে বলছেন, ইংরেজিতে একটা কবিতা উগরে দিয়ে ভাবলেন পার পেয়ে যাবেন। কারা ৩৪ বছর ধরে শিক্ষার দায়িত্বে ছিলেন ? কেন আজকে একটা মাধ্যমিক পাশ ছেলে এ.বি.সি.ডি. বলতে পারে না ? কেন ইংরেজি তুলে দেওয়া হয়েছিল ? তার জবাব কে দেবে ? তার জবাব বিরোধী পক্ষকেই দিতে হবে। আজকে এ.বি.সি. তুলে দিয়েছেন, দিয়ে কি করেছেন ? ইংলিশ মিডিয়ামের বহর বেড়ে গেল কেন ? তাঁরাই তো লাইসেন্স দিল, প্রাইমারি স্কুল উঠে গেল। ইংলিশ মিডিয়ামে লাইন পড়ে গেল। কারণ বাবা-মায়েরা ছেলে-মেয়েদের ইংরেজি শেখাবে। তাই তাঁরা ইংলিশ মিডিয়ামে লাইন দিলেন। আর তাঁরা চিৎকার করে শ্লোগান উদ্ধৃতি দিয়ে বলছেন আমরা শিক্ষায় এই করেছি। আপনারা ৩৪ বছরে শিক্ষাটাকে শেষ করে দিয়েছেন। আমাদের মা-মাটি-মানুষের সরকার সেই শিক্ষা ব্যবস্থাকে কিভাবে উন্নতি করা যায় তার চেষ্টা করছেন। আজকে আপনারা এখানে বসে বলছিলেন। সরকারের প্রথম চ্যালেঞ্জ ছিল দুটো। একটা হচ্ছে পাহাড় আর একটা হচ্ছে জঙ্গলমহল। এখানে আমাদের এক দিদি বসে আছেন, আদিবাসী কল্যাণ মিনিস্টার ছিলেন। আজকে বলুন তো কেন জঙ্গলমহলে আদিবাসী বোনেরা হাতে বন্দুক তুলে নিয়েছিল। কেন নিয়েছিল তার জবাব কে দেবে ? তারা খেতে পেত না। তারা মমতা ব্যানার্জীর

উপর আস্থা রেখে তারা সেই বন্দুক ফেলে দিয়ে আজকে রাইটার্স বিল্ডিং-এ মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে মূল স্রোতে ফিরে যাবার শপথ গ্রহণ করেছেন। আজকে খুব সময় লাগছে ৯ মাস। আর ৩৪ বছরে শুধু লুটে-পুটে খেয়েছেন। পশ্চিমবাংলায় খুন সন্ত্রাস করেছেন আর খুন করে গেছেন। তাই আজকে মাটির নিচে থেকে শুধু কংকাল বার হচ্ছে, উন্নয়ন হয়নি। সেই জন্য যাঁরা বলছেন এই বাজেটের দিশা নেই, দিশা আপনারা দেখতে পাবেন না। কারণ আপনারা যে দিশা দেখিয়েছিলেন সেই দিশা একজন শিশু জন্মাবার পরেই ২২ হাজার টাকা ঋণ নিয়ে জন্মাচ্ছে। আপনাদের যে দিশা ছিল, ৬০ হাজার কল-কারখানা বন্ধ ছিল, সেই দিশা ছিল। আপনাদের বাজেটে কি ছিল ? কৃষক হত্যার দিশা ছিল। তাই আপনারা এই উন্নয়নের দিশা দেখতে পাবেন না। উন্নয়নের দিশা দেখতে হলে লাল চশমা খুলে রাস্তায় নেমে জনগণের স্বার্থে উন্নয়ন দেখতে হবে। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.10—4.20 p.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, গত ২৩ তারিখে যে বাজেট এখানে পেশ হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী যেটা পেশ করেছেন, সেই সম্পর্কে বলার সময় আমার অত্যন্ত কম। আমি অত্যন্ত দ্রুত কিছু পয়েন্টস বলতে থাকব। একটা দশ মাসের সরকারের কাছ থেকে সমস্ত কিছু এক্সপেক্ট করা নিশ্চয়ই উচিত নয়। বিশেষ করে যে সরকার বলছেন অর্থনৈতিকভাবে তাদেরকে ছিবড়ে করে দেওয়া হয়েছে। কিন্তু ঋণের ফাঁদে এই রাজ্যকে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে দেওয়া হয়েছে এবং তাদের ডিফেন্ড করার জন্য অনেকে এখানে বলার চেষ্টা করেছেন যে অন্য অনেক রাজ্যও নাকি এ রকমভাবে ঋণেব ফাঁদে জড়িয়ে আছে এবং কেন্দ্রীয় সরকারের ঋণের কথাও বলা হচ্ছে। আমি যে কথাটা তাদেরকে বলতে চাইছি যে, এই রকম যুক্তি করাটা কি ঠিক ? তাহলে কি আমরা এই রকম যুক্তি করব যে অন্য রাজ্যে এবং গোটা দেশে হাজাব হাজার কৃষক আত্মহত্যা করছেন, ফলে আমাদের রাজ্যেও কৃষকরা আত্মহত্যা করুন। সেই সংখ্যা সরকারি মতে একই হোক বা সাধারণ মানুষ সেটাকে বিষ সংখ্যা বলুক, যাই বলুক না কেন সেই যুক্তি কি আমরা করব ? এটাকে কুযুক্তি বলা হবে। একটা শ্লোগান ছিল সপ্তম বামফ্রন্টের সময়, সেটা হচ্ছে যে উন্নততর বামফ্রন্ট। অষ্টম বামফ্রন্ট হলে তো তাহলে আরও উন্নততর বামফ্রন্ট হত। সেখানে সপ্তম বামফ্রন্টে যদি ২১ হাজার টাকা ঋণ নিয়ে একজন শিশু জন্মায়, অষ্টম বামফ্রন্ট হলে তো তাহলে সেটা ২১ লক্ষ টাকা হতে পারত। ভাগ্যিস আমাদের সপ্তম বামফ্রন্ট, এরপরে অষ্টম বামফ্রন্ট হয়নি। বিগত অর্থমন্ত্রী ফিসক্যাল রেসপন্সিবিলিটি অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট অ্যাক্ট, ২০১০ বা এফ.আর.বি.এম.-এর কথা বলেছেন। কিন্তু সেটা একেবারে ২০১০-এ শৃঙ্খলার কথা বলেছেন সেটা একবারে তার শেষের দিকে ইচ্ছা হল কেন, এটা কিন্তু আমার মাথায় একেবারে ঢোকেনি। আমার মনে হয়েছে বারবার যে ডেফিসিট, যে জিরো ডেফিসিট বাজেটের কথা বলা হয়েছে, সেই জিরো ডেফিসিট বাজেট আসলে কিন্তু ছিল ঋণের

আবরণে জড়ানো একটা বাজেট। নাহলে বারবার আমরা দেখেছি যে রেভিনিউর ডেফিসিটের কথা বলা হয়েছে, সেই এফ.আর.বি.এম.-এর মধ্যে যে ফিসক্যাল ডেফিসিট কমানোর কথা বলা হয়েছে, রেভিনিউর ডেফিসিট কমানোর কথা বলা হয়েছে, সেটা কিন্তু কখনওই করা যায়নি। বর্তমান সরকারের কাছে আশা-প্রত্যাশা যে তারা এই রকম রেভিনিউ ডেফিসিট বা ফিসক্যাল ডেফিসিট—যার বিরুদ্ধে তাঁরা বলেছেন, তার ফাঁদেই আজকে, আবার ঋণের ফাঁদে যাতে আবার এই রাজ্যকে জড়িয়ে না দেন। কিন্তু আমি দেখতে পাচ্ছি যে আবার সেই ঋণ নেওয়া কিন্তু চলছে। ঋণ নেওয়ার অব্যহতি আছে। এখানে একটা পুরনো কথা আমি উল্লেখ না করে পারছি না। যখন সরকারের এত ঋণ, এত আর্থিক সঙ্কট, যেখানে আমাদের কৃচ্ছ্রসাধন করার কথা, সেখানে কিন্তু আমরা আমাদের ক্ষমতা আছে বলেই এখানে বসে আমাদের ভাতা বাড়িয়ে নিয়েছি। এই বাজেটে গ্রামমুখী দৃষ্টিভঙ্গি আছে এবং গরিব মানুষের জন্য বহু কথা আছে। আছে হিমঘর তৈরির কথা, কৃষকদের উৎসাহ প্রদানের কথা, গীতাঞ্জলি প্রকল্পের কথা, অনগ্রসর শ্রেণি ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রদানের কথা, ক্লাবের উন্নতির কথা—এই রকম নানা কথা আছে। এইগুলি খুবই ভালো কথা। কিন্তু তার সঙ্গে যেটা মেলাতে পারছি না, মাননীয় অর্থমন্ত্রী যেটা বলেছেন যে চুঙ্গিকর বিগত সরকারের সময় উঠে গিয়েছিল, সেই চুঙ্গিকরকে কিন্তু আবার নতুন করে আনানো হল। এই যে কথাগুলো, যে কম্পেনসেটারি এন্ট্রি ট্যাক্স—তার মধ্যে দিয়ে এটা আনানো হল। এর মধ্যেই কিন্তু জিনিসপত্রের দাম বাড়বে। জিনিসপত্রের দাম আকাশ ছোঁয়া হবে এবং এটা মাল্টিপিল হবে কিনা, যে বিল তাঁরা আনবেন, সেই বিলের মধ্য দিয়ে বোঝা যাবে এটা মাল্টিপিল ট্যাক্স হবে কিনা, তা কিন্তু বুঝতে পারছি না। এখানে ট্রেজারি বেঞ্চের একজন প্রবীণ সদস্য বলেছেন—অনেক রাজ্যেই তো আছে। অনেক রাজ্যেই যদি থাকে তাহলে এখানে কেন চালু হবে না ? এটাও সেই আগের যুক্তির মত, অনেক রাজ্য ঋণ নেয়, তাহলে আমাদের ঋণ নেওয়ার বাধা কোথায়, এই যুক্তির সঙ্গে সমতুল্য।

এখানে স্বাস্থ্য বিমার কথা বলা হয়েছে। কিন্তু সেটা বলা হয়েছে কেবলমাত্র পুলিশ এবং শিক্ষকদের জন্য। আমি নিজে শিক্ষক হিসাবে বলতে পারি, জিজ্ঞাসা করতে পারি যে, কেন কেবলমাত্র পুলিশ, শিক্ষকদের জন্য, কেন সাধারণ মানুষদের এই স্বাস্থ্য বিমার আওতায় আনা হবে না ? কারণ স্বাস্থ্যের জন্য খরচ এখন সব থেকে বেশি, আকাশচুম্বি। সাধারণ মানুষের তাহলে অপরাধ কোথায় ? এখানে বৃত্তিকর মাননীয় অর্থমন্ত্রী তার সীমা তিন হাজার টাকা থেকে পাঁচ হাজার টাকা বাড়িয়ে দিয়েছেন। আমি যে কথাটা মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে, বিগত সরকার যখন এই বৃত্তিকর চালু করেছিল তখন তার পেছনে যুক্তি ছিল। এই যে টাকাটা উপার্জন হবে তার মধ্য দিয়ে বেকারদের বেকারভাতা দেওয়া হবে। বেকারদের বেকারভাতা কিন্তু তুলে দিয়েছিলেন বিগত সরকার, বৃত্তিকর তুলেনি। বর্তমান সরকারের কাছে প্রত্যাশা ছিল বৃত্তিকর তারা তুলে দেবেন, কিন্তু তা না তুলে তারা একটা সীমা বাড়িয়ে দিয়েছেন। মুর্শিদাবাদ এবং মালদায় বন্যায় ভাঙ্গন রোধের কথা যেটা অত্যন্ত জটিল সমস্যা, এবং একটা অ্যাকিউট সমস্যা, এই সমস্যা সমাধানের কথা

কিন্তু বাজেটের মধ্য দিয়ে নেই। গত ২৪শে জুন মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট ভাষণ দিয়েছিলেন, সেখানে তিনি বলেছিলেন. যে, ৫৬ হাজার কলকারখানা যে বন্ধ হয়ে আছে সেটা আমাদের কাছে অত্যন্ত লজ্জার। অত্যন্ত সঠিকভাবে তিনি বলেছিলেন। কিন্তু সেই বাজেটেও ছিল না, এই বাজেটেও নেই। এই ৫৬ হাজার কলকারখানা খুলবে কি করে সেই কথা কিন্তু নেই এবং সকালে আজকে এখানে মাননীয় পার্থবাবু তার প্রশ্নের উত্তরে যেটা তিনি বলেছিলেন যে, এটার নতুন একটা কারখানা খুলবে, তার সঙ্গে একটা পুরনো কারখানা খোলার প্রস্তাব দেওয়া হবে। এর মধ্য দিয়ে সত্যি খুলবে কিনা বুঝতে পারছি না। ৮৫ লক্ষ কর্মহীন মানুষ আছেন তার সঙ্গে ১৫ লক্ষ—মাননীয় অর্থমন্ত্রী প্রাক্তন বক্তৃতায় বলেছিলেন ২৪শে জুনে যে, এক কোটি কর্মহীন মানুষ আমাদের রাজ্যে আছে। ঠিক কথা, কিন্তু এদেরকে কি করে কর্মসংস্থান হবে সেটা কিন্তু পরিষ্কার করে তার বাজেট বক্তৃতাতে নেই। আশা করা হয়েছিল—লিখিতভাবে মুখে কিছু কথা বলেছেন, কিন্তু কোনো কংক্রিট কর্মসংস্থানের কথা এর মধ্য দিয়ে নেই। কলকারখানা নতুন করে না খুললে নতুন করে কর্মসংস্থান কিন্তু হতে পারে না। Employment Bank দিয়ে কিন্তু কর্মসংস্থান হয় না। Employment Exchange-তো ছিলই। ফলে, পরিশেষে আমি যেটা বলতে চাই যে, revenue deficit, fiscal deficit—এগুলো কমান অত্যন্ত জরুরি। বাজেটে ট্যাক্স প্রদানের সরলীকরণের প্রস্তাব করেছেন কিন্তু তার মধ্য দিয়ে কতটুকু revenue আদায় হবে, তার মধ্য দিযে কতটুকু Employment generation করবে, নতুন নতুন কলকারখানা খুলবে কিনা সেটা কিন্তু বুঝতে পারছি না। এক বছর যাক তাহলেই এর মধ্য দিয়ে এর উত্তর বোঝা যাবে। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ সালের যে বাজেট পেশ করেছেন সেই সম্বন্ধে কয়েকটি কথা বলি। এই গত কয়েকদিনের কথা শুনে মনে হচ্ছে যে, এই সরকারটা যেন কেমন একটা বিশৃঙ্খলার মধ্য দিয়ে চলছে। প্রথমে বলি যে, দশ মাস, সেই দশ মাসে বাজেট পেশ হয়নি। বাজেট পেশ না হলে উন্নয়নমূলক কাজ কি করে করা যায় আমি জানি না। আবার উন্নয়নের কাজের কথা তো দশ মাস আসেইনি এবং বাজেটে দেখান হয়েছে যে, এমন এমন প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছে সেই প্রকল্পগুলো বামফ্রন্ট আমলে করা। তার কয়েকটি কথা আমি আমার দৃষ্টান্ত দিয়ে বলতে চাই। আমার বর্ধমান জেলায় এই পানাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্কে ম্যাট্রিক্স ফার্টিলাইজারের কথাটা এখানে উল্লেখ করা হয়েছে। আপনারা জানেন এই কারখানাটা ২০০৯ সালের শুরু হয়েছিল এবং শুধু তাই নয় এখানে মালিকপক্ষ, ভাগচাষি থেকে আরম্ভ করে সবাইকে নিয়ে মিলে মিশে সেখানে টাকা-পয়সা দিয়ে কারখানাটা ২০০৯ সালে শুরু হয়। আরও একটা কথা আপনাকে বলি যে, তার পাশে কাঁকসা ব্লকে কাঁকসায় ৩০০ একর জমি নেওয়া হয়েছে। সেই জমিতে আজও পর্যন্ত সেই মালিকপক্ষ টাকা পেয়ে গেছে, খালি সামান্য কয়েকটি টাকা ভাগচাষিকে দেওয়া হয়নি। আর এখানে নতুন নতুন শিল্প মালিকরা আসছে কিন্তু তারা সেখানে জমি পাচ্ছে না ফলে কারখানার কোনো উল্লেখ হচ্ছে না, জমিগুলো

সেইভাবেই পড়ে আছে। এ বছর মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট রেখেছেন তাতে আয় ব্যয়ের সামাঞ্জস্য নেই এবং তা না থাকায় এই বাজেটে শুধু আশায় বুক বাঁধা ছাড়া অন্য কিছু দেখছি না। ১০ মাসে যদি এই কাজ হয় ১২ মাসে আর কী-ই বা কাজ হবে ?

[4.20—4.30 p.m.]

মাননীয় অর্থমন্ত্রী বিদেশি শিক্ষায় শিক্ষিত, পাণ্ডিত্য, বিভিন্ন অধ্যাপনা, বিদেশে বিভিন্ন দিকগুলো তিনি ভালোভাবে অনুধাবন করেছেন। শিক্ষক হিসাবে বড় আশা করেছিলাম তিনি এই বাজেটটাকে সুন্দরভাবে, আয়-ব্যয়ের সামাঞ্জস্য রেখে, চমকপ্রদভাবে তৈরি করবেন এবং তা বাংলার মা-মাটি-মানুষই শুধু নয় সকল মানুষের সমস্যার ক্ষেত্রেই সুরাহা আনতে পারবে। কিন্তু কী দেখলাম ? আশা নিরাশায় পরিণত হল। সব বাজেটে আমরা দেখতে পাই রাজস্ব আদায় কত এবং সেই রাজস্বের সঙ্গে সামাঞ্জস্য রেখে পরিকল্পনা খাতে ব্যয় ঠিক হয় এবং পরিকল্পনা খাতে ব্যয় নির্ধারণ করে কর্মসংস্থানের পরিমাণ ঠিক হয়। কিন্তু আমরা বাজেটে তার বিন্দুমাত্র কিছু পাইনি। সেখানে কর্মসংস্থানের উল্লেখ নেই। কিন্তু বাজেট শেষে আমাদের মাননীয়া অর্থমন্ত্রী খুব সুন্দরভাবে, মৌখিকভাবে ঘোষণা করলেন, বাজেটে কর্মসংস্থানের হবে, দু'-এক লক্ষ নয়, ১১ লক্ষ। তা আবার মুখে মুখে। ভবিষ্যৎ। ভবিষ্যৎ হয়েই থাকবে কিনা জানি না। তারপরে শুধু তাই নয়, মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের শেষে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, আমি টিভি-র পর্দায় দেখলাম, মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয় অর্থমন্ত্রীকে পাশে নিয়ে বলছেন "অনেক জিনিস আমাদের অর্থমন্ত্রী ভুল করে গেছেন"। সেই জিনিস আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেই ঘোষণা করে দিলেন। বাজেট ঘোষণা হল কিন্তু তার বরাদ্দের দরকার হল না, তার পরিকল্পনার দরকার হল না, শুধু বাজেট ঘোষণা হয়ে গেল। তাই বলি, এই বাজেট দেখে মনে হচ্ছে বরাদ্দ-টরাদ্দ নেই। বরাদ্দ ছাড়া কী করে বাজেট হয় ? তাই মনে পড়ে যায় 'হায় রে বঙ্গ কত দেখব রঙ্গ'। এসব সারা দেশের লোক দেখছে। আমাদের পশ্চিমবাংলা সম্পর্কে কী হবে একবার চিন্তা করছেন ? ভাবনাকে কর্মসূচিতে পরিণত করবেন না, কর্মসূচিকে ভাবনায় পরিণত করুন।

আজকের প্রশ্নোত্তর পর্বে মাননীয় শিল্পমন্ত্রী পরিবেশ নিয়ে যে কথা বলেছেন তা আমার খুব ভালো লেগেছিল। তিনি পরিবেশ নিয়ে সুন্দর কথা, অতি মূল্যবান কথা বলেছেন। তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। মাননীয় মুখ্যমন্ত্রীর পরেই তো আমাদের শিল্পমন্ত্রীর আসন। তিনি মুখে বললেন পরিবেশের কথা, পরিবেশের সার্টিফিকেট ছাড়া শিল্প, কল-কারখানা গড়া যাবে না। কিন্তু আমরা কী দেখলাম ? এই বাজেট বইয়ের কোথাও বিন্দুমাত্র পরিবেশের কথা উল্লেখ করা হয়নি। না আছে বাজেটে উল্লেখ, আর না আছে বরাদ্দ। সুন্দর ! সুন্দর এই বাজেট ! একে সুন্দর না বলে আর উপায় নেই। আজ শুধু গ্রাম-বাংলায় নয়, শহরে নয়, রাজ্যে নয়, জেলা, সারা দেশ, সারা পৃথিবীতে পরিবেশ নিয়ে কথা হচ্ছে। এই পরিবেশের পেছনে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা দেশ-বিদেশ খরচ করছে। এই পরিবেশকে সুস্থ রাখার জন্য, সুন্দর করার জন্য, অক্ষুণ্ণ রাখার জন্য মানুষ আজকে গাছ লাগানো থেকে শুরু করে নানা প্রচেষ্টা নিচ্ছে। পরিবেশ নিয়ে সর্বত্র একটা আলোড়ন তৈরি

হয়েছে, কিন্তু আমরা এখানে এই পরিষেবার ক্ষেত্রে কী দেখলাম ? এই পরিবেশের ক্ষেত্রে বাজেটে একটা কথাও পেলাম না, তাহলে কী পরিবেশ ভাগাড়ে স্থান পেল ?

যে ভাগাড় থেকে পরিবেশ আর উঠে আসতে পারবে না। এখানে অবশ্য আমাদের পরিবেশ মন্ত্রী এখন আবার পূর্তমন্ত্রীও। তিনি সেটা বেমালুম ভুলে যেতেই পারেন। তারপর আর একটা কথা বলি, যে উন্নয়নের দিশার কথা বলেছেন, যে উন্নয়নের দিশা নিয়ে আজ আপনারা ওই পাশে। যে উন্নয়নে সাধারণ মানুষের দিশা নিয়ে আজ আপনারা রাজত্ব করছেন, সেই উন্নয়নের কথা বলতে গিয়ে—যে উন্নয়নের ধারা আপনারা জানেন পঞ্চায়েত রাজ। সেই পঞ্চায়েত রাজের স্থান কোথায় ? আজ হিমঘরে। সেই পঞ্চায়েত রাজ আজ আর নেই। পঞ্চায়েত রাজকেই অবলম্বন করে পশ্চিমবাংলার উন্নতি। পশ্চিমবাংলার এই পঞ্চায়েত রাজকেই অবলম্বন করে, পঞ্চায়েতকে দেখে, সারা ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্যগুলি এখানে এসেছে। সেই অঙ্গরাজ্যগুলি পশ্চিমবাংলার পঞ্চায়েত রাজকে পুরোপুরি নকল করে তাদের পঞ্চায়েত রাজকে প্রতিষ্ঠা করেছে। আজ আমাদের সেই পঞ্চায়েত রাজের বিন্দুমাত্র বরাদ্দ আর বিন্দুমাত্র স্থান এই বাজেটে হল না। এর থেকে দুঃখের মত, এ ধরনের ভাষা আর আমি খুঁজে পাচ্ছি না। যে পঞ্চায়েত রাজ বই দ্য পিপল, ফর দ্য পিপল কিন্তু আজ এই পঞ্চায়েত রাজ বাই দ্য বি.ডি.ও., বাই দ্য এস.ডি.ও., বাই দ্য ডি.এম., ফর দ্য মা-মাটি-মানুষ। তাই বলছি, সেই পঞ্চায়েত রাজকে আজ আপনারা যেভাবে ত্যাগ করেছেন, সেইভাবেই আপনাদের বলতে চাই, আপনাদেরও এখানে অনুসরণ করতে হবে। এই পঞ্চায়েত আপনাদেরও আছে। সমস্ত তৃণমূল স্তরের মানুষ আপনাদেরকে ছেড়ে কথা বলবে না। আমি বলতে চাই, সেই পঞ্চায়েত রাজকে প্রতিষ্ঠা করার জন্য আপনাদের সকলের উদ্যোগী হওয়া উচিত। যেন দেখবেন আপনাদের মন্ত্রীদের যা অবস্থা হচ্ছে, সেই ধরনের গাঁয়ে মানে না আপনি মোড়লের মতো যেন অবস্থা না হয়। সব শেষে বলি, এই বাজেটের স্বপ্ন অনেক, কিন্তু সঙ্গতি কম। কেন্দ্রীয় সরকার জোটের হলেও অর্থমন্ত্রী কাছের লোক হলেও ইতিহাস, ইতিহাস। আর সেখানে কোনো কথা চলবে না রাজনীতি, রাজনীতি। মনে পড়ে যায় মাইকেলের কথা—মারি অরি, পারি যে কৌশলে খুল্লতাত বিভীষণ, বিভীষণ রণে। তাই সঙ্গতীহীন বাজেটকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রীমতী সাওনী সিংহ রায় : মাননীয় চেয়ারম্যান সাহেব, সর্বপ্রথম আমি আপনাকে শ্রদ্ধাজ্ঞাপন করে এই হাউসে উপস্থিত সকলকে আমি আমার শ্রদ্ধা এবং শুভেচ্ছা জানাই। সময় কখনও থেমে থাকে না। তাই দেখতে দেখতে ২০০ দিন অতিক্রান্ত হল নতুন সরকারের। গত ২৩শে মার্চ নতুন সরকারের অর্থমন্ত্রী মাননীয় শ্রী অমিত মিত্র মহাশয় পশ্চিমবঙ্গের ৯ কোটি মানুষের উদ্দেশে পূর্ণাঙ্গ বাজেট পেশ করেন। আমরা জানি, বিগত সরকারের বেলায় আমাদের এ রাজ্যে শিশু যখন ভূমিষ্ঠ হত, সেই শিশু নতুন আলো, নতুন বাতাসের স্বাদ পাওয়ার সঙ্গে সঙ্গে তাদের উপর সাড়ে ১৯ হাজার করের বোঝা চাপানো হত। তারই মধ্য দিয়ে নতুন কিছু করার এক অঙ্গীকার নিয়ে এই বাজেট পেশ। সমাজের মেরুদণ্ড হল শ্রমজীবী মানুষ, ওরা কাজ করে নগরে, প্রান্তরে। সংগঠিত, অসংগঠিত ক্ষেত্রে

শ্রমিকের ব্যয়-বরাদ্দ হয়েছে এবারে ১৭৫ কোটি টাকা। পূর্বের তুলনায় ৩২.৫৮ শতাংশ বৃদ্ধি। আমি তাই ধন্যবাদ জানাই। পূর্বতন সরকারের শাসনকলের শেষ সময়ে, তারা তাদের ভোট ব্যাঙ্ককে বৃদ্ধি করার জন্য বিভিন্ন পেশায় ও কাজের ক্ষেত্রে কিছু প্রস্তাব রেখেছিল।

[4.30—4.40 p.m.]

সেইসব প্রস্তাব তারা বাস্তবায়িত করেননি। নতুন সরকারের বলিষ্ঠ পদক্ষেপের মধ্য দিয়ে কিছু কিছু করে তারা এগিয়ে চলেছে। পূর্বতন সরকারের অধীনে দৈনিক মজুরি ছিল ৬৮ টাকা, বর্তমান সরকার সেই মজুরি বাড়িয়ে কোথাও ৮৫ টাকা, কোথাও ৯০ টাকা, কোথাও ৯৫ টাকা করেছে। এটা একটা উল্লেখযোগ্য পদক্ষেপ। তবে এতেই থেমে থাকলে হবে না, সাম্প্রতিককালে কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত ন্যূনতম দৈনিক মজুরি হচ্ছে ১৬৭ টাকা। সেখানে আমাদের রাজ্য সরকারের বর্ধিত মূল্যের পরিমাণ তার থেকে কিন্তু অনেক কম। তাই আগে সেইদিকে আমাদের দৃষ্টি দিতে হবে, এগিয়ে যেতে হবে। 'ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লভে'—তাই মানুষের স্বার্থে কেন্দ্রীয় সরকার আজকে নানা পরিকল্পনা গ্রহণ করেছেন। তার মধ্যে খাদ্য সুরক্ষা আইন একটা অন্যতম পদক্ষেপ। কেন্দ্রীয় সরকারের উল্লেখযোগ্য এই পদক্ষেপগুলোর মধ্যে দিয়ে বর্তমানে রেশন ব্যবস্থা সংস্কার করে সস্তায় মানুষের কাছে খাদ্য দ্রব্য পৌঁছে দেওয়া এটাই আমাদের উদ্দেশ্য। উপভোক্তার সংখ্যা বৃদ্ধি করার সাথে সাথে মাথাপিছু খাদ্যের পরিমাণও বৃদ্ধি করা হচ্ছে। নতুন সরকার এইদিকে দৃষ্টি দিচ্ছেন। কিন্তু বিগত সরকারের সময়ে আমরা শুনেছিলাম ভুয়ো রেশন কার্ডের কথা। তার ছোট্ট একটা নমুনা দিই—২০১১ সালে জনগণনা অনুযায়ী ৯ কোটি ১৩ লক্ষ ৪৭ হাজার ৭৭৬ হচ্ছে জনসংখ্যা। আর রেশন কার্ডের সংখ্যা ৯ কোটি ১৬ লক্ষ ৯২ হাজার ১২২। অর্থাৎ মানুষের থেকে ৩ লক্ষ ৪৪ হাজার ২৮৬ সংখ্যক রেশন কার্ড বেশি। আজ নতুন সরকারের অধীনে এই সংখ্যাটা কিন্তু এখনো রয়েছে, এটা আমরা এখনো বিতাড়িত করতে পারিনি। তাই আমি বলবো অর্থ বরাদ্দের পাশে আমাদের সকলকে সজাগ হতে হবে। ভুয়ো রেশন কার্ড বাতিল করে যাতে মানুষ সঠিকভাবে তারা তাদের এই খাদ্য পরিষেবার উপকার পায় সেইদিকে বিশেষভাবে আমাদের দৃষ্টি দিতে হবে। ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুদের অন্তরে—আজকে যে শিশু আগামীদিনের সে ভবিষ্যৎ। এই শিশু আর নারীর উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিশেষ ভূমিকা নেওয়া হয়েছে। আজকে আই.সি.ডি.এস.-র প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা দেখেছি আমাদের নতুন সরকারের বাজেটে আজকে হাজার ৮৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপনের কথা বলা হয়েছে। আমি ধন্যবাদ জানাই এটা অত্যন্ত প্রয়োজনীয়। নারী ও শিশু কল্যাণ দপ্তরের জন্য ব্যয় বরাদ্দ করা হয়েছে হাজার ১৫.৩২ কোটি টাকা। এই পদক্ষেপটাকে সঠিকভাবে আমাদের বাস্তবায়িত করতে হবে। আজকে নারীদের কর্মদিবস সম্পর্কে কেন্দ্রীয় সরকার বারেবারে বলছে ৫০০ দিবস কাজের ক্ষেত্রে মোট শ্রম দিবসের ৩৩ শতাংশ দিন নারীরা কাজের অধিকার পাবে। আমরা দেখেছি বিগত দিনের সরকারের তুলনায় এই শতাংশ আরো বেড়েছে। ২০০৯-১০ সালে এই শতাংশ ছিল ৩৩.০৪ শতাংশ। বর্তমানে এর শতাংশ বাড়িয়েছে ৩৪.০৫ শতাংশ। তবে আমরা যদি পাশাপাশি অন্য রাজ্যগুলোর দিকে দেখি

তাহলে দেখবো যে, অন্ধ্রপ্রদেশে ৫৬ শতাংশ দিন নারীরা কাজ পাচ্ছেন। নারীরা কাজ পাচ্ছেন তামিলনাড়ুতে ৭৬ শতাংশ দিন। তাই বিগত সরকার ব্যাড বয়রা তারা কি কাজ করেছেন সেইদিকে দৃষ্টি না দিয়ে এই ভারতবর্ষের গুড বয়রা কি কাজ করছে, অন্য রাজ্য কিভাবে এগিয়ে যাচ্ছে সেইদিকে দৃষ্টি দিয়েই আমাদের এগিয়ে যাওয়া একান্তভাবে প্রয়োজন। এই ভারতবর্ষে নানা ধর্মের মানুষ বাস করে, নানা ভাষার মানুষ বাস করে। আজকে সংখ্যালঘু মানুষের উন্নয়নের জন্য আমরা দেখতে পাচ্ছি ৫৭০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই রাজ্যের মুসলিম ভাইয়ের সংখ্যা ভারতবর্ষে আজকে দেখা যাচ্ছে উত্তরপ্রদেশের পরেই আমাদের স্থান। আমরা চাই এই উন্নয়নের টাকার মধ্যে দিয়েই তাদের উন্নয়ন ঘটুক। আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ। আপনারা সকলেই জানেন মুর্শিদাবাদ জেলা এমন এক জেলা, যে জেলায় সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক মুসলিম সম্প্রদায়ের মানুষ বাস করে। কিন্তু আমরা ব্যথিত হলাম, আমরা দুঃখ পেলাম। কারণ আমরা দেখতে পেলাম যে আজকে সেই মুসলিম ভাইয়েরা যেখানে সবচেয়ে বেশি বাস করে, মুসলিম ভাইয়েদের কথা চিন্তা করে মুর্শিদাবাদের কোনো রকম পদক্ষেপ নেওয়া হল না। এটা হলে ভীষণ, ভীষণভাবে আমরা খুশি হতাম। কিচ্ছুক্ষণ আগে একজন বলছিলেন এই বিধানসভায় মালদহ, মুর্শিদাবাদের বন্যা প্লাবিত এলাকার কথা নতুনভাবে ভাবা হল না। মুর্শিদাবাদের মানুষ হিসাবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ভীষণভাবে কৃতজ্ঞ। কারণ আজকে কান্দি মাস্টার প্ল্যান মুর্শিদাবাদের মানুষকে বাঁচাবার এক পথ দেখাবে। সেই জায়গায় দাঁড়িয়ে আরও অন্য যে জায়গাগুলি ছিল, সেই সমস্ত বন্যা প্লাবিত জায়গাগুলির কথা যদি রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু বরাদ্দ করা হত, তাহলে মনে হয় মুর্শিদাবাদের মানুষ হিসাবে আমরা গর্বিত হতাম, আমরা আশার আলো দেখতাম। তাই সর্বোপরি আপনাদের কাছে একান্ত অনুরোধ কোন দৃষ্টিভঙ্গি না নিয়ে সার্বিক উন্নয়নের স্বার্থে আপনারা এগিয়ে আসুন। আমরাও আপনাদের সকলকে নিশ্চয় সহযোগিতা করব। পাশাপাশি ছোট একটা সুপারিশ। রবিদার সুরে সুর মিলিয়ে বলি—আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বিধায়কেরা উন্নয়নের জন্য দুই কোটি টাকা পায়। তাহলে আমাদের এই রাজ্যের বিধায়করা যাতে সাত লক্ষ থেকে এক কোটি টাকা পায়, তার জন্য আবেদন করছি। আশা করি আমার সমস্ত রাজনৈতিক দলের সমস্ত কলিগরা এই ব্যাপরে আপনারা সহযোগিতা করবেন এবং সমর্থন করবেন। আপনারা সকলে এগিয়ে চলুন। মনের মধ্যে আমাদের রয়েছে নতুন কিছু গড়ার স্বপ্ন। মাথার উপরে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা এবং রাজ্য সরকারের বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে নতুন বাংলা গড়ব, এটাই আমাদের শপথ।

হম হোংগে কাম ইয়াব,
হম হোংগে কাম ইয়াব
একদিন মনমে হ্যায় বিশ্বাস,
পুরা হ্যায় বিশ্বাস,
হম হোংগে কাম ইয়াব।

ধন্যবাদ।

শ্রী অশোক রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে এই মহতি সভায় রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে দু-একটি কথা বলতে চাই। এখানে আমরা কেবল বিরোধিতা করার জন্য বিরোধিতা করছি না। একটা জিনিস যেটা লক্ষ করা যাচ্ছে, সেটা হচ্ছে এই যে একজনের চিন্তা, সেই চিন্তাটাকে প্রতিফলিত করার জন্য সামগ্রিক চিন্তা থাকছে না। আমার মনে হচ্ছে যে বেদান্তে একটা কথা আছে একম এবং অদ্বিতীয়ম। আমার কোনো দ্বিতীয় নেই, দ্বিতীয় হয় না। এটা যদি সত্যই হয়, মেনে নিতে হয় তাহলে অন্যদের প্রয়োজন কোথায়, এই প্রশ্নটা সভার মধ্যে রাখলাম। আমরা লক্ষ করছি যে এই যে আয়, ব্যয়ের যে রাজস্ব আদায়, রাজস্ব আয়, ব্যয়ের যে একটা বিরাট তফাত, আমরা মনে করি একটা সরকারের অর্থনৈতিক যে শক্তি কি রকম বা সরকারের অর্থনৈতিক দৃঢ়তা কতটা, সেটা কিন্তু নির্ভর করে তার বাজেটের উপরে। বাজেটটা যেমন হবে তেমনি চলবে, দেশ তেমনি চলবে। দেশ বলতে তো মাটিকে বোঝায় না, দেশ বলতে বোঝায় মানুষকে। সুতরাং মানুষের স্বার্থে কি হবে না হবে তাব একটা পূর্ণাঙ্গ চিত্র এইখানে পাওয়ার কথা। কিন্তু সেই পূর্ণাঙ্গ চিত্র এখানে নয়, কেবলমাত্র ৩৪ বছর, ৩৪ বছর করে একটা সভাকে মিসলিড করার চেষ্টা হচ্ছে। আমি যেটা মনে করি, সেটা হচ্ছে এই যে এই সরকার স্ট্যাটিসটিক্যাল এক্সপেনডিচার দিয়ে মানুষকে মিসলিড করছেন।

[4.40—4.50 p.m.]

মিসলিড করছেন কি করে ? আমরা দেখলাম বিভিন্নভাবে তিনি বলছেন মানুষের স্বার্থ আছে। প্রথমে আসি কৃষির কথায়। কৃষিতে কি দেখলাম এই তো দশ মাসে কৃষক কোনদিকে গেল ? চোখের জল ফেলছে, হাঁটুর উপর মাথা দিয়ে সে দীর্ঘ নিঃশ্বাস ফেলছে। এই তো দেখলাম কৃষির উপর আপনাদের দরদ। এখন কি বলা হচ্ছে যে কৃষাণ মান্ডি হবে, অমুক হবে, তমুক হবে। এরকম বিভিন্ন ধরনের কথা বলা হচ্ছে। এখানে বলা হচ্ছে যে কৃষি রত্ন পুরস্কার দেবেন। কত করে, পাঁচ হাজার টাকা করে। আমি একটি সভায় ছিলাম সেখানে দেখলাম, সেই সভাতে বলা হয়েছে সাহসিকতার একটা পুরস্কার দেওয়া হবে। সেখানে বি.ডি.ও. সাহেব আছেন, সভাপতি আছেন, তৃণমূলের নেতারা আছেন, আমিও আছি। বি.ডি.ও. সাহেব ও এরা তাকাচ্ছেন তৃণমূলের নেতার দিকে কারণ কাকে তিনি সুপারিশ করবেন। তাহলে এখানে কি বুঝে নেব যে কৃষিরত্ন তিনি পাবেন যিনি recommended by the T.M.C. হবেন। এটা যদি মনে করি নিশ্চয়ই অন্যায় হবে না। দ্বিতীয় কথা হল যে, কৃষকদের কথা বলছেন কৃষকদের এই পয়লা এপ্রিল থেকে শুনলাম যে, সাপ্লাই আসেনি বলে কেমিক্যাল রাসায়নিক সারের দাম ডাবল হবে। কই একটা কথাও তো নেই। নাকি শেষকালে ঘোষণা করবেন যে আগের মতো আমাদের এই মা-মাটি-মানুষের সরকার কৃষকদের জন্য কাঁদে সুতরাং পাঁচ টাকা না হোক তিন টাকা যাইহোক আমরা সাবসিডি দেব। এ রকম একটা ঘোষণা করে বলবেন যে, কৃষকদের পক্ষে আমরা আছি। এইতো হচ্ছে আপনাদের দরদ, আগেরকার দিনে তাই করেছেন। আর একটা কথা প্রায়ই বারবার বলতে শুনছি প্রতিটি

ক্ষেত্রে কর্মসংস্থান হবে। কর্মসংস্থান কি করে হবে তার কোনো দিশা নেই। বিশেষ কর্মসংস্থান করতে হবে না আমার কাছে একটা তথ্য আছে। সেই তথ্যটা হচ্ছে ২০০৯ সালে একটা বিজ্ঞাপন দেওয়া হয়েছিল স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরে। পরীক্ষা হয়েছিল ২০১০-এ, ২৩ থেকে ২৫ এপ্রিল পরীক্ষা হয়। ফলাফল বেরোয় ১৫ই জুন ২০১১, প্যানেল নাম্বার ১০৩/টি.এস.সি. (২০১১)। প্যানেলে আছে দুই হাজার আটশো সতের জন। আমাদের লক্ষ লক্ষ বেকারদের চাকরি দিতে হবে। আজকে তারা হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। টি.এ.সি. প্যানেল করেছে, কোথায়, কেন আজ পর্যন্ত এই প্যানেলের যারা প্রার্থী বা কেনডিডেট তাদের কেন নিয়োগ করা হচ্ছে না, বাধা কোথায় ? আমরা বুঝতে পারছি না। এখানে দেখছি অনেক অবসরপ্রাপ্ত শিক্ষক আছেন। তাঁরা প্রাইমারি হতে পারেন, সেকেন্ডারি হতে পারেন, কলেজের হতে পারেন কিন্তু তাঁরা মাথা নিচু করে বলছেন ৩৪ বছর বামফ্রন্ট নাকি শিক্ষার কিছু করেনি, শিক্ষাটাকে একেবারে শেষ করে দিয়েছে। তিনি কি জানেন না যে কংগ্রেস আমলে শিক্ষকদের কি অবস্থা ছিল। সংবিধানে বলা হয়েছিল যে ৪৫ নম্বর ধারায় বলা হয়েছিল দশ বছরের মধ্যে সমস্ত বালক-বালিকাদের ফ্রি এবং কমপালসারি এডুকেশন নেব ১৯৫০ থেকে ৬০-এর মধ্যে। আজকে বলুনতো যারা খুব চিৎকার করছেন শিক্ষাক্ষেত্রে কিছু হয়নি তারা কি ষাট সালের মধ্যে সমস্ত বালক বালিকাদের কমপালসারি, ফ্রি এডুকেশন দেওয়ার কোনো ব্যবস্থা করেছিলেন ? কিন্তু এই ৩৪ বছর বামফ্রন্ট আসার পরে তারাই প্রথম দ্বাদশ শ্রেণি পর্যন্ত প্রথমে ফাইভ-সিক্স-সেভেন-এইট এইভাবে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ফ্রি এডুকেশন তারা চালু করেছে। শিক্ষকরা কোথায় ছিলেন ? চার থেকে পাঁচটা পে-কমিশন হয়েছে। লজ্জা লাগা উচিত শিক্ষকদের, শিক্ষক বা শিক্ষাকর্মী যে স্তরেই হোক আজকে বামফ্রন্টের সমালোচনা করতে। যেদিন অবসরগ্রহণ করার সময় কংগ্রেস আমলে অবসরের দিনে কি পেতাম ? পেতাম মাত্র একটা ফুলের মালা, আর ৬০ বছরের বার্ধক্যজনিত প্রতীক হিসেবে একটা লাঠি। আর পরে প্রতিষ্ঠিত ছাত্রদের দুয়ারে দুয়ারে গিয়ে বলতে হত যে তোমার শিক্ষাগুরু এসেছে, তোমারা কিছু সাহায্য করতে পার তো বল। এই তো ছিল অবস্থা। আজ লজ্জা লাগে না তাদের ? যারা এই কথা বলে বামফ্রন্টের আমালে শিক্ষকদের এবং শিক্ষার উন্নয়ন হয়নি তাদের বিবেক আছে ? চার থেকে পাঁচটা পে-কমিশন হয়েছে। যে কমিশনের মধ্যে দিয়ে আজকে শিক্ষকরা, আজ বলছে এক তারিখে বেতন ! ৫-৬ তারিখে বেতন তো হতোই। আগে ৬ মাস ৯ মাস অন্তর বেতন হত। আমি তার সাক্ষী। আমি যখন শিক্ষার অঙ্গনে আসি ১৯৬৩ সালে, যদি কেউ চ্যালেঞ্জ করতে চান করবেন, আমি তথ্য দিয়ে বলতে পারি কংগ্রেসী আমলে শিক্ষকদের উপরে কি নির্যাতন করা হয়েছে। পি.ভি.আর. চালু করা হয়েছিল, পুলিশ ভেরিফিকেশন রোল। চালু করা হয়েছিল এফিসিয়েন্সি বার, কেউ অস্বীকার করতে পারেন ? সেই এফিসিয়েন্সি বারে কি হতো জানেন ? ম্যানেজিং কমিটির তোষামোদী করে, এখন যেমন মুখ্যমন্ত্রীর তোষামোদী করে মন্ত্রীত্ব রাখতে হচ্ছে, তেমনি তাদের যদি তোষামোদী না করতেন, তাহলে তাদের চাকরি থাকত না। কলম ভেঙে যায় যার সই করতে, তিনি এম.এ., বি.টি. পাশ করা শিক্ষককে বলতেন পড়াতে না পারলে চাকরি থাকবে না। সেই অনিশ্চিত একটা জায়গা থেকে শিক্ষাকে তুলে এনে, শিক্ষাকে সহস্র মানুষের

মধ্যে এনে দিয়ে বামফ্রন্ট যে নজির তৈরি করেছে, তাকে তারা অস্বীকার করেন। আমি মনে করি তারা শিক্ষক পদবাচ্য নয়, তারা অন্য কিছু হতে পারেন, শিক্ষক তারা নন। দিনের পর দিন যেভাবে চলছে সেইভাবে চলতে দেওয়া যায় না। এমন একটা অবস্থা তৈরি হচ্ছে, যে অবস্থার মধ্যে দিয়ে এই পশ্চিমবাংলার মানুষ একটা পরিবর্তন চেয়েছিল। ঠিক আছে পরিবর্তন হয়েছে কিন্তু এই পরিবর্তন তো চায়নি। তাই গ্রামে যখন যাই, পাড়ায় যখন যাই তখন তারা চোখের জল ফেলে বলেন, আমরা তো এই পরিবর্তন চাইনি। যে পরিবর্তনের মধ্যে দিয়ে বেকারের বেকারত্ব বেড়ে যাবে, যে পরিবর্তনের মধ্যে দিয়ে কৃষক তার ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হবে, গণতান্ত্রিক আন্দোলন করার যে অধিকার, সেই অধিকার থেকে বঞ্চিত হবে—এই পরিবর্তন তারা চায়নি। আজকে বলা হচ্ছে ধর্মঘট করলে বেতন কাটা হবে হুইপ জারি করা হচ্ছে। যে গণতান্ত্রিক পরিবেশ তৈরি হয়েছিল, সেই গণতান্ত্রিক পরিবেশটাকে হুমকি দিয়ে আবার নষ্ট করার চেষ্টা করছে। সুতরাং আমি মনে করি গণতান্ত্রিক ব্যব্যস্থাতেই আবার এই সরকারকেই হুঙ্কার দিয়ে জানিয়ে দেবে, 'তোমরা যে পথে চলছ, সেই পথ ভুল, সেই পথ অন্যায়, সেই পথ মানুষ গ্রহণ করতে পারে না।' বিভিন্ন ক্ষেত্রে যেমন বিদ্যুৎ, বলছেন ১৪ লক্ষ পরিবারের না কি বিদ্যুৎ পৌঁছে গেছে। অদ্ভুত ব্যাপার। আমি একজন বিধায়ক হিসেবে চ্যালেঞ্জ করছি বিদ্যুৎমন্ত্রীকে, তিনি চলুন, অর্থমন্ত্রী চলুন আমার এলাকায় আজ ৭,৮,১০ মাস ধরে খুঁটি পড়ে আছে, তার টাঙানো হয়নি। বিদ্যুৎ কবে যাবে, তাও তারা বুঝতে পারছেন না। তারা বলছে, আমরা কি তীর্থের কাকের মতো তাকিয়ে থাকব লাইন কবে আসবে, এটা কি হতে পারে ? সুতরাং এই বিষয়টা ভাববেন। বিদ্যুৎ যেটা দেওয়া হয়েছে বলা হচ্ছে, সেটা সম্পূর্ণ নিছক স্ট্যাটিস্টিক্যাল যে রিপোর্ট, সেই রিপোর্ট থেকে দেওয়া হয়েছে। বাস্তবের সঙ্গে এর কোনো মিল নেই। বাস্তবের সঙ্গে এর মিল নেই বলেই আমরা কিন্তু কেউ এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আপনাদের অপদার্থতা এবং দূরদর্শিতার অভাবের জন্য পশ্চিমবাংলার সমস্ত স্তরের মানুষ আজকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং ক্ষতিগ্রস্ত যাতে না হয়, তার জন্য আপনারা উদ্যোগ নেবেন। স্কুল শিক্ষার ক্ষেত্রে আপনারা বলেছেন, যেদিন থেকে এম.এল.এ. হয়ে আমরা এখানে এসেছি সেদিন থেকেই শুনছি ৪৪ হাজার ৯৫৫টি শিক্ষক নিয়োগ করা হবে। খুব ভালো কথা।

[4.50—5.00 p.m.]

গত বছর আপনারা কিছু মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিকে উন্নীত করেছেন। সেখানে আপনারা কি শিক্ষক পেয়েছেন ? এই বছরও আপনারা ভাবছেন। শুধু ভবিষ্যতের দিকে তাকিয়ে, ফিউচার টেন্সের দিকে গেলে তো চলবে না। ঠিকমতো চলতে গেলে তার জন্য দরকার পরিকাঠামো। যে উন্নয়ন ঘটানো হয়েছে তার অগ্রগতিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে ভূমিকা আপনাদের পালন করার কথা সেই ভূমিকা আপনারা পালন করছেন না, ফলে আগামীদিনে উন্নয়ন মুখ থুবড়ে পড়বে, শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়বে। কর্মসংস্থানের কথা বলে লাভ নেই। বলছেন বিভিন্ন জায়গায় প্রায় ১১ লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। কোন দপ্তরে বা কোথায় তাদের নিয়োগ করা হবে মাননীয় অর্থমন্ত্রী যেন

তাঁর জবাবী ভাষণে আমাদের বলেন। না হলে ফাঁকা আওয়াজ দিয়ে লাভ নেই। মুখে বলবেন, আর একটা নিয়ে কত বছর কাটাবেন ঠিক নেই। এই জিনিস চলতে পারে না। নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। আমি মনে করি এর থেকে পশ্চিমবঙ্গের মানুষ যাতে অব্যহতি পায় তার চেষ্টা করবেন। আমি বীরভূমের মানুষ, সেখানকার কবি জয়দেবের একটা স্তব আছে 'স্মর গরল খণ্ডনম্ মম্ শিরসি মন্ডনম্ দেহি পদ পল্লব মুদারম্।' আপনাদের বলছি, 'দেহি পদ পল্লব মুদারম্', এই বন্দনা না করে জয়দেবের মতো স্তাবকতা না করে, জয়দেবের মতো স্তুতি না লিখে সঠিকভাবে কাজ করুন, আমাদের দেশবাসীর জন্য চিন্তা করুন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আজকে শ্রী রামেশ্বর দোলই একটা আন স্টারড কোশ্চেন দিয়েছিলেন জনস্বাস্থ্য কারিগরি বিভাগের উপরে। এই ৬ নং প্রশ্নের 'গ'-এর যে উত্তর, তার ৩ নং লাইনে আছে ২০১১ কোটি ৫৭ লক্ষ টাকা, এটা কথায় লেখা আছে ১ হাজার ১১ কোটি ৫৭ লক্ষ টাকা। এটা প্রিন্টিংয়ের একটা ত্রুটি হয়েছে, এটা সংশোধন করে আমি মাননীয় সদস্যদের জানিয়ে দেব।

শ্রী বেচারাম মান্না : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, গত ১৫ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন, সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলব। আমি অনেক বক্তার বক্তব্য শুনলাম। বামপন্থী বন্ধুরাও অনেক কায়দা করে বক্তব্য রাখলেন। আমাদের মা-মাটি-মানুষের সরকারের প্রকল্পগুলি, যেখানে কিষাণ মান্ডি, কৃষি রত্ন, স্বাস্থ্য জেলা, সবার জন্য স্বাস্থ্য ব্যাঙ্ক, employment bank, বৃত্তিমূলক কর্মশিক্ষা প্রকল্প, সবার জন্য ঘরে আলো, জল ধর জল ভারো, ইত্যাদি, এসব শুনতে আমাদের বামপন্থী বন্ধুদের ভালো লাগবে না। কেন না দীর্ঘ ৩৪ বছর ওরা এই কাজগুলো করেনি। আমাদের মা-মাটি-মানুষের সরকারের অর্থমন্ত্রী যে প্রস্তাবগুলো এখানে দিয়েছেন সেইগুলো এক বছরের মধ্যে সম্পন্ন হবে। তারপর যদি বিধানসভা নির্বাচন হয়, তাহলে আপনারা এখনকার দুটো রো ছেড়ে একটা রো-তে চলে যাবেন। এবং ওদের অপকর্মের ফল ২২ হাজার কোটি টাকা সুদে আসলে দিতে হচ্ছে একজন শিশু এই বাংলায় জন্মগ্রহণ করবে ২১ হাজার টাকা ঋণ মাথায় নিয়ে। ওদের কৃতকর্মের ফলের জন্য এই জায়গায় এসে পৌঁছেছে। রাইটার্স বা মহাকরণ যেভাবে ঋণে জর্জরিত করেছে। যদি গ্লোবাল টেন্ডার হত কেউ এই টেন্ডারে হাজির হত না ওদের কৃতকর্মের জন্য। আজকে কৃষকদের জন্য কি কাঁদছে ? সকালবেলায় আমাদের বিরোধী দলের নেতা সহ, বামপন্থী বিধায়করা সকাল হলে কৃষক কোথায় আত্মহত্যা করেছে সেটা খুঁজে বেড়াচ্ছে। নাম দেখাবার জন্য, টিভিতে নাম তোলার জন্য খবরের কাগজে নাম দেখাবার জন্য। গত কয়েকদিন আগে আমার বিধানসভার একজন গেলেন। মৃত্যু নিশ্চয়ই বেদনার, অত্যন্ত দুঃখের কিন্তু সেই মৃত্যু নিয়ে কখনোই রাজনীতি করা উচিত নয় যেটা বামপন্থী বন্ধুরা করতে আরম্ভ করেছেন মা-মাটি-মানুষের সরকারকে অপদস্থ করবার জন্য। হরিপালে ভাগলা গ্রামে গণেশ দলুই বলে একজন আত্মহত্যা করল। জানল না, শুনল না বলল সে কৃষক। তার পেশা কি ? ডেকরেটিং এক একজন কর্মী। এলাকার গ্রামে গেলে জানতে পারবেন, বুঝতে পারবেন যে

কি কাজ করে। আজকে অভাবের তাড়ানায়, দুটি মেয়ের বিয়ে দেওয়ার পরে ঋণে জর্জরিত হয়েছিল, কৃষি ঋণের জন্য নয়। আজকে সেই বন্ধুর আত্মহত্যাকে কৃষকের আত্মহত্যা বলে চালাবার চেষ্টা করছে। পশ্চিমবাংলায় ওরা ৩৪ বছর অনেক রকম গোয়েবেলসীয় কায়দায় অসত্য কথা বলেছেন। মানুষের উত্তর দেওয়ার কোনো সাহস ছিল না ওদের পেশী শক্তি এবং পুলিশ শক্তির কাছে। এই মুহূর্তে ওদের অসত্য কথা মানুষ শুনবে না, মানুষ তৈরি হচ্ছে অসত্য কথার জবাব দেওয়ার জন্য। আজকে দুঃখ লাগে আমাদের মাননীয় অর্থমন্ত্রী, মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী কৃষকদের কথা চিন্তা করেছেন এবং তিনি কৃষকদের জন্য এই রাজ্যের মা-মাটি-মানুষের সরকারে প্রতিষ্ঠিত হতে পেরেছেন। সিঙ্গুর, নন্দীগ্রাম, নেতাই, নানুরের ঘটনা সারা পৃথিবীর মানুষ জানে। কি করেছে কৃষকদের জন্য ? আজকে লজ্জা করে না কেন পাঞ্জাব থেকে আলুর বীজ আনতে হবে ? বামপন্থী বন্ধুরা বলবেন ৩৪ বছর তো কম সয় নয়। ২৪৫টি কৃষি খামার রয়েছে। কল্যাণীতে কৃষি বিশ্ববিদ্যালয় রয়েছে যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের গবেষণা পৃথিবীর উন্নত দেশগুলোতে কৃষিতে ব্যবহৃত হচ্ছে। আজকে কেন কৃষি গবেষণা মাধ্যম দিয়ে আমাদের কৃষককে পশ্চিমবাংলার ২৪৫টি খামারে আলু বীজ উৎপাদন করে কেন আমরা কৃষককে সস্তায় তুলে দিতে পারলাম না। কেন কৃষকের আলুকে পাঞ্জাব থেকে ৫০ কেজি প্যাকেট ১৩শো টাকা প্যাকেট পরিবহন ভাড়া অধিক দিয়ে, আমরা কেন পারলাম না কৃষকের হাতে তুলে দিতে। লজ্জা করে না কৃষকের কথা বলছেন ? আপনাদের মুখে কৃষকের কথা সাজে না। ইফকো, কিফকো সার। আলু চাষ আমরা জানি ইফকো, কিফকোর সার ছাড়া হয় না। কেন আমরা উত্তরপ্রদেশ থেকে আজকে পরিবহন ভাড়া অধিক দিয়ে আমরা কেন ইফকোর, কিফকোর সার কেন আমি উত্তরপ্রদেশ থেকে আনব ? দীর্ঘ ৩৪ বছর তো কম সময় নয় ? কেন পশ্চিমবঙ্গের বুকে ইফকো, কিফকোর মতো সমগোত্রীয় রাসায়নিক সারের কারখানা কেন তৈরি করতে পারলেন না ? বাংলার মানুষের কাছে আপনাদের জবাব দিতে হবে। আজকে মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জী তিনি দুর্গাপুরে এবং হলদিয়ায় রাসায়নিক সার তৈরির কারখানার জন্য প্রস্তাব রেখেছেন। সূচনা করেছেন, কাজ আরম্ভ হয়েছে এবং সস্তার মূল্যে আগামী দিনে কৃষক সার পাবে। আজকে লজ্জা করে না, আমি নিজে কৃষি স্ট্যান্ডিং কমিটির মেম্বার, আর একজন বামপন্থী বন্ধু আছে তিনিও আছেন অনেকদিন রয়েছেন, আমরা ভিজিটে গিয়েছিলাম, কি দেখলাম জানেন, কৃষি মার্কেটিং-এর গেটের তলা দিয়ে চুঙ্গি করগুলো, ওই চুঙ্গি করগুলো সরকারের আয়কে স্তব্ধ করে দিয়ে আপনাদের দলের সমর্থক, কর্মীরা সেখানে নিজেদের পকেট ভরাবার চেষ্টা করছে। সরকারের আয় বাড়েনি। কেন, সেই প্রথাকে ভাঙ্গার জন্য কৃষি মান্ডি তৈরি করছে। আপনারা ভাবতে পারেননি। শুনতে খারাপ লাগবে, কৃষি মান্ডি আবার কি কথা এল। কৃষি মান্ডি যেখানে কৃষকের বাঁচার ভবিষ্যৎ। কৃষকের উৎপাদিত ফসল সেই জায়গায় বিক্রি হবে। সব্জি স্টো হবে। জেনে রাখুন কাঁচা ফসল আমাদের পশ্চিমবাংলায় যা উৎপাদন হয়, ৩০ শতাংশ নষ্ট হয়ে যায়, বিকল্প ব্যবস্থা করেননি বলে। আমাদের সরকার করেছেন আজকে সেই জন্য সব্জি স্টোর হবে। আজকে বাঁধা কপি পাঁচ টাকা পিস। আর এই বাঁধা কপি চার মাস পরে ৩০ টাকা পিস হয়। দু-দিন

পরে টম্যাটো দেখবেন গরুকে খাওয়াতে হয়। আর এইখানে টম্যাটোকে যদি সব্জি স্টোরে রাখা যায়, ঐ টম্যাটোর দাম ২০-২৫ টাকা কেজি হয়। আপনারা এটা চিন্তা করেননি। মা-মাটি-মানুষের সরকার আজকে সব্জি স্টোরের কথা চিন্তা করেছেন। আজকে আমরা জানি কৃষকের জন্য আপনাদের দরদ উথলে উঠছে। লজ্জা করে না। বর্ধমানের চালকলের মালিকগুলিকে বামপন্থী বন্ধুরা কন্ট্রোল করতেন। আজকে ধানের দাম ওঠানামা করত। আজকে লজ্জা করে না, আজকে আপনারা বিরোধিতা করছেন, মমতা ব্যানার্জীর কৃষিনীতি নিয়ে। আর বাইরে আজকে একটা [***] পত্রিকায় দৈনিক বাংলা পত্রিকায়...

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] পত্রিকা কথাটা বাদ যাবে।

[5.00—5.10 p.m.]

শ্রী বেচারাম মান্না : প্রাক্তন সাংসদ প্রশান্ত মজুমদার তিনি মমতা বন্দ্যোপাধ্যায়ের ধান কেনার প্রসঙ্গে এবং বিভিন্ন কৃষি সাফল্যের প্রসঙ্গ নিয়ে তিনি সুনাম গেয়েছেন বলে বামপন্থী বন্ধুরা তাকে বলছেন এখানে বলা যাবে না। বাইর গিয়ে আপনি বলুন। কেন আপনি মমতা ব্যানার্জীর ভালো কথা বলছেন। আজকে কেন তার কাজের তালো কথা আপনারা কেন বলছেন ? আজকে লজ্জা করে না, আপনাদের নেতারা বাইরে এক কথা বলছেন, আর আপনারা মানুষের দ্বারা নির্বাচিত হয়ে আজকে বিধানসভার ভিতরে আর এক রকমের কথা বলছেন। এটাতে আপনাদের লজ্জা করা উচিত। আজকে কেন আপনারা ধান কিনতে পারেননি। সহায়ক মূল্য আপনারা কেন করতে পারেননি। কেন আপনারা চেকে পেমেন্ট দিতে পারেননি ৩৪ বছর। সেটা আপনাদের ব্যর্থতা। তার কারণ আমাদের রাজ্যের উৎপাতিত পণ্যের গোডাউন মাত্র ৫০,০০০ মেট্রিক টন। সেই জায়গাতে আমার সরকার নতুন করে গোডাউন তৈরি করছে। যে গোডাউন আজকে আমরা দেখতে পাচ্ছি ১০ লক্ষ মেট্রিক টন। আর চালকলের মালিকদের কাছে গিয়ে আর পড়ে থাকতে হবে না। যেটা আপনারা করতেন। আপনারা কন্ট্রোল করতেন। সেখান থেকে উদ্বৃত্ত পয়সা আপনারা আদায় করতেন। পার্টি ফান্ড বাড়াতেন। আজকে সেটা বন্ধ করার জন্য আমাদের অর্থমন্ত্রী আজকে ১০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য রাখার ভাণ্ডার তিনি তৈরি করেছেন। আজকে লজ্জা করে না আপনারা কৃষকের কথা বলছেন ? আপনারা কৃষককে কি উপহার দিয়েছেন ? আগে উৎপাদিত ফসল তৈরি করলে কৃষককে সম্মান জানাতে হয়। সেই সম্মান আপনারা দীর্ঘ ৩৪ বছর ধরে দেখাননি। আমাদের মা-মাটি-মানুষের সরকার আমাদের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় তিনি দেখিয়ে দিয়েছেন কৃষি রত্ন। বড় কুমড়ো হবে। বড় ফুল হবে। বড় ফল হবে। আর পুরস্কার পাবে কৃষক। আর কৃষক উৎসাহিত হবে। এই কৌশল আপনারা নিতে পারেননি। আজকে লজ্জা করে না খাদ্য প্রক্রিয়াকরণ কৃষির একটা অঙ্গ। জেনে রাখুন আমার বন্ধু গিয়েছিলেন আমাদের বামপন্থী বন্ধু শাহজাহানদা। জেনে রাখবেন পোলবাতে একটি সব্জি স্টোর আছে। দাদাজী অ্যাগ্রো ইন্ডাস্ট্রি বলে যে সব্জি স্টোরে হর্টিকালচার ডিপার্টমেন্ট থেকে ৫১ লক্ষ টাকা সাবসিডি দেওয়া হয়েছিল কিসের জন্য জানেন ? কৃষির ফসল সব্জি রাখার জন্য। সেই স্টোরেতে কি

*** 'উপাধ্যক্ষের আদেশাক্রমে বাতিল'

আছে জানেন ? সেই স্টোরে চিটে গুড় আছে। আর আছে কাশ্মীরের আপেল, আর আছে ন্যাসপাতি। এরা কৃষির জন্য ভাবে ? যদি সত্যি কৃষির জন্য ভাবত ৫১ লক্ষ টাকা সাবসিডি দিয়ে চিটে-গুড় রাখত না চুল্লু তৈরি করার জন্য। আজকে লজ্জা করে না আমি তদন্ত করছি। আজকে আমি তদন্তের দাবি জানাচ্ছি আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে। অনেকগুলি সব্জি স্টোর আছে। প্রতিটি সব্জি স্টোরে এই রকম ৫১ লক্ষ টাকা করে সাবসিডি পেয়েছে। সেই সাবসিডি দিয়ে স্থানীয় নেতারা লুটেপুটে খেয়েছে ওই মালিকদের আঁতাতে। এইগুলির তদন্ত করার দরকার রয়েছে। কারণ সিঙ্গুরে একটা প্রোজেক্ট ছিল, যেখানে টাটা প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ হয়েছিল। সেখানে একজন এক্স এম.এল.এ.-র ছেলে—যেখানে এগজিকিউট করবার একটা নির্দিষ্ট সময় থাকে, তিন বছর পরে সেই সাবসিডি পাওয়া যায়—কিন্তু অধিগ্রহণের দেড় বছরের পরে সেই স্টোরটাকে তুলে নিয়ে চলে গেল, দেখা গেল তিন বছর শেষ হল না, কিন্তু তার সাবসিডি সরকারি হর্টিকালচার থেকে পেয়ে গেল। এটা র তদন্ত করার প্রয়োজন রয়েছে। তার কারণ ওরা যে বাইশ হাজার কোটি টাকা ঋণ আজকে দিতে হচ্ছে এই ঋণের দায় আমাদের নিতে হচ্ছে এদের এই রকম ব্যর্থতার জন্য। অপদার্থতার জন্য। তাই মানুষকে জবাব দিতে হবে। তাই বন্ধুগণ, আমার অনেক কিছু বলার ছিল, সময় খুবই কম। জেনে রাখুন, মা-মাটি-মানুষের সরকার যেভাবে এগোচ্ছে, ওই আসনগুলো ফিকে হয়ে যাবে। একদিন বলেছিলেন, ২৩৫, ওরা ৩০। ওদের সাথে কি কথা বলবো। এখন ৬২। এরপরের বারের নির্বাচন হলে দূরবীন দিয়ে দেখতে হবে। তাই আমি এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয়কে ধন্যবাদ জানিয়ে—সরি, দুঃখিত, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : হাত তালি দেওয়ার কিছু নেই, উনি নতুন মেম্বার। প্লিজ, উনি নতুন মেম্বার, আর আপনারা সকলেই জানেন যে, আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী, তিনি নির্বাচনে পরাজিত হয়েছিলেন। এতে হাসির কিছু নেই। তিনি জিতে এসেছেন, তাঁকে বলেছেন—সে রকম তো কিছু নেই। উনি নতুন মেম্বার।

(**ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চ** : চেয়ার থেকে এটা বলা যায় না।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : উনি নতুন মেম্বার, ভুল হতেই পারে। আপনি সব সময় শুধু হাত তুলে তুলে বলেন। নতুন মেম্বারকে বলার সুযোগ দেবেন না ? আপনাদের নতুন মেম্বার অনেক কিছু বাজে বাজে কথা বলছে। উনি এমন কি বললেন ? নতুন মেম্বাররা কত কিছু আজে-বাজে কথা বলছে আপনাদের বেঞ্চ থেকে, কই, তখন তো কিছু বলেননি ? আমি জানি কোনটা বলা যায়, কোনটা বলা যায় না। আঙুল তুললেই সব কিছু বলা যায় না। আমি জানি নতুন মেম্বার কি বলতে পারে, কি বলতে পারে না। আমি জানি, রুল মেনেই বলেছি। নতুন মেম্বাররা যখন মেম্বার্স স্পিচ দেয়, তখন বাধা দেওয়া যায় না। আপনাদের সিনিয়র মেম্বাররা বললে আমি বাধা দিতে না করেছি, তখন তো কেউ কিছু বলেননি ?

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, ২০১২ এবং ২০১৩-এ যে বাজেট বিবৃতি মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন, সেই বাজেট বিবৃতির আমি সহযোগিতা করছি না এবং সমর্থনও করছি না। কারণ, এই বাজেটের কোনো দিশা আমি দেখতে পাচ্ছি না এবং অস্পষ্ট, অস্বচ্ছ এবং দিকহীন। এখন একটা কথা বলতে গেলে কি হবে জানি না— যে, ৩৪, ৩৪ বছর ধরে যে কথা এই হাউসে আলোচনা হচ্ছে সব সময়, এখন ৩৪ না বলে আমরা যদি এটাকে ৩৫ বছর বলি, তাহলে আমার মনে হয় ভালো হয়। কারণ বিগত যে সরকার ছিলেন, সেই সরকারের সাফল্য এই ১০ মাসের মধ্যে অনেক সাফল্যকেই নিজেদের সাফল্য বলে দাবি করে মানুষকে ভুল বোঝানোর জন্য সেইদিকে তাঁরা নির্দেশ করছেন এবং বাজেটে তার অনেকগুলো জিনিসই প্রতিফলিত হচ্ছে। আমরা কি দেখছি ? নাগেরবাজার উড়ালপুর উদ্বোধন। তাতে ১০৭ কোটি টাকার উদ্বোধনের জায়গা, যেটা নির্বাচন করার কথা হয়েছিল উড়ালপুল, তার ৩৫ শতাংশ ছিল কেন্দ্রের, আর ৬৫ শতাংশ ছিল রাজ্য সরকারের। কিন্তু এই পুল উদ্বোধন করতে গিয়ে ৯০ শতাংশ টাকাই তৎকালীন রাজ্য সরকার দিয়েছে। আমরা দেখেছি বালাসোর নদী থেকে—দার্জিলিংকে একটু ভালো রাখার জন্য, নির্বাচনে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে, দার্জিলিংকে জল সরবরাহ করা হবে। তাই বালাসোর নদী থেকে জল তুলে সেই জল পরিশ্রুত করে দার্জিলিং-এ পাঠানোর যে ব্যবস্থা হয়েছিল, বর্তমান সরকার তার যে কাজ বিগত দিনে হয়েছিল, তার সিংহভাগ—সেই দাবি নিয়ে এখন তাঁরা বলতে চাইছেন, আমরা এই কাজ করেছি এবং এর সাফল্য দাবি করছি।

[5.10 – 5.20 p.m.]

এই রকম বহু বিষয় আছে যেগুলি বিগত সরকারের সাফল্যকে নিজেদের সাফল্য বলে তাঁরা দাবি করতে চাইছেন। এখানে বাজেট কর্মসংস্থানের কথা বলা হয়েছে। এই কর্মসংস্থানের কথা বলতে গিয়ে যে বিষয়গুলো আমরা দেখতে পাচ্ছি এই বাজেটে সেখানে ক্ষুদ্র সেচ, গ্রামীণ উন্নয়ন, নগর ও পুর উন্নয়নের ক্ষেত্রে বাজেটে বেশি টাকা ধরা হয়নি, কম ধরা হয়েছে। আংশিকভাবে ক্ষুদ্র শিল্পের উপর সামান্য কিছু বেশি হয়েছে। কর্মসংস্থানের কথা বাজেট বইতে প্রথমদিকে উল্লেখ করা হয়নি, ছাপা অক্ষরে লেখা হয়নি। পরবর্তী ক্ষেত্রে মনে হলো যে এটা যদি না দেওয়া হয় তাহলে বিরোধীদের সমালোচনা হবে, তাই কর্মসংস্থানের কথাটা রাখা হয়েছে। এখন বেকার যুবকদের সামনে একটা দিশা দেখানো হয়েছিল, নির্বাচনে প্রতিশ্রুতিও দেওয়া হয়েছিল। তাই কর্মসংস্থানের কথাটি এখানে উল্লেখ করা হয়েছে। যেখানে কর্মসংস্থান বেশি হবে গ্রামীণ উন্নয়নে ক্ষুদ্র সেচ, এবং ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রের টাকা কম ধরা হয়েছে, তার ফলে অনিশ্চিয়তা দেখা দিচ্ছে। কর্মসংস্থানের বৃদ্ধি হবে একথা ঠিক নয়। ১০ লক্ষ ১১ হাজার ১৮৩ জনের কর্মসংস্থানের কথা যেটা বলা হয়েছে তা কোন পথে আসবে ? বিগত সরকারের সময়ে আমরা দেখেছি ভারত সরকারের তথ্য অনুযায়ী বলা হচ্ছে যে যারা ডেইলিতে কাজ করবেন ৭.৯.২০০০ থেকে ২০১০ সাল পর্যন্ত সেখানে ৭.২ শতাংশ এবং স্থায়ী কর্মসংস্থান বৃদ্ধি হয়েছিল ২.১ শতাংশ। কিন্তু জাতীয়স্তরে

বৃদ্ধি আমরা কি দেখলাম ? যারা প্রতিদিন কাজ করে তার বৃদ্ধি হয়েছে ৪.২ শতাংশ, আর স্থায়ী হয়েছে ১.৬ শতাংশ। একমাত্র হরিয়ানা বাদ দিয়ে। আমরা বিগত সরকারের সময়ে কর্মসংস্থানের যে বিষয়টি আমরা নিয়েছিলাম, এই জায়গায় আমরা গিয়েছিলাম। এখানে শিক্ষকের নতুন পদ সৃষ্টির কথা বলা হয়েছে। এখানে ৪৪ হাজার নতুন শিক্ষকের কথা বলা হয়েছে। কিন্তু এই ৪৪ হাজার শিক্ষক এই বছরে কতজনকে কোথায় নিয়োগ করা হবে বাজেটে সে কথার কোথাও কিন্তু কোনো উল্লেখ নেই। শিল্পের প্রস্তাব এসেছে বাজেটে বলা হয়েছে। সেখানে বলা হয়েছে ৮০ হাজার কোটি টাকার প্রস্তাব এসেছে। কিন্তু কত টাকার পুঁজি শিল্পে কোথা থেকে কতটা বাস্তবায়িত হয়েছে তা বাজেটে কোথাও উল্লেখ করা নেই। বিগত সরকারের সময়ে কি দেখেছি ? বিগত সরকারের সময়ে কোন শিল্পে, কোথায়, কতটা নিয়োগ হবে এবং তার ৩ লক্ষ কর্মসংস্থান কোথায় নিয়োগ হয়েছিল, বিগত সরকার ধরে ধরে সেই বিষয়গুলো দেখিয়েছে। আপনারা বলেছেন কিষাণ ক্রেডিট কার্ডের কথা। আমরা সাফল্য মনে করছি, যে হ্যাঁ ঠিক আছে, এটা আপনাদের সাফল্য ৬ লক্ষ আপনারা বারে বারে বলছেন, আপনারা দাবি করছেন। কিন্তু আমাদেরও তো দাবি বিগত সরকার যেখানে ২০১১ সালের ৩১ মার্চ পর্যন্ত ৪৮ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ড বিলি হয়েছে, সেই ৪৮ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ডের কথা কিন্তু কোথাও উল্লেখ নেই। তাহলে এই সাফল্যগুলি কি আমাদের কাছে সাফল্য নয় ? এই সাফল্যগুলিকে দাবি করে আজকে বর্তমান সরকার সেই জায়গায় এগোতে চাইছে। আর একটি বিষয় হচ্ছে সব সময় বলা হচ্ছে ঋণের কথা। বলা হচ্ছে যে বিগত রাজ্য সরকার ঋণ নিয়ে আজকে দেশটাকে দেউলিয়া করে দিয়ে গেছে।

আমরা কি চিত্র দেখতে পাচ্ছি, যে ২০১১তে বিগত সরকার ঋণ নিয়েছিল ২ লক্ষ কোটি টাকা। ২০১১-র ৩১শে মার্চের হিসাব। কিন্তু দেখা যাচ্ছে তথ্য ভুল। এই তথ্য হচ্ছে ১ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা। এটা রিজার্ভ ব্যাঙ্কের তথ্য, এটা আমাদের তথ্য নয়। তাহলে এই জায়গায় দাঁড়িয়ে যেখানে মহারাষ্ট্র ২ লক্ষ ৩৬ হাজার কোটি টাকা ঋণ নেয়, যেখানে উত্তরপ্রদেশ ২ লক্ষ ৩৪ হাজার কোটি টাকা ঋণ নেয়, যেখানে অন্ধ্রপ্রদেশ, গুজরাট ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা ঋণ নেয় সেখানে ভারত সরকারের ঋণ হচ্ছে ৪০ লক্ষ কোটি টাকা। তাহলে এই ২৮টি রাজ্যের মধ্যে আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি শুধু পশ্চিমবাংলার ঋণের ভার, ঋণের ভার বলে আজকে এইভাবে চালিয়ে দেওয়া হচ্ছে যে এই ঋণ যদি না করত তাহলে আমরা বহু কর্মসংস্থান করতে পারতাম। এটা গোটা দেশটাকে ডুবিয়ে দিয়ে গেছে। কিন্তু আমরা বাস্তব কি চিত্র দেখতে পাচ্ছি, ঋণ যেখানে এত হয়েছে, স্বল্প সঞ্চয়ের যে ঋণ ভারত সরকার সেই ঋণের ৮০ শতাংশ আজকে রাজ্যের ঘাড়ে চাপিয়ে দিয়ে এটাকে ঋণ হিসাবে আমাদের কাছে দেখানো হয়েছে। তাই আমরা বলেছি, এখানে আপনারা মান্ডির কথা বলেছেন—৬২টি কিষাণ মান্ডির কথা বলেছেন। এবং সেই ৬২টি কিষাণ মান্ডির তৈরি হয়ে গেছে। তা আমাদের জানা নেই সেই ৬২টি কিষাণ মান্ডি কৃষকদের কথা ভাবনাচিন্তা করে কোথায় তৈরি হয়েছে। সেটা যদি আমরা জানতে পারতাম তাহলে আমাদের খুব ভালো হত। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অরুণাভ সেন : মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। আজকে বিগত সরকারের আমলে দেউলিয়া অর্থনীতির মধ্যে দিয়ে পশ্চিমবাংলাকে যাঁরা দেউলিপনার মধ্য রেখে দিয়ে চলে গিয়েছিলেন সেই অবস্থায় দাঁড়িয়েও মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত বুদ্ধিমত্তার সঙ্গে যে ঐতিহাসিক, উন্নয়নমুখী বাজেট পেশ করেছেন সে বাজেট পেশ করার জন্য তাঁকে ধন্যবাদ এবং তাঁর এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি দু-চার কথা হাউসের সামনে বলার প্রস্তুতি শুরু করছি। আমরা যদি প্রথমে বলি আমাদের সামনে উপস্থিত বিরোধী পক্ষে মাননীয় নেতৃত্বরা তাঁদের সামনে বসে আছেন যিনি এই বিধানসভা হাউসের মধ্যে বামফ্রন্ট সরকারের সূর্যদয়ের দায়িত্ব নিয়েছেন যদিও বিগত সরকারের আমলে স্বাস্থ্যব্যবস্থার সূর্যাস্ত ঘটিয়ে দিয়ে অন্তর্জলি যাওয়ার পথটাকে সুগম করে দিয়েছিলেন মাননীয় সূর্যবাবু। আমরা বিগত দিনে সরকারের স্বাস্থ্য ব্যবস্থা যদি পরিলক্ষণ করি, আমরা গ্রাম-বাংলার মানুষ গ্রাম-বাংলার বিভিন্ন হাসপাতালের বুকে দেখেছি, এই হাসপাতালগুলোতে যাঁরা অফিসিয়ার, যাঁরা স্টাফ ছিলেন তাঁরা একটা ভাষা খুব ভালো করে লিখতে শিখেছিলেন। যদিও দীর্ঘ ৩৪ বছরে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আমলে ইংরজি শিক্ষাকে তুলে দিয়ে মানুষকে ইংরেজি শিক্ষা থেকে দূরে রাখা স্বত্বেও যে ইংরেজি শব্দটা সমস্ত স্বাস্থ্যকর্মীকে লেখা শিখিয়েছিলেন সেটার নাম রেফার। এখানকার স্বাস্থ্যকর্মীরা রেফার ছাড়া অন্য কিছু লিখতে জানতেন না। ব্লক হাসপাতাল থেকে শুরু করে, জেলা হাসপাতাল থেকে শুরু করে, সাবডিভিশন হাসপাতালগুলো। কারণ হাসপাতালগুলোতে ওষুধ কোনভাবেই পাওযা যেত না। আমরা বিভিন্ন সময় দেখেছি সরকার যে ওষুধ সাপ্লাই দিত সেই ওষুধ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির স্বাস্থ্যকর্মীদের যে ইউনিয়ন আছে সেই ইউনিয়নের মাধ্যমে হাসপাতালের বাইরে যে ওষুধের দোকানগুলো তৈরি হত সেই ওষুধের দোকান সেই ওষুধগুলো সাপ্লাই হয়ে যেত পিছনের দরজা দিয়ে। হাসপাতালগুলোতে কিন্তু ওষুধ পাওয়া যেত না আর ওষুধের সাপ্লাইও কিন্তু যতটা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল ছিল। এইদিকে মাননীয় অর্থমন্ত্রী মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর মাধ্যমে দৃষ্টি দিয়েছেন। আগামী দিন গ্রাম-বাংলার মানুষের কাছে তাদের প্রয়োজনের যে ওষুধ তা যেন তাদের কাছে যথাযথভাবে পৌছয় তার দিকে দৃষ্টি দিয়েছেন। তিনি স্বাস্থ্য ব্যাঙ্কের মাধ্যমে মানুষের কাছে প্রয়োজনীয় ওষুধ বিশেষ করে আমাদের গ্রাম-বাংলার দিকে প্রসূতি মায়েরা যখন হাসপাতালে ভর্তি হন তার বাচ্চা প্রসব করার জন্য।

[5.20—5.30 p.m.]

আজকে যখন বিভিন্ন পত্রপত্রিকার মাধ্যমে দেখেছি আমাদের বামপন্থী বন্ধুরা চেঁচাচ্ছেন শিশুমৃত্যুর কথা বলে। আমরা যখন দেখি সেই হাসপাতালে ভর্তি হয়েছেন শিশুরা তখন এই ব্যর্থ স্বাস্থ্যনীতির উপর দাঁড়িয়ে মা এবং শিশুর যে প্রয়োজনীয় ওষুধ সেই ওষুধ কিন্তু তাঁরা বিভিন্ন সময় পাননি। বিভিন্ন চিকিৎসাক্ষেত্রে, এমনকি গ্রামবাংলায় বর্ষাকালে একটা ভয়ঙ্কর সমস্যা যেটা হচ্ছে সাপের কামড়। এই সাপের কামড়ের যে এ্যান্টিভেনাম ভ্যাকসিন সেই সাপের কামড়ের ভ্যাকসিনও কিন্তু বিগত সরকারের আমলে যথাযথভাবে

বিভিন্ন হাসপাতালগুলোতে সাপ্লাই ছিল না। সাপ্লাই-এর অভাব দেখা যেত। স্বাস্থ্য ব্যাঙ্কের মাধ্যমে মানুষের প্রয়োজনীয় যে ওষুধ যে ওষুধ পৌঁছে দেওয়ার যে ব্যবস্থা এই সরকারের অর্থমন্ত্রী যে দিক নির্দেশ করেছেন তাকে আমি ধন্যবাদ জানাই, তাকে আমি সাধুবাদ জানাই। এবং গ্রাম-বাংলার আর একটা ভয়ঙ্কর সমস্যা, সেটা পানীয় জল। এখানে বলা হয়েছে, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর জেলা এবং সুন্দরবন, দার্জিলিং-এর কথা। আমরা জানি এখানে জলের প্রবলেম সাংঘাতিক রকমভাবে। ৩৪ বছরের পরেও সরকারে থাকার পরেও যারা গরিব মানুষের কথা বলে সরকারে এসেছিলেন তারা সরকারে থাকার পরেও আর্সেনিকমুক্ত জল মানুষকে উপহার দিতে পারেনি। আমি তো, এই জেলাগুলোতে অনেক দূরের কথা, কলকাতা থেকে মাত্র ৬০ কিলোমিটার দূরে আমার কেন্দ্র হাওড়া জেলার বাগনান। ভাবতে কষ্ট লাগে, এই কলকাতা থেকে ৬০ কিলোমিটার দূরে হাওড়া জেলার বাগনান কেন্দ্র। যেখানে দীর্ঘ ৩৪ বছরের মধ্যে ৩০ বছর মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বন্ধু, বিধায়ক ছিলেন। সেই জায়গায় এখনও পর্যন্ত সরকারে থাকা ৩৪ বছর বামপন্থী বন্ধুরা থাকার পরেও সেই জায়গায় সংখ্যালঘু এলাকায় একটি গ্রাম আছে হ্যানলেন গ্রাম পঞ্চায়েতের আকুভা গ্রাম যেখানে প্রায় ৯৫ শতাংশ সংখ্যালঘু মানুষ বাস করে, সেখানকার মানুষকে এখনও পর্যন্ত পুকুরের জল খেতে হয়—একটা হাওড়া জেলার মতো জেলায় দাঁড়িয়ে এটা কিন্তু আমাদের সভ্য সমাজের বার্তা কিন্তু আমাদের কাছে বহন করে না। ওদের সমস্ত দিক দিয়ে ব্যর্থতা। মানুষের কাছে পানীয় জল পৌঁছে দেওয়ার ক্ষেত্রে যে ব্যর্থতা তার দিকে আমাদের এই সরকার যে দৃষ্টি দিয়েছে অর্থমন্ত্রী দৃষ্টি দিয়েছেন তাকে আমি ধন্যবাদ জানাই। পাইপের জলের মাধ্যমে PHE-এর মাধ্যমে মানুষের কাছে জল পৌঁছে দেওয়ার যে চিন্তাভাবনা করছেন তার জন্য ৮০০.০৯ কোটি টাকা যে প্রস্তাব করেছেন। আমার মনে হয়, এর ফলে গ্রাম বাংলার মানুষের পানীয় জলের সমস্যাটা অনেকটাই দূর হবে। এরা কৃষকের কথা বলে, কৃষক দরদী সরকারের কথা বলে, এরা একদিন বলে এসেছিল ক্ষমতায়, লাঙল যার, জমি তার। ওই বক্তব্যের মধ্য দিয়ে সারা বাংলার কৃষককে উদ্বেলিত করে সারা পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছিল। কিন্তু আমরা বাজেটকে কোথায় বলি যে সঠিক বাজেট ? যখন দেখি যে উৎপাদন এবং বিপণনের মধ্যে সামঞ্জস্য থাকে। উৎপাদিত দ্রব্য যেটা এলো সেটা সঠিকভাবে বিপণন করার পরিকাঠামো যখন প্রস্তুত থাকে বিপণন করার জায়গা যখন তৈরি হয়, তখনই কিন্তু এই কৃষিজীবী মানুষদের প্রভূত উন্নয়ন ঘটে। উৎপাদিত দ্রব্য মাননীয় অর্থমন্ত্রী আপনার লেখার মধ্য দিয়েই আমরা জানতে পেরেছি যে, আমাদের রাজ্যে ১৬৬.৩৩৪ লক্ষ মেট্রিক টন পণ্য এই বছরে উৎপাদন করার টার্গেট করা হয়েছে, যা বিগত দিনে ১৪৮.১ মেট্রিক টন ছিল। সেই খাদ্যদ্রব্য রাখার জন্যে যে পরিমাণের গুদাম ঘরের প্রয়োজন ১০ লক্ষ মেট্রিক টন চাল জমা রাখার যে ভাণ্ডার দরকার যেটা প্রয়োজন যেটা আমাদের উৎপাদন হয়। আমরা দেখি চাষির উৎপাদিত পণ্য ধান বিভিন্ন সময়ে নষ্ট হয়, বাজরে বিক্রি করার জায়গা পায় না, ফেলে দিতে হয়, রাখার অভাবের জন্যে। সেখানে এত ধান উৎপাদন করা সত্বেও মাত্র ৫০ হাজার মেট্রিক টন ধান রাখা গুদাম ঘরের ব্যবস্থা বিগত দিনের সরকার করে গিয়েছিল। যেটা অত্যন্ত অবৈজ্ঞানিক পদ্ধতিতে কারণ যেটা উৎপাদন

হয় সেই উৎপাদিত দ্রব্য যদি আপনি না রাখতে পারেন তাহলে স্বাভাবিকভাবেই কিন্তু কৃষক তার ন্যায্য মুনাফা পাবে না। যে মুনাফার কথা আমরা জোর করে চেঁচিয়ে বলছি। কৃষক জমি থেকে শস্য উৎপাদন করে, ধরুন কাঁচা আনাজ যদি কোল্ড স্টোরেজে রাখার ব্যবস্থা না থাকে। যদি তিনি উৎপাদন করেন সেই উৎপাদন যদি একদিনে দেখা যায়, আমরা অনেক সময় দেখেছি যে গ্রামবাংলরা দিকে যে সেই এলাকার চাহিদা হয়তো গড়ে এক টন, দেখা যাচ্ছে উৎপাদন হয়েছে দেড় টন মাল। তাহলে এই দেড় টন মাল যখন উৎপাদন হয়, এই যে এক্সট্রা ৫০ টন মাল কৃষক বিক্রি করতে পারে না, কৃষককে ৫০ টান মাল হয়তো ফেলে দিতে হয়। কিন্তু যদি প্রতিটি ব্লকে কোল্ড স্টোরেজের ব্যবস্থা করে রাখা যায়, যদি করে রাখা সম্ভব হতো, তাহলে এই ৫০ টন মাল কিন্তু কোল্ড স্টোরেজ হলে এই শস্যটা তার নষ্ট হতো না। এই শস্যটা তিনি পরবর্তী সময়ে কোল্ড স্টোরেজে রেখে যখন মানুষের চাহিদাটা বৃদ্ধি পাবে সেই শস্যর তখন চাহিদাটাকে নিবারণ করতে পারলে তিনি কিন্তু যোগ্য মুনাফা পাবেন। কিন্তু এরা দীর্ঘদিন ক্ষমতায় থাকার পর এই সমস্ত সম্পূর্ণরূপে অবহেলা করে নজর দিয়ে যে দিকগুলিকে এরা নজর দিয়ে গেছে সেটা খুন এবং অশান্তির রাজনীতি। আপনারা জানেন এখানে একজন থাকেন যাকে অনেকে বাইরে কঙ্কালমন্ত্রী বলে ডাকাডাকি করে থাকে। পশ্চিমাঞ্চল উন্নয়ন মনত্রী, যার উন্নয়নের খাতে বিপুল পরিমাণে টাকা ছিল, তার ব্যর্থতার ফলে আজকে পশ্চিমাঞ্চলের উন্নয়নের বুকে অতি বামপন্থার রাজনীতির প্রজেশ ঢুকেছে, যা আমাদের কাছে অত্যন্ত ভয়ের কারণ একটা সময় হয়ে উঠেছিল। মমতা ব্যানার্জীর সুযোগ্য নেতৃত্বের উপর নির্ভর করে আজকে সেই জায়গা থেকে অতি বামপন্থার বিনাশ হতে চলেছে। সেটা মাত্র উন্নয়নের পক্ষ থেকে। ইনি, যিনি, পশ্চিমাঞ্চল উন্নয়ন মন্ত্রী ছিলেন, তাঁর মন্ত্রিত্বেরকালে উন্নয়নের টাকায় পশ্চিমাঞ্চলের কোনো উন্নয়ন হয়নি। যেটা হয়েছে পশ্চিমাঞ্চলের বুকে, কয়েক লক্ষ মেট্রিক টন নুন কেনা হয়েছে, মানুষের বডিতে নুন মাখিয়ে মাটির তলায় চাপা দিয়ে পচিয়ে ফেলার জন্য। এই কাজটুকু এরা দীর্ঘ ৩৪ বছর ধরে করে গেছে, এই উন্নয়নের কাজ কিছু হয়নি। তাই আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব তিনি যে বাজেটের মাধ্যমে উন্নয়নের দিশা দেখিয়েছেন তার জন্য আমি ধন্যবাদ জানাই। এবং তাঁর এই বাজেটকে আমি আমার সমস্ত রকমভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীকে ২৩ তারিখের যে বাজেট ২০১২-১৩ সালের জন্য এখানে পেশ করেছেন, আমি সেই সম্পর্কে সংক্ষিপ্তভাবেই বলব। কারণ এটা আপনারা জানেন, এই বাজেট বিতর্কে অনেক আলোচনা হয়েছে। এবং অনেক তাঁর পথপ্রদর্শিতভাবে আলোচনা হয়েছে। এবং সবথেকে যেটা বড় কথা আমাদের কাছে যা বিশেষ করে পশ্চিমবাংলাবাসীর কাছে, আমাদেরে প্রাক্তন অর্থমন্ত্রী এবং বর্তমানে কেন্দ্রের অর্থ পরিকাঠামোর উপদেষ্টা অসীম দাশগুপ্ত তিনি সংবাদ মাধ্যমের দ্বারা এই অর্থবাজেট আমাদের পশ্চিমবাংলায় যা পেশ হয়েছে ২৩ তারিখে তার সম্পর্কে তিনি অনেক কিছু কথাই বলেছেন। সেই সম্পর্কে আমাদের আর কোনো এই সম্পর্কে বলার অবকাশ নেই। তবে একটা কথা আমি বলতে

চাই, যে বাজেট মানেই আমরা যেটা জানি, যে একটা জমা খরচের হিসাব। বাজেট মানেই আমরা জানি, আমরা আগামী আর্থিক বছরে কি খরচ করবো, আর আমাদের কাছে কত টাকা আছে। এইটাই হচ্ছে বাজেট। এই বাজেট আমরা করেছি। আমরা বড় হয়েও করেছি, ছোটবেলায় যখন আমরা হাফ প্যান্ট পরা বয়সে তখন আমরা বাজেট করেছি। সাংবিধানিক, অসাংবিধানিকভাবে স্বচ্ছতা অস্বচ্ছতাভাবে আমরা বাজেট ছোটবেলা থেকেই করেছি। আমরা যখন সরস্বতী পূজা করেছি, তারও বাজেট আমরা করেছি। সেই সরস্বতী পূজার আমরা বাজেট করেছি। কত আমরা খরচা করবো, কি কি খাত থেকে আমারে পয়সা আমাদের কাছে আসবে এবং আমরা বাজেট করেছি, কালীপুজোর বাজেট করেছি, সংসারের আমরা বাজেট করি। কিন্তু ঘটনা হচ্ছে, যে এই বাজেট যেটা পেশ করেছেন, আমাদের অর্থমন্ত্রী তিনি জমা খরচের বিষয়কে যদি আমাদের চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে বিচার বিশ্লেষণ করি, জমা কিছুই নেই। কোথা থেকে টাকা আসবে, সেটাও কিন্তু নেই। কেবলমাত্র করে গেছে খরচ। খরচ করেননি, খরচ করবেন বলেছেন। এখানে একটা বিচার্য বিষয়, আমি একশো টাকা নিয়ে বাজারে যাচ্ছি, বাজারের থলিটা নিয়ে, সংসারের জন্য। আমার বাজেট কি, না আমি বাজেটে কিছু সব্জি কিনবো, এবং কিছু স্টেশনারি দ্রব্য কিনবো, ১০০ টাকার মধ্যে। আমি কিনে নিয়ে যাব। ১০০ টাকা পকেটে করে নিয়ে যাচ্ছি থলি নিয়ে, এবং যেতে যেতে শোনা গেল, বাড়ির পিছন থেকে কেউ বললেন, এক কিলো মাংস এনো। আমি এক কিলো মাংস আনবো, পকেটেতো আমার ১০০ টাকা। এক কিলো মাংসর দাম এখন বাজারে দ্রব্যমূল্য অনুযায়ী আড়াইশো থেকে তিনশো টাকা। আমি কিনবো কি করে ? সব্জি হবে কি করে আমার। আমার স্টেশনারী দ্রব্য হবে কি করে ? সেই জন্যই আজকে এই বাজেটে পরিষ্কারভাবে বলা আছে যেটা অর্থ সংস্থান কিছু নেই, খরচের ব্যাপারে অনর্গল বলে গেছেন এবং যেটা তুলনামূলকভাবে বলা যেতে পারে যে গত কয়েকদিন আগে রাজ্যপাল ভাষণে যে বক্তব্য রেখে গেছেন, এই বাজেটের যে তালিকা তিনি পেশ করলেন সেটা একই ভাষণের মধ্যে দিয়ে এবং বিচাব করলে একই। একই পুস্তিকা।

[5.30—5.40 p.m.]

আমি আর একটি জিনিস বলব—আমরা এখানে এসেছি, আমরা বাড়ি ফিরে যাব। গত শনিবারও আমরা গিয়েছিলাম। এটা খুব স্বাভাবিক কথা, এলাকার লোক জিজ্ঞেস করতে পারে যে কেমন বাজেট হল ? গ্রামের সাধারণ মানুষ তারা জানবেন কি ? বাজেট হল—কি কি দাম বাড়লো গো, আর কি কি কমলো গো—এটা জিজ্ঞেস করতে পারে। কোথাও খেলা দেখতে গেলে জিজ্ঞেস করতে পারে—কেমন খেলা দেখলে গো, কারা হারলো গো—জিজ্ঞেস করতে পারে। কোথাও মেলা দেখতে গেলে জিজ্ঞাসা করে—কি কিনলে গো, কি দেখলে গো—জিজ্ঞেস করতে পারে। এই বাজেট করার পরে আমরা যখন গ্রামে ফিরে যাব, লোক স্বাভাবিকভাবেই একটা জিনিস জানতে চাইবে যে বাজেট তো করে এলেন, কি জিনিস আমরা বাজারে পাব, কোন্ জিনিসের দাম বেশি পাব, কোন্ জিনিসের দাম কম পাব। কি করলেন—দাম কার কমালেন, কমালেন ঘুড়ির। দাম কার কমালেন—কমালেন বেলুনের। দাম কার কমালেন—কমালেন পনীরের। দাম কার কমালেন—জুতোর ফিতের।

দাম কার বাড়ালেন—যেগুলো দশ হাজার টাকার বেশি দামের গাড়ির, তার দাম বাড়ালেন। আর দাম বাড়ালেন কার—একশো টনের বেশি শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্রের। আর দাম বাড়ালেন কার—কুড়ি হাজার টাকার বেশি দামের মোবাইলের। এইগুলোর দাম কমালেন এর সঙ্গে বাস্তবের মানুষের জীবনযাত্রার কোনো সম্পর্ক আছে ? যেগুলো কমালেন এগুলো যদি মানুষ প্রয়োজনে না নেয় তাহলে মানুষের কিছু এসে যাবে না। যেগুলোর দাম বাড়ালেন সেগুলো যদি মানুষ ব্যবহার না করে তাহলে মানুষের জীবনযাত্রায় তার কোনো ব্যাঘাত ঘটবে না। তাহলে বাজেটে আমার কি হল ? আমার কি লাভ হল ? আমার কিছুই লাভ হল না। অতএব যেই তিমিরে সেই তিমিরেই রয়ে গেল। বরং কি হল—যে প্রতিশ্রুতি দেওয়া হল, অর্থ কথা আছে, সেটা না বলে এই করবে, সেই করবে, এত টাকা অন্য জায়গায়, এত টাকা পাহাড়ে, এত টাকা জঙ্গলে, অমুক এই প্রকল্প ইত্যাদি। আমরা যে ঘুড়ি, আর বেলুন দিয়ে শিশুকে ভোলাই সেই বেলুন আর ঘুড়ি দিয়ে আম জনগণকে ভোলানো হল। এটাই আমাদের বাস্তবে হল। আর বাকি কি হল ? বাকি এখানে বলা হচ্ছে, আমরা এখান অনেক প্রকল্প করেছি। বইতে আছে দেখবেন, যেগুলো বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে, সেগুলোর নাম নতুনভাবে ঘুরিয়ে ঘুরিয়ে জল ধরো, জল ভরো, আমার ঠিকানা, এইরকম অনেক আছে। আমি বেশি কিছু বলতে যাব না। কারণ সময় নেই। ওইগুলো আছে। বিষয়টা কি—বিষয়টা হচ্ছে এইগুলো, যেগুলো আমি বলতে চাই, নামগুলো তার একটু করে পরিবর্তন করা হল। গ্রামের ডিম ভাজা, কলকাতার রেস্তোরায় এসে অমলেট হল। গ্রামের ডিম ভাজা, কলকাতার রেস্তোরায় এসে অমলেট নাম হল। সেই রকমই নামগুলো ঘুরিয়ে ঘুরিয়ে করা হল। সেই জন্য আমি বলতে চাই, এই বাজেটটা সম্পূর্ণ দিশাহীন এবং অস্বচ্ছ এবং এই বাজেট মানুষের জীবনযাত্রা প্রণালীর মধ্যে কোনো বাস্তবে রূপ দেবে না। এই হচ্ছে বাস্তব। আর একটা কথা হচ্ছে, কিছুক্ষণ আগে একজন সূর্যদাকে টার্গেট করে স্বাস্থ্যের কথা বলছিলেন—আমি একটা উদাহরণ আপনাদের আমি দিয়ে যাচ্ছি—একটা হাঁড়িতে যখন ভাত হয় তখন হাঁড়ির একটা ভাত টিপলে বোঝা যাবে যে হাঁড়ির ভাতগুলো হয়েছে কিনা। আমি দায়িত্ব নিয়ে বলে যাচ্ছি, আরামবাগের একটি হসপিটাল আছে, সাব-ডিভিশনাল হসপিটাল, এই নির্বাচনের আগে হসপিটালে চারজন সার্জেন ছিলেন এবং দুজন চেস্টের ডাক্তার ছিলেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, নির্বাচনের পরে আপনারা গিয়ে দেখুন, সেখানে একজনও সার্জেন ডাক্তার নেই, একজনও চেস্টের ডাক্তার নেই। এটা আমি দায়িত্ব নিয়ে আপনাদের বলে যাচ্ছি। কিন্তু তিনি বলছেন যে স্বাস্থ্যের জন্য আমরা অনেক কিছু করেছি। গোটা পশ্চিমবঙ্গের স্বাস্থ্য সম্পর্কে যদি খোঁজ নেওয়া যায় তাহলে দেখবেন যে স্বাস্থ্যের হালটা কি। সেই জন্য আমি বলব, বাজেটের কথা আপনারা যেটা বলছেন সেখানে জমা খরচ তো নেই, বরং এই বাজেটটায় পশ্চিমবাংলার জনগণের আরো ক্ষতি হল। কি ক্ষতি হল—৯ কোটি টাকার ঘাটতি হল। ৯ কোটি টাকা রেখে আরো ক্ষতি হল আমাদের বাজেটে। সেই বাজেটটি আমাদের কাছে পেশ হল আগামী আর্থিক বছরের জন্য। সেই বাজেটে আবার বলা হল যে ৮০ হাজার কোটি টাকার প্রস্তাব আসছে। বিভিন্ন রকমভাবে, বিভিন্ন দিক থেকে ৮০ হাজার কোটি টাকার প্রস্তাব আমাদের দেওয়া হয়েছে। এই

পশ্চিমবাংলায় সাধারণ মানুষের জন্য কর্মসংস্থান, শিল্প ইত্যাদি হবে। আমি একটা কথা বলতে চাই, ৮০ হাজার কোটি টাকার যে প্রস্তাব এসেছে সেটা কোথায় হবে ? পশ্চিমবাংলার জমিতেই তো হবে। এই পশ্চিমবাংলার মাটিতেই তো হবে। এবং সেখানে কি বলা হচ্ছে ? না বলা হচ্ছে জমি নেওয়া যাবে না। চাষিকে খেপিয়ে জমি নেওয়া যাবে না। হকারকে উচ্ছেদ করে রাস্তা তৈরি করা যাবে না। কৃষির ক্ষতি, ...(নয়েজ).... শুনুন, কৃষকের ক্ষতি করে জমি নেওয়া যাবে না। কৃষককে উচ্ছেদ করে শিল্প করা যাবে না। তাহলে এখানে ৮০ হাজার কোটি টাকার যে প্রস্তাব এসেছে, সেই টাকাটা আপনার লাগাবেন কোথায় ? কাজ করবেন কি করে ? শিল্প হবে কি করে ? তার কোনো দিশা কিন্তু এই বাজেট বইয়ে নেই। তো সেই জন্যে বলবো, আজকে যে প্রতিশ্রুতি আপনারা দিয়েছেন, একটা ছোট্ট উদাহরণ দিয়ে আপনাদের বলবো। আমি গ্রামের ছেলে, গ্রামের উদাহরণ দিয়ে আপনাদের বলবো, যে একজন গ্রামের কৃষক সে চারজন লেবার লাগিয়েছে, একজন বড় কৃষক। সে সবাইকেই ডেকে ডেকে বলেছে, ডেকে ডেকে একসঙ্গে বলেনি কিন্তু। ডেকে ডেকে বলেছে তুই বেশি করে কাজ করবি, তোর এই জল খাবারটা আসে না ? তার ভেতরে চারটে রসগোল্লা দিয়ে দেবো। আরো একজনকে ডেকে বলেছে, তুই বেশি করে কাজ করবি তোর জল খাবারে চারটে রসগোল্লা দিয়ে দেবো। এ রকম সবাইকেই ডেকে ডেকে বলেছে। কাজ শেষ হওয়ার পর যখন তারা একটা দালান বাড়ির কাছে গিয়ে, কি গাছতলায় গিয়ে খাবার খুলে দেখছে, তারা খাবার খাবে। মালিক তাদের বলেছে চারটে করে রসগোল্লা দেবে। কিন্তু তারা মুড়ি এবং খাবার খুলে দেখছে রসগোল্লা নেই, সবাইকেই ঠকিয়ে দিয়েছে। তো সে রকম আপনারা এই জনগণকে ঠকাবার ব্যবস্থা করছেন। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী স্বপন দেবনাথ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ইংরেজি ২৩ মার্চ, ২০১২তে ডঃ অমিত মিত্র, রাজ্যের অর্থমন্ত্রী কর্তৃক আনীত বাজেটকে সমর্থন করে আমি আমার কথা বলছি। অধ্যক্ষ মহোদয়, আমরা সবাই জানি যে দরিদ্রতার লজ্জা থেকেই মার্কসবাদের জন্ম। আর সেই লজ্জা ঢাকতেই, মার্কসবাদীরা সর্বহারার কথা বলতেন। আমি গত দুদিন ধরে আলোচনা শুনছি। আমার বিরোধীরা শুধুই বলে আসছেন, যে এই বাজেট হচ্ছে দিশাহীন। আমি বুঝে উঠতে পারছি না, ডঃ অমিত মিত্র, অর্থমন্ত্রী যাঁকে ২ লক্ষ টাকার বেশি ঋণ এবং ২২ হাজার কোটি টাকার সুদ যখন গুনতে হচ্ছে, সেই অবস্থায় যে সাহসী বাজেট তিনি পেশ করেছেন এটা নজিরবিহীন এবং জনমুখী। আর এই বাজেটে যখন সর্বহারার কথাটাই বলা হচ্ছে, তখন আপনারা বলছেন দিশাহীন। আমার আপনাদের কাছ থেকে শেখা, আপনারা সর্বহারা কাদের বলতেন ? গরিব আদিবাসী সর্বহারা নয় ? খেত-মজুর সর্বহারা নয় ? তফসিলি কিংবা সংখ্যালঘু সম্প্রদায়ের গরিব মানুষ, তারা সর্বহারা নয় ? তাদেরকেই দিশা দেখাচ্ছে এই বাজেট। তাকে কেন আপনারা দিশাহীন বলছেন ? আমি সেই কথায় আসছি। আমার শুধু মনে হচ্ছে ৩৪ বছর ধরে ক্ষমতায় থেকে আপনারা ক্ষমতার স্বাদ এত আস্বাদন করেছেন যে, আপনারা নিজেরাই নিজেদের দিশা হারিয়ে ফেলেছেন। তাই আপনারা এখন

ক্লান্ত। তাই গণসঙ্গীত, জনমুখী গান গায় না এই নচিকেতারা, তারা একটা গান গেয়েছিল ঘুম পেয়েছে বাড়ি যা। আপনাদের অবস্থা তাই। এই ৩৪ বছর পর আপনাদের এখন আর কিছু দেওয়ার নেই। তাই সবার মধ্যে আপনারা দিশাহীন দেখতে পাচ্ছেন। কৃষকের জন্য যদি ৩৪১টা ব্লকে স্টোর করা হয়, এটা দিশাহীন হয়ে গেল ? কিষাণ মান্ডি যদি তৈরি হয়, দিশাহীন হয়ে গেল ? সেই সঙ্গে কিষাণ ক্রেডিট কার্ডটি যদি আরো সচল করা হয় দিশাহীন হয়ে গেল ? সবচেয়ে বড় কথা, আপনারাই বলতেন গরিব মানুষের স্বীকৃতি, অধিকার। আর এই স্বাধীনতার পর মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কৃষককে স্বীকৃতি দিচ্ছেন। কৃষি রত্ন, কৃষক রত্ন এটা স্বীকৃতি নয় ? আপনারা তো অধিকারের লড়াই করেছিলেন। কৃষকের একটা স্বীকৃতির যে পুরস্কার ঘোষণা করা হল, এটা কি কৃষককে দেওয়া হল না ? সেই সঙ্গে সঙ্গে কৃষি ক্ষেত্রে যেগুলো করা হয়েছে, সবই জানেন যে ৫০০ হেক্টর জমি নিয়ে একটি শস্যের প্রদর্শন তৈরি হবে।

[5.40—5.50 p.m.]

এই প্রকল্পের অধীনে ১.৯ হেক্টর জমি আসবে। ২০০ কোটি টাকার ব্যয়ে এই প্রকল্প উপকৃত হবেন ২.৮ লক্ষ কৃষক, এই প্রকল্পে আছে। এবং সেই আমরা শুধু বলতে চাই, ভালা যেগুলো হয়েছে গ্রামের মানুষ বলে, গ্রামের মানুষ যাদের আমরা গরিব বলি, সেই গ্রামের মানুষের জন্য যাতায়াতের ব্যবস্থার জন্য এবং মানুষ যেখানে এক হাজারের বেশি মানুষ বাস করে এমন ২০০টি গ্রামে এবং ৫০০ মানুষের বেশি যেখানে বাস করে সেই রকম ৪০টি গ্রামকে সড়ক যোজনার ব্যবস্থা করা হয়েছে। ফলে ৭৩১ কিলোমিটার গ্রামীণ সড়ক তৈরি হবে। গ্রামের যারা গরিব মানুষ, যাদের মাথার উপর আচ্ছাদন নেই, সেই গৃহহীন পরিবারগুলোকে বাড়ি তৈরি করতে, দোকানঘর বা ছোট বাগান তৈরি করতে নিজ গৃহ, নিজ ভূমি প্রকল্প এবং আবাসনের জন্য ৬৭৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তাহলে গরিব মানুষদের যদি গৃহ দেওয়া হয়, মাথার উপর আচ্ছাদনের ব্যবস্থা করা হয়, কৃষকের তার শস্য উৎপাদন থেকে শুরু করে তার বিপণন ব্যবস্থা যদি করা হয়, কৃষি মান্ডি যদি করা হয়, কৃষকের যদি পরিচয়পত্র, কৃষককে যদি স্বীকৃতি দেওয়া হয়, তাহলে আপনারা সেটা বলছেন, এটা হচ্ছে দিশাহীন। আপনারাই তো বলেন, শিক্ষার অধিকার, পানীয় জলের ব্যবস্থা, বলুন তো ৩৪ বছরে—ভূপালের গ্যাস দুর্ঘটনায় যদি মানুষ মারা যায়, সেদিন বলেছিলেন, mass poisoning মানুষ মারা গিয়েছে। বহু আন্দোলন রাজপথে দাঁড়িয়ে করেছিলেন। আর ৩৪ বছরে বাংলার মানুষ শুধু বিশুদ্ধ পানীয় জল না পাওয়ার জন্য মানুষ মারা যায়, আমি আর্সেনিক কবলিত এলাকার মানুষ, পূর্বস্থলী থানা বর্ধমান জেলা। আমরা শয়ে শয়ে মানুষকে মরতে দেখেছি। এক সপ্তাহ আগে আমার নিজের বিধানসভা প্রকাশ এবং মনোজ সারা জীবন দগদগে ঘা নিয়ে মৃত্যু বরণ করতে হয়েছে। ৩৪ বছরে মানুষকে পানীয় জল দিতে পারেননি। কেন্দ্র কি দিল না দিল, শুধু কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে বাংলার গরিব মানুষকে যারা বিশুদ্ধ জল দিতে পারে না, তাদের মুখে এইসব কথা মানায় না। আর্সেনিক প্রকল্পে সরকার এই বাজেটে আর্থিক বরাদ্দর ব্যবস্থার সুনিশ্চিত করা হয়েছে। এই বাজেটটাকে আপনরা দিশাহীন বলছেন ! শুধু বলি আমি আপনাদের, এই বাজেট

হচ্ছে—গ্রামে দরিদ্র কৃষক, শ্রমজীবী মানুষের আশা পূরণের বাজেট। মহাত্মা গান্ধী ১৯৩৪ সালে ৪ঠা এপ্রিল তার হরিজন পত্রিকায় একটি লেখা লিখেছিলেন—আপনারা সেটা ভালোই পড়েছিলেন আমার থেকে। কি বলেছিলেন ? "India is to be found not in its few cities but in its 7,00,000 villages. But we town dwellers have believed that India is to be found in its towns and the villages were created to minister to our needs. We have hardly paused to enquire if those poor folk get sufficient to eat and clothe themselves with and whether they have a roof to shelter themselves from sun and rain." এই ব্যবস্থা যদি বাজেট হয়, গৃহ দেওয়া থেকে শুরু করে, এই বাজেট মানুষের বাজেট নয়, শুধু বলবেন দিশাহীন। এবং সেই সাথে সাথে আমরা আরও আপনাদের বলতে চাই, আমি বলছি, বাজেটকে সমর্থন জানিয়ে—মানব সম্পদ উন্নয়ন, সংখ্যালঘু অনগ্রসর শ্রেণি উন্নয়ন, তাদের প্রতি এই বাজেট নজর দিয়েছে। এক মুসলিম বন্ধুকে স্বামী বিবেকানন্দ বলেছিলেন যে, আমরা মানুষকে এমন এক জায়গায় নিয়ে যেতে চাই যেখানে বেদও নেই, কোরাণও নেই, বাইবেলও নেই। কিন্তু আদর্শে পৌছাতে গেলে এই বেদ, কোরাণ, বাইবেলের মধ্যে একটা সামঞ্জস্য রাখতে হবে। তাহলে এই বাজেট যেমন সংখ্যালঘুদের প্রতি নজর দিয়েছে। তাব সমস্ত কিছু বাজেট উল্লেখ আছে। বর্তমান আর্থিক বছরে বরাদ্দের পরিমাণ ৩০০ কোটি টাকা বেড়ে, ৫৭০ কোটি টাকা হয়েছে। অনগ্রসর শ্রেণি কল্যাণের জন্য ৪৪২.৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তাছাড়া আদিবাসী এবং তফসিলি সমাজের জন্য ৯ লক্ষ জনকে ৩১২ কোটি টাকার ব্যয়ে বৃত্তি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। অনগ্রসর শ্রেণি সর্বক্ষেত্রে ৭ শতাংশ থেকে বাড়িয়ে ১৭ শতাংশ করা হয়েছে। এই দপ্তরের ব্যয়বরাদ্দ করার জন্য অর্থ ধরা হয়েছে ৫৪২.৭ কোটি টাকা।

মিঃ স্পীকার : আমি আরও পাঁচ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

শ্রী স্বপন দেবনাথ : প্রতিটি ক্ষেত্রে এটা করা হয়েছে। তাহলে এই বাজেট এই কথাই প্রমাণ করে দেয় যে, সমাজের প্রতিটি ক্ষেত্রে এবং শুধু তাই নয় আমি আরও কয়েকটা কথা বলব। এখানে শিক্ষকের কথা বলতে গিয়ে একজন মাননীয় সদস্য, সম্মানীয় বিধায়ক বলেছিলেন কংগ্রেস জামানায় শিক্ষকদের উপর অত্যাচার নিয়ে সবকিছু বলেছেন। আমি জীবনে কোনেদিন বলিনি, আমি আপনাদের বলি, আমি একজন শিক্ষক ছিলাম, উচ্চ বিদ্যালয়, কলেজে অধ্যাপনা করেছি। প্রথম ডিগ্রি পাওয়ার পর যখন একটি উচ্চ বিদ্যালয়ে শিক্ষকতা করতে যাই, এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর, তখন আমাকে স্কুলে ঢুকতে দেয়নি। আমি পারমানেন্ট পদের শিক্ষক, অ্যাপ্রুভড টিচার, 1 রেপুটেড বি.এড করা শিক্ষক। তাহলে শিক্ষকের উপর অত্যাচার হয়েছে আমি নিজেই একটা বড় উদাহরণ। গোটা বর্ধমান জেলায় হয়েছে ১৯৭৮ সালের পরে। আমার শিক্ষকতার অধিকারকে আপনার দলের লোকেরা কেড়ে নিয়েছিল। তারপর আর বেশি কথা আপনাদের মুখে মানায় না। আজকে উচ্চ বিদ্যালয় মাধ্যমিক থেকে উন্নীত করা হচ্ছে, বিদ্যালয়ের সংখ্যা বাড়ানো হচ্ছে, প্রতিটি ক্ষেত্রে এই বাজেট পরিষ্কার উল্লেখ করে দিয়েছে। কৃষক থেকে, শ্রমজীবী থেকে শুরু করে সব। আমি সেই কথাই ফিরে যেতে চাই, আমি কৃতজ্ঞ মাননীয় স্পীকার মহাশয়ের

কাছে উনি আমার সময় বাড়িয়েছেন। আমি শুধু বলতে চাই, একই কথা প্রতিদিন শুনি, শুধু দিশাহীন। এই কথা আপনাদের মুখ থেকে বেরিয়ে আসছে, আমাদের শুনতে হচ্ছে। তাহলে শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান—বলুন গ্রামের গরিব ছেলে-মেয়েরা উচ্চশিক্ষা লাভের ক্ষেত্রে আর্থিক অবস্থার জন্য তাদের সুযোগ নেই। কিন্তু এতগুলো কর্মশিক্ষার জন্য প্রকল্প যেগুলো চালু করা হয়েছে, সেটা হচ্ছে, কর্মশিক্ষা প্রকল্প। সেই প্রকল্প জাতীয় স্তরে গ্রাহ্য হবে। এবং চালু হতে চলেছে বৃত্তিমূলক শাখা। ২০০টি স্কুল হবে, কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ দপ্তর ব্যয় বৃদ্ধি পেয়ে ৪৪৪.২৪ কোটি টাকা, স্কুল শিক্ষা দপ্তরের বাজেট বরাদ্দ বৃদ্ধি পেয়েছে ২৭১৩.০৫ কোটি টাকা। তাদের বিকল্প কর্মসংস্থানের জন্য, গ্রামের ছেলে-মেয়েদের জন্য, আমি তো গ্রামের ছেলে। ক্লাস এইট পাশ করার পর পড়াশোনার খরচ, গ্রামের গরিব আদিবাসী বন্ধু বলুন, ক্ষেতমজুর বলুন, প্রান্তিক চাষি বলুন—অনেকে জোটাতে পারে না। ক্লাস এইট পাশ করার পর ভোকেশনাল ট্রেনিং। গ্রামের মাধ্যমিক বিদ্যালয় থেকে পাশ করল, বৃত্তিমূলক শাখা এবং তাদের প্রশিক্ষিত করে কর্মসংস্থান। এতোদিন, কোনোদিন কোনো বাজেটে দেখা গিয়েছিল ? অতএব তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছে, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এই বাজেট তৈরি হয়েছে। এই বাজেটে যেগুলো বলা হয়েছে কৃষি থেকে শুরু করে সর্বক্ষেত্রে। আমার বক্তব্য হচ্ছে সমস্ত আশপেক্টে এইগুলো বলা হয়েছে। গ্রামের রাস্তা ভালো হলে ভালো হবে না ? আর আয় বাড়ানোর কথা ? আমি অত হিসাবের মধ্যে যাচ্ছি না। শুধু যেটা বলার চেষ্টা করছিলাম, আয় কোথায় বাড়বে অর্থমন্ত্রী তার একটা নির্দেশিকা দিয়েছেন। মাননীয় বিধায়ক আমার আগে বলেছিলেন, তার খুব দুঃখ হচ্ছে ১০ লক্ষর বেশি দামের গাড়ির উপর যদি কর বসায় তার নাকি গোঁসা হচ্ছে, শুনতে পেলাম। ২০ হাজার বেশি দামের মোবাইলের উপর, ১৫ হাজারের বেশি দামের ঘড়ি, এক টনের বেশি ক্ষমতাসম্পন্ন এ.সি. আর ২৫ হাজারের বেশি দামের টি.ভি.-র উপর যখন কর বসানো হয়, তখন আপনারা বলেন এটা অবাস্তব, এটা অসম্ভব। আপনারা যতদিন ধরে এই ৩৪ বছর বড়লোকের এবং শিল্পপতিদের তোষামোদি করেছেন, মনোরঞ্জন করেছেন। আবার গ্রামে গিয়ে গণসঙ্গীতের ঢং-এ গান গেয়ে বলেছেন, 'বলতে পারেন বড় লোক মটর কেন চড়বে, গরিব কেন সেই মটরের তলায় চাপা পড়বে'—এগুলো আপনারা বলেছেন। অথচ যখন এই মোটরগাড়ির উপর এবং এ.সি.-র উপরে কর বসানো হয় তখন আপনাদের আপত্তি হয়। আয় বাড়ানোর সোর্স হিসাবে যখন বলা হয়, তখন আপনাদের আপত্তি হয়, সেই জন্য আপনারা নিজেরাই দিশাহীন হয়ে পড়েছেন এবং মেকি মার্ক্সবাদীদের আসল মুখোস বেরিয়ে পড়েছে আপনাদের মুখ থেকে। এই বাজেট হচ্ছে দরিদ্র দূরীকরণের, এই বাজেট আমি বাস্তবসম্মত মনে করি। এই বাজেটকে আমি সমর্থন করি। ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 5.50 p.m. till 11.00 a.m. on Tuesday, the 27th March, 2012 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 27th March, 2012 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 10 Ministers of State and 215 Members.

[11.00 – 11.10 a.m.]

*৮৫। শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী তাজমুল হোসেনের প্রশ্নের উত্তরে আমি জানাতে চাই, যে প্রশ্ন উনি করেছেন, সেই প্রশ্ন আমাদের কৃষি বিপণন দপ্তরের বিষয়ভুক্ত প্রশ্ন নয়। এই ব্যাপারে কৃষি দপ্তরের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। ধন্যবাদ।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা কি ব্যাপার ?

মিঃ স্পীকার : এটা উনি যে দপ্তরে দিয়েছেন It does not relate to his Dept. Very specifically উনি বলেছেন। উনি রিপ্লাই দিয়েছেন। ওনার reply particularly to the question put by the Hon'ble Member. We have already received the reply. That's why we have got nothing to do in this respect. If he likes, if he wants he can give a notice a fresh. We shall consider it in due course. মাননীয় সদস্যকে জানতে হবে কোন্ দপ্তরের প্রশ্ন কোন্ দপ্তরে যায়। উনি তো দপ্তরটা ভুল লিখেছেন।

...(গোলমাল)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনারা জানেন না।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা হতে পারে না।

...(গোলমাল)...

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যের ভুলটা কোথায় ?

...(গোলমাল)...

Mr. Speaker: আমি মাননীয় সদস্যদের জানাই, Please no cross argument; Hon'ble Members, please no cross argument.

Starred Questions
(to which oral answers were given)

ক্রেতা সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধি

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) শ্রী জ্যোতির্ময় কর : ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্রেতা সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধিতে সরকার সচেষ্ট ; এবং

(খ) সত্যি হলে, সরকার নতুনভাবে ক্রেতা সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ নিয়েছে ?

শ্রী সাধন পাণ্ডে :

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান সরকার নতুনভাবে উপভোক্তা সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধির জন্য নিম্নলিখিত বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে :

(১) শিবির, আলোচনাচক্র, হাতে-কলমে প্রশিক্ষণ, ট্যাবলো (ভ্রাম্যমাণ ডিসপ্লেযানের মাধ্যমে), পথ নাটিকা, ম্যাজিক প্রদর্শনী, কথাবলা পুতুলের মাধ্যমে সচেতনতা কার্যক্রম এবং স্বেচ্ছা উপভোক্তা সংগঠন, বে-সরকারি সংগঠন, স্বয়ম্ভর গোষ্ঠী, ক্লাব ও অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে নিয়মিত উপভোক্তা সচেতনতা কার্যক্রম পরিচালনা করা।

(২) সারা রাজ্যে বিভিন্ন পৌর বাজারের সামনে, পৌর অঞ্চলের জনবহুল এলাকায়, জেলাশাসকের অফিস চত্বরে, এমনকি ব্লকস্তরেও হোর্ডিং স্থাপনের ব্যবস্থা নেওয়া হয়েছে। উক্ত হোর্ডিংয়ে উপভোক্তা সুরক্ষা ও সচেতনতার মূল বিষয়গুলি তুলে ধরা হয়েছে।

(৩) সারা রাজ্যে বিভিন্ন আঞ্চলিক মেলায়, যেমন—বীরভূমের পৌষমেলায়, কোচবিহারের রাস মেলায়, জলপাইগুড়ির জল্পেশ মেলায়, গঙ্গাসাগর মেলায়, সুন্দরবন যুব উৎসবে, মানভূম উৎসবে, বরানগর মেলায় ও উত্তরবঙ্গ উৎসবে অংশগ্রহণ করে উপভোক্তা সচেতনতার কথা প্রচার করা হয়।

(৪) বিভাগের আঞ্চলিক অফিস ও বিভিন্ন এন.জি.ও./ভি.সি.ও.-দের সহায়তায় গুরুত্বপূর্ণ উৎসব যেমন—দুর্গাপূজা, কালীপূজা, জগদ্ধাত্রী পূজা, সরস্বতী পূজা ও ঈদ উপলক্ষে বিশেষ সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে বিভিন্ন পূজামণ্ডপে স্টল স্থাপন, ব্যানার প্রদর্শনী, লিফলেট/পুস্তিকা বিতরণ এবং বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(৫) ক্রেতা স্বার্থ সুরক্ষার জন্য টাস্ক ফোর্স গঠন করা হয়েছে, যারা বাজারে গিয়ে ওজনের বাটখারা ও ওজন মাপার যন্ত্র নিয়মিত পরীক্ষা করছেন এবং ত্রুটিপূর্ণ বাটখারা/যন্ত্র ধরা পড়লে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছেন।

(৬) ভারত সরকারের ভারতীয় মানক ব্যুরোর (বি.আই.এস.) সঙ্গে যৌথ উদ্যোগে সোনার দোকানগুলির ওজন যন্ত্র এবং হলমার্ক গহনার বিশুদ্ধতা নিয়মিত পরীক্ষা করা হচ্ছে।

(৭) বাংলা, হিন্দি, ইংরাজি, নেপালি, উর্দু ও সাঁওতালি ভাষায় লিফলেট ও পুস্তিকা প্রকাশিত হয়েছে। উক্ত লিফলেট/পুস্তিকায় উপভোক্তা সচেতনতার মূল বিষয়গুলি তুলে ধরা হয়েছে।

(৮) উপভোক্তা বিষয়ক বিভাগের ত্রৈমাসিক পত্রিকা **'উপভোক্তা সমাচার'** বাংলা, উর্দু ও হিন্দিতে প্রকাশিত হয়। এই পত্রিকায় উপভোক্তা সুরক্ষা ও সচেতনতায় গৃহীত বিভিন্ন পদক্ষেপ আলোচিত হয়।

(৯) উপভোক্তা সচেতনতার কাজে এন.জি.ও/ভি.সি.ও-দের তালিকাভুক্ত করা হয়েছে।

(১০) উপভোক্তা বিষয়ক ও ন্যায্য বাণিজ্য অনুশীলন অধিকারের তিনটি বিভাগীয় কার্যালয় বিভাগীয় কর্মী ও এন.জি.ও./ভি.সি.ও.-দের নিয়ে উপভোক্তা শিক্ষার উপর নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে।

(১১) বিভিন্ন টি.ভি. চ্যানেল এবং এফ.এম. বেতার চ্যানেলের মাধ্যমে উপভোক্তাদের সচেতন করা হচ্ছে।

(১২) দূরদর্শনে (ডি.ডি. বাংলায়) প্রতি শুক্রবার রাত ৮.৩০ মিঃ থেকে ৯টা পর্যন্ত উপভোক্তা সচেতনতার উপর **'কেনাকাটার সাত-সতেরো'** নামে লাইভ ফোন-ইন অনুষ্ঠান সম্প্রচারিত হয়।

(১৩) সারা রাজ্য জুড়ে বিভিন্ন বিদ্যালয়ে এবং কলেজে উপভোক্তা ক্লাব (Consumer Club) গঠিত হয়েছে এবং ভবিষ্যতে আরো ক্লাব গঠনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(১৪) কেনাকাটা সংক্রান্ত অভিযোগের দ্রুত নিষ্পত্তি এবং উপভোক্তাদের ন্যায্য সুরক্ষা দিতে বিভাগ কার্যকরীভাবে **মধ্যস্থতাকারীর** ভূমিকা নিয়েছে।

(১৫) উপভোক্তা বিষয়ক বিভাগের ওয়েবসাইট wbconsumers.nic.in যাতে আরো উন্নত হয় সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(১৬) উপভোক্তা বিষয়ক বিভাগের **'টোল ফ্রি উপভোক্তা হেলপলাইন'** (নং-১৮০০ ৩৪৫ ২৮০৮) চালু করা হয়েছে।

(১৭) রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া, কলকাতার সহযোগিতায় বিভাগীয় আধিকারিকদের একটি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। প্রশিক্ষিত আধিকারিকরা সুরক্ষিত বিনিয়োগ সম্পর্কে বিনিয়োগকারীদের সতর্ক ও সচেতন করছেন।

(১৮) গত ১৫ই ফেব্রুয়ারি, ২০১২, তারিখে একটি বৈঠকে স্বাস্থ্যবীমা প্রদানকারী সংস্থা থেকে স্বাস্থ্যবীমার টাকা পাওয়া নিয়ে রোগীদের হয়রানি বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে।

(১৯) প্রতি বছর ২৪শে ডিসেম্বর **'জাতীয় উপভোক্তা দিবস'** উপলক্ষে সারা পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রীদের নিয়ে উপভোক্তা সচেতনতার উপর প্রবন্ধ রচনা, পোস্টার তৈরি, স্লোগান লেখা এবং বসে আঁকো প্রতিযোগিতা প্রভৃতির ব্যবস্থা করা হয়। এবার রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি রবীন্দ্রসদনে হয়েছে।

(২০) প্রতি বছর ১৫ই মার্চ দিনটিকে **'বিশ্ব উপভোক্তা অধিকার দিবস'** রূপে পালন করা হয়। এ বছর স্টার থিয়েটারে অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় পালিত হয়েছে।

(২১) কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে গত ১৬.০৯.২০১১ থেকে ১৮.০৯.২০১১ পর্যন্ত উপভোক্তা সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে **'ক্রেতা সুরক্ষা মেলা'** অনুষ্ঠিত হয়।

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় স্পীকার স্যার, শ্রী জ্যোতির্ময় কর ক্রেতা সুরক্ষা বিষয়ক যে প্রশ্নটা করেছেন, তার উত্তরে জানাই—প্রথম উত্তর হ্যাঁ, এই দপ্তরটা গত ৩০ বছর....

.....(গোলমাল)....

মিঃ স্পীকার : প্লিজ বসুন, বসুন। কোয়েশ্চেন আওয়ার খুব ভ্যালুয়েবল আওয়ার। দয়া করে ক্রস আর্গুমেন্ট করবেন না। মাননীয় মন্ত্রীকে প্রশ্নের উত্তর দিতে দিন।

শ্রী সাধন পাণ্ডে: এই দফতরটা গত ত্রিশ বছর তেমন কোনো কাজ করেনি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই দফতরটাকে ভারতবর্ষে প্রথম একটা ক্যাবিনেট স্ট্যাটাস দিয়ে এই দফতরের গুরুত্ব বাড়িয়েছে। আমি তার কাছে কৃতজ্ঞ এবং সাধারণ মানুষের যে প্রয়োজন, সারা বাংলার বিভিন্ন জায়গা থেকে আমি দরখাস্ত পাচ্ছি।

মিঃ স্পীকার : আপনি নির্দিষ্ট উত্তর দিন, আপনি নির্দিষ্ট উত্তর দিন।

শ্রী সাধন পাণ্ডে : আমি 'হ্যাঁ' বলে দিয়েছি। এবার যদি উনার প্রশ্ন থাকে। আর প্রশ্ন আছে কিনা জিজ্ঞাসা করছি।

...(গণ্ডগোল)...

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার মহাশয় অতিরিক্ত প্রশ্ন, ক্রেতা সুরক্ষা বিভাগে কোটি কোটি টাকা খরচ করে চন্দননগরে একটা প্রাসাদতম বিল্ডিং তৈরি হয়েছিল। সেটা কোন্ কাজে ও কি উদ্দেশ্যে তৈরি হয়েছিল এবং বর্তমানে আপনি কি উদ্দেশ্যে ওটাকে ব্যবহার করছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, হ্যাঁ, এটা সঠিক। প্রায় ৭ কোটি টাকা খরচ করে চুঁচুড়ায় একটা বিল্ডিং তৈরি হয়েছে। সেই বিল্ডিং কী কারণে তৈরি করেছেন সরকার বা প্রাক্তন যাঁরা ছিলেন আমি জানি না। এটাকে ব্যবহার করার ব্যাপারে কঠিন কাজ। প্রায় ৭ কোটি টাকা খরচ করে, এখন আমি কি করে এটাকে—এই সাদা হাতিটাকে ব্যবহার করব সেটা আমার কাছে একটা বড়ো প্রশ্ন। আর আমি ভাবছি ওটাকে ট্রেনিং সেন্টার হিসাবে কিছু ব্যবহার করা যায়, কাকে ট্রেনিং দেব ?

মিঃ স্পীকার : Please, please next supplementary, please no passing remarks, আপনি specific উত্তর দেবেন মাননীয় মন্ত্রী। passing remark না করায় ভালো।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীমশায় আপনি দ্বিতীয় নম্বর প্রশ্নের উত্তর দিয়েছেন। মূলতঃ এটা অ্যাকাডেমিক। নীতিগত, তথ্যগত এবং প্রচারগত। দরকারও আছে। কিন্তু আমার প্রশ্ন, বাস্তবে যারা এই আইন ভায়োলেট করছে যেগুলোকে পরিদর্শন করে আপনার যে revenue collection হয় তার থেকে বোঝা যায় যে, সারা স্টেটে স্প্রেড কি করে হচ্ছে ? কাজটা কি রকম করছে ? আমার নির্দিষ্ট প্রশ্ন মাননীয় মন্ত্রীমশায় যে, আপনার এই খাতে, revenue collection গতবারের comparative একটি study বা structure আমাকে দিতে পারবেন কি, এই সভাতে জানাতে পারবেন কি ?

শ্রী সাধন পাণ্ডে: মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, ফেব্রুয়ারি মাস অবধি আমার ১১৬৪২৭৮২০ টাকা কালেকশান হয়েছে, মার্চে আরও কালেকশান হবে। গতবারের যে কালেকশান ছিল তার থেকে অনেক বেশি হয়েছে। আমি ফিগারটা দিতে পারছি না। তবে আমার ২৫২৭টা seizure হয়েছে, মানে আমাদের ইন্সপেক্টাররা মার্কেটে যাচ্ছে সাধারণ মানুষের জন্য এবং এই সব ব্যাপার সিজ্ করছে। সেই রকম এতগুলো seizure হয়েছে এবং চেষ্টা হচ্ছে আরও বেশি ইন্সপেক্টর অ্যাপয়েন্ট করে যাতে সমস্ত পশ্চিমবঙ্গের সমস্ত বাজার আমরা সিজ্ করতে পারি। বিভিন্ন ভাবে অন্যায় করে ওজন কমানো, ঠকানো। আমার পরিধিটা ব্যাপক। আমার পরিধিটা ব্যাপক যেমন—সোনা কিনতে গেলে ওজনে কম দিচ্ছে সেই সিজারও আছে, তার সঙ্গে সঙ্গে মেডিক্লেমের ব্যাপার আছে, এখানে মানুষ প্রতারিত হচ্ছে, কেরোসিন তেল কম পাচ্ছে—এই রকম অনেক অভিযোগ আছে এবং রিসেন্টলি—আমি মাননীয় সদস্যদের বলছি, ডাক্তারদের ছাড়ছি না, কেন না একজন ডাক্তার, একজন মহিলা মারা গেছেন, সেই ডাক্তাররের against-এ prosecution, হেল্থ ডিপার্টমেন্ট থেকে রিপোর্ট পেয়েছি। হেল্থ ডিপার্টমেন্ট কনফার্ম করেছে যে, ডাক্তারের ভুল হয়েছে, তার against-এ চার্জশিট হবে এবং তাকে অ্যারেস্ট করা হবে। এই রকম বিভিন্ন ধরনের অনেক কেস আমার কাছে আসছে। ...(হইচই)... এই দপ্তর সম্বন্ধে

মাননীয় সদস্যদের বলছি, আপনারা নিজেরা অ্যালার্ট হন এবং আপনাদের কোনো অভিযোগ থাকলে, কোনো ব্যাপারে বা আর্থিক ব্যাপারে, ক্যাম্পেন করার ব্যাপারে নিশ্চিত ভাবে আমাকে লিখবেন, আমি আপনাদের জন্য করব।

[11.10 – 11.20 a.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, উনি বলেছেন কথা বলা পুতুলের মাধ্যমে, কথা বলা পুতুল সামনে দেখতে পাচ্ছেন। তা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, উনি দায়িত্ব নেওয়ার পর থেকে কথা বলা পুতুলের মাধ্যমে সচেতনতা কত জায়গাতে নিয়ে আসার চেষ্টা হয়েছে ? আরও বলেছেন, বাটখারা এবং ওজন মাপার যন্ত্র নিয়মিত পরীক্ষা করছেন এবং ত্রুটিপূর্ণ ধরা পড়লে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। দায়িত্ব নেওয়ার পর থেকে এখনও পর্যন্ত কতগুলো জায়গায় এই ধরনের পরীক্ষা হয়েছে এবং কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, আমি আগেও বলেছি, প্রায় ২ হাজার ৫২৭টা সিজার হয়েছে। এটা বিভিন্ন রকম---বাটখারা থেকে শুরু করে প্যাকেট, প্যাকেটে ওজন লেখা আছে কিন্তু সেই ওজন নেই। এগুলো সিজার হচ্ছে। এই রকম আছে।

আর, 'কথা-বলা পুতুল' যেটা উনি বললেন, আমি সেই কথা বলা পুতুল-টুতুল খুব একটা বিশ্বাস করি না। আমার কথা হল, ক্যাম্পেন করতে হবে। ক্যাম্পেন করার ব্যাপারে মাননীয় সদস্যদের আমি বলেছি আপনারা আমাকে লিখলে আমি আপনাদের ক্যাম্পেন করার ব্যাপারে টাকা স্যাংশন করব, যা কিছু করা দরকার করব এবং এর সঙ্গে সঙ্গে আমার বলে রাখা দরকার যে, বিভিন্ন স্কুল এবং কলেজকে, প্রায় সাড়ে ৬০০ স্কুল এবং কলেজকে আমি পেয়েছি যাদের আর্থিক সাহায্য দেব কনজিউমার ক্লাব করার জন্য। আমরা চাইছি আরো স্কুল-কলেজ আপনাদের এলাকায় যদি কভার্ড না থাকে আমাকে পাঠান। তাদের প্রত্যেককে কনজিউমার ক্লাব করবার জন্য সাহায্য করা যায় কিনা দেখব। কেননা ছোটবেলা থেকে কনজিউমার মুভমেন্টটা শেখা দরকার। সেই জন্য তাদেরকে আর্থিক সাহায্য দেব, বিভিন্ন স্কুলকে।

শ্রী সুভাষ নস্কর : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আপনাকে ক্যাবিনেট মিনিস্টার করা হয়েছে সেজন্য ধন্যবাদ জানাচ্ছেন, সেটা ভালো, আপনি ফুল দুর্ব দিয়ে পুজো করুন। কিন্তু স্পেসিফিক কোশ্চেন ছিল মাননীয় সদস্যের, 'সরকার নতুন ভাবে ক্রেতা সুরক্ষা, সচেতনতা বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?' মাননীয় স্পীকার মহোদয় বার বার আপনাকে অনুরোধ করছেন, আপনি এটা একটু স্পেসিফিক বলুন। খ-প্রশ্নের উত্তর, 'কী কী পদক্ষেপ নিয়েছেন ? ...(গোলমাল)... না, না উনি বলেন নি।

মিঃ স্পীকার : বলেছেন, উনি বলেছেন। আপনি আরেকবার বলে দিন।

শ্রী সাধন পাণ্ডে : যা বলবার আমি বলেছি, আপনি বোধ হয় বুঝতে পারেন নি। আপনাকে বলে দিই, আমার এই কনজিউমার ডিপার্টমেন্টে দু-রকম কাজ হয়। একটা হল

রিড্রেসাল। রিড্রেসাল মানে প্রথমে কমপ্লেন করলে আমার অফিসাররা চেষ্টা করে সেটা মিটিয়ে দিতে। এই রকম রিড্রেসাল কেস অনেকগুলো হয়েছে। আমি মেম্বারদের কাছে স্পেসিফিক কিছু ভালো ভালো কেস বলতে পারি যেখানে মানুষ টাকা ফেরত পেয়েছে, এ.টি.এম., ব্যাঙ্ক থেকে টাকা তুলেছে ফ্রডলি, সেখানে রিলিফ হয়েছে। আমি একটা প্রেস রিলিজ করছি, আমি প্রত্যেকটি মেম্বারকে সেটা সার্কুলেট করব। এই সেশনে, এই কয়েকদিনের মধ্যে আপনারা তা পেয়ে যাবেন এবং তারপর যদি সমাধান না হয় কোর্টে যাবে। একটা কোর্টে গেলে সেখানে কোনো রকম ফিজ লাগবে না। হাতে লিখে দরখাস্ত করলে হবে। প্রথমেই যাবে ২০ লাখ টাকায় আমার কনজিউমার লোয়ার কোর্টে। তারপর যাবে আপার ফোরামে। ১ কোটি টাকা। অতএব মানুষের যেসব চাহিদা বা যে যে কমপ্লেন সেই জিনিসগুলো পাবে। এছাড়া আপনাদের সিজারের কথা বলেছি। রেভিনিউ কালেকশন আছে। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : স্যার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি জানালেন যে, আমি সচেতনতা বাড়াতে স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রথম থেকে এই দপ্তর সম্পর্কে অবহিত করার বন্দোবস্ত করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, গণসচেতনতা ছাড়া অ্যাওয়ারনেস ক্যাম্পেনটাকে যদি স্ট্রং না করা যায়, তাহলে আপনার দপ্তরের এত গণ্ডগোল, এত অফিসার নেই, যাতে করে আপনি কাজ করতে পারবেন। এই ব্যাপারে আপনি কি এন.জি.ও.-দের ইতিমধ্যেই ইনভল্‌ভ করেছেন ? যদি না করে থাকেন তাহলে এন.জি.ও.-দের ইনভল্‌ভ করে হাটে-বাজারে এই ক্যাম্পেন চালানোর মতো বা জনবহুল স্থানে ক্যাম্পেন চালানোর কোনো ব্যবস্থা করার কথা ভেবেছেন কি ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এই কথা বলছি, আমার বিজ্ঞাপন যখন কাগজে বেরোয়, তখন অনেকে দেখেন না। ৫০০ এন.জি.ও আমার কাছে অ্যাপিল করেছে। আমি তাদের নাম রেজিস্টারভুক্ত করেছি, যাতে তারা ক্যাম্পেন করতে পারে। তাদের আর্থিক সাহায্য দেব এবং আবার একটা বিজ্ঞাপন দেব কিছুদিনের মধ্যেই—এপ্রিল মাসে। যাতে আপনারাও আবার সচেতন হয়ে সেই এন.জি.ও.গুলোর নামগুলোকে এন্ট্রি করতে পারেন। সবকটা এন.জি.ও.-কে যাতে একসঙ্গে আমরা এই সচেতনতার কাজে লাগাতে পারি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, একথা ঠিক যে আপনি দপ্তরে আসার পর, আমরা রাস্তায় ঘাটে নানা প্রচার দেখতে পাচ্ছি এবং আপনি অনেকগুলো সেমিনার করেছেন। আমি এটা বহুদিন দেখিনি। কিন্তু শুধু কলকাতা কেন্দ্রিক বা শহরকেন্দ্রিক কিনা, পশ্চিমবঙ্গের সমস্ত জায়গায় এই প্রচারটা চলছে কিনা, সেটা আমাদের জানা সম্ভব হচ্ছে না। আমরা এটা কলকাতায় দেখেছি। আমি আপনার কাছে জানতে চাইছি এই প্রচার, এন.জি.ও.-দের ইনভল্‌ভমেন্ট, বিভিন্ন ইনস্টিটিউশানের ইনভল্‌ভমেন্ট, ক্লাবের ইনভল্‌ভমেন্ট, এগুলো আপনি কলকাতার বাইরেও সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে দেওয়ার কোনো ব্যবস্থা করেছেন কিনা ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যের এই প্রশ্নে আমি বলতে চাই, প্রত্যেকটি জেলাতে আমি গিয়েছি এবং অফিসারদের সঙ্গে মিট করেছি। সেখানে ক্যাম্পেন কিভাবে হবে সেটা

বলেছি। সব জায়গায় ক্যাম্পেন হচ্ছে। আমি কয়েক লক্ষ টাকা এক একটা জেলাকে দিচ্ছি। মাননীয় সদস্যদের আমি জানিয়ে দেব, কোন জেলাকে কত টাকা দিয়েছি। সেখানকার আমার অফিসারের নাম, ঠিকানা—আপনারা অনেকে ঠিকানাই চেনেন না, আপনারা যাচ্ছেন না, আপনারা গিয়ে একটুখানি বলছেন না। আমি চাই মাননীয় সদস্যরা প্রত্যেকটা জেলাতে নিজেদের নিজেদের জায়গায় গিয়ে দেখে নিন, যারা ক্যাম্পেন করছে। এখন ব্যাপারটা হল ৩০ বছর কাজ হয়নি। এবার হঠাৎ আমি কাজে নামলাম। কাজে নেমে গোটা জিনিসটাকে সাজাতে—একটু চিৎকার কম করুন—কথাগুলো শুনুন। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ, একটু বলতে দিন ওনাকে। মাননীয় মন্ত্রীকে বলতে দিন। এটা খুব গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট।

শ্রী সাধন পাণ্ডে : আমি বলতে চাই, আপনারা সজাগ হন। কেননা সাধারণ মানুষের যে কোনো কেস, তারা এফেক্টেড হলে নিশ্চিতভাবে আমার দপ্তরে বলবে। টোল ফ্রি নাম্বার আছে। সেখানে কমপ্লেন হলে, আমরা সেই কাজগুলোকে করব। আপনাদের বলে দিই, জেলাগুলোর প্রত্যেকটা মেলাতে অংশগ্রহণ করার জন্য আমার দপ্তরকে নির্দেশ দিয়েছি। আপনার জেলাতে কোনো মেলা হলে বা কোনো অনুষ্ঠান হলে নিশ্চিতভাবে আমাকে লিখবেন। টোল ফ্রি নাম্বারে বলবেন। আমরা সেটার ব্যবস্থা করব।

...(গোলমাল)...

(Voice from opposition bench—টোল ফ্রি নাম্বার যেটা দেওয়া আছে, তাতে ফোন করলে পাওয়া যায় না। মানুষ হয়রান হয়ে যায়, যাতে পাওয়া যায় সে ব্যবস্থা করবেন কি ?

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি বলে দেব।

রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার অস্থায়ী কর্মীর সংখ্যা

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৯) শ্রী এস. এম. সাদি : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মোট রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার সংখ্যা কত (নাম সহ) ; এবং

(খ) প্রতিটি সংস্থায় অস্থায়ী পরিবহণ কর্মীর সংখ্যা কত ?

শ্রী মদন মিত্র : (ক) মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, পরিবহন বিভাগে যে আমাদের ডিপার্টমেন্ট আছে তার আন্ডারে ৫টি নিগম রয়েছে—উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা, সি.এস.টি.সি.—কলকাতা স্টেট ট্রান্সপোর্ট, সি.টি.সি.—কলকাতা ট্রাম কোম্পানি আর সারফেস ট্রান্সপোর্ট কর্পোরেশন—পশ্চিমবঙ্গ ভূতল পরিবহণ নিগম।

(খ) আর সেকেন্ড প্রশ্নের উত্তরে জানাই যে, এখানে এন.ভি.এস.টি.সি.-তে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাতে ৩২৯ জন। সাউথ বেঙ্গল---দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ১৬৭ জন, কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ৮৫ জন, কলকাতা ট্রাম কোম্পানিতে—আর ক্যাটাগরী তো আলাদা আছে, যেহেতু আমার কাছে অস্থায়ী জানতে চাওয়া হয়েছে, আমি অস্থায়ী বলেই বলছি। কলকাতা ট্রাম কোম্পানিতে ৩৫৮ জন এবং পশ্চিমবঙ্গ ভূতল পরিবহণ নিগমের এখনো তারা ডিটেল্স সেই অর্থে এখানে পাঠায় নি। এখানে আমাদের সংখ্যা অনেক কম। আরো কিছু উত্তর আমরা চেয়েছি, আমি আশা করি দিয়ে দিতে পারব।

[11.20—11.30 a.m.]

শ্রী এস. এম. সাদি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বোঝাই যাচ্ছে প্রশ্ন জমার সঙ্গে তার সব উত্তর পাওয়া যাচ্ছে না। এই সময়কালের মধ্যে আমাদের রাজ্যে যে কর্পোরেশনগুলো রয়েছে মূলত ৫টা—সেখানে কত বাস এই সময়ে বসিয়ে দেওয়া হয়েছে। আর বিভিন্ন কর্পোরেশনে তার যে কি.মি. পার লিটারে এবং কিলোমিটারে পার...

মি. স্পীকার : আপনি দুটো প্রশ্ন করবেন না, একটা প্রশ্ন করুন।

শ্রী এস. এম. সাদি : কিলোমিটারে পার লিটার হিসাবে কত পরিমাণ উপার্জন এই সময়কালে এই কর্পোরেশনগুলোতে হয়েছে ?

শ্রী মদন মিত্র : কোশ্চেনটা আরেকবার বললে ভালো হয় কারণ শোনা যায়নি।

শ্রী এস. এম. সাদি : আপনি যে ৫টি কর্পোরেশনের কথা বলেছেন তাতে কত বাস বসিয়ে দেওয়া হয়েছে এই সময়কালে। আর কে.এম.পি.এল.আর.ই.এম.পি.এল.—আপনার এই যে বিভিন্ন কর্পোরেশনগুলো রয়েছে তার হিসাবটা কি ?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথম হচ্ছে প্রশ্নটা খুব ক্লিয়ার নয় কারণ উনি ইতিহাস জানতে চেয়েছেন না ভুগোল জানতে চেয়েছেন আমি বুঝতে পারিনি। তার কারণ উনি ৩৪ বছরের কথা বলতে চেয়েছেন না এখনকার কথা বলতে চেয়েছেন সেটা ঠিক বোঝা যাচ্ছে না। প্রশ্ন যদি স্পেশিফিক হয় উত্তর দিতে পারি। এক কথায় হচ্ছে ৬০০ কোটি টাকা ভরতুকিতে বসিয়ে দিয়ে আপনারা চলে গেছেন। এই মুহূর্তে ৬০০ কোটি টাকা।

মিঃ স্পীকার : কোশ্চেনটা স্পেশিফিক ছিল না। ইয়োর কোশ্চেন ওয়াজ নট স্পেশিফিক। আই অলসো হার্ড ইট। আপনি নেক্সট সাপ্লিমেন্টারি করুন। গো অন টু দি নেক্সট সাপ্লিমেন্টারি।

শ্রী এস. এম. সাদি : আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আমরা সবাই জানি এই সময়কালের মধ্যে বিভিন্ন কর্পোরেশনে অস্থায়ী কর্মীরা রয়েছেন। ইতিমধ্যে হাইকোর্টের নির্দেশও পাওয়া গেছে। অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয় কি বিবেচনা করছেন ?

শ্রী মদন মিত্র : স্যার, মহামান্য হাইকোর্টের যে নির্দেশ আসবে আমরা অত্যন্ত সম্মানের সঙ্গে সেই নির্দেশ মানতে বাধ্য কারণ এটা আমাদের দেশের আইন। আদালতের নির্দেশে যা বলা হয়েছে সেটা আমরা শীঘ্রই মেনে নেব কিন্তু আপনি যেটা জানতে চেয়েছেন বাকিদের পার্মানেন্ট করার ব্যাপারে, স্থায়ীকরণের ব্যাপারে আমরা কি করেছি। আমার সেই প্রশ্নের উত্তরে আপনার কাছে বক্তব্য হচ্ছে আমরা তো এসেছি ১০ মাস, ৩৪ বছরে আপনারা করেননি কেন, কি করছিলেন এতদিন ধরে ? আপনাদের পাপের বোঝা কি আমরা সামলাবো ? যে কজন কর্মচারী আছেন—১৮ হাজার কর্মচারীর মধ্যে অন্তত ১২ হাজার কর্মচারীর ফিনান্সের কনকারেন্স নেই। গায়ের জোরে পার্টির ক্যাডার ঢুকিয়ে দিয়ে গেছেন।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার প্রশ্ন—উনি বললেন যে ৫টি নিগমে ৬০০ কোটি টাকার আর্থিক সংকটের মধ্যে এই সরকারকে বিগত সরকার ফেলে দিয়ে গেছেন। এই আর্থিক সংকট থেকে উত্তোরণের পথ এবং স্বজন-পোষণ যে কর্মী মানে দলীয় কর্মী নিয়োগ করে গেছেন ৫টি যে নিগমে, সেই ব্যাপারে সরকার বা পরিবহণ মন্ত্রী এবং তাঁর দপ্তর কি চিন্তা-ভাবনা করছেন সেটা জানাবেন কি ?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে সদস্য আমাকে প্রশ্ন করলেন, তিনি নিজেও সম্প্রতি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন। আমি তাঁকে আপনার মাধ্যমে এইটুকু জানাই যে আমাদের যিনি মুখ্যমন্ত্রী—সমস্ত বিরোধী দলের সদস্যরা যেদিন মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলেন, মুখ্যমন্ত্রী বলেছিলেন আমরা কিন্তু নীতিগতভাবে ছাঁটাইয়ের বিরুদ্ধে। আমরা চাই পরিবহণ নিগম ঘুরে দাঁড়াক। আমরা ৬ মাস পাইলট প্রজেক্ট চালাব। সেটা এই ৩১শে মার্চ শেষ হচ্ছে। ১লা এপ্রিলের পর আমাদের আবার নতুন করে ভাবতে হবে। কিন্তু এটা ঠিক এইভাবে টানা ভরতুকি দিয়ে চালানো সম্ভব হচ্ছে না। কিন্তু যারা অতিরিক্ত কর্মী, ফিনান্স ডিপার্টমেন্টের কনকারেন্স নেই, তাদের ব্যাপারে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত এখনও পর্যন্ত নেওয়া হয়নি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন—এটা আমরা সবাই জানি যে আমাদের যে নিগমগুলো আছে, সেগুলি খুব খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, অস্বীকার করার উপায় নেই। বিগত দিনে যা অবস্থা, আমাদের অভিজ্ঞতা যা বলে, বিগত সরকারের আমলে যে অবস্থা করে গেছে। আমার একটা স্পেসিফিক কোশ্চেন—বিভিন্ন নিগমে দেখা যায় যে বেশ কিছু কর্মচারী আছে শারীরিক অক্ষম এবং তাদের চোখের দৃষ্টিও খুব কম এবং তাদের অধিকাংশই ড্রাইভার। এই ড্রাইভারদের ক্ষেত্রে হয় কি একটা দুর্ঘটনার আশংকা থাকে, সম্ভাবনা থাকে। এদের ক্ষেত্রে দেখা গেছে যে তাদেরকে দিয়ে ক্ল্যারিকাল কাজও করানো যায় না, সম্ভব নয়, তাদের শিক্ষাগত যোগ্যতা যা আছে গভর্নমেন্ট কি এদের নিয়ে—ভলেন্টারি রিটায়ারমেন্ট সার্ভিসের ক্ষেত্রে তাদেরকে চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার কোনো পরিকল্পনা আছে ?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাকে জানাচ্ছি যে এই ধরনের এক কথায় যাকে বলা যেতে পারে মেডিকেলি আনফিট। এই ধরনের কর্মী সংখ্যা প্রতিদিনই বাড়ছে। কারণ যেভাবে ৩৪ বছর ধরে ঢোকানো হয়েছিল, তাতে সবই আস্তে আস্তে এত ভারী হয়ে যাচ্ছে যে দিন দিন সংখ্যা বেড়ে যাচ্ছে। হালকা এমনিই হয়ে যাবে। সি.এস.টি.সি.-তে ৩১৬ জন, সি.টি.সি.-তে ১২৫ জন, এন.বি.এস.টি.সি.-তে ১৩৪ জন এবং সাউথ বেঙ্গলে ৬৬ জন এই মুহূর্তে এই রকম আনফিট কর্মীর সংখ্যা। আপনি অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে এদের মধ্যে বেশ কিছু ড্রাইভার আছে। এখন এদের হাতে যদি গাড়ি ছেড়ে দিই, তাহলে রকেট বা আমাদের দুরপাল্লার বাসের যে যাত্রী রয়েছে তাদের জীবন নিয়ে তো আমরা খেলতে পারি না। ফলে আমরা তাদের অপেক্ষাকৃত কম কাজের দায়িত্ব দিয়ে কন্ট্রাক্টারের আন্ডারে বা কন্ট্রাক্টচুয়াল কন্ডিশানে নতুন কোনো ভালো ছেলে দিয়ে গাড়ি চালানো যায় কিনা, এটা চিন্তা করছি। একই সঙ্গে এদের ব্যাপারে কি করা যায় এই ব্যাপারে আমরা একটা এক্সপার্ট কমিটি তৈরি করে আলোচনা করছি। তার কারণ এরা দীর্ঘদিন ধরে এই রকম আনফিট অবস্থাতেই বসে রয়েছে এবং এই কথা সত্যি যে এত কর্মী আনফিট হয়ে যাওয়ায় পরিবহণ চালাতে খুব অসুবিধা হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন যে উত্তরবঙ্গ পরিবহণ সংস্থার চাঁচোল যে ডিপো, সেই চাঁচোল ডিপোটা তুলে নেওয়ার একটা আদেশনামা যে জারি করেছেন, সেটা কি উদ্দেশ্যে হয়েছে ? আজকেও চাঁচোল থেকে যা খবর যে এখনও আজকে ধর্মঘট, পরিবহণকে বন্ধ রাখার ব্যবস্থা করা হয়েছে। কি জন্য ওখান থেকে ডিপোটা উঠে যাচ্ছে দয়া করে যদি হাউসে জানান ভালো হয়। এটা খুব মর্মান্তিক ঘটনা। এই ডিপোটা উঠে যাওয়ার জন্য আজকেও অনশন চলছে, ধর্মঘট চলছে।

[11.30 – 11.40 a.m.]

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাকে জানাচ্ছি যে আপনি যে কথাটা বলেছেন এটা সত্যিই অত্যন্ত মর্মান্তিক, দুর্ভাগ্যের। আপনার সঙ্গে আমরাও অংশীদার। কিন্তু এই যে চাঁচোলটা বন্ধ হচ্ছে এটা যদি একটু খুঁড়ে দেখেন তাহলে উত্তরটা আর আমার গায়ে লাগবে না, উত্তরটা গিয়ে আপনাকেই আক্রমণ করবে। আমি আপনাদের জানাই শুধু চাঁচোল নয়, পশ্চিমবাংলায় এই রকম বহু ডিপোই এক কথায় এই মুহূর্তে একেবারে বন্ধ হয়ে যাওয়ার মুখে। কিন্তু তা সত্ত্বেও চাঁচোলের ওখানকার যারা পঞ্চায়েত সমিতির সভাপতি, ওখানকার এম.পি. তারা সবাই এসে আমাদের সঙ্গে দেখা করেছিলেন। এবং আমরা যেটা বলেছি এই মুহূর্তে যে ডিপোগুলোয় একেবারে কাজকর্ম চলছে না সেখানে আমরা পুরোপুরি ইনফ্রাস্ট্রাকচার অফ করে না দিয়ে যারা ওখানকার স্থানীয় প্রতিনিধি তারা যদি আমাদের বলেন যে আপনি বাস সার্ভিস বাড়ান, মানুষের পরিষেবা বাড়ান আমরা সেই পরিষেবা বাড়াতে রাজি আছি। কিন্তু অতিরিক্ত ব্যয় কাঁধে নিয়ে পুরো ডিপোর যেমন ধরুন একটা রুমে কাজ হচ্ছে ছয়টা রুমে আলো জ্বালিয়ে লাভ কি। একটা ঘরে কাজ হচ্ছে পুরো

বিল্ডিংয়ে এ.সি. চালিয়ে লাভ কি। এইরকম ভাবে ডিপোর কাজগুলি ছোট করে আনা। ডিপোর পুরো বন্ধ করে দেওয়ার মানসিকতা এই সরকারের নেই। আমরা বলেছি আপাতত ডিপো থেকে বাস যা ছাড়ত তার থেকে বেশি ছাড়বে। আপনারা অবিলম্বে জানান এবং আপনাদের এই গ্যারান্টি দিতে হবে যে বাসে লোক পাওয়া যাবে এবং এই বাসগুলি যাতে একটা ন্যূনতম ভাড়া রোজগার করতে পারে সেই ব্যাপারে স্থানীয় মানুষ দেখবেন। ডিপো এখন বন্ধ আছে আপনার সঙ্গে আমি একমত। কিন্তু পার্মানেন্টলি বন্ধ করে দেওয়ার মতো এখনো কোনো সিদ্ধান্ত হয়নি মাঝামাঝি জায়গায় রয়েছে।

শ্রী রাজীব ব্যানার্জী : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে একটা প্রশ্ন করতে চাই, আমরা বিগত সরকারের আমলে দেখেছি অনেকগুলি সুদৃশ্য বাস যেগুলি জে.এন.এন.ইউ.আর.এম. লেখা বিভিন্ন সময় রাস্তায় ঘুরছে। কোনটা এক কোটি দাম আবার কোনটা পঞ্চান্ন লক্ষ টাকা দাম। আমাদের কাছে খবর আছে প্রজেক্টটা সাকসেসফুল নয়। কিন্তু কত কোটি টাকার টোটাল ডিল হয়েছিল ? কোন্ কোন্ কোম্পানিকে বরাত দিয়েছিল ? কারণ কিছু বরাত আমরা জানি প্রায় বারো মাস হয়ে গেল বিভিন্ন ডিলারের কাছে সরকার টাকা জমা দিয়ে দিয়েছে, ছয়-ছয়বার টেন্ডার হয়েছে। কোন্ কোন্ টেন্ডারার পার্টিসিপেট করেনি সেই বাসগুলিকে চালানোর জন্য। তাই আমি জানতে চাই কত কোটি টাকা এর পিছনে খরচ হয়েছে এ সম্বন্ধে যদি মন্ত্রী মহোদয় একটু আলোকপাত করেন তাহলে ভালো হয়।

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি এই প্রজেক্টটা একেবারেই সাকসেসফুল হয়নি। যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি কামারহাটি বিধানসভা শুধু সেখানেই বেলঘরিয়ার এস.বি.এস.টি.সি. গ্যারেজে এরকম পঞ্চাশটা বাস পড়ে রয়েছে। যেগুলি এই বাসের মালিকরা এখানে ফেলে দিয়ে চলে গেছে। এছাড়াও বারাসাতে এবং আরো বহু জায়গায় সব মিলিয়ে দেখেছি প্রায় তিনশোর বেশি বাস যেগুলি ফ্র্যানচাইজি নেওয়া হয়েছিল সেগুলি চলতে না পেরে বন্ধ হয়ে গেছে। বাইশ হাজার টাকা দেওয়ার কথা ছিল, দেয়নি। যখন আমরা জিজ্ঞাসা করতে গেছি তখন বলেছে যে সরকার অনেক দেরি করে এগুলি দেওয়াতে তারা ঠিকমতো চালাতে পারেনি। মূলত টাটা কোম্পানি এগুলি চালাচ্ছিল এবং লেক্সাসে এখন বহু বাস পড়ে রয়েছে। তবে আমি আপনার প্রশ্নের উত্তরে বলি আশার কথা এইটুকু বলি যে বাসগুলি নষ্ট হয়ে গেছে, পরিত্যক্ত abandoned আছে সেগুলিকে আমরা চেষ্টা করছি কত তাড়াতাড়ি ইন হাউজ একটা rebuilt করে অন্তত একটা নিগমের মাধ্যমে চালাতে পারি মানুষকে পরিষেবা দেওয়ার জন্য।

মিঃ স্পীকার : আমি আর একটা সাপলিমেন্টারি অ্যালাউ করব ওনার পর তারপর আর করব না। আমাদের অনেক প্রশ্ন আছে, অনেক মন্ত্রীরা বসে আছেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। আপনি কয়েকটা জায়গায় বাস বন্ধ করে দিচ্ছেন। আমার জেলায়

যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি সেখানে একটা সেন্ট্রাল বাস টার্মিনাস দীর্ঘদিন ধরে অল্প অল্প করে হচ্ছে আর টাকা যে কোথায় খরচ হচ্ছে কিছুই বুঝতে পারছি না। আমি মাননীয় মন্ত্রীকে বলব আপনি যদি কোনো মডার্ন সিটিতে যান, কোনো মডার্ন সিটিতে শহরের মাঝখানে বাসের ডিপো থাকা উচিত নয়। সেখানে আমাদের ওখানে একটা সরকারি এবং আর একটা বেসরকারি বাস ডিপো আছে। সেই দুটো বাস ডিপো সেন্ট্রাল বাস ডিপোতে নিয়ে যাওয়ার কি পরিকল্পনা এবং কবে নাগাদ হবে এটা জানতে চাই।

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মালদার মাননীয় সদস্য কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে জানাতে চাই আসলে এই কাজটা আমাদের আগের সরকারের আমলেই এই প্রজেক্টটা করা হয়েছিল। মালদার ব্যাপারে আমরা অত্যন্ত ভালোভাবে অবহিত এবং আমি জানি মালদার সমস্যাটা কি ? কিন্তু আমরা চেষ্টা করছি এটাকে তাড়াতাড়ি করার। আমি আপনাকে এই বিধানসভায় কথা দিচ্ছি যে, আমি ৭ দিনের মধ্যেই—আমরা ইতিমধ্যেই গত কয়েকদিন ধরে যারা আমাদের দায়িত্বে আছেন তাদের বলেছি ইন্সপেকশান করে রিপোর্ট দিতে। আমি ৭ দিনের মধ্যেই রিপোর্ট নিয়ে আপনাদের জানাতে পারব যে কত দিনের মধ্যে আমরা এটা শেষ করব। কিন্তু এটার ব্যাপারে আমি একমত, আমি মনে করি যে, কখনই এইভাবে—যার জন্য হাইকোর্টও আমাদের বলেছে শহরের উপর থেকে বাস স্ট্যান্ডকে রেখে জ্যাম করা যাবে না।

শ্রী উদয়ন গুহ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে স্থায়ী কর্মীর সংখ্যা কত এবং তারা শেষ কোন মাস পর্যন্ত বেতন পেয়েছেন ?

শ্রী মদন মিত্র : উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় মোট স্থায়ী কর্মীর সংখ্যা ৩৫৮২ জন, ক্যাজুয়াল হচ্ছে ৩২৯ জন, আর আনফিট এমপ্লয়ির সংখ্যা হচ্ছে ১৩৪ জন। ফেব্রুয়ারি মাস পর্যন্ত সমস্ত জায়গায় মাইনে আমরা ছেড়ে দিয়েছি। আমরা যে দু-মাস পিছিয়ে ছিলাম সেটাও আমরা ধরে ফেলেছি এবং মার্চ মাসের মাইনেও যত তাড়াতাড়ি নিগম থেকে কাগজ এসে যাবে আমরা একই সঙ্গে সবগুলো ছেড়ে দিতে পারব। শুধু এটুকু আপনাকে জানাচ্ছি এবং এর সাথে অ্যাডিশনাল যেটা জানাচ্ছি, সব জায়গায় পেনশান সব ঠিকমতো চলে গেলেও, যেহেতু উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় পেনশান এবং অন্যান্য নিগমগুলিতে পেনশান এদের মধ্যে একটা প্যারিটি থাকছে না, তাই সমস্ত জায়গায় হানড্রেড পারসেন্ট ছাড়লেও উত্তরবঙ্গের জন্য আমরা অ্যাডহক ৬০% ফেব্রুয়ারি পর্যন্ত ছেড়ে দিয়েছি এবং আমরা আশা করছি বাকিটাও খুব তাড়াতাড়ি ক্লিয়ার করে দেব।

আবাসন প্রকল্প নির্মাণের চালু কাজ

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১.১.২০১২ তারিখ সাপেক্ষে রাজ্য আবাসন বিভাগের অধীনে কতগুলি আবাসন প্রকল্প নির্মাণের কাজ চালু আছে (তালিকা সহ) ?

শ্রী অরূপ বিশ্বাস :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী বঙ্কিম চন্দ্র হাজরার উত্তরে জানাই—৩১.০১.২০১২ তারিখ সাপেক্ষে রাজ্য আবাসন বিভাগের অধীনে ১৪টি আবাসন প্রকল্প নির্মাণের কাজ চালু আছে। নিম্নে চালু আবাসন প্রকল্পের তালিকা দেওয়া হল :

(১) খাতরা—জেলা বাঁকুড়া : সরকারি কর্মচারীদের জন্য ৬০টি ভাড়াভিত্তিক আবাসন।

(২) বিষ্ণুপুর—জেলা বাঁকুড়া : সরকারি কর্মচারীদের জন্য ৪৮টি ভাড়াভিত্তিক আবাসন।

(৩) সিটি সেন্টার, দুর্গাপুর—জেলা বর্ধমানে কর্মরতা মহিলাদের জন্য ৪০টি শয্যাবিশিষ্ট আবাস (হোস্টেল)।

(৪) গুমরমঠ, বজবজ, জেলা দক্ষিণ ২৪-পরগনায় সরকারি কর্মচারীদের জন্য ১৫২টি ভাড়াভিত্তিক আবাসন।

(৫) শম্পা মির্জানগর, জেলা দক্ষিণ ২৪-পরগনায় সরকারি কর্মচারীদের জন্য ২০৮টি ভাড়াভিত্তিক আবাসন।

(৬) নীলরতন সরকার মেডিক্যেল কলেজ ও হাসপাতাল চত্বরে রোগীর আত্মীয়-স্বজনদের জন্য ৮০টি শয্যাবিশিষ্ট রাত্রিনিবাস।

(৭) ডায়মন্ডহারবার, জেলা দক্ষিণ ২৪-পরগনায় সরকারি কর্মচারীদের জন্য ২৪টি ভাড়াভিত্তিক আবাসন।

(৮) নিউটাউন, রাজারহাট, কলকাতায় আর্থিকভাবে দুর্বল মানুষদের জন্য ১১২টি আবাস যোজনা।

(৯) নিউটাউন, রাজারহাট, কলকাতাতে স্বল্প আয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য ৪৮টি আবাস যোজনা।

(১০) লেক গার্ডেন্স, কলকাতাতে সরকারি কর্মচারীদের জন্য ৮টি ভাড়াভিত্তিক আবাসন।

(১১) এ. কে. মুখার্জী রোড, কলকাতায় সরকারি কর্মচারীদের জন্য ১৬টি ভাড়াভিত্তিক আবাসন।

(১২) কলকাতায় নিউ টাউনে ডবলিউ.বি.এইচ.আই.ডি.সি.ও. কর্তৃক সমাজে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ৪০০টি ফ্ল্যাট নির্মাণ।

(১৩) কলকাতায় নিউটাউনে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ কর্তৃক সমাজে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ৫২৮টি ফ্ল্যাট নির্মাণ।

(১৪) কুষ্টিয়া এল.আই.জি. আবাসনের মধ্যে অডিটোরিয়াম নির্মাণ।

[11.40 – 11.50 a.m.]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বিগত বাম সরকারের আমলে চেয়ারম্যান কোটায় জয়েন্ট ভেঞ্চার কোম্পানিগুলিকে যে জমি বিলিবণ্টন করা হয়েছিল, সেগুলির মধ্যে কোনো আর্থিক বেনিয়মের অভিযোগ পেয়েছেন কি না ? যদি পেয়ে থাকেন তাহলে সেই ব্যাপারে কোনো তদন্ত হচ্ছে কি না দয়া করে জানাবেন কি ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় মাননীয় সদস্য সঠিক প্রশ্নই করেছেন। অনেক বেনিয়ম এবং দুর্নীতির অভিযোগ আমাদের কাছে জমা পড়েছে। আমরা ইতিমধ্যেই দেখছি যে অল্প মাটি খুঁড়তে কঙ্কাল বেরিয়ে পড়েছে। আর একটু বেশি মাটি খোঁড়া চলছে, কি বেরিয়ে পড়ে দেখুন। আমি মাননীয় সদস্যকে বলব যে একটু ধৈর্য্য ধরুন, অপেক্ষা করুন যথা সময় সব কিছু জানতে পারবেন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন EWS প্রকল্পে কোন কোন জেলায় কতগুলি প্রকল্প আপনার দপ্তর থেকে অনুমোদন করেছেন এবং তার জন্য কত অর্থ বরাদ্দ করেছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের উত্তরে জানাই EWS প্রকল্প, মানে গীতাঞ্জলি প্রকল্পে মুর্শিদাবাদে ১২৯৬টি, মোট ৭.৫১৬৮ কোটি, উত্তর দিনাজপুরে ১১৪০, ৬.৬১২ কোটি, মালদহতে ১৭৬০, ১০.২০৮ কোটি, দক্ষিণ দিনাজপুরে ৩৭৭, ২.১৮৬৬ কোটি, হুগলি ৪৫, .২৬১০ কোটি। আর 'আমার ঠিকানা' প্রকল্পে দক্ষিণ ২৪-পরগনায় ১৭২১, ৭.৯৮৬৩৫ কোটি, উত্তর ২৪-পরগনায় ১২৭টি, .৫৭৫০ কোটি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে ১৬৫ এবং ১৭৫, .৭৪২৫ এবং .৭৮৭৫ কোটি, উত্তর দিনাজপুরে ৪৪টি, .১৯৮০ কোটি, বীরভূমে ১৪৮৯, ৬.৭০০৫ কোটি, বাঁকুড়াতে ১৯১, .৮৫৯৫ কোটি।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন উনি বলেছেন যে আবাসন নির্মাণ প্রকল্পে ১৪টি নির্মাণের কাজ চলছে বলেছেন। আর্থিক দিক থেকে যারা দুর্বল তাদের ওই আবাসন বিতরণের ব্যাপারে উনি বলেছেন। আর্থিক দিক থেকে দুর্বলতার সংজ্ঞা কি হবে এবং বিতরণের পদ্ধতি কি হবে সেটা যদি একটু অনুগ্রহ করে বলেন ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই, আমরা যেটা করি সেটা হচ্ছে যে গীতাঞ্জলিতে, আপনারা জানেন যারা বি.পি.এল. তালিকাভুক্ত তরাই এই স্কিমের মধ্যে পড়েন। গীতাঞ্জলি প্রকল্পে আমরা ১.১৬ লাখ কস্টেই বিক্রি করি।

শ্রী আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে আপনি স্বচ্ছতা আনার জন্য এই দপ্তরে নানা উদ্যোগ গ্রহণ করছেন। বিগত সরকারের সময়ে কি পদ্ধতিতে, কোন্ দুর্নীতিগ্রস্ত ভাবে এই আবাসনগুলি বিতরণ করা হত, সেই বিষয়ে যদি আলোকপাত করেন।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই যে, আগের সরকারে কিভাবে হত, তার কাগজপত্র আমরা দেখছি। যেখানে কোনো ভাবেই কোনো টেন্ডার পদ্ধতির মধ্যে দিয়ে কোনো কাজ করা হয়নি। যখন জয়েন্ট ভেঞ্চার কোম্পানির কাজ হয়েছে বা কোনো বরাত দেওয়া হয়েছে তখন কোনো রকম টেন্ডার পদ্ধতি কোনো জায়গায় ব্যবহার করা হয়নি। কিন্তু আমরা যেটা করছি এই ৭ মাসের মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে পুরোটাই-ই টেন্ডারিং-এর কাজ চালু করেছি এবং সর্বত্রই যা কাজ আমরা করব সেটা আপনারা আমাদের ওয়েবসাইটের মাধ্যমে জানতে পারবেন। আমরা যেটা করেছি, আগে যখন জয়েন্ট ভেঞ্চার কোম্পানির ফ্ল্যাট বিক্রি হত তখন আমরা দেখতাম যে কিছু মানুষ পয়সা দিয়ে ব্যাঙ্ক থেকে ফ্রম তুলে সেই ফর্মগুলো জমা দিতেন। ব্যাঙ্কের সংখ্যা ছিল একটি—ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র। অনেক জায়গায়ই লোক জানতেই পারত না যে ব্যাঙ্কটি কোথায় আছে। আমরা আরও তিনটে ন্যাশনালাইজড ব্যাঙ্ক-এর সঙ্গে যুক্ত করেছি, যাতে সমস্ত মানুষ সমস্ত জায়গা থেকে ফর্ম তুলতে পারেন। আর একটি ব্যবস্থা হচ্ছে, যখন ফর্ম কেউ জমা দিতেন তখন ইচ্ছাকৃতভাবে হোক বা অনিচ্ছাকৃতভাবে হোক অনেক মানুষের ফর্ম বাতিল হয়ে যেত, মানুষ জানতে পারতেন না। এখন থেকে আমরা যারা ফর্ম জমা দেবেন, সেটা যদি বাতিল হয় তাহলে কী কারণে বাতিল হল সেটা আমরা লিখিত ভাবে জানিয়ে দেব। আগে যখন লটারি হত তখন মানুষ জানতে পারতেন না কখন কোথায় হচ্ছে। আমরা এখন প্রকাশ্যে লটারি করব। এবং সংবাদ মাধ্যম, সমস্ত সেলিব্রেটি, সমস্ত বিধায়কদের সবাইকে সামনে রেখেই প্রকাশ্যে লটারি হবে। আমরা সেই ব্যবস্থার মধ্যে দিয়েই স্বচ্ছতা আনার চেষ্টা করছি।

শ্রী আনিসুর রহমান : সাম্প্রতিককালে আমাদের রাজ্যে কতগুলো জেলা ভাগ হয়েছে, তারপর কতগুলো নতুন মহকুমা তৈরি হয়েছে, সেইসব জায়গায় সরকারি কর্মচারী যারা কাজ করেন, তাদের থাকার সমস্যা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, এই নতুন জেলা যেখানে হয়েছে বা নতুন মহকুমা যেখানে হয়েছে, সেখানে সরকারি ভাবে কিছু বাড়ি-ঘর করার পরিকল্পনা আছে কিনা এবং থাকলে কোথায় কোথায় পরিকল্পনা হয়েছে দয়া করে জানাবেন কি ?

শ্রী অরূপ বিশ্বাস : আমাদের অনেক পরিকল্পনাই রয়েছে, কিন্তু সবটা এই হাউসে বিশদ ভাবে জানাতে গেলে অনেক সময় লাগবে। আপনার যদি কোনো স্পেসিফিক সাজেশন থাকে তাহলে আমাকে জানাবেন, আমি লিখিত ভাবে আপনাকে জানিয়ে দেব।

শ্রী মহঃ গুলাম রব্বানি :

Honourable Speaker Sir میں آپ کے ذریعے ہمارے عزت مآب منسٹر صاحب سے ۲۰۰۹-۱۰ میں جو آمار جاری ہوا تھا۔ ایک لاکھ ۱۶ ہزار کر کے ہمارے ضلع میں

আমাদের জেলা উত্তর দিনাজপুরে, বিশেষ করে আমার কনস্টিটিউয়েন্সি গোয়ালপোখরে একটাও বাড়ি হয়নি। ২০০৯-১০ সালে ১৫৫টা বাড়ি ছিল, এখনও সেটাই রয়েছে, একটাও বাড়ি তারপর হয়নি। এটা সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন ?

শ্রী অরূপ বিশ্বাস : দেখুন আগের সরকারের সবটাই তো আপনারা জানেন, যেটা নিয়ে আমি বললাম, কোনো জায়গায় সামঞ্জস্য রাখা হয়নি। সবসময় এমন কিছু কাজ করা হয়েছে, যার সবটা বলা এই মুহূর্তে সম্ভব নয়, আমি বলতেও চাই না, যথাসময়ে আপনারা জানতে পারবেন। আপনি আপনার জেলার কথা, এলাকার কথা বলেছেন, নিশ্চয় আমরা পরবর্তীকালে নজর রাখব।

প্রাণীবন্ধুদের আর্থিক অনুদান

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী আনিসুর রহমান :** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাণীবন্ধুদের বার্ষিক আর্থিক অনুদান প্রদান করা হবে : এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শ্রী নূরে আলম চৌধুরী :

(ক) প্রাণীবন্ধুরা স্বনিযুক্ত। সেল্ফ এমপ্লয়েড। তাই বর্তমানে প্রাণীবন্ধুদের বার্ষিক আর্থিক অনুদান প্রদান করার কোনোরূপ পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রযোজ্য নয়।

শ্রী আনিসুর রহমান : আমি আপনার কাছে একটা জিনিস জানতে চাইছি, সেটা হচ্ছে যে, আগে একটা ব্যবস্থা ছিল, বছরের শেষে প্রাণীবন্ধুরা যত এ.আই. করত তার প্রথমদিকে প্রতি এ.আই.এ.-র জন্য ৫ টাকা করে দেওয়া হত। বছরের শেষে অনুষ্ঠান করে দেওয়া হত। পরে এটা বাধ্যিগ্ধ করা হয়েছিল যে, কাফ, কাউ কত হবে তার উপর দাঁড়িয়ে করার কথা। আমি জানতেওচাইছিলাম সেটা চালু আছে কিনা এবং এই রেটটা বাড়াবার কোনো ব্যবস্থা আছে কিনা।

শ্রী নূরে আলম চৌধুরী : আমার কাছে যে রিপোর্ট রয়েছে, প্রত্যেকটা প্রাণীবন্ধু মাসে ১০ হাজার টাকার উপরে রোজগার করেন এবং অনেকটা ব্রেক আপ ফিগার দেওয়া আছে। বর্তমানে যে সমস্ত ফিগার আমাকে দেওয়া আছে, বা যেগুলো আমি জানি আর কি, তাতে প্রত্যেকটা কাজের জন্য একটা পারিশ্রমিক দেওয়া হয়। যেমন প্রাথমিক প্রাণী চিকিৎসা করার জন্য ১০ টাকা, বড়ো প্রাণীর টীকাকরণের জন্য ৫ টাকা, ছোটো প্রাণীর টীকাকরণ ১ টাকা, হাঁস-মুরগী টীকাকরণের জন্য ২৫ পয়সা, এছাড়া আরও অনেকগুলো প্রকল্প রয়েছে সেখান থেকেও তারা পয়সা পান। প্রাণীবন্ধুরা প্রায় দশ হাজার টাকার বেশি প্রত্যেক মাসে রোজগার করেন।

শ্রী আনিসুর রহমান : আমি বুঝতে পারলাম না। আপনি বোধহয় আমার প্রশ্নটা বুঝতে পারেননি। ওটা হচ্ছে অ্যাডিশনাল কাজ। এ.আই.-এর জন্য প্রাণীবন্ধু লাগানো হয়েছিল। তাদের বাড়তি কাজের জন্য লাগানো হয়েছিল, একটা মুরগীকে ইঞ্জেকশন দিলে দু টাকা পাবে, একটা ছাগলকে ইঞ্জেকশন দিলে পাঁচ টাকা পাবে। দ্যাট ইজ অ্যাডিশনাল। আপনি বোধহয় আমার প্রশ্নটা ঠিক বুঝতে পারেননি। ওটা হচ্ছে অ্যাডিশনাল কাজ। এ.আই.-এর জন্য প্রাণীবন্ধুদের লাগানো হয়েছিল। কিন্তু মূল কাজের জন্য সারা বছরের কাজের জন্য যত এ.আই. করত তত গুণিতক পাঁচ টাকা করে বছরের শেষে পেত। এই প্রকল্পটা চালু আছে কিনা ? আপনি তো না বললেন।

শ্রী নূরে আলম চৌধুরী : চালু আছে।

[11.50—12.00 noon]

শ্রী আনিসুর রহমান : আপনার কাছে একটা অতিরিক্ত প্রশ্ন, গত বছরে যে এ. আই. হয়েছে পশ্চিমবাংলায় দুটো ব্যবস্থা আছে—সরকারি এবং প্রাণীবন্ধু। কত এ.আই. হয়েছে এবং তাতে প্রাণীবন্ধুরা কত করেছে দয়া করে জানাবেন।

শ্রী নূরে আলম চৌধুরী : আমি যেটুকু মোটামুটি জানি প্রাণীবন্ধুরা প্রায় ৬৯ হাজারের মতো রয়েছে আর আমাদের ডিপার্টমেন্ট রয়েছে ২১-এর মতো।

শ্রী নেপাল মাহাত : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন, এই প্রাণীবন্ধু নিয়ে বহু দিন থেকেই ঝামেলা চলছে। ওঁদের আমলে প্রাণীবন্ধু নিয়োগ করা হয়েছিল তখনই সেন্ট্রাল গভর্নমেন্ট বলেছিল মান্থলি একটা টাকা দিতে। সেখানে গাইডলাইনে পরিষ্কার লেখা আছে কোটি কোটি টাকা এসেছিল কিন্তু দেওয়া হয়নি। পরবর্তীকালে মাননীয় মন্ত্রীকে আমি প্রশ্ন করেছিলাম সেখানেও আমি বলেছিলাম যে অন্যান্য রাজ্যে মান্থলি পেমেন্টের ব্যবস্থা আছে। তার কাগজও আপনাকে দেওয়া হয়েছে। এখন আপনি মাননীয় সদস্যার প্রশ্নের উত্তরে বললেন যে প্রতি মাসে একজন প্রাণীবন্ধুর দশ হাজার টাকা রোজগার হয়। এটা পুরোপুরি অসত্য। ১২ টাকা করে এক-একটা প্রজননের জ[illegible] পায়। এটা যদি ১২ হাজার করতে হয় তাহলে এক মাসে কতগুলোর কাপল দরকার [illegible]টা বুঝতেই পারছেন। যাই হোক, আমি স্পেসিফিক প্রশ্ন করতে চাই, অন্যান্য রা[illegible] প্রাণীবন্ধুদের নাম প্রাণীমিত্র কোথাও গোপাল ইত্যাদি নামে ডাকা হয়। তারা মান্থলি টাকা পায় মোটর সাইকেল পায় এবং সেটা কেন্দ্রীয় সরকারের গাইডলাইন। সেখান থেকে কোটি কোটি টাকা এদের আমলে এসেছে এরা কিছুই করেনি। আপনাকে এইভাবে বলা হয়েছিল। আমি আপনাকে স্পেসিফিক প্রশ্ন করতে চাই অন্যান্য রাজ্যে প্রাণীবন্ধুর নামে যারা কাজ করছে তাদের যে মান্থলি টাকা দেওয়া হয় সেই টাকা আপনি দেবেন কিনা ? যদি না দেন তো কেন দেবেন না ?

শ্রী নূরে আলম চৌধুরী : নেপালবাবু এই হাউসে অনেকবারই কোশ্চেন করেছেন। উনি আমাকে বলেছেন ঝাড়খণ্ড, বিহার বা উড়িষ্যায় যে সমস্ত প্রকল্প চালু আছে তার কাগজপত্র আমাকে দেবেন। সেই কাগজপত্র আমি এখনও হাতে পাইনি।

শ্রী চৌধুরী মহঃ হিদায়েতুল্লাহ : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন রাজ্যে বর্তমানে প্রাণীবন্ধুর সংখ্যা কত এবং প্রাণীবন্ধু তো চলমান ২০১১-১২ সালে নতুন কোনো প্রাণীবন্ধু নিয়োগ হয়েছে কিনা ?

শ্রী নূরে আলম চৌধুরী : বর্তমান প্রাণীবন্ধু সংখ্যা হচ্ছে ৩০৯৭। আর ২০০ রিসেন্টলি রিক্রুট করা হয়েছে। তাদেরকে ট্রেনিং দেওয়া হচ্ছে।

বিশ্বব্যাঙ্ক থেকে ১২০০ কোটি টাকা ঋণ

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬) **শ্রী আবু তাহের খান :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য জলসম্পদ অনুসন্ধান উন্নয়ন বিভাগ কেন্দ্রীয় সরকারের সহায়তায় বিশ্বব্যাঙ্ক থেকে ১২০০ কোটি টাকার ঋণ পাচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এই অর্থ খরচের রূপরেখা কী (জেলাওয়াড়ী তথ্য সহ) ?

ড. সৌমেন কুমার মহাপাত্র :

(ক) হ্যাঁ, রাজ্য জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ কেন্দ্রীয় সরকারের সহায়তায় বিশ্বব্যাঙ্ক থেকে আনুমানিক ১৩৮০ কোটি টাকার ঋণ পাচ্ছে।

(খ) ওয়েস্ট বেঙ্গল এক্সিলারেটেড ডেভেলপমেন্ট অফ মাইনর ইরিগেশন প্রজেক্ট (WBADMIP) বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তাপ্রাপ্ত একটি প্রকল্প। এর মূল উদ্দেশ্য হল ক্ষুদ্রসেচ প্রকল্প স্থাপনের মাধ্যমে ৫ হেক্টর বা তার বেশি চাষযোগ্য জমি সেচের আওতায় আনা। এভাবে ভূ-পৃষ্ঠস্থ ও ভূ-গর্ভস্থ জলসম্পদের উপযুক্ত ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও গ্রামীণ কর্মসংস্থানের সুযোগ তৈরি করা যা স্থায়ী উন্নয়নের অন্যতম শর্ত। এই প্রকল্পের আরও লক্ষ্য হল কৃষি পরিষেবা প্রদান, নতুন প্রযুক্তির ব্যবহার ও প্রকল্পের আওতাভুক্ত গোষ্ঠীগুলির কৃষি ছাড়াও অন্য ক্ষেত্রে বাড়তি আয়ের সুযোগ তৈরি করা এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি-নির্ভর আয় বৃদ্ধিকে নিশ্চিত করা। বর্তমানে, এই প্রকল্প শুরু হওয়ার কার্যকরী সময় থেকে ৬ বছরের ভিতর আনুমানিক ৪৬৬০টি নতুন ক্ষুদ্রসেচ প্রকল্প নির্মাণের কাজ হাতে নেওয়া হবে যা কিনা অতিরিক্ত ১৩৮৯০১ হেক্টর চাষযোগ্য জমিকে সেচের আওতায় আনবে এবং এর জন্য সম্ভাব্য খরচের পরিমাণ ১৩৮০ কোটি টাকা। এই প্রকল্পের জন্য বিশ্বব্যাঙ্কের (International Bank for Reconstruction and Development + International Development Association) তরফ থেকে ২৫০ মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ আনুমানিক ১১৫০ কোটি টাকা ঋণ হিসেবে অনুমোদিত

হয়েছে এবং রাজ্যের অংশীদারী ৫০ মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ আনুমানিক ২৩০ কোটি টাকা। গত ২১.১২.২০১১ তারিখে ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকার ও বিশ্বব্যাঙ্ক কর্তৃপক্ষের মধ্যে এই প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

এই প্রকল্প রাজ্যে ১৮টি জেলাতে শুরু হওয়ার কথা আছে। জেলাওয়াড়ী প্রকল্পের রূপরেখা দেওয়া হল।

জেলাওয়াড়ী ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়ণের রূপরেখা নিম্নরূপ :

ক্রমিক নং	জেলা	ক্ষুদ্রসেচ প্রকল্পের সংখ্যা
১	কোচবিহার	৭২১
২	জলপাইগুড়ি	১০৩০
৩	বীরভূম	২৬৭
৪	বাঁকুড়া	২৫৮
৫	উত্তর ২৪-পরগনা	৪৩
৬	দার্জিলিং	১০৭
৭	উত্তর-দিনাজপুর	৩৭১
৮	দক্ষিণ-দিনাজপুর	১৩১
৯	মালদা	৪১২
১০	মুর্শিদাবাদ	৮০
১১	নদীয়া	১৬৯
১২	বর্ধমান	৩৪৮
১৩	হুগলি	১৬৬
১৪	দক্ষিণ ২৪-পরগনা	৫৬
১৫	হাওড়া	৩১
১৬	পূর্ব-মেদিনীপুর	১১৮
১৭	পশ্চিম-মেদিনীপুর	২২২
১৮	পুরুলিয়া	১৩০
মোট		৪৬৬০ টি

এই প্রকল্পের সাথে কৃষি, মৎস্য এবং উদ্যান পালন বিভাগ (Horticulture) উন্নয়নের কাজে যুক্ত থাকিবে। প্রকল্প সম্পূর্ণ হওয়ার সাথে সাথে যাতে এই

প্রকল্প থেকে সমূহ সুফল পাওয়া যায় তার জন্য উপরোক্ত বিভাগগুলি কাজ করিবে। প্রত্যেক জেলার জেলাশাসক মহাশয় তদারকির জন্য District Level Implementation Committee-এর চেয়ারম্যান হিসাবে থাকিবেন। কলকাতায় প্রজেক্ট ডাইরেক্টর, State Project Management Unit তে সমগ্র কাজের দায়িত্বে থাকিবেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি তো লেংদি একটা রিপোর্ট দিয়েছেন। দি আনসার ইজ ভেরি লেংদি। ওটা মাননীয় সদস্য দেখে নেবেন। আপনি নেক্সট সাপ্লিমেন্টারি করুন। ইটস এ ভেরি লেংদি আনসার গিভন।

শ্রী আবু তাহের খান : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী বলেছেন ১৩৮০ কোটি টাকা উনি পাচ্ছেন। তো ৪ হাজার ৬৬০টি নতুন ক্ষুদ্র সেচ প্রকল্প নির্মাণ হবে। ১ লক্ষ ৩৮ হাজার ৯শো হেক্টর জমি এতে উপকৃত হবে। আর খরচ ১৩৮০ কোটি টাকা। মুর্শিদাবাদ জেলার মাত্র ৮০টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কিন্তু সেই জায়গায় দেখছি ১০৩০টি প্রকল্প জলপাইগুড়িতে হাতে নেওয়া হয়েছে। বাঁকুড়াতে ২৫৮টি এবং বর্ধমানে ৩৪৮টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সেখানে মুর্শিদাবাদের মাত্র ৮০টি প্রকল্প নেওয়া হয়েছে। এটা কিভাবে কোন পদ্ধতিতে চিহ্নিতকরণ করা হয়েছে জানাবেন কি ?

শ্রী সৌমেন কুমার মহাপাত্র : ওয়ার্ল্ড ব্যাঙ্কে আমরা যখন প্রজেক্ট সাবমিট করি তখন আমরা সারা পশ্চিমবাংলায় ভূগর্ভস্থ জল এবং ভূ-পৃষ্ঠস্থ জল এই দুটি জলের কি অবস্থান সেটা দেখার পরে ভূ-প্রকৃতি অনুযায়ী আমরা স্কিমগুলি তৈরি করেছি। মুর্শিদাবাদ জেলাতে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকাতে যেটা তৈরি হবে, তা সত্ত্বেও যেগুলি অন্য উপায়ে করা যাবে কোর সেক্টর থেকে, সেখানে টাকা খরচ করব।

শ্রী আবু তাহের খান : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—২০১২-১৩ সালে এই কাজটা বলেছেন শুরু হবে। তাহলে এখানে কত কর্মসংস্থান হবে এবং কবে নাগাদ এই কাজটা শুরু হবে।

শ্রী সৌমেন কুমার মহাপাত্র : এই কাজটি ৬ বছরের পরিকল্পনা। এই বছর থেকেই আমরা সেপ্টেম্বর মাসে কাজটা শুরু করব। কারণ ইতিমধ্যেই আমাদের সমস্ত চুক্তি সই হয়েছে। এছাড়া এখানে কর্মসংস্থান হবে এক লক্ষ ছেষট্টি হাজার ফ্যামিলির। তারা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে উপকৃত হবেন।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—যে যখন বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র তৈরি হয়, তখন যেহেতু ময়ূরাক্ষীর জল তিলপাড়ার জল বক্রেশ্বরকে দিতে হয়, সেহেতু ময়ূরাক্ষী অববাহিকাতে বিশেষ করে কান্দি মহকুমাতে একটা বিস্তীর্ণ এলাকা এই বোরো মরশুমে চাষের জল পাচ্ছে না। বর্তমানেও পাচ্ছে না। তৎকালীন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে সেটা অন্যভাবে ভূগর্ভস্থ জল তুলে সেই এলাকাতে চাষের ব্যবস্থা করা হবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই যে, আমরা

৯৬ সালের পর থেকে দেখেছি যে কাঁদি মহকুমাতে সেই ব্যবস্থা করা হয়নি। বর্তমানে কাঁদি মহকুমাতে কৃষকদের স্বার্থে এই রকম কোনো উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি যে বোরো মরশুমের সময়ে সেই এলাকার কৃষকরা জল পেতে পারে ?

শ্রী সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার জ্ঞাতার্থে জানাই যে, আমরা ইতিমধ্যে ফিল্ড চ্যানেলের মাধ্যমে তিস্তা প্রকল্প যেটা ছিল, সেটা এতদিন স্ট্যাগনেন্ট ছিল, সেটার মাধ্যমে আপনাদের এলাকাতে যাতে ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে চাষীরা জল পায় তার জন্য আমরা চেষ্টা চালাচ্ছি।

শ্রী বিরাম মাণ্ডি : মাননীয় স্পীকার স্যার, জলসম্পদ নিয়ে আলোচনা হচ্ছে। এখন সেচে জল সমস্যা হচ্ছে। এদিকে চারদিকে জল ধরো, জল ভরো প্রকল্প চলছে। সেচের জন্য মাটির নীচের জল যেভাবে তোলা হচ্ছে, আর অন্যদিকে বিশ্বের উষ্ণায়ণ আস্তে আস্তে শুরু হয়েছে, এদিকে মাটির নীচ থেকে আর্সেনিক জলের মাধ্যমে উঠে আসছে এবং মানুষ আর্সেনিকে আক্রান্ত হচ্ছে। এর জন্য কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কি ?

শ্রী সৌমেন কুমার মহাপাত্র : স্যার, আর্সেনিক আক্রান্ত যে এলাকা এটা আমার দপ্তরের নয়। এটা আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি। এর জন্য আমাদের সম্মানীয় মন্ত্রী সুব্রতদা আছেন, এটা তাঁর দপ্তর। তবে আমরা সার্ভে করে যেটা দেখেছি সত্যি এতদিন এটা নিয়ন্ত্রিত উপায়ে ব্যবহার করেননি। তাই এটা বিপজ্জনক। আপনিও সাবধান থাকুন।

মিঃ স্পীকার : আর কয়েক সেকেন্ড বাকি আছে। আমি কোনো ফার্দার কোয়েশ্চেন দেব না। কারণ আমাদের কাছে অনেক বিজনেস রয়েছে।

Starred Questions
(to which answers were laid on the Table)

জাতীয় কৃষি বীমা প্রকল্প

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রী তজমুল হোসেন :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের রক্ষা করার জন্য জাতীয় কৃষি বীমা প্রকল্প রাজ্যে চালু হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, বিগত রবি মরশুমে কতজন কৃষক, কত পরিমাণ ক্ষতিপূরণ পেয়েছেন ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ও খ বিষয়টি কৃষিজ বিপণন বিভাগের এক্তিয়ারভুক্ত নয়। এই প্রসঙ্গে বিশেষ বিবরণের জন্য কৃষি বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

বার্ধক্য, বিধবা ও প্রতিবন্ধী ভাতা

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭) শ্রী আব্দুর রহিম বক্সী : নারী উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে (২০১০-১১) রাজ্যে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রকৃতপক্ষে কতজন পেয়েছিলেন ;

(খ) ২০১১-১২ আর্থিক বছরের ফেব্রুয়ারি মাসের হিসেব সাপেক্ষে ওইসব ভাতা প্রাপকের সংখ্যা হ্রাস পেয়েছে কি না ; এবং

(গ) হ্রাস পেয়ে থাকলে তার কারণগুলি কি কি ?

নারী উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত আর্থিক বছরে (২০১০-১১) রাজ্যে ভাতা প্রাপকের সংখ্যা নিম্নরূপ :

(১) বার্ধক্য ভাতা—৭৫,৪৬৫ (পঁচাত্তর হাজার চার শত পঁয়ষট্টি) জন।

(২) বিধবা ভাতা—৪৪,৫৬৯ (চুয়াল্লিশ হাজার পাঁচ শত উনসত্তর) জন।

(৩) প্রতিবন্ধী ভাতা—৪০,২৭৬ (চল্লিশ হাজার দুই শত ছিয়াত্তর) জন।

(খ) না।

(গ) প্রযোজ্য নয়।

হাওড়া জেলায় পথ দুর্ঘটনা

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮) শ্রী অসিত মিত্র : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় ৩১শে ডিসেম্বর, ২০১১ পর্যন্ত পথ দুর্ঘটনায় মোট কতজন মারা গিয়েছেন ; এবং

(খ) তন্মধ্যে কতজনকে ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হয়েছে ?

Will the Minister-in-charge of the Transport Department be pleased to State :

1. RTO Howrah has been called for the report for the Report from the Police Authority.

   But as per available record four (04) persons have been died due to road accident as reported by the District Police Authority during 01.01.2011 to 31.12.2011.

2. The requirement for compensation was sent to the Transport Department, Kolkata vide Howrah MVI Officess Memo No. 644/MV Dtd. 23.02.2012 and processed.

আয়লায় ক্ষতিগ্রস্ত বাঁধের মেরামতি

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৩) শ্রী রামেশ্বর দোলই : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় আয়লা ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামতির জন্য কেন্দ্রীয় সরকারের থেকে ২৯.০২.২০১২ তারিখ পর্যন্ত কত অর্থ পাওয়া গেছে ; এবং

(খ) মোট ক্ষতিগ্রস্ত বাঁধগুলির মধ্যে দৈর্ঘ্যের হিসাবে কত বাঁধ পুনর্গঠনের কাজ উক্ত সময়ের মধ্যে শুরু করা সম্ভব হয়েছে ?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সুন্দরবন এলাকায় আইলা ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বাঁধ পুনর্গঠন প্রকল্পে বিভিন্ন অর্থবর্ষে কেন্দ্রীয় সরকারের থেকে ২৯.০২.২০১২ তারিখ পর্যন্ত মোট ৫২৫.৭৫ কোটি টাকা পাওয়া গেছে, যা নিম্নে বর্ণিত হল :

আর্থিক বর্ষ	কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থ (কোটি টাকায়)
২০০৯ - ১০	১৮৭.৫০
২০১০ - ১১	৩৩৮.২৫
২০১১ - ১২	—
মোট	**৫২৫.৭৫**

(খ) প্রকল্পের প্রথম পর্যায়ে উত্তর ও দক্ষিণ ২৪-পরগনায় মোট ২৬৩ কিমি ক্ষতিগ্রস্ত নদীবাঁধ মেরামতির (পুনর্গঠন) পরিকল্পনার মধ্যে, জমি অধিগ্রহণ না হওয়ার জন্য সময়মতো কাজ শুরু করা যায়নি। ভূমি অধিগ্রহণ দপ্তর দ্বারা হস্তান্তরিত জমির মধ্যে নিম্নলিখিত প্যাকেজের কাজগুলি শুরু করা সম্ভব হয়েছে :

(১) উত্তর ২৪-পরগনার হিঙ্গলগঞ্জ ব্লকে ১.৩৪৩ কি.মি. প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে পুটিয়ামঠবাড়ি ও খোসবাস মৌজায় কাজ শুরু হয়েছে।

প্যাকেজের নাম — ৯/ বি.আই. / এস.পি.

আর্থিক মূল্য — ৭.৪০ কোটি টাকা

(২) দক্ষিণ ২৪-পরগনার কাকদ্বীপ ব্লকে ১.২৪ কি.মি. প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে। কালীনগর ও থানগোরা মৌজায় জমিজটে কাজ শুরুতে দেরি হয়। আলোচনার মাধ্যমে আবার শুরু করার চেষ্টা চলছে।

প্যাকেজের নাম — ৩ / কে /এস.পি. / ১

আর্থিক মূল্য — ৫.৪৫ কোটি টাকা

জমি অধিগ্রহণের দেরি হওয়ার জন্য, ভাঙনপ্রবণ এলাকাগুলিতে জমিমালিক, জনগণ ও জনপ্রতিনিধিদের প্রয়োজন ও সম্মতিতে যা পঞ্চায়েতের গ্রাম সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে জমি অধিগ্রহণ দপ্তরের ক্ষতিপূরণের জন্য অপেক্ষা না করে এলাকাকে ভূমিক্ষয় থেকে রক্ষা করার জন্য সেচ দপ্তরকে জমি মালিকদের কাজ শুরু করার অনুরোধ। নিম্নে বর্ণিত প্যাকেজের কাজগুলি শুরু করার সরকারি পদ্ধতি গ্রহণ করা হয়েছে :

(১) দক্ষিণ ২৪-পরগনার গোসাবা ব্লকে ২৩.১০ কি.মি. প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে। ওয়ার্ক অর্ডার দেওয়ার পর্যায়ে।

প্যাকেজের নাম — ৫ / জে / ১

আর্থিক মূল্য — ১০২.৫৫ কোটি টাকা

(২) দক্ষিণ ২৪-পরগনার গোসাবা ব্লকে ২১.৮০ কি.মি প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে। ওয়ার্ক অর্ডার দেওয়ার পর্যায়ে।

প্যাকেজের নাম — ৫ / জে / ২

আর্থিক মূল্য — ৯৬.৬৮ কোটি টাকা

(৩) দক্ষিণ ২৪-পরগনার বাসন্তি, মথুরাপুর - ২ ও ক্যানিং ব্লকে ৩৩.২১ কি.মি. প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে। কাজ শুরুর পর্যায়ে।

প্যাকেজের নাম — ৬ / জে

আর্থিক মূল্য — ১৫২.৬৮ কোটি টাকা

(৪) উত্তর ২৪-পরগনার হিঙ্গলগঞ্জ ব্লকে ৩০.৬৯৮ কি.মি. প্রকল্প অনুমোদিত দৈর্ঘ্যে। ওয়ার্ক অর্ডার দেওয়ার পর্যায়ে।

প্যাকেজের নাম — ৯ / বি.আই.

আর্থিক মূল্য — ১৪৩.৩৯ কোটি টাকা

এই প্রসঙ্গে জানাই যে, জমি হস্তান্তরিত হওয়ার আগে জমির মালিক ও বসবাসকারী জমিদাতাদের অনুমতি, গ্রাম পঞ্চায়েতের সম্মতি ও বিধায়কগণের সহযোগিতায় কাজ শুরুর পদ্ধতি গ্রহণ করা হয়েছে।

পশ্চিম বড়িষা সরকারি আবাসনে পানীয় জল সরবরাহ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩) শ্রী মন্টুরাম পাখিরা : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বড়িষা সরকারি আবাসনে কলকাতা পুরসভার পানীয় জল সরবরাহের কাজের অগ্রগতি কিরূপ ; এবং

(খ) কবে নাগাদ এই জল সংযোগটি দেওয়া সম্ভব হবে বলে আশা করা যায় ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিম বড়িষা সরকারি আবাসনে কলকাতা পুরসভার পানীয় জল সরবরাহের ব্যাপারে পুরসভা কর্তৃপক্ষের কাছ থেকে আবাসন দপ্তর এখনও কোনোরূপ ইতিবাচক প্রতিশ্রুতি পায়নি। এ সম্পর্কে আবাসন দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে পুরসভার কাছে লিখিত এবং মৌখিক ভাবে আবেদন জানানো হয়েছে যার Ref. No. নিম্নরূপ—

(i) Memo No. 875/X/73/3 dt. 21.08.2003
(ii) Memo No. 802/1(3)/X/73/3 dt. 27.07.2006
(iii) Memo No. 1073/XIV-6 dt. 19..10.2006
(iv) Memo No. 6521/XIV-72 dt. 11.08.2010
(v) Memo No. 771 dt. 30.08.2010
(vi) Memo No. 215 - WB/1 dt. 19.04.2011

(খ) এমতাবস্থায় পশ্চিম বড়িষা আবাসনে পুরসভার জলসংযোগ দেওয়াব সঠিক সময় অনুমান করা এই মুহূর্তে আবাসন দপ্তরের পক্ষে সম্ভব নয়। দীর্ঘ ৩৪ বছর ধরে আবাসন দপ্তরের বাড়িগুলিতে পুরসভার জল সরবরাহের কোনো পরিকল্পনা বা ব্যবস্থা ছিল না। বর্তমান সরকার ইতিমধ্যেই আবাসনগুলিতে পুরসভার জল সরবরাহের ব্যাপাবে আলোচনা শুরু করেছে।

রাষ্ট্রীয় পরিবহণ নিগমের চালু বাস

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ** : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১০-১১ আর্থিক বছরে রাজ্যে বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহণ নিগমের মোট চালু বাসের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ২৯.০২.২০১২ তারিখের সাপেক্ষে কত সংখ্যক সরকারি বাস রাস্তায় চলছে ?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

		(ক)	(খ)
CSTC		837	375
CTC	BUS	380	202
	TRAM	269	112
NBSTC		705	453
SBSTC		484	361

পশ্চিমাঞ্চল উন্নয়নে গৃহীত উদ্যোগ

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮১) ড. আশীষ ব্যানার্জী : পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯.০২.২০১২ তারিখের সাপেক্ষে সরকার পশ্চিমাঞ্চল উন্নয়নে কী কী উদ্যোগ গ্রহণ করেছে ?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২৯.০২.২০১২ তারিখ পর্যন্ত পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তর পশ্চিমাঞ্চলের উন্নয়নের জন্য বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছে।

পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অন্তর্গত ২৯.০২.২০১২ পর্যন্ত বিভিন্ন উন্নয়নমূলক কার্যের বিবরণী

পশ্চিম মেদিনীপুর জেলা		
ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	ঝাড়গ্রাম এস.ডি. হাসপাতালের সৌন্দর্য বৃদ্ধির জন্য বাগান নির্মাণ	২,১৩,০০০.০০
২	বন দপ্তর দ্বারা ঝাড়গ্রাম মহকুমার বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৪২,২০,৮৫৩.০০
৩	ঝাড়গ্রাম আদিবাসী বাজারের পুনর্গঠন	১০,২৩,১২২.০০
৪	ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালের উন্নতি	৪৯,৮৩,৩৪৫.০০
৫	ডি.এফ.ও.-র মাধ্যমে খড়গপুরের বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৪,০২,৯৬,৩৭৫.০০
৬	গোপিবল্লভপুর-নয়াগ্রাম রাস্তা ও ঝাড়গ্রাম - জামবনি বহনক্ষমতা ও প্রসারণ বৃদ্ধি	৯,৯৩,১৯,০০০.০০
৭	কেয়াকুরল বি.পি.এইচ.সি., মোহনপুর বি.পি.এইচ.সি., চন্দ্র বি.পি.এইচ.সি., তপসিয়া বি.পি.এইচ.সি. এবং চিল্কিগড় বি.পি.এইচ.সি.-তে পুষ্টি পুনর্বাসন কেন্দ্র নির্মাণ	১,৩৫,৩৮,১৬৫.০০
৮	ঝাড়গ্রাম অঞ্চলের বিভিন্ন উন্নয়নমূলক কাজ। ডি.এফ.ও. ঝাড়গ্রামের মাধ্যমে	১১,৬২,৭০,৪৭৫.০০
৯	ওরগাঞ্জা শ্রী রামকৃষ্ণ সারদা বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ	২,২২,২২৬.০০
১০	বেলপাহাড়ি বালিকা উচ্চবিদ্যালয়ের হস্টেল বিল্ডিং এবং স্কুল বিল্ডিং-এর নির্মাণ	৮৭,৭৫,৮৪৮.০০
১১	আমকোলাঘাট-কংসাবতী নদীর উপর আর.সি.সি. ব্রীজের নির্মাণ (সার্ভে খরচ)	১০,০০,০০০.০০
১২	জঙ্গলমহলের বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৫,৭৫,০৩,২৫০.০০

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১৩	কেশপুরের মহিস্দা আর.এন. উচ্চবিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ	২৩,৮১,৬৬৬.০০
১৪	গড়বেতার মেটিয়ানাহার এস.ও. প্রাথমিক বিদ্যালয়ের ক্লাসরুম নির্মাণ	১০,১৭,৭৯৪.০০
১৫	ঝাড়গ্রামের খুদমরাই গজেন্দ্র বিদ্যালয়ের সীমানা প্রাচীরের নির্মাণ	২৪,৯৬,৬৮৬.০০
১৬	তেলিপুকুর উচ্চবিদ্যালয়ের ক্লাসরুম এবং হস্টেল বিল্ডিংয়ের নির্মাণ	২৭,০৫,৩১৭.০০
১৭	ঝাড়গ্রাম কে.কে. ইনস্টিটিউটের প্রথমতল নির্মাণ	২৫,০০,০০০.০০
১৮	রাধারানী আদিবাসী উচ্চবিদ্যালয়ের তিনটি ক্লাসরুম এবং সীমানা প্রাচীরের নির্মাণ	৪১,৭৭,৩০৬.০০
১৯	সাতকুলী আদিবাসী প্রাথমিক বিদ্যালয় ভবন এবং সীমানা প্রাচীর নির্মাণ	১১,৩১,২৯১.০০
২০	রামগড় এম.এস. উচ্চবিদ্যালয়ের স্কুল ভবন, হস্টেল এবং শৌচাগার নির্মাণ	৭৭,০৯,৮৫৭.০০
২১	শীলাবতী নদীর উপর নোকাতাপাল কাঠের ব্রীজ নির্মাণ, গড়বেতা - ১ পঞ্চায়েত সমিতি	১৬,৯৭,৪৪৭.০০
২২	বড়কালাঙ্কাই উচ্চবিদ্যালয়ের হস্টেল ভবনের নির্মাণ	৩১,৮২,৯৮৮.০০
২৩	বেলপাহাড়ী রেসিডেন্সিয়াল সরকারী স্কুলের তিনটি প্রকল্প	১,৫০,৭০,৭৩০.০০
২৪	লালগড় রামকৃষ্ণ বিদ্যালয়ের গার্ডওয়াল, সাইড ড্রেন ও খেলার মাঠ নির্মাণ	২৫,৫১,২৭৭.০০
২৫	লালগড় সারদামনি বালিকা বিদ্যালয়ের স্কুল বিল্ডিং এবং হস্টেল নির্মাণ	২২,৮৪,০৭৫.০০
২৬	পশ্চিম মেদিনীপুরে নয়টি আর.এল.আই.-এর পুনর্নির্মাণ	২,২৬,৮৭,০০০.০০
২৭	গোড়াধরা শিশু উদ্যান থেকে ঝাড়গ্রাম স্টেডিয়াম পর্যন্ত রাস্তা মেরামত	৮,০০,০০০.০০
২৮	১১টি এল.ডব্লু.ই. ব্লকে ৫৫০টি ভারতীয় নিশান - II টিউবওয়েল খোঁড়া	৪,৬৭,৫০,০০০.০০
২৯	কালাইমুড়ি এন.এস. বিদ্যালয় বাড়ানো	৯,০০,৩২৫.০০
৩০	দাবচা নবকলা উচ্চবিদ্যালয়ের ক্লাসরুম (প্রথমতল) নির্মাণ (গড়বেতা III ব্লকে)	৮,০০,৮৬৮.০০
৩১	খড়গপুরের অধীনে মাদপুর বালিকা বিদ্যালয়ের স্কুল ভবন-এর বৃদ্ধি	২২,৮৮,৩৯০.০০
৩২	বিনপুর-১ পঞ্চায়েত সমিতির অন্তর্গত লালগড় বাজার থেকে নেতাই গ্রাম পর্যন্ত রাস্তার উন্নয়ন	৫,০৫,৮০৬.০০

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
৩৩	পশ্চিম মেদিনীপুরের পেতবিন্ধি-তে হস্টেল ভবন নির্মাণ	২৪,৯৯,৫৩৭.০০
৩৪	খড়গপুর-II ব্লকের তেঁতুলমুরি রামকৃষ্ণ মিশন নিকেতনে ক্লাসরুম, হস্টেল ভবন এবং মহিলা শৌচাগার নির্মাণ	১১,২৮,৮৭৭.০০
৩৫	মাদপুর উচ্চবিদ্যালয়ের স্কুল বিল্ডিং এবং সীমানা প্রাচীর নির্মাণ	২৯,০৪,৭৫২.০০
৩৬	ঝাড়গ্রাম সাব-মহকুমা হাসপাতালের উন্নয়নমূলক কাজ	৪৯,০৪,৭৫৭.০০
	মোট	৪৮,২৪,৪২,৪০৫.০০ (আটচল্লিশ কোটি চব্বিশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত পাঁচ টাকা)

পুরুলিয়া জেলা		
ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	পুরুলিয়া জেলায় লাক্ষা চাষ বনবিভাগ দপ্তর দ্বারা	১,০০,০০,০০০.০০
২	পুষ্টি পুনর্বাসন কেন্দ্র-বারি, বান্দোয়ান এবং সিরাকাবাদে	৪৭,৭৯,৮৯৯.০০
৩	আর.সি.সি. ব্রিজ নির্মাণ ঝারুখামার (বরাকর-পুরুলিয়া রোড)	২,৫৩,২৬,০০০.০০
৪	জয়পুরে ব্রুড লাক্ষা চাষ, রঘুনাথপুর-১, কাশীপুর ব্লকে	১,৯৯,০০,০০০.০০
৫	অসুস্থ নবজাত শিশু বিভাগ বাড়ানো এবং মহিলা বিভাগ বাড়ানো দ্বিতলে, দেবেন মাহাতো সদর হসপিটালে	১,৫৭,৫৩,১১৮.০০
৬	পাথরডি বি.পি.এইচ.সি.-তে পুষ্টি পুনর্বাসন কেন্দ্র	৯৯,২০,০৯১.০০
৭	মাটি এবং জল সংরক্ষণ পুরুলিয়া	১,৪৭,৯০,০০০.০০
৮	৬৬টি স্কুলে পানীয় জল সরবরাহ-১৮টি ফ্লুরাইড দূরীকরণ প্রকল্প নির্মাণ	৩,৫৮,২৪,৭৭৯.০০
৯	জঙ্গলমহলে বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৪,৪৮,১৫,০০০.০০
১০	সরকারী কৃষি খামারে চারা গাছ উৎপাদন	২১,৪৫,০০০.০০
১১	বারি হাই স্কুলে উন্নয়ন মানবাজার-২ ব্লকে	৪৬,২৯,০৩৫.০০
১২	সিমেন্টের তৈরি পাকা রাস্তা কস্তর বি.পি.এইচ.সি.-তে হাটমুরা পি.এইচ.সি.-তে এবং চেনপুর পি.এইচ.সি.-তে	৩৭,০১,০৩১.০০
১৩	বাউন্ডারি দেওয়াল নির্মাণ বিভিন্ন বি.পি.এইচ.সি.-তে এবং পি.এইচ.সি.-তে	১,৭৭,২৫,৮৩০.০০

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১৪	হস্টেল বিল্ডিং এবং শ্রেণী কক্ষ নির্মাণ বারি নিসাদয়াময়ী গার্লস জুনিয়র হাইস্কুল-বারি পুরুলিয়া	৩৪,৬৩,৪৮০.০০
১৫	হস্টেল বিল্ডিং এবং শ্রেণী কক্ষ নির্মাণ-দিঘি হাই স্কুলে	৩৪,৬৩,৪৮০.০০
১৬	জঙ্গলমহল এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৪,১৮,০৫,০০০.০০
১৭	জঙ্গলমহল এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ	২,৬০,৯৫,০০০.০০
১৮	পলিপড়া পুকুর খোঁড়া-আরিতা গ্রামে	৪১,৫৭,১৯৫.০০
১৯	নির্মাণ ও সারাইয়ের কাজ—(পুরুলিয়া-রাঁচি রোড)-জয়পুর এবং ঝালদা বাজার	৪,৬৯,০৮,৪৫৪.০০
২০	চাঁদড়া হাই স্কুলে শ্রেণী কক্ষ নির্মাণ	২০,৬২,৯৬৩.০০
২১	বিভিন্ন নির্মাণের কাজ	১০,১৩,৩৩৭.০০
২২	রাস্তা উন্নতি-সাধু শালতোড় থেকে বৃন্দাবনপুর (সাঁতুরী পঞ্চায়েত সমিতি)	২৭,০৭,৩২৮.০০
২৩	রাস্তা উন্নতি-বরাকর থেকে লিপানিয়া তুরাডিহ পাড়া পর্যন্ত	৬২,০৪,২০৮.০০
২৪	পাকা রাস্তা নির্মাণ ও গার্ড ওয়াল তৈরি কাঞ্চনপুর থেকে মালঞ্চডিহ	৭১,৩৭,১৫২.০০
২৫	রাস্তা, ব্রিজ, ও কালভার্ট নির্মাণ—ঝালদা ব্লকে	২,৪১,১৯,১১৫.০০
২৬	বাঘমুণ্ডি এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ	৯৩,৫৮,০৭৭.০০
২৭	দাতব্য চিকিৎসালয় নির্মাণ—রামকৃষ্ণ মঠ, বাগদা	১৮,৭৪,৮৯৭.০০
২৮	লোকেশ্বরানন্দ আই হসপিটাল ফাউন্ডেশনে উন্নয়নমূলক কাজ	৯৯,৬১,০৯৫.০০
	মোট—	৩৮,৮৮,৩৩,০৬৪.০০ (আটত্রিশ কোটি অষ্টআশি লক্ষ তেত্রিশ হাজার চৌষট্টি) টাকা

বাঁকুড়া জেলা		
ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	সিমলাপালের অন্তর্গত আমডাঙা গ্রামের তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য আবাস বাড়ি নির্মাণ	১২,৪৬,৪৮৬.০০
২	সারেঙাতে আমাদের হাসপাতাল দ্বারা ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র এবং পুরুষদের জন্য আবাস নির্মাণ	২০,৮৭,১৯২.০০

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
৩	প্রশাসনিক কার্য পরিচালনার জন্য বাঁকুড়ার পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদের বাড়ি নির্মাণ	৭৬,২৮,৭০৪.০০
৪	রাইপুর গ্রামীণ হাসপাতালের উন্নয়ন	৩,৮৪,৯৪,৮৬৫.০০
৫	পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম উন্নয়ন পর্যদের নবীকরণ, গঠনমূলক কাজ এবং দপ্তরের আসবাবপত্র ও অন্যান্য দ্রব্য ক্রয়	৫,৫৭,১৮০.০০
৬	বাঁকুড়ার শুশুনিয়া বোর্ড প্রাথমিক বিদ্যালয়ের সীমানার দেওয়াল এবং অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ	২৪,২৮,৩৯৮.০০
৭	বাঁকুড়ার রাইপুর ব্লকের অন্তর্গত শুশুনিয়া গ্রাম পঞ্চায়েতে পানীয় জলের ব্যবস্থাপনা	৬,১০,৬৪০.০০
৮	বাঁকুড়া জেলার কংসাবতী জলাধার প্রকল্পের অন্তর্গত সেচ প্রণালীর পুনর্গঠন	৪৯,৫০,৬৬৯.০০
৯	বাঁকুড়া জেলার কংসাবতী জলাধার প্রকল্পের অন্তর্গত সেচন প্রণালীর পুনর্গঠন	৪৯,২৯,৮০৮.০০
১০	বাঁকুড়া জেলার কংসাবতী জলাধার প্রকল্পের অন্তর্গত সেচন প্রণালীর পুনর্গঠন	৪,৭৮,৭৫৯.০০
১১	বাঁকুড়া জেলার অন্তর্গত বিভিন্ন ব্লকের সাতটি মেজর আর.এল.আই. এবং একটি গভীর নলকূপের পুনর্গঠন	১,৬৮,০১,৫৮৩.০০
১২	বাঁকুড়া জেলার সারেঙা, রানীবাঁধ, সিমলাপাল এবং রাইপুরের এন.আর.সি.গুলির নির্মাণ	৩৭,১৭,৩৭৫.০০
১৩	বাঁকুড়ার সারকিট হাউস ক্যাম্পাসের মধ্যে কনফারেন্স ঘর নির্মাণের জন্য অর্থ প্রদান	৯৪,১৩,৪৪৮.০০
১৪	বাঁকুড়ার ইন্দপুরের বানসা রোডের নির্মাণ	৪৪,০৬,৭৯৭.০০
১৫	বাঁকুড়া খাতড়া মহকুমা হাসপাতালে দুটি জেরক্স মেশিন এবং দুটি ই.সি.জি. মেশিন প্রদান	১০,৫৪,৫৬০.০০
১৬	বাঁকুড়া জেলার সর্বশিক্ষা মিশনের অন্তর্গত বিদ্যালয়গুলির জন্য অতিরিক্ত শ্রেণীকক্ষের কলম ফাউন্ডেশন এবং সিঁড়ি নির্মাণ	৬৫,৬৩,০০০.০০
১৭	বাঁকুড়ার সারেঙা ব্লকের অন্তর্গত জামবনি ঘোলাবাঁধ-এর পুনর্খনন	২৫,০০,০০০.০০
১৮	বাঁকুড়ার হিড়বাঁধ এবং খাতড়া ব্লকের অন্তর্গত খাতড়া থেকে দেওলাগোড়া রাস্তার উন্নয়ন	৩,৫৮,৪৮,২৫৯.০০
১৯	সিমলাপালের আমডাঙা গ্রামে তপশিলি জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের জন্য হোস্টেল বিল্ডিং নির্মাণ	১৩,৭৬,৩৩৪.০০

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
২০	আমডাঙার বিবেকানন্দ সেবা সমিতির এস.পি.ভি. পাওয়ার প্রকল্পে ২০ কে.ডব্লিউ.পি.-এর নির্মাণ	৩৭,২৭,২৬৭.০০
২১	বাঁকুড়ার ছাতনা ব্লকের লক্ষ্মীসোলের নিকটে আর.সি.সি বক্স ব্রিজ নির্মাণ	৫১,৯১.০০০.০০
	মোট	১৫,৮৩,২১,১৬৩.০০ (পনেরো কোটি তিরাশি লক্ষ একুশ হাজার একশো তেষট্টি) টাকা

বর্ধমান জেলা

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	বর্ধমানের ১০টি ব্লকের ৪০টি আই.সি.ডি.এস. কেন্দ্র নির্মাণ	১,০৭,৫০,০০০.০০
২	বর্ধমানের ১০টি ব্লকের বিভিন্ন প্রকল্পের কাজ	৪,৩০,২১,০০০.০০
	মোট	৫,৩৭,৭১,০০০.০০ (পাঁচ কোটি সাঁইত্রিশ লক্ষ একাত্তর হাজার) টাকা

বীরভূম জেলা

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	বীরভূম জেলার পাঁচটি রাস্তার বহন ক্ষমতা ও গুণমানের উন্নতি	১১,১০,১৮,৩১৯.০০
	মোট	১১,১০,১৮,৩১৯.০০ (এগারো কোটি দশ লক্ষ আঠারো হাজার তিনশত উনিশ) টাকা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

ক্রমিক সংখ্যা	কাজের নাম	ব্যয় বরাদ্দ (টাকা)
১	পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়ায় স্বাস্থ্য সংক্রান্ত ক্যাম্পের পরিচালনা	৪,১১,০৭,৬১২.০০
	মোট	৪,১১,০৭,৬১২.০০ (চার কোটি এগারো লক্ষ সাত হাজার ছয়শত বারো) টাকা

বালুরঘাটে বাস টার্মিনাস নির্মাণ

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮১২) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে রাষ্ট্রীয় পরিবহণ নিগমের বাস টার্মিনাস তৈরির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত টার্মিনাস নির্মাণের কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায় ?

Minister-in-Charge of the Transport Department:

(1) The works stated on 16.06.2010 3/5th of Ground Floor completed upto roof level. Three side Boundary wall with temporary toilet facilities & filling of ditch had to carry out before of the Terminal Building execution for which an amount of Rs. 7 lacks has been spent. An amount of Rs. 23.06 lacks out of estimated amount of Rs. 2.64 lacks was sanctioned by the Transport Department.

(2) The completion of the said project depends on availability of fund.

চুঁচুড়ায় প্রস্তাবিত স্টেডিয়াম

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২) **শ্রী অসিত মজুমদার** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চুঁচুড়ায় কোন্ জমিতে স্টেডিয়াম করার জন্য বিগত ২০০৯-২০১০ আর্থিক বছরে ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল ; এবং

(খ) প্রস্তাবিত স্টেডিয়ামের জমির মালিকানা কার ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চুঁচুড়ায় নিম্নলিখিত জমিতে স্টেডিয়াম নির্মাণের জন্য ২০০৯-১০ আর্থিক বছরে ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল—

জমির মাপ : ৪.৪১৭ একর

মৌজা : উত্তর চন্দননগর

জে. এল. নং : ২১

থানা : চুঁচুড়া

জেলা : হুগলি

হোল্ডিং নং : ১১০/১১০

মহল্লা : সত্যপীরতলা

ওয়ার্ড নং : ২২

হুগলি চুঁচুড়া পৌরসভা

এল. আর. দাগ নং - ৮০৫, ৮০৬, ৮০৯ থেকে ৮১৯, ৮২২ থেকে ৮২৫, ৯৮৫ থেকে ৯৮৭ এবং ৮১৬/৯৮৮

(খ) সরকার অধিকৃত জমি ক্রীড়া দপ্তর ২৬.০৮.২০০৯ তারিখে ৩০ বছরের জন্য চুঁচুড়া নেতাজী ওয়েলফেয়ার ট্রাস্টকে স্টেডিয়াম নির্মাণের শর্তে লীজ প্রদান করেছে।

পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদকে বরাদ্দকৃত অর্থ ও তার সদ্ব্যবহার

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮) **শ্রী নেপাল মাহাত :** পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদকে ২০১১-২০১২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত মোট বরাদ্দকৃত অর্থের মধ্যে কি পরিমাণ অর্থ দেওয়া হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, উক্ত সময় পর্যন্ত খরচের পরিমাণ কত ?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট বরাদ্দকৃত অর্থ ১৮০.৬৩ কোটি টাকা। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদকে ২০১১-২০১২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত মোট ১১৭,৯৫,৭৯,৯২২ টাকা দেওয়া হয়েছে।

(খ) উক্ত সময় পর্যন্ত খরচের পরিমাণ ৬৭,৩৮,৭৬,৪৩৩ টাকা।

হরিণঘাটা ফার্মের উন্নয়ন

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৩) শ্রী নরেশচন্দ্র চাকী : প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হরিণঘাটা ফার্মটির উন্নয়নের জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হরিণঘাটা কমিটির উন্নয়নের জন্য সরকার নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করেছে :

(১) পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থার প্রত্যক্ষ তত্ত্বাবধানের বুল মাদার ফার্মটির সংস্কার সাধন ও পরিকাঠামো বৃদ্ধির জন্য এবছর ৮৯.৪৭ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে। কাজটি সম্পূর্ণ হলে, ওই কেন্দ্রে হিমায়িত গো-বীজ উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পাবে।

(২) হরিণঘাটা খামারে কেন্দ্রীয় পোল্ট্রি খামারের পরিকাঠামোর উন্নতিকল্পে বর্তমান আর্থিক বৎসরে কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে (CSS) ৪২.৫০ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে। এর ফলে ওই খামারে পালিত মুরগির সংখ্যা বৃদ্ধি করা সম্ভব হবে।

(৩) হরিণঘাটা ব্ল্যাক প্রজাতির লুপ্তপ্রায় মুরগির সংরক্ষণের জন্য কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে (CSS) ৩৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কাজ ইতিমধ্যে শুরু করা গেছে।

(৪) হরিণঘাটা ফার্মে ছাগ মাংস প্রক্রিয়াকরণ ইউনিটটির উন্নতিকল্পে বর্তমান আর্থিক বছরে রাষ্ট্রীয় কৃষিবিকাশ যোজনার অন্তর্গত একটি প্রকল্পে ১৫৩ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে। ওয়েস্ট বেঙ্গল লাইভ-স্টক্ ডেভেলপমেন্ট কর্পোরেশন ইতিমধ্যেই এই পরিকাঠামো উন্নয়নের কাজ শুরু করেছেন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Anisur Rahaman and the second one from Shri S. M. Sadi on the same subject of curtailment of power of Zilla Parishads of North 24-Parganas, Nadia and Murshidabad.

The subject matter of the motions is not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during General Discussion on Budget which is now going on. Besides, the Members may also invite attention of the concerned Minister through Calling Attention, Mention Questions, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

[12.00 – 12.10 p.m.]

শ্রী আনিসুর রহমান : আপনি কি বললেন, আমি তো স্যার অবাক হয়ে গেলাম।

মিঃ স্পীকার : আপনি আপনারটা পড়ুন, আমি ডিজঅ্যালাও করেছি। in so many words, speaking so many words I have disallowed the adjournment motion.

শ্রী আনিসুব রহমান : Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—ভারতের সংবিধান নির্দেশিত রাজ্যের পঞ্চায়েত আইন অনুসারে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত উত্তর চব্বিশ পরগনা....

মিঃ স্পীকার : প্লিজ রিড দ্যা এডিটেড ওয়ান। আপনি এডিটেডটা পড়ুন। প্লিজ রিড দ্যা এডিটেড ওয়ান। আমি এটাতো আপনাকে বলিনি, আপনাকে আমি বলেছি যে আপনাকে ওয়ান মেম্বার of the party may, however, read the text of the motion as amended. আপনি প্লিজ ওটা পড়ুন।

শ্রী আনিসুর রহমান : আমি তো ওটা পাইনি।

মিঃ স্পীকার : হ্যাঁ, দেওয়া আছে। দেখুন ওখানে রয়েছে, আপনি হয়তো মিস করে গেছেন। আগেরটা যাবে না, এটা যাবে।

শ্রী আনিসুর রহমান : গুরুত্বপূর্ণ, জরুরি সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মূলতুবী রাখছে। বিষয়টি হল : ভারতের সংবিধান ও রাজ্যের পঞ্চায়েত আইন অনুসারে নির্বাচিত উত্তর চব্বিশ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ জেলা পরিষদের সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে জেলা আধিকারিককে অর্পণ করা হয়েছে।

... (প্রচণ্ড গোলমাল) ...

মিঃ স্পীকার : Thank you. ...(noise)... Today I have received a few Call Attention notices. ...(noise)... I will allow the Call Attention only now. অনারেবল্ মেম্বার্স, I have disallowed the adjournment motion. I have already spoken about it. ...(noise)... I have disallowed the Adjournment Motion. No further comments on it. I have already stated that. Kindly see my order. Very specifically I have said there that during the Budget discussions, you will get ample scope. You may raise the matter there.

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Re-opening of Dunlop factory	: Dr. Tarun Kanti Naskar
(ii)	Curtailment of power of Zilla Parishads of North 24-Parganas, Nadia and Murshidabad	: Shri Basudeb Khan Shri Sahajahan Choudhury Shri Gouranga Chatterjee Shri Upen Kisku Shri Asit Mitra & Shri Emani Biswas
(iii)	Steps taken by the State Government to solve drinking water problem in Harishchandrapur Assembly area	: Shri Tajmul Hossain
(iv)	Non-setting up of Fire Stations in Domkal Sub-Division area, Murshidabad	: Shri Anisur Rahaman
(v)	Government rules regarding admission in Private B.Ed. and M.Ed. Colleges through Management quota	: Dr. Asish Banerjee
(vi)	Steps taken by the State Government to supply sufficient drinking water during summer	: Shri Jyotirmoy Kar

I have selected the notice of Shri Basudeb Khan and five others Hon'ble Members on the subject of curtailment of power of Zilla Parishads of North 24-Parganas, Nadia and Murshidabad.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী সুব্রত মুখার্জী : আমি আগামীকাল উত্তর দেব।

মিঃ স্পীকার : থ্যাঙ্ক ইউ, Hon'ble Minister will give a reply tomorrow.

.... (প্রচণ্ড গোলমাল) ....

মিঃ স্পীকার : ডাঃ মিশ্র, আপনি কি বলতে চান বলুন। ....(প্রচণ্ড গোলমাল).... আমি ডাঃ মিশ্রকে বলার জন্য পার্মিশান দিয়েছি, বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, এটা পয়েন্ট অফ অর্ডারের বিষয় এই জন্য যে, অনেকগুলো গুরুত্বপূর্ণ ঘোষণা, হাউস যখন চলছে, বারবার আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ...(প্রচণ্ড গোলমাল)... অনেকগুলো রাজ্যের জনস্বার্থের সঙ্গে জড়িত গুরুত্বপূর্ণ অনেক ঘোষণা বাইরে করা হচ্ছে এবং হাউস জানতে পারছে না। অ্যাসেম্বলি ইন সেশন, অ্যাসেম্বলি যখন সেশানে আছে, তখন ওখান থেকে অর্ডার ইস্যু হয়ে যাচ্ছে, যেটা সংবিধান এবং আইন বলে প্রদত্ত ক্ষমতা সেখানে হস্তক্ষেপ করছে এবং সেখানে আপনি অ্যাডজর্নমেন্ট দিচ্ছেন না। শুধু তাই নয়, এটা খালি নয়, দার্জিলিং নিয়ে তিনদিন আগে কখন হয়েছে আমরা কোনো কিছু জানি না, অথচ দার্জিলিং-এর মতো একটা গুরুত্বপূর্ণ বিষয় সেটাও আমরা জানতে পারলাম না হাউসে। আমরা সংবাদ মাধ্যম থেকে জানব। Assembly is in session, It is an encroachment of the right of privilege (প্রচণ্ড হইচই) It is a point of order, ...

মিঃ স্পীকার : ডাঃ মিশ্র আপনি বসুন, আপনার পয়েন্ট অফ অর্ডারটা আমি শুনেছি। আমার যা রুলিং দেওয়ার আমি দিচ্ছি।

(এই সময় মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় কিছু বলতে ওঠেন।)

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী রিপ্লাই দেবেন, দিন।

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ মাননীয় অধ্যক্ষের আসনের কাছে দাঁড়িয়ে চিৎকার করে শ্লোগান দিতে থাকেন।)

(প্রচণ্ড হইচই)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ...

(প্রচণ্ড হইচই)

মিঃ স্পীকার : আপনারা প্লিজ বসুন, আমি বলছি, আপনারা কোশ্চেনটা রেইজ করেছেন ওঁনার দপ্তর সম্পর্কে, আপনারা ওঁনার দপ্তর সম্পর্কে পয়েন্ট অফ অর্ডারটা রেইজ করেছেন। মাননীয় বিরোধী দলের নেতাকে আমি বলছি আপনারা বোধহয় মিস্ করে গেছেন, আপনারা যদি হাউসের মধ্যে সবাই একসাথে কথা বলেন আমার পক্ষে শুনতে অসুবিধা হয়। আপনারাও শুনতে পাননি। আমি আগে যখন disallow করার জন্য যে reason assign করেছি তাতে আমি বলেছি যে আপনারা বাজেট ডিসকাশনে এটা মেনশন করতে পারেন বা at the same time আপনারা calling attention দিতে পারেন। আজকে একটা calling attention-ও আমার কাছে এসেছে, curtailment of power of Zilla Parishads of North 24-Parganas, Nadia and Murshidabad এটা আমাদের মোট ৭ জন মাননীয় সদস্য দিয়েছেন, শ্রী বাসুদেব খাঁ তার প্রথম signatory, সেটা আমি allow করেছি। মাননীয় মন্ত্রী আগামী কাল উত্তর দেবেন তিনি বলেছেন।

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ মাননীয় অধ্যক্ষের আসনের কাছে দাঁড়িয়ে চিৎকার করে শ্লোগান দিতে থাকেন।)

(প্রচণ্ড হইচই)

The Annual Report and Audited Annual Accounts of the Webel Informatics Limited for the year 2009-2010

Shri Arup Biswas : Sir, with your kind permission I beg to lay the Annual Report and Audited Annual Accounts of the Webel Informatics Limited for the year 2009-2010.

PRESENTATION OF REPORTS

Presentation of the Second Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation and Development (2011-2012)

Shri Biplab Roy Chowdhury : Mr. Speaker, Sir, I beg to present the second report of the Standing Committee on Irrigation and Waterways and Water Investigation and Development (2011-2012).

Presentation of the Second Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2011-2012)

Shri Jatu Lahiri : Mr. Speaker, Sir, I beg to present the second Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2011-2012).

GOVERNMENT BUSINESS
LAYING OF REPORTS AND ACCOUNTS

The 32nd and the 33rd Annual Reports and Accounts along with Audit Reports there on, of the Infusions (India) Limited for the years 2009-2010 and 2010-2011

Shri Arup Biswas : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 32nd and the 33rd Annual Reports and Accounts along with the Audit Reports thereon, of the Infusions (India) Limited for the years 2009-2010 and 2010-2011.

[12.10 – 12.20 p.m.]

MENTION

....(Noise and Interruption)....

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা কেন্দ্র নাটাবাড়ি গোড়িহাটি অঞ্চলে গ্রামপঞ্চায়েত এলাকায় এখানে শহীদ স্মৃতি বন্দনা আবাস রয়েছে। সেখানে অনাথ মেয়েরা ও বিভিন্ন ভাবে অভিযুক্ত মেয়েদের রাখা হয়। এবং উত্তর বাংলার ৬টি জেলারই এভাবে ... গোলমাল ... মেয়েরা সেখানে রয়েছে। স্যার, ২০০-র কাছাকাছি মেয়ে এখানে রয়েছে। কিন্তু সেখানে অনেকদিন থেকে সুপারভাইজার নেই, মেট্রন নেই, কোনো স্থায়ী ডাক্তার নেই এবং রান্নার কুকও নেই। অনেক ভ্যাকেন্সিও রয়েছে। সেই ক্ষেত্রে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, যে এখানে মেট্রনের ব্যবস্থা করা হোক, সুপারভাইজারের ব্যবস্থা করা হোক, ... গোলমাল ... স্থায়ী ডাক্তারের ব্যবস্থা করা হোক এবং কুকের ব্যবস্থা করা হোক। তাছাড়া ৪৩ জন মেয়ে এর আগে এখান থেকে বেড়িয়ে গিয়েছিল ... গোলমাল ... এবং তাদের চাকরি হওয়ার কথা অঙ্গনওয়ারিতে কিন্তু সেটাও হয়নি। এবং নির্বাচনের আগে ... গোলমাল ... তাদেরকে নিযুক্ত করা হয়েছে। মাননীয় স্পীকার সাহেব ওই ৪৩ জন মেয়ের অঙ্গনওয়ারির মাধ্যমে চাকরি হওয়ার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় স্পীকার সাহেব, আমি আপনার মধ্য দিয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যে, গত সেসানের সময় যখন মাননীয় বিধায়কদের ভাতা বৃদ্ধি করা হয়েছিল তখন আমি যে কথাটা বলেছিলাম যে, এই বিধায়কদের বর্ধিত ভাতা আমি গ্রহণ করব না। কিন্তু সেক্রেটারির সঙ্গে কথা বলে আমি যেটা বুঝেছিলাম যে সমস্ত ভাতাটাই গ্রহণ করতে হবে। তাই আমি যে সিদ্ধান্ত গ্রহণ করেছি এই বর্ধিত ভাতার অংশ আমি ছাত্র-ছাত্রীদের এবং আমার কনস্টিটিউয়েন্সিতে প্রাইমারি ডেভলপমেন্ট বোর্ডের উদ্যোগে যে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়, সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তি দিয়ে আমার এই বর্ধিত ভাতার অংশটি আমি খরচ করার চেষ্টা করব এবং সেই সময় এই হাউসে যারা বিরোধিতা করেছিলেন আমি তাদের কাছে অনুরোধ করব তারাও যেন এই বর্ধিত ভাতা গ্রহণ না করে বিভিন্ন জনসেবামূলক কাজে সেই অর্থ ব্যয় করেন। ধন্যবাদ।

শ্রী শাহাজাহান চৌধুরী : Not responded.

শ্রী যোশেফ মুণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, নাগরাকাটা বিধানসভার অন্তর্গত এন.এইচ ৩১-এর উপরে ১৯৯৮ সালে অতি বর্ষণের ফলে ব্রীজটি ভেঙে যায়। কিন্তু বিগত সরকার নতুন ব্রীজ করার কোনো পদক্ষেপ নেয়নি। এখানে ২৫ থেকে ৩০টি গাড়ি অ্যাক্সিডেন্ট হয়েছে। ৮ থেকে ৯ জন মানুষ মারা গেছেন। ২০০৯ সালে একটি পরিবারের তিনজন সহ মোট চারজন মারা গেছে। আপনার মাধ্যমে আমার মন্ত্রীর কাছে অনুরোধ যত শীঘ্র ব্রীজটা করা হোক। ধন্যবাদ।

শ্রী বাসুদেব খাঁন : Not responded.

শ্রীমতী শিউলি সাহা : Not responded.

শ্রী তজমুল হোসেন : Not responded.

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার বিশেষ অনুরোধ, পাথরপ্রতিমা বিধানসভা নির্বাচন কেন্দ্রের অন্তর্গত যে সুন্দরবন সড়ক—সি.পি.এম.-এর আমলে দীর্ঘদিন অবহেলার কারণে একেবারে নষ্ট হয়ে গেছে। যেহেতু পাথরপ্রতিমা ব্লকটি সুন্দরবন backward region-এর অন্তর্গত সেইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমাদের আবেদন, মিলনমোড় থেকে যশোদা মঠ পর্যন্ত অর্থাৎ ৩ কিলোমিটার থেকে ১৩ কিলোমিটার পর্যন্ত এই রাস্তার বেহাল অবস্থা, একে যাতে মেরামত করা হয় এবং ঢোলাহাট থেকে মিলনমোড় পর্যন্ত রাস্তাটি যেটি দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের অন্তর্ভুক্ত ছিল, এটাকে PWD road-এর অন্তর্ভুক্ত করার জন্য এবং এই রাস্তাটিকে মেরামত করার জন্য আমরা আবেদন জানাই। সেই সঙ্গে কাকদ্বীপের অন্তর্গত একেবারে মন্দিরঘাট থেকে লক্ষ্মীকান্তপুর পর্যন্ত ভায়া উত্তরাবাদ জনবহুল বাস রাস্তায় যাতে বাস চালু করা যায় তার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাই। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : (not responded)

শ্রী নেপাল মাহাত : Hon'ble Speaker Sir, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, Public Service Commission-এর দ্বারা নির্বাচিত যে সকল প্রার্থীদের Group-'D' পদে বিভিন্ন জায়গাতে appointment-এর ব্যবস্থা রাজ্য সরকার করেছেন, এবং এই PSC থেকে recommendation সমস্ত বিভাগেই গেছে, first phase, second phase, third phase, fourth phase ইত্যাদি এইভাবে। স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, first phase-এর যে recommendationগুলো গেছে সেগুলোর appointment হয়েছে, second phase যেটা health দপ্তরে গিয়েছিল তার এখনও appointment হয়নি। Third phase-এর যেগুলো গেছে সেগুলোর appointment হয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, যারা according to merit যারা lower merit -এর সেখানে পাশ করেছে তারা পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন জায়গাতে তাদের appointment হয়েছে। অথচ যারা higher merit-এর তাদের স্বাস্থ্য বিভাগে গেছে তাদের এখনও appointment হয়নি। সেখান থেকে বলা হচ্ছে নাকি Public Service Commission recommend করলেই যে appointment দিতে হবে তার কোনো বাধ্যবাধকতা নাই। আমার মনে হচ্ছে স্যার, এই কথাটা সম্পূর্ণভাবে ভুল, কারণ পশ্চিমবঙ্গ সরকারেরই একটি অঙ্গ হচ্ছে Public Service Commission এবং Public Service Commission-এরই recommendation অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের অন্যান্য

বিভাগে চাকুরি হচ্ছে। সুতরাং স্যার, আপনার মাধ্যমে জানাই, এই যে ছেলেগুলো প্রায় ২০০০-এর মতো ছেলে আমার পুরুলিয়া-বাঁকুড়ারও প্রচুর ছেলে আছে। তাদের এই যে চাকুরির ব্যাপারটা সেটা নিশ্চিত করার জন্যে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই প্রসঙ্গে আমি বলতে চাই স্যার, যে এই নতুন সরকার আসার পরেই কিন্তু এই PSC-এর যে result সেই result declare হয়েছে এবং নতুন সরকারই appointment চালু করেছিলেন। কিন্তু কি কারণে স্বাস্থ্যবিভাগে এই appointment-গুলো হচ্ছে না সেটা আমরা বুঝতে পারছি না। স্যার, আপনার মাধ্যমে খুবই গুরুত্বপূর্ণ যে বিষয়টা এই বিষয়টা স্বাস্থ্যবিভাগকে take up করার অনুরোধ করছি। এবং সারা পশ্চিমবঙ্গে প্রায় ২০০০-এরও বেশি ছেলে-মেয়েরা যারা পাশ করেছে PSC নাম recommend করেছে এবং যাদের নাম merit-এ আছে। Lower merit-এর ছেলে-মেয়েদের চাকরি হয়ে গেছে, বাকি ছেলে-মেয়েরা frustration-এ ভুগছে। এটা অবিলম্বে যেন দূর করা হয়, এবং এদের appointment-এর ব্যবস্থা করা হয়, আপনার মাধ্যমে এই দাবি আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী, এখনও State Minister বসে আছেন তাঁর মাধ্যমে আমি এই দাবি করতে চাই। ধন্যবাদ স্যার।

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ একযোগে
সভাকক্ষ থেকে Walk out করেন।)

শ্রী উমাপদ বাউরি : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভা এলাকার অন্তর্গত পারা ব্লকের অহল্যাবাঈ বলে যে roadটি আছে প্রায় ৮ কিলোমিটার এই road-এর অবস্থা খুবই বেহাল, এই roadটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই road-এর সামনে সাঁওতালডিহি Power Plant এবং এটি ঝাড়খণ্ডের সাথে যুক্ত আছে। অতএব আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই roadটি অবিলম্বে যাতে সারানোর ব্যবস্থা করা হয় তারজন্য অনুরোধ রাখছি। ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (not presented)

[12.20 – 12.30 p.m.]

শ্রী হুমায়ুন কবীর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন জানাচ্ছি। আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রেজিনগরে, এন.এইচ থার্টি ফোর সংলগ্ন এলাকায় ১৮৩ একর জায়গা, বিগত দিনে, ২০০৭ সালে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব বাবু ১৮৩ একর জায়গায় ভারী শিল্প দপ্তরের কাছ থেকে ৫ কোটি ৯৬ লক্ষ টাকা ব্যয় করে ১৮৩ একর জায়গা নিয়েছিলেন এবং সেখানে ঢাক-ঢোল পিটিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে রেজিনগরে জুটপার্ক এবং শিল্পতালুক তৈরি হবে। আমরা দেখলাম বিগত ৫ বছরে সেখানে প্রায় ৯৬ কোটি টাকা খরচ করে ২টি বিল্ডিং, কয়েকটি পাকা রাস্তা, কয়েকটি পুকুর খনন করা হল। এখন পর্যন্ত

রেজিনগরের মানুষ এবং সেখানকার জনপ্রতিনিধি হিসাবে আমরা জানতে পারছি না যে ৯৬ কোটি টাকা ব্যয় করে বর্তমান সরকারের কুটির শিল্প দপ্তরের মন্ত্রী সেখানে আদৌ এত কিছু হবে বা কিছু করবেন কিনা বা করার কোনো পরিকল্পনা আছে কিনা, সেই ব্যাপারে মাননীয় ক্ষুদ্র কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর কাছে, আপনার মাধ্যমে আমার আবেদন, যাতে অতি সত্বর সেখানে এই শিল্প তালুকের কোনো কিছু করা যায় এবং ৯৬ কোটি টাকা যে অপচয় হয়েছে, অপব্যয় হয়েছে তার সদ্ব্যবহার করা যায়, তার ব্যবস্থা করার জন্য আমি আবেদন করছি।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই সরকার গঠনের প্রাক্কালে সারা পশ্চিমবঙ্গে যে পার্শ্ব শিক্ষকরা আছেন, হাজার হাজার ছেলে-মেয়ে যারা শিক্ষার কাজে ব্রতী, শিক্ষা দিয়ে সমাজের উন্নয়নকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছেন সেই পার্শ্ব শিক্ষকগণকে অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। তাদের পার্মানেন্ট করার সাথে সাথে তাদের সাম্মানিক এবং অন্যান্য ভাতা বৃদ্ধির ক্ষেত্রে চিন্তা-ভাবনা করা হবে, এই রকম কথা বলা হয়েছিল। কিন্তু বর্তমান সরকারের যে সাধারণ বাজেট, সেই বাজেটে সুস্পষ্টভাবে এই শিক্ষক সমাজ সম্বন্ধে কোনো কিছুর উল্লেখ নেই। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার আবেদন এই যে শিক্ষককুল, পশ্চিমবঙ্গে বিশেষ করে, গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলিতে পার্মানেন্ট শিক্ষক-এর প্রচুর অভাব, সেই জায়গাটা পূরণ করেন এই পার্শ্ব শিক্ষকগণ। পার্মানেন্ট শিক্ষকদের সমান পরিশ্রম দিয়ে। এদের একটি নিয়ম আছে সপ্তাহে চারদিন এদেরকে স্কুল করতে হয়, এদের সপ্তাহে ৬দিন করা হবে কিনা এবং এদের সাম্মানিক বৃদ্ধি করে তাদের সমাজ, তাদের সংসার যাতে ঠিকঠাক চালাতে পারে তার ব্যাপারে সুব্যবস্থা করলে এই শিক্ষককুল উপকৃত হবে। ধন্যবাদ স্যার।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : নট প্রেজেন্ট।

শ্রী গিয়াসুদ্দিন মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি বলব, আমাদের পরিবহণ মন্ত্রীর নিকট আবেদন যে, আমার মগরাহাট পশ্চিম বিধানসভা কেন্দ্র দক্ষিণ ২৪-পরগনা এলাকায়, সেখানে সেইভাবে পরিবহণের কোনো ব্যবস্থা নেই। এমনকি কলকাতা থেকে আমার এলাকায় যাওয়া-আসার সরকারি বা বেসরকারি কোনো গাড়ি নেই। যাতে সরকারি গাড়ি এবং বেসরকারি গাড়ির মাধ্যমে পরিবহণের ব্যবস্থা করা যায় তার জন্য পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী নবীন চন্দ্র দাস : নট প্রেজেন্ট।

শ্রী শীতল কুমার সর্দার : নট প্রেজেন্ট।

শ্রী এস. এম. সাদী : নট প্রেজেন্ট।

শ্রী অসিত মিত্র : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় লাইব্রেরি দপ্তরের মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের প্রত্যেকেরই

দায়িত্ব বাড়িয়ে দিয়েছেন। তিনি যখন বলেছিলেন যে আমরা প্রত্যেকেই দায়িত্ব নিয়ে গণতান্ত্রিক মর্যাদা রক্ষা করব এবং কোনো জায়গাতেই সরকারিভাবে এমন কিছু হবে না যেটা গণতন্ত্রকে ক্ষুন্ন করে। স্যার আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলছি, লাইব্রেরি দপ্তর একটা নোটিশ ইস্যু করেছেন। যে নোটিশে লাইব্রেরি দপ্তর বলেছে, আমি জানি, মাননীয়া মুখ্যমন্ত্রী নিশ্চয় জানেন না বোধহয় যে তারা বলেছেন—আমি এতদিন রাজনীতি করছি বা এখানকার সদস্য হয়ে আছি—পাঁচটি বাংলা কাগজের নাম বলেছেন, এই পাঁচটি কাগজ ছাড়া অন্য কোনো কাগজ কেনা যাবে না লাইব্রেরিতে। সেই পাঁচটি কাগজ হল—সংবাদ প্রতিদিন, সকালবেলা, খবর ৩৬৫ দিন, একদিন এবং দৈনিক স্টেটসম্যান। এই কাগজগুলির প্রতি আমার শ্রদ্ধা আছে, এদের প্রতি আমার কোথাও কোনো দুর্বলতা নেই বা অন্য কোনো কথা বলছি না। কিন্তু স্যার আমি মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সেক্ষেত্রে স্বাধীনতার আগেকার দিনের কাগজ আনন্দবাজার অথবা পরবর্তী পর্যায়ে বর্তমান, কি আজকাল, কি অন্যান্য যে কোনো কাগজই হোক না কেন যদি আপনারা বলতেন যে লিডিং ডেইলির মধ্যে যে কোনো কাগজ দেওয়া হোক তাহলে ঠিক আছে। সনমার্গের কথা আছে, উর্দু দৈনিক আকবর-এ-মুশরিক এদের নাম আছে এবং আজাদ হিন্দের নাম আছে। আমি সনমার্গ বা উর্দু পত্রিকা সম্পর্কে কোনো মন্তব্য করছি না। আমি আবার আপনার মাধ্যমে মাননীয় লাইব্রেরি মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অত্যন্ত বিনয়ের সঙ্গে এই হাউসে বলছি যে অবিলম্বে এই সিদ্ধান্ত লাইব্রেরি দপ্তরকে প্রত্যাহার করতে বলা হোক এবং যে সমস্ত সংবাদপত্র এখানে চলছে তাদের মধ্যে যেগুলো লিডিং ডেইলি, যেগুলোর নাম আমি বললাম আপনাদের কাছে, সেইগুলিকে সদ্য সংযুক্ত করা হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বাসুদেব মেটে : (নট প্রেজেন্ট)

শ্রী ইমানি বিশ্বাস : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে সুতি ২ নং ব্লকে একটাই স্বাস্থ্যকেন্দ্র আছে, যার নাম মহিষাইল মুরারিপুকুর স্বাস্থ্যকেন্দ্র। এই স্বাস্থ্যকেন্দ্রটিতে না এক্স-রে আছে, না ডাক্তার ঠিকমতো আসেন। যে ডাক্তাররা আসছেন তারা টেম্পোরারি—দু-দিন, পাঁচ-দিন, দশ-দিন করে চলে যাচ্ছেন। অতএব এলাকার মানুষের স্বাস্থ্যভিত্তি গড়ার জন্য অবিলম্বে সুব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : (নট প্রেজেন্ট)

শ্রী রাধাকান্ত মাইতি : নমস্কার স্যার। আমার ডেবরা বিধানসভা কেন্দ্রের মলিঘাটি গ্রাম পঞ্চায়েত এবং গোলগ্রাম গ্রাম পঞ্চায়েতের অধীন খাজুরি এলাকায় ১২০০ একর চাষযোগ্য জমি বর্ষার জলে ডুবে যায়। সেই জমিগুলির পাশে মকদাঁড়ি নামে একটি খাল আছে। সেই খাল দিয়ে জল নিষ্কাশন হতে পারে। সেই খালের সঙ্গে ভসরা খালের যোগ আছে। এই ভসরা খালের সঙ্গে রূপনারায়ণ নদীর যোগ আছে। রূপনারায়ণ নদীর জল যখন বর্ষার জলে ফুলে ওঠে, স্বাভাবিক কারণেই ওই চাষযোগ্য জমির জলগুলি আর

নিষ্কাশন হওয়ার সুযোগ থাকে না। যদিও সেখানে স্লুইস গেট দিয়ে জল না ঢোকার ব্যবস্থা করা আছে। কিন্তু জল নিষ্কাশিত না হওয়ার ফলে ১২০০ একর এলাকার প্রায় দশ হাজার মানুষ বর্ষার খরিফ মরশুমে চাষ করতে পারেন না। সেই জায়গায় মকদাঁড়ি খালের পাশে টপার খাল বলে একটি নিকাশী খাল আছে, যার সঙ্গে রূপনারায়ণের যোগ আছে। এই টপার খালকে এগিয়ে নিয়ে গিয়ে মকদাঁড়ি খালের সঙ্গে যোগ করে দিলে ওই এলাকার জল নিষ্কাশন ব্যবস্থায় পরিষেবা সুস্থ হবে এবং সেই সঙ্গে এলাকার মানুষের চাষযোগ্য জমিগুলি আবার পুনরায় বর্ষায় চাষ করে নিজেদের জীবনজীবিকা রক্ষা করার জন্য মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নমস্কার।

শ্রী রামেশ্বর দোলই : (নট প্রেজেন্ট)

[12.30 – 12.45 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীর কাছে একটি আবেদন জানাতে চাই। বামফ্রন্টের সময়কালে অর্থের ব্যবহার পর্যন্ত তারা করতে পারতেন না। আমরা বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে ১৫ লক্ষ টাকা দিয়েছিলাম রামপুরহাটের স্টেডিয়াম নির্মাণের জন্য এবং আমাদের সেখানকার সাংসদ আরো ১৫ লক্ষ টাকা তার সাংসদ এলাকা উন্নয়ন তহবিল থেকে দিয়েছিলেন। মোট ৩০ লক্ষ টাকা দিয়ে আমরা আবেদন করেছিলাম মিনি ইন্ডোর স্টেডিয়াম, এটা গঠন করা হোক। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে নির্বাচনের প্রাক্কালেও, নির্বাচনের ঠিক প্রাক্কাল পর্যন্তও সেই টাকা সদ্ব্যবহারের কোনো উদ্যোগ দেখা যায়নি। যখন এই টাকাটা ফেরত চলে যাবে, এই আশঙ্কায় আমি টাকাটা বিধায়ক এলাকা উন্নয়ন থেকে প্রত্যাহার করে নিলাম। কিন্তু মাননীয় সাংসদ শতাব্দী রায়ের টাকা এখনো সেই তহবিলে জমা আছে। অথচ এখনও পর্যন্ত সেই মিনি ইন্ডোর স্টেডিয়ামের টাকা সদ্ব্যবহার করার কোনো উদ্যোগ সেই বিভাগ গ্রহণ করলেন না। এমনকি একটা পরিকল্পনা পর্যন্ত জমা দিলেন না, প্ল্যান এস্টিমেট জমা দিলেন না। আমি অনুরোধ করব, আমাদের বর্তমান সরকার তারা উদ্যোগ গ্রহণ করছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী স্বয়ং উদ্যোগ নিয়েছেন, ক্রীড়া জগতের মানুষের যাতে আরো শ্রীবৃদ্ধি ঘটে, আরো যাতে তৎপরতা বৃদ্ধি পায় এ বিষয়ে তিনি উদ্যোগ নিয়েছেন। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়া মন্ত্রীকে অনুরোধ করব সাংসদ তহবিল থেকে যে ১৫ লক্ষ টাকা দেওয়া আছে এবং তার সঙ্গে সরকার উদ্যোগ নিয়ে রামপুরহাটে একটা মিনি স্টেডিয়াম গঠন করুন। ধন্যবাদ।

শ্রী নিরাপদ সর্দার : নট রেসপন্ডেড।

শ্রী জয়দেব হালদার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার মন্দির বাজার বিধানসভার অন্তর্গত, কঁ্যাচারকুর গ্রাম পঞ্চায়েত আছে। যে গ্রাম পঞ্চায়েতে ৮০ ভাগ তপশিল সম্প্রদায়ের মানুষ বাস করেন। দীর্ঘদিন, সেখানে বহু আবেদন থাকার পরেও একটাও হাইস্কুল নেই। এবং একটাও উচ্চ মাধ্যমিক স্কুল নেই। দীর্ঘ ৩৪ বছর বামফ্রন্টের অনেক নেতা মন্ত্রী সেখানে

আশ্বাস দিয়েও, আজও পর্যন্ত একটা হাইস্কুল তৈরি হয়নি। ওখানকার ছাত্র-ছাত্রীদের ৪ থেকে ৫ কিলোমিটার দূরে হাইস্কুলে যেতে হয়। এই দূরত্বর কারণে অনেক ছাত্র-ছাত্রী মাঝখানে পড়াশুনো ছেড়ে দেয়। স্যার, তাই আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন রাখছি, যাতে ওখানে, ওই কাঁচারকুর গ্রাম পঞ্চায়েতে একটা হাইস্কুল হয় এবং তপশিল সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীরা যাতে পড়াশুনোর সুযোগ-সুবিধা পায়। ধন্যবাদ।

শ্রী বুলুচিক বারাইক : নট রেসপন্ডেড।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী, তিনি এখানে আছেন, তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাই। আমাদের দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের জন্য বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে তিনি দুবার সেখানে ডি.এম. এবং অন্যান্য সমস্ত সরকারি কর্মচারীদের নিয়ে সভা করেছেন, আলোচনা করেছেন এটাকে ত্বরান্বিত করার জন্যে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, এখনো পর্যন্ত তাদের যে ঢিলেমি, সেই ঢিলেমি এখনো কাটেনি এবং কাজ ত্বরান্বিত হচ্ছে না। কন্ট্রাক্টারদের জিজ্ঞাসা করলে তারা বলছে আমরা টাকা পাইনি। বহু এলাকায় এই কাজ স্তব্ধ হয়ে আছে। সেই কারণে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দ্রুত এই কাজ ত্বরান্বিত হতে পারে এবং গরীব পরিবারের কাছে বিদ্যুৎ পৌঁছে যেতে পারে। সেজন্যে আপনার কাছে এই আবেদন করছি। ধন্যবাদ, নমস্কার।

শ্রী দিবাকর হাঁসদা : নট রেসপন্ডেড।

মিঃ স্পীকার : শ্রী জ্যোতির্ময় কর। এক মিনিট জ্যোতির্ময়বাবু, আপনি যে মেনশানটা দিয়েছেন সেটা আমাদের এনটাইটেলমেন্ট কমিটিতে পড়ে। ওটা আমার এক্তিয়ারভুক্ত। আপনি যে পয়েন্টটা রেইজ করেছেন একটা সেল্ফ পে কাউন্টার ইন দ্য অ্যাসেম্বলি। এটা আমি দেখব, আপনি পরে আমার সঙ্গে এ ব্যাপারে আলোচনা করবেন। এখানে আমি ওই জন্যে মেনশানটা দিলাম না। কারণ অ্যাসেম্বলি সংক্রান্ত ব্যাপার বলে এটা মেনশান হিসাবে আসবে না।

শ্রী বিজয় বাগদী : নট রেসপন্ডেড।

শ্রী শঙ্কর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঘাটাল বিধানসভা এলাকায় বন্যা-কবলিত, প্রতি বছরে সামান্য বৃষ্টি হলেই বেশিরভাগ অংশ জলের তলায় ডুবে থাকে। ১৯৭৮ সালে প্রবল বৃষ্টি এবং বন্যায় ঘাটালের রূপনারায়ণ নদীর পাড়, হরিশপুর এবং শ্যামসুন্দরপুরের মধ্যবর্তী স্থানে সামুইপাড়া বলে একটি জায়গা ভেঙে যায় এবং ওপারে ৮১টি মৌজা, এপারে ৮২টি মৌজা। অর্থাৎ গোটা ঘাটাল জলের তলায় চলে যায়। ১৯৮২ সালে ঘটা করে বামফ্রন্টের মাননীয় মন্ত্রী প্রভাস রায়, ঘাটাল মাস্টার প্ল্যানের উদ্বোধন করেছিলেন। কিন্তু তা বাস্তবায়িত হয়নি। ঠিক সারা বাংলায় যেমন বিভিন্ন শিলান্যাস করে তার শিলাতে শ্যাওলা পড়ে গেছে,

ঠিক তেমনি ঘাটালে মাস্টার প্ল্যানের শিলাতেও শ্যাওলা পড়ে গেছে। দীর্ঘ ৭৮ সাল থেকে এখন পর্যন্ত লক্ষ লক্ষ টাকা ব্যয় হলেও সেই রূপনারায়ণ নদীর পাড়, অর্থাৎ সামুইহানা বলে পরিচিত সেটি সম্পূর্ণ মেরামত হয়নি। গত বর্ষায় নতুন করে ফাটল দেখা দিয়েছে এবং কয়েকটি পরিবারকে সেখান থেকে সরে যেতে হয়েছে। আগামী বর্ষার আগে যদি এই সামুইহানার মেরামতির ব্যবস্থা না করা হয়, তাহলে গোটা ঘাটাল প্লাবিত হবে—এক পারে ৮১টি মৌজা, অপর পারে ৮২টি মৌজা, পুরোপুরিভাবে বিপর্যস্ত হয়ে পড়বে এবং ঘাটালের মানুষ ক্ষতিগ্রস্ত হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যাতে দ্রুত বাস্তবসম্মত ভাবে ওই নদীর পাড় মেরামতের ব্যবস্থা করা হয়, তার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ, নমস্কার।

শ্রী ধীরেন্দ্র নাথ মাহাতো : (নট রেসপন্ডেড)

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন এই হাউসে সম্মানীয়া আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা মুর্শিদাবাদ জেলা, ভারতবর্ষের মধ্যে পিছিয়ে পড়া জেলা। সেই জেলায় এমনিতেই কোনো ইন্ডাস্ট্রি নেই। শুধু রেজিনগর থেকে ফারাক্কা, এই বিস্তীর্ণ এলাকায় বহু জমি বিভিন্ন ব্যক্তি অধিগ্রহণ করেছে। যেমন পতাকা শিল্পগোষ্ঠী থেকে শুরু করে রাজ্য সরকারের রেজিনগরের একটা বিরাট অংশ অধিগ্রহণ করে রেখেছে। রাস্তার দুই ধারে, ৩৪ নম্বর জাতীয় সড়কের দুই ধারে চাষের জমি বিভিন্ন শিল্পপতি গোষ্ঠী অধিগ্রহণ করে রেখেছে দীর্ঘদিন থেকে। সেই জমিতে কোনো চাষও হয় না, ফসল হয় না, আর দীর্ঘ ১০ বছরে একটি ইন্ডাস্ট্রিও হয়নি। মুর্শিদাবাদ জেলায় এমনিতেই কোনো ইন্ডাস্ট্রি নেই। তাই আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যারা এই সমস্ত জমি অধিগ্রহণ করে আছে, যে সমস্ত বড়ো বড়ো শিল্পপতিরা তারা একটাও ইন্ডাস্ট্রি করেনি। স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, হয় তারা ইন্ডাস্ট্রি করুক, না হয় তারা কৃষিযোগ্য জমি ছেড়ে দিক। এই সম্পর্কে সরকার সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে—শ্রমমন্ত্রী এখানে আছেন, তাকেও বলব, এই বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে, অর্থমন্ত্রী আছেন তাকেও বলব, এই বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা হোক। কারণ মুর্শিদাবাদ জেলা কৃষিনির্ভর জেলা, একদিকে কৃষি থেকে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছে, ফসল হচ্ছে না, আর শিল্পপতিরা সেই জমি অধিগ্রহণ করে আছে। স্যার, এই ব্যবস্থা অতি সত্বর দৃষ্টি দেওয়া হোক।

শ্রী উপেন কিস্কু : (নট রেসপন্ডেড)।

শ্রী শ্রীকান্ত মাহাতো : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা জরুরি বিষয়, গুরুত্বপূর্ণ বিষয় যে সারা বাংলাতে যত কৃষি ফার্ম ছিল সব বন্ধ হয়ে গেছে। সঙ্গে সঙ্গে আমার বিধানসভা এলাকা গোয়ালতোড়, দুর্গাবান 'Jute seed product farm'। যে ফার্মটির মধ্যে ১৯৭০ সালে ১৭০০-১৮০০ মতন লোক কাজ করত, বামফ্রন্টের আমলে এসে সেখানে মাত্র ১২০-১৩০ জন এসে দাঁড়িয়েছে। এই ফার্মটা প্রায় এক হাজার একর জায়গার উপর অবস্থিত। এই ফার্মটাকে যদি কৃষির উন্নয়নের

ব্যবস্থা করা হয়, কর্মসংস্থানের ব্যবস্থা করা। তাহলে অনেক মানুষের কর্মসংস্থান হবে। আমার এলাকায় শালবানি এবং গোয়ালতোড় এলাকা দারিদ্রযুক্ত এলাকা। দরিদ্র মানুষের দারিদ্র্যতা ঘোচানোর জন্য এই ফার্মে কৃষি বিকাশ করার প্রয়োজনীয়তা আছে। এই বিষয়টা যদি গুরুত্ব সহকারে দেখা হয়, আগামী দিনে ওই সমস্ত এলাকায় যে বিভিন্ন রকম সমস্যা চলছে সেই সমস্যা থেকে পরিত্রাণ পাওয়া যাবে। তাই আমি মনে করি, আমার বিধানসভায় এই ফার্মগুলো, বিশেষ করে দুর্গাবান সিড ফার্ম, যেটা আগামী দিনে আমাদের এখানে এক সময় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন কৃষি ইউনিভারসিটি হবে, কিন্তু কেন্দ্রে পাঠানো সত্ত্বেও সেটা পাশ হয়ে আসেনি। আমি চাই এই ফার্ম পুনরুত্থান হোক। দারিদ্র্য ঘোচানোর জন্য, কৃষির উন্নতি করার জন্য, বিশেষ করে এই ফার্মে আগে এক সময় আলু বীজ প্রোডাকশান করা হয়েছিল। যে আলু বীজ সারা পশ্চিমবাংলাতে সাপ্লাই করা হয়েছিল। এখনও আমাদের সরকারকে পাঞ্জাব থেকে আলু বীজ আনতে হয়। সেই আলু বীজের যদি পর্যাপ্ত ঘাটতি পূরণ করতে হয়, আমাদেরকে স্বনির্ভর হতে হয়, কৃষি ক্ষেত্রে একটা উন্নয়ন আনতে হয় তাহলে এই ফার্মকে উন্নত করার দরকার আছে। এই বিষয়টা দেখার জন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : (নট প্রেজেন্ট)

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় স্পীকার স্যার, আমরা জানি বিগত সরকার আই.সি.ডি.এস.-এর বহু সেন্টারে তার কর্মী নিয়োগ করেছে, অথচ সেন্টারগুলো খোলা হয়নি। এই রকমই বেশ কিছু সেন্টার আমার বিধানসভায় আছে যেখানে প্রাইমারি স্কুল বা ক্লাব ভাড়া আমরা পাচ্ছি না। সেই ক্ষেত্রে কিছু সমস্যার সম্মুখীন হচ্ছি। মাত্র ২০০ টাকা রেন্ট দেওয়া হয়। যদি এটা একটু বৃদ্ধি করা যায় তাহলে আমরা খোলা আকাশের নীচে আই.সি.ডি.এস. ক্যাম্পগুলো না করে, আমরা নির্দিষ্ট জায়গায় করতে পারি। এই ব্যাপারে এই দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি এবং সহযোগিতা আশা করছি। ধন্যবাদ।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভার মহিয়ারীর চাঁদনী বাগানে একটা জুনিয়ার হাইস্কুল আছে। ২৬ বছর আগে এই স্কুলটি প্রতিষ্ঠিত হয়েছিল। আমি বারে বারে বলেছি। যখন আমার কাছে প্রস্তাব আসে, আমি সঙ্গে সঙ্গে রেকমেন্ড করে পাঠিয়ে দিই। সেখানে তপশিলি জাতি এবং সংখ্যালঘু মানুষের ছাত্র-ছাত্রীরা পড়ে। ২৬.০৩.২০১১ তারিখে যখন ওরা বলেন, আমি তখন বিধানসভার সদস্য ছিলাম না। তখনকার সদস্য ছিলেন মোহনবাবু। তিনি রেকমেন্ড করে পাঠিয়েছিলেন, কিন্তু কোনো কাজই হয়নি স্যার। আমি তাই বলব যে রেকমেন্ড করা সত্ত্বেও এবং সমস্ত ইনফ্রাস্ট্রাকচার আছে, তার ১১ কাঠা জমি আছে, তার বাড়ি আছে, স্কুল বিল্ডিং রয়েছে, সব কিছু রয়েছে অথচ সেই স্কুলটা এখনও পর্যন্ত মাধ্যমিকে উন্নীত করা হল না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ট্রাক ওভার লোডিং, এই ট্রাক ওভার লোডিং নিয়ে সমস্যা

দেখা দিচ্ছে। এর ফলে রাস্তা খারাপ হয়ে যাচ্ছে, ছোটো ছোটো যে ট্রাক ওনার্স তাদের অবস্থা খারাপ হয়ে যাচ্ছে, সরকারের টাকা কম আদায় হচ্ছে। এই সমস্যা সমাধান করার একটা মাত্র রাস্তা তা হল যেখানে যেখানে এম.ভি.এ. আছে সেই সমস্ত জায়গায়, কলকাতা থেকে যে সমস্ত রাস্তা দিয়ে আসে এবং এখান থেকে যায় সেই সমস্ত পয়েন্টে যদি ওয়ে মেশিন বসানো যায়, ওয়ে মেশিন বসালে কোরাপশান দূর হবে, সরকারের টাকা বেশি হবে, রাস্তা ভালো থাকবে, এত তাড়াতাড়ি রাস্তা খারাপ হবে না এবং ছোটো ছোটো যে সমস্ত ট্রাকের মালিক তারা বাঁচবে। এই একটা ব্যবস্থা করার জন্য তারা মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে একটা ডেপুটেশান দিতে চেয়েছেন, তাদের সঙ্গে বসার জন্য অনুরোধ জানিয়ে এবং এই সমস্যাটা সমাধান করার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

FINANCIAL

PRESENTATION OF THE STATEMENTS OF EXCESS EXPENDITURE FOR THE YEARS 2003-2004, 2004-2005 AND 2005-2006

Dr. Amit Mitra: Hon'ble Speaker, Sir, I beg to present the Statements of Excess Expenditure for the years 2003-2004, 2004-2005 and 2005-2006.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30 – 1.40 p.m.]

AFTER RECESS

Mr. Speaker: Dr. Amit Mitra has presented Statements of Excess Expenditure for the years from 2003-2004 to 2005-2006. Now, under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I announce that 12.00 noon on Wednesday, the 28th March, 2012 has been appointed as the latest time for receipt of notices of Motions for reduction of Demands for Grants by Assembly Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of Cut Motions will be available from the Publication Counter.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, কলিং অ্যাটেনশনের বিবৃতিটা কি এখন দিতে পারি ?

মিঃ স্পীকার : এখানে সকালবেলায় যখন রুলিংটা নিয়েছিলাম তখন আমি বলেছিলাম যে, কলিং অ্যাটেনশান দিয়েছিল যে সাবজেক্ট-এর উপর মিঃ রহমান আপনি অ্যাডজর্ন মোশানটা চেয়েছিলেন তার উপরেই। মিঃ রহমান, আপনার সাবজেক্ট-এর উপরে আজকে একটা আমাদের কলিং অ্যাটেনশান ছিল এবং সেটা আগামীকাল মাননীয় মন্ত্রী উত্তর দেবেন বলেছিলেন। কিন্তু আজকে যে উদ্ভূত পরিস্থিতি তার পরিপ্রেক্ষিতে আমি মাননীয় মন্ত্রীকে বলেছি যদি অসুবিধা না হয় তাহলে আজকেই উত্তরটা দিয়ে দেন হাউজের ফ্লোরেই।

(এই সময় শ্রী সুব্রত মুখার্জী কিছু বলতে উঠেন)

শ্রী আনিসুর রহমান : আলোচনা চেয়েছিলাম। বিধানসভা চলছে, সেই অবস্থায় সিদ্ধান্ত হয়ে গেল। আমরা বলেছিলাম যে আলোচনাটা হোক। আমাদের এমন মেজরিটি নেই যে তাকে বন্ধ করে দেব। বন্ধ করার এক্তিয়ার আমাদের নেই। আমরা চেয়েছিলাম এই সভাতে জানুক যে কি ঘটনা ঘটেছে ? যেমন, একটা মজার ঘটনা ঘটেছে, উনি মুর্শিদাবাদ জেলাকে একটা শো-কজ করেছিলেন যে, তোমাদের বাজেট হচ্ছে না, ওই জন্য তোমাদের ব্যবস্থা নেওয়া হবে। বাজেট হয়ে গেছে এবং কংগ্রেসের লোকেরা গিয়ে বাজেট পাশ করে দিয়েছে। তাতেও অ্যাকশান নিয়েছে। আমরা বলেছিলাম, আলোচনায় আমাদের মেম্বাররা জানুক—আমরা একা জানব কেন, সবাই মিলে জানুক। এই আলোচনাটা চেয়েছিলাম। সেই আলোচনায় কি অপরাধ আমি বুঝলাম না।

(এই সময় শ্রী সুব্রত মুখার্জী কিছু বলতে উঠেন)

আরে, আপনি বলবেন, আমাদেরও তো বলতে হবে। আপনি যে ধারা প্রয়োগ করেছেন সেটার দ্বারা হয় কিনা ? আমরা আলোচনা চেয়েছিলাম, আহা-মরি তো কিছু চাইনি। আধঘণ্টা আলোচনা হলে আপনারা বলবেন আমরা যা জানি বলব সেটা মেনে নিতে ক্ষতি কি ?

মিঃ স্পীকার : উনাকে বলতে দিন।

শ্রী আনিসুর রহমান : বলতেই তো দিলেন না, এখন বলে তো লাভ নাই। যদি আলোচনা চান তাহলে আলোচনা করুন। আলোচনা হতে পারে।

মিঃ স্পীকার : দেখুন আমি একটা কথা বলছি যে, আমাদের আজকে হেভি বিজনেস, বিশেষ করে এই সেশনের মধ্যে আমাদের অনেক বিজনেস রয়েছে। যার জন্য এটাকে আমি ডিসঅ্যালাউ করেছি।

মিঃ স্পীকার : ঠিক আছে।

শ্রী সুব্রত মুখার্জী : অ্যাডজর্নমেন্ট মোশান it is your subject

মিঃ স্পীকার : I have already disallowed that.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, অ্যাডজর্নমেন্ট মোশান এটা বিজনেস অ্যাডভাইজারি কমিটি এবং স্পীকারের কনসার্ন। এটা আপনি গ্রহণ করবেন কি করবেন না বা করেন নি it is up to you. কিন্তু কলিং অ্যাটেনশান সাধারণভাবে যা দাবি করা হয় আমরা উত্তর দিয়ে থাকি। আমি সাধারণভাবে সেই নিয়ম মেনেই বলেছিলাম আগামীকালই উত্তর দেব। কিন্তু আজকে যা পরিস্থিতি তাতে মনে হয়েছে এই বিষয় সম্পর্কে আপনারা জানতে চান। তা আপনারা যা জানাতে চান আমি তৈরি আছি যদি আপনি অনুমতি দেন তাহলে আমি কলিং অ্যাটেনশানের জবাবে এই সমস্ত ব্যাপারটার উত্তর দিয়ে দিতে পারি।

মিঃ স্পীকার : ঠিক আছে, অনারেব্‌ল মিনিস্টার আজকে আর দরকার নেই।

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা আমাদের সকলের জানা যে দীর্ঘ ৩৪ বছর পরে আমাদের পশ্চিমবাংলায় সরকারের পরিবর্তন হয়েছে। পশ্চিমবাংলার মানুষ চেয়েছিল বামফ্রন্ট সরকার চলে যাক। চলে গিয়েছে। পশ্চিমবাংলার মানুষ চেয়েছিল তৃণমূল-কংগ্রেস জোটের সরকার হোক। হয়েছে। এই পশ্চিমবাংলার মানুষ ৩৪ বছর পরে একটা বাজেট দেখার জন্য উন্মুখ হয়েছিল, উন্মুখ হয়ে আছে ; নতুন সরকারের কাছে একটা নতুন বাজেট আমরা দেখব। আজ থেকে ৮/৯ মাস আগে যখন প্রথম একটা বাজেট এখানে এল সেই সময় আমরা আশা করেছিলাম একটা পূর্ণাঙ্গ বাজেট হবে। কিন্তু তা হয়নি। না হওয়ারও কতগুলো বাস্তব কারণ আছে, আমরা তার সমালোচনা করছি না। যেটুকু হয়েছিল, তখন আমরা সবাই জানি একটা জয়ের জোয়ার চলছিল। সেই জয়ের জোয়ারে দাঁড়িয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী জয়ের একটা বাজেট হাজির করেছিলেন। সেই বাজেট নিয়ে আলোচনা হয়েছিল। যদিও আমরা বলেছিলাম, যে পদ্ধতি, যে নিয়ম মেনে হওয়ার কথা ছিল তা হয়নি। কেননা প্রথম যে বাজেটটা হয়েছিল সেটাই ছিল জেনারেল বাজেট। তার আলোচনার পদ্ধতি মানা হয়নি। পরবর্তীকালে আবার এই বাজেট এখানে এসেছে। বিশেষ করে আমি ধন্যবাদ জানাব, অভিনন্দন জানাব মন্ত্রীকে এই কারণে যে, এর আগে আপনি যখন বাজেট-টা হাজির করেছিলেন তখন একটা জয়ের জোয়ার ছিল, বেশি ভাবনা-চিন্তা করার সুযোগ ছিল না। কিন্তু এবার অনেক ভাবনা-চিন্তা করে একটা বাজেট হাজির করেছেন, অনেক কষ্ট হয়েছে। কেননা অনেক বাধ্যবাধকতা আছে। পেছনে বসেন মাননীয়া মুখ্যমন্ত্রী। তাঁর ভাবনার সঙ্গে মিল না হলে সমস্যা হবে। পাশে আমাদের মাননীয় মন্ত্রীরা আছেন। তাঁদের টাকা কমে গেলে সমস্যা হবে। আবার এদিকে আম-আদমীর সরকার আছে। আম-আদমীকে চটালে ভোট পাওয়া যাবে না। আবার পঞ্চায়েত নির্বাচনের আগে শেষ বাজেট, আম-আদমীকে খুশি করতে হবে। এতগুলো চাপের মধ্যে দাঁড়িয়ে উনি যে বাজেট করেছেন আমি তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। দ্বিতীয়ত, উনি একটা মজার কথা বলেছিলেন এর আগে। আগে একজন মন্ত্রী ছিল, অর্থমন্ত্রী, তাঁর নাম অসীম দাসগুপ্ত, নামটা আমি করে ফেললাম, তিনি বলেছিলেন, তাঁর লেখা বই আছে, বক্তৃতা আছে, আমি পড়ছি না, তাতে বলেছিলেন 'অসীমবাবুর বিশাল একটা বই, আমার ৭ পাতা না ৮ পাতার একটা

বাজেট আর ওনার ৬৫ পাতার বাজেট'। তারপর উনি বললেন যে, উনি কাব্যদর্শন-রাজনীতি-অর্থনীতি সব ঢুকিয়েছেন। তা আমি ভাবলাম বোধহয় ওগুলো লাগে না। কিন্তু এবারের বইটা খুলে দেখছি বা ! রবীন্দ্রনাথের কবিতা আগে ছিল এখনও আছে। শুরুতে আছে শেষে আছে। অনেক কাব্য-কবিতা-দর্শন যুক্ত করেছেন আপনি। আর শুধু কাব্য-কবিতা না এত মজার মজার কথা বলেছেন, 'বিশাল-ব্যাপক-বিপুল' যা কোন অর্থমন্ত্রী কোথাও বলেছেন কিনা জানি না। নিঃসন্দেহে একটা বিরাট সাফল্য তাঁর এখানে আছে। শুধু তাই না আগে আমরা বার বার শুনতাম রাজ্যের হাতের ক্ষমতা নিয়ে, রাজ্যের আর্থিক সমস্যা নিয়ে। এখনও তো রাজ্যগুলোর সমস্যা রয়েছে। তখন একটা শ্লোগান শুনতাম 'কেন্দ্রের ঘাড়ে দিয়ে দোষ সাধু সাজে জ্যোতি বোস'। কেন্দ্রের ঘাড়ে সব দোষ চাপিয়ে দিতেন অসীম দাসগুপ্ত। আজকে বলতে পারবেন ? বিনীত ভাবে শুধু দু-তিনটে জায়গায় লিখেছেন তাঁরা। এখানকার সরকারের মালিক হচ্ছে তৃণমূল, সঙ্গী কংগ্রেস। দিল্লিতে একটা সরকার আছে। তার মাথায় কে আছে ? কংগ্রেস। সঙ্গী তৃণমূল। আজকে দুর্ভাগ্য, শুনতে খারাপও লাগছে, সেই অর্থমন্ত্রী মহাশয় ভেতরে লিখলেন কেন্দ্রীয় সরকার এই এই জিনিসগুলো আমাদের দেয়নি, এগুলো আমাদের পাওয়া উচিত, এগুলো আমাদের করা উচিত, মোরাটরিয়াম দেওয়া উচিত দেয়নি। যে কথা তিনি তখন বলেছিলেন তা নিয়ে আজকে ভাবতে হচ্ছে। এটা হচ্ছে বাধ্যবাধকতা। প্রশ্ন উঠেছে এখানে বারে বারে যে, কী করে সরকার চলবে ? 'ভাঁড়ে মা ভবানী'। আমি একটা জিনিস বুঝতে পারছি না, দুটো জিনিস একসঙ্গে বলা হচ্ছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, আমি ৯ মাসে প্রায় ৯৯ শতাংশ কাজ করে দিয়েছি। কালকে আবার শুনলাম '৫ বছরে যা করব ৫০ বছরে হবে।' কাজগুলো বিনা পয়সার কাজ না পয়সার ? যদি বিনা পয়সার কাজ হয় তবে ঠিকই বলছেন। কিন্তু যদি পয়সার কাজ হয় তবে কী করে করবেন ?

[1.40 – 1.50 p.m.]

উনি তো বলেছেন ২ লক্ষ কোটি টাকা আমাদের ঋণ। এত ঋণ কিচ্ছু করার উপায় নেই। স্বাদ আছে মেলা, সাধ্যি আমাদের নেই কেন ? ২ লক্ষ কোটি টাকা ঋণ হয়ে আছে। এত ঋণও আছে, আবার বলছেন সব কাজও হয়ে যাবে। আমি তো কিছুতেই মেলাতে পারলাম না। টাকাও নেই অথচ সব কাজ হয়ে যাচ্ছে। How this is possible ? মাননীয় মন্ত্রী যদি বলেন তাহলে আমরা খুশি হব। দ্বিতীয় বলা হচ্ছে, টাকার ব্যাপারে—এত টাকা ঋণ নেওয়া হল কেন ? সেই ঋণ দিয়ে কি কাজ করা হল ? কেউ বলছেন পার্টি অফিস হয়েছে, কেউ বলছেন ভাগ হয়েছে, যাই হোক আমিও তার অংশ নিশ্চয়ই পেয়েছি, হতে পারে। আমার প্রশ্ন হচ্ছে এর বাস্তবতাটা ভাবা দরকার। বাস্তবতাটা ভাবা দরকার এই কারণে, মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই, একটা ভালো পরামর্শ দিয়েছিলেন আমাদের। অনেক ভালো পরামর্শ দেন, আমাদেরকেও দিয়েছিলেন। বলেছিলেন, খুব ক্লান্ত হয়ে গেছেন, এবার একটু ঘুমান। আমিও তাই ভাবছিলাম, আমিও প্রায় সাড়ে ৩৪ বছর আগে প্রথম প্রধান হয়েছিলাম। সেই প্রধান, সভাপতি, মন্ত্রীগিরি করতে কবতে ৩৪ বছর একটানা, সত্যিই ক্লান্ত। চুরি করে ক্লান্ত, দুর্নীতি করে ক্লান্ত, খুন-খারাপি করেও ক্লান্ত, সব মিলিয়ে

ভীষণ ক্লান্ত। আমি ভেবেছিলাম একটু ঘুমিয়ে ক্লান্তি দূর করব। তো ঘুমাবো কোথায় ? যে ঘরে ঘুমাবো সে ঘরের মালিক হচ্ছে এই জোট সরকার। প্রথমে ঘুমোতে গিয়ে দেখলাম দু-একটা মশা, মাছির কামড় শুরু হল। ভাবলাম ওটা ছেড়ে যাবে। সুশান্তকে ধরবে, লক্ষ্মণকে ধরবে, আমাকেও ধরবে, মশা-মাছির একটু কামড় খেতেই হবে। তারপর আবার দেখলাম দুই ভাইয়ের ঝগড়া লেগে গেল, ঘুম ভেঙে গেল। তারপর ভাবলাম রাত্রি হলে দুই ভাই দুই ঘরে চলে যাবে, ঠাণ্ডা হবে, তখন ভালো করে ঘুমাবো। তারপর দেখছি স্বামী-স্ত্রীতে ঝগড়া। ঘুমাবো কোথায় ? আমরা যে ঘুমাবো তো ঘুমাবো কোথায় ? ঘুমাবার জায়গা আপনারা দিয়েছেন ? সে জায়গাটুকুও নেই। যার ফলে সমস্যা হচ্ছে এখানে দাঁড়িয়ে। এই যে লোনটা হল, এটা গল্পকথা নয়, ভাব দেখে মনে হচ্ছে যে, এই লোনের খবর আগে কেউ জানত না। আমাদের অর্থমন্ত্রী জানতেন না, মাননীয়া মুখ্যমন্ত্রী জানতেন না, সরকারি দলের মন্ত্রীরা জানতেন না। একদম গোপন ছিল, হাঁড়িতে ভাত আছে কিনা জানা নেই, বিরাট আসন নিয়ে বসেছিলাম। হাঁড়ির মধ্যে অনেক মাংস-ভাত আছে, হাঁড়ি খুলে দেখছি, কিছু নেই। এটা কি ঘটনা ? কে জানে না ? সরকারের কোথায় ঋণ আছে কি ঋণ নেই, সরকারের কোথায় কি অবস্থায় আছে জানে না, সে কখনও মন্ত্রী হয় ? সে কখনও সরকার চালাতে পারে ? সব জানে। পশ্চিমবাংলায় এখন ১ লক্ষ ৮৫ হাজার কোটি টাকার ঋণ, বেড়ে হবে দু-লক্ষ কোটি টাকা, সব ঠিক। রাজ্যের নাম করুন তো—বলতে গেলে বলবেন তুলনা করছেন কেন ? ওর ঋণ আছে বলে আপনারও কি হবে ? হবে। সবার ঋণ হবে। আমি যদি ঋণ নাও নিই, তাহলেও ঋণ আমার ঘাড়ে পড়বে। আপনি ভাবুন ১ লক্ষ ৮০ হাজার কোটি টাকা ঋণ হয়ে আছে। এই ঋণের মধ্যে ৮০ ভাগ ঋণ হচ্ছে স্মল সেভিংসের টাকা। মানুষ কোথায় জমা দেয় ? সরকারে জমা দেয়। কি করবে সরকার ? ওই টাকাগুলো ঘরে রেখে দিলে তো বাড়বে না। আপনি মানুষের কাছ থেকে টাকা নিয়ে যদি ঘরে রেখে দেন, টাকা তো বাড়বে না। তাকে সুদ দিতে হবে। সেই সুদ কে দেবে ? সেই টাকা খরচ করলে সুদ দেওয়া যেতে পারে। খরচ করবে কে ? কেন্দ্রের যে পদ্ধতি, নিয়ম আছে, মানুষকে যে দেবে আর আমাদের কাছ থেকে যা নেবে তার মধ্যে ৩ পারসেন্ট পার্থক্য। আমরা বলেছিলাম আপনি ব্যবসা করবেন কেন ? পশ্চিমবাংলার মানুষ কোটি কোটি টাকা জমা রাখছে। সেই টাকা আমি ঋণ নিয়ে কাজ করব, আর আপনি কেন্দ্র, মধ্যেখানে ৩ পারসেন্ট কেন নিয়ে নেবেন ? এটা কি ভালো করে আমরা জানি না ? জানি আমরা। আজকে কেন্দ্রীয় সরকারের যে ঋণ, তার সব হিসেব আছে। বাড়তে বাড়তে এবার হয়ে গেছে প্রায় ৪১ লক্ষ কোটি টাকা। এবারে যে বাজেট আমি দেখলাম, ৪১ লক্ষ কোটি টাকা। উনি একটা মজার হিসেব দিয়েছেন, পশ্চিমবাংলায় ২১ হাজার টাকা হচ্ছে একটা বাচ্চা ছেলের ঘাড়ে ঋণ, ঠিক বলেছেন। কিন্তু যেটা ভুল বলেছেন, this is not highest in India. একটু ভালো করে পড়ে দেখবেন। আমরা ১১ নাম্বার স্থানে আছি, আমাদের উপরে অনেক আছে—২২ হাজার, ২১ হাজার, ২৩ হাজার। গভর্নমেন্ট অব ইন্ডিয়া যে ঋণ করেছে, তার পরিমাণ হচ্ছে মাথাপিছু ৩২ হাজারের উপরে। ৩২ হাজার ৩২১ টাকা হচ্ছে কেন্দ্রীয় সরকারের ঋণের বোঝা। পশ্চিমবাংলার বোঝাটা বোঝা, আর কেন্দ্রের বোঝাটা বোঝা না। পশ্চিমবাংলারটা দিতে হবে আর এটা দিতে হবে না ? কেন করেছেন। আজকে রাজ্যের

দিকে তাকিয়ে দেখুন, আপনি moratorium চাইছেন। আমাদের যখন গত বাজেট হয়, রোজ সকাল-বিকেলে যাচ্ছিলেন। সকালে দিল্লি, বিকালে কলকাতা আবার বিকেলে দিল্লি, তারপর আবার কলকাতা, কিছু যদি পাওয়া যায়। আমরা বলেছিলাম ভিখারির মতো ঘুরবেন না অনেক পাওনা আমাদের আছে। পাওনা আদায়ের কথা তো বলতে হবে। ৫ হাজার কোটি টাকা আমাদের কয়লায় রয়্যালটি তো আসবেই। একবারও আমরা ওই কথা বললাম না। এটা তো আমাদের পাওনার কথা। এই যে আমাদের ইনকাম ট্যাক্সের টাকা দিল্লি চলে যায়, কত লড়াই হয়েছে এর জন্য। কি ছিল আপনি জানেন—২০ হাজারের নীচে ছিল, তারপরে সেটা বাড়তে বাড়তে, অনেক লড়াই, অনেক ঝগড়া করতে করতে বোধহয় আজকে ৩৩, ৩৫ হাজার হয়েছে। আরো আমাদের পাওয়া উচিত। আজকে দিল্লির সরকার তাদের ১২ লক্ষ কোটি টাকার, ১৩ লক্ষ কোটি টাকার বাজেট হচ্ছে আর আমাদের রাজ্যগুলো শুকিয়ে শুকিয়ে মরছে। সেই টাকা আমরা পাই না। আমরা বলেছি ওই টাকা তো আমাদের পাওয়া উচিত, ওটা তো ভিক্ষা চাওয়া নয়। এটা আমাদের পাওনা, আদায় করতে হবে। যদি আমরা আদায় করতে পারতাম তাহলে সেই সমস্যা আর হত না। কিন্তু বাস্তবে কি দাঁড়াল—বোঝা বাড়তে শুরু করল। আজকে আপনারা মুখে যাই বলুন না কেন যে, পশ্চিমবঙ্গে কিছু হয়নি, কিছু হয়নি বলে—আমি বলছি যে, আরে বাবা আমি গাঁয়ের ছেলে। আজ থেকে ৩৫ বছর আগে যখন আমি পঞ্চায়েতের প্রধান হলাম, তখন আমাদের গ্রামে দু-খানা পাকা ঘর, কোনো প্লাস্টার- টলাস্টার ছিল না, একটা কোনোরকমে ছাদ দেওয়া ছিল দুটো ভদ্রলোকের। তারা পয়সাওয়ালা লোক, তাদের পাকা ঘর ছিল। আর সব কাঁচা বাড়ির ঘর, গ্রামের সব গরীব মানুষদের কাঁচা বাড়ি। সব পাটকাঠির দেওয়াল। কোনো গানের ইস্কুল ছিল না। আজকে সেই গ্রামে ৫০টি মোটর সাইকেল হয়ে গেছে, ১০ খানা চার চাকার গাড়ি হয়ে গেছে। এমন একটা বাড়ি নাই সবচেয়ে গরীব তারও ইটের দেওয়াল হয়েছে, টালির ছাদ হয়েছে—যেগুলো ছিল না। যতই আমরা অস্বীকার করি কিন্তু সেখানে দাঁড়িয়ে আমাদের যে পরিমাণ আজকে আমাদের আয় বাড়ানো দরকার, যেগুলো আমাদের আয়ের ব্যবস্থা করা দরকার সেগুলো আমরা করতে পারিনি ঠিকই কিন্তু কিছুটা করতে পেরেছি। সবথেকে বড়ো সমস্যা যেটা হল এই যে আমাদের কর্মচারীদের বেতন—এটা আপনার ভালো করে জানা নেই, আগেই হিসাব দিয়েছিলাম। আমি যখন ১৯৭৯-৮০ সালে একটা ইস্কুল তৈরি করে মাস্টার হলাম তখন আমার বেতন হচ্ছে ১৪৯ টাকা। ওনলি ডি.এ. সমেত ১৪৯ টাকা বেতন দিয়ে শুরু করেছিলাম। তারপর এদিকে ২১ বছর স্কুলে বেতন পাইনি, কিন্তু আমি খোঁজ নিয়ে জেনেছিলাম আমার বেতন বেড়ে হয়ে গেছে ৫০ হাজার টাকা পার মান্থ। তাকিয়ে দেখুন সারা পশ্চিমবাংলায়, বললেন না তো এত বাড়ালেন কেন ? আমাদের ইচ্ছায় তো বাড়ায় নি, এটা তো আমাদের ঘোষিত নীতি যে কেন্দ্রীয় সরকার দিলে আমাদেরকেও দিতে হবে। আজকে আমার ব্লকে একজন পোস্ট মাস্টার, তিনি সেন্ট্রাল গভর্নমেন্টের কর্মচারী, তিনি ২০ হাজার টাকা বেতন পাবেন আমার বি.ডি.ও. সাহেব ১০ হাজার টাকা বেতন পাবেন অত সহজ নয়। এটা কেউ মেনে নিতে পারেন ? এই যে এত ঘাড়ে বোঝা ৫টি কমিশন হয়েছে। এই ৫টি কমিশনে কত পরিমাণ টাকা লেগেছে আপনি ভালো করেই জানেন। কে দেবে টাকা—আমরা দাবী করেছিলাম এই যে বাড়তি

টাকা লাগছে তার একটা অংশ আমাদের কেন্দ্রকে দিতে হবে। বারে বারে আমরা বলেছিলাম। কিন্তু সে ব্যবস্থা হয়নি যার ফলে সমস্যা হয়েছে। এটা একটা বড়ো কারণ আর আমি আগেই বললাম যে স্মল সেভিংস একটা বড়ো কারণ। এর বাইরেও তো আছে। আমার লক্ষ লক্ষ কর্মচারী প্রভিডেন্ট ফান্ডে টাকা রাখেন সেগুলো কোথায় যায় ? প্রভিডেন্ট ফান্ডের টাকা গভর্নমেন্টের কাছে রাখে—আপনি চান বা না চান ওটা আপনার লোন। আপনি কাজ করুন বা না করুন ওটা আপনার লোন। কাজেই লোন লোন বলে যে ভাব দেখিয়ে দেওয়া হয়েছে এবং বলা হয়েছে যে লোনের জন্যই সব সর্বনাশ হয়ে গেছে—এটা তো হয় না। আপনি পেমেন্টের কথা বলছেন আর হিসাব দিয়েছেন ওই যে কেইনসিয়ান মাল্টিপ্লেয়ার অনুযায়ী ২২ হাজার কোটি টাকা যদি সরকার উন্নয়নের জন্য খরচ করতে পারত, তাহলে তা থেকে ৮৮,০০০ কোটি টাকার মোট অভ্যন্তরীণ উৎপাদন হত। আমি বিনীতভাবে বলব সব টাকা থাকলে তো ভালোই হত, কিন্তু সব টাকা কি রাখা সম্ভব ? কি করে আপনি সব টাকা রাখবেন, আপনাকে অন্য যে কাজগুলো সেগুলো তো আপনাকে করতে হবে। আমি পশ্চিমবঙ্গের রাস্তা চাইব, আমি পশ্চিমবঙ্গের বিদ্যুৎ চাইব, আমি পশ্চিমবঙ্গের ইস্কুল চাইব আর অন্যদিকে সব মাফ দিয়ে দেব, খাজনা মাফ করে দেওয়া হল। বিনা পয়সায় পড়ার ব্যবস্থা করে দেওয়া হল। অনেক ব্যবস্থা হয়ে গেল, টাকা লাগবে না হয় কখনো নাকি ? টাকা লাগবে, টাকা খরচ হবে সেটা সবাই জানে। সেটা আমরা সেভাবে চেষ্টা করেছি। এইজন্য আমি বারে বারে বলছি যা সত্যি, যা বাস্তব তা ভাবুন। আমি একথা বলছি না যে মহারাষ্ট্রের বেশি ঋণ আছে তার জন্য আমরাও ঋণ করেছি—না। এটা হচ্ছে বাস্তব, এই কারণে বলি দেখবেন খুব গরীব মানুষের ঋণ খুব কম থাকে। আজকে আমাদের ভারতবর্ষে বড়ো বড়ো যারা পার্টি আছে—টাটা বিড়লাদের বেশি ঋণ। আমেরিকারও বেশি ঋণ। তারা ব্যাঙ্কে টাকা রাখে না, তারা খাটায়। আমরা একটু মধ্যবিত্ত ছা-পোষা লোক ২ টাকা হলে ব্যাঙ্কে রাখি ৩ টাকা হয়। তার জন্য হাঁ করে বসে থাকি। এই জন্যই ঋণ থাকলেই সর্বনাশ হয়ে গেল এই ধারণা হচ্ছে মারাত্মক ভুল। এটা একটা বিষয়, আর দ্বিতীয় বিষয় হচ্ছে যে, বাজেট যখনই হয় তখন একটা লক্ষ্য থাকে। বাজেট যখনই হয় তার একটা লক্ষ্য থাকে। বাজেট মানে ক-টাকা আয় করলাম, ক-টাকা ব্যয় করলাম তা নয়, বাজেটে একটা লক্ষ্য থাকে। এবং বাজেট দু-ভাবে হয়—একটা হচ্ছে এই যে আমরা দেখতাম গাড়িতে করে গিয়ে তেলের পাম্পে গিয়ে দাঁড়াতাম আর গিয়ে বলতাম যে ৫০ লিটার তেল দিন। তারপরে একটা বিল দিত আর টাকা দিতাম। এখন আবার দেখি আমরা ২০০ টাকার তেল দিন, কি ৩০০ টাকার তেল দিন বলছে। মানে বাজেট দু-রকমের হয় এই কারণে যে একটা হচ্ছে আমার পকেটে যা টাকা আছে তাই দিয়ে আমি কিনলাম তাতে আমার পেট ভরুক আর নাই ভরুক।

[1.50 – 2.00 p.m.]

আর একটা বাজেট হচ্ছে আমি বাজারে গেলাম, মনের মতো কিনলাম। টাকা আমার থাক বা না থাক, দরকার হলে ধার করলাম কিন্তু আমার মনের মতো করলাম। একটা হচ্ছে

প্রয়োজন ভিত্তিক বাজেট আর একটা হচ্ছে পকেট অনুসারে বাজেট। যে টাকা আছে তাই দিয়ে হয়। কিন্তু যে বাজেটই আমি করি না কেন তার একটা লক্ষ্য আছে। লক্ষ্য হচ্ছে প্রধানত তিনটি। একটা লক্ষ্য হচ্ছে যে মানুষের যে সাধারণ প্রয়োজনগুলো আছে তার খাওয়ার জন্যে, তার অন্যান্য কারণে যে প্রয়োজনগুলো আছে তা মেটাতে হয়। দুই নম্বর হচ্ছে মানুষকে ভালো পরিষেবা দিতে হবে। তিন নম্বর হচ্ছে মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। এই যে প্রোডাকশান বাড়ানো, সার্ভিস দেওয়া আর হচ্ছে এমপ্লয়মেন্ট দেওয়া— এই তিনটি হচ্ছে বাজেটের বড়ো কথা। কত টাকা থাকল, না থাকল বড়ো কথা না। বড়ো হচ্ছে সবথেকে এটাই, যেটা আমি বাজেটে খুঁজে পেলাম না যে বাজেটে আমার লক্ষ্যটা কি ? এগ্রিকালচারে আমি কত বাড়াব, ইন্ডাস্ট্রিয়ালে কত বাড়াব, পরিষেবা আমি কি বাড়াব, কতগুলো আমি স্কুল করব, কতগুলো আমি কি করব, কোনো কিছুর দিশা নেই, কোনো কিছুর হিসাব নাই। আর সব থেকে অবাক হয়ে গেলাম যে শেষ মুহূর্তে কারুর চাপে পড়ে হোক বা কারুর ধমক খেয়ে হোক উনি বলে দিলেন যে না, আমি একটা এমপ্লয়মেন্টের হিসাব দেব। তাড়াতাড়ি বলতে গিয়ে ভুল হয়ে গেছে। বললেন কি ? দশ লক্ষ এগারো হাজার এমপ্লয়মেন্ট হবে। কোথা থেকে হবে ? কোথা থেকে হবে ? নাকি এগ্রিকালচার থেকে হবে ৭০%। পাগলেও হাসবে, আমার মনে আছে দিল্লিতে আমাদের প্রধানমন্ত্রী বলেছিলেন যে আমি এক কোটি চাকরি দেব। তারপরে পার্লামেন্টে সবাই ধরল যে কোথায় এক কোটি ? উনি বললেন যে ভারতবর্ষে এতখানা নতুন পাকা ঘর হয়েছে। এক-একটা পাকা ঘরে একজন করে মিস্ত্রি ছিল, দুজন করে হেল্পার ছিল। গুণ করুন, যোগ করে এক কোটি পার করে দিলেন। আমি বিনীতভাবে বলব যে এগ্রিকালচারে এমপ্লয়মেন্ট হবে ? কেউ বিশ্বাস করে ? সারা দুনিয়াতে তাকিয়ে দেখুন এমপ্লয়মেন্ট এগ্রিকালচারে কমতে কমতে আমেরিকা তো ১.২%-এর নীচে চলে গেছে। আমাদের এখানে ৭.৮% যারা কাজের সঙ্গে যুক্ত ছিল, কমতে কমতে কোথায় চলে গেছে। দেরিতে হলেও আমাদের ট্রাক্টর এসেছে, দেরিতে হলেও হারভেস্টার এসেছে। এখন এমন যন্ত্র গাঁয়ে ঢুকে গেছে, গ্রামের মধ্যে ঢুকছে, কাটছে, মাড়াই হচ্ছে, সমস্ত প্যাক হচ্ছে, এক যন্ত্রে হয়ে যাচ্ছে। যন্ত্র ঢুকে যাবে আর এমপ্লয়মেন্ট বেড়ে যাবে এ যদি কোথাও কোনো হিসাব থাকে তাহলে আমি জানব আমাদের শিক্ষা ভুল হয়ে গেছে। হতে পারে না। দ্বিতীয় জিনিস—যেগুলো হওয়ার কথা, সেগুলো আর বললেন না। এখনও যেখানে কিছু কাজের সুযোগ আছে তার মধ্যে স্মল স্কেল ইন্ডাস্ট্রি, এখনও আছে আমাদের হর্টিকালচার, এখনও আছে অ্যানিমেল হাসবেন্ড্রি। কেননা আমি কাজ দিয়ে দিলাম বললে তো হবে না, এর একটা মাপকাঠি আছে। বছরে তিনশো দিন কাজ করলে পার্মানেন্ট নেচারে তাকে কাজ দেওয়ার কথা বলে। আর কারেন্ট যেগুলো, কমপক্ষে ১৮০ দিন কাজের ব্যবস্থা করতে হবে। সেইটা যদি না হয়ে থাকে, বলে দিলাম এমপ্লয়মেন্ট হবে আবার যেমন হয়, সেইটা একটা বলে দিলেন। এই কথা বলছি এই কারণে যে আমার মনে আছে যে যখন আপনি গত বাজেট করেন তখন আপনি অসীম দাশগুপ্তর সমালোচনা করে বলেছিলেন যে ৩৫% না কত রেভিনিউ বেড়ে যাবে। এটা একটা ইলিউশান। এটা একটা কল্পনাবিলাস ছাড়া কিছুই নয়। সেটাকে কমিয়ে আপনি করলেন ৩০%। বাস্তবটা

কি ? আপনি বললেন যে আমার এই ট্যাক্স লাফিয়ে লাফিয়ে করবে রেভিনিউ। এমন ব্যবস্থা করে দেব যে লাফিয়ে লাফিয়ে এটা বাড়বে। আজকে বাড়ার পরিণতি কি ? ৬৫ হাজার কোটি টাকা রাজস্ব সব মিলিয়ে আপনার ধরা ছিল, আপনি রিভাইজ করে বললেন কত ? ৫৯। বলেছিলেন ৩০, এইবার বললেন কত— ১৮। আপনি টোটাল প্ল্যান বাজেট করেছিলেন প্রায় ২১ হাজার কোটি টাকা, কুড়ি হাজার সামথিং প্রায় একুশ হাজার কোটি টাকা। রিভাইজড্ আপনি বলে দিলেন ১৮ হাজার কোটি টাকা। আপনাব মন্ত্রীরা জেনে গেল আমি পাব ১৫০ কোটি টাকা কিন্তু পাবে আসলে ১০০ কোটি টাকা। অনেক মন্ত্রীর এই অবস্থা হয়ে আছে, দপ্তর, তার এই অবস্থা হয়ে আছে। যা আপনি বললেন, বাস্তবে যে সম্ভব না, আজকে আপনি তা প্রমাণ করে গেলেন। আমি এইজন্য বলছি যে, এই যে কর্মসংস্থানের কথা বলছেন, উদ্ভট কিছু একটা বলে দিলে হবে না। বাস্তব যে অবস্থা, সেটা আমাদের বলতে হবে। কোথায় কোথায় ক্ষেত্রগুলো বাড়ছে, সেই ক্ষেত্রগুলো হিসাব করে আমাদের বলতে হবে। নাহলে আমাদের সমস্যা তৈরি হয় সেটা বলা। আর একটা বড়ো সমস্যা তৈরি হয়ে গেছে আপনার, আপনারই মনে হচ্ছে এইবারে কিন্তু এই প্রথম আমাদেব মাধ্যমিক এবং হায়ার সেকেন্ডারি পরীক্ষাতে আমি আগে কখনও দেখিনি, কোশ্চেন আউট হয়েছে আমি শুনেছি। কিন্তু বাংলা, ইংরাজিতে প্রশ্নের এতবড়ো গড়মিল, ইংরাজিতে ফিজিক্সের একটা প্রশ্ন হয়েছে, তার সঙ্গে বাংলার মিল নাই। আর একটা কোন্ সাবজেক্টে হয়েছে, তাব .সঙ্গে বাংলা-ইংরাজির মিল নাই। এই সমস্যা হয়েছে। আপনাব এই যে লেখা দেখলাম ইংরাজি আর বাংলা, এই যে লেখা আছে প্রত্যেকটা ব্লকে একটা করে মান্ডি হবে। ভালো কথা। ৬২টি মান্ডি এক জায়গায় লেখা আছে বাংলাতে হইয়া গিয়াছে। খরচ হইয়াছে ১৯৯ কোটি টাকা, হইয়া গিয়াছে। ইংরাজিতে লেখা আছে আর বিয়িং সেট আপ, আমি তো মানে বুঝতে পারিনি। আর বিয়িং সেটআপ, আর হয়ে গেছে যদি এক হয়, তাহলে ভুল শুনেছি। প্রত্যেকটা বক্তাকে জিজ্ঞাসা করেছি দাদা একটা নাম বলুন যেখানে মান্ডি হয়েছে দেখে আসব। পাঞ্জাবে মান্ডি দেখেছি, গাঁয়ে হাট দেখেছি। গাঁয়ে দু-রকমের হাট আছে। একটা ছোটো হাট যেখানে এক কেজি আধ-কেজি করে কেনে। আর একটা পাইকারি হাট যেখানে বেশি মাল বিক্রি হয়। মান্ডি চোখে দেখিনি আমার পশ্চিমবঙ্গে সেটা দেখেছি পাঞ্জাবে। আমার খুব সাধ ছিল আমাদের বাংলার মান্ডি কেমন সেটা দেখে আসব। একজনেও তা বলতে পারল না, সবাই বলল হয়ে গেছে। একজন যাহা বলে সবাই তাহা বলে। যেই বলল চল্লিশ জন নয় একজন চাষী আত্মহত্যা করেছে সবাই বলছে একজন। ওই মন্ত্রীর কাছে যাচ্ছি ও বলছে একজন, ও বলছে একজন। কোন জন সে আর বলতে পারে না। এখানেও ঠিক তেমনি মান্ডি হয়েছে কোনটা হয়েছে, কোথায় হয়েছে কেউ আর বলতে পারে না। আমি মাননীয় মন্ত্রীকে বলি ঠাট্টা করুন কোনো আপত্তি নেই। আমি মাননীয় মন্ত্রীকে আন্তরিকভাবে বলছি সত্যি আমার ভীষণ মান্ডি দেখার শখ। সেই মান্ডি কোথায় হয়েছে সেটা দেখাতে পারলে ভালো হয়। দ্বিতীয়ত আর একটা কথা বলেছেন এগ্রিকালচারে দেখলাম ৫০০ হেক্টর জমি নিয়ে এক-একটা করে কি হবে আমি বুঝলাম না। প্রথম ভাষাটা দেখে মনে হল যে সরকারিভাবে একটা খামার হবে। পরে দেখলাম সরকারি খামার নয় এলাকার জমিগুলিতে

কিছু বীজ, তেল, সার দেওয়া হবে, demonstrative centre বা ফার্ম হতে পারে। ইলিউশান তৈরি হয়েছে এমন হয়তো হতে পারে। আমরা যেটা বলছি এটা নিয়ে একটু ভালো করে ভাবা দরকার। আমার কথাবার্তা যেটা সাধারণত মন্ত্রীরা তেমন করে না, এম.এল.এ.-রা করে এসব। দেখবেন প্রত্যেকটা জায়গায় অদ্ভুত। যেখানে আপনি টাকা বাড়িয়েছেন যেখানে আপনি লিখে দিয়েছেন এত পারসেন্ট টাকা বাড়ালাম, এত গুণ বাড়ালাম। আর যেখানে উনি বাড়াননি বা কমিয়ে দিয়েছেন সেখানে কিছু বলেননি। আর যেখানে বাড়ানোটা খুব কম-বেশি সংখ্যা দেওয়া যাবে না সেখানে আপনি লিখলেন বিশাল, বিপুল, ব্যাপক। এসব কথা কোনো অর্থমন্ত্রী কোনো বয়ানে লেখেন আজ পর্যন্ত শুনিনি। ব্যাপক পরিমাণ কর্মসংস্থান হবে, বিপুল পরিমাণ কর্মসংস্থান হবে। সাধারণত সংখ্যা দিয়ে বলে। আপনি একটু পড়ে দেখুন লেখা আছে। আর দেখুন যেটা হয়েছে এই যে বলা হচ্ছে মা-মাটি মানুষ, সবচেয়ে গুরুত্বপূর্ণ আমরা ভেবেছিলাম আপনারা বলেন যে মা-মাটি-মানুষের বাংলা মানে ভাবছিলাম যে নিচু তলার যারা মানুষ যারা কৃষক, যারা খেতমজুর, গরীব মানুষ তারা আমাদের এই সমাজে গুরুত্ব পাবে। কেননা এটা হল বাজেটের লক্ষ্য। যে কোনো পলিটিক্যাল পার্টি তা যে পার্টি হোক না কেন তার যেমন একটা দর্শন থাকে, ideology থাকে, তার ফিলোজফি থাকে তেমনি তার একটা টার্গেটও থাকে এবং তার একটা শ্রেণী চরিত্র থাকে। আমি সবার রাজা বললে তো রাজা হওয়া যায় না, এত সহজ নয়। আমি চোরেরও রাজা আবার যার বাড়িতে চুরি হয়েছে তারও রাজা। আমি চোরকেও ভালোবাসি, আমি সাপকেও ভালোবাসি, আমি ব্যাঙকেও ভালোবাসি এত সহজ নয়। যে কোনো একটা পক্ষে যেতে হয়। আমাদের সমাজে যেটা হয়েছে আজকে সবাই জানে সমাজে কি পরিবর্তন হয়েছে। এই যে কদিন ধরে বিতর্ক হচ্ছে আমাদের প্ল্যানিং কমিশান বলে দিয়েছে মানুষের দাম হচ্ছে ২২ টাকা। গাঁয়ে হচ্ছে ২২ টাকা, শহরে ২৮ টাকা। তুমি ২২ টাকা ইনকাম করতে পারলে বড়োলোক হয়ে যাবে। বড়োলোক না বললেও অন্তত নন-গরীব বলতে হবে। অদ্ভুত একটা মাপকাঠি ঠিক করেছে। কেন ? দেখাতে হবে। দেখাতে হবে কেন ? যাতে আমরা অনেক বড়ো হয়েছি। আজকে সারা পৃথিবীতে দশটা বড়োলোক বেছে নিলে চারটে ভারতবর্ষের। এই যে দিল্লিতে গেলে দেখতে পাওয়া যাবে দিল্লিতে একটা এয়ারপোর্ট হয়েছে ঝাঁ-চকচক করে। আজ থেকে পনেরো বছর আগে আমি যখন গিয়েছিলাম, তখন একটা এয়ারপোর্ট দেখে ঘাবড়ে গিয়েছিলাম। সেই এয়ারপোর্ট দেখে আমার মাথা ঘুড়ে গিয়েছিল। এখন দিল্লিতে গেলে সেই এয়ারপোর্ট দেখি। বাইরের লোকেরা এসে দেখছে ভারতবর্ষের কি বিরাট পরিবর্তন হয়েছে। ভালো ভালো এয়ারপোর্ট হয়েছে, ভালো ভালো রাস্তা হয়েছে আবার আর একটা ছবি হয়েছে মানুষ খেতে পায় না। এখানে মানুষ অনাহারে আছে। তাই কি করতে হবে আমাদের কাগজে-কলমে দেখাতে হবে যে আমাদের গরীব কমে গেছে তাই পার্সেন্টেজ কমিয়ে দাও। কেমন ? আমি কতগুলি প্যারামিটার বলে দিলাম। সেই ভাবে গরীব ঠিক হবে কিন্তু বলে দিলাম non-exceeding কত পার্সেন্ট। গ্রামে একটা কথা আছে একটা বিরাট সবুজ মাঠে একটা গরুকে নিয়ে গিয়ে মধ্যেখানে একটা খুঁটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে বললাম বাবা গরু তুমি গোটা মাঠ চষে খাও।

গরুর গলায় যে দড়ি বাঁধা আছে ওর বাইরে যে যেতে পারবে না সে হুশটা আমাদের নাই। আমরা বলে দিলাম তোমাকে বলে দিচ্ছি এই প্যারামিটারে যত আছে সব বি.পি.এল.। কিন্তু ত্রিশ ভাগ পার করতে পারবে না। কি মানে হয় ? আজকে গরীব মানুষদের নিয়ে ছেলেখেলা করা হয়। এটা হচ্ছে এই কারণে আমাদের সমাজে দাঁড়িয়ে যে সাধারণ মানুষরা আছেন তাদের জন্য ভাবনা কোনো গুরুত্ব পাচ্ছে না। আজকে তাকিয়ে দেখুন কেন্দ্র বাজেট করেছে। সেখানেও একই ঘটনা। রেল বাজেট বলুন সব ক্ষেত্রেই একই ঘটনা। আমি তো অবাক হয়ে গেলাম।

[2.00 – 2.10 p.m.]

যে ফ্রেট বেড়ে গেল—কি হল ? আমি একজন সাধারণ গরীব মানুষ ট্রেনে কোনোদিন চাপি না। আমার তাহলে ট্রেনের ভাড়া লাগছে না। কিন্তু আমি লবণ খাই। লবণের যাওয়া-আসার খরচ বেড়ে গেল। আমরা বললাম তোমার ঘাড়ে ট্যাক্স চাপাইনি লবণের ঘাড়ে চাপিয়েছি। লবণ কে নিয়ে যায় ? লবণ কারখানার মালিক নিয়ে যায়। কিন্তু ওই লবণ যখন আমার বাড়িতে গেল, তখন আমি ট্রেনে না চেপেও আমাকে ট্রেনের ভাড়াটা দিতে হল। আর যে ট্রেনেই চড়ল, তাকে বললাম তোমার তো ভাড়া বেশি বাড়াইনি—বাজেট ! এটা হয়ে আছে। কেন্দ্রের ওখানে একই হাল। আজকে মধ্যবিত্তকে খুশি করতে হবে, একটু ইনকাম ট্যাক্সের রেঞ্জটা বাড়িয়ে দাও। আর কি মাথায় ঢুকে আছে ? বড়ো বড়ো কারখানায় শিল্পপতি, তাদের জন্য টাকা দেওয়া হবে, সেটার নাম হচ্ছে ইনসেনটিভ—উৎসাহ। দেশের জন্য যারা কাজ করছে তাদের উৎসাহ দাও। আর আমার কৃষক হাড় ভেঙে মরতে-মরতে, খাটতে-খাটতে মরে গেল, তাকে একটা টাকা দিলে ওটাকে বলা হয় সাবসিডি—ফালতু। কৃষককে বাঁচাবার জন্য একটা পয়সা খরচ করলে সেটাকে বলা হয় ফালতু, ওটার নাম সাবসিডি। আর কারখানার মালিককে আমি কোটি-কোটি টাকা দিয়ে গেলাম, ওটা হচ্ছে ইনসেনটিভ। তারা দেশের জন্যে কাজ করে। এই হচ্ছে আমাদের মাপকাঠি। এটা হচ্ছে আমাদের বিচার। আজকে তার ফল হয়েছে আমাদের দেশের মানুষ—একটা বিরাট অংশের মানুষ আছে যারা খেতে পায়নি, ঘর পায়নি। আমি দেখছিলাম আমাদের পশ্চিমবাংলায় আমি যখন এই পঞ্চায়েতের মন্ত্রী ছিলাম, তখন আমরা একবার দেখলাম এই রকমই কি পরিমাণ বীভৎস ছবি। আজকে তার জন্য আমরা কতখানি দায়ী, সমস্ত পলিটিক্যাল পার্টিও আমরা দায়িত্ব ঠিকমতো পালন করতে পারিনি। সারা ভারতের দিকে তাকিয়ে দেখুন। অনেকগুলো রাজ্য আছে। যারা এখনও গরীব মানুষ, যারা এখনও দারিদ্র্যসীমার নীচে বলে কাল্পনিক রেখার নীচে আছে, তাদের কি মারাত্মক অবস্থা। আর এখানেও দাঁড়িয়ে আমাদের যে সমস্যা আছে, এটা তো বাস্তব। আমরা বলেছিলাম এটা হচ্ছে গরীব মানুষ, এটা আপেক্ষিক ব্যাপার ? অন্য কিছু মাপা যেতে পারে, দৈর্ঘ্য মাপা যায়, প্রস্থ মাপা যায়, উচ্চতা মাপা যায়, ওজন মাপা যায়, তার একটা করে স্কেল আছে, তার ব্যাটারি আছে। কিন্তু আমাদের এই গরীব মাপার ব্যাটারি বা অন্য কিছু নাই। এই নিয়ে যদি আমরা গরীবে গরীবে বিবাদ বাঁধাই সর্বনাশ হবে আমাদের দেশের। কিন্তু আমরা এটা করতে পারি। আমরা তো জানি কার কি লাইন। যার ঘর নেই তার ঘরের ব্যবস্থা কেন করব না ? যার খাবার নেই, তার খাবার

ব্যবস্থা করব না কেন ? যার কাজ নেই তার কাজের ব্যবস্থা করব না কেন ? এটাই তো আমাদের বড়ো কাজ। আজকে সেই কাজটা না করে কিছু বড়ো তাত্ত্বিক পণ্ডিত এমন বুদ্ধি দিচ্ছে যে, আমাদের সর্বনাশ হয়ে যাচ্ছে। আমি এইজন্য বলতে চাইছি যে, অমিত বাবুর কাছে আমাদের পশ্চিমবাংলার মানুষ এই আশা করেছে যে কৃষকরা একটু ভালো হবে, আর এটা ভালো করে জানে এই যে আপনাদের সরকার হয়েছে, এর পিছনে কৃষকের অবদান সবচেয়ে বড়ো। আজকে মাননীয়া মমতা ব্যানার্জী ২৬ দিন এখানে অনশন করেছেন, তার তো একটা ইমপ্যাক্ট আছে। সেটা তো কেউ অস্বীকার করতে পারে না। সিঙ্গুরে লড়াই হয়েছে, বুঝুক না বুঝুক তার একটা ইমপ্যাক্ট আছে, সেই মানুষটা হাঁ করে তাকিয়ে আছে যে আজকে আমাদের নতুন সরকারের বাজেট হবে, আমার এই কৃষকের মুখে একটু হাসি ফোটাবে, আমার এই ক্ষেতমজুরের মুখে একটু হাসি ফোটাবে—এই আশা করে বসে আছে। কি দেখলাম ? এই দেড় বছর ধরে দেখছি যে, সারের দাম বেড়েই যাচ্ছে—বেড়েই যাচ্ছে। আর যখন বেড়েই যাচ্ছে তখন মুখ্যমন্ত্রী কি বলছেন ? দিল্লির দোষ। দিল্লিতে আছে কে ? দিল্লিতে আছে কে ? মুকুল রায়কে মন্ত্রী করতে হবে তার জন্য মুখ্যমন্ত্রী গিয়ে বসে থেকে মন্ত্রী করে চলে এলেন—ওখানে বিরাট ক্ষমতা। অন্য জায়গায় একটা সিদ্ধান্ত আছে বয়কট করতে হবে সেটাতেও একটা বিরাট ক্ষমতা। সারের দাম সীমাহীন হয়ে যাবে, সারের দাম ডিকন্ট্রোল হয়ে যাবে, এ ব্যাপারে আমার মুখ্যমন্ত্রীর বলার কিছু নেই। সব ছিল। আমরা বলেছিলাম, পশ্চিমবাংলার যখন পাটচাষীরা পাটের দাম পাচ্ছে না কেঁদে বেড়াচ্ছে, রাস্তায় পাট পুড়িয়ে দিচ্ছে, তখন আমরা আবেদন করেছিলাম যে জে.সি.আই.-কে বলুন পাট কিনুন, না হলে আমাদের চাষী মারা যাবে। ব্যবস্থা হয়নি। আমাদের চাষীরা যখন ধান বিক্রি করতে গেল, আমাদের ওই মন্ত্রী বললেন, আমি চাল কেনার মালিক, ধান কেনার মালিক না। চাল কিনবে কোথায় ? ও তো ওই মিল মালিকের কাছে। টাকা দেবে কোথায় ? মিল মালিককে। আর আমার গরীব মানুষ অসহায় যেখানে আছে তার ব্যবস্থা হবে না। এই হাল হয়ে পড়ে আছে। এই ক'দিন আগে আপনারা দেখলেন, ওই যে একটা প্রশ্ন উঠেছিল, ব্যাঙ্কের ব্যাপার নিয়ে। আমাদের এই পশ্চিমবাংলায় আমি যখন এই দপ্তরের মন্ত্রী ছিলাম, তখন ৯০০টা জি.পি. ছিল, যেখানে কোনো ব্যাঙ্ক ছিল না। কতবার গিয়েছি দিল্লিতে। দিল্লির অর্থমন্ত্রীর কাছে বারে বারে বলেছি যে, আমাদের এই সমস্ত পিছিয়ে-পড়া এলাকায় ব্যাঙ্ক নাই। এখানকার একটা গরীব মানুষকে ঋণ নিতে গেলে, তার ভাতা নিতে গেলে তাকে পরিশ্রম করতে হয়, তাই তার জন্য ব্যবস্থা করুন। অনেকবার বলার পরে উনি বললেন যে, না ব্যাঙ্ক করতে তো এখন পারব না, তবে আমি বিহারে একটা মিটিং করছি যদি বিকল্প কোনো ব্যবস্থা করা যায়, ওই বিজনেস করসপন্ডিং সিস্টেম করা যায় কিনা তার ব্যবস্থা করার চেষ্টা হবে। সেইদিনই তার প্রচেষ্টার কথা বলেছিলেন। কিন্তু আজও তা রূপায়িত হয়নি। আমি এইজন্য বলতে চাই যে, উন্নয়ন যেটা হবে তার একটা পরিকল্পনা থাকা দরকার, তার একটা ভাবনা থাকা দরকার। আজকে আমাদের অর্থমন্ত্রী চরম বিপদে পড়ে আছে, কোনো পরিকল্পনা করে শেষ হচ্ছে না, রাস্তাঘাটে একটা ইচ্ছা হল হয়ে গেল। রাস্তায় একটা ইচ্ছা হল এখানে ক্লাবকে টাকা দিতে হবে দিয়ে দাও। রাস্তাঘাটে একটা ইচ্ছে হল, এখানে ওমুকটা

করতে হবে, করে দাও। ক্লাবকে টাকা দিতে হবে, দিয়ে দাও। আর তার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছে যে কোথা থেকে টাকা জোগাড় করছে জানি না, তিনি সব করে দিচ্ছেন। এত অসীম ক্ষমতা হলে নিশ্চয়ই ভালো। আমি যেটা জানতে চাই, এর তো একটা নিয়ম আছে। বিধানসভার যে ফান্ড, এই ফান্ড হচ্ছে কনসোলিটেড ফান্ড। বিধানসভার অনুমোদন ছাড়া একটা পয়সা খরচ করতে পারে না। প্রথম একটা বাজেট অনুমোদন হবে, তারপরে একটা সাপ্লিমেন্টারি হবে। তারপর যদি একসেস এক্সপেনডিচার হয়, সেটারও অনুমোদন নিতে হবে। ছেলেখেলা নয়। যা হচ্ছে সব ছেলেখেলার মতো। আমি তাই আবেদন জানাব যা আপনি করেছেন আরো একটু ভালো করে ভাবুন। আমার এই পশ্চিমবাংলার মানুষের চাহিদার দিকে তাকিয়ে, আমার এই পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকারের দিকে তাকিয়ে কি করে আমরা তার ব্যবস্থা করতে পারি—তারা আপনাদের ক্ষমা করবে না। মানুষ আপনাদের কাছে আশা করেছে, মানুষ আপনাদের চায়। আমরা বারে বারে বলছি সব সাহায্য করব, কোনোদিন সাহায্য করিনি তা নয়। প্রতিদিন সাহায্য করেছি সব কাজে, যখন যা বলেছেন। বারে বারে সাহায্য করব। কিন্তু আমাদেরও মর্যাদা আছে, আমাদেরও অধিকার আছে, আমাদেরও সম্মান আছে। সেই সম্মান দেওয়ার দায়িত্ব আপনাদের। (এই সময় মাইক অফ হয়ে যায়)

ডঃ **এম. নুরুজ্জামান** : মাননীয় স্পীকার স্যার, গত ২৩ মার্চ আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন, তাকে আমি সমর্থন করি। আমাদের বিরোধী বন্ধুরা যতই এটাকে দিশাহীন বলুক, আমি এই বাজেটকে বর্ণনা করব একটি দুঃসাহসিক এবং ঐতিহাসিক বাজেট হিসাবে। এক সঙ্কটময় সময়ের ক্রান্তিকালে বাস্তবের চ্যালেঞ্জকে গ্রহণ করে আগামী দিনের এগিয়ে যাওয়ার দিশা দেখিয়েছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী। বিরোধী বন্ধুরা বলছেন দিশাহীন। আমি বলব ৩৪ বছরে তো ওরা দিশা দেখাতে পারেনি। আজকে মাননীয় অর্থমন্ত্রী এক্সেস এক্সপেনডিচার সম্বন্ধে একটি রিপোর্ট পেশ করেছেন হাউসে আমাদের সামনে। ২০০৩-০৪, ২০০৪-০৫ এবং ২০০৫-০৬ এই তিন বছরে ১৫ হাজার কোটি টাকার বেশি এক্সেস এক্সপেনডিচার হয়েছে বিধানসভার অনুমোদন না নিয়ে। ওরা করলেন, বাজেট পেশ হল অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তের আমলে। সাপ্লিমেন্টারি বাজেট পেশ হল, তারপর আবার এক্সেস এক্সপেনডিচার হল বিধানসভাকে না জানিয়ে। আমরা পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে আলোচনা করলাম। তাই আমরা প্রশ্ন তুলতে চাই যে এই এক্সপেনডিচার বছরের পর বছর করে গেলেন বামপন্থী বন্ধুরা, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি লেফটফ্রন্টের সরকার। তিন বছরে যদি ১৫ হাজার ৭৩১ কোটি টাকা এক্সেস এক্সপেনডিচার হয়, যার কোনো হিসেব-নিকেশ আজ পর্যন্ত পাওয়া যাচ্ছে না। অডিটর জেনারেল, তারা অ্যাডভার্স কমেন্ট করেছেন, তার পরেও কোনো হেলদোল নেই। এমন সিস্টেম করে গিয়েছেন ৩৪ বছরে যে, সরকারি অফিসার, আমলাদের কাছ থেকে কোনো কৈফিয়ত পাওয়া যায় না। তাদের ডেকে সদুত্তর পাওয়া যায় না। আমার একটি কবিতার কথা মনে পড়ে বন্ধু 'খোয়াব মে ভি না সোচাথা হমনে কভি, এ আলম ভি চমন পে গুজার যায়েঙ্গে, বাগোঙা ছিনলেঙ্গে লেবাস বাহার, ও ফুলওকা চেহেরা উতর যায়েগা।' মানে

৩৪ বছর যারা বাগোঙা ছিলেন, যাঁরা মালি ছিলেন তাঁরাই বাগানটাকে ধ্বংস করেছেন। ১০ মাস এসেছে এই সরকার, অর্থমন্ত্রীর কাছে তারা কৈফিয়ত তলব করছে, তারা দিশা চাইছে। আমি বলি আজকে এই বাজেট, আমি নিশ্চিতভাবে বলতে পারি যে অন্ধকার থেকে আলোর পথে উত্তরণ। সঙ্কটের বেড়াজাল অতিক্রম করে বাঞ্ছিত কর্মমুখী সোনার বাংলা গড়ার লক্ষ্যে এটা নিশ্চিতভাবে একটা কাঙ্ক্ষিত অভিযাত্রা। কাজী নজরুল ইসলাম এক সময় বলেছিলেন, 'বিংশ শতাব্দীর অসম্ভবের সম্ভাবনার যুগে আমি জন্মগ্রহণ করেছি, এই অভিযান সেনাদলের তূর্য বাদকের একজন আমি, এই হোক আমার সবচেয়ে বড়ো পরিচয়।' আজকে তিনি বেঁচে থাকলে হয়তো এই অর্থমন্ত্রীকে বলতেন যে, অসম্ভবের সম্ভাবনার যুগের অর্থমন্ত্রী, তিনি আলোর পথের অভিযাত্রী। আমি সেই জন্যেই অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাই এই চ্যালেঞ্জ নেওয়ার জন্য, চ্যালেঞ্জিং কাজ নেওয়ার জন্যে। মাননীয় প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এ.পি.জে. আবুল কালাম বলতেন ড্রিম, ড্রিম, ড্রিম, ড্রিম ট্রান্সফরমস ইনটু থট, থট ট্রান্সফরমস ইনটু রিয়্যালিটি। আমরা যদি স্বপ্ন দেখতে না পারি, সব চ্যালেঞ্জ যদি গ্রহণ করতে না পারি, তাহলে আমরা এগিয়ে যাব কি করে ? আজকে সেই জন্য তিনি বলতেন ডেয়ার টু ড্রিম, স্ট্রাইভ টু অ্যাচিভ। তাই আমি মনে করি ডঃ এ.পি.জে. আবুল কালামের সেই নীতি গ্রহণ করে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আজকে এই বাজেট পেশ করেছেন। যাই হোক আমার অনেক আলোচনা আছে, কিন্তু আমার সময় অনেক কম। আমি বেশি কথার মধ্যে যাব না। একটা জিনিস যে গ্রামবাংলার ধুলো-কাদা-মাটি মেখে আসা একজন সাধারণ মানুষ হিসেবে গ্রামীণ এলাকার একজন বিধায়ক হিসেবে বলতে পারি যে গ্রামীণ অর্থনীতির বিকাশের লক্ষ্যে আজকে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন—

[2.10—2.20 p.m.]

গান্ধীজী একসময় বলেছিলেন, তোমরা গ্রামে ফিরে যাও, গ্রাম না বাঁচলে শহর বাঁচবে না। আজকে গ্রামে শতকরা ৭০ ভাগ মানুষ বাস করে, কৃষক, শ্রমজীবী, যারা ফসল ফলায়। তাদের অবস্থার উন্নতি না হলে আমাদেরও উন্নতি হবে না। ৩৪ বছরে আপনারা তাদের কি উন্নতি করেছেন ? কিছু বর্গাদারকে পাট্টা দিয়েছেন আর বলছেন ভূমি-সংস্কার করে দিয়েছেন। বিরোধী বন্ধুরা বলছেন—তারা ১৮ লক্ষ সংখ্যালঘু মানুষকে পাট্টা দিয়েছেন। ৩৪ বছরে যদি ১৮ লক্ষ সংখ্যালঘু মানুষকে পাট্টা দিয়ে থাকেন, তাহলে হিসেব করুন কত লক্ষ মানুষ বাকি আছে যাদের আপনারা দিতে পারেননি। আমি বলছি না ৩৪ বছরে কোনো কাজ করেননি। দুটো কাজ আপনারা করেছেন—institutionalization of corruption— দুর্নীতিকে আপনারা পঞ্চায়েত স্তর পর্যন্ত, গ্রাম স্তর পর্যন্ত ছড়িয়ে দিয়েছেন। আগে দেখতাম পঞ্চায়েতে একশো ভাগ মানুষ বিড়ি ফুঁকছে, আজকে দেখছি তাদের ৫৫৫ সিগারেট ছাড়া চলে না। আগে যাঁরা কাঁধে ঝোলা নিয়ে ঘুরে বেড়াতেন, আজকে তাঁরা চার চাকার গাড়ি ছাড়া চলেন না। এই উন্নতি হয়েছে। কিন্তু গ্রামের সব মানুষের উন্নতি হয়নি। আমি বলতে চাই, নতুন সরকার এই বাজেটে কৃষকদের সমস্যার কথা বলেছেন, কিষাণ ক্রেডিট কার্ড, কিষান মান্ডি, ইত্যাদির কথা বলেছেন। এমপ্লয়মেন্টের ক্ষেত্রে এই

সরকার ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়েছে। সরকার facilitator - এ ক্ষেত্রে আনএমপ্লয়েড ইয়ুথ বা বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সম্ভাবনা সৃষ্টি করেছে। আমি একজন চিকিৎসক। স্বাস্থ্য ক্ষেত্রে যে বেহাল অবস্থা ছিল, সেই অবস্থা থেকে টেনে তোলবার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য মন্ত্রী আপ্রাণ চেষ্টা করছেন। SNCU - যেখানে বাচ্চাদের চিকিৎসার ব্যবস্থা ছিল না সেখানে neo natal sick unit তার ব্যবস্থা করা হচ্ছে। আমরা স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটি ভিজিটে গিয়েছিলাম কোচবিহার জেলায়। সেখানে দেখলাম কোচবিহার জেলা সদর হাসপাতালের মধ্যে ২০/২৫ বছর ধরে মুদির দোকান চলছে, বামপন্থী নেতারা চালাচ্ছে। সেই সম্বন্ধে আমরা রিপোর্ট দিয়েছি। এসব বন্ধ করতে হবে। হাসপাতালের মধ্যে ইউনিয়ন করছে, হাসপাতালের কাজ করতে দেয না, কোনো পরিষেবা দেয় না, হাসপাতালের মধ্যে মুদির দোকান খুলেছে, ক্যাডারদের বিভিন্ন সুবিধা পাইয়ে দিচ্ছে। সেসব বন্ধ করতে হবে। স্বাস্থ্য জেলা, স্বাস্থ্য ব্যাঙ্ক, ইত্যাদি করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজাবার ব্যবস্থা করেছেন। শিক্ষার ক্ষেত্রে বলছি, আমাদের একাদশ, দ্বাদশ শ্রেণীতে কলা, বাণিজ্য, বিজ্ঞানের সঙ্গে সঙ্গে কারিগরি শিক্ষা, যেটা কর্মমুখী শিক্ষা, vocational stream, যেটা job oriented training সেই কোর্স চালু করেছেন। এতে কর্মসংস্থানের দিশা আছে, এটা আমাদের বেকার যুবক-যুবতীদের কাজে লাগবে। আবাসনের ক্ষেত্রে আমরা দেখছি বিগত সরকারের সময় এটা একটা বিরাট দুর্নীতির জায়গা ছিল। যেসব সংখ্যালঘু, তফশিলি মানুষের জমি কেড়ে নিয়ে রাজারহাট-নিউটাউন হয়েছে, সেখানে সংখ্যালঘুদের মাথার উপর ছাদ ছিল না, আজকে তারা পথের ভিখিরিতে পরিণত হয়েছে। বৈষ্ণবনগর-পাটুলিতে যখন হাউজিং তৈরি হল, সেই সময় তারা একটা বিজ্ঞাপন দিয়েছিল ২০১০ সালে—এই হাউজিংয়ের ৫০ পার্সেন্ট বরাদ্দ হবে সংখ্যালঘুদের জন্য। তৎকালীন মন্ত্রী ঢাক-ঢোল পিটিয়ে তার উদ্বোধন করলেন। তারপর যখন হাউজিং হল, তখন ছোটো একটা পত্রিকা গণশক্তিতে ছোট্ট করে একটা বিজ্ঞাপন দেওয়া হল, সেটা ৫০ পার্সেন্ট থেকে কমিয়ে ২৬ পার্সেন্ট বরাদ্দ হল সংখ্যালঘুদের জন্য। তারপর সেই ছোট্ট কাগজে ছোট্ট করে একটা বিজ্ঞাপন বার হল যে, এখানে সংখ্যালঘুদের জন্য সংরক্ষণ রইল না। কিরকম চিটিংবাজি করেছে তারা দেখুন। আজকে নিজের ঠিকানা বা অন্যান্য প্রকল্পের মাধ্যমে সংখ্যালঘুদের আবাসনের ব্যবস্থা করা হচ্ছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, আপনি সংখ্যালঘুদের জন্য হাউজিংয়ের ব্যবস্থা করুন। আমি জানি তিনি সংখ্যালঘুদের প্রতি সহানুভূতিশীল, তিনি রাজারহাট-নিউটাউনে আলিয়া ইউনিভার্সিটির campus করার জন্য ১৫ একর জায়গা দিয়েছেন, হজ হাউস তৈরির জন্য ৫ একর জমি দিয়েছেন। Haj Tower ও হবে। বামফ্রন্টের আমলে তো এইগুলো হয়নি। আমরা সেগুলো করার চেষ্টা করছি। সরকার করছেন। সরকার সেখানে ওয়াকফ বোর্ডকে ঢেলে সাজাবার চেষ্টা করছেন। আমরা ওয়াকফ বোর্ডের সদস্য হয়েছি। ওয়াকফ বোর্ডের দুর্নীতির তদন্ত শুরু হয়েছে। আজকে মাননীয় স্পীকার স্যার, আজকে আমি শুনলাম যে কর্ণাটক ওয়াকফে দু-লক্ষ কোটি টাকার স্ক্যাম ধরা পড়েছে। আমি বিশ্বাস করি এখানে যদি প্রকৃতই সি.বি.আই. তদন্ত হয় এখানে অন্তত এক লক্ষ কোটি টাকার ওয়াকফ প্রপারটির স্ক্যাম ধরা পড়বে। সেই তদন্ত আমি চাই। শুরু হয়েছে। আমরা সকলে সহযোগিতা

করব এবং অনেক রুই কাতলা, রাঘব বোয়াল এর সঙ্গে জড়িত আছে। তৎকালীন সরকারের, তৎকালীন রুলিং পার্টির তারা যারা যারা জড়িত আছে তাদের বিরুদ্ধে যেন শাস্তি দেওয়া হয় আমি সেই দাবি জানাব। সংখ্যালঘুদের জন্য যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করি। বামফ্রন্টের আমলে আমরা তো বেঁচে থাকতে কিছু পাইনি মরে গিয়ে, আমাদের পূর্ব পুরুষ যারা মারা গিয়েছেন সেই কবরস্থানগুলো বেদখল হয়ে যাচ্ছিল তার কোনো ব্যবস্থা করে নি। গোবরা কবরস্থানে গিয়ে দেখেছি কমরেড মুজাফফর আহমেদ শুয়ে আছেন, তাঁর বুকের উপরে দেখি লেখা আছে একটা পাথরের বই খোদাই করে কমিউনিস্ট পার্টি আমার জীবন। তার উপরে লাল ঝান্ডা মার্কা একটা ঝান্ডা উড়ছিল। আমার বাবা প্রাক্তন এম.এল.এ. প্রয়াত জনাব এম.কে. হাসানুজ্জামান প্রশ্ন তুলেছিলেন যে [***] আজকে প্রশ্ন দাঁড়িয়েছে এই কবরস্থানগুলো ঘেরবার জন্য আমাদের সরকার গত বাজেটে নয় কোটি টাকা দিয়েছিল এই বাজেটে ৫০ কোটি টাকা দিয়েছে অন্তত কবরস্থানগুলো পবিত্রতা যাতে রক্ষা করা যায়। মরার পরেও যাতে শান্তি পাই। সংখ্যালঘুদের জন্য মাননীয় অর্থমন্ত্রী এই বাজেটে দিশা দেখিয়েছেন। এর পরে আমি বলি যে আমাদের সংরক্ষণের প্রশ্ন আছে। কারিগরি শিক্ষা। সরকার ব্যবস্থা করেছেন। অধিক সংখ্যায় মাদ্রাসা অনুমোদন দিচ্ছেন। মাদ্রাসা অনুমোদন দেওয়া হবে এস.এস.কে. এবং এম.এস.কে. ই.ভি.ইউ. তৈরি করেছেন। যাওয়ার সময়ে বামফ্রন্ট সরকার যে সমস্ত এম.এস.কে. দিয়ে গিয়েছিলেন তার মধ্যে অধিকাংশই বেছে বেছে কমরেডদের দিয়ে গিয়েছিলেন। অথবা দেখা গেছে তার কোনো পরিকাঠামো নেই। সেগুলোকে ২০১১ সালের ফেব্রুয়ারি মাসে স্যাংশন করে দিয়ে গিয়েছিলেন। আমাদের সরকার সেগুলো রিভিউ করে যারা যারা পাবার হকদার তাদের জন্য এম.এস.কে. দেওয়া হবে এবং সেই বিষয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেগুলো ঘোষণা করেছেন। আজকে জেলায় জেলায় মাইনরিটি ভবন ছিল না বামফ্রন্টের আমলে। মাননীয় অর্থমন্ত্রী ১৪ কোটি টাকা বরাদ্দ করেছেন ১২টি জেলায় সেখানে মাইনরিটি ভবন তৈরি করবার জন্য। আজকে এখানে দাঁড়িয়ে বলি ৩৪ বছর পরে যে যুবক চাকরি পায় নি, শিক্ষা পায় নি, হতাশায় ভুগছে সে যখন প্রশ্ন তুলছে, 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়, তাই ভাবি মনে, জীবন প্রবাহ বহি কালসিন্ধু পানে ধায় হায় ফিরাব কেমনে' ? দিন দিন আমি হীন হীনবল তবু আশার নেশা ছুটিল না এ কি দায়' ! এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলছেন ফিনিকস পাখির মতো তিনি ভস্মাবশেষ থেকে উঠে আসছেন। আমি বলি ফিনিকস পাখি নয় ফসিলস থেকে আমরা নতুন করে পুনরুত্থানের জন্য তৈরি হচ্ছি। আমি সেইজন্য বলি যে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেখানে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি থেকে আরম্ভ করে সমস্ত দিশা দেওয়া আছে। একটা কথা পরিষ্কার বলি যে বিরোধী বন্ধু তারা যতই অভিযোগ করুন একটা কথা মনে রাখবেন, নুর এ হক, সামা এ ইলাহি কো মিটা সকতা হ্যায় কৌন জি সে হামি হ্যায় খুদা উসে মিটা সকতা হ্যায় কৌন'। সুতরাং এই বাজেট দিশার বাজেট। নতুন বাংলা গড়ে তোলার বাজেট আসুন আমরা সবাই মিলে এগিয়ে যাই। এই বাজেটকে সমর্থন করি। ধন্যবাদ।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : একটা শব্দ উনি বলেছেন যে [***] এই শব্দটা বাদ যাবে।

শ্রী খগেন মুর্মু : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি তাকে বিরোধিতা করছি এবং আমি প্রথমেই বলতে চাই মাননীয় সরকার পক্ষের বিধায়ক নুরুজ্জামান সাহেব এখানে বলছিলেন গান্ধীজীর বাণী নিয়ে তিনি এখানে বলছিলেন যে গ্রামে যাও। আপনারা এখানে কতটা গান্ধীজীর বাণী বাস্তবে রূপায়িত করছেন তার প্রমাণ গতকালই মিলেছে আমাদের পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলার মানুষ তারা এখানে নির্বাচিত এখানকার পঞ্চায়েত ব্যবস্থা, পঞ্চায়েতের যারা কর্মকর্তা তাদের অধিকারকে হরণ করা হয়েছে।

[2.20—2.30 p.m.]

আমি এখানে স্যার প্রথমেই তার উদ্দেশ্যে বলতে চাই যে, আমাদের পশ্চিমবাংলায় ১৯৭৭ সালে এখানকার সাধারণ মানুষ যে অধিকার অর্জন করেছিলেন নির্বাচনের ভিতর দিয়ে, এখানে ৭৮ সালে প্রথম পঞ্চায়েতের যে নির্বাচন হয়েছিল সেই নির্বাচনের পরে এখানকার মোট এক কোটি ২৫ একর জমির মধ্যে সাড়ে এগারো লক্ষ একর জমি গোটা পশ্চিমবাংলার মানুষের মধ্যে বিলি বন্টন করা হয়েছে। এই এগারো লক্ষ বত্রিশ হাজার চারশো একর জমি বিলিবন্টন করা হয়েছে। ত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার নশো জন এখানে এই পাট্টা পেয়েছেন। এরমধ্যে তফশিলি জাতি আদিবাসী এবং সংখ্যালঘু আদিবাসী সম্প্রদায়ের মানুষ পেয়েছেন ৬৬ শতাংশ। এখানে মাননীয় বিধায়ক কিছুক্ষণ আগে বিভিন্ন পারসেন্টেজের কথাটা বলছিলেন যে এখানে ১৮ শতাংশ দেওয়া হয়েছে। তিনি হয়তো বোঝেন নি, বা বোঝার চেষ্টাও করেন নি। তিনি হয়তো বলবার জন্য শুধুমাত্র বলেছেন। এখানে যে ত্রিশ লক্ষ মানুষ পাট্টা পেয়েছেন, সেই ত্রিশ লক্ষ মানুষের মধ্যে সিডিউল কাস্ট ৩৭% পেয়েছে। সিডিউল ট্রাইব ১৮% পেয়েছেন এবং মাইনরিটি সম্প্রদায় হচ্ছে ১৮%—এই ত্রিশ লক্ষের মধ্যে পেয়েছেন। তার মানে এই নয় যে মোট মাইনরিটির মধ্যে ১৮%। এই ত্রিশ লক্ষ যে পাট্টা দেওয়া হয়েছে তার ১৮%। এখানে যে মানুষজন বর্গা নথিভুক্ত হয়েছে আমাদের গোটা পশ্চিমবাংলাতে ১৫ লক্ষ ১৬ হাজার। বাস্তু জমির মালিকানা এক সময়ে গ্রামের গরীব সাধারণ মানুষের ছিল না। তাদের বাস্তুজমি ছিল না। তারা বাড়িঘর পেতেন না। সেই বাস্তুজমি এখানে ৩ লক্ষ ২৪ হাজার দরিদ্র ভূমিহীন ক্ষেতমজুররা পেয়েছেন সেই সময়ে। এর মধ্যে তফশিলি জাতি ও আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায় হচ্ছে ৭১% এর মধ্যে পেয়েছেন। এই যে সাধারণ মানুষ তারা যে জমির অধিকার পেয়েছে গরীব মানুষকে শুধু এই অধিকার দেওয়া নয় আরও কিছু করা হয়েছে। আমাদের গোটা পশ্চিমবাংলার আদিবাসী সমাজ এই সমাজের মধ্যে একটা বঞ্চনা ছিল। আপনি ভালো করে জানেন যে, তারা সারাদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করতেন। তাদের সারাদিন কাজ করার পরে না খেয়ে থাকতে হত। 'আবো আদিবাসী মানওয়া রেঙ্গেচ্ মানওয়া সেতাঃ খনাঃ আয়ুপ্ ধাবিচ্

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ধারতিরে খাটুওয়া কাতে হঁ জমাঃ বাংগে কুলাওঃ কান তাহেঁকানা কংগ্রেস বিদাল রে।' বেশিরভাগ সময়ে শাকপাতা খেয়ে তাদের দিন কাটাতে হত। তাদের যে সমস্ত জমি ছিল, সেগুলি কেড়ে নেওয়া হয়েছিল। এক সময়ে এটা আমরা দেখেছি। এই গরীব আদিবাসী গরীব মানুষগুলির কাছ থেকে তাদের নিরক্ষরতার সুযোগে তাদের কাছ থেকে জমিগুলি কেড়ে নেওয়া হয়েছিল। তৎকালীন জোতদার জমিদাররা তাদের জমি কেড়ে নিয়েছিলেন। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার চেষ্টা করেছিল, এই ৭৭ সাল থেকে চৌত্রিশ বছরে এখানে বিশেষ করে পিছিয়ে পড়া পশ্চাৎপদ মানুষদের অধিকার ফিরিয়ে দেওয়ার চেষ্টা করেছিল এবং তারা যাতে তাদের অধিকার ভোগ করতে পারে সেই চেষ্টা করেছিল। প্রথমে তারা শিক্ষার সুযোগ যাতে পায় সেই চেষ্টা করা হয়েছিল এবং সেটা বাড়িয়ে দেওয়া হয়েছিল। স্যার, আপনার মাধ্যমে একটা বিষয় এখানকার সরকার পক্ষের মাননীয় বিধায়কদের বলব তো নিশ্চয় জানবেন এবং এই বিষয়টা একটু মিলিয়ে দেখবেন আমি পাঁচটা আদমশুমারীর কথা এখানে বলব। ১৯৬১, ১৯৭১, ১৯৮১, ১৯৯১ এবং ২০০১। এই সময়ে আমাদের ভারতের যে শিক্ষাগত হার ছিল, তার মধ্যে আমাদের পশ্চিমবাংলার অবস্থা কি ছিল। এটা আপনারা যদি দেখেন তাহলে আমার কথাটা অনুধাবন করতে পারবেন। ১৯৬১ সালে ২৯.২৯% গোটা ভারতে শিক্ষার হার ছিল। তার মধ্যে আদিবাসী শিক্ষার হার আমার ভারতে এবং পশ্চিমবাংলায় কি ছিল সেটাও বলছি। এখানে ভারতে আদিবাসী শিক্ষার হার ছিল ০৮.৫৩%, তার মধ্যে পশ্চিমবাংলায় ছিল ০৬.৫৫%। ১৯৭১ সালে ভারতে মোট শিক্ষার হার ছিল ২৯.৪৫%, আর ভারতে আদিবাসী শিক্ষার হার ছিল ১১.৩০%। তার মধ্যে পশ্চিমবাংলাতে ছিল ৮.৯২% অর্থাৎ সেই সময়ে সামান্য বেড়েছে। মাত্র দুই শতাংশের মতো বেড়েছে। ১৯৮১ সালে তখন শিক্ষার হার ছিল ৩৬.৩%, ভারতে আদিবাসী শিক্ষার হার এবং আমার পশ্চিমবাংলাতে শিক্ষার হার ছিল ভারতে ১৬.৩৫%, পশ্চিমবাংলায় ৮১ সালে তখন বামফ্রন্ট সরকার হয়ে গেছে তখন শিক্ষার হার হল ১৩.২১%। এখানে পাঁচ শতাংশেরও বেশি বেড়েছে। এখানে ১৯৭১ থেকে ১৯৮১ সালের মধ্যে। তারপর ১৯৯১ সালের আদমসুমারিতে দেখা যাচ্ছে ভারতবর্ষে শিক্ষার হার ছিল ৫২.২১%। ভারতে আদিবাসী শিক্ষার হার ছিল ২৯.৬০%। পশ্চিমবাংলায় তখন এসে দাঁড়াল ২৭.৭৮%, ১৪% বেড়েছে। আমাদের ২০০১ সালে গোটা দেশে ৬৪.৮২%। ভারতবর্ষে ৪৭.৮০% আদিবাসীর মধ্যে পশ্চিমবাংলায় তখন এসে দাঁড়াল ৪৩.৪০%, ১৬% বেড়েছে ১০ বছরের মধ্যে। তাহলে এখানে আদিবাসীদের—যে কথাটা বলেছেন মাননীয় অর্থমন্ত্রী, আদিবাসীদের জন্য নাকি কিছু হয়নি, অনেক কথা অনেকে বলছেন। আজকে আদিবাসীদেরও এখানে বিশেষ করে শিক্ষার সুযোগের মধ্যে দিয়ে যাতে তারা আরো উন্নত হতে পারে এবং সবকিছু জানতে পারে, তার চেষ্টা এখানে করা হয়েছে। আমরা দেখেছি, আদিবাসী সম্প্রদায়গুলোকে বার্ধক্যভাতা এখানে দেওয়ার চেষ্টা হয়েছে, ২০০৪ সাল থেকে শুরু হয়েছে, যা গোটা দেশে নেই। আমার পশ্চিমবাংলায় ২০০৪ সালে বার্ধক্যভাতা আদিবাসীদের—৬০ বছরের ঊর্ধ্বে যাঁদের বয়স, তাদের ৫০০ টাকা করে বার্ধক্যভাতা দেওয়া শুরু হয়। ২০০৭-০৮-এ ১ লক্ষেরও বেশি আদিবাসী ওই ভাতার সুযোগ পান, উপকৃত হন। এখানে ২০০৯-১০

সালে ১ লক্ষ ৩০ হাজার আদিবাসী, যাদের ৬০ বছরের ওপরে বয়স, তারা এই বার্ধক্যভাতা পেয়েছেন, উপকৃত হয়েছেন। আমরা এখানে দেখেছি যে, তার মধ্যে আমার পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে পিছিয়ে পড়া এলাকা—সেখানে আমরা দেখেছি, বিশেষ করে জঙ্গলমহল এলাকা যেটাকে বলছেন, জঙ্গলমহল এলাকার মধ্যে বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া .... (গোলমাল) .... শুনুন না ভালো করে। বুঝুন আগে। আপনারা তো ভালো ভালো কথা বলছেন। স্যার, এরা ভালো কথা শুনবে না। এরা কখনোই এই কথাগুলো শুনবে না। কারণ ওরা জানে যে, আদিবাসীদেরকে হইচই করেই থামিয়ে দেওয়া যায়। আদিবাসীরা খুব বেশি কথা বলতে পারে না। তারা চেষ্টা করছে আদিবাসীর মুখগুলোকে বন্ধ করবার জন্য। এটাই তারা করে থাকেন, এটাই তাদের অভ্যাস। জঙ্গলমহল—তিনটে জেলা—বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং পুরুলিয়া, এখানে ৭১টি ব্লক আছে। তার মধ্যে ২৩টি ব্লক আদিবাসী অধ্যুষিত। এই ২৩টি ব্লকে ৫৮ হাজার ১৮২ জন আদিবাসী পেনশন পেতেন। আজকে বলছেন যে, জঙ্গল মহলে কিছু হয়নি। তাহলে এই জঙ্গল মহলে ৫৮ হাজার ১৮২ জন আদিবাসী এখানে পেনশন পেতেন স্যার। আমরা এখানে দেখেছি, আজকে গোটা পশ্চিমবাংলাতে, বিশেষ করে আদিবাসী জনজাতির মানুষদের বংশপরম্পরায় যে অধিকারগুলো ছিল, সেই অধিকারগুলোও কেড়ে নেওয়া হয়েছিল। আমরা এখানে দেখেছি, এই আদিবাসীদের সেই অধিকারগুলো দেওয়ার চেষ্টা হয়েছে, পাট্টা দেওয়া হয়েছে। আমরা এখানে আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি স্যার, অলচিকি, অলচিকি একটা স্ক্রিপ্ট, অলচিকি হচ্ছে একটা লিপি। আমরা এখানে দেখছি, মাননীয় মন্ত্রী থেকে শুরু করে, স্বয়ং আমার মুখ্যমন্ত্রী—তিনিও বলছেন, অলচিকি ভাষা। এটা অলচিকি ভাষা না, এটা স্ক্রিপ্ট এবং পশ্চিমবাংলার বামফ্রন্টই এই ৩৪ বছরে আদিবাসীদের অলচিকির যে স্ক্রিপ্টের অধিকার, সেটা আজকে দিয়েছে। আমরা তাই আজকে দেখতে পাই যে, সাধুরামচাঁদ মুর্মু থেকে শুরু করে, পণ্ডিত রঘুনাথ মুর্মু, তাঁকে সম্বর্ধনা এখানে দেওয়া হয়েছিল। পণ্ডিত রঘুনাথ মুর্মু হচ্ছেন অলচিকির স্রষ্টা। তাঁকে সম্বর্ধনা দেওয়া হয়েছিল ১৯৭৯ সালে পশ্চিমবাংলাতে। তৎকালীন মুখ্যমন্ত্রী সম্বর্ধনা দিয়েছিলেন। আমরা তাইতো দেখি, আদিবাসীদের নামে—এই সিধু মুর্মু, কানহু মুর্মু, চাঁদ মুর্মু, ভাইরো মুর্মু—এই চার ভাইয়ের নেতৃত্বে ১৮৫৫ সালে যে হূল হয়েছিল.....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

[2.30 – 2.40 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩শে মার্চ আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০১২ এবং ২০১৩ সালের যে ব্যয় বরাদ্দের দাবি সম্পর্কিত বিবৃতি এখানে রেখেছেন আমি প্রথমেই একে সমর্থন করছি এবং সমর্থনের পাশাপাশি যে বিষয়গুলি আমার দৃষ্টিভঙ্গিতে মনে হয় এখানে আলোচনা হওয়া দরকার, সে সম্পর্কে আমি কয়েকটি বিষয় মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টিগোচরে আনার চেষ্টা করব এবং পাশাপাশি আশা করব যে তাঁর জবাবী ভাষণের মধ্যে দিয়ে সেই বিষয়গুলি সম্পর্কে এই সভাকে তিনি আশ্বস্ত করবেন। আজকে সভার প্রারম্ভেই আমাদের সভার সদস্য আনিসুর সাহেব কয়েকটি কথা বলেছেন,

তিনি কিছু ব্যঙ্গাত্মক কথাও বলেছেন যে তাঁর নাকি ঘুমের ব্যাঘাত হচ্ছে, ঘুমোতে পারছেন না। আমাদের মধ্যে নাকি এমন কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটছে যার জন্য তাঁর ঘুমের ব্যাঘাত ঘটছে। আমি বলি যে এটা খুব স্বাভাবিক তাঁদের রাজত্বে ৩৪ বছর মানুষ কিন্তু শান্তিতে ঘুমতে পারেনি। মানুষের ঘুম কেড়ে নেওয়া হয়েছে। একটার পর একটা যে ঘটনা আমরা দেখছি সেই ঘটনার প্রকাশের মধ্যে দিয়ে মানুষের যে যন্ত্রণা, মানুষের ঘুম কেড়ে নেওয়ার যে যন্ত্রণা একটার পর একটা আজকে সমাজের কাছে পরিষ্কার হচ্ছে। আমি সদস্যর নাম করি না, আমার পাশে বসা সদস্যের কীর্তিকাহিনী প্রকাশিত হয়েছে। হলদিয়ার এক শেঠ, যার হুঙ্কারে, যার রাজত্বে বাঘে-গরুতে জল খেত এই রকম একটা অবস্থা হয়েছিল। আজ নিদারুণ অবস্থার মধ্যে দিয়ে কি ভাবে তাঁর জীবন অতিবাহিত হচ্ছে বাংলার মানুষ সেটা দেখছে। তাই খুব স্বাভাবিক ভাবেই বলতে চাই যে মানুষের সরকার এসেছে, মানুষ বিচার চাইবে। স্বাভাবিক ভাবেই হয়তো আপনাদের একটু-আধটু ঘুমের ব্যাঘাত ঘটবে, এ নিয়ে চিন্তা করবেন না। বাস্তব অবস্থার উপর দাঁড়িয়ে বাস্তবকে মেনে নিন। আজকে উনি বলেছেন যে বাজেটে একটা লক্ষ্য থাকবে, কতগুলি ব্যাপারে, তিনটে বিষয়ের লক্ষ্যর কথা তিনি বলেছেন। পরিষেবা দেবার কথা বলেছেন, কর্মসংস্থানের কথা বলেছেন বিভিন্ন কথা উনি বলেছেন। খুব স্বাভাবিক ভাবেই ১৯৯১ সাল থেকে এই অগস্ট সভায় থাকার সুবাদে বার বার আমরা দেখেছি বাজেটের নামে কি তঞ্চকতা। এখানে অনেক সদস্য আছেন বিগত দিনে যিনি সরকারের অর্থমন্ত্রী ছিলেন প্রথম প্রথম ঘাটতি শূন্য বাজেটের মধ্যে দিয়ে গোটা বাংলার মানুষের কাছে একটা চমক তৈরি করতেন। মানুষকে বোকা বানানোর চেষ্টা হত, মানুষকে ধোঁকা দেওয়ার চেষ্টা হত। কিন্তু পরবর্তীকালে আমরা দেখেছি কখনও ৫ লক্ষ, কখনও ৪ লক্ষ কর্মসংস্থান তৈরি হত সেই বাজেটের মধ্যে দিয়ে। প্রতি বছর ১ হাজার করে বিদ্যালয় স্থাপনের কথা আমরা শুনতাম। দু-বছর, তিন বছর বাদে যখন আমরা প্রত্যুত্তর চাইতাম, আমরা যখন হিসাব মেলাতে পারতাম না, তখন সেই জায়গা থেকে অসীমবাবু সরে যেতে বাধ্য হয়েছিলেন। যার পরিণতিতে আপনারা দেখেছেন যে একটা বাজেটে আয় এবং ব্যয়ের ভারসাম্য যদি না থাকে স্বাভাবিক ভাবে সে রাজ্যের মাথায় একটা ঋণের বোঝা চাপে এবং যার পরিণতিতে আজকে গোটা পশ্চিমবাংলাটা ৩৪ বছরে কোন জায়গায় গেছে সেটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। ২২ হাজার কোটি টাকা সুদ গুণতে হচ্ছে, আসল সুদ নিয়েই হচ্ছে, এটাতো বাস্তবের উপরে দাঁড়িয়েই আমাদের কথা বলতে হবে। মাননীয় অর্থমন্ত্রী এসেছেন, আমি অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই, অন্তত কথাকটা শুনবার জন্য তিনি অধীর আগ্রহে আমাকে কৃপা করেছেন বলা যেতে পারে। আমি কয়েকটি বিষয় বলতে চাই ৬ হাজার ৯৭৩ কোটি টাকা ঘাটতি হবে উনি বলেছেন। বিগত দিনে আমরা দেখেছি যে ঘাটতি শূন্য বাজেটের মধ্যে দিয়ে কি অবস্থা হয়েছে। সেই জায়গা থেকে বেরিয়ে আসতে গেলে একটা নতুন অবস্থা তৈরি করতে হবে, একথা নতুন করে বলার অপেক্ষা রাখে না। কিন্তু আমার প্রশ্ন কয়েকটি জায়গায় তা হচ্ছে আপনি যে ২০০ কোটি টাকার রাজস্ব আয়ের কথা বলেছেন সেটা আপনার আসবে কোথা থেকে ? এটা তো আপনাকে পরিষ্কার করতে হবে। আজকে কর আপনি নিশ্চিত ভাবে মানুষের উপর চাপিয়ে দিন আমরা কেউ চাই না।

কিন্তু পাশাপাশি আমরা যদি নতুন করে কোনো ভাবনার মধ্যে দিয়ে রাজস্ব আদায় বাড়াতে না পারি স্বাভাবিক ভাবে আমাদের যে জায়গাটা দাঁড়িয়েছে ২ হাজার কোটি টাকা, এই জায়গাটা আপনারা কি ভাবে হিসাবে মেলাবেন ? কি ভাবে আয়ের মাধ্যমে জায়গাটা পূরণ করবেন ? আজকে আপনি পণ্য প্রবেশ করের কথা বলছেন। যদিও আপনি বলেছেন যে, একটি বিলের মধ্যে দিয়ে আপনি সেটাকে চূড়ান্ত করবেন। কিন্তু আপনার ভাবনার মধ্য দিয়ে আমি এটা বলি, এটা কি অন্যায় হবে, যে কিছু তো বাড়বে—১% হোক, ২% হোক, ৩% হোক যা হোক বাড়বে। এবং এটা পরোক্ষ ভাবে জিনিসপত্রের উপর দাম চাপানো ছাড়া ওই টাকাটা কোন জায়গা থেকে আসবে আপনি একটু পরিষ্কার করে বলুন। পাশাপাশি বিভিন্ন সময় আমরা দেখেছি, এই সিস্টেমটাকে যদি আপনি পুনরায় চালু করতে পারেন রাজস্ব আয় বৃদ্ধির জন্য চালু করতে পারেন কিন্তু আমাদের যে সমস্ত পণ্যগুলো আছে একটা বড়ো আকারে সেগুলো ট্রাক যোগে আসে। এবং সেই ট্রাক যোগে আসার ফলে নিশ্চিত ভাবে একটা সন্দেহ কি আমাদের মাথায় আসবে না, যে কোনো জায়গায় দাঁড়িয়ে সেখানে একটা বিলম্ব হতে পারে। বিভিন্ন ট্রান্সপোর্ট অপারেটাররা যারা আছে তারা মালটা পাঠানোর ক্ষেত্রে গড়িমসি করতে পারে। অর্থাৎ প্রকারান্তরে আমাদের বিলম্ব ঘটবে। এবং বিলম্ব ঘটলে পণ্য পরিষেবায় যে বিঘ্ন ঘটার আশঙ্কা সেই জায়গা থেকে আপনি কী ভাবে বেরিয়ে আসবেন, কী করে সেই জায়গাতে নিশ্চিত ভাবে আপনাকে ভাবার জন্য অনুরোধ করব। পাশাপাশি বিলাসদ্রব্য যাকে বলে—১০ লাখ টাকার উপর গাড়ি বলুন, ২০ হাজার টাকার উপর মোবাইলই বলুন যা আছে তার উপর কতটা আপনি আয় আনবেন, কত পারসেন্ট আয় দিয়ে আপনি ওই ২ হাজার কোটি টাকা পূরণ করবেন ? এটা একটা নির্দিষ্ট ভাবে আমার মনে হয় আপনাকে ভাবতে হবে। নিশ্চিত ভাবে রাজ্যের উন্নয়ন হবে এটা আমরা সবাই চাইব। উন্নয়নের ক্ষেত্রে আপনি বেশ কয়েকটি বিষয় দিশা দেখিয়েছেন। আপনি এখানে সংখ্যালঘু উন্নয়নের কথা বলেছেন, এস.সি., এস.টি. উন্নয়নের কথা বলেছেন, নারী ও শিশুকল্যাণের উন্নয়নের কথা বলেছেন, স্বনির্ভর গোষ্ঠীর কথা বলেছেন বিভিন্ন ভাবে উন্নয়নের জন্য যে পদক্ষেপগুলি আপনি নিয়েছেন নিশ্চিত ভাবে আপনাকে আমি সমর্থন করি। কিন্তু পাশাপাশি উন্নয়ন করতে গেলে যে অর্থের সংস্থান সেই জায়গাটাকে আপনাকে ভাবতে অনুরোধ করব। নতুন পরিস্থিতির মধ্যে দিয়ে একটা সরকার এসেছে। স্বাভাবিক ভাবে সেই সরকারের একটু সময় লাগবে। আমার স্থির বিশ্বাস যে আপনি একজন বিচক্ষণ মানুষ, দীর্ঘদিন আপনি একটি বড়ো আর্থিক সংস্থা ফিকিতে কাজ করেছেন, দায়িত্ব নিয়েছেন। আপনার চিন্তা আছে, ভাবনা আছে কিন্তু আপনাকে নিশ্চিত ভাবে অর্থের উপর দাঁড়িয়ে, বাস্তবের উপর দাঁড়িয়ে আপনাকে কাজ করতে হবে। আজকে ধরুন কেন্দ্রীয় সরকারের ফ্ল্যাগ শিপ প্রোগ্রামগুলো হয়। যদি আমরা দেখি মূলত ১৬টি ফ্ল্যাগ শিপ প্রোগ্রাম হয়। সেই ফ্ল্যাগ শিপ প্রোগ্রামের মধ্যে দিয়ে কর্মসংস্থানের সুযোগ অনেক বেশি। এবং অনেক অর্থেরও সংস্থান রয়েছে সেই জায়গাটাতে। বিগত দিনে আমরা কি দেখেছি, মনরেগা যেটা আরকি তাতে আমরা কি দেখেছি—কেন্দ্রীয় সরকারের ব্যাপক টাকা এসেছে কিন্তু সঠিক ভাবে খরচ করা হয়নি, ১০০ দিনের জায়গায় ১২ দিন, ১৪ দিনের

বেশি কাজ হয়নি। নতুন সরকার আসার পরে সেটার বৃদ্ধি ঘটেছে। আবার পাশাপাশি আমরা দেখেছি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় নির্দিষ্ট সময়ের মধ্যে ১ হাজার কিলোমিটারের সুযোগ আমরা নিতে পারিনি। এই ইনফ্রাস্ট্রাকচারের যে অবস্থা, এই ইনফ্রাস্ট্রাকচারটাকে আপনাকে যদি বৃদ্ধি ঘটাতে হয় বিভিন্ন সরকারি স্তরে যে ভ্যাকেন্সি আছে—কাজগুলো হবে কাদের দিয়ে। এই কাজগুলো হতে গেলে আপনাকে কিভাবে করতে হবে, যে বিভিন্ন জায়গায় যে পোস্টগুলো ভ্যাকেন্সি রয়েছে সেই ভ্যাকেন্সিগুলোকে ফিলাপ করতে হবে এবং তার মধ্যে দিয়েই, কর্মসংস্থানের মধ্যে দিয়েই আপনাকে কাজগুলো করতে হবে। আমি একটা ছোট্ট বিষয় বলি—এই সরকারের আমলে পাবলিক সার্ভিস কমিশনের রেজাল্ট বেরোল। ২০০৯ সালে পরীক্ষা হয়েছিল, ৫ হাজার কোয়ালিফাই করল, বিভিন্ন ফেজ ওয়াইজ, বিভিন্ন ডিপার্টমেন্টকে আপনারা রেকমেন্ড করলেন।

[2.40 – 2.50 p.m.]

First phase-এ আপনারা secretariat and directorate করলেন তারা appointment দিল। Third phase-এ আপনি Labour Department করলেন তারা appointment দিয়ে দিল। Fourth phase-এ আপনার appointment দিল, Why? Second phase-এ আপনার Health Department-কে আপনারা recommend করলেন ২৮০০, সেই ২৮০০ কর্মচারীর এখনও পর্যন্ত নিয়োগ নিয়ে কেন Health Department টালবাহানা করছে। যেখানে আপনার বিভিন্ন জায়গায় পদ ফাঁকা, সরকারের বিভিন্ন প্রকল্পগুলো লাগু হচ্ছে না, কর্মসূচীগুলো implement হচ্ছে না, সেই জায়গায় সরকারী সংস্থা PSC ১৫ই জুন, ২০১১ সালে রেজাল্ট বেরোনো সত্ত্বেও first phase, third phase, fourth phase, fifth phase-এ সমস্ত appointment হওয়া সত্ত্বেও Second phase-এ Health Department-এ হচ্ছে না। আজকে স্বাস্থ্য পরিষেবা আপনার কোন জায়গায় দাঁড়িয়ে আছে ? বিভিন্ন জায়গায় খামতি হচ্ছে, Rural Hospital থেকে শুরু করে আজ State General Hospital পর্যন্ত বিভিন্ন জায়গায় ভ্যাকেন্সি রয়েছে। অথচ PSC-এর recommendation থাকা সত্ত্বেও সেই জায়গা ফিলআপ হচ্ছে না। এই বিষয়টা সরকারকে দেখতে হবে এবং ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে যদি সরকার সদর্থক ভূমিকা না নেয় সরকার সম্পর্কে নিশ্চিতভাবে মানুষের একটা ভ্রান্ত ধারণা তৈরি হবে বলে আমার বিশ্বাস। এই জায়গাটাকে আপনাকে ভাবতে হবে। আমার মনে হয় যে, আরো দশ লক্ষ এগারো হাজার কর্মসংস্থানের কথা বলেছেন আপনি। নিশ্চিতভাবে আমার মনে হয় যে, এটাতে আরো বেশি চিন্তা-ভাবনা করতে হবে, বাস্তবমুখী হতে হবে। যার মধ্যে দিয়ে আপনারা কাজ করতে পারেন। ছোটো, ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যে অর্থসংস্থান আপনারা বাড়িয়েছেন আমি ধন্যবাদ জানাই, কিন্তু একটা বৃহৎ অংশের মানুষ যে তাঁতশিল্পকে ঘিরে রয়েছে, সেই তাঁতশিল্পের কথা আপনি এখানে একটা লাইনও বলেননি। এখানে handloom power loom নিয়ে বিভিন্ন জায়গায় বিরোধ হচ্ছে। Central Government-এর act অনুযায়ী Power Loom-এ যে reservation আছে এগারোটা সেখানে handloom-এ যে কাজ হচ্ছে, এখানে সরকারের অর্থ লাগে না,

নজরদারির দরকার। সেই নজরদারির ক্ষেত্রে যথেষ্ট অবহেলা করে গেছে বিগত দিনে বামফ্রন্ট। পুনরায় যাতে আমাদের এই রাজ্য সরকার সম্পর্কে মানুষের ভ্রান্ত ধারণা তৈরি না হয় সেই জায়গাটাতে আমি সজাগ থাকতে অনুরোধ করব। আজকে এখানে প্রথমে বলেছেন, শোরগোল হয়েছে, জেলা পরিষদ নাকি ভেঙে দেওয়া হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলি ভেঙে দেওয়ার যদি প্রবণতা থাকত ১৯টার মধ্যে চারটে ছাড়া সবতো বিরোধীরা আছে, তাহলে সবাইকে ভেঙে দিত। আজকে তিনটে জায়গায় উন্নয়ন বন্ধ হয়ে গেছে। গতকাল আমরা ছিলাম, আমরা একত্রে নদীয়া জেলার বুকে নদীয়া জেলা পরিষদে আপনারা defunct হয়ে গেছেন। (গোলমাল) স্থায়ী সমিতিগুলো কাজ করতে পারছে না, সংখ্যালঘু হয়ে গেছে। তাই উন্নয়নটাকে সঠিকভাবে রাখবার জন্যে আজকে সরকারকে এই ভূমিকা নিতে হয়েছে, সরকার তো ক্ষমতা কেড়ে নেয়নি। সরকার তো নির্বাচিত বোর্ড ভেঙে দেয়নি। সরকার তো স্বাধীনভাবে কাজ করবার জন্যে একটা administrator বসিয়ে দেয়নি। পদাধিকারবলে জেলাশাসককে দিয়ে উন্নয়ন যাতে অব্যাহত থাকে তার জন্য সরকার ভূমিকা নিয়েছে। আজকে উন্নয়নের বিমুখতার ফলে (গোলমাল) আজকে জেলাগুলো পিছিয়ে গেছে এদের সরকারের আমলে, এই নতুন সরকার যখন কাজ করতে চাইছে তারা বিভিন্নভাবে রাজনৈতিক অভিসন্ধির মধ্য দিয়ে এ কাজ করার চেষ্টা করছে। তাই আমি বিভিন্নভাবে এই বাজেটকে আমি সমর্থন করি, সরকারকে আমি চাইব যে সদর্থক ভূমিকা নিয়ে বাস্তবমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে আগামীদিনে এই সরকার চলবে। ধন্যবাদ।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই পবিত্র গণমন্দিরে ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছিলেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে, সমর্থনের স্বপক্ষে আমি দুটো-একটি কথা আমাদের সীমিত সময়ের মধ্যে শেষ করতে চাই। আজকে (গোলমাল) মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি সভাকে অনুরোধ করছি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতি নিয়ে আমি বাজেট সম্পর্কে যেটুকু কথা বলব সেই বক্তব্যের মধ্যে নিঃসন্দেহে বাজেটের চিত্র এবং চরিত্র সম্পর্কে আমার কিছু আলোচনা, আমার কিছু সমর্থনের পক্ষে থাকবে, তারই মধ্যে আমি এই বাজেটকে সমর্থন করছি। কারণ, আদ্যন্ত এই বাজেটের মধ্যে আছে একটা ভালো লাগার প্রসন্ন প্রশ্রয়। আমি এই বাজেটকে সমর্থন করছি কারণ এই বাজেট শুধু যুক্তিগ্রাহ্য নয়, এই বাজেট আমাদের অনেকের হৃদয়কে স্পর্শ করেছে। এই বাজেটকে শুধু পড়া নয়, এই বাজেটকে বুঝতে হবে, এই বাজেটে কালো রাত্রির ছলনা নেই, এ রাত্রে—এই বাজেটে ভোরের বার্তা আছে। বিরোধী পক্ষ বলেছিল যে তমিস্রা জয়ী হবে, কিন্তু তমিস্রা জয়ী হয়নি। রাত্রির তপস্যা এই বাজেটের মধ্যে নতুন দিনের আলোর বিকিরণ ঘটিয়েছে। এই বাজেটের মধ্যে হিংসার অহঙ্কার নেই, এই বাজেটে আছে সঞ্জীবনী প্রাণের ঝঙ্কার। এই বাজেটে সমস্যার অন্ধকার বিদারী সমাধানের আলোর ঈশারা আছে। সমস্ত শ্রেণীর মানুষের জন্য সহানুভূতির সিঞ্চন আছে। এই বাজেটে হাসিম শেখ, রামা কৈবর্তের উন্নতি বিধানের সচেতন উদ্যোগ আছে। শ্রেণী সংঘর্ষের রক্ত পিচ্ছিল পথে নয়, এই বাজেট শ্রেণী সমন্বয়ের শান্তির পতাকা হাতে তার অভিযানের কথা বলেছে। তাই এই বাজেটকে আমি সমর্থন করি।

এই বাজেটে বিভিন্ন ধরনের অর্থনীতির কথা আছে। আমরা জানি সবাই, যে মোটামুটি পরোপজীবী অর্থনীতি, লুণ্ঠনকারী অর্থনীতি, উত্তমশীল অর্থনীতি এবং যৌথ অর্থনীতি এবং সেবা অর্থনীতির এই পঞ্চবিধ অর্থনীতির নজির আছে, আমাদের অর্থনীতি শাস্ত্রে। এই বাজেটে শুধুমাত্র উদ্যোগী উত্তমশীল অর্থনীতি এবং সেবা অর্থনীতির প্রতিফলন ঘটেছে। বন্দেমাতরম ধ্বনির মধ্য দিয়ে নয়, মা-মাটি-মানুষের কল্যাণ বচনের মধ্যে দিয়ে বাজেটের নান্দীপাঠ শুরু হয়েছে। এই বাজেটে উন্নয়নের স্বপ্ন আছে। অনেক দিন-দশকের দুঃস্বপ্নের কালো রাত্রির বিভীষিকা বিদীর্ণ করে এই বাজেট ধ্বংসের পাষাণ স্তূপের মধ্যে রক্তকরবীর দর্শন ঘটিয়েছে। এই বাজেটে কবির সেই প্রকৃতি শ্মশানের বুকে আমরা রোপণ করেছি পঞ্চবটী, তাহারই ছায়ায় মিলাব আমরা জগতের শতকোটি। তবু তারই মধ্যে আত্মসন্তুষ্টির কোনো অবকাশ নেই। কারণ সবে দেখা দিল অকূল তিমির সন্তরী দূর দিগন্তে ক্ষীণ শশাঙ্ক বাঁকা। আমি অনুরোধ করব, এই বাজেটের যারা আমরা সমর্থক তাদের মনে এই চিন্তা আছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব, তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর, এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা। এখনো রয়েছে সূচির কালো রাত্রি। আমি এই বাজেটের পূর্ণ সমর্থন করছি। কারণ বাংলার পূর্ণ মুক্তি মন্ত্রের মধ্যে, আপনি একটা এমন বিশ্বাসকে ভিত্তি করে এগিয়ে গেছেন যেখানে সেই বাজেটে আমরা এগিয়ে যাবই। এই আশ্বাস, এই বিশ্বাস বাজেটের মধ্যে রণিত, এই বাজেটকে আমি সমর্থন করি। ২০১১ সালের ২১শে মে আমাদের মা-মাটি-মানুষের সরকারের যখন শুরু হল, তখন আমরা কি বার্তাটা পেলাম। সারা রাজ্য জুড়ে সন্ত্রাসের কালো ছায়া। আমি ভয় পাচ্ছি মানুষ এই কথা বলতেও তখন ভয় পাচ্ছে। পাহাড়ে পাহাড়ে অনুন্নয়ন-এর জঞ্জালে আগুন জ্বলছে, জঙ্গলমহলে খুন, জখম, বন্দুক, গুলি, মাইন, মৃত্যুর মিছিল এবং সমস্ত রাজ্য জুড়ে বেকারিত্বের হাহাকারে এই রাজ্যের আকাশ বড়ো মেঘলা। শিল্প পলাতক, বিদ্যালয়ে বিদ্যা লয় পাচ্ছে। অর্থনৈতিক দুর্দশার শেষ ধাপ সমস্ত জায়গায় যখন ঋণভারগ্রস্ততা এবং একটা অদ্ভুত মন্ত্র বলে, কেন্দ্রের কাছে চিরঋণী হয়ে যারা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার উপর ঋণ-এর বোঝা চাপিয়ে দিল, ঠিক সেই সময়ে আমরা—এই ভারতের সমস্ত গণতান্ত্রিক মানুষ প্রত্যক্ষ করল—বাংলার সেই নিপীড়িত মানুষ আমাদের সরকারকে তাদের শাসনে বসাল। তারপর আমরা যেটা করতে চাইলাম, শুধু এই বাজেট আমাদের কাছে তথা সেই বাংলার মানুষের প্রত্যাশার স্বপ্নপূরণের বাজেট। এই বাজেট আমাদের কাছে এমন একটি প্রিয়জনের মতো বাজেট, কারণ এই বাজেটকে আমাদের বড়ো প্রয়োজন ছিল।

[2.50 – 3.00 p.m.]

আমি আর নতুন করে এই কথা বলব না, সময় খুব সংক্ষিপ্ত। অনেকেই প্রশ্ন করেছেন, এই বাজেটে অনেক আশ্বাস আছে, অনেক প্রতিশ্রুতি আছে। টাকা আসবে কোত্থেকে ? আমি সবার কাছে অনুরোধ করছি, দয়া করে একবার মনে করুন সেই বিজ্ঞাপন যা দূরদর্শনে একটি অ্যাড দেখায়, সেখানে দেখা যায় একজন দুঃখিনী জননী রুটি তৈরি করছে। পাশে তার ক্ষুধার্ত ছেলে বসে। আগুনের তাপে যেমন রুটি তৈরি হচ্ছে, সেই আগুনের তাপ মায়ের হাতকে পোড়াচ্ছে। এমন একটি চিমটিও নেই যে চিমটির সাহায্যে রন্ধন কার্য শেষ

হয়। ছোটো ছেলেটি দেখছিল, অবাক নয়নে দেখছিল। ছুটে গেল সে, কুড়িয়ে নিয়ে এল একটা লোহার ভাঙা শিক। সেইটিকে বেঁকিয়ে করে দিল চিমটি। মায়ের মুখ উদ্ভাসিত হয়ে উঠল। সেই চিমটির সাহায্যে রুটি সেঁকে সেঁকে সেই রুটি দিয়ে ছেলের ক্ষুন্নিবৃত্তি করল। আমরা সেই চিমটির মতো খুঁজছি, কোথায় কোথায় আমাদের ক্ষুদ্র সংস্থান আছে। সেই ক্ষুদ্র সংস্থানের মাধ্যমে আমরা নতুন করে এই কথা প্রমাণ করার চেষ্টা করছি হোয়াট দেয়ার ইজ দ্য উইল, দেয়ার ইজ দ্য ওয়ে—আমরা নিশ্চয় কাজটা করব। কাজটা খুব কঠিন আমি জানি। কিন্তু কঠিন কাজ করতে গেলেও যে ধরনের জিনিস করা দরকার সেই জিনিস এই বাজেটের মধ্যে আছে বলে আমি এই বাজেটকে সমর্থন করছি। আমি জানি বাজেটের মধ্যে, প্রায় ছেচল্লিশ পাতার যে বাজেট, সেই বাজেটের মধ্যে অনেকগুলি সংস্থান আছে। আমরা জানি যে কোনো জায়গায় এই বাজেটের মধ্যে সেই আশা পূরণের ইঙ্গিত থাকবে। কিভাবে হবে তার সমস্ত নথিপত্র আছে এবং এই বাজেটের বিভিন্ন বিভাগে আলোচনা না করে আমি সংক্ষেপে আপনাদের সামনে নির্দিষ্ট সময়ের মধ্যে বক্তব্য শেষ করার জন্য শুধুমাত্র আপনাদের কাছে অনুরোধ করব যে সমস্ত মানুষ, এ পক্ষের শিবির, ও পক্ষের শিবির, যারা যে মানুষই আছেন, আমরা সবুজ-মেরুন, লাল-হলুদের দ্বন্দ্ব করি খেলার মাঠে, কিন্তু যখন জাতীয় দলে অংশগ্রহণ করি বা রাজ্যের দলে অংশগ্রহণ করি তখন এই সবুজ-মেরুন, লাল-হলুদের কথা ভুলে গিয়ে আমরা জাতীয়তার রঙ দেখি। যারা লাল শিবিরে লোহিতবাদী শিবিরের মানুষ, যারা সরকারি পক্ষের মানুষ, তারা সবাই মিলে আসুন না আমরা এই বাজেটের উপর পূর্ণ সমর্থন জানিয়ে বাংলার উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার জন্য এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাই এবং আসুন, যদি না আমরা মিলতে পারি, যদি আমাদের মধ্যে এমন কোনো বিভেদ থাকে যাতে আমাদের মধ্যে মেলাচ্ছে না, আসুন, আমরা বাংলা মায়ের মুক্তি মন্ত্রে বিশ্বাস করে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাই এবং আমি আহ্বান জানাচ্ছি সমস্ত পক্ষের মানুষকে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে অর্থমন্ত্রীর এই সাধু উদ্যোগকে স্বাগত জানান এবং বাংলার মুক্তিকে ত্বরান্বিত করুন। নমস্কার।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের এই রাজ্যের বিধানসভায় গত ২৩শে মার্চ আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন সেই বাজেট বিবৃতির ওপরে আলোচনা করতে গিয়ে সরকার পক্ষের সদস্য ডাঃ নুরুজ্জামান সাহেব বলেছিলেন যে বিরোধীরা এই বাজেটকে দিশাহীন বাজেট হিসাবে দেখছেন। শুধু আমরা নয়, আমরা তো বটেই, আপনাদের জোট শরিকের শরিকদল তারা এই বাজেট সম্পর্কে তাদের প্রথম প্রতিক্রিয়া ২৩ তারিখ রাতে বিভিন্ন ইলেক্ট্রনিক্স মিডিয়ার মাধ্যমে, পত্র-পত্রিকার মাধ্যমে আমরা দেখতে পাই। তাঁরাও বলছেন এই বাজেট দিশাহীন বাজেট। এই বাজেটে সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা পূর্ণ করার কোনো পদক্ষেপ বা দিশা দেখানো হয়নি। মাননীয় সদস্য অজয় দে মহাশয়, পুরনো সদস্য, আমাদের বন্ধু লোক তো বটে, তিনি তার বাজেট আলোচনায় প্রতিক্রিয়া জানাতে গিয়ে এই বাজেটের সমালোচনা করেছেন। তিনি কতগুলি প্রশ্ন তুলেছেন এই বাজেট সম্পর্কে। দু-হাজার কোটি টাকা ঘাটতির কথা যেটা বলা হয়েছে, সেটা কোথা থেকে আসবে তার কোনো পথ তারা দেখতে পারছে না। মাননীয়

মন্ত্রী মহোদয়ের কাছে তাঁর প্রশ্নের জবাব তিনি চেয়েছেন। আমরা যখন রাজ্য সরকারে ছিলাম তখন আমরা তিন মাসের একটা ভোট অন অ্যাকাউন্ট পাস করিয়ে গেছিলাম। এই সরকার আসার পর আবার তিন মাসের ভোট অন অ্যাকাউন্ট উত্থাপন করলেন। তার দু-মাসের মধ্যে আবার পূর্ণাঙ্গ বাজেট, সেই বাজেটের সময় তিনি বললেন যে ভোট অন অ্যাকাউন্ট যে বাজেট আমরা পেশ করেছি সেটাই পূর্ণাঙ্গ বাজেট। তিনি রেভিনিউ কালেকশানের ওপর জোর দিয়েছিলেন। আমরা এবার দেখছি সেই কালেকশানটা কি হয়েছে ? সেই কালেকশানের ঠিক টার্গেটে পৌঁছোনো যায়নি। আমরা অনেক পিছনে পড়ে আছি। তার কারণ একটা ঘাটতি থেকে গেল, আবার নতুন করে ঘাটতি দেখা দিচ্ছে। তিনি বলছেন, আমরা কোনো জিনিসের দাম বাড়াচ্ছি না। তিনি ঘুরপথে আসছেন। যে প্রবেশ কর, যেটা বামফ্রন্ট সরকার উঠিয়ে দিয়ে গিয়েছিল, আপনারা আবার সেই প্রবেশ কর চালু করছেন। তার মানে যেসব জিনিস আমদানি হবে, যারা আমদানি কারক তাদের ওপরে একটা ট্যাক্স চাপবে। একটা বাড়তি বোঝা চাপবে। তাহলে আমদানি কারকরা কি সেই টাকাগুলো তার পকেট থেকে দেবে ? সুতরাং জিনিসের সেই দাম বাড়বে। জিনিসের ওপরেই সেই দামটা বাড়বে। তাহলে আমাদের সামনে আপনারা যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে জিনিসপত্রের দাম অবশ্যই বাড়বে। আবার ডিজেলের দাম বাড়ছে, পেট্রোলের দাম বাড়ছে। আজকেই ইলেকট্রনিক মিডিয়ায় দেখছিলাম লিটার প্রতি ডিজেলের দাম নাকি পাঁচ টাকা করে বাড়বে। তাহলে তার চাপ তো আমাদের ঘাড়ে এসে পড়বেই। তিনি বলছেন যে রাজ্য সরকার ২২ লক্ষ কোটি টাকা নাকি দেনা করে গেছিলেন। সেই দেনার দায়ে উন্নয়নের কাজ করা যাচ্ছে না। একটা শিশু জন্মালে তার মাথায় নাকি ২১ হাজার টাকার দেনা চাপছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী জানেন না ? বিদেশী ব্যাঙ্কের কাছে ভারতবর্ষের দেনা কত ? আমাদের যে শিশু জন্মাচ্ছে তার ঘাড়ে কত দেনা চাপছে, কত দেনা নিয়ে সে জন্মগ্রহণ করছে। সুইস ব্যাঙ্কের কালো টাকার হিসাব কি তিনি জানেন না ? পাহাড় প্রমাণ কালো টাকা সুইস ব্যাঙ্কে জমা আছে। তাই নিয়ে রেগুলার সারা দেশ জুড়ে হইচই চলছে। কোনো কর্মসংস্থানের উল্লেখ কিন্তু বাজেট বিবৃতিতে নেই। পরে একটা স্টেটমেন্ট করলেন নাকি দশ লক্ষ ছেলেদের কর্ম সংস্থান হবে। কিভাবে হবে ? কোথা থেকে হবে ? তার কোনো দিশা নেই। আমরা বলি, সরকারি পক্ষের সদস্য বন্ধুরা প্রতি আলোচনায় বলছেন ৩৪ বছরে বামফ্রন্ট সরকার নাকি কিছু করেনি। কোনো উন্নয়ন তাঁরা দেখতে পাননি। আপনাদের জ্ঞাতার্থে বলি, যখন ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসে তখন পশ্চিমবাংলায় কত মানুষ দারিদ্র্যসীমার নীচে বসবাস করত ? ৫২ থেকে ৫৫ শতাংশ। সেই দারিদ্র্যসীমার নীচে বসবাসকারীর শতাংশটা এখন অনেক কমে নেমে এসেছে। এখন ২২, ২৩ শতাংশের মতো মানুষ এই রাজ্যে দারিদ্র্যসীমার নীচে আছে, এতটাই বামফ্রন্টের আমলে তখন উন্নতি হয়েছে। এবং এটা করতে গিয়ে আমরা যখন সরকারে আসলাম তখন আমরা দেখলাম, আমাদের দেশে চাষের যে জমি ছিল, সেই জমির সেচ ব্যবস্থা সম্প্রসারিত করা হয়নি। মাত্র ২৭ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল, বাদবাকি জমিতে ছিল না। আমাদের ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ। কৃষি, অর্থনীতিকে চাঙ্গা করতে গেলে সেচ

ব্যবস্থার উন্নয়ন করতে হবে। সেই ২৭ শতাংশ থেকে আজকে সেচ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে ৭২ থেকে ৭৩ শতাংশে। কিন্তু এই বাজেটে, আগামী বছরে সেচ ব্যবস্থার আরো বৃদ্ধি করার যে প্রস্তাব, সেই প্রস্তাব নেই। তিনি শুধু একটা কথা বলছেন, তিস্তা ব্যাপারটা নিয়ে বলেছেন, সেখানে কিছু বাড়বে। তিস্তা জাতীয় প্রকল্প। সেখানে কেন্দ্রীয় সরকারের ৯০ শতাংশ টাকা দেওয়ার কথা, রাজ্য সরকারের ১০ শতাংশ টাকা দেওয়ার কথা। সেই টাকা পাইনি। না পাওয়া সত্ত্বেও রাজ্য সরকার তার নিজস্ব আয় থেকে সেই তিস্তা প্রজেক্টের কাজ অনেকটা এগিয়ে নিয়ে গেছেন। যার ফলে আজ ঐ এলাকাতে চাষের অনেক উন্নতি হয়েছে।

[3.00 – 3.10 p.m.]

আমাদের মাননীয় বিরোধী দলের নেতা বলছিলেন যে, কৃষিতে একমাত্র বাড়াবার জায়গা হচ্ছে পশ্চিমবঙ্গ, পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আর কৃষি বাড়াবার কোনো জায়গায় স্থান নেই, কৃষি বাড়াবার জায়গা আছে পশ্চিমবঙ্গে। বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে, আমরা সেই জমি ভূমি সংস্কার করে, খাস জমি, উদ্বৃত্ত জমি উদ্ধার করে ৩০ লক্ষ মানুষকে পাট্টা দেওয়া হয়েছে। আমরা ১৫ লক্ষ মানুষকে বর্গা রেকর্ড করিয়েছি। যত জমি মানুষের হাতে যাবে, তত তার ফসল, তার চাষের উন্নতি হবে, সেচ ব্যবস্থার সঙ্গে সঙ্গে। ভূমি সংস্কার করার ফলে আজকে চাষের যে উন্নতি, গ্রামবাংলার কৃষকের যে উন্নতি, সেই উন্নতি হয়েছে। আমাদের মাননীয় সদস্য বলছিলেন, চাষের কৃষিতে এখন শিল্প ঢুকে গিয়েছে, সেখানে ধান কাটার মেশিন আসছে, ধান ঝাড়াই মেশিন, বিভিন্ন ভাবে আজকে কৃষিতে কৃষকের কর্মসংস্থানের যে পথ, সেই পথটাকে অনেকটা আটকাবার চেষ্টা করা হচ্ছে। কৃষি যদি না বাঁচে, মানুষ যদি না বাঁচে, তাহলে দেশের অর্থনীতি চাঙ্গা হবে না। তাই কৃষির উপর ভিত্তি করে মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন করতে হবে, কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে পঞ্চায়েতের মাধ্যমে। ১৯৭৭-৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন, কোনো দিন হয়নি, রাজ্য সরকার করতে পারেনি। অথচ জাতির জনক মহাত্মা গান্ধী বলেছিলেন, শুধু শহরের উন্নয়ন করলে হবে না, দেশকে যদি রক্ষা করতে হয়—তাহলে গ্রাম বাংলাকে বাঁচাতে করতে হবে। ত্রিস্তর পঞ্চায়েতের কথা বলেছিলেন। আমরা আসার পর ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম বাংলার উন্নয়ন, সেই উন্নয়ন আমরা করেছি। শিক্ষার ক্ষেত্রে জাতীয় একটি সমীক্ষা বার হয়েছে। সেই সমীক্ষাতে পশ্চিমবঙ্গে শিক্ষা হচ্ছে ৭৮.৬ শতাংশ, জাতীয় স্তরে যা ৭৪ শতাংশ। আমরা পশ্চিমবাংলায় গ্রামবাংলাতে শিক্ষার হার অনেকটা বাড়িয়েছি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন, সরকারি আমলা যাঁরা আছেন, তাঁদের ছেলে-মেয়েদের শিক্ষার জন্য নাকি মডেল স্কুল তৈরি করছেন। সেখানে তাদের ছেলে-মেয়েরা আই.এ.এস., আই.পি.এস., অফিসার তৈরি হবে, গ্রাম বাংলার মানুষেব কি হবে ? তিনি ৫০০টি স্কুল উন্নীত করবেন মাধ্যমিকে, তার পরের বছর ৪৯৯। তাহলে প্রাথমিক স্কুলগুলি কি হবে ? তার আপগ্রেডেশান হবে কি না ? সীমিত পরিকাঠামো যা আছে, এক সময় ছিল না কিছু—আমরা করেছি। সেই পরিকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে এই সরকারের কোনো দিশা নাই। এক সময় আমাদের দেশের মানুষ কারিগরি শিক্ষার জন্য পড়তে যেত বাইরে, সেখানে

ডোনেশান দিতে হত, আজকে আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ কত হয়েছে ? পলিটেকনিক কত হয়েছে ? আই.টি.আই. কত হয়েছে, আপনারা সকলে জানেন। ৭০টা প্রায় পলিটেকনিক কলেজ হয়েছে, ৮৯টা আই.টি.আই. হয়েছে। বাজেটে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের উন্নয়নকে এগিয়ে নিয়ে গেছে। এই বাজেটে আপনারা কোনো দিশা দেখাতে পারেননি, তাই বাজেটকে সমর্থন করতে পারছি না।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয়, গত ২৩শে মার্চ এই পবিত্র সদনে তিনি যে ২০১২-২০১৩ সালের যে আর্থিক ব্যয়বরাদ্দ বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, বিরোধী পক্ষে মাননীয় বিধায়ক, মন্ত্রীও ছিলেন এই রাজ্যে— আনিসুরবাবু বললেন যে, উনি ঘুমোতে পারছেন না। এত অসুবিধা হচ্ছে ওনার, নাকি আমাদের সঙ্গে জোটসঙ্গীর গোলমালে ; নিজেদের গোলমাল দেখতে পারছেন না, উনি ঘুমাতে পারছেন না। স্যার, একটা কথা মনে পড়ে গেল। আমি তো গ্রামবাংলার মানুষ, গ্রামের মানুষ। গ্রামে গ্রীষ্মকাল চলে গেলে বর্ষাকাল আসে। আমাদের বলদের প্রয়োজন হয় চাষের জন্য, কৃষিকাজের জন্য। একজন গরীব কৃষক, তার দুটি বলদ আছে। একটা বলদ হঠাৎ মাঠে চরতে গিয়ে আর ফেরে না সেই দিন। সেই কৃষক কয়েকদিন ধরে খুঁজে খুঁজে না পেয়ে বাড়ি ফিরেছে। তখন তার স্ত্রী জিজ্ঞাসা করছেন, 'কি গো, তুমি গরুটা পেলে ?' তার উত্তরে কৃষক বলল, 'সে কথা আর কি বলব মা, কয়েকদিন সারাদিন ধরে খুঁজলাম, গোরুটা পেলাম না।' স্ত্রীকে মা বলে ফেললেন। তো অবস্থা বিরোধী পক্ষদের একই রকম হয়েছে যে এরা একেবারে ক্ষমতা হারিয়ে মাত্র ৯ মাসের সরকারকে যেভাবে আক্রমণ করছেন আমরা ভাবতে পারি না। ৩৪ বছর বললে আমার বিরোধী বন্ধুদের ভীষণ কষ্ট হয়। এ তো ঠিকই, ৩৪ বছর একদিকে একটানা ছিলাম, লাল আলোর গাড়ি চড়েছি, শীততাপ নিয়ন্ত্রিত ঘরে থেকেছি, আর হঠাৎ পশ্চিমবঙ্গের মানুষ ৩৪ বছর পর উল্টো দিকে পাঠিয়ে দেবেন ওরা ভাবতেই পারে নি। স্বাভাবিক কারণে ওরা আমাদের অর্থমন্ত্রীর এই বাজেট এবং তিনি বিভিন্ন বিভাগে যা বরাদ্দ করেছেন তাতে ওরা দিশা দেখতে পাচ্ছেন না। তাই বলি স্যার আমি এর আগে পবিত্র সদনে ছিলাম। আমাদের আগের যে ওনাদের অর্থমন্ত্রী ছিলেন, তিনি ঘাটতি শূন্য বাজেট পেশ করতেন। এক টাকা আয় তো এক টাকা ব্যয়। তাহলে ঘাটতি এল কোথা থেকে ? ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণ কেন আপনাদের সময় হল, তার জবাবটা আপনাদের দিতে হবে। আমি স্যার দু-একটি কথায় যাব। কৃষকদের জন্য ওরা কেঁদে পাগল হয়ে গেছে ! স্যার, আমি যে বিধানসভা কেন্দ্র থেকে এসেছি, কৃষক আন্দোলনের এক ঐতিহ্যমন্ডিত কেন্দ্র, নাম কাকদ্বীপ। যেখানে তেভাগা আন্দোলন হয়েছিল। অহল্যা, বাতাসী, সুধীর, সুরেন, নীলকণ্ঠ, কার্তিক, খগেন—এরা আত্মত্যাগ করেছে এই কৃষক আন্দোলনে, কমিউনিস্ট আন্দোলনে। স্যার ওদের জিজ্ঞাসা করুন তো সেই অহল্যা, বাতাসী, সুধীর, সুরেন, নীলকণ্ঠ, কার্তিক, খগেনের নামে সেই গান

গাইতে গাইতে, সলিল চৌধুরী সেই গানকে কেন্দ্র করে ৭০-এর দশকে এরা ক্ষমতায় এসেছিলেন। আজকে সেই অহল্যা, বাতাসী, সুধীর, সুরেন, নীলকণ্ঠ, কার্তিক, খগেনের পরিবারের লোকেরা কে কোথায় আছে, ওরা খোঁজ নিয়েছেন ? ওরা কৃষকের কথা বলছেন। আমাদের নেত্রী, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী, ২১শে জুলাই ১৯৯৩ সালে যে অত্যাচারে—আমরা তখন অবিভক্ত কংগ্রেসে যুব কংগ্রেসে নেতৃত্ব দিয়েছি, কাজ করেছি—সেইদিন ১৩টি যুবকের প্রাণ নিয়েছিল ওরা, আমাদের নেত্রী কয়েক বছর ধরে এই ২১শে জুলাই দিনটি পালন করেন। এই দিন অহল্যা, বাতাসী, সুধীর, সুরেন, নীলকণ্ঠ, কার্তিক, খগেনের পরিবারদের আমি তাদের সাথে করে নিয়ে এসেছিলাম, ওই শহীদদের সঙ্গে এই শহীদ পরিবারদেরও তিনি সম্মান জানিয়েছেন। ওরা কৃষকের কথা বলছে। ওদের মুখে কৃষকের কথা মানায় না। আমাদের অর্থমন্ত্রী, এই সরকারের অর্থমন্ত্রী—মা-মাটি-মানুষের সরকার বলতে এদের কষ্ট, হ্যাঁ সত্যিই তো কষ্ট। ওরা মা-কে অপমান করেছে। ওরা মাটিকে অসম্মান করেছে, মাটিকে ধর্ষণ করেছে, মাটিকে খুন করেছে। আর মানুষকে অমর্যাদা করেছে, মানুষকে খুন করেছে। যারা ওদেরকে সমর্থন করে নি, সে যে রাজনৈতিক দলের হোক না কেন, তাদেরকে ওরা মেরেছে, খুন করেছে, পুঁতে দিয়েছে। আজও কঙ্কাল পাওয়া যায়। আজও মানুষের কান্না শোনা যায়। মরীচঝাঁপির কান্না আজও মানুষের কানে বাজে।

[3.10 – 3.20 p.m.]

স্যার, এই বিজন সেতুর ঘটনা আজও মানুষের কানে বাজে। তাই আজ সেই নন্দীগ্রাম, নেতাই কৃষকদের প্রেম করে ওরা কৃষকদের জন্য। মগরায় কৃষকরা জল চাইতে গিয়েছিল। সঙ্গে ছিল কি ? কোনো গুলি, কোনো বোমা, কোনো বারুদ ? কিছু ছিল না। ওসব ছিল না। লাঙ্গল, জোয়াল ছিল কৃষকদের কাঁধে। নির্বিচারে মগরাতে গুলি চালিয়ে দিল কৃষকদের উপর। কোচবিহারে, দিনহাটায় প্রয়াত কৃষিমন্ত্রী কমল গুহ-র পুত্র—লম্বা-চওড়া কথা বলছেন এখানে—সেখানেই গুলি চালিয়ে দিয়েছে কোচবিহারে ফরোয়ার্ড ব্লকের উপর। এই ইতিহাস আমরা সব জানি। আমি স্যার এদের কথা আর বেশি বলতে চাই না। ওই প্ল্যাকার্ডগুলো স্যার একটু গোছাতে বলুন, স্যার আমি আপনাকে একটু অনুরোধ করছি। ওরা বলছেন, আমাদের উত্তর ২৪-পরগনা, নদীয়া, মুর্শিদাবাদে আমার নির্বাচিত জেলা পরিষদ ভেঙে দিয়েছে। স্যার, আগামীকাল আমাদের শ্রদ্ধেয় পঞ্চায়েত মন্ত্রী বিবৃতি দেবেন। একটা বিষয়ের উপর ওরা অ্যাডজর্নমেন্ট মোশন আনল স্যার, আবার কলিং অ্যাটেনশানও আনল। মাননীয় মন্ত্রী বললেন, তিনি এর উত্তর দেবেন। তা সত্ত্বেও মনঃপূত হল না। চিৎকার করলেন, করে হাউসটাকে গরম করে দিয়ে বেরিয়ে চলে গেলেন। করে বিপ্লব করলেন ওই সব দিয়ে। আমরা আমাদের সরকার নীতিগত আমরা কোনো ভাঙিনি। আপনারা সংখ্যালঘুদের জন্য কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের শয়ে শয়ে কোটি কোটি টাকা ইমপ্লিমেন্ট করতে পারছেন না। তাই সেখানে ডি.এ., এস.ডি.ও., বি.ডি.ও.-দের দিয়ে কার্যভার পরিচালনার দায়িত্ব দিয়েছেন। আপনারা গাড়ি চড়বেন। আপনারা গাড়ি চড়েন এমনি, শুধু ডি.এম.-এর কাছে ওই

পেট্রোলের গাড়ির তেলের বিলটা ধরিয়ে দিতে হবে এইটুকু আপনাদের কষ্ট হচ্ছে। স্যার, আমি একটু বাজেটের মধ্যে যাব। কারণ আমার সময় খুব অল্প। আমাকে মাত্র সামান্য কয়েক মিনিট দেওয়া হয়েছে। স্যার, ওরা অনেক বলছেন তো। একটু না বলে পারি না, তাই একটু বলেছি। স্যার, আপনি আলো জ্বালিয়ে দিয়েছেন। আমার স্যার দশ মিনিট। আমি স্যার একটু বলছি। ওরা যাবার সময় এফ.আর.বি.এম. চালু করে দিয়ে, আইন চালু করে আমার সরকারকে বাধ্য করল, ১৭ হাজার ৮২৮ কোটি টাকা নেওয়ার ব্যবস্থা করল। ওরা বলছিলেন এবং সেখানে, ওরা যাওয়ার সময় এক মাসে ৮.৪.১১ থেকে ৬.৫.১১ পর্যন্ত ১৭ হাজার ৮২৮ কোটি টাকার মধ্যে ৫ হাজার ৭১৩ কোটি টাকা নিয়ে চলে গেলেন। স্যার, আমি এক মিনিট সময় নিতে চাইছি। এক মাসে যদি স্যার এই টাকা তুলে নিয়ে যায়, তাহলে সারা বছর কত হাজার কোটি টাকা এরা তুলে নিয়ে চলে যেত আপনি ভেবে দেখুন। সর্ব ক্ষেত্রে আমার সরকার কৃষি, সেচ, সমবায়, স্বাস্থ্য, শিক্ষা সর্ব ক্ষেত্রে বাজেটে যে তিনি বরাদ্দ করেছেন, সেই বাজেটকে আমি পূর্ণাঙ্গ সমর্থন করি এবং ডঃ অমিত মিত্রের এই বাজেট দিশা যুক্ত বাজেট, এই বাজেটে কর্মসংস্থান থেকে আরম্ভ করে সর্ব ক্ষেত্রে সাধারণ মানুষ, সর্বক্ষেত্রে মহান এই বাজেট, এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করে বিরোধীদের বিরোধিতা করে আমার কথা শেষ করছি।

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রথমেই একটা কথা বলতে চাই। বাজেটের কথা পরে থাকবেই। আমি অনেককাল ধরে দেখছি, আপনিও জানেন, আপনি এখানে অনেকদিনের সদস্য। রাজ্যপালের ভাষণের শেষে ধন্যবাদ জ্ঞাপক একটা প্রস্তাব পেশ করা হয়। একজন উত্থাপন করেন, যাকে আমরা মোশান বলি। আলোচনা হয়। সরকারি পক্ষ, বিরোধী পক্ষ আলোচনা করেন। মুখ্যমন্ত্রী আলোচনা করেন। কিন্তু সর্বশেষে ধন্যবাদজ্ঞাপক এই প্রস্তাবে জবাবী ভাষণ দেন তিনি, যিনি মোশানটা উত্থাপন করেছিলেন। সেদিক দিয়ে এবার দেওয়া উচিত ছিল মাননীয় শ্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয়ের। তিনি এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবটার উত্থাপন করেছিলেন। হল না, প্রথা অনুযায়ী যা হওয়ার কথা হল না। মুখ্যমন্ত্রীর বক্তব্যের পরেও সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি এটাকে গ্রহণ করবার জন্য সদস্যদের কাছে রাখলেন। এ আমার মনে হচ্ছে প্রথাটা ভাঙা হয়েছে, এছাড়া কিছু নয়। বাজেট এখানে আলোচনা হচ্ছে। বাজেট আমরা জানি যে, অনুমিত আয়, অনুমিত ব্যয়। ব্যয় বেশি হলে ঘাটতি হবে, এখানে ঘাটতি আছে ৯ কোটি টাকা, এটা দিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী। প্রথমে একটা কথা বলা দরকার যে, গোটা দেশের যে বাজেট লোকসভায় উত্থাপিত হয়েছে, আলোচিত হচ্ছে সেখানে দেখা যাচ্ছে উদার বাজেট প্রাধান্য—উদারিকরণ। তার মানে বিরাষ্ট্রীয়করণ। মাত্র পাঁচ বছর আগে দেখা গেছে যে, কেন্দ্রীয় সরকারের ২৪৪টি রাষ্ট্রীয় সংস্থার মধ্যে ২৭টি বন্ধ হয়ে গেছে অথবা বেচে দেওয়া হয়েছে। ২৭টির মধ্যে ২০টি হচ্ছে পশ্চিমবাংলায়। ১৯৯১-৯২ এবং ২০০৮-০৯ সাল পর্যন্ত ৫৩ হাজার ৪২৩ কোটি টাকার শেয়ার কেন্দ্রীয় সরকার দেশী-বিদেশী সংস্থার কাছে বিক্রি করে দিয়েছে। একই সঙ্গে সরকার নিজে ঢালাও কর্মী সংকোচন করছে। ২৩ লক্ষ

শ্রমিক, অফিসার, ইঞ্জিনিয়ার রাষ্ট্রায়ত্ত সংস্থায় কাজ করতেন। এখন তা কমতে কমতে ১৫ লক্ষতে দাঁড়িয়েছে। Shyam Pitroda তার Committee-র রিপোর্টে বলছে বি.এস.এন.এল.-এর ১ লক্ষ কর্মীকে ছাঁটাই করতে হবে। দেখা যাচ্ছে লোকসভাতে কৃষি বরাদ্দ ছাঁটাই হচ্ছে এবং এর অনিবার্য যে প্রভাব আমাদের রাজ্যে পড়বে না ? রিজার্ভ ব্যাঙ্কের 1 স্ফীতির সাথে মুদ্রাস্ফীতির একটা সম্পর্ক রয়েছে। মুদ্রা বাড়লে টাকার দাম কমে, আর টাকার দাম কমলে জিনিসের দাম বাড়ে। এটা সবাই আমরা জানি। আমাদের রাজ্যে জিনিসের দাম বেড়েছে, আরও বাড়বে। সামনের দিন তো সাংঘাতিক অবস্থা হবে। এখনই সরষের তেলের দাম একশো টাকা কেজি, শিশির দামই দশ টাকা। আর ভ্যাটে আবার এক শতাংশ বৃদ্ধি করা হয়েছে। প্রবেশ কর চালু করা হয়েছে। রেলের মন্ত্রী পরিবর্তন করলে কি হবে ? পণ্যমাশুল ঠিক আছে। তাহলে বাজারটা আগামীদিনে কোথায় গিয়ে দাঁড়াবে। এতো আমার-আপনার কথা না, বিরোধী পক্ষ সরকার পক্ষের ব্যাপার নয়। সাংঘাতিক অবস্থা আসছে। এটা ভাববার দরকার আছে। এই জন্য আমরা মনে করি, কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে দলমত-নির্বিশেষে সোচ্চার হওয়া দরকার। এই যে উদারবাদ, এই যে কর্মী ছাঁটাই, জিনিসের দাম বৃদ্ধি—এগুলির বিরুদ্ধে দলমত-নির্বিশেষে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে হবে। আপনাদের সাথে অনেক পার্থক্য থাকতে পারে। আপনারা তৃণমূল, আমরা বামফ্রন্ট। রাজ্যের স্বার্থে এই ব্যাপারে সোচ্চার হওয়া দরকার। যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করছেন তা মানুষ মারার নীতি। আমাদের দেশের মানুষ মরবে। ওই জন্য প্রতিবাদ করা দরকার। মাননীয় অর্থমন্ত্রী বাজেট একটা কথা লিখেছেন, নবজাগরণ এবং হারানো গৌরব ফিরিয়ে আনার উদ্দেশ্যে শুরু হল মা-মাটি-মানুষের সরকার। এই কথা তারস্বরে বললে ছাঁটাই কি বন্ধ হবে, জিনিসের দাম কমবে ? পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলবে ? হারানো গৌরব ফিরিয়ে আনাতে এই কথা বলার উদ্দেশ্য কি আমি বুঝলাম না। এই কথা বলার উদ্দেশ্য আমি যা বুঝলাম—১৯৭৭ সালে বামফ্রন্ট ক্ষমতায় এসেছিল। তবে তার আগেরটা হারানো গৌরব। সে তো সাংঘাতিক অবস্থা, জরুরি অবস্থা। ৭৭ সালের পূর্বে তো ছিল জরুরি অবস্থা। কথা বলার স্বাধীনতাই ছিল না। খবরের কাগজে পড়তাম, সাদা... কিছু নেই। কিছু লেখা আছে, কিছু বেড়িয়েছে। যারা শাসক গোষ্ঠীর ছিল তাদেরই স্বাধীনতা ছিল, অন্য কারও নেই। এই অবস্থা ডঃ অমিত মিত্র ফিরিয়ে আনতে চাইছেন। হৃতগৌরব কি সেটাই ! এতো সাংঘাতিক অবস্থা। আমি জানি না উনি কি বলবেন ?

[3.20 – 3.30 p.m.]

আরেকটা বিষয় হচ্ছে, বাজেটে নির্ধারিত সংগ্রহ ও ব্যয় উভয়ই নির্ভর করে রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষার ওপর ; অনেকটা। শাসক রাজনৈতিক দল বিরোধী রাজনৈতিক দলকে হেনস্থা করছে, বিরোধী দলের কর্মীদের হত্যা করছে, মিথ্যা মামলায় জড়াচ্ছে। এর ফল মারাত্মক। আর, শাসক দলের নিজেদের মধ্যে যদি গোষ্ঠীদ্বন্দ্ব প্রকট হয়, নিজেদের মধ্যে মারামারি, কাটাকাটি হয়, মন্ত্রীদের গাড়ি ভাঙচুর করা হয়—চলে গেছেন আমাদের পর্যটন

মন্ত্রী—তবে তার ফল আরো মারাত্মক হয়। আমাদের মাননীয় বিরোধী নেতা সেদিন বলছিলেন, আপনাদের দলের মধ্যে দ্বন্দ্ব, গোষ্ঠীদ্বন্দ্ব ইত্যাদি। তা মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, 'আমাদের-টা আমরা দেখে নেব, আমাদের জন্য ভাবতে হবে না।' বললে হয় ? আমাদের-টা আমরা দেখে নেব—এটা বললে হয় ? বাইরের সভায়, প্রকাশ্য সমাবেশে মারামারি করছেন, গাড়ি ভাঙছেন। মানুষ কী শিখবে ? গোষ্ঠীদ্বন্দ্ব। শুধু ৩৪ বছর, ৩৪ বছর করে কাটিয়ে দিচ্ছেন। আরে ৩৪ বছর আমাদের গৌরব, আমাদের গর্ব। মনে রাখবেন, নিজেরাও ভাবুন বুকে হাত দিয়ে, ৭টা দল একসঙ্গে মিলে সরকার চালিয়েছি সাফল্যের সঙ্গে। সারা ভারতে আর নজির নেই। বিশ্বে আছে কিনা আমি জানি না। ভাবুন। আপনারা ৫ বছর কাটান তো ভালো ভাবে। ৫টা বছর ভালো ভাবে কাটান, ৩৪ বছর লাগবে না। কেন এমন করছেন—মারামারি, কাটাকাটি ? কী দরকার ? সংসদীয় গণতন্ত্রে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে যদি আদর্শ না থাকে, নিষ্ঠা না থাকে তাহলে গণতন্ত্র বাঁচে, উন্নয়ন হয় ? দেশ রসাতলে যায় না ? শুধু আমার দল, আমার দল বললে হবে ? মোটেই আপনার দলের ব্যাপার না। এটা সব দলের ব্যাপার, সব মানুষের ব্যাপার। এটা একজনের ব্যাপার না। মারামারি, কাটাকাটি হলে, আইন-শৃঙ্খলা বিপন্ন হলে মওকা পায় সমাজ বিরোধীরা। তারা মাথা উঁচু করে দাঁড়ায়। এটা আমাদের অনেক দিনের অভিজ্ঞতা। একই দলের মধ্যে মারামারি, কাটাকাটি হলেও খারাপ, দুটো দলের মধ্যে হলেও খারাপ। এই অবস্থায় সমাজ বিরোধীরা মাথা উঁচু করে দাঁড়ায়। তারা মওকা পায়। তারা আইন-শৃঙ্খলা বিপন্ন করে দেয়। আর, সেই বিপন্ন আইন-শৃঙ্খলার মধ্যে মাননীয় অর্থমন্ত্রী যদি মনে করেন এই রেভিনিউ তুলব, আমি ঠিকমতো ব্যয় করব, তা হয় না। কোনদিনও করা যায় না। তাই সতর্ক থাকতে হয়। না হলে বাজেট লক্ষ্যহীন হয়ে পড়ে। কিচ্ছু করা যায় না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে পাঠ করলে 'নতুন সরকার কার্যভার গ্রহণের সময় রাজ্যের অবস্থা ছিল খুব সঙ্গিন। প্রায় ২ লক্ষ কোটি টাকা ঋণের বোঝা নিয়ে রাজ্যের আর্থিক অবস্থার নাভিশ্বাস উঠে গেছে।' আমাদের অন্যতম নেতা মাননীয় আনিসুরবাবু এ ব্যাপারে বলেছেন তাই আমি বেশি কিছু বলছি না, শুধু এটুকু বলছি, এই সমস্ত ঠিক না। এই যে বলছেন ২ লক্ষ কোটি টাকা ঋণ, এই হিসাব ঠিক নয়। উনি বলেছেন তাই আমি আর এ ব্যাপারে কিছু বলছি না। শুধু এটুকু বলে রাখি, ভারতবর্ষে সবচেয়ে বেশি ঋণ মহারাষ্ট্রের। পশ্চিমবঙ্গ একাদশ স্থানে। এই হিসাবটা জেনে রাখবেন। আমার হিসাব না, ওনাদের হিসাব। মাননীয় অর্থমন্ত্রী বলছেন তাঁর বিবৃতিতে অনেক কথা বলেছেন। 'রাজ্যে পুলিশী ব্যবস্থা ভেঙে পড়ার কারণ আপনারা ভালোভাবে জানেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো রাজনৈতিক শক্তির ক্রীড়া ক্ষেত্রে পরিণত হয়েছিল আর রাজ্যে পুলিশী ব্যবস্থা ভেঙে পড়েছিল।' তাহলে এখন কী ? এখন চিত্রটা কী ? খবরের কাগজ খুললেই তো দেখছি প্রতিদিন খুন, রাহাজানি, দিনে-দুপুরে ডাকাতি আর হত্যার তো কথাই নেই, দিনের বেলায় মা, মেয়ে শুদ্ধ খুন করছে, ফেলে রেখে চলে যাচ্ছে। কেউ কখনও শুনিনি। এই ৮/৯ মাসে মানুষ বুঝতে পারছে কী অবস্থায় আমরা পড়েছি। আর শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, আমি একটু বলি, বেশি বলার সময় নেই। বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষায় যে উন্নতি হয়েছে, শিক্ষার হার যে বেড়েছে—

এ বিষয়ে কোনো সন্দেহ নেই। ইকোনমিক সার্ভে অব ইন্ডিয়ার একটা প্রত্যয়, আমি বলছি— লিটারেসি রেট যেটা ২০১১-য়, উত্তরপ্রদেশে শতকরা ৬৯.৭২, বিহারে ৬৩.৮২, আসামে ৭৩.১৮, ওড়িশায় ৭৩.৪৫, মধ্যপ্রদেশে ৭০.৬৩, পশ্চিমবঙ্গে ৭৭.০৮, এটা আমাদের রিপোর্ট নয়। শিক্ষায় নৈরাজ্য চলছিল, বললে হবে ? উনি যা বলে গেলেন তাই। স্কুল শিক্ষা, উচ্চ শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষায় প্রভূত উন্নতি হয়েছিল। সুতরাং শিক্ষায় নৈরাজ্য চলছিল এটা বলা ঠিক নয়, যা মনে আসে বলতে নেই, লিখতে নেই। ১৯৭৭ সালে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২ লক্ষ ৬ হাজার, আর ২০০৬ সালে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ৭ লক্ষ ৫৪ হাজার, আর এ বছরে ১০ লক্ষ ছাড়িয়ে গেছে। নৈরাজ্য চললে এসব হয় ? হয় না। গতকাল শাসক দলের একজন কলেজের শিক্ষক বলছিলেন, কলেজ শিক্ষকের অ্যাপয়েন্টমেন্ট পেয়েও কলেজে যোগদান করতে তাকে বাধা দেওয়া হয়েছিল। এটা ঠিক না, ঠিক হয়নি। যারাই করুক না কেন ঠিক করেনি। কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য জানিয়ে রাখি, পূর্বতন বামফ্রন্ট সরকার দায়িত্বভার নেওয়ার একটু আগে শিক্ষা ক্ষেত্রে কি পরিস্থিতি ছিল, তা আজকের প্রজন্মের পক্ষে কল্পনা করা অসম্ভব। আমিও স্কুল শিক্ষকতা করেছি কিছুকাল। অরাজকতা, খুনোখুনি, গণ-টোকাটুকি, পরের পর শিক্ষাবর্ষ পিছিয়ে যাওয়া, কালিমালিপ্ত করে দিয়েছিল পশ্চিমবাংলার ভাবমূর্তি। মনে আছে সবই। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য গোপাল সেনকে নৃশংসভাবে খুন করা হয়েছিল। একটু বয়স্ক মানুষ ছিলেন যাই হোক। ক্লাসের মধ্যে পুড়িয়ে মারা হয়েছিল দুর্গাপুরের এম.এ.এম.সি. স্কুলের প্রধান শিক্ষক বিমলেন্দু দাশগুপ্তকে। আমাদের মনে আছে। স্কুলে ঢুকতে দেওয়া হয়নি, হুড়হাড় করে তাড়িয়ে দেওয়া হয়েছিল। একরকম কত শিক্ষকের ক্ষেত্রে হয়েছে তার ঠিক নেই। নৈরাজ্য তো হয়েছে, বলেননি। মাদ্রাসা শিক্ষাকে আধুনিক শিক্ষায় আনার জন্য ১৯৯৫ সালে মাদ্রাসা পাঠ্যক্রমকে মাধ্যমিকের সমতুল করা হয়েছিল, সবাই জানে। মাননীয় সদস্যরা জেনে রাখুন, মধ্য শিক্ষা পর্ষদ, স্বশাসিত মধ্য শিক্ষা পর্ষদ, একমাত্র পশ্চিমবঙ্গ রাজ্য যেখানে স্বশাসিত মাদ্রাসা পর্ষদ আছে, ভারতের মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গেই আছে। স্বাস্থ্য ক্ষেত্রে রাজ্য সরকারের কাছে জনগণের প্রত্যাশা যখন বাড়ছে তখন গোটা দেশের অবস্থা কি হচ্ছে শুনে নিন। মোট অভ্যন্তরীণ উৎপাদনের ০.৯ শতাংশে নেমে এসেছে স্বাস্থ্য ক্ষেত্রে বিনিয়োগ গোটা দেশে। জাতীয় স্বাস্থ্য কর্মসূচিগুলির জন্য যেখানে কম করে বহু কোটি টাকা প্রয়োজন, সেখানে কেন্দ্র রাজ্যগুলির সম্মিলিত দায়ভার এর অর্ধেকেরও কম। মোট সরকারি ব্যয়ের মাত্র ০.৫ শতাংশ খরচ হচ্ছে। ফলে দেশের স্বাস্থ্য বিচারে ভারত বিশ্বের দরিদ্রতম দেশগুলির মধ্যে একটা বা তার পিছনে। কি করবেন, ভারত সরকারের এই অবস্থা, থাকলেও পারবে না। কিচ্ছু করার নেই। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অনুপ ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১২-১৩ বর্ষের যে পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[3.30—3.40 p.m.]

স্যার, এই বাজেট সম্পর্কে বিরোধী বন্ধুরা অনেক সমালোচনা করলেও আমাকে বলতেই হয় যে, এই বাজেটে যে নতুন দিশা রয়েছে, যে ভালোবাসা রয়েছে, যে আন্তরিকতা রয়েছে পশ্চিমবঙ্গের মানুষের জন্য এবং তার যে মা-মাটি-মানুষের জন্য আন্তরিকতা রেখেছেন তাকে সমর্থন না করে পারা যায় না। কিছুক্ষণ আগে আমার এক বিরোধী বন্ধু বলছিলেন এবং কৃষির প্রতি দরদ তিনি দেখাচ্ছিলেন। কৃষির ক্ষেত্রে কি করা হয়েছে না করা হয়েছে তাই নিয়ে তিনি টিকা-টিপ্পনী করলেন। কিন্তু একটা কথা বলতেই হবে যখন সিঙ্গুরে সবচেয়ে উৎকৃষ্ট জমি তিন ফসলী জমিকে মরুভূমি করে দেওয়া হল তখন কি আপনার নজরে এল যে কৃষির দিকে নজর দেওয়া হচ্ছে না। আগে কোথায় ছিলেন ? আর এই সরকার শুধু কৃষিই নয়, কৃষির সঙ্গে ইন্ডাস্ট্রিকেও সমানভাবে নজর দিয়েছেন। আমরা সবাই জানি আমাদের দেশ গরীব, এখানে ৭০ শতাংশ লোক গ্রামে বাস করে। তাই তিনি কৃষিতে যেমন জোর দিয়েছেন তার সঙ্গে ক্ষুদ্র এবং কুটির শিল্পের দিকেও নজর দিয়েছেন যাতে করে মানুষ সেখানে এমপ্লয়মেন্ট পায়। তার সঙ্গে ভারি শিল্পকেও তিনি উপেক্ষা করেন নি। আজকে এই কথা বলতেই হবে নতুন সরকার তার কার্যভার গ্রহণ করবার সময়ে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এই সমস্ত অঞ্চলে চাকুরির সেইরকম সুযোগ ছিল না। বামফ্রন্টের ভ্রান্ত নীতির ফলে দার্জিলিং এবং তরাইয়ের আর্থ সামাজিক জীবনের অবস্থা ছিল ভয়াবহ। সুন্দরবন অবহেলিত। দেশের পুলিশ প্রশাসন ভেঙে পড়েছিল। পুলিশ হয়ে উঠেছিল আজ্ঞাবহ দাস। আর সেখানে চলছিল দলতন্ত্র। একথা অস্বীকার করবে কে ? কেউ থানায় গিয়ে কেউ একটা ডায়েরি করলে সেই ডায়েরি কেউ গ্রহণ করত না। আমি নিজেই তার সাক্ষী, নিজে তার প্রমাণ। আমি অনুপ ঘোষাল হয়ে আমারই যদি ডায়েরি না তারা নিতে অস্বীকার করেন যে, না, ঘুরে আসুন পরে হবে, তাহলে অন্য লোকের কী হবে সে তো বুঝতেই পারা যায়। সূর্যবাবু আমার দিকে তাকাচ্ছেন কিন্তু বিনীতভাবে বলছি কিছু মনে করবেন না, আমি কাউকে কটাক্ষ করে একথা বলছি না, দুঃখের কথা বললাম। আজকে এটুকু শুধু বলব নতুন সরকার কার্যভার গ্রহণ করার পর এখানে একটা প্রচণ্ড অভাব সৃষ্টি হয়েছিল, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেটা বুঝতে দেন নি। কারণ মাসের প্রথমে যেমন বিধায়করা মাইনে পেয়ে যাচ্ছেন তেমনি সমস্ত সরকারি অফিসের কর্মচারীরা মাইনে পেয়ে যাচ্ছেন। এটা কম কথা নয়, আজকে বামপন্থীরা আমাদের ছাড়তেন না। আমাদের অনেক টিকা-টিপ্পনী দিয়ে, উলুধ্বনি দিয়ে তাহলে আমাদের শেষ করে দিতেন। যাই হোক বিগত বামফ্রন্টের উদাসীনতার জন্য তফশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের উন্নয়ন হয়নি। জঙ্গল মহলের অবস্থা কি ছিল—পিঁপড়ের ডিম খেয়ে মানুষ বাঁচত। জল ছিল না, পানীয় জল ছিল না। সেখানে শিক্ষা, স্বাস্থ্য সবই ভেঙে পড়েছিল। তখন আপনারা কোথায় ছিলেন ? আজকে তাই বলি প্রতিটি বিষয়ের প্রতি আমাদের বিত্তমন্ত্রী নজর দিয়েছেন। আমি আরো কতগুলো দিশার কথা বলব—যে দিশা এই বাজেটের মধ্যে রয়েছে। এক নজরে শুনে যান সময় অল্প তাই। কৃষি ও বিপণনের উন্নয়ন, প্রাণী সম্পদ বিকাশের

বিশেষ ব্যবস্থা, খাদ্য প্রক্রিয়াকরণ ও হর্টিকালচারের উন্নয়ন। মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য জলাভূমির উন্নয়ন। মাননীয় বিত্তমন্ত্রী রাজ্যের ৭টি কেন্দ্রে স্বাস্থ্য মেলা ঘোষণা করেছেন। ঘোষণা করেছেন স্বাস্থ্য ব্যাঙ্কের—যেখান থেকে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হবে। ডঃ মিত্র জঙ্গল মহল, সুন্দরবন, দার্জিলিংয়ে পানীয় জলের প্রকল্প চালু করেছেন। সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের জন্য আই.আই.টি., পলিটেকনিক প্রতিষ্ঠান রূপায়ণের কাজ চলছে। এছাড়া মাদ্রাসা শিক্ষার জন্য ৫৭০ কোটি টাকার প্রস্তাব বাজেটে রয়েছে। মাননীয় বিত্তমন্ত্রী তার বাজেটটিকে বহুমুখী করার জন্য কিছু কিছু পরিকল্পনা নিয়েছেন। নারী, শিশু কল্যাণ বাবদ, স্বনির্ভর গোষ্ঠীর জন্য এবং ক্রীড়া এবং যুব কল্যাণ বিষয়ক বাবদ বিত্তমন্ত্রী এবং উক্ত দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মদন সিং-এর সহযোগিতায় তিনি যে দৃষ্টি দিয়েছেন সেটা উল্লেখযোগ্য। খেলাধূলা সংস্কৃতি বিষয়ক ৭টি ক্লাবকে ২ লক্ষ টাকা করে অনুদান দেওয়া হয়েছে। আমি নিজেই সাক্ষী, আমার কেন্দ্র থেকে ৬টি ক্লাবকে বলেছিলাম। ৬টি ক্লাব ১২ লক্ষ টাকা পেয়েছে। কে পেয়েছে না পেয়েছে এই ব্যাপারে মিথ্যা কথা বলে কিছু লাভ নেই। মোটামুটি সবাই পেয়েছে। যাইহোক উনি শ্রমিক কল্যাণের জন্য ভাবনা-চিন্তা করেছেন। খাদ্য সুরক্ষার দিকে মাননীয় বিত্তমন্ত্রী যত্নবান হয়েছেন। গণবন্টন ব্যবস্থাকে ঢেলে সাজানোর চেষ্টা করেছেন। দরিদ্র মানুষদের ২ টাকা দরে চাল এবং ৬.৭৫ টাকা দরে তিনি গম দিয়েছেন সপ্তাহে। ধীরে বন্ধু, ধীরে, ধীরে, ধীরে। মানব সম্পদ উন্নয়নের দিকে তিনি যত্নবান হয়েছেন। এই প্রসঙ্গে তাঁর স্কুল শিক্ষা, কারিগরী শিক্ষা এবং উচ্চশিক্ষার উন্নয়নে বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছেন। আজকে আমাকে বলতে হবে ওরে হাল্লা রাজার সেনা, তোরা যুদ্ধ করে করবি কি তা বল। যুদ্ধ করবেন না। শুনুন, শুনে যান, অনেক বলেছেন, শুনুন। সমগ্র রাজ্যের বাস্তব পরিকাঠামো উন্নয়নের জন্য বিত্তমন্ত্রী সড়ক ব্যবস্থা, বিদ্যুৎ পরিবহন, সেচ ব্যবস্থার উন্নয়নের উল্লেখযোগ্য কর্মসূচি রেখেছেন। সংস্কৃতির উন্নয়ন, পশ্চিমবঙ্গ সংস্কৃতি বিষয়ে দেশের প্রতিনিধি স্থানীয় রাজ্য। পশ্চিমবঙ্গ—আমাদের দেশে বঙ্কিম, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, সত্যজিৎ প্রমুখ মনীষীদের বহুমুখী প্রতিভা নব প্রজন্মের কাছে তুলে ধরার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর সহায়তায় যে কর্মসূচি গৃহীত হয়েছে, সেটা অত্যন্ত উল্লেখযোগ্য। আজকে আমি এইটুকু বলব। অতএব মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে বলব, বিরোধী বন্ধুদের সনির্বন্ধ অনুরোধ করব এমন একটি সর্বতোমুখী, কল্যাণময় মুক্ত বাজেটকে আপনারা গ্রহণ করুন। মুক্ত মন নিয়ে গ্রহণ করুন। কারণ বলতে হবে

> তুঝসে নারাজ নেহি জিন্দেগী হয়রান হুঁ মে,
> তেরে মাসুম সওয়াল সে পরশান হো মে, পরশান হুঁ মে।

একটু সুরে বলি—তুজসে নারাজ নেহি জেন্দেগী। আনিসদা আমাকে অনেকদিন থেকেই বলছেন যে অনুপবাবু একটু গান শোনাবেন। আমি ওই জন্যই শোনাচ্ছি, আনিসদার জন্য এটা স্পেশাল প্রেজেন্টেশান—

> তুঝসে নারাজ নেহি জিন্দেগী হয়রান হুঁ মে, হয়রান হুঁ মে,
> তেরে মাসুম সওয়াল সে পরশান হুঁ মে, পরশান হুঁ মে।

পরিশেষে বলব, তবু আপনাদের এই ঝড়-ঝঞ্ঝার মধ্যেও মুখে একটু হাসি দেখতে পেলাম। তাই বলতে হয় আহা কি আনন্দ আকাশে, বাতাসে। সঙ্গীতের কোনো ভাষা নেই। সঙ্গীত ইন্টারন্যাশানাল। আপনাদের সবাইকে নিয়ে চললাম। আপনাদের ভালোবাসা, আশীর্বাদ শুভেচ্ছা এবং সবশেষে বলব আপনারা ভালো থাকুন, সুস্থ থাকুন। এই বাজেটকে গ্রহণ করুন। নমস্কার।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী গত ২৩শে মার্চ এই পবিত্র বিধানসভায় ২০১২-১৩ সালের যে আর্থিক ব্যয় বরাদ্দ পেশ করেছেন, এটাকে কিভাবে সমর্থন করব বলুন তো ? এই বাজেটকে কি বলা যায় ? এই বাজেটে কিছু চটকদারি কথা আছে। কিছু অবাস্তব, কাল্পনিক কিছু কথা আছে। আর আছে কিছু প্রকল্পের প্রতিশ্রুতির বন্যা। কাজেই এই বাজেট যে পেশ করেছেন, তাকে সমর্থন করতে পারলাম না। পারলাম না এই কারণে কিছু অবাস্তব কিছু পরিকল্পনা বাজেটের মধ্যে ঢোকানো হয়েছে। কি বললেন মাননীয় অর্থমন্ত্রী ? মাননীয় অর্থমন্ত্রী বলছেন যে—এই বারে কৃষকের জন্য দরদ দেখিয়েছেন এই বাজেটে। প্রতিটি ব্লকে, পশ্চিমবাংলায় প্রতিটি ব্লকে তিনি ৩৪১টি কিষাণ মান্ডি তৈরি করবেন। এই কিষাণ মান্ডির মাধ্যমে কৃষক সেখানে তার পণ্য বিক্রি করতে পারবে। আমার মনে হয়, এই কিষাণ মান্ডিটা পশ্চিমবাংলার ক্ষেত্রে কতটা বাস্তবসম্মত ? তাহলে এটা আমাদের ধরে নিতে হয়, আমাদের কৃষি বিপণন দপ্তরের গোটা পশ্চিমবাংলায় ৪৩টি মুখ্য বাজার চত্বর আছে। এই মুখ্য বাজার চত্বরের অধীনে প্রায় সাড়ে তিনশো বাজার আছে। তাহলে সেখানে কি আমার গ্রামে যারা কৃষক, তাদের উৎপাদিত ফসল সরাসরি সেই বাজারগুলিতে নিয়ে যেতে পারছে না।

[3.40—3.50 p.m.]

নাকি সেই বাজারগুলিকে তুলে দেওয়া হয়েছে ? কী উদ্দেশ্যে এই কৃষাণ মান্ডির কথা তিনি বললেন ? আমরা কৃষাণ মান্ডি বলতে বুঝি—আমি যখন এই কৃষির স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলাম আমি আমার কমিটি নিয়ে পাঞ্জাবে গিয়েছিলাম। মাননীয় কৃষিমন্ত্রী সম্মানীয় রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয় তিনিও ছিলেন। আমরা দেখেছি এই মান্ডিতে তারাই আসে যারা ট্রাকে করে, ট্রাক্টরে করে মাল নিয়ে মান্ডিতে বিক্রি করে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় যারা দুই-চার বিঘার জমির মালিক, সামান্য উৎপাদিত ফসল বাজারে বিক্রি করতে যায়। সুতরাং এখানে মান্ডি কতটা বাস্তবসম্মত সেটা একটু ভাবতে বলব। আবার উনি রসিকতা করে বলছেন ইতিমধ্যে পশ্চিমবাংলায় বাধট্টিটা কিষাণ মান্ডি নির্মাণ করা হয়ে গেল। কৃষাণ মান্ডি তো আকাশে হবে না, পাতালে কৃষাণ মান্ডি তৈরি হবে না, এই মর্ত্যেই হবে। তিনি কি বলতে পারেন এই কৃষাণ মান্ডি কোন জেলায় কতটা করেছেন। কোথায় কোথায় করেছেন। আমি তো কোচবিহার জেলার মানুষ। আমার জেলাতে আমি জানি না এই কৃষাণ মান্ডি কোথায় তৈরি হয়েছে ? তিনি বলে দিলেন। আমাদের রাজ্য কৃষি বিপণন দপ্তরের যে বাজারগুলো তাহলে এদের কি হবে ? প্রায় দু-হাজার কর্মচারী এই বাজারগুলোতে কাজ করে। তাদের কি হবে ? তাদের কি ছুটি দেওয়া হয়েছে ? উনি কৃষাণ

মান্ডি তৈরি করবেন। আবার কালকে শ্রী স্বপন দেবনাথ মহাশয়ের বক্তৃতা শুনলাম। আজকে অনেকে বলছেন যে রাজ্যে এই প্রথম কৃষককে সম্মান জানানোর জন্য কৃষিরত্ন পুরস্কার দেওয়া হবে। পুরস্কারের অর্থমূল্য কত ? পাঁচ হাজার। আবার বেআইনি ঘাঁটিতে চুল্লু মদ খেয়ে মারা গেলে সেই পরিবারকে দেওয়া হবে দুই লক্ষ টাকা। সম্মান জানাচ্ছেন। কৃষককে আপনারা বলছেন কৃষিরত্ন দেবেন। প্রতিটা ব্লকে শ্রেষ্ঠ কৃষিরত্ন দেওয়া হবে। কত মূল্য ? পাঁচ হাজার। আবার চুল্লু মদ খেয়ে মারা গেলে সেই পরিবার পাবে দুই লক্ষ টাকা। এভাবে কৃষি সম্মান স্বীকৃতি দেওয়া যায় না। কৃষকের কৃষি সম্মান স্বীকৃতি যদি কেউ দেখিয়ে থাকেন, ভেবে থাকেন তাহলে সেটা বামফ্রন্ট সরকারের প্রথম কৃষিমন্ত্রী প্রয়াত কমল গুহ। তিনি প্রথম ভেবেছিলেন যে কিভাবে কৃষকের সম্মান দিতে হয়। তিনি এটাই ভেবেছিলেন সরকারি কর্মচারী অবসর নেওয়ার সময় যদি তারা পেনশান পেতে পারেন তাহলে আমার বাংলাতে যে কৃষক তার কৈশোর বয়স থেকে জমিতে বৃষ্টিতে ভিজে, রৌদ্রে পুড়ে অনেক কষ্ট করে নিজে না খেয়ে খাদ্যের জোগান দেন সেই কৃষকের যখন বয়সের ভারে আর চলতে পারবে না সেই কৃষক যদি মনে করেন যে আমার একটা সম্মান আছে। সরকারি কর্মচারীর সম্মানের মতন নিজের সম্মানবোধ মনে করেন তার জন্য তিনি কৃষি পেনশান প্রথম চালু করেন। অনেকে সেদিন ঠাট্টা করেছিলেন, কৃষিদের আবার কৃষি পেনশান। সেই কৃষি পেনশান পঞ্চাশ টাকা দিয়ে শুরু হয়েছিল। আজকে সাড়ে সাতশো টাকা পাচ্ছেন যারা কৃষি পেনশান হোল্ডার আছেন। এখানে আমরা বুঝতাম যে গোটা পশ্চিমবাংলাতে যে কৃষি পেনশান প্রাপকদের সংখ্যা বাড়াচ্ছেন। যে আমাদের এই বাংলাতে এরকম যারা কৃষক আছেন যারা বয়সের ভারে চলতে পারবে না, ষাট বছর পার হয়ে গেছে। আমরা মা-মাটি-মানুষের সরকার, পরিবর্তনের সরকার, গোটা পশ্চিমবাংলাতে যারা ষাট বছর পার হয়েছে প্রত্যেককে আমরা কৃষি পেনশান দিয়ে সম্মান জানাব। তাহলে বোঝা যেত আপনাদের পরিকল্পনা কৃষকদের পক্ষে। আমি মনে করি এই করে আপনাবা বলবার চেষ্টা করেছেন যেটা আদৌ স্বীকৃতি নয়, সম্মানের স্বীকৃতি নয়। আমি আপনাদের বলব যে, আমি উত্তরবঙ্গের মানুষ, এবারেও এই বাজেটে দেখছি, যে উত্তর বাংলা সম্পর্কে এই বাজেটে আপনি উদাসীন। এই বাজেটে লক্ষ্য করছি। কিভাবে ? আপনারা বলছেন, এখানে সকলের জন্য স্বাস্থ্য একটা প্রকল্প গ্রহণ করেছেন। আমরা তো ভেবেছিলাম যে, আমরা কোচবিহারের মানুষ, কোচবিহারের দীর্ঘদিনের দাবি, যে একটি মেডিকেল কলেজ। এবারেও দেখছি আপনাদের এই বাজেটে এটা উপেক্ষিত হয়েছে। বহুদিনের স্বপ্ন, মাননীয় প্রিয়রঞ্জন দাসমুন্সী মহাশয়, তিনি স্বপ্ন দেখেছিলেন রায়গঞ্জে এইমস হবে, জায়গা সংগ্রহ করলেন, ব্যবস্থা করলেন, উপেক্ষিত থেকে গেল, আপনাদের এই বাজেটে এইমস-এর কোনো উল্লেখ নেই। উত্তরবঙ্গে এই সুযোগ দেওয়ার ক্ষেত্রে আপনাদের কৃপণতা দেখিয়েছেন। আমাদের একমাত্র চোখের মণি - শিল্প - উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ। এই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ একমাত্র শিল্প। এমনিতেই স্বাধীনতার পর উত্তরবঙ্গে শিল্প—কি কৃষিভিত্তিক শিল্প, কি বৃহৎ শিল্প, কি ক্ষুদ্র শিল্প গড়ে ওঠেনি। কেন ? নাকি যোগাযোগের প্রতিবন্ধকতা, যোগাযোগের প্রচণ্ড প্রতিবন্ধকতা। কোচবিহারে বিমানঘাঁটি আছে। সেই বিমানঘাঁটিটাকে আরও আধুনিকীকরণ

করা হল। বারে বারে কতবার যে চালু হল, কতবার যে বন্ধ হল তার কোনো হিসাব নেই। এবারে সরকারের পরিবর্তন হবার পর আমরা দেখলাম খুব ঢাকঢোল পিটিয়ে শিলিগুড়িতে বসে মাননীয়া মুখ্যমন্ত্রী বোতাম টিপে কোচবিহারে বিমান চালু করে দিলেন। গোটা পশ্চিমবাংলায় বলা শুরু হল, ৩৪ বছরে বামফ্রন্ট যা করেনি, আমার দিদি এবার বিমান চালু করে দিল। তাহলে এবার বিমান চলবে। এই আশ্বাস কোচবিহারের মানুষ দেখল, বাংলার মানুষ দেখল। কয়েকদিন চলল, চলার পরে বিমানের দেখা নাই। বিমান আর আসছে না, নামছে না। বিমান উঠে গেল। ফলে যারা বিনিয়োগকারী, সেই বিনিয়োগকারীরাও শহরে শিল্প করতে আসতে চাইছে না। তাহলে একমাত্র নীলমণি ধন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ। এই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের অবস্থাও অত্যন্ত করুণ। এখানে যতগুলো বাস রাস্তায় নামানো দরকার তা নামানো যাচ্ছে না। প্রত্যন্ত গ্রাম এলাকাতে একমাত্র বাস পরিষেবা ছাড়া গ্রামে এই পরিষেবা দেওয়া সম্ভব নয়। আমার বন্ধুবর বিধায়ক এখানে রবীন্দ্রনাথ ঘোষ আছেন। তিনি রাষ্ট্রীয় পরিবহণের বর্তমান চেয়ারম্যানও বটে। এই রাষ্ট্রীয় পরিবহণে আজকে শুনছিলাম মাননীয় পরিবহণ মন্ত্রী উত্তর দিচ্ছিলেন, যখন মাননীয় সদস্য উদয়ন গুহ প্রশ্ন করলেন যে, কোচবিহারে বা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে তারা ঠিকমতো বেতন পাচ্ছে কিনা। উনি বললেন ফেব্রুয়ারি মাস পর্যন্ত বেতন কমপ্লিট। আমরা খোঁজ নিলাম যে সেপ্টেম্বর মাস থেকে পরিবহণ কর্মীরা বেতন পাচ্ছেন না। কেউ আংশিক পাচ্ছেন, কেউ পাচ্ছেন না। ৫ মাস ৬ মাস থেকে যারা পেনশনপ্রাপ্ত, যারা পেনশন পেতেন, তারা পেনশন পাচ্ছেন না। ইতিমধ্যেই বিভিন্ন ডিপোতে কয়েকজন আত্মহত্যা করেছেন। একটা মৃত সন্তানকে নিয়ে রবিবাবু চলবার চেষ্টা করছেন। তার উদ্যোগকে আমি স্বাগত জানাই, তিনি উদ্যোগ নিয়েছেন যে এটা কিভাবে মানুষের পরিষেবা দেওয়া যায়। এখানে ভর্তুকি দিয়ে চালাতে হবে। উনি চালাতে পারবেন না। উনি চালাতে পারবেন না, এটা মুখ থুবড়ে পড়বে এই কারণে যে, মাননীয় পরিবহণ মন্ত্রী ইতিমধ্যেই ঘোষণা করেছেন—

[3.50 – 4.00 p.m.]

যে, আমরা এর ভর্তুকি দিয়ে চালাতে পারব না। ভর্তুকি যদি বন্ধ হয়ে যায়, তাহলে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা বলে যে একটা শিল্প আমাদের আছে, সেটাও অচিরে বন্ধ হয়ে যাবে বলে আমার ধারণা। শেষ। জল ধরো, জল ভরো—এইরকম শ্লোগান ! কিন্তু এই বাজেটে আপনাদের অর্থমন্ত্রী—আমাদের কোচবিহারের একটা জ্বলন্ত সমস্যা—আমি দীর্ঘদিন এই পবিত্র বিধানসভায়—আমি প্রস্তাব দিয়েছি। এই পবিত্র বিধানসভায় প্রস্তাব দেওয়ার পর দিল্লির এক্সপার্টরা পর্যন্ত গিয়েছেন। শালটিয়া খাল, তিনটি ব্লকের প্রায় ১০টি গ্রাম পঞ্চায়েত, দুই থেকে আড়াই লক্ষ মানুষ এই শালটিয়ার কবলে দুর্দশায় ভুগছে। খালটার চরিত্র এমন, অত্যন্ত গভীর খাল। শালটিয়া খালের উভয় তীরে প্রায় ১৭ হাজার হেক্টর জমি। তাদের হাল, গরু, জমি থাকা সত্ত্বেও চাষ করতে পারছে না। কি কারণ ? তাতে জল ধারণ করার ক্ষমতা হারিয়ে ফেলছে। শুষে নিচ্ছে শালটিয়া খাল। আবার যখন বর্ষাকাল আসে, এই খালটি দুকূল ছাপিয়ে ঘরবাড়ি ভেঙে দিচ্ছে। আবার যখন জল শুকোচ্ছে পুকুরের জল, জমির জল

টেনে নিচ্ছে। একদিকে ভাঙন, একদিকে জল থাকছে না, অথচ চাষ করা দরকার। অর্থমন্ত্রীর এই বাজেটে শালটিয়া খাল উপেক্ষিত থেকে গেল। এখানে বন্ধু বিনয় বর্মণ আছেন, তার নির্বাচনী কেন্দ্রের দুটি গ্রাম পঞ্চায়েত আছে, আমার নির্বাচনী কেন্দ্রের ৭টি গ্রাম পঞ্চায়েত, সিতাই বিধানসভা কেন্দ্রের বিধায়ক কেশব রায়, তাঁর নির্বাচন কেন্দ্রের দুটি গ্রাম পঞ্চায়েত এই শালটিয়ার কবলে ভুগছে। এটা উপেক্ষিত থেকে গেল। জল ধরো, জল ভরো উপেক্ষিত হল এই বাজেটে। এখানে আমরা দেখছি শিক্ষার ক্ষেত্রে এদের কি হবে বলা নেই। এস.এস.কে., এম.এস.কে. প্যারা টিচারদের ভবিষ্যৎ কি হবে, এদের সম্পর্কে একটি লাইন বলা নেই। তুলে দিলেন, না কি এদের কোনো ব্যবস্থা নেবেন—কোনো কথা বলা নেই। একবার একটা জায়গায় বলেছেন যে সাধারণ মানুষ যাতে কষ্ট না পায় তাই আমরা কোনো কর ধরিনি। ওই রেলের ভাড়ার মতন। যাত্রী ভাড়া বাড়াব না, মাশুল ভাড়া বাড়াব। আবার এখানে করেছেন প্রবেশ কর। আমরা কারোর ট্যাক্স বেশি বাড়াব না কিন্তু প্রবেশ করটা নেব ! আমাদের রাজ্যের তেল বলুন, নুন বলুন নিত্যপ্রয়োজনীয় জিনিস বাইরে থেকে আসে। তার যদি ট্যাক্স নেন তার ফলে গরীব মানুষের উপর এই চাপটা আসবে। সেটা কিন্তু আপনারা উপেক্ষা করেছেন। মানুষকে ধোঁকা দিচ্ছেন, ভেবেছেন কেউ বুঝতে পারছে না। সুতরাং এটা ভাববেন পরবর্তীকালে যে উদ্দেশ্যে আপনারা সরকারে এসেছেন তা যেন বিফলে না যায়। কাজেই আমি অর্থমন্ত্রীর এই বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় চেয়ারম্যান মহোদয়, উপস্থিত এই পবিত্র সভাকক্ষের সমস্ত সদস্য-সদস্যাবৃন্দ, সবাইকে শ্রদ্ধাজ্ঞাপন করে পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী পরম শ্রদ্ধাভাজন ডঃ অমিত মিত্রের পেশ করা ২০১২-১৩ অর্থবর্ষের পূর্ণাঙ্গ বাজেটের উপর আলোচনার সুযোগ করে দেওয়ার জন্য কৃতজ্ঞতা পোষণ করে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করতে যাচ্ছি। আমার বক্তব্য রাখার পূর্বে স্মরণ করি বৈরাগ্যের রাজ-রাজেশ্বর, মুক্তি সাধনার অগ্রদূত এবং মানবতার জীবন্ত বিগ্রহ যুগপুরুষ স্বামী বিবেকানন্দকে। তিনি নিজেকে বলেছিলেন, আমি ভারতবর্ষের ঘনীভূত রূপ। ভারতবর্ষ নিত্যকাল স্থিত তাঁর বুকের মধ্যে, ধ্বনিত হত তাঁর ধমনিতে। তিনি ভারতবর্ষকে চিন্ময় জননী রূপে আমাদের চিনিয়েছিলেন। তিনি বলেছিলেন, 'ওঠো, জাগো এবং লক্ষ্যে পৌঁছনো না পর্যন্ত থামিও না।' বাংলার পুনর্জাগরণে আজ এরই বিশেষ প্রয়োজন।

মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা বাজেটের সমর্থনে বলতে হলে প্রথমেই আমাকে বলতে হবে, মা-মাটি-মানুষের জনগণঅধিনায়িকা সম্মানীয়া মমতা ব্যানার্জীর কথা, যিনি সর্বজন হিতায়, সর্বজন সুখায় বাণীর এক বিমূর্ত্য প্রতীক। তিনি আমাদের এই বন্ধ্যা রাজ্যে এনেছেন উন্নয়নের প্রাণ। শাসক দলের বিধায়ক হিসাবে আমি নিজেকে ধন্য মনে করি এই ভেবে যে, 'জগতের আনন্দ যজ্ঞে আমার নিমন্ত্রণ, ধন্য হ'ল ধন্য হ'ল মানব জীবন।' মাননীয় অর্থমন্ত্রী আর্থিক বিবরণী সহ ৫১ পৃষ্ঠার যে বাজেট বিবৃতি রেখেছেন তাতে বাংলার ক্ষয়ে যাওয়া অর্থনীতিকে, তার বেহাল অবস্থা থেকে উপরে দাঁড় করিয়েছেন। যে ভাবে জনমুখী এবং ভারসাম্য বজায় রেখে এক উন্নয়নমুখী বাজেট পেশ করেছেন তা সত্যিই

প্রশংসনীয়। বাজেট মানে বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব। রাজ্য সরকার যে বাজেট আমাদের সামনে পেশ করেছে তা সর্বজনকে উচ্ছ্বসিত করেছে। এই বাজেট পেশ করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী ফেলে আসা দিনগুলোর বন্ধুদের ব্যর্থতার কথা তুলে ধরেছেন। ১১ই এপ্রিল ২০১১ তারিখে ভারত সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী গভীর উদ্বেগ প্রকাশ করেছিলেন। তিনি বলেছিলেন পশ্চিমবঙ্গ, কেরালা এবং পাঞ্জাবের পুঞ্জীভূত ঋণের পরিমাণ তাকে খুব উদ্বেগগ্রস্ত করে রেখেছে। পাঞ্জাবের কথা না হয় এখানে বাদ দিলাম, কিন্তু বামফ্রন্ট পরিচালিত দুটো রাজ্য, তাদের কি কোনো কারণ ছিল ? কোনো কারণই ছিল না। বামপন্থীরা চার্বাকের 'ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ' নীতি নিয়ে যে বিশাল ঋণের বোঝা জমিয়েছিল সেটা আমাদের মা-মাটি-মানুষের সরকারের উপর চাপিয়ে দিয়েছে, যা আজ পর্যন্ত আমরা বহন করে চলেছি। আমাদের এখন প্রায় ২২ হাজার কোটি টাকা সুদ দিতে হয়। তার সঙ্গে আসল ব্যয়ভার বহন করে আমাদের মা-মাটি-মানুষের সরকারকে চলতে হচ্ছে। মাননীয় বিরোধী দলনেতা বেশ খেটে খুঁটে আমাদের বাজেট সম্বন্ধে যে শল্য চিকিৎসা করলেন তাতে আমি বিস্মিত, কিন্তু বিচলিত নই। কারণ, তাঁর এই পরামর্শ যদি তিনি তাঁর নিজের সরকারকে দিতে পারতেন তাহলে মনে হয় পূর্বতন অর্থমন্ত্রী যে ঘাটতি শূন্য বাজেটের বিশ্ব রেকর্ড করেছেন তা হয়তো হত না। এই প্রসঙ্গে আমি লাওয়েল-এর একটা উদ্ধৃতির উল্লেখ করতে চাই। তিনি বলেছিলেন, 'যে মূর্খ এবং যে মৃত তারা নিজেদের মত কখনও পরিবর্তন করে না।' আজকে এই বাজেট প্রসঙ্গে বলি, আমাদের ডঃ মিত্র যে বাজেট পেশ করেছেন, তার দুটো মুখ্য উদ্দেশ্যের একটা হচ্ছে দুর্বলতর শ্রেণী, তফশিলি জাতি, আদিবাসী, পশ্চাৎপদ শ্রেণী, মহিলা এবং শিশুদের উন্নয়ন ঘটানো। আর একদিকে শিক্ষা, স্বাস্থ্য এসব দিকে দক্ষতা বাড়িয়ে তোলা। বাজেটে ধরা হয়েছে ২৩ হাজার ৩৭১ কোটি টাকা। বিদ্যুতের ক্ষেত্রে ২০১১-১২ থেকে ৯৪ শতাংশ বৃদ্ধি করা হয়েছে। পর্যটন ক্ষেত্রে ১০৪ শতাংশ বৃদ্ধি হয়েছে। কৃষিক্ষেত্রে বৃদ্ধি হয়েছে ১৫১ শতাংশ। পরিশোধিত জলের ক্ষেত্রে ৩০০ শতাংশ বৃদ্ধি হয়েছে। সেচের জন্য ১৫৬৮ কোটি টাকা বরাদ্দ বিশেষ উল্লেখযোগ্য, যা এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাই।

[4.00—4.10 p.m.]

রাজস্ব বাড়ানোর ক্ষেত্রে আমাদের সরকার ৭৭ হাজার কোটি টাকা যা ২০১১-১২ সাল থেকে ১৭ হাজার কোটি টাকা বাড়ানো হয়েছে। যেখানে বিপুল রাজস্ব ঘাটতি সেখানে আমাদের কেন্দ্রীয় সরকারের এফ.আর.এম.ডি.-এর অ্যাক্টে বলা হয়েছে ২০১৫-র মধ্যে ভারতের প্রত্যেকটি রাজ্যকে রাজস্ব ঘাটতি শূন্যে নামাতে হবে। তাই আমাদের সম্মানীয় ডঃ মিত্রের এই পদক্ষেপ সদর্থক এবং অত্যন্ত প্রশংসনীয় বলে মনে করি। এছাড়া, যে ভাবে শিক্ষাক্ষেত্রে উন্নয়ন ঘটানো হয়েছে। কুড়িটি মডেল স্কুল, এছাড়া, স্বাস্থ্য ক্ষেত্রে প্রতিটি ব্লকে মোবাইল মেডিকেল ইউনিট এবং স্বাস্থ্য ছাড়াও শিশু, মহিলাদের ক্ষেত্রে, স্বনির্ভর গোষ্ঠী, স্বনিযুক্তদের ক্ষেত্রে যে ব্যয় দেখিয়েছেন সেটা প্রশংসার দাবি রাখে। আমার অনেক কথা বলার ছিল, আমি প্রথম বিধায়ক তাই হয়তো আমার সময় খুবই কম। যাই হোক, তবু এই

বাজেটকে আমি পূর্ণ সমর্থন করি। যে ভাবে এই বাজেটের মধ্যে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখিয়েছেন তার জন্য এই বাজেটকে সমর্থন করি। পরিশেষে বলি, বিগত সরকারের স্থায়িত্বের বন্ধ্যাত্বে সৃষ্ট নৈরাজ্য দমবন্ধ, অবরুদ্ধ আতঙ্কময় পরিবেশকে কাটিয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকার যে পথ দেখিয়েছেন, যে দিশা দেখিয়েছেন আমি মনে করি বাংলা আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে। আমি বাজেটকে পূর্ণ সমর্থন করে সবাইকে শ্রদ্ধা, সালাম জানিয়ে আমার বলা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী গত ২৩শে মার্চ এই বিধানসভায় বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন। এই ব্যয়বরাদ্দের উপর গত শনিবার থেকে আলোচনা শুরু হয়েছে। আজকে তার তৃতীয় দিন। আগামীকাল এই আলোচনা সমাপ্ত হবে। মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা বাজেট কেবলমাত্র প্রতিশ্রুতির বাজেট যা কার্যত দিশাহীন ও অস্বচ্ছ। মাননীয় অর্থমন্ত্রী চলতি অর্থবর্ষে রাজস্ব সংগ্রহে শোচনীয়ভাবে ব্যর্থ হয়ে এবারেও ওই একই পথে হেঁটে রাজস্ব আদায়ের ফানুস তিনি উড়িয়েছেন। আমি যদি একটা একটা করে বিশ্লেষণ করি, ভ্যাট, আবগারি শুল্ক, স্ট্যাম্প ডিউটি, জমির খাজনা, পরিবহন কর কোনো ক্ষেত্রেই দেওয়া লক্ষ্যমাত্রা তার ধারে-কাছে উনি যেতে পারেন নি। আবার আগামী অর্থবর্ষে উনি ১৭ হাজার ৮শো কোটি রাজস্ব আদায়ের যে পরিকল্পনা ঘোষণা করেছেন যেটা বাস্তবে অবাস্তব। আপনি আগে বলেছিলেন ২০১০-১১-য় আর্থিক বছরে সংশোধিত হিসাবে ২১ হাজার ৩শো কোটি টাকা থেকে ২০১১-১২ আর্থিক বছরে ৩০ শতাংশ বৃদ্ধি করে ২৭ হাজার ৩শো কোটিতে নিয়ে যাবেন। প্রকৃত চিত্রটা কি ? আপনাদের সময়ে ১১-১২-তে কর আদায় যেখানে ২১ হাজার কোটি টাকার মতো অর্থাৎ যা কিনা শতকরা ১৮ শতাংশে তিনি পৌঁছেছেন। ঘাটতি কত ? ২ হাজার ৭০৬ কোটি টাকা। আমরা এও লক্ষ্য করছি বাম আমলে বিগত সরকারের আমলে ২০১০-১১ সালে কর আদায়ের পরিমাণ কত ছিল ? ২৫ শতাংশ। ঘাটতি পূরণে ২০১১ সালে ১৯শে মে থেকে এখনও পর্যন্ত ১৭ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন যা কিনা দেশের মধ্যে সব রাজ্যের থেকে বেশি। অন্য রাজ্যে যেখানে কর আদায় গড়ে ২২-২৩% আর আমাদের রাজ্যে সেখানে আদায় করেছেন মাত্র ১৮%। এটা কি ব্যর্থতা নয়। যার প্রভাব সমস্ত দপ্তরের উপরে পড়েছে। এটা আপনারা না বললেও আমরা সকলে দীর্ঘদিন ধরে যারা এই বিষয় নিয়ে আছি তারা সকলেই স্বীকার করবেন। আপনি ঋণের বোঝা সম্পর্কে বলেছেন যে, ঋণের বোঝা মাথাপিছু যা আছে, তার পরিমাণ পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি। এখানে অনেক বিরোধী বন্ধু তারাও আলোচনা করেছেন। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া যে রিপোর্ট দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে, মাথাপিছু ঋণের বোঝাতে পশ্চিমবঙ্গের স্থান দ্বাদশ। সবচেয়ে বেশি পাঞ্জাব, তারপরে গুজরাট, তারপরেই মহারাষ্ট্র। আগামী আর্থিক বছরে রাজস্ব আদায় ১৮% থেকে ২৫%-এ নিয়ে যাওয়ার কথা আপনি ব্যাখ্যা করেছেন। আপনি বলেছেন। কিন্তু যার ব্যাখ্যা নেই আমাদের এখানে বিরোধী বন্ধুরা আলোচনা করেছেন, তবুও দেখছি যে ভারত সরকারের যে হিসাব তাতে সারা দেশের মানুষের মাথাপিছু ঋণের বোঝার হিসাব সেখানে ৩২,৩১১ টাকা। অথচ আপনি অমাদের পশ্চিমবঙ্গের ঋণের

বোঝার কথা উল্লেখ করে ব্যঙ্গ করেছেন। স্থানীয় এলাকাভিত্তিক প্রবেশকর আরোপ করবার প্রস্তাব এই বাজেটে আপনি রেখেছেন। মনে রাখবেন সাধারণ তহবিলের উপরে পুনরায় আর একটি করের বোঝা চাপানো হল। এই প্রবেশ করের ফলে ব্যবসায়ীদের যেমন হয়রানি বাড়বে তেমনিভাবে দুর্নীতিও বাড়বে। মূল্যবৃদ্ধি যখন সাধারণ মানুষকে ক্রমে ক্রমে গ্রাস করছে, ঠিক এই সময়ে এই প্রবেশকর আরোপ করে সাধারণ মানুষকে আরও বিপদের মুখে ঠেলে দেওয়ার ব্যবস্থা আপনি করেছেন। আমাদের রাজ্য এমনিতেই কতগুলি শস্যের ক্ষেত্রে ঘাটতি রাজ্য। আমাদের অন্য রাজ্যের উপরে নির্ভর করতে হয়। ডালের ক্ষেত্রে আমাদের অন্য রাজ্যের উপরে নির্ভর করতে হয়। মহারাষ্ট্র থেকে আমাদের এখানে ডাল আমদানি করতে হয়। আমাদের তৈলবীজে ঘাটতি রয়েছে। তৈলবীজ আমাদেরকে মহারাষ্ট্র রাজস্থান থেকে আনতে হয়। আমরা জানি যে মাছের পোনা উৎপাদনে আমরা ভারতের মধ্যে এক নাম্বারে আছি। কিন্তু মাছ আমাদের এখানে চাষ হয়, সেই চাষমাছ অন্ধ্র থেকে আমাদের এখানে আসে। আমাদের এখানে ডিমও আসে। এই প্রবেশ করের ফলে লাফিয়ে লাফিয়ে দ্রব্যমূল্য বাড়বে। এটা আপনি রোধ করতে পারবেন ? আজ পঞ্চায়েত এবং ভূমি দপ্তরের সম্পর্কে কোনো উল্লেখ এই বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। এই ব্যাপারে কোনো কথাই উল্লেখ করা হয়নি। গ্রামোন্নয়নের বরাদ্দ ২০০ কোটি টাকা কমিয়ে নিয়ে আসলেন। আমরা লক্ষ্য করলাম যে নগরোন্নয়নের বরাদ্দ সেখানে কমল। প্রকৃতপক্ষে আমরা দেখছি যে দপ্তরগুলির মাধ্যমে শহর এবং গ্রামে যেখানে কর্মসংস্থান করার সুযোগ আছে, ঠিক সেই দুটো দপ্তরের উপরে আপনি দৃষ্টি দিলেন না। আপনার দৃষ্টিভঙ্গি কর্মসংস্থানমুখী নয়। যার ফলে আপনি এইদিকে নজরই দিলেন না। আপনার বক্তব্যের শেষে ১০ লক্ষ বেকারের কর্মসংস্থানের কথা আপনি উল্লেখ করেছেন। কিন্তু তার কোনো দিশা আপনি দেখান নি। কোথায় এই কর্মসংস্থান হবে সেই ব্যাপারে উল্লেখ করেন নি। ইতিমধ্যে অনেক বিরোধী বন্ধু বাম আমলের অনেক প্রকল্পের কথা তাদের বক্তব্যে রেখেছেন যেগুলির কথা ইতিমধ্যেই আলোচিত হয়েছে। যেগুলি আলোচিত হয়েছে, আমি সেইদিকে যাচ্ছি না। কিন্তু আমি এমন একটি প্রকল্পের কথা বলব যেটা ইতিমধ্যেই এই বাজেট বক্তব্যে রেখেছেন যে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস যা বাম আমলে ২০০৯ সালের ২৫শে ডিসেম্বর, উত্তরবঙ্গের বর্তমান বিশ্ববিদ্যালয়ের যিনি ভাইস চ্যান্সেলর তিনি জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজের ২০০৯ সালের ২৫শে ডিসেম্বর তিনি শিলান্যাস করেছিলেন এবং ঠিক আমরা দেখলাম যে, এবারের এই বাজেট বইতে ঠিক সেই কথাই উল্লেখ করছেন যে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস জলপাইগুড়িতে হবে। ইতিমধ্যেই যার শিলান্যাস হয়ে গেছে। যেখানে জমির পরিমাণ ছিল ৩৬.১৩৮ একর।

[4.10 – 4.20 p.m.]

এই ক্যাম্পাস সম্পর্কে আমার একটু অনুরোধ থাকবে যে, আমাদের উত্তরবঙ্গ যাকে আমরা গবেষণার পীঠস্থান বলি, যে উত্তরবঙ্গ থেকে ইতিমধ্যেই জলপাইগুড়িতে সাহিত্যিক সমরেশ মজুমদার, দেবেশ রায়—যাঁরা অ্যাকাডেমি পুরস্কার পেয়েছিলেন। আমি অনুরোধ করব এই

কারণে যে, সেখানে যদি গবেষণা কেন্দ্র করা হয় কৃষির ওপর, অথবা আমাদের জৈব সারের বিষয়ে যাতে সেখানে গবেষণার ব্যবস্থা থাকে, এই বিষয় আমি উল্লেখ করছি।

আরো একটি বিষয়ে এখানে উল্লেখ করা প্রয়োজন, ইতিমধ্যেই কোচবিহার জেলায় বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করা হয়েছে এই বাজেট বক্তব্যে। আমরা সকলেই জানি যে, মনীষী পঞ্চানন বর্মা, যিনি কোচবিহার তথা উত্তরবঙ্গ নয়, গোটা উত্তর-পূর্ব ভারতে এমন একজন সমাজ সংস্কারক ব্যক্তি, যার অবদানের প্রকৃত মূল্যায়ন এখনো পর্যন্ত যার হয়নি। আমরা উত্তরবঙ্গের মানুষ, এর মধ্যে আবেগ জড়িত। আমরা সকলেই জানি, পঞ্চানন অনুরাগীরা নিজেরা উদ্যোগ নিয়ে ১১২ একর জমি সেখানে দান করেছেন। এই মনীষী পঞ্চানন বর্মার জন্মভিটা থেকে শুরু করে সেই এলাকায়। আমি অনুরোধ করব যে, এই বিশ্ববিদ্যালয়ের নামকরণটাকে—এই বিশ্ববিদ্যালয় ওই স্থানে যাতে করা হয়। আমরা খবরের কাগজে দেখেছি, মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কোচবিহারে যাচ্ছেন। তিনি এলাকাটা যাতে পরিদর্শন করেন, এই অনুরোধটুকুও আমরা রাখব।

আরেকটি বিষয় উল্লেখ না করে পারছি না, যে বিষয়ে আমরা বারেবারেই দেখছি—মাননীয় মন্ত্রী বিবৃতিও দিচ্ছেন যে, এই নতুন করে ডিজিটাল রেশন কার্ড, যে রেশন কার্ডের ব্যাপারে বারেবারেই উচ্চারিত হচ্ছে, এই উচ্চারিত হওয়া দেখে মনে হচ্ছে এই বিষয়টি বোধহয় এই সরকারের আমলেই নতুনভাবে করা হচ্ছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই, ২০০৯ সালে এই বামফ্রন্ট সরকারের আমলেই কিভাবে এই রেশন কার্ডের বিষয় নিয়ে স্বচ্ছতা আনা যায় যে, দাবিদারহীন যেসব রেশনকার্ড, তাকে কিভাবে ধরা যায়। যারা মৃত ব্যক্তি, তাদের রেশনকার্ডগুলো কিন্তু থেকে যায়। সেগুলো কিভাবে ধরা যায়। সেই সময় এই বিষয়গুলো নিয়ে ঠিক হয়েছিল এবং কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করে খাদ্য দপ্তরের অফিসে বসে সেই সময়কার আই.টি. সেক্টরে যারা বিভিন্ন সংস্থায় কাজ করেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের যাঁরা ইঞ্জিনিয়ার, তাদেরকেও ডেকে আনা হয়েছিল এবং গুরুত্বপূর্ণ সভা সেখানে হয়। পরবর্তীতে দিল্লীতেও সভা হয়, তারা বলেন, এই ডিজিটাল রেশনকার্ড করবার ব্যাপারে আপনারা সিদ্ধান্ত নিন। সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তারপর এর ওপরে একটা পাইলট প্রোজেক্ট করা হয় বর্ধমানে। সেই বর্ধমানের পাইলট প্রোজেক্টটা ফার্স্ট ফেজ, সেকেন্ড ফেজ, থার্ড ফেজের মধ্যে দিয়ে এই কাজকে কমপ্লিট করা হবে। রাজ্যস্তর থেকে জেলাস্তর, জেলাস্তর থেকে মহকুমাস্তর, তারপর গ্রামস্তরে এই কাজ নামিয়ে আনা হবে। এই কাজ শুরু করা হয়েছিল এবং পরবর্তীতে দিল্লীর অনুরোধে ডিটেল প্রোজেক্ট রিপোর্ট করে সেই রিপোর্ট দিল্লীতে পাঠানো হয়। সেই সময় ১২০-২৫ কোটি টাকার মতো অর্থ সেখানে প্রথম পর্যায়ে লাগবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সিদ্ধান্ত বামফ্রন্ট আমলের সিদ্ধান্ত। পরবর্তীতে আমাদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আর অর্থ বরাদ্দ করা হয়নি। আজ এটাকে নতুনভাবে চালানোর চেষ্টা হচ্ছে। ডিজিটাল কার্ডের ব্যাপারে মনে হচ্ছে নতুন সরকারই বোধহয় এটা করতে উদ্যোগী হয়েছেন।

এখানে আরেকটা কথা বলা দরকার। যে বিষয়টা বারেবারে উঠে এসেছে যে, পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য সংগ্রহের ক্ষেত্রে নিজস্ব যে গুদাম, সেটা ৫০ হাজার মেট্রিক টন।

আপনারা জেনে খুশি হবেন, আজ ৫০ হাজার মেট্রিক টন শুধু আমাদের পশ্চিমবঙ্গ সরকারই নয়, তার সাথে কো-অপারেটিভের গোডাউন এবং অন্যান্য গোডাউন মিলে ৩ লক্ষ মেট্রিক টন মাল রাখার গোডাউন নিয়েই কাজ চলছে। এখনো যিনি মন্ত্রী আছেন, তাঁকে জিজ্ঞাসা করলে তিনিও বলবেন যে, সেই গোডাউনের ওপরে এখনো কাজ চলছে। কিন্তু পরিকল্পনা হয়েছিল। বাম আমলে এই পরিকল্পনা হয়েছিল, যে পরিকল্পনায় বীরভূম, বর্ধমান, বাঁকুড়া এবং আগের পুরনো যে গোডাউন ছিল শালিমার এবং কাশীপুর সেখানে অর্থ দপ্তরের অনুমতি নিয়ে কাজ শুরু করা হয়েছিল। পরিকল্পনা ছিল, যে এই পরিকল্পনা মাফিক কেন্দ্রীয় সরকারের সাহায্য আসবে, ন্যাবার্ড টাকা দেবে, সেই টাকা দিয়ে গোডাউন তৈরি করা হবে। সে কাজ এখনও চলছে। আজ আমরা এ কথার পাশাপাশি এ কথা বলতে পারি যে একটিও গুদাম এখনও পর্যন্ত পারে নি, সবই পরিকল্পনায়, যে পরিকল্পনা বামফ্রন্ট আমলেও ছিল। আমি জানি না মাননীয় অর্থমন্ত্রী কী কারণে—বারে বারেই আমরা দেখছি উত্তরবঙ্গের চা-বাগিচা এলাকায় যেখানে চা শ্রমিকরা দিনের পর দিন ওই মালিকপক্ষকে বলছেন আমাদের পি.এফ.-এর টাকার ব্যবস্থা করুন। আমাদের শ্রম দপ্তরের মাননীয় মন্ত্রী এখানে বসে আছেন, উনিও বিস্তারিত বিষয়টা জানেন। সেই জন্য বার বার বলছি এই বিষয়টা এক জায়গাতে পৌঁছানো দরকার। সেখানে উনি চায়ের উপরে দুটো সেস্ মকুব করে দিলেন, বাতিল করে দিলেন। যে বাতিলের ফলে চা-বাগানের মালিকরা বছরে ১২ থেকে ১৩ কোটি টাকা তারা মুনাফা করবেন। এই টী বোর্ডের থেকে এই চা-বাগানের মালিকরা যারা অল্প সুদে লোন নিয়েছিলেন নতুন প্ল্যান্টেশান করবেন বলে। টী প্ল্যান্টেশান অ্যাক্টের ১৯৫২ সালের আইন অনুযায়ী পুরনো গাছগুলির যেগুলির আর চা পাতা দেওয়ার ক্ষমতা নেই যেগুলি ৬০ বছর ৭০ বছর বয়স সেগুলিকে তুলে ফেলে নতুন প্ল্যান্টেশান করার জন্য তারা অর্থ নিয়েছিলেন, সেগুলি তারা করলেন না। আজ সেই জায়গায় আবার নতুন করে তাদের অর্থ পাইয়ে দেবার ব্যবস্থা করা হল। মাননীয় মন্ত্রীকে এ বিষয়ে আবার ভেবে দেখার জন্য অনুরোধ করব। শেষে একটি কথাই বলি এই বাজেটে শুধুই আমরা দেখছি কতগুলি দপ্তরকে কোনো রকমই বলা হয়নি, গোটা উত্তরবঙ্গের বনাঞ্চল, যে বনাঞ্চলের খাবারের সন্ধানে সেখানকার পশুরা তারা বন ছেড়ে লোকালয়ে বের হয়ে আসছে। সেখানে দুর্দশাগ্রস্ত বনবস্তি এলাকার বনবাসীদের কথা উচ্চারণই করা হয় নি। এই বাজেটে তাদের কোনো দিশাই নেই। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই বাজেটকে সমর্থন না করে যাঁরা এখানে আমাদের বিরোধী বন্ধুরা যে বিষয়ে বক্তব্য রাখলেন তাঁদেরকে সমর্থন করে আমার বক্তব্যকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৩শে মার্চ ২০১২ যে বাজেট বিবৃতি দিয়েছেন ২০১২-২০১৩ সালের তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমি কয়েকদিন মনোযোগ সহকারে শুনছিলাম আমাদের বন্ধুদের কথা এবং আমাদের বিরোধী বন্ধু যাঁরা আছেন তাঁদের কথাবার্তা শুনছিলাম। একটা কথা নিয়েই বোধহয় বিভ্রাট, যেটা দু-পক্ষই ব্যক্ত করছেন এই ঋণের বোঝা নিয়ে। সকলেই বলছেন যে ২ লক্ষ কোটি টাকা

দেনা আছে, প্রতি বছর ২২ হাজার কোটি টাকা সুদ শোধ করতে হচ্ছে। একটি নবজাতক সন্তান যখন জন্মগ্রহণ করছে তখন ২১ হাজার টাকা দেনা নিয়ে জন্মগ্রহণ করছেন এবং শেষের ১২ বছরের ৪৮৬% থেকে ৫০০% পর্যন্ত আপনারা ঋণের বোঝা বাড়িয়ে দিয়ে গেছেন, F.R.B.M.-এর ধার ধারেন নি আপনারা। নিজেদের ইচ্ছামতো নিয়েছেন, টাকা-পয়সা খরচ করেছেন। আপনারা অনেকেই বলেছেন অনেক রাজ্য এই ঋণ সংগ্রহ করেছেন, মহারাষ্ট্র করেছে, গুজরাট করেছে, পাঞ্জাব করেছে এবং আরও অনেক রাজ্য করেছে। ঠিক কথা, ঋণ নিন, তাতে আমাদের কোনো আপত্তি নেই। আপনাদের বোধহয় একটা কথা বুঝতে অসুবিধা হচ্ছে যে কোনো জায়গায় আমরা আঘাত করবার চেষ্টা করছি। আপনারা যতটা নিয়েছেন, ঠিক আছে, কিন্তু কতটা ক্যাপাসিটি বিল্ড আপ করেছেন ? কতটা সম্পদ সৃষ্টি করেছেন ? তারই তুল্যমূল্য যদি বিচার করা যায় আপনারা মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করছিলেন। কমপিউটার সিস্টেম যখন আমাদের দেশে এল তখন আপনারা কি বলেছেন ? ম্যান পাওয়ার নষ্ট হয়ে যাবে, মানুষ হারিয়ে যাবে। কত বছর পিছিয়ে দিয়েছেন ক্যাপাসিটি বিল্ড আপ করতে ?

[4.20—4.30 p.m.]

সম্পদ সৃষ্টি করতে কত বছর পিছিয়ে দিয়েছেন ? অনেক বছর পিছিয়ে দিয়েছেন। এই যে সম্পদ এবং ক্যাপাসিটি বিল্ড আপ কাজ হয়নি। কালকে একজন বলছিলেন বোধহয় ৫১ লক্ষ টাকা খরচ করে সবজির গোডাউন তৈরি হবে। হয়েছে কটা চিটে গুড়ের গোডাউন। এই সব তো করেছেন আপনারা, এই সব তো করেছেন, এই জায়গায় সংঘাত আছে। ঋণ নেন তাতে আপত্তি নেই কিন্তু সংঘাত হচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকার যেভাবে চলেছে ক্যাপাসিটি বিল্ড আপ করতে পারেনি সেই জায়গায় ব্যর্থতা। মহারাষ্ট্র এগিয়ে গেছে, যে জায়গায় গুজরাট এগিয়ে গেছে, যে জায়গায় পাঞ্জাব এগিয়ে গেছে অন্য রাজ্যগুলি যেভাবে এগিয়ে গেছে তারা ক্যাপাসিটি-বিল্ট আপ করাবার জন্য টাকাটা মূলত খরচ করেছে। আমরা ছোটবেলায় যখন স্কুলে যেতাম তখন ইংরাজিতে একটা কবিতা পড়তাম। তার সারমর্ম হচ্ছে যে—We have two kinds of eye. One is outward eye, the other is inward eye. With the help of the outward eye we see things which are physically present before us. আপনি ওখানে বসে আছেন আমি এখানে বসে আছি দেখতে পাচ্ছি, একে বলে আউটওয়ার্ড আই। আর With the help of the inward eye we see things which are not physically present before us. We see things by our imaginative power. আমি তাই বন্ধুদের বলব এই বাজেটে দিশা দেখতে হলে আপনারা এই ইমাজিনেটিভ পাওয়ারটাকে একটু জাগ্রত করুন তাহলে আপনারা দেখতে পাবেন। এই ইমাজিনেটিভ পাওয়ারটাকে আপনাকে জাগ্রত করতে হবে। কয়েকজন বন্ধু ওখানে বলছিলেন, কতকগুলো শব্দ শয়ন হয়েছে, শব্দ সিঞ্চন হয়েছে। অদ্ভুত ভাবে বাজেট বক্তৃতার মধ্যে রাখা হয়ে গেছে। আমি বলি ওই শব্দ শয়ন ও সিঞ্চনের মধ্যে কাঞ্চন লুকিয়ে আছে। আপনারা খোঁজ করুন

কাঞ্চনের সন্ধান পাবেন। উড়াইয়া দেখ ছাই পাইলে পাইতে পারেন অমূল্য রতন। আপনারা দেখুন। আপনারা যে কথাটা বলছিলেন, আপনার ২২ হাজার কোটি টাকার সুদ-আসল দিতে হচ্ছে যার জন্যে আপনার অভ্যান্তরীণ উৎপাদন কমে যাচ্ছে। ৮৮ হাজার কোটি টাকার মতো অভ্যান্তরীণ উৎপাদন কমে যাচ্ছে। জি.ডি.পি.-র উপর নির্ভর করে একটি উন্নয়ন। সেই জায়গায় আমাদের বিগত যে অর্থমন্ত্রী—এক বছরে কোনো জায়গায় লক্ষ্য করুন, আগের তুলনায় অনেক ভালো। যার জন্যই আপনার রাজ্যপালের ভাষণের উপরে যে উন্নয়নের রূপরেখা নিয়ে গেছে জি.ডি.পি.-ই বিলে দিচ্ছে কোন জায়গায় আমরা পৌঁছাতে পেরেছি। আমরা আপনাদের বাজেটের উপর বক্তৃতায় কয়েকটি খাতে কমপ্যারাজিন করে বলতে চাই, আপনাদের বোঝার কোথাও একটা গলদ থেকে যাচ্ছে। আপনারা ২০১০-১১, ২০১২-১৩ আমি কয়েকটা জিনিসের উপর আপনাদের কাছে বক্তব্য রাখব, যেমন—এগ্রিকালচার-বিপণন। যেটা ৪০.২ কোটি টাকা ছিল ২০১০-১১-তে তা বেড়ে হয়েছে ১৫০.৪৬ কোটি টাকা। এগ্রিকালচারে ২৯০.৯৯ কোটি টাকা ছিল ২০১০-১১-তে। এক বছরে বেড়ে হয়েছে ৩১৫ কোটি টাকা। একটা জিনিস বোধহয় আপনাদের মাথায় ধারণা আছে যে, ১৪৮ মেট্রিক টন খাদ্য আমাদের উৎপন্ন হয়। আমাদের মন্ত্রী মহাশয় টার্গেট রেখেছেন ১৬৪ মেট্রিক টন। এটা যদি ২০০ মেট্রিক টনে রাখত তাহলে আপনারা বোধহয় খুব খুশি হতেন। কিন্তু একটা জিনিস আপনারা বোধহয় লক্ষ্য রাখছেন না যে, একজন চাষী যদি ১০০ কুইন্টাল আলু উৎপাদন করে—হিমঘরে রাখবে ৫০ কুইন্টাল, ২০ কুইন্টাল বাজারজাত করতে পারল সে আর ৩০ কুইন্টাল পারল না। সেই ৩০ কুইন্টালটা মাঠে পচে ধ্বংস হয়ে যাচ্ছে। তাহলে তার প্রোডাক্টিভ অ্যাসেটটা কি হল ? তাহলে আমাকে দুটো দিক দেখতে হবে, এক দিকে যেমন উৎপাদিত হয় কারণ ল্যান্ড লিমিট একটা আছে। জমি বাড়ে নি। ফসলেরও একটা লিমিট আছে। আপনি যদি বলেন, আজকে ২০ মন ধান হচ্ছে, কালকে ২৫ মন, তারপর ৩০ মন, ৩৫ মন, ৪৫ মন, তারপর ৫০ মন, তারপর ৬০ মন হয়ে যাবে তাহলে মূর্খের স্বর্গে বাস করছেন বলে মনে হয়। তাহলে একটা সময় আসবে যেটা খাদ্য লিমিটটাকে একটা স্থিতাবস্থায় আছে তারপর হচ্ছে রাসায়নিক সারের প্রয়োগ, জৈব সারের বদলে রাসায়নিক সারের প্রয়োগ। মৃত্তিকার উর্বরতা শক্তি নষ্ট হয়ে যাচ্ছে। তবে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে খাদ্যটা ৩৪ বছর ধরে অপচয় হয়ে নষ্ট হয়ে যাচ্ছে, সেটা ১০০ কুইন্টালের মধ্যে ১০০ কুইন্টালই বেনিফিট যাতে পাই তার ব্যবস্থা করেছেন। বাজারের ব্যবস্থা করেছেন, কিষানমান্ডি করছেন আর হিমঘর করছেন। অন্যায় করে ফেলছেন। দিশা দেখতে পাননি। আপনারা, ১৪৮-এর জায়গায় যদি বলত ২০০ production হবে তাহলে বোধহয় খুব খুশি হতেন, table চাপড়ে। আমরাও তো দেখেছি এখানে, ২০০১ সাল থেকে দেখেছি। মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রী বলতেন একটা কথা, দুটো কথা বলব আর বেশি কথা বলব না। ২০০১ সাল থেকেই তো আছি, দেখছি। আপনারা জেনে খুশি হবেন বলে একটা ঘোষণা করে দিলেন, আর এদিক থেকে ড্যাডাং ড্যাডাং table চাপড়ে একেবারে করতালির ধ্বনিতে একদম তার রব উঠে গেল। এই কথাতো বলতেন। আবার বলতেন, 'আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, 'বলে একটা ঘোষণা করে দিলেন আপনাদের করতালি ধ্বনিতে—আমরা নিশ্চুপ

হয়ে দেখতাম। তাহলে ঘাটতি কেন ? তাহলে দেনা কেন ? দেনা কেন ? আপনারা বলছেন animal resource ২০১০-১১তে ছিল ৮২.০২ কোটি টাকা আমাদের হয়েছে ১৮৯.২০ কোটি টাকা। Animal resource আপনারা বলেন প্রাণীসম্পদ, নামেই সম্পদ। কি departmentটা করেছেন বলুন না ? প্রাণীসম্পদ। কি উন্নয়নটা আপনারা ঘটিয়েছেন বলুন না ? আমাদের মাননীয় অর্থমন্ত্রী দ্বিগুণের উপর টাকা ধার্য করেছেন, আপনাদের আমলে যে টাকা ধার্য ছিল—এইগুলো দেখুন না। একজন বলছিলেন বোধহয় মাননীয় পরেশবাবু বোধহয় বলছিলেন যে, গ্রাম পঞ্চায়েতে টাকা খুঁজে পাওয়া যায় না। আপনাদের অবস্থাটা কি হয়েছে জানেন, পাঁজীতে একশো আড়া জল থাকে। যারা বাঙালি তারা পাঁজী দেখেন তো। নিংড়ালে এক ফোঁটা জল পাওয়া যায় ? পাওয়া যায় ? পাঁজীকে যদি নিংড়ে ফেলেন একশো আড়া জলের এক ফোঁটাও পান না। পাননি। আপনারা পঞ্চায়েতে দেখতে পাননি। আপনারা দেখবেন ভালো করে পড়ে দেখবেন পঞ্চায়েতে আপনাদের আমলে '১০-১১তে ছিল ২০৪৫.২৪ কোটি টাকা সেইটা বেড়ে হয়েছে ২৭১৬.৯০ কোটি টাকা। আপনারা দেখতে পাননি ? আপনারা কিছুই দেখতে পাননি। কো-অপারেটিভ, আমাদের মাননীয় মন্ত্রী বোধহয় বলেছেন, আপনাবা এখন খুব ব্যতিব্যস্ত হয়ে পড়েছেন যে, গরীব মানুষের জমি কেড়ে নেওয়া যাবে না। যাবে না। বাজেট বইতে দেখেছেন ? কিছুই দেখতে পাননি সমবায় সম্বন্ধে। একদম দেখেন নি, ভালো করে দেখুন। বললাম, আপনাদের inward eyeটাকে একটু প্রসারিত করুন। আপনাদের imaginative powerটাকে একটু কাজে লাগান নিশ্চয়ই বাজেটে দেখতে পাবেন। নিশ্চয়ই বাজেটে দেখতে পাবেন। আপনাদের আমলে ছিল ৯২.১০ কোটি টাকা সেইটা হচ্ছে ১৬১.৫২ কোটি টাকা। Information culture আপনাদের আমলে কি রেখেছিলেন ? রবীন্দ্রনাথকে বলতেন বুর্জোয়া কবি, আর স্বামী বিবেকানন্দকে বলতেন, ভণ্ড তপস্বী। শুনে রাখুন। স্বামী বিবেকানন্দকে বলতেন ভণ্ড তপস্বী। সেই Information culture-এ ৭.৪৮ কোটি টাকা ছিল আপনাদের আমলে। ৭.৪৮ কোটি। সেইটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন ১১০ কোটি। সাতের ক'গুণ হল ১১০ কোটি ? বিবেকানন্দকে যাতে না generation ভুলে যায়, রবীন্দ্রনাথকে যাতে না ভুলে যায়, নজরুলকে যাতে না ভুলে যায়, আম্বেদকারকে যাতে না ভুলে যায়। আপনারা তো ভুলিয়ে দিয়েছিলেন। ভুলিয়েই দিয়েছিলেন। তাদের গুণকীর্তন করা তো দূরের কথা তাদের বিরুদ্ধে নানারকম চর্চা করে সহজপাঠই তুলে দিয়েছিলেন। আবার আপনারা যে কথা বলছেন, housing, housing-এ জেনে রাখুন ১১৪.০৫ কোটি টাকা আপনাদের আমলে ছিল। এখন হয়েছে ৬৪৭ কোটি টাকা মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন। না, ভুল নয়, বইতে দেখুন। ভুল লেখা নেই বইতে দেখুন, আমি জোর গলায় বলছি। ধন্যবাদ জানাতে হয়। এইখানে বলছেন, একজন দাদা বোধহয় বলছিলেন, কালকের বক্তব্য বেশ তাড়িয়ে তাড়িয়ে আমি শুনছিলাম। রসিকতা করে বলছিলাম, বাড়ির লোক গেলে বলছিল, বাজেটে কি এল গো। মেলায় গেলে, কি খেলে গো। কেমন আছে গো, ইত্যাদি ইত্যাদি বলছিলেন। আমার মনে হয়, ঘরের বউদিমণি বলছিল যে, আজকে বাজেটে অমিত মিত্র মহাশয় কোটি কোটি টাকার বাজেট করবেন। ব্যাগে বোধহয় কিছু টাকা

আমাদের কর্তা নিয়ে আসবেন। ব্যাগ খুলে দেখল যে, ব্যাগটা শূন্য। দাদা আমার ক্ষুণ্ণ। মোটেই দিশা দেখাতে পারলেন না। আমি বললাম, বাজেটটাকে পর্যালোচনা করুন। এই বাজেট— গরীবের উপকার হবে, সাধারণ মানুষের উপকার হবে, কৃষকের উপকার হবে, সংখ্যালঘু সম্প্রদায়— কোথায় ছিল ? সংখ্যালঘু সম্প্রদায় এবং SC, ST আমাদের মাননীয় মন্ত্রী, বলতে পারেন তাঁর বদান্যতায় আজকে ঘরে বসে একমাসের মধ্যে মিনিমাম পনেরো দিন হলেও, একমাসের মধ্যে certificate পেয়ে যাচ্ছেন আপনারা।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[4.30 – 4.40 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে যে কথাটা আমি বলতে চাই, সেটা হচ্ছে, গত ২৩শে মার্চ পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন, সেই বাজেটের বিরোধিতা করে দু-চার কথা বলতে চাই। আমার মনে হয়েছে, এই বাজেট হচ্ছে অসঙ্গতি, অসম্পূর্ণ, অস্বচ্ছ, দিশাহীন। কেন, দিশাহীন বলছি। যখন ক্ষমতায় ওনারা এসেছিলেন বা ক্ষমতায় আসার আগে একটা শ্লোগান ছিল, মা-মাটি-মানুষের সরকার। মা-মাটি-মানুষ, আমার মনে হয়েছে ব্যক্তিগতভাবে, আজকে চারিদিকে যখন কান পাতা যাবে, গ্রাম বাংলার শহরে, মা হচ্ছে সন্তান হারা, মাটি হচ্ছে কৃষক হারা, মানুষ হচ্ছে দিশাহারা। কিন্তু এই বাজেটে সেই কথা বলা হয়নি। আজকে যে মা সন্তান হারাচ্ছে, শিশুরা কিভাবে রক্ষা পাবে, শিশুর মৃত্যুর হার কিভাবে কমবে, শিশুকে কিভাবে বাঁচানো যাবে, মায়ের মুখে হাসি কিভাবে আসবে, এই বাজেটে কিন্তু সেই কথা বলা হয়নি। ২০১০ সালের একটা তথ্য তুলে বলে দিয়েছেন, যখন চারিদিকে সোরগোল শুরু হয়েছে, যখন শিশু-মৃত্যুর মিছিল চারিদিকে, তখন বলে দেওয়া হল ২০১০ সালের রিপোর্টকে সামনে রেখে যে আমরা ভারতের মধ্যে শিশু-মৃত্যুর হার এর হিসাবে কম। কার আমলে এটা। বামফ্রন্ট আমলের তথ্যটাকে প্রকাশ করা হল। আজকে কৃষক, মাটি হারা হচ্ছে, কৃষক আত্মহত্যা করছে। আমি অবাক হয়ে গেলাম, ২০১১ সালের নির্বাচনের সময়ে যে শ্লোগান ছিল, কৃষকদের রক্ষা করবে সিঙ্গুরকে নিয়ে, নন্দীগ্রামকে নিয়ে। নানা জায়গা নিয়ে সাধারণ মানুষের মধ্যে যে বিভ্রান্ত শুরু করেছিল, আজকে যখন ৪১ জন কৃষক আত্মহত্যা করছে, কৃষকদের আত্মহত্যা কি করে নিবারণ করা যায়, কৃষকের পরিবারকে কি করে রক্ষা করা যায়, আজকে পশ্চিমবাংলার কোটি কোটি কৃষক কিভাবে তারা চাষাবাদ করতে পারে, সারের উপর ভর্তুকি কমিয়ে, চাষের ক্ষেত্রকে আরো কিভাবে সহযোগিতা করা যায়, আমরা কিন্তু তা এই বাজেটে লক্ষ্য করলাম না। ফলে এই বাজেট একদিকে হচ্ছে নারীদের জন্য, শিশুদের জন্য কিছু করেনি, আর একদিকে কৃষকদের জন্য কিছু করেনি। অপরদিকে দিশাহারা। দিশাহারা এই জন্য বলছি, যে মানুষ যাচ্ছে, সবটাই হচ্ছে প্রলোভন। এইজন্য বলছি, আজকে এই বাজেটে যখন আমরা লক্ষ্য করছি, এইজন্য বলছি, যখন কোনো জায়গায় যাচ্ছে, বলছে হবে হবে, কিন্তু সেখানে গিয়ে কাজ নেই। বামফ্রন্টের আমলে কিছু জিনিসকে তুলে ধরা হয়েছে। এখানে কিছু কাজ, আমি দেখে অবাক হয়ে গেলাম, ভাবতা

কলেজ বামফ্রন্টের আমলে সেখানে সেটা অনুমোদন হয়েছে, আমি বাজেটে দেখছি বলেছে আমরা করব। অবাক হয়ে যাচ্ছি, এই হচ্ছে বাজেট। আমার ব্যক্তিগতভাবে যেটা মনে হয়েছে, মন্টুরাম বাবু একটা গল্প করছিলেন, আমার মনে হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমার মনে হয়েছে, যে একটা গ্রামে বর এবং কনের মধ্যে বিয়ের আসরে কথাবার্তা চলছে। বরপক্ষ কনে পক্ষকে বলছে, বিয়েতে লাগবে একটি সাইকেল কনে পক্ষর বাবা বলছে, হ্যাঁ দেব। বলছে, আমার একটা ঘড়ি লাগবে, হ্যাঁ দেব। আমার ১০ হাজার টাকা পণ লাগবে, হ্যাঁ দেব। আবার বলছে, এত সোনা লাগবে, হ্যাঁ দেব। ১০ ব্যাগ চুল্লু লাগবে, হ্যাঁ দেব। এবার কনে পক্ষ পরবর্তীতে বলছে, আমার একটা কথা শুনতে হবে। কোন কথা ? আমি ১০ ব্যাগ চুল্লু ছাড়া কিছুই দিতে পারব না। এটা মেনে নিতে হবে। মেনে নিল, ১০ ব্যাগ চুল্লু নিয়ে সন্তুষ্ট হল। আমার মনে হয়েছে, এই বাজেটে, এই রকম একটা বাজেট যে এই বাজেটে সাধারণ মানুষের কথা বলা হয়নি। সাধারণ মানুষকে উপেক্ষিত করা হয়েছে। আমরা দেখলাম যখন বাজেট পেশ হয়, তার পরবর্তীকালে মাননীয় অর্থমন্ত্রী প্রেস কনফারেন্স করলেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, উনি একটা কথা বললেন—হ্যাঁ, উনি বলতে পারেন, ওনার এক্তিয়ার আছে, তিনি কি বললেন, অনেক কথা বলার ছিল, তিনি বলতে ভুলে গেছেন। অবাক হয়ে যাই, আর কোন্ কথা এখানে তার বলার ছিল ? কোন্ কথা বলার ছিল যেটা আমরা তার মুখ থেকে শুনতে পেলাম না ? আমরা দেখেছি ১৯৮০ সালে, যখন লক্ষ্য করেছিলাম বাংলার দুই মন্ত্রী বাজেট পেশ করতে যাচ্ছেন কেন্দ্রে, অর্থমন্ত্রী এবং রেলমন্ত্রী। এর জন্য আমরা গর্ব অনুভব করি। আমরা আবার লক্ষ্য করলাম, বছর খানেক আগে আমার বাংলার একজন মন্ত্রী এবং আমার বাংলার একজন অর্থমন্ত্রী, রেলমন্ত্রী যখন পার্লামেন্টে বাজেট পেশ করতে যাচ্ছেন তখন আমরা গর্ব অনুভব করেছিলাম। কিন্তু রেলমন্ত্রী যখন যে সমস্ত অনুমোদন, যে সমস্ত প্রকল্পের কথা বললেন, আমরা দেখলাম পরবর্তীকালে যখন লোকসভায় প্রশ্নোত্তর হচ্ছে, একসঙ্গে চল্লিশটি রেল প্রকল্প অনুমোদনের মধ্যে চোদ্দোটি প্রকল্প অনুমোদিত হয়েছে। তিনি সেই বাংলার মুখ্যমন্ত্রী হয়েছেন, তার অধীনে অর্থমন্ত্রী হয়েছেন। তার কাছে থেকে আমরা এর থেকে বেশি কি আশা করতে পারি ? যত কথা বলেছেন তত কথা কি করে এখানে বাস্তবে বাস্তবায়িত হবে, এ নিয়ে প্রশ্ন থাকে। এখন প্রচলিত একটা কথা হয়ে গেছে—মুখ খুললে ত্রিবেদী, মুখ না খুললে গদি। আমরা জানি না এটা কি অবস্থায় থাকবে। পশ্চিমবাংলার আগামী দিনে এইরকম অবস্থা থাকবে কি থাকবে না, বা অবস্থার উন্নয়ন ঘটবে কিনা। আগামী দিনের মানুষ, আগামী দিনের জনগণ এই কথা বলবে। আমি দেখেছি এই বাজেটে উল্লেখ করা হয়নি এস.এস.কে., এম.এস.কে. এবং পার্শ্ব শিক্ষকদের কথা। বিগত বামফ্রন্ট সরকার এই কয়েকটা বিল নিয়ে এসে পঞ্চায়েত বোর্ড গঠন করার মধ্য দিয়ে এবং সেই বিল পাশ করাল এবং সেই বিল রাজ্যপালের অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল। আজকে যখন আমরা লক্ষ্য করছি সমস্ত গ্রামবাংলায় সমস্ত পঞ্চায়েতের অধীনে যে সমস্ত শিশুশিক্ষা কেন্দ্রগুলি আছে, মাধ্যমিক শিক্ষা কেন্দ্রগুলি ...ছ, পার্শ্ব শিক্ষকরা যারা আপার প্রাইমারিতে, প্রাইমারিতে পড়াশুনা করান, তাদের কিছু সুযোগ-সুবিধা যেটা বামফ্রন্ট

আমলে দিয়ে গিয়েছিল সেটা এই বাজেটে উল্লেখ করা হয়নি। এটা শিক্ষার ক্ষেত্রে একটা বাধা সৃষ্টির চেষ্টা করা হয়েছে। আমরা দেখেছি পি.টি.টি.আই.-দের বিষয়ে। তাদের বলা হল, তোমরা আন্দোলন কর, আমরা ক্ষমতায় এলে তোমাদের সবাইকে চাকরি করে দেব। কিন্তু পি.টি.টি.আই.-এর কথা এখানে বলা হয়নি। ফলে এইরকম একটা বাজেট তৈরি করা হয়েছে। কলেজের আংশিক শিক্ষক যারা, যারা কলেজে শিক্ষকতা করছেন, আজকে এক বছর, দুই বছর হল বামফ্রন্ট সরকার যাওয়ার শেষের দিকে এবং নতুন সরকার আসার এক বছর, দেড় বছরের মধ্যে কলেজে কোনো নতুন শিক্ষক অ্যাপয়েন্টমেন্ট হয়নি। কিন্তু আংশিক শিক্ষক যাঁরা আছেন, যারা পার্ট টাইম টিচার, তাঁরা যখন আন্দোলন করতে যাচ্ছেন, তাঁদের অনারিয়াম, তাঁদের সুযোগ-সুবিধা বামফ্রন্ট সরকার যেটা করে দিয়ে গেছেন, তার পরবর্তীকালে আমরা দেখছি পথে গিয়ে তারা পুলিশের লাঠি খাচ্ছে। তাদের সম্পর্কে বাজেটে একটি কথাও বলা হল না। আমরা অবাক হয়ে যাই, আজকে পঞ্চায়েত নিয়ে আমরা আশঙ্কা প্রকাশ করেছিলাম। আমাদের বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী যখন জেলায় সফরে যাচ্ছেন, যখন বামফ্রন্টের যে সমস্ত জেলা পরিষদ আছে, সেই সমস্ত জেলা পরিষদের সভাধিপতিদের না ডেকে তিনি ডি.এম. সহ আধিকারিকদের নিয়ে সভা করছিলেন। তখনই আমরা ভেবেছিলাম এবং অনেক কাগজে প্রকাশিত হয়েছিল যে এরা পঞ্চায়েত ব্যবস্থাগুলোকে তুলে দেওয়ার চেষ্টা করছে। আমরা লক্ষ্য করলাম তাই এই বাজেটে পঞ্চায়েত সম্পর্কে সেভাবে কথা বলা নেই। গতকাল লক্ষ্য করলাম যে গোটা পশ্চিমবাংলার তিনটি জেলায় যখন অবৈধভাবে সভাধিপতিদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেওয়া হল। মুর্শিদাবাদ জেলায় গত ২৪শে মার্চ বাজেট পাশ হয়েছে। আমাদের সঙ্গে কংগ্রেস বন্ধুরা যৌথভাবে এই বাজেট পেশ করেছে। কিন্তু সেখানে দেখছি যে সেখানেও সভাধিপতিদের ক্ষমতাকে খর্ব করে নেওয়া হয়েছে। এখানে পঞ্চায়েত সম্পর্কে সেইরকম ভাবে বলা হয়নি। এইজন্য আমরা এই বাজেটে বিরোধিতা করছি। একশো দিনের কাজের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকার বারবার যখন সাংবাদিকদের সামনে বলছেন—আমরা চিঠি দেখতে পাই না—যখন সাংবাদিকদের বলছেন আমরা রাজ্য সরকারকে এত টাকা দিয়েছি এন.আর.ই.জি.এ. কাজের জন্য। কিন্তু সেই টাকায় তারা কাজ করতে পারছে না। একশো দিনের কাজ ১৮ দিন-১৯ দিন হয়েছে কিনা জানি না। আমি প্রথমে যেটা শুরু করেছিলাম, একশো দিনের কাজ পার করে দুশো দিনের কাজ আমরা শুরু করব, যদি একশো দিনের কাজ হয়ে যায়। এটা বাস্তবে সম্ভব যে একশো দিনের যে কাজ আমরা দিতে পারছি না, একশো দিনের মধ্যে আঠারো দিন, ঊনিশ দিন দিচ্ছি, তারপরে বর্ষা নেমে যাবে। এটা কি সম্ভব ! আমরা লক্ষ্য করছি, এই বাজেট হচ্ছে দিশাহীন, অস্বচ্ছ, অসম্পূর্ণ। আমরা বাজেটে বিদ্যুৎ সম্পর্কে দেখছি। রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা, গ্রাম বাংলায় বিদ্যুৎ পাঠানোর দিকে হেল্ড আপ হয়ে গেছে। এই নয় মাসের সরকার অনেক কটা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করেছে এটা সঠিক নয়। সকলেই জানেন, সাগরদীঘি কোন্ সালে তৈরি হয়েছিল। সাগরদীঘি, তারপরে ব্যান্ডেল। কিন্তু আমাদের, গতকাল মুর্শিদাবাদ জেলার একটা হিসাব বলছি। কয়েকদিন আগে আমরা মুর্শিদাবাদ জেলায় বিদ্যুৎ নিয়ে সভা করলাম। এক, এই

ন-মাসে একটু কাজও এগোয় নি। এবং তার আগে নির্বাচন বিধি থাকার জন্য তখনো এগোয় নি। ফলে গ্রাম বাংলায় এখন বিদ্যুৎ যাচ্ছে না। এবং নতুন করে নাম দিয়ে দিলেন কি ? সবার ঘরে আলো চলে যাবে। কবে যাবে, কি যাবে, এই জন্যেই বলছি এটা অস্বচ্ছ, দিশাহীন বাজেট।

[4.40 – 4.50 p.m.]

স্কুল শিক্ষা নিয়ে আমি দুটো কথা বলি। আপনারা জানেন ১৯৭৭-১৯৭৮ সালে ১ লক্ষ ২৪ হাজার মাধ্যমিক পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিল। আজকে ২০১২ সালে ১০ লক্ষের ওপর পরীক্ষা দিচ্ছে। বামফ্রন্ট আমলে যে শিক্ষার হার বেড়েছে সেই শিক্ষার হার বাড়ার ফলে বিভিন্ন বিদ্যালয়, হাই স্কুল, আপার প্রাইমারি স্কুল হয়েছে। আপার প্রাইমারি স্কুল হওয়ার মধ্য দিয়ে শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে, আমরা লক্ষ্য করলাম এস.এস.সি.-এস.এস.সি.-র মাধ্যমে শিক্ষক নিয়োগ হচ্ছে। কিন্তু দেখলাম এরা একটা বছর এস.এস.সি. ড্রপ দিয়ে দিল। এস.এস.সি.-র কোনো পরীক্ষা নেওয়া হল না। আপাব প্রাইমারি যেগুলো গঠিত হল, সেগুলো এক বছরে তিনজন শিক্ষক, পরের বছরে তিনজন শিক্ষক, এবং ফাইভ টু এইটে ছজন শিক্ষক নিয়ে সেই বিদ্যালয়গুলো চলবে। দেখলাম তিনজন শিক্ষক নিয়ে ফাইভ টু এইট ক্লাস করানো সম্ভবপর হচ্ছে না। অর্থাৎ শিক্ষার ক্ষেত্রে, শিক্ষার মেরুদণ্ডকে ভেঙে দেওয়ার একটা চক্রান্ত শুরু হয়েছে। আমরা দেখলাম যে শিক্ষার ক্ষেত্রে একটা নৈরাজ্য এবার মাধ্যমিক পরীক্ষা হলে। ৩৪ বছর বামফ্রন্ট ক্ষমতায় ছিল। শিক্ষায় এরকম বড়ো ঘটনা ঘটেনি। প্রশ্ন বিভ্রাট, প্রশ্ন বিভ্রাট। একই প্রশ্ন, বলছে অঙ্কে ৯২ পেলেই সে ১০০ পেয়ে যাবে। তার মানে দেখল না কিভাবে গণটোকাটুকি হল নানা ভাবে। স্কুলের শিক্ষা বিষয়টাকে ভেঙে দেওয়ার চেষ্টা করছে। কিভাবে যে এর উন্নয়ন ঘটাব, কিভাবে এই শিক্ষক নিয়োগ হবে, কিভাবে শিক্ষার ক্ষেত্রে সুশৃঙ্খলা নিয়ে আসব এটা আমরা এই বাজেটে লক্ষ্য করলাম না।

আমরা বাজেটে একটা জিনিস দেখলাম ঘুড়ির ওপর কর, ট্যাক্স কমানো হবে। খালি, সিলিন্ডারের ওপর ট্যাক্স কমানো হবে। আমরা অবাক হয়ে যাই যখন গ্রাম বাংলার মানুষ আজকে আত্মহত্যা করছে, আজকে চা-বাগানের শ্রমিকরা আত্মহত্যা করছে, পরিবহণ কর্মীরা আত্মহত্যা করছে—তাদের জন্যে, আমরা তাদের কিছু উন্নয়ন ঘটাতে পারি কিনা সেটা কিছু নেই। তাদের কজন ঘুড়ি ওড়ায়, কজন কি করে ? তার কর কমিয়ে কি হবে ! এই বাজেটে কাঠের বাক্সের দাম কমিয়ে দেওয়া হবে। একটা কিছু কমাতে হয়, কিছু বলতে হয় সে জন্যই করা।

আমি দেখলাম, আজকে এখানে অর্থমন্ত্রী তাঁর বাজেটে উল্লেখ করেছেন কেন্দ্রীয় সরকার আমাদেরকে টাকা দিচ্ছে না। রাজস্ব ক্ষতির বিষয়ে কেন্দ্রীয় সরকারের ওপর দোষারোপ করেছেন। রাজস্ব ক্ষতির ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করেছেন এবং বাজেটে উল্লেখ করেছেন, এবং আমাদের বন্ধু, কংগ্রেস বন্ধুরাও সেটা বলার চেষ্টা করেছেন। আমি মনে করি যে রাজস্ব আদায়ে কেন্দ্রীয় সরকার যদি ক্ষতি করে থাকে, তোমরা তো

কেন্দ্রীয় সরকারের একজন শরিক দল হিসাবে আছো। যিনি রেল বাজেট পেশ করে, তার পরের দিন তাকে হুমকি দিয়ে পদত্যাগ করাও। তাহলে কেন তোমরা করো না ? কেন্দ্রীয় সরকারের কাছে সর্বদলীয় ভাবে গিয়ে, কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্যের জন্যে যা পাওনা, রাজ্যের উন্নয়নের জন্য আমাদের যা দরকার, সেগুলো আনার জন্য চেষ্টা তোমরা কেন করো না ? সেগুলো আনতে হবে।

স্বয়ম্ভর গোষ্ঠীর কথা বলা নেই। আমি শেষ কথা বলব, আমি একটা কথা বলব আমি মুর্শিদাবাদ জেলার মানুষ। মুর্শিদাবাদে বাড়ি। আমরা খুব আশঙ্কা করি, দেখুন মুর্শিদাবাদের মানুষ যখন বীরভূমে যায়, রাত্রি হয়ে গেলে মুর্শিদাবাদের মানুষকে জায়গা দেয় না, বিশ্বাসঘাতক মীরজাফরের জেলার লোক বলে। আমার কাশিমবাজার, যখন কাশিমবাজারে ঐ জাফর আলি খান যখন ইংরেজদের সঙ্গে চুক্তি করছে, নবাব সিরাজদ্দৌলা তখন জাফর আলিকে ডেকে বলছেন, ভাই তুমি ওখানে কি করছিলে ? না, আমি বাংলার উন্নয়নের জন্য কথা বলছিলাম। যদি তোমার ক্ষমতা নেওয়ার লোভ থাকে তুমি নাও, তাহলে তুমি এটা নিতে পারো। কিন্তু সেদিন সেই জাফর আলি খান অসত্য কথা বলেছিলেন। বাংলা, বিহার, উড়িষ্যা ইংরেজদের হাতে গিয়েছে। জি.টি.এ. বিল নিয়ে যখন আমরা দেখলাম হরকা বাহাদুর ছেত্রী সহ বিধায়করা বিধানসভা বয়কট করল। বলল আমরা আলাদা গোর্খাল্যান্ড চাই অথচ কয়েকদিন আগে রাইটার্স বিল্ডিংয়ে সভা হল আর সেই সভায় কি হল ? কি আলোচনা হল ? আমরা জানতেও পারলাম না। বিধানসভায় এটা জানানো দরকার ছিল। আমরা আশঙ্কা প্রকাশ করছি বাংলা ভাগের, কিন্তু এটা আমরা হতে দেব না। এই বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

শ্রী নির্মল চন্দ্র মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে গত ২৩শে মার্চ ২০১২-য় আমাদের সরকারের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র, যে বাজেট বিবৃতি বিধানসভায় রেখেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি বলতে চাই যে, ২০ই মে ২০১১ মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি স্বপথ গ্রহণ করেছেন, তিনি বাংলার অগণিত নারী-পুরুষের যে দুঃখের কথা ভেবেছিলেন নির্বাচনের আগে তিনি গরীব মানুষদের, তথা বাংলার মানুষদের কথা ভেবেছিলেন এবং সেই মানুষদের মঙ্গলের কথার চিন্তা করে, সারা বাংলার উন্নয়নের জন্য তিনি বাজেট প্রত্যেকটি ক্ষেত্রে যে দিশা রেখেছেন। যেটা বামফ্রন্টের বন্ধুরা বুঝতে পারছেন না। ওরা দীর্ঘ ৩৪ বছর ধরে, সেই সময়কার সাফল্যের কথা যা বলেছেন, আমরা বলতে পারি বাংলার উন্নয়ন কেন পিছিয়ে গেছে। কেন তারা সরকারের থেকে চলে যাওয়ার থেকে আজ পর্যন্ত—আমরা দেখতে পেয়েছি যে বাংলায় মানুষকে সুদ দিতে হচ্ছে, ২২ হাজার কোটি টাকা যা বাংলাব উন্নয়নে কাজে লাগত। মানুষের কাছ থেকে সংগৃহীত সরকারের কাছে যে সংগৃহীত অর্থ আসে তা সিংহভাগ টাকা—আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন শতকরা ৬ শতাংশ টাকা উন্নয়নের খাতে খরচ করা যায়, তাছাড়া বাকি সমস্ত টাকা সুদ দিতে চলে যাচ্ছে—আসল এবং সুদ দিতে। উনি বলেছেন, এই ২২ হাজার কোটি টাকার দায় যদি সরকারের না থাকত তাহলে বাংলা ৮০ হাজার কোটি টাকার সম্পদ সৃষ্টি হত। আপনারা বলবেন, আপনারা দীর্ঘ ৩৪ বছর ধরে

মানুষের কাছে বিভিন্ন সময় অসত্য কথা বলে এসেছেন, বাংলার মানুষ আপনাদের বিশ্বাস করে না। যার জন্য এই পরিবর্তন। এবং সেই পরিবর্তনের শাস্তি আপনারা দেখতে পাচ্ছেন। আপনারা আমাদের মাননীয় আনিসূর সাহেব, উনি ওনার বক্তব্য একটু আগে রেখেছেন। উনি বলেছেন, আমাদের ঠিকমতো ঘুম হচ্ছে না। তার মানে দীর্ঘ ৩৪ বছর ধরে মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়ে, মানুষের যে কত অত্যাচার করেছে, আজকে নতুন সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাদের পাপের যে দায়িত্ব বিভিন্ন জায়গায় করেছে, তার ফলস্বরূপ বিভিন্ন জায়গায় তদন্ত এবং অপরাধীদের সাজা ব্যাপারটা আসছে সেটা এটার উপর নির্ভর করে। আস্তে আস্তে তাদের ঘুম ভেঙে যাচ্ছে, তাই এই কথা তারা বলেছেন। যদি তারা ভালো কাজ করত মানুষের, মানুষের সঙ্গে ভালো ব্যবহার করত, দিকে দিকে খুন-খারাপি না করত তাহলে তারা ভালো করে ঘুমোতে পারতেন। সরকার পরিবর্তন হত, তাতে কিছু যায় আসে না, মানুষের যে পরিবর্তন, মানুষের এই ৩৪ বছরের ক্ষোভ—আমাদের মুখ্যমন্ত্রী সরকারে এসে যদি রশি টেনে না ধরতেন, বাংলার মানুষের কাছে যদি না বলতেন, তাহলে নির্বাচনের পরে পরেই বাংলায় একটা রক্তগঙ্গা বইত। কিন্তু আমাদের সরকার সে হওয়ার সুযোগ দেয়নি। যাইহোক আমি শুধু বলতে চাই যে, আপনারা কৃষির কথা বলেছেন। আপনারা বলেছেন, কৃষকদের স্বার্থে কৃষকদের হাতে জমি তুলে দেওয়ার কথা এবং বর্গাদার, পাট্টাদারের কথা।

[4.50—5.00 p.m.]

আপনারা জোর করে, যাদের জমি আছে তাদের জমিগুলো জোর করে দখল করে মানুষের মধ্যে বিলি করেছেন। মানুষ মানে আপনাদের পার্টির লোকদের বিলি করেছেন। সেখানে বৈষম্য থাকে নি। বিভিন্ন সরকারী-বেসরকারী জায়গায় আপনারা নিয়ম মানেন নি, আইন মানেন নি। সেখানে অন্যায় ভাবে অনেক নিয়োগ হয়েছে। বাংলার মানুষ কিন্তু ভোলে নি। বাংলার মানুষ সি.পি.এম.-কে চিনেছে, বামফ্রন্ট সরকারের লোকেদের চিনেছে। তাই এই সরকার পরিবর্তন আনছে বাংলার মানুষের স্বার্থে। আমাদের নেত্রী মমতা ব্যানার্জী, তাঁর নেতৃত্বে বাংলার পরিবর্তন হয়েছে। বাংলার মানুষের উন্নয়নের কথা, মঙ্গলের কথা চিন্তা করে তাঁর যে দিশা সেই অনুযায়ী বাজেট করেছেন। তাঁর নির্দেশে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট করেছেন তার উপরে আমি দু-একটা কথা বলতে চাই। আমি আপনাদের বলতে চাই, আজকে সমস্ত সম্প্রদায়ের মানুষদের এবং গরীব মানুষদের উন্নয়নের স্বার্থে বেশি বেশি করে সমস্ত চিন্তা প্রতিফলিত হয়েছে, বাজেটে সে কথা বলেছেন। তিনি সংখ্যালঘু মানুষদের কথা ভেবেছেন। বাংলায় যে জনসংখ্যা আছে, তার টোয়েন্টি পারসেন্ট সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। সাচার কমিটিতে দেখেছি। সাচার কমিটিতে বিগত সরকারের বিরুদ্ধে বলেছেন, তারা যে সংখ্যালঘু মানুষদের দেখে নি, সংখ্যালঘু মানুষেরা তাদের কাছে উপকৃত হয় নি, এই সরকারের কাছ থেকে সেটা প্রমাণ হয়েছে। তাই সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বিগত সরকারের কাছ থেকে সমর্থনের মুখ ফিরিয়ে নিয়েছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী সংখ্যালঘু মানুষদের কথা ভেবেছেন এবং তাদের উন্নয়নের কথা ভেবে, বিগত দিনে যে বাজেট বরাদ্দে

টাকা ছিল তার থেকে অনেক বেশি টাকা তিনি বরাদ্দ করেছেন। তপশিলি জাতি, উপজাতিদের কথা তিনি ভেবেছেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে বক্তব্য রেখেছেন, আমি তাঁকে পূর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri Michael Shane Calvert : Hon'ble Speaker, Sir, I rise in support of the budget that has been presented by the Hon'ble Minister-in-Charge of Finance. Looking at the budget, it is very prudent on his part, on the Hon'ble Minister's part to have cut one's coat according to the cloth. What the Hon'ble Minister has laid before us is in a nutshell an outlook of the 3Es. If we analyse we see 3Es—Education, Employment and Empowerment. There is a strong focus on socio-economic developments of the weaker sections of the society i.e. the SC, ST, OBC, minorities and also women. This will no doubt make the minorities and the backward classes very inclusive and will bring them into the mainstream of society.

On the aspect of Education there is what we have seen is pre-matric and post-matric scholarships. There is an enhancement of the number of scholarships that are being given out. We have seen the creation of additional posts of teachers at the primary and upper primary level. We also noticed the initiating of 14 new school buildings and 105 girls' hostels, the upgradation of 500 Madhyamik schools to Higher Secondary Schools and I have seen that 499 schools will be upgraded in the next year. Establishing of new degree colleges and new universities will definitely allow for education to reach out to the many people who have unfortunately been out of the purview of education. And out of education will come the necessity to employ. If one is educated then one becomes employable and it is evident that there are job oriented training courses which will impart vocational skills to the minority youth.

We have also seen how there is programme where there will be a development of micro, small scale enterprises and large scale, medium industries which will necessarily bring about more employment for a lot of people. Training of a number of graduates in the certificate of proficiency to assist in the preparation of returns of filing will necessitate more employment opportunities and if we can educate, if we can employ, in a nutshell, there will

be empowerment and with empowerment we will be able to understand that the citizens of our State will naturally become more responsible and in being more responsible they will be able to contribute to the growth, Progress and development in a very positive way. I am also certain representing this very micro minority that this micro minority which I represent will stand to benefit from all the measures that have been taken by this new Government.

I like to end with just two more statements. Desire is the starting point of achievement. Not a hope, not a wish but a keen pulsating desire which transcends everything. There is a strong desire to achieve and West Bengal will once again achieve because there is a strong desire to recreate the golden Bengal of Rabindra Nath Tagore, Swami Vivekananda and Henry Louise Vivian Derazio. Thank you, your Honour.

[5.00—5.10 p.m.]

শ্রী আসিফ মেহেবুব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৩শে মার্চ ২০১২-তে যে বাজেট পেশ করেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি কিছু বলতে চাই। স্যার, ২০১২-১৩ সালে যে বাজেট বিবৃতি উল্লেখিত হয়েছে, তা আশা জাগায় বাংলার মানুষের মনে। দীর্ঘদিনের অতিরঞ্জিত যে বাজেটে আমরা অভ্যস্ত, আজকে মনে হয় যে তার থেকে অনেক বেশি বাস্তবোচিত এই বাজেট আমাদের এগিয়ে নিয়ে যাবে উন্নয়নের দিশাতে। বর্তমানে পশ্চিমবঙ্গের সমস্যা প্রচুর। সরকারের প্রতিটি সুচিন্তিত পদক্ষেপ এই সমস্যার পাক থেকে বের করে আনবে, এই বিশ্বাস রয়েছে, এই আশা আছে। লক্ষ্যণীয় যে বিগত সরকার এফ.আর.বি.এম.আই. যখন পাশ করল, সেই সময় দেখা গেছে যে আমাদের পশ্চিমবঙ্গের অর্থভাণ্ডার শূন্য। আমরা ঋণগ্রস্ত হতে হতে হতে একবারে শেষ পর্যায় গিয়ে পৌঁছেছি। বর্তমান সরকার প্রতি পদক্ষেপে সমস্যায় পড়ছে। আমি বলব উদ্দেশ্য প্রণোদিত ভাবেই এই আইন সেই সময় পাশ করেছিলেন বিগত সরকার। লক্ষ্যণীয় যে বর্তমান সরকার জোর দিয়েছেন রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদনকে বাড়ানোর লক্ষ্যে। যাতে বিগত সরকারের প্রায় দু'লক্ষ কোটি টাকার যে ঋণ আমাদের ঘাড়ে রয়েছে, ওটা পশ্চিমবঙ্গে মানুষের ঘাড়ে রয়েছে তা কিছুটা দূরীভুত হয়। রাজ্যের মূল স্তম্ভ কৃষি। আমরা লক্ষ্য করব স্যার, এই বাজেটে কৃষির উপর যথেষ্ট জোর দেওয়া হয়েছে। কৃষি বিপণনকে অনেক বেশি এগিয়ে রাখা হয়েছে এই বাজেটে। ২০১১-১২ সালে যে উৎপাদন, বিগত বছরের তুলনায় বর্তমানে ১৮.২৩ লক্ষ মেট্রিক টন বেশি হচ্ছে। বৃদ্ধির হার অনুযায়ী যা ১২.৩%। যা আমাদের কাছে অনেক বেশি আশাব্যঞ্জক। কিষাণ মান্ডি বা কৃষি বাজার যা ৩৪১টি ব্লকে নির্মিত হবে। যেখানে উচিত মূল্যে আমাদের কৃষক ভাইরা তাদের উৎপাদিত দ্রব্য বিক্রি

করতে পারবে। প্রতিটি ব্লকে হিমঘর যেখানে উচিত মূল্যে আমাদের কৃষক ভায়েরা তাদের উৎপাদিত দ্রব্য বিক্রি করতে পারবে। প্রতিটি ব্লকে হিমঘর সহ কোল্ড চেনের যে পরিকল্পনার কথা এখানে উল্লেখ করেছে মাননীয় মন্ত্রী মহোদয় তা আমাদের কাছে অনেক আশা জাগায়। আমরা দেখেছি, উৎপাদিত ফসল যথার্থ স্থানে না পৌঁছানোর জন্য বহু ফসল নষ্ট হয়। তার উপযুক্ত মূল্য তারা পান না। সেই ক্ষেত্রে এই পদক্ষেপে আমরা অনেক বেশি উপকার পাব। এই আশা আমরা রাখি। যে পরিমাণ চাল রাজ্যে জমা রাখার প্রয়োজন তার পরিমাণ ১০ লক্ষ মেট্রিক টন। আমরা দেখেছি, বিগত সরকার পণ্যাগার তৈরি করতে পেরেছে ৫০ হাজার মেট্রিক টনের। শুধু তাই নয় বর্তমান সরকার কৃষি বিপণন দপ্তরের জন্য ১৫০.৪৬ কোটি টাকার যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব রেখেছে যা, ৩০৮.০৫ শতাংশ বৃদ্ধির ভরসা দেয়। বর্তমানে আর্থিক বছরের আর্থিক বরাদ্দের তুলনায় তা অনেক বেশি। অধিকাংশ মানুষই কৃষিজীবী। তারা যে হতাশায় ভুগছিলেন আমরা দেখেছি। বিগত সরকারের বহু ভ্রান্ত নীতির কুফল তাদের পোহাতে হয়েছে। ভ্রান্ত জমি অধিগ্রহণ নীতি, বীজ কেলেঙ্কারি, ফসলের উপযুক্ত মূল্য না পাওয়া, ঋণ শোধ না করার অক্ষমতা এই কৃষিজীবী মানুষদের মৃতের তালিকায় নিয়ে গেছে। আজও আমরা তা পোহাচ্ছি। আমি আশা করব, সরকারের এই পদক্ষেপ মাননীয় অর্থমন্ত্রীর এই দৃষ্টি সেই মানুষদের উজ্জীবিত করবে। তারা এগিয়ে আসতে পারবে আমাদের সমাজের এক স্থানে। বিরোধী বন্ধুরা অনেকে দুঃখ প্রকাশ করছেন, সন্দেহ প্রকাশ করছেন এই বাজেটের প্রতি। তারা বলছেন এটা দিশাহীন। তাদের কাছে আমি মির্জাগালিবের একটি সেরের কয়েকটি লাইন উল্লেখ করতে চাই—'রঞ্জসে খগার হুয়া ইনসান তো মিট জাতা হৈয়ে রঞ্জ, মুসকিলে ইতনি পরি মুজপর কে আসান হো গায়ে' অর্থাৎ, দুঃখে অভ্যাস হয়ে গেলে দুঃখ ঘুচে যায়, আর কষ্ট এত পেলাম যে সহজ হয়ে যায়। আমাদের যে শিশুরা জন্ম নিচ্ছে যাদের প্রত্যেকের মাথায় ২১ হাজার টাকা ঋণ রয়েছে আজকে তারাই বলে উঠবে, দুঃখ তাদের সহনশীল হয়ে গেছে। বাংলার গ্রামীণ এলাকার মানুষ, নদীমাতৃক বাংলার মানুষ আমরা মালদার মানুষ যারা বন্যা, ভাঙন প্রতি বছরই এই সমস্যাই অভ্যস্ত। আমরা দেখেছি, বিগত সরকারের সেচ বিভাগ তারা চূড়ান্ত দুর্নীতি করেছে এই সেচ ব্যবস্থা নিয়ে। বর্তমান সরকার সেচ ব্যবস্থার দৃষ্টান্ত দিয়েছেন। আজ বহু বছর পর আমার আনন্দ লাগছে যে, মহানন্দার ভাঙনে আমরা দিনের পর দিন বিপর্যস্ত হয়েছি, আমাদের গ্রাম, জমি, ফসল—সবকিছু বিনষ্ট হয়েছে সেখানে আজকে বাঁধের উন্নয়ন হতে যাচ্ছে। আজকে সেখানকার মানুষ দিশা দেখতে পাচ্ছে। মাননীয় মন্ত্রী যথেষ্ট স্বচ্ছতার সাথে তিনি উদ্যোগ নিয়েছেন। আমি তাকে ধন্যবাদ জানাই এই মহতী সভায়। বর্তমান সরকার সেচ দপ্তরের জন্য ব্যয়-বরাদ্দ করেছেন ১৫৬৮.১৭ কোটি টাকা। এছাড়াও কেন্দ্রীয় সরকার প্রবর্তিত এম.জি.এন.আর.এস প্রকল্পকে এই কাজে যুক্ত করায় এই কাজ বেশি ত্বরান্বিত হবে। এই আশা রাখি। গ্রামগুলোর উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের বহু প্রকল্প বছরের পর বছর এখানে এসেছে এবং বহু কোটি টাকা এখান থেকে ফিরে গেছে। আমি আশা করব, যে সব মানুষরা বিভিন্ন রাজ্যে গিয়ে, যাঁরা জীবিকার সন্ধানে যাচ্ছেন, যাঁরা পরিবার প্রতিপালনের জন্য যাচ্ছেন তাঁরা আজকে দেশে কাজ করতে পারবেন। নিজের

গ্রামেই জীবিকা খুঁজে নিতে পারবেন। আজকে দেখি আমরা যেখানে একশো দিনের মধ্যে মাত্র ত্রিশ থেকে পঁয়ত্রিশ দিন কাজ দিতে পারছি সেখানে পাশাপাশি অন্যান্য রাজ্য সত্তর থেকে আশি দিন কাজ দিতে পারছেন তাদের এলাকাগুলোতে। আমরা ব্যর্থ এই জায়গায়। মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব, তার সরকার এই বিশেষ প্রকল্পটির সহজীকরণ করেছেন এবং বিশেষ পুরস্কার যা গ্রামীণ মানুষের কাছে অনেক বেশি উৎসাহ জাগাবে। আমি স্বাস্থ্যের ক্ষেত্রে আসব মাননীয় অধ্যক্ষ মহোদয়। আমি দেখি যে আমার এলাকায় চাঁচলে যা আজ মহকুমা হিসাবে প্রতিষ্ঠিত, কিন্তু সেখানে বহু বছর ধরে মহকুমা হাসপাতাল গড়ে ওঠেনি। আমি আশা রাখব বর্তমান সরকারের কাছে, উত্তরবঙ্গের এই প্রত্যন্ত অঞ্চল, যে মহকুমা রয়েছে, এখানে একটা মহকুমা হাসপাতাল, ব্লাড ব্যাঙ্ক গড়ে উঠবে। কারণ ৭০ কিলোমিটার দূরে যেখানে মালদা সদরে যেতে হয়, মালদা জেলা মেডিকেল কলেজে যেতে হয় বা ৪০ কিলোমিটার দূরে রায়গঞ্জে যেতে হয় সেইসব সাধারণ গরীব মানুষদের চিকিৎসা ব্যবস্থা সেখানেই করা যাবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার সময় খুব সীমিত, আমি এটুকুই বলব এবং অনুরোধ রাখব মাননীয় মন্ত্রীর কাছে, উত্তরবঙ্গে অবহেলিত জেলা মালদা জেলা, সেই মালদা জেলার প্রতি যদি আরেকটু দৃষ্টিপাত করতেন তাহলে ভালো হত। কারণ সেখানে ক্ষুদ্র কৃষিজীবী থেকে শুরু করে, সেচ ব্যবস্থা থেকে শুরু করে, শিক্ষা থেকে শুরু করে সমস্ত দিকেই আমরা দিনের পর দিন পিছিয়ে গেছি। বিগত সরকার তা করে উঠতে পারেনি।

যাই হোক, আমার সময় শেষ হয়ে গেছে তাই আমি এই সরকারের অর্থমন্ত্রকের প্রস্তাবিত বাজেটকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

****

শ্রী স্বপন কান্তি ঘোষ : (not present)।

****

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় অধ্যক্ষ সাহেব, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ আর্থিক বছরের জন্য যে বাজেট পেশ করেছেন আজ তার তৃতীয় দিন আলোচনা চলছে। আমিও সেই আলোচনায় কিছুটা আলোকপাত করছি।

সম্মানীয় অধ্যক্ষ সাহেব, মানুষের ন্যূনতম চাহিদা খাদ্য-বস্ত্র-বাসস্থান আর শিক্ষা এবং স্বাস্থ্যের সুব্যবস্থা ও নিরাপদ সমাজ ব্যবস্থা। রাজ্যের সাধারণ মানুষ এই বাজেটের দিকে তাকিয়ে ছিলেন। তারা ভেবেছিলেন আগামী একটি বছর তারা পরিবর্তিত সরকারের পূর্ণ বাজেটে হয়তো কিছুটা সুরাহা পাবেন। কিন্তু বাজেট পেশের পর কী দেখলেন তারা ? প্রথমেই যে চাহিদা, খাদ্য, তা নিয়ে ১৭ পাতায় মাননীয় মন্ত্রী বলেছেন 'বিশেষ রেশন কার্ড ধারকগণ মাথাপিছু ২ টাকা কিলো দরে চাল ও ৬ টাকা ৭৫ পয়সা কিলো দরে গম পান। এর জন্য সরকার ৯৩৭ কোটি টাকা অতিরিক্ত ভর্তুকি দেন।' লিখিত ভাষণে এখানে অসত্য কথা প্রকাশ পেয়েছে। আমরা জানি বিশেষ রেশন কার্ডধারীরা ২ টাকা কিলো দবে চাল

এবং ৩ টাকা কিলো দরে গম পান। এখানে লেখা হয়েছে ৬ টাকা ৭৫ পয়সা, যেটা এ.পি.এল.-এর জন্য। এটা যেহেতু পূর্বতন সরকারের আমলে হয়েছিল তাই হয়তো এই বাজেটে অসত্য কথাটা লেখা হয়েছে এবং আজকে তিনদিন আলোচনার পরও সরকারি পক্ষে কোনো বন্ধু এটা সংশোধন করলেন না। এটাও বলেছেন যে, ৬৯ হাজার দারিদ্র্যসীমায় বসবাসকারী লোক এটা থেকে উপকৃত হচ্ছেন। নতুন সরকারের মাধ্যমে আরো নিত্যপ্রয়োজনীয় জিনিস গণবণ্টন ব্যবস্থার মধ্যে দিয়ে দেওয়ার কোনো পরিকল্পনা নেই যা কিনা আমরা, আগের সরকার চেয়েছিলাম।

অন্যদিকে কৃষকের ফসল ফলানোর জন্য যে ভাবে সারের দাম বৃদ্ধির কথা পূর্বের সভায় মাননীয় কৃষিমন্ত্রী লিখিত বিবৃতি দিয়েছিলেন তাতে করে এবারে সারের ওপর ভর্তুকির কোনো উল্লেখ নেই, এমনকী কৃষি যন্ত্রাংশের ওপরও নয়। বর্তমান সরকার কেবলমাত্র পুলিশ কর্মী আর শিক্ষক কর্মীদের স্বাস্থ্য বিমা চালু করার কথা উল্লেখ করেছেন। পূর্বে গরীব মানুষেরা এবং বেশ কিছু সরকারি দপ্তরে স্বাস্থ্য বিমা চালু ছিল এবং আছে। তাদের নবীকরণের কথা এবং অন্যান্য কর্মী যারা বাকি আছেন তাদের স্বাস্থ্য বিমার কথা বাজেটে উল্লেখ নেই। পূর্বের সরকার পি.এইচ.সি., বি.পি.এইচ.সি. স্তর পর্যন্ত রোগী কল্যাণ সমিতি গঠন করেছিলেন এবং তাদেরকে একটা ফান্ড দিয়েছিলেন যাতে করে তারা তাদের প্রয়োজন মতো তুলো, ব্যান্ডেজ ইত্যাদি কিনতে পারেন। কিন্তু ২০১১-১২ সালে এই টাকা তো উনি দেনই নি উল্টে বাজেটেও এজন্য কোনো কিছু ধরেননি। হাসপাতালগুলোর অবস্থা এখন দুর্দশার চরমে উঠেছে।

[5.10—5.26 p.m.]

আমরা দেখতে পাচ্ছি, শুনতে হচ্ছে তুলো, ব্যান্ডেজ নেই। আমরা হাউসে গতকাল মুর্শিদাবাদ জেলার কথাও শুনেছি। সদ্যোজাত মৃত শিশুর দেহটি পর্যন্ত তার মাকে তুলে দিতে পারছেন না, আজ চারদিন হয়ে গেল। এ কোন রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় আমরা বাস করছি ? ১৯ পাতায় মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেছেন, ৫০০টি এ বছর এবং আগামী বছর ৪৯৯টি স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীত করতে হবে। তাহলে বলি, এই সিদ্ধান্ত কেনই বা নিতে হল ? ৩৪ বছরের শিক্ষা ব্যবস্থা শেষ হওয়ার জন্য ? না গত সরকারের প্রচেষ্টায় শিক্ষার ভিত মজবুত এবং প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত পৌঁছে দিতে পেরেছে বলেই এই সিদ্ধান্ত। এস.এস.কে., এম.এস.কে., পঞ্চায়েতে বিধবা ভাতা, বার্ধক্য ভাতা, প্রতিবন্ধী ভাতা কোনো কথাই এই বাজেটে স্থান পায়নি। স্বয়ম্ভর মেলার নাম পাল্টে সবলা মেলা, আমার বাড়ি—আমার গৃহ নাম পাল্টে গীতাঞ্জলি ইত্যাদি কয়েকটি পূর্বতন সরকারের প্রকল্পকে পরিবর্তন করে মানুষকে পরিবর্তনের চমক দেওয়া হয়েছে। ১১ লক্ষ কর্মসংস্থানের কথা মাননীয় মন্ত্রী মুখে বললেও লিখিতভাবে বলেননি। এটাও মনে হচ্ছে পূর্বের মাননীয় রেলমন্ত্রীর এক কোটি বেকারের চাকরি দেওয়ার সামিল। অন্যদিকে, সাধারণ মানুষের বাজেট বলতে যে একটা আয় ও ব্যয়ের স্বচ্ছ ধারণা থাকে, তার কোনো হদিশ এই বাজেটে নেই। ধনী, মুষ্টিমেয় কিছু মানুষের ব্যবহার্য জিনিসের উপর কর চাপিয়ে, আর জুতোর ফিতে, ঘুড়ির কাঠি, বেলুনের

দাম কমিয়ে মাননীয় অর্থমন্ত্রী যে দিশাহীন বাজেট পেশ করেছেন, তা রাজ্যের মানুষের স্বার্থের পরিপন্থী। গতকাল মাননীয় সদস্য বেচারাম মান্না বহুমুখী হিমঘর, হর্টিকালচারের মাধ্যমে যে চিটেগুড় এবং আপেল দিয়ে মদ তৈরির কথা বলেছিলেন, সেটাও আমরা দেখেছি, কেন্দ্রীয় সরকারের সহায়তায় সেখানে একটা সাইন বোর্ড দেওয়া আছে—৫১ লক্ষ টাকা কেন্দ্রের সহায়তায় এটা নির্মিত হয়েছে। অন্যদিকে, মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যা যা করার কথা উল্লেখ করেছেন, তা কোথা থেকে হবে, ব্যয় করতে গেলে আয়ের উৎস কি, কিছু স্পষ্ট করতে পারেননি। যদিও কেন্দ্র থেকে কিছু ইনসেনটিভ গ্রান্ট পাওয়ার সম্ভাবনা ছিল, যদি রাজ্য সরকার টেন বা টোয়েন্টি ফাইভ পারসেন্ট ম্যাচিং গ্রান্ট দিতে পারতেন, সেটাও আমাদের বর্তমান মাননীয় মন্ত্রীরা জেলায় জেলায় ভ্রমণ করে শেষ করেছেন। সব দিক দেখে এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আমি হোস্টেলে থাকা একটি ছেলের কথা বলে এখানে শেষ করব, কারণ বর্তমান সরকার বাবা হওয়ার ইচ্ছা প্রকাশ করতে পারছেন না। তারা বাচ্চা ছেলের মতো বলছেন, 'টাকা নাই কি খাই, ইতি কানাই'। নমস্কার।

শ্রী অর্ঘ্য রায় প্রধান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে। তিনি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে যে দিশাযুক্ত একটি বাজেট, গত তিনদিন আগে এই মহতী সভায় পেশ করেছেন। আজকে যারা বিরোধিতা করছেন, অনেক কথা বলছেন, আমি লক্ষ্য করলাম, আমি এই কলকাতা শহর থেকে সবথেকে দূরের একজন বিধায়ক। আমি দেখছিলাম উত্তরবঙ্গের কিছু বিধায়ক যারা বিরোধী দলে বসে আছে, বিভিন্ন কথা বলছিলেন। আমি প্রথমেই ধন্যবাদ জানাব মাননীয় অর্থমন্ত্রীকে, আমাদের কোচবিহার জেলার দীর্ঘদিনের স্বপ্ন ছিল 'একটা বিশ্ববিদ্যালয়' সেটা আজকে উনি ঘোষণা করেছেন। আরেকটি কথা প্রচুর মানুষ আজকে গোটা উত্তরবঙ্গ জুড়ে কোচ রাজবংশী সম্প্রদায়ের মানুষ তাদের কথা মাথায় রেখে, তাদের চিন্তা-ভাবনাকে, তাদের ভাষাকে এবং অন্যান্য জনগোষ্ঠীগুলো যখন উত্তরবঙ্গে বাস করে তাদেরকে আপলিফ্টমেন্ট, তাদের সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য রাজবংশী অ্যাকাডেমি ঘোষণা করেছেন। দীর্ঘদিন ধরে আমরা দেখেছি এই মহতী সভায় বসে তৎকালীন সরকারের কিছু মন্ত্রী বলতেন যে, ওই ভাষাটা নাকি শুনতে খুব ভালো লাগে না। তারা রাজবংশী সমাজের মানুষ হয়ে এই কথা বলতেন। কিন্তু আজকে আমি সেই সমাজের মানুষ হয়ে একটি কথা বলতে চাই মাতৃভাষা মাতৃ দুগ্ধের যেমন সমান, আমার কাছে আমার মায়ের মুখ থেকে শোনা সেই রাজবংশী ভাষা অবশ্যই আমার কাছে শ্রুতিমধুর। আমি জানি না কেন, সব কিছুই তো ওই আলিমুদ্দিন স্ট্রিট থেকে ঠিক হত, এখানে এসে সেই সম্প্রদায়ের মানুষকে বলতে হত ওই মাতৃভাষাটা মনে হয় পাল্টে যেত কলকাতায় এসে। আমি অনেক কচকচানি শুনলাম আপনাদের, আপনারা বলছিলেন এতক্ষণ যে আমাদের অর্থমন্ত্রী বারবার দিল্লী গেছেন আর এসেছেন। রাজবংশী ভাষায় একটা কথা আছে ছাবাল না কাঁদলে মায়ে দুধ দেয় না। আমাদের অর্থমন্ত্রী কি ভুল করেছিলেন বারবার দিল্লী গিয়ে ? আপনাদের সময়ে এই গণতান্ত্রিক পদ্ধতিতে যখন ভোট হত, আপনারা যখন সরকার পক্ষে বসতেন তখন দেখতাম আপনাদের মুখ্যমন্ত্রী লন্ডনে যেতেন মৌ চুক্তি করতে।

কটা মৌ চুক্তি করে নিয়ে এসে আজকে এখানে শিল্পের বন্যা বইয়েছেন। আমি একটা উদাহরণ দিচ্ছি আপনাদের এটা আপনাদের সময়কার রিপোর্ট। আমার জেলা পিছিয়ে পড়া জেলা কোচবিহার। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের কথা যেখানে লেখা আছে গত ২০০৮ সালে শূন্য, ২০০৯ সালেও শূন্য এবং ২০১০ সালেও শূন্য। তৎকালীন মুখ্যমন্ত্রী কারখানার ভূত দেখেছিলেন কিন্তু একটিবারের জন্যও কোচবিহার জেলার কথা স্মরণে রাখেন নি। উত্তরবঙ্গের কথা তথৈবচ। মাননীয় বিধায়ক অক্ষয় দা বলছিলেন সালটিয়ার কথা। এটা বাস্তব, উত্তরবঙ্গে যে সমস্ত নদীগুলো রয়েছে তার বেশিরভাগ নদী ব্রহ্মপুত্র নদীর উপনদী। আজকে নদী ভাঙনে জর্জরিত। ৩৪ বছর আপনাদের শাসন, আজকে সর্বত্র একই অবস্থা। কিন্তু আপনাদের সরকার থাকাকালীন যে ব্রহ্মপুত্র বোর্ড রয়েছে, যেটি অসমে অবস্থিত— একজন মেম্বারও আপনাদের করতে পারেন নি যাতে করে ব্রহ্মপুত্র বোর্ড থেকে আমাদের উত্তরবঙ্গের যে নদী ভাঙন তার সমস্যার সমাধান করা যায়। আমি ধন্যবাদ জানাব আমাদের অর্থমন্ত্রীকে তিনি যে বাজেট পেশ করেছেন তাতে কৃষির ক্ষেত্রে নতুন নতুন বরাদ্দ বৃদ্ধি করেছেন, শিক্ষাক্ষেত্রে করেছেন, স্বাস্থ্যের ক্ষেত্রে করেছেন। আপনারা বলছেন দিশা নেই ! কেন এই কথা বলছেন ? এই মহতী সভায় দাঁড়িয়ে আজকে একটা কথা আপনাদের বলতে চাই একজন কৃষিমন্ত্রীর নাম নেওয়া হল তিনি নাকি দিশারী ছিলেন উত্তরবঙ্গের কৃষির এবং পশ্চিমবঙ্গের কৃষির। ছোটোবেলায় ভূগোল বইতে পড়েছি দার্জিলিং এবং তরাই অঞ্চলে চা-বাগান হয়। আগামী দিনের একটা নতুন সমস্যা তৈরি করে দিয়ে গেছেন তৎকালীন সরকার এবং তার কৃষি মন্ত্রক। আজকে উত্তর দিনাজপুরে কৃষি জমিকে নষ্ট করে দিয়ে সেখানে চা-বাগান হয়েছে। আজকে হয়তো বাজারটা ভালো চায়ের। কিন্তু জনসংখ্যা যেভাবে বৃদ্ধি হয়েছে তাতে করে যদি কোনো পশ্চিমবঙ্গে খাদ্য সঙ্কট তৈরি হয় এর দায় কিন্তু তৎকালীন ৩৪ বছরের কৃষিমন্ত্রক দায় এড়াতে পারবে না এবং তার কোনো জায়গাও নেই, যুক্তিকতা নেই। কারণ চা-বাগান দিয়ে ফুর্তি তৈরি করেছেন এবং নতুন করে জমিদার প্রথা চালু করেছেন আপনারা। আপনারা চালু করেছেন। আজকে উত্তর দিনাজপুরে, আজকে জলপাইগুড়ি জেলার নিচের দিকে, কোচবিহার জেলায় কোনো চা-বাগান ছিল না। আপনারা উন্নয়ন দেখতে পারছেন না। আমাদের সরকার উন্নয়ন করছে। দশ মাসের সরকার, যে শিশুর জন্ম হয়েছে ২০১১ সালে, আজকে সেই শিশু কিন্তু হাঁটতে শুরু করেছে। আগামী দিনে দৌড়াবে। দেখে যান, আগামী দিনে দৌড়াবে, আগামী দিনে দৌড়াবে। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় বিধায়ক বলছিলেন শুনেছেন তো যে একটা পূর্ণ দিশা এখানটাতে দেওয়া আছে। একজন বিধায়ক এর আগের দিনেই বলছিলেন, উনি হয়তো পড়েন নি। তিনদিন ধরে ভাষণ চলছে। বলছেন এখানে কোথার থেকে আয় আসবে ? কোথায় কিভাবে বরাদ্দ হবে ? হ্যাঁ, আয় বৃদ্ধি হয়েছে। আমরা আয় বৃদ্ধি করতে পেরেছি। আমার এলাকা তুফানগঞ্জ। আমি সব চাইতে দূরের বিধায়ক হিসাবে বলতে পারি, এখানে মাননীয় বিদ্যুৎমন্ত্রী বসে আছেন, সেই প্রত্যন্ত এলাকাগুলিতে অলরেডি বিদ্যুৎ সংযোগের কাজ শুরু হয়েছে। যেখানটাতে আমরা নিয়ে যেতে পারছি না, সেখানে অচিরাচরিত শক্তির মাধ্যম দিয়ে আমরা বিদ্যুতের ব্যবস্থা করছি। যেটা ৩৪ বছরে সেই সাধারণ মানুষগুলোর কথা একটি

বারের জন্যও ভাবেননি। আজকে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যম দিয়ে—আপনারা তো আসেননি। আপনাদের ডাকা হয়েছিল উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মিটিংয়ে। আপনারা আসেননি, বয়কট করেছিলেন। আপনাদেরও সাজেশান চাওয়া হয়েছিল। শুধুমাত্র একজন মাত্র কোনো বিধায়ক প্রতিনিধি পাঠিয়েছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের বৈঠকে। লজ্জা হয়, আপনাদের আসা উচিত ছিল। আজকে উত্তরবঙ্গের উন্নয়নের জন্য আলাদা একটা দপ্তর তৈরি হয়েছে। সেই দপ্তরের ভেতর দিয়ে বিভিন্ন জায়গায় উত্তরবঙ্গের বুকে বিভিন্ন কর্মকাণ্ড শুরু হয়েছে। সেই কর্মকাণ্ডের দিকে তাকান। যদি তাকাতে পারেন তাহলে বুঝব আগামী দিনে আপনারা এই বাজেটটিকে সমর্থন করবেন। আপনারা সমর্থন করুন, এই আশা করব। মনে রাখবেন দশ মাসের সরকার আজকে যে দিশা দেখাচ্ছে, গত ৩৪ বছরের সরকার, যারা বার বার করে ঘাটতিহীন বাজেট এখানে নিয়ে এসেছিলেন। একবার বলুন তো আপনারা ঘাটতিহীন বাজেট। আজকে সামনের সারির নেতারা এখানে বসে নেই। ঘাটতিহীন বাজেট করলেন। আর এত টাকা ঋণ হল, কারণটা কি বলুন তো। কারণ নেই। আপনারা বলতে পারবেন না। কারণ বারবার এই সমস্ত মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে বাজেটকে পেশ করবার চেষ্টা করেছেন। বারবার জাগলারি করেছিলেন, আপনাদের দ্বারা সেটা সম্ভব হয়নি। (নয়েজ) আত্মহত্যার ব্যাপারে বলছেন ? পূর্বতন খাদ্যমন্ত্রী বসেছিলেন, ভাষণ দিয়েছেন কিছুক্ষণ আগে। আপনাকে বলতে পারি খাদ্যমন্ত্রী থাকাকালীন ওনার বিধায়ক এলাকায় সবচেয়ে বেশি, পশ্চিমবঙ্গের মধ্যে হায়েস্ট আত্মহত্যা হয়েছিল। সবচাইতে বেশি খাদ্যমন্ত্রীর এলাকায় কৃষক আত্মহত্যা হয়েছে গত ২০০৬ সালের পর থেকে। লজ্জা হওয়া উচিত আপনাদের। এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

16TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 16th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for the 29th and the 30th March, 2012 as follows.

29.3.2012, Thursday	:	(i)	Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2011-2012	3 hours
		(ii)	Discussion and Voting on Demands for Excess Expenditure of the Government of West Bengal for the years 2003-2004, 2004-2005 and 2005-2006	1 hour
30.3.2012, Friday	:	(i)	The West Bengal Appropriation Bill, 2012 (Introduction, Consideration & Passing)	1/2 hour

(ii) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012 (Introduction, Consideration & Passing) — $^1/_2$ hour

(iii) The West Bengal Appropriation (Excess) Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012 (Introduction, Consideration & Passing) — $^1/_2$ hour

(iv) The West Bengal Finance Bill, 2012 (Introduction, Consideration & Passing) — 2 hours

(v) The West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012 (Introduction, Consideration & Passing) — 1 hour

N.B. : There will be no Question for Oral Answer and Mention Case on Friday, the 30th March, 2012.

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, I beg to move that the 16th Report of the Business Advisory Committee as presented in House be adopted.

Mr. Speaker : Now I put the motion of Shri Sobhandeb Chattopadhyay to vote. As many as are of the contrary opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Adjournment

The House was then adjourned at 5.26 p.m. till 11.00 a.m. on Wednesday, 28th March, 2012 at the Assembly Hosue, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 28th March, 2012 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 29 Ministers, 07 Ministers of State and 211 Members.

[11.00 – 11.10 a.m.]

*১০১।

মিঃ স্পীকার : ডঃ অমিত মিত্র আমাকে কালকে অনুরোধ করে গেছেন এটা হেল্ড ওভার করার জন্য। উনি আজকে ফার্স্টহাফে আসতে পারবেন না একটু ব্যক্তিগত অসুবিধা আছে, নেক্সট যেদিন হবে কোয়েশ্চেন আওয়ারে আপনারটা প্রিসিডেন্স পাবে, উনি ব্যক্তিগতভাবে আমাকে দেখা করে বলে গেছেন। কালকে আপনাকেও উনি বলে গেছেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বলছি যে, গত সেশানে আমি একটা কোয়েশ্চেন করেছিলাম স্যার। আপনার খেয়াল থাকবে সেটা হেল্ড ওভার হয়েছিল। গত সেশান থেকে আজ পর্যন্ত উনি বলেছিলেন আমি কাগজপত্র পাইনি, পরে জবাব দেব।

মিঃ স্পীকার : গতকাল আননি এখানে ছিলেন উনি আপনাকেও বলে গিয়েছেন, আপনাকে অনুরোধ করে গিয়েছেন যে ব্যক্তিগত কাজের জন্য ফার্স্ট হাফে উনি আসতে পারবেন না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আগেরটাও হেল্ড ওভার হয়েছিল, এটাও হেল্ড ওভার হল।

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি আপনারটা দেখব ওনার সাথে কথা বলে।

*১০২

শ্রী নেপাল মাহাত : স্যার, মাননীয় মন্ত্রী নেই স্যার।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আগেও এইরকম যখন হয়েছে দি মিনিস্টার ওয়াজ রেপ্রিম্যান্ডেড।

মিঃ স্পীকার : This is most unfortunate that the Hon'ble Minister is not present when the question is called. চিফ্ হুইপকে ডাকুন। In the Meantime let me take up the next question. আমি পরের প্রশ্নটা নিচ্ছি, মিনিস্টার ততক্ষণ আসুন।

Starred Questions
(To which oral answers were given)

ই.এস.আই. নিয়ন্ত্রিত মেডিকেল কলেজ

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮) **শ্রীগৌরাঙ্গ চ্যাটার্জী** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার বালটিকুরিতে ই.এস.আই. হাসপাতাল চত্বরে ই.এস.আই. নিয়ন্ত্রিত একট মেডিকেল কলেজ স্থাপনের অনুমোদন ই.এস.আই. কর্পোরেশনের কাছ থেকে পাওয়া গেছে কি না ;

(খ) সেক্ষেত্রে, ঐ মেডিকেল কলেজটির সম্ভাব্য রূপরেখা কিরূপ ;

(গ) এ পর্যন্ত ঐ কলেজটি নির্মাণ বাবদ কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ; এবং

(ঘ) ঐ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

শ্রী পূর্ণেন্দু বসু :

(ক) না, এখনও অনুমোদন পাওয়া যায় নাই।

(খ) বর্তমানে বিষয়টি কেন্দ্রীয় সচিব, শ্রম মন্ত্রকের নেতৃত্বে গঠিত সাব-কমিটির বিবেচনাধীন।

(গ) কলেজ নির্মাণের সামগ্রিক ব্যয় ই.এস.আই. কর্পোরেশনের। ব্যয় বরাদ্দ সম্বন্ধে এখনও রাজ্য সরকারকে কিছু জানানো হয় নাই।

(ঘ) বালটিকুরি ই.এস.আই. হাসপাতালের মেডিকেল কলেজ নির্মাণের কাজ এখনও শুরু হয় নাই।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি তাহল এই যে, বালটিকুরি মেডিকেল কলেজ একটি গুরুত্বপূর্ণ বিষয়। এখানে দেখা যাচ্ছে হাওড়া জেলা পরিষদকে ৬৯ কোটি টাকা ডিমান্ড ড্রাফ্‌ট দেওয়া হয়েছিল। এই ডিমান্ড ড্রাফ্‌ট যেদিন খরচ করতে দেওয়া হল, তার পরের দিন অর্ডার এলো যে, এই টাকা ওঠানো যাবে না। এই টাকা ফেরত চলে গেল ই.এস.আই.সি.-র থেকে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমি জানতে চাইছি যে, কি কারণে এই টাকাটা ফেরত চলে গেল এবং কেন এই টাকাটা ব্যবহার করা গেল না ?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে জানাই ঘটনাটা জানার সাথে সাথে আমি কেন্দ্রীয় শ্রমমন্ত্রীকে চিঠি পাঠাই। এবং পরবর্তীকালে ই.এস.আই.-এর স্ট্যান্ডিং কমিটির যে মিটিং হয় সেখানে সিদ্ধান্ত আকারে আমাকে জানানো হয় যে, এটা প্রথম গুরুত্বপূর্ণ পরিকল্পনা প্রকল্পগুলি যে নেওয়া হয়েছে, তার মধ্যে নেই। এটি দ্বিতীয় ক্ষেত্রে গ্রহণ করা হবে। এটা আমাকে জানানো হয়।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন, আপনার মাধ্যমে আমি এই সভাকে জানাতে চাইছি, কারণ রাজ্যের স্বার্থের সঙ্গে সংশ্লিষ্ট। স্যার, এই হচ্ছে ছবি, হসপিটালটাকে করার জন্য ছবি-সহ প্ল্যান এস্টিমেট সমস্ত কিছু স্যাংসান করা হয়েছে। আপনার মাধ্যমে আমি এটা জানাতে চাইছি যে ই.এস.আই.-এর পক্ষ থেকে, সেন্ট্রালের পক্ষ থেকে সারা দেশে মোট ৬টি মেডিক্যাল কলেজ তৈরি করা হবে, আমাদের পশ্চিমবাংলার বাল্টিকুরি বাদে। এখনও পর্যন্ত ই.এস.আই.সি. প্রায় ১০ হাজার কোটি টাকা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের হসপিটালগুলো তৈরি করার জন্য, মেডিক্যাল কলেজগুলো তৈরি করার জন্য তারা টাকা স্যাংসান করে দিয়েছেন। আমি যতদূর জেনেছি সেই কারণেই পশ্চিমবাংলার বাল্টিকুরির কলেজটিতে টাকা তারা দিতে পারলেন না। আমি আগের দিনও শ্রম মন্ত্রীকে একই বিষয়ে বলেছিলাম। বিষয়টা কেন্দ্রীয় রাজ্য সম্পর্কের সঙ্গে যুক্ত। আই.পি.-দের টাকা। এই ১০ হাজার কোটি টাকা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোতে দেওয়া হল ৬টি মেডিক্যাল কলেজ করার জন্য। কিন্তু যেখানে আমাদের পশ্চিমবাংলাতে ওয়ান অ্যান্ড হাফ মিলিয়ন আই.পি., তাদের টাকা যাচ্ছে। অথচ এখানে টাকা স্যাংসান করা হল না। এই প্রশ্নে আমাদের শ্রমমন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে কি পর্যায়ে আলোচনা করেছেন এবং এটা কোন জায়গায় দাঁড়িয়ে আছে একটু পরিষ্কারভাবে জানতে পারলে ভালো হয় ?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে আবারও জানাই আমি কেন্দ্রীয় শ্রমমন্ত্রীকে চিঠি পাঠিয়েছি। তার উত্তরে ই.এস.আই. কর্পোরেশন আমাকে ০৫.০৩.১২ তারিখে একটা উত্তর পাঠায়। তাতে জানানো হয়েছে শ্রম মন্ত্রকের সচিবের নেতৃত্বে একটি সাব কমিটি গঠিত হয়েছে। সেই সাব কমিটির বিবেচনাধীন আছে বিষয়টি। স্বাভাবিকভাবে এই বিষয়ে আমি আরো জানাই যে, যখন মেডিক্যাল কলেজ করার ক্ষেত্রে বিলম্ব হচ্ছে, সেই বিলম্বের কারণ জানতে চেয়ে এবং সমালোচনা করে আমি আবারও চিঠি পাঠাই। লেবার কনফারেন্স যেটা হল, সেই লেবার কনফারেন্সে আমার বিভাগের প্রিন্সিপাল সেক্রেটারি যান এবং ই.এস.আই. ডাইরেক্টর যান। আমি সেখানে আমার বক্তব্য লিখিতভাবে পাঠিয়েছিলাম। সেই লিখিত বক্তব্যেও এই বিষয় আমি অত্যন্ত গুরুত্বের সাথে তুলে ধরেছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন হাওড়া জেলার বাল্টিকুরিতে যে ই.এস.আই হসপিটালের প্রস্তাব নেওয়া হয়েছে, এই প্রস্তাবটি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যৌথ আর্থিক উদ্যোগে হবে কি না জানতে চাইছি ?

শ্রী পূর্ণেন্দু বসু : না, এই হসপিটালটি পুরোটাই ই.এস.আই.সি., অর্থাৎ কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রকের অধীন ই.এস.আই.সি. পুরো ব্যয়বরাদ্দ তারাই দেখবেন এবং তারাই করবেন।

Mr. Speaker : Now I take up Starred Question 102 which was passed over earlier.

একশো দিনের কাজ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০) **শ্রী নেপাল মাহাত** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১০-২০১১ অর্থবর্ষে একশো দিনের কাজ প্রকল্পে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল ;

(খ) ২০১১-২০১২ অর্থবর্ষে উক্ত প্রকল্পে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) বর্তমান আর্থিক বর্ষের ৩১শে জানুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে উক্ত ক্ষেত্রে কত পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ?

শ্রী সুব্রত মুখার্জী : (ক) মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৩৮৮,৬১,০০,০০০ (দুই হাজার তিনশো অষ্টআশি কোটি একষট্টি লক্ষ) টাকা।

(খ) মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৫৪৭,৬৫,৭৩,০০০ (দুই হাজার পাঁচশো সাতচল্লিশ কোটি পঁয়ষট্টি লক্ষ তিয়াত্তর হাজার) টাকা।

(গ) ৩১শে জানুয়ারি, ২০১২ পর্যন্ত মোট ব্যয়িত অর্থের পরিমাণ ১৫৬০,০১,৭৭,০০০ (এক হাজার পাঁচশো ষাট কোটি এক লক্ষ সাতাত্তর হাজার) টাকা।

[11.10 – 11.20 a.m.]

শ্রী নেপাল মাহাত : মাননীয় মন্ত্রী জানালেন দুটো আর্থিক বছরে প্রায় ৪৯৩৬ কোটি টাকা বরাদ্দ হয়েছে এবং তার মধ্যে ৩১.০১.২০১২ পর্যন্ত ১৫০০ কোটি টাকার মতো খরচ হয়েছে, অর্থাৎ ৩৪০০ কোটি টাকা মতো খরচ হয়নি। এন.আর.ই.জি.এস. বা ১০০ দিনের টাকা খরচ না হওয়ার প্রবণতা অনেকদিন ধরেই দেখা দিচ্ছে, এর কারণগুলো একটু অনুসন্ধান করা দরকার। আমরা ফিল্ড ভিজিট করতে গিয়ে দেখেছি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদে যে ভেটিং পাওয়ারটা দেওয়া আছে সেটা এত কম at present যে, সেটা না বাড়ালে vetting estimate করে টাকাটা খরচ করতে দেরি হচ্ছে এবং টাকাটা ফেরত যাচ্ছে। ৫ লক্ষ টাকা হলে জেলাতে যেতে হচ্ছে। পেমেন্টের সিস্টেমটাও ত্রুটিপূর্ণ। বেশিরভাগ জায়গাতেই মানুষ অনেক দেরিতে পেমেন্ট পাচ্ছে। পোস্ট অফিস দিতে দেরি করছে, ব্যাঙ্ক থেকে পেতেও দেরি হচ্ছে। আমি নির্দিষ্ট প্রশ্ন করতে চাই, এক্ষেত্রে যে যে আইনগুলোতে জটিলতা হচ্ছে, সেইগুলো অনুসন্ধান করে পরিবর্তন করার কোনো পরিকল্পনা আপনার দপ্তরের আছে কি ? এটা যদি দয়া করে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় সদস্য ঠিকই বলেছেন, এখানে অনেকগুলো সমস্যা আছে। এই সমস্যাগুলোর মধ্যে অন্যতম সমস্যা হল যে, এরা দৈনিক মজুর কিন্তু দিনের দিন পয়সা পায় না। দ্বিতীয় হল, এদের এক লপ্তে অনেক সময় কাজ দেওয়া হয় না বা দেওয়া সম্ভব হয় না বা অনেক সময় ম্যাটেরিয়াল কস্টের থেকে মার্কেট কস্ট কম থাকে। আমরা সব মিলিয়ে চেষ্টা করছি এটা সরলীকরণ করার জন্য। আপনি শুনলে খুশি হবেন যে, আমরা biometric system চালু করছি, তার টেন্ডারও শুরু হয়েছে। আমরা দ্রুত এই ব্যবস্থা নেব। তার জন্য আমাদের হয়তো একশো দেড়শো কোটি টাকা খরচ হবে। এর মধ্যে দিয়ে প্রথমে দু'দিন অন্তর এদের টাকা দিয়ে দেওয়া এবং তারপর প্রতিদিনের কাজের

শেষে টাকা দেওয়ার ব্যবস্থা আমরা করছি। এছাড়া 'জল ধরো জল ভরো' কাজটা ত্বরান্বিত হচ্ছে। পুকুর সংস্কারের মধ্যে দিয়ে আমাদের এই কাজটা সংযোজিত করার ফলে আমাদের কাজের পরিমাণ আরও বেশি হবে এবং অর্থ বরাদ্দ সম্ভব হবে। আমি মনে করি যে, ১০০ দিনের কাজ অন্য সময়ের চেয়ে আগামী দিনে আরও বেশি হবে। আমরা ৩০ থেকে ৩২ দিনে আনতে পেরেছি, টাকাও বেশি খরচ হয়েছে। আবার অনেক সময় কেন্দ্রের কাছে যে টাকা চেয়ে পাঠিয়েছি তার ইউ.সি.ও. নির্দিষ্ট সময়ে পঞ্চায়েত থেকে আসছে না, ফলে দিল্লি থেকে টাকা আসতে দেরি হচ্ছে। সেই জিনিসটাও আমরা দেখছি।

শ্রী নেপাল মাহাত : এন.আর.ই.জি.এস. ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে যে গাইডলাইন্স আছে তাতে পরিষ্কার বলা হয়েছে যে, যদি কোনো লেবার কাজ না পায় সেক্ষেত্রে সে অভিযোগ জানাতে পারবে। আমাদের কমিটি বিভিন্ন জেলায় ঘুরে এসেছি, অনেক জায়গাতেই দেখেছি অভিযোগ জানানো হয়েছে। তার একটা সময়সীমা দেওয়া হবে এবং লোকাল নিউজ পেপারেও দিতে হবে এই কমপ্লেইনের ভিত্তিতে কি ব্যবস্থা সরকারের থেকে নেওয়া হয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে, পাবলিক যেন ইন্টারেস্ট পায় কমপ্লেইন জানাতে। কেননা একটা মানসিকতা আছে যে, কমপ্লেইন করলে তার সুরাহা হয় না। আমি দেখেছি বেশিরভাগ জেলাতে কাজ না পাওয়ার এই অভিযোগগুলো সময়মত ক্লিয়ার হয় না এবং সরকারের পক্ষ থেকে যে নোডাল অফিসার আছে সেও করে না। আপনার কাছে এই বিষয়ে কিছু তথ্য আছে কি যে, সারা পশ্চিমবঙ্গে এই ধরনের অভিযোগ কত এসেছিল যে—আমরা কাজ পাইনি এবং পরবর্তীকালে সেই অভিযোগগুলো ক্লিয়ার করার সময় অনেকে শাস্তি পেয়েছে বা অনেকে বেকার ভাতা পেয়েছে ? এই বিষয়টা যদি দয়া করে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : না, মূল সমস্যাটা আপনি ঠিকই বলেছেন যে জব কার্ড তৈরি করার ব্যাপারে যতটা আগ্রহী কিন্তু জব কার্ডের কাজ না পেলে ১৫ দিনের মধ্যে বাড়িতে বসেই ৬০% পয়সা পাবার কথা অর্থাৎ ১৩০ টাকার ৬০%। আর যদি এক মাস না পায় বা দিতে না পারে তাহলে পুরো টাকাটাই, জব কার্ড যার রয়েছে এবং চেয়েছে তার পাবার কথা কিন্তু এই প্রসেসটা সম্পর্কে সাধারণ মজুররা তারা যথেষ্ট ওয়াকিবহাল নয়। আমাদের কিছু কিছু এন.জি.ও. সহায়করা এবং দপ্তর থেকে যাঁরা এজেন্সী আছেন তাঁরা কাজ করছেন কিন্তু এখনও এটা যথেষ্ট নয়। যার ফলে এই সহযোগিতা অর্থাৎ বেকার ভাতা পাবে এই বোধটাই তৈরি হচ্ছে না। আমার নিজের সংবাদ হল অভিযোগ তো আমাদের কাছে আসে না। যেখানে যাবার কথা অর্থাৎ জেলায় অথবা সমিতি এবং পঞ্চায়েতে। এই অভিযোগ খুব সীমিত। আমরা চেষ্টা করছি এই অভিযোগ যাতে তারা করতে পারেন এবং তার বিনিময়েও অর্থ পান।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যখন এই একশো দিনের কাজ আরম্ভ হয় তখন সরকারী একটা নিয়ম ছিল। নিয়মটা হচ্ছে যে, যে কাজের জন্য পারদর্শী তাকে সেই কাজ দেওয়া হবে। কিন্তু গ্রামে যে কাজ হচ্ছে সেটা কূপ খনন বা মাটির কাজ। সবাই তো আর সেই কাজ করতে জানে না। সেই জন্য যারা যে কাজে পারদর্শী তাদের সেই একশো দিনের কাজে সেই কাজের মধ্যে তাকে ওয়াকিবহাল করা হবে কিনা ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় বিধায়ক মহোদয় নিশ্চয়ই জানেন যে এই গাইড লাইনটা কেন্দ্রীয় সরকারের গাইড লাইন। প্রজেক্টটা যেহেতু কেন্দ্রীয় সরকারের কোথায়, কোথায় কাজ করতে পারবে, এখানে আনিসুর রহমান সাহেব রয়েছেন উনি জানেন সেই গাইড লাইনের বাইরে আমরা যেতে পারি না। কারণ এখান থেকে সেই গাইড লাইন ভিত্তিক কাজ তার রিপোর্ট দিল্লীতে পৌঁছলে তবেই দিল্লী সেই পরিমাণ টাকা আমাদের পাঠিয়ে দেয়। সেই কারণে কোথায় পারদর্শী এইভাবে করার কোনো নির্দিষ্ট গাইড লাইন দিল্লীর নেই। আমরা চেষ্টা করছি যে কোনো সহজ কাজ বিশেষ করে মাটি কাটার কাজ এবং আনুষঙ্গিক কিছু কিছু গাছ পোঁতার কাজ, হর্টিকালচারের কাজ, বনসৃজনের কাজ এই যে ৬টা ক্যাটেগরি আছে তার মধ্যে থেকে তাকে কাজ দেওয়া সম্ভব এবং আমরা এই গাইড লাইনের ভিত্তিতেই ন্যাশনাল লেভেল পর্যন্ত উঠতে পারব বলে আশা করছি।

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, তিনি বলেছেন যে পরিমাণ অর্থ বরাদ্দ হয়েছিল সেই পরিমাণ অর্থ খরচ করা যায়নি। তাই এর জন্য আমার জানতে ইচ্ছা করছে যে আমাদের রাজ্যের বহু গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ যেহেতু ফাংশন করতে পারছে না সেই জন্যই কি বরাদ্দকৃত সমস্ত খরচ করা যায়নি ? দয়া করে জানাবেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : প্রথমেই মাননীয় সদস্যকে জানাই যে এই কাজটা কতটা হবে, কতটা করা সম্ভব সেটা রাজ্য সরকার করলেই হবে না। মূলত এই যে থ্রি-টায়ার পঞ্চায়েত সিস্টেম আছে তাদের ইনিশিয়েটিভের উপর ভাল কাজ বা মন্দ কাজ, কম কাজ এবং বেশি কাজ এটা সম্ভব। কাজেই যত এফেকটিভ গ্রাম এবং সমিতি এবং জেলা পরিষদ পাবে তত বেশি এই কাজটা হওয়া সম্ভব। আমরা সহযোগী ভূমিকা হিসাবে সব রকম সহায়তা দিল্লীর সঙ্গে সংযোগ রেখে করে থাকি। আমরা চেষ্টা করছি এটা বৃদ্ধি করার, বৃদ্ধি পাচ্ছে। তবে সারা ভারতবর্ষের নিরিখে আমরা এখন একটু পিছিয়ে আছি। আগের চেয়েও অনেকটা উঠে আমরা ৩০ থেকে ৩২ দিনে নিয়ে যেতে পেরেছি। আমরা যখন শুরু করি তখন আমাদের ১০ থেকে ১৫ দিন ছিল।

শ্রী রামেশ্বর দোলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই একশো দিনের কাজ ২০১০-১১ এবং ২০১১-১২ বিপুল পরিমাণ টাকা এখনও ব্যয়িত হয়নি। এই ফিনানসিয়াল ইয়ার প্রায় শেষের পথে, আজকে ২৮ তারিখ। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, যে অতিরিক্ত আমলা নির্ভরশীলতার কারণে জনপ্রতিনিধিদের অকেজো করে এইটা কি ২০১১-র বিধানসভা নির্বাচনের পর এইটার উপরে বেশি গুরুত্ব দেওয়া হয় এই একশো দিনের কাজ ব্যাহত হচ্ছে ? এই একশো দিনের কাজের ক্ষেত্রে কোন জেলা প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করেছে এটা জানাবেন কি ? আপনারা এটার জন্য নিশ্চয় একটা মাপকাঠি নির্ধারণ করেছেন। সেটা বলুন।

[11.20—11.30 a.m.]

শ্রী সুব্রত মুখার্জী : প্রথমেই আপনাকে বলি কেন আপনি এই প্রশ্নটা করলেন আমি জানি না। তবে বেশিরভাগ পঞ্চায়েতই এখনও আপনাদেরই দখলে এবং সেখানে ভালো কাজ করলে আপনারা করেছেন বলেই আমি বলব এবং এই রকম পচা কাজ করলেও তারও দায়িত্ব আপনাদেরই এবং এটা আপনাদের বুঝতে হবে। এটা সাকসেস অথবা আন সাকসেস এটা নির্ভর করে না একটা সরকারের উপরে। আপনাদের সামনে দু-জন মন্ত্রী বসে আছেন, জিজ্ঞাসা করতে পারেন। এটা নির্ভর করে পঞ্চায়েত কতটা এফেকটিভ। এইজন্য আপনাদের বারে বারে বলি আসুন আপনারা দলমতনির্বিশেষে যাতে এফেকটিভ পঞ্চায়েতীরাজ করতে পারি, থিওরিটিক্যাল নয় ইন প্র্যাকটিস এবং আমি মনে করি যে অবস্থাতে রেখে গিয়েছিলেন তার থেকে খানিকটা উদ্ধার পেয়েছে, এখনও সবটা নয়।

শ্রী আবু তাহের খান : স্যার, আমার মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে বেশিরভাগ পঞ্চায়েত এখনও বিরোধীদলের দখলে আছে। একশো দিনের কাজ নিয়ে সামনের পঞ্চায়েত নির্বাচন। ৫০ লেবার কাজ করে সেখানে ৩০০-৪০০ করে মাস্টার রোল তৈরি হচ্ছে এবং দপ্তরে বারেবারে বলেও তদন্ত করে সঠিক ব্যবস্থা নিচ্ছে না। এই বিষয়ে কতদিনের মধ্যে ব্যবস্থা হবে। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী কি বলবেন বলুন।

শ্রী সুব্রত মুখার্জী : আপনারা জানেন যে, যে মুহূর্তে ব্যবস্থা নেব, আমাদের কাছে সুনির্দিষ্ট অভিযোগ আছে, এমনও অভিযোগ আমাদের কাছে রেকর্ডে আছে, যে পঞ্চায়েতে নির্বাচিত সদস্যরা অফিস ছেড়ে গত ছয়মাস ধরে পালিয়ে গেছে নির্বাচনের রেজাল্ট বেরোবার পর থেকে। আমরা যেই অ্যাকশন নেব তখনই তো অগণতান্ত্রিক বলে সূর্য্যবাবুরা চিৎকার করবেন। এটাকে সামাল কে দেবে। কাজেই আমরা মনে করছি সবাই মিলে এই কাজটা করতে হবে। সরকার নয়, পঞ্চায়েতগুলিকে এফেকটিভ করতে হবে। থ্রি টায়ার থ্রি টায়ার বলে চেঁচালে হবে না। এই থ্রি টায়ারের দায়িত্বে যারা রয়েছেন তাদের একটা এফেকটিভ রোলে নিয়ে যেতে হবে। এবং সেটা বোধহয় পরিবর্তন না হলে, হবে বলে মনে হচ্ছে না।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—এখানে মজুরী যখন প্রথম নির্ধারিত হয় তখন ৮৭ টাকা ছিল, এখন ১৩০ টাকা হয়েছে। সম্প্রতি জানা যাচ্ছে যে, ওটা নাকি ১৩৬ টাকা কেন্দ্রীয় সরকার করেছে। এই রকম কোনো নির্দেশনামা আপনার কাছে এসেছে কি ?

শ্রী সুব্রত মুখার্জী : হ্যাঁ, ১৩৬ নয় ১৩০। এটা আনস্কিলড মিনিমাম ওয়েজেস হিসাবে ১৩০ টাকা এখন ধার্য হয়েছে। এবং আমরা আপনি শুনলে খুশি হবেন আমরা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আগামী ১০ তারিখে দিল্লিতে যে ফাইনান্স কমিশনের মিটিং হবে সেই মিটিং-এ প্রস্তাব রাখছি যে ১৩০ টাকায় এখন আর মজুর পাওয়া অনেক জায়গাতে অসুবিধা হচ্ছে। ক্লোজড টু মিউনিসিপ্যাল অর ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপ্‌ড এরিয়াতে খুবই মুশকিল হচ্ছে।

স্বভাবতই ১৩০ টাকাকে বাড়াবার জন্য বলেছি। এখনও আমরা ফল পাই নি। এই প্রস্তাব রেখে চলেছি।

সুন্দরবন এলাকায় বিদ্যুৎ সংযোগ

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১২ সাপেক্ষে "রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্পে" সুন্দরবন এলাকায় ১৯টি ব্লকে মোট কত পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে (ব্লকওয়ারি হিসেব সহ) ?

শ্রী মণীশ গুপ্ত : আমি প্রথম অংশটুকু পড়ে দিচ্ছি।

সুন্দরবন এলাকা উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা এই দুই জেলার মধ্যে বিস্তৃত। উত্তর চব্বিশ পরগণায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ WBREP আওতাভুক্ত। দক্ষিণ চব্বিশ পরগনার সাগর ও গোসাবা বাদ দিয়ে বাকি ব্লকগুলি রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার আওতাভুক্ত। সাগর ব্লকে বিশ্ব ব্যাঙ্কের অর্থে এবং গোসাবা ব্লকে সুন্দরবন উন্নয়ন বোর্ডের তহবিল থেকে এই কাজ হচ্ছে। রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনায় (একাদশ পরিকল্পনা) অন্তর্ভুক্ত ব্লকগুলির বি.পি.এল. পরিবারের পরিসংখ্যান নিম্নরূপ—

ব্লক (জেলা-দক্ষিণ ২৪ পরগনা)	মোট বি.পি.এল. পরিবারের সংখ্যা	বিদ্যুতায়িত বি.পি.এল. পরিবারের সংখ্যা	শতাংশের হিসাবে
কাকদ্বীপ	৭০৯৫	৬৫১	৯.২
নামখানা	৫২৪৫	৫৯৪	১১.৩৩
পাথরপ্রতিমা	৪৯৭২	৪২১	৮.৯৬
মথুরাপুর-১	৬০২২	২৭৯৫	৪৬.৪১
মথুরাপুর-২	৬০৭৫	৬৬৬	১০.৯৬
ক্যানিং-১	৪৩৯১	৭০৩	১৬.০০
ক্যানিং-২	৯৪৪০	১৬৮৮	১৭.৮৮
বাসন্তি	২১,৬৬৭	১৪৭৩	৬.৭৩
জয়নগর-১	১২,৩৬৪	৬৮৫০	৫৫.৪০
জয়নগর-২	১১,৭৬৭	১৬৭৮	১৪.২৬
কুলতলি	৯৫৩৭	১১২	১.১৭
মোট	৯৮,৫৭৫	১৭,৬৩১	১৭.৮৮

উত্তর ২৪-পরগনার ৬টি ব্লকে রাজ্য সরকারের অর্থে **WBREP** আওতায় কাজ হচ্ছে। ব্লকভিত্তিক বি.পি.এল. কানেকশনের হিসাব নিম্নরূপ :

ব্লক	মোট বি.পি.এল. পরিবারের সংখ্যা	বিদ্যুতায়িত বি.পি.এল. পরিবারের সংখ্যা	শতাংশের হিসাবে
হাড়োয়া	১০,০০০	১৭৫৯	১৭.৫৯
মিনাখাঁ	১৪,৮০০	৭৯৩	৫.৫৫
সন্দেশখালি-১	১৪,৮০০	৪১৩	২.৭৮
সন্দেশখালি-২	১৭,০০০	—	—
হিঙ্গলগঞ্জ	১৫,০০০	—	—
হাসনাবাদ	১১,৮০০	২৬৭	২.২৬
মোট	**৮৩,৪০০**	**৩২৩২**	**৩.৮৭**

মিঃ স্পীকার : আপনি একটা রিটন রিপ্লাই দিয়েছেন। লেংদি রিপ্লাই দিয়েছেন। আমি দেখেছি। মাননীয় সদস্যকে বলব আপনি সাপ্লিমেন্টারি করুন। মাননীয় মন্ত্রী আপনাকে এটা পড়তে হবে না। তাহলে অনেক সময় লেগে যাবে। আপনি জেলাওয়ারি এবং ব্লকওয়ারি ব্রেক আপটা করে দিয়েছেন। মাননীয় সদস্যকে অনুরোধ করব এটা দেখে নিন এবং সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করুন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহোদয় ব্লকওয়াইজ যে পরিসংখ্যান তথ্য দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে, বি.পি.এল. পরিবারের সংখ্যা এবং বি.পি.এল. পরিবারের যারা বিদ্যুৎ পেয়েছে, তার সংখ্যা শতকরা হিসেব করে দেখা যাচ্ছে খুবই কম। তাই আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে প্রশ্ন করতে চাই, এখনো পর্যন্ত যে সমস্ত বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারগুলো বিদ্যুৎ পাননি, তারা কবে নাগাদ বিদ্যুৎ পেতে পারেন দয়া করে যদি জানান।

শ্রী মণীশ গুপ্ত : সুন্দরবন এলাকা তো আপনি জানেন দুষ্কর জায়গা। নদ-নদী এবং বিগত দিনে ওখানকার পরিকাঠামোর বিশেষ উন্নতি হয়নি। অতএব আমরা এখন প্রচেষ্টা চালিয়ে যাতে এই সুন্দরবন এলাকায় প্রাথমিক পর্যায়ে বিদ্যুৎ নিয়ে যেতে পারি, তার চেষ্টা করছি। এটাতে আর.জি.জি.বি.ওয়াই. তো সেখানে হচ্ছে না, কিন্তু আমাদের যে স্টেট প্রোগ্রাম, রুরাল ইলেকট্রিফিকেশন প্রোগ্রামের মাধ্যমে এবং এন.ই.এস.-এর মাধ্যমে, অচিরাচরিত শক্তি সেটা দিয়ে আমরা চেষ্টা করছি যাতে বিভিন্ন জায়গায়—যেখানে গ্রিড পাওয়ার নিয়ে যাওয়া যাবে না, সেখানে আমরা চেষ্টা করছি, যাতে আমরা অচিরাচরিত শক্তি এবং অন্যান্য পদ্ধতি, বায়োগ্যাস ইত্যাদির মাধ্যমে বিদ্যুৎ নিয়ে যেতে পারি।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহোদয় বলেছেন, সাগর ব্লকে বিশ্বব্যাঙ্কের অর্থে গ্রামে বিদ্যুৎ দেওয়া হবে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, সাগর ব্লকে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় যে ৪২টি মৌজায়

বিদ্যুতায়ন শুরু হবে, তা কবে নাগাদ শুরু হবে দয়া করে যদি জানান এবং এর জন্য বিশ্বব্যাঙ্কের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

শ্রী মণীশ গুপ্ত : আপনি তো জানেন, এর মধ্যে আমরা অভিনব গৌরব অর্জন করেছি। আমরা সাগরদ্বীপে গ্রিড পাওয়ার নিয়ে যেতে সক্ষম হয়েছি। এখন ওখানে গ্রিড পাওয়ার আছে। এবার গঙ্গাসাগরের মেলায় আমরা গ্রিড পাওয়ার দিতে পেরেছি। উপস্থিত অবস্থায় দীর্ঘদিন আলোচনা করার পর ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে চুক্তি হয়েছে, সেখানে ৪২টি মৌজায় প্রায় ৩১. হাজার পরিবারের বিদ্যুতের ব্যবস্থা করবো, সার্ভে শুরু হয়েছে। সার্ভে করতে প্রায় দেড় থেকে দু'বছর সময় লাগবে। ব্যয় হবে ৩২ কোটি টাকা।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তর চব্বিশ পরগনা জেলায় সুন্দরবনের যে ব্লকগুলো আছে, এই ব্লকগুলোতে গ্রামীণ বিদ্যুৎ সংযোজনের কাজ নির্বাচনের আগেই শুরু হয়েছিল। সেই কাজ খুবই মন্থরগতিতে এখন চলছে। এই কাজ কবে নাগাদ শেষ হবে একটু বলবেন কি ?

শ্রী মণীশ গুপ্ত : উত্তর চব্বিশ পরগনায় ৬টি ব্লক আছে। হাড়োয়া, মিনাখাঁ, সন্দেশখালি, হাসনাবাদের কাজ শুরু হয়েছে। কিন্তু সন্দেশখালি-২ এবং হিঙ্গলগঞ্জে একটা সমস্যা দেখা দিয়েছে। নদ-নদীতে এই পোলগুলো পার করা যাচ্ছে না। আপনি তো জানেন, একটা পোলের ওজন ১০০ কেজি। সব সময় নদীতে পার করে নিয়ে যাওয়া যাচ্ছে না এবং ঐদিকে নিয়ে যাওয়ার পর দেখা যাচ্ছে যে, রাস্তাঘাটে গাড়ি চালানো যাচ্ছে না। এটা একটা গোলযোগ হয়েছে এবং উপস্থিত অবস্থায় শীতকালে এবার আমরা অনেকগুলো পোল পার করতে পেরেছি এবং আশা করছি এই দু-বছরের মধ্যে উত্তর চব্বিশ পরগনার সব ব্লকে আমরা বিদ্যুৎ পৌঁছে দিতে পারবো।

শ্রী মন্টুরাম পাখিরা : স্যার, মাননীয় বিদ্যু মন্ত্রিমহোদয়কে আমার অসংখ্য ধন্যবাদ। তার কারণ মাত্র অল্পদিনের মধ্যে তিনি দক্ষিণ চব্বিশ পরগনা জেলার প্রশাসনকে নিয়ে আমাদের সঙ্গে তিন তিনবার বৈঠক করেছেন যে, কেন্দ্রীয় সরকারের রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্পকে যাতে বি.পি.এল. তালিকাভুক্ত মানুষের কাছে দ্রুত পৌঁছে দেওয়া যায়। স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা প্রশ্ন করছি, যারা ওদিকে বসে আছেন, সেই সময়ে ওরা ঠিকাদারগুলো নিয়োগ করে গিয়েছিলেন ওদের নিজের প্রয়োজনে নিজের পার্টির লোকেদের, তারা কাজ করছে না। মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করবো আপনার কতগুলো ঠিকাদার ঠিকমতো যথাসময়ে কাজ করছে না, তারা গড়িমসি করছে। এ ব্যাপারে আপনি দ্রুত কাজ করতে গেলে যাতে ঠিকাদাররা দ্রুত কাজ করে তার জন্য আপনি কোন উদ্যোগ নিয়েছেন বা ভবিষ্যতে নেবেন কি ?

[11.30 – 11.40 a.m.]

শ্রী মণীশ গুপ্ত : ইতিমধ্যেই দক্ষিণ ২৪-পরগনার জনপ্রতিনিধিদের নিয়ে এবং প্রোজেক্টে যারা কাজ করছেন তাদের নিয়ে তিনবার আমরা বৈঠক করেছি। বিগত দিনে এই জেলাতে কাজ খুব ঢিমেতালে চলছিল, কাজটা নিয়ন্ত্রণের মধ্যে ছিল না। এবং যে সব

কন্ট্রাক্টরের মধ্যে চুক্তি করা হয়েছিল তাদের মধ্যে একজন কন্ট্রাক্টরকে বরখাস্ত করতে হলো। আমরা নতুন কন্ট্রাক্টর ওখানে নিযুক্ত করেছি, এবার আশা করছি কাজটা তাড়াতাড়ি হবে।

শ্রী যোশেফ মুন্ডা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, চা বাগানে যে বিদ্যুৎ রয়েছে তা মালিকদের নামে, কিন্তু বিল মেটাতে হয় শ্রমিকদের। প্রত্যেক মাসে ৫০০ থেকে ৬০০ টাকা করে মেটাতে হয়। স্যার, ওখানে বি.পি.এল. পরিবারের সংখ্যা খুবই কম। স্যার, এই ক্ষেত্রে আপনার বিদ্যুতায়নের কোনো পরিকল্পনা চা বাগানে রয়েছে কি ?

শ্রী মণীশ গুপ্ত : আপনি যে প্রশ্নটা করলেন তার সাথে এর কোনো সম্পর্ক নেই, তবুও আপনাকে বলি এই চা বাগানের ব্যাপারে মালিকপক্ষ তারা বাল্ক পাওয়ার নেন। যে পাওয়ারটা ওরা নেন সেটাতে কারখানাও চলে, এবং ওনাদের বসতিতেও ওরা দেন। তাদের যারা ওয়ার্কার আছেন এখন—এবং তখন মালিকপক্ষ যারা ছিলেন তাদের কিন্তু কোন আলাদা মিটার ছিল না। একটাই বাল্ক মিটার সেখান থেকেই সবাইকে দেওয়া হতো। এখন দু-একটা চা বাগানে আমরা চেষ্টা করেছি, একটা চা বাগান জলপাইগুড়িতে আমরা আলাদা মিটার করে বিদ্যুৎ দিয়েছি। অন্য চা বাগানের ওয়ার্কারদের আমরা বিদ্যুতের ব্যবস্থা করে দিয়েছি।

শ্রী চাঁদ মহম্মদ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, মুর্শিদাবাদ জেলায় বিশেষ করে ভগবানগোলা ২ নং ব্লকে, আগে থেকেই কয়েকটি গ্রামে সিরিয়াল হয়ে আছে, অথচ সেই গ্রামে বিদ্যুৎ এখনও পর্যন্ত হচ্ছে না। হয়তো আপনি প্রশ্ন করবেন যে আগে থেকে হয়নি। সেটা ঠিকই আছে, কিন্তু আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে সেটা সিরিয়াল হয়েছে, বি.ডি.ও.-কে বললে বলছেন সেটা সিরিয়াল হয়ে আছে, আজ নয় কাল—কন্ট্রাক্ট নিয়েছে বাজাজ কোম্পানি, আপনার মাধ্যমে জানতে চাইছি সেখানে এটা দ্রুত করা যাবে কি না ?

শ্রী মণীশ গুপ্ত : দেখুন মুর্শিদাবাদ জেলায় যা পরিস্থিতি সেটা বিগত দু-তিন বছরের। পরে, আজ আমরা দেখছি ওটা ঠিক করে নিয়ন্ত্রণে রাখা হয়নি। ২০০৯ সালের ইলেকশানের আগে যখন RGGVY প্রথম এলো এই রাজ্যে, তখন কথা হয়েছিল যে অর্থটা কেন্দ্রীয় সরকার রাজ্যকে দেবে, রাজ্য সেইভাবে এটাকে নিয়ন্ত্রণে রেখে কাজটা তুলে দেবে। কিন্তু সেটা সম্ভব হয়নি। কারণ তখন কেন্দ্রীয় সরকার ঠিক করলেন, এটা অবাক ব্যাপার যে চারটি জেলায় ওনারা নিজেরাই এজেন্সী নিযুক্ত করবেন। তার মধ্যে একটি জেলা মুর্শিদাবাদ সেখানে NTPC-কে ওনারা নিযুক্ত করেন। কিন্তু NTPC কাজের মধ্যে আমরা দেখছি যে তারা যে সকল কন্ট্রাক্টরদের কাজে নিযুক্ত করেছেন তারা ঠিক মতো কাজ করছে না। এবং ২০০৯ সালের ইলেকশানের আগে ২ লক্ষ কিট বি.পি.এল. পরিবারদের বিলি করা হয়। তখনও ওখানে বিদ্যুতের পরিকাঠামো যায়নি। কি উদ্দেশ্যে এই দু লক্ষ কিট বিলি করা হলো। তাতে আজকে তাদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। আমরা শুনলাম যে ভোট পাওয়ার জন্য এ কাজটা ওনারা করেছেন। এইভাবে যদি কাজ হয় তাহলেই—প্রথমেই দেখা গেল মুর্শিদাবাদ জেলায় এটা হওয়ার পর পরবর্তীকালে যে কন্ট্রাক্টররা আছেন, বিজয়

ইলেকট্রিক্যালের নাম আপনি করলেন। বিজয় ইলেট্রিক্যালকে আমরা এখন খুব শক্ত হাতে ধরেছি এবং পুরো ব্যাপারটা আমরা নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছি। ওখানে যে সকল প্রতিনিধি আছেন তাঁদের সঙ্গে আমরা বৈঠক করেছি। ৩ বার, ৪ বার বৈঠক হয়েছে। এবং এটা করে আমরা চেষ্টা করব আগামী দিনে কাজটা আরও দ্রুত ত্বরান্বিত করে এগিয়ে নিয়ে চলে যাওয়ার।

শ্রী অসিত কুমার মাল : স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন— আপনাকে প্রথমেই ধন্যবাদ জানাই যে, পশ্চিমবঙ্গে নতুন সরকার আসার পর লোডশেডিং বলে যে একটা বস্তু ছিল সেটা উঠতে চলেছে। এখনও পর্যন্ত সাপ্লাই খুব ভালো অবস্থায় আছে। স্যার, আমার প্রশ্ন হচ্ছে—যাদের বি.পি.এল.-এর তালিকা তৈরি করে লিস্ট প্রকাশিত করা হয়েছিল তাদের অনেকের সার্ভে না হওয়ার ফলে বি.পি.এল. কার্ড পেয়েছে কিন্তু অনেক গ্রামের অনেক গরীব মানুষ যারা বি.পি.এল. তালিকাভুক্ত কার্ড পেয়েছে কিন্তু তাদের সার্ভে না হওয়ার ফলে সেখানে কিন্তু কার্ড আরম্ভ হয়নি। অন্যদিকে কালকে মাননীয় মন্ত্রী বললেন, আমরা বি.পি.এল.-এ শুদ্ধকরণের জন্য ৫০ শতাংশ ব্লক এবং পৌরসভাকে অলরেডি জাতিগত এবং অর্থনৈতিক সমীক্ষা করার জন্য, আত্মসামাজিক সমীক্ষা করার জন্য আমরা নির্দেশ দিয়েছি। ফলে যারা বি.পি.এল. তালিকায় যুক্ত হয়ে আছে তাদের অনেকের বিদ্যুতের কানেকশন মিলে গিয়েছে আবার বি.পি.এল. থাকা সত্ত্বেও অনেকের মেলেনি কারণ তাদের সার্ভে হয়নি। আবার নতুন করে অর্থনৈতিক সমীক্ষা শুরু হয়েছে তাতে যদি দেখা যায় অনেক মানুষ বাদ চলে যাবে তাহলে গরীব মানুষ যাদেরকে বি.পি.এল.-এ যুক্ত করা হয়েছে তাদের ক্ষেত্রে সরকারের ভূমিকাটা কি হবে দয়া করে জানাবেন।

শ্রী মণীশ গুপ্ত : তথ্যটা বোধহয় মাননীয় বিধায়ক মহাশয় কিছুটা ঠিক নয়। কারণ বি.পি.এল.-এর যে সার্ভেটা, একটা সার্ভে তো হয়ে গেছে। আপাতবস্থায় আমাদের পঞ্চায়েত মন্ত্রী কালকে আপনাদের জানিয়েছেন আর একটা নতুন সার্ভে হবে। অতএব যে আশঙ্কা আপনার আছে যে, এরা বাদ পড়ে যাবেন এটা ঠিক নয়। আমাদের উদ্দেশ্য প্রাথমিক পর্যায়ে যেটা আর জি.ভি.ওয়াই.এল. এই গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প সেটা ছিল বি.পি.এল.-এর জন্য। বি.পি.এল. পরিবারে সার্ভে হয়, আমরা পরিসংখ্যান দিই বি.পি.এল.-এর। কিন্তু আপাতত আমাদের যেটা উদ্দেশ্য তিন বছরের মধ্যে পশ্চিমবঙ্গের ঘরে ঘরে বিদ্যুৎ আমরা পৌঁছে দেব তাতে বি.পি.এল.-ও থাকবেন এবং এ.পি.এল.-ও থাকবেন। কেউ বাদ যাবেন না। তাহলে এখানে অসুবিধাটা কি আছে ?

এন.আর.ই.জি.এ. প্রকল্পের অগ্রগতি

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬) **শ্রী তজমুল হোসেন** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে এন.আর.ই.জি.এ. প্রকল্পের কাজে আশানুরূপ অগ্রগতি হয়নি ;

(খ) সত্যি হলে, তবে কারণ কি ; এবং

(গ) প্রকল্পটির আকাঙ্ক্ষিত অগ্রগতির স্বার্থে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধায়ক শ্রী তজমুল হোসেন সাহেব যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি—

(১) হ্যাঁ।

(২) (ক) জুন, ২০১১ পর্যন্ত বিধানসভা নির্বাচনের কারণে এবং জেলার নিম্নবর্তী স্থানে কাজের সমস্যা ছিল।

(খ) বেশ কিছু গ্রাম পঞ্চায়েতে কাজ না হওয়ার ফলে প্রদত্ত অর্থের সদ্ব্যবহার না হওয়া।

(৩) (ক) মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করেছেন জেলায় জেলায় গিয়ে।

(খ) অক্টোবর ২০১১ থেকে ফেব্রুয়ারি ২০১২-র মধ্যে বিভিন্ন সময়ে বিভাগের প্রধান সচিব জেলা প্রকল্প সমন্বয়কারীদের ৯টি চিঠির মাধ্যমে প্রকল্প রূপায়ণ ত্বরান্বিত করতে নির্দেশ দিয়েছেন।

(গ) বিভাগের অধিকারিকদের 'এরিয়া অফিসার' করে প্রকল্পের অগ্রগতির পর্যবেক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছে।

(ঘ) এন.আর.ই.জি.এস. কমিশনার পদে আধিকারিক নিয়োগ করা হয়েছে।

(ঙ) কাজের রূপায়ণ, শ্রমিকদের অর্থ প্রদানের কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে কমপিউটার এবং বায়োমেট্রিক প্রযুক্তির ব্যবহার করে দ্রুততর কর্মসম্পাদনের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

[11.40 – 11.50 a.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী তাঁর NREGA প্রকল্পে দশ মাসের ব্যর্থতার কথা তিনি স্বীকার করেছেন। যে ব্যর্থতা তার প্রমাণ পাওয়া যাচ্ছে, তিনি বলেছেন যে হ্যাঁ, তাঁর ব্যর্থতা আছে। যাই হোক, আমার প্রশ্ন হচ্ছে যে, আপনার শ্রম দিবসের লক্ষ্যমাত্রা কত ছিল এবং বর্তমানে কত হয়েছে ? দয়া করে যদি জানান।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি, আমাদের ব্যর্থতা কোত্থেকে খুঁজলেন ? ব্যর্থতা তো আমাদের আসার আগে। আপনি প্রশ্ন করেছেন, প্রশ্নটাই এমন করেছেন যে, সূর্য্যবাবুরা বিপদে পড়ে যাবেন। আপনারা election-এর আগেই বুঝতে পেরেছিলেন চলে যাচ্ছেন, সব গুছিয়ে গাছিয়ে রেডি হয়ে, ছ'মাস আগেই পালিয়ে গিয়েছিলেন। ফলে কাজ হয়নি। তা

না হলে নির্বাচনের আগে কাজ হবে না কেন। সরকারের শেষদিন পর্যন্ত সরকার চালাবে। এ দায়িত্ব কাদের ? এখন আমাদের বলছেন কেন ? কাজ হয়নি যেটা স্বীকার করলাম, সেটা হল আপনারা কাজ করেননি। কাজেই এই প্রশ্ন আসে না। আমি আপনাকে পরপরই বললাম যে, কাজের কোনো লক্ষ্য হয় না। এটাও, আপনি একজন প্রবীণ মানুষ, কাজের লক্ষ্য তো একশো দিন। আর এই সরকার এই বাজেটে বলেছে, একশো দিনের পরে যদি আপনি দু-শোদিন কাজ করেন সেই একশো দিনের টাকা অতিরিক্ত রাজ্য সরকার দেবে। এই হল তফাৎ এটার। আর লক্ষ্য, লক্ষ্য তো বলাই আছে। এটা বলছেন একশো দিনের কাজ, তার মানে যদি একটা লোক স্টেশনে গিয়ে বলে, দাদা ন-টার গাড়ি ক-টায় ছাড়বে ? সে রকম প্রশ্ন আপনি আমায় করে দিলেন। ন-টার গাড়ি ন-টায় ছাড়ে। একশো দিনের কাজের লক্ষ্য—একশো দিনের কাজের লক্ষ্য।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলতে পারবেন যে, কত পরিবার কাজ পেয়েছে এবং কত টাকা খরচ হয়েছে ? এবং পশ্চিমবঙ্গের জেলাগুলির মধ্যে কোন জেলাতে এই কাজে আমাদের অগ্রগতি সবচাইতে বেশি হয়েছে ? দয়া করে যদি জানান।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি তো তিনটে প্রশ্ন করেছেন, আমি এর আগেই এর উত্তর নেপাল মাহাত সাহেব যিনি প্রশ্ন করেছিলেন তখন আমি বলে দিয়েছি। কত টাকার কাজ হয়েছে এবং কত টাকার এখনও হয়নি। আমি আপনাদের কাছে এইটুকুই বলতে পারি যে, আমরা ন্যাশানাল লেভেলে যে টার্গেট সেই টার্গেট খুব সম্ভবত আগামী দু-এক মাসের মধ্যেই পৌঁছে যাব। এটা আমাদের সকলের কাছেই একটা গৌরবের কথা।

শ্রী আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে অসংখ্য ধন্যবাদ জানাই, যে আমরা বিগতদিনে দেখেছি কাজ ১০ দিনের বেশি, খুব জোর ১৪ দিনের বেশি অতিক্রম করেনি। সেক্ষেত্রে খুব স্বল্প সময়ের মধ্যে যেখানে জাতীয় গড় ৩৪ দিন, সেখানে ৩২ দিনে পৌঁছে দিয়েছেন। স্বাভাবিকভাবেই আমার মনে হয় আর কয়েক দিনের মধ্যে এই জাতীয় গড়কেও পশ্চিমবঙ্গ সরকার এবং গ্রামোন্নয়ন দপ্তর অতিক্রম করবে বলে আমার বিশ্বাস। স্যার, আমি ধন্যবাদ জানিয়ে আর একটি কথা বলছি যে, আমার রামপুরহাট বিধানসভার অন্তর্গত আয়াশ গ্রাম পঞ্চায়েত এবার জেলার ১৬৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে প্রথম স্থানাধিকার করেছে এই NREGA প্রকল্পে। তারা রাষ্ট্রপতির কাছে পুরস্কারও নিয়ে এসেছেন। আমি আপনার মাধ্যমে শুধু জানতে চাইছি যে, এখানে এই ধরনের প্রতিযোগিতামূলক ব্যবস্থা যদি গড়ে তোলা যায় যে, যে গ্রাম পঞ্চায়েত প্রথম স্থানাধিকার করবে জেলার মধ্যে, তাদেরকে কি কোনো পুরস্কার বা পুরস্কৃত করবার কোনো উদ্যোগ গ্রহণ করবেন ?

শ্রী সুব্রত মুখার্জী : আপনি ঠিকই বলেছেন, আপনাদের ওখানে আয়াশ গ্রাম পঞ্চায়েত খুব ভালো কাজ করেছে এবং পুরস্কারও পেয়েছে, সে সংবাদ আমরা পেয়েছি। আমরা একটা সিস্টেম চালুই করেছি যে, পুরস্কার এবং তিরস্কার দুটোই আমাদের করতে

হবে। আমরা পুরস্কার শুধুমাত্র ফার্স্ট সেকেন্ড হওয়ার সেটাও যেমন করবো, তেমনি যে গ্রাম পঞ্চায়েত ভালো কাজ করবে তাকে আরো বেশি বরাদ্দ আর যে করবে না তার টাকা নিয়ে এসে ওই যারা ভালো কাজ করবে সেখানকার টাকা আমরা বরাদ্দ বেশি করে করবো। যার ফলে, কাজ করার প্রবণতা আরো বাড়বে বলে আশা করি।

শ্রী সুভাশিস বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি যে আমাদের বাঁকুড়া জেলায় এন.আর.ই.জি.এস. প্রকল্পের কাজে কিছু অসুবিধা ঘটছে। আমাদের পাহাড়ী এলাকা উপরে মাটি, নীচে গ্রানাইট এবং ল্যাটেরাইট জোন। সুতরাং সেখানে কাজ করতে গেলে প্রথমে মাটির অংশটা কাটা যাচ্ছে কিন্তু পাথুরে এলাকাতে মানুষ দিয়ে কাটা যাচ্ছে না। এই অবস্থায় যে সমস্ত প্রকল্পগুলি নেওয়া হচ্ছে, সেই সমস্ত প্রকল্পগুলি ঠিক মতন কার্যকরী না হওয়ার ফলে, ঠিক সম্পূর্ণভাবে কাজটা হচ্ছে না। পুকুর কাটার কাজের ব্যাপার নিয়ে যদি এখানে হয়, উপরে মাটির অংশটা কাটা যাচ্ছে, কিন্তু যখনই পাথর বেরিয়ে যাচ্ছে তখনই সেটা একটা বিক্ষিপ্ত আকারে পড়ে থাকছে। এই ব্যাপারে এন.আর.ই.জি.এস. প্রকল্পের মাধ্যমে আপনি কি কোনো ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক যা বললেন, এটা সত্যি ঘটনা। কারণ, বাঁকুড়া জেলায় এই গ্রানাইট প্রবলেমটা ভীষণভাবে রয়েছে এবং জল ধারণ করার অনেক জায়গায় অসুবিধা তার কারণ গ্রানাইট যদি ফাটা থাকে তাহলে জল একেবারে তলায় চলে যাচ্ছে। আমরা এই মর্মে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি অনুমতির জন্য, যে যতটুকুনই মাটি আছে, সেই মাটি ১০০ দিনের কাজের জন্য কাটা হবে। আর যেই পাথর আসবে, তখন সেখানে মেশিন ব্যবহার করা হোক বলে আমরা অনুমতি চেয়েছি, সেই অনুমতিটা আশা করি কিছুদিনের মধ্যে এসে যাবে, তখন আমরা মাটিও কাটব, তারপর মেশিনে গ্রানাইটও কাটব।

শ্রী আবদুর রহিম বক্সি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অতিরিক্ত প্রশ্ন, এটা কি সত্যি যে মালদা জেলায় এন.আর.ই.জি.এস. প্রকল্পের মাধ্যমে নদী খননের কাজ শুরু করা হবে, যদি সত্যি থাকে তাহলে কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, এটা একটু নোটিশ দিতে হবে বা উনি যদি যোগাযোগ করেন আমি বলে দেব। আমি জলসম্পদ দপ্তর থেকে যেমন জানি সমস্তটা, কিন্তু সেচ কোথায় কোথায় করছে আমার ঠিক জেলাওয়াইজ জানা নেই। আপনি যদি একবার দয়া করে আমার ওখানে আসেন আমি জেনে আপনাকে জানিয়ে দেব।

শ্রী মৈনুল হক : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যে ১০০ দিনের কাজ যদিও বর্তমান সরকার আসার পর কাজের গতি কিছুটা হলেও বেড়েছে। স্যার, আমার প্রশ্ন, আপনার মাধ্যমে, যে ১০০ দিনের কাজের যে গাইড লাইন একবার বলা হচ্ছে ডব্লু.বি.এম। করা যাবে, পরক্ষণে বলছে ঐটা হবে না, বাতিল। কখনো বলছে, কালভার্ট করা যাবে। এর আগে আমরা কালভার্ট করেছি, অন্তত ৭ খানা কালভার্ট করেছি, অথচ এখন নতুন নিয়মে আবার বলা হচ্ছে, স্ল্যাবটা নাকি দেওয়া যাবে না অর্থাৎ ঢালাই করা যাবে না। এই যে নতুন

করে সমস্ত নিয়মগুলো, আমি বলছি যে একটা পরিষ্কার গাইড আপনার দপ্তর থেকে দেওয়া হোক যে ১০০ দিনের কাজে কিভাবে মেটিরিয়ালস, যে ফট্টি পারসেন্ট মেটিরিয়ালস, সেটা কিভাবে ইউটিলাইজ করা হবে। কোন কোন কাজের ক্ষেত্রে এবং এই রকম কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা, সেটা আমি জানতে চাইছি।

[11.50 – 12.00 noon]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্যার কথা উনি ঠিকই বলেছেন। সবটাই দিল্লির গাইড লাইনে, কেন্দ্রীয় সরকারের গাইড লাইনে আমরা চলতে বাধ্য। এই গাইড লাইনগুলো কোনো কোনো জায়গা একটি ত্রুটিপূর্ণ আছে। যেমন আপনি বলেছেন, কালভার্ট, ঢালাই, এগুলো ঠিকই বলেছেন। মূলত মেটেরিয়াল সংক্রান্ত ব্যাপারেই এই সমস্যাগুলো নিয়ে আমরা কথাবার্তা বলছি। চিঠি চাপাটি চলছে। মন্ত্রী জয়রাম রমেশ আমার সাথে এগ্রি করেছেন মৌখিকভাবে। সেটা অফিসিয়ালি ফাইনাল হলে আপনাদের জানাতে পারব। কিন্তু আমরা চেষ্টায় আছি।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ যে উনি আসার পরে এই কাজটা একটা প্রচণ্ড গতি পেয়েছে এবং ভালোভাবেই এগোচ্ছে। আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের ওপরে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যে কর্মচারীরা এই কাজগুলো দেখাশোনা করেন, যারা এই কাজগুলি তত্ত্বাবধানের জন্য বেশি করে ব্যস্ত, সেই কর্মচারীদের সংখ্যা কম। আমি সমস্ত জায়গাতেই দেখছি যে অপেক্ষাকৃত ভালো কাজ যারা করে তাদের নিয়ে টানা হ্যাঁচড়া পড়ে, এখানে আমাকে দিন, ওখানে আমাকে দিন ইত্যাদি। কিছু আরো অতিরিক্ত কর্মচারী নিয়োগ করে এই কাজগুলো আরো ভালো করলে তবেই ভালো হবে। আমি সেইজন্য বলছি, আপনি এটা নিয়ে কি ভাবছেন সেটা যদি পরিষ্কার করে বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : এগুলো ভালো করে হওয়া, না হওয়া এগুলো নিয়ে আমি আগেই বলেছি যে এগুলো আমাদের সরকার অথবা ওদের সরকার কারো ওপরেই নেই। মূলত থ্রি টায়ার পঞ্চায়েত সিস্টেমের সঙ্গে যারা যুক্ত তাদের দূরদর্শিতা, কর্মক্ষমতার ওপরেই নির্ভর করে। কিন্তু আমি আপনাদের আশ্বস্ত করতে পারি, যে বায়োমেট্রিক সিস্টেম আমরা চালু করতে চলেছি, তার ফলে আমরা উন্নততর প্রযুক্তির মধ্য দিয়ে, এখানে লোক কম থাকলেও সাধারণভাবে কাজের ক্ষেত্রে মাপা, নির্দিষ্ট লোক যারা কাজ করছে, তাদের ছবি, তার দশটা আঙুলের ছাপ, সবকিছু আমাদের কাছে এবং দিল্লির কাছে দিনের দিন পৌঁছে যাবে। কাজেই আমরা ওয়েট করছি বায়োমেট্রিক সিস্টেমটা চালু হলেই যে অসুবিধার কথা আপনি বলছেন সেটা মিটে যাবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। আমি নির্দিষ্ট যে প্রশ্ন করতে চাইছি সেটা হচ্ছে, কোন্ কোন্ জেলা পরিষদ ১,২,৩ নম্বরে আছে এন.আর.ই.জি.এ. প্রকল্পে ?

শ্রী সুব্রত মুখার্জী : এই ব্যাপারে নোটিশ দিতে হবে।

অস্থায়ী পৌরকর্মীদের স্থায়ীকরণ

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) শ্রী অজয় দে : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরসভাগুলিতে একটানা ১০ বছর কর্মরত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী ফিরহাদ হাকিম : (ক) পৌরসভাতে একটানা দশ বছর কর্মরত অস্থায়ী কর্মচারীদের অর্থ দপ্তর দ্বারা বিজ্ঞাপিত প্রজ্ঞাপণ অনুযায়ী বিশেষ কিছু সুবিধা প্রদানের বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন।

(খ) বিষয়টির সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন প্রেক্ষিতগুলি খতিয়ে দেখা হচ্ছে। তার কারণ সব মিলিয়ে প্রায় নয় হাজার এইরকম অস্থায়ী কর্মচারী বিভিন্ন পৌরসভায় আছে এবং সুপ্রীম কোর্টের একটা রুলিং আছে যাদের অস্থায়ী হিসাবে নেওয়া হয়েছে, যাদের ইন্টারভিউয়ের মাধ্যমে নেওয়া হয়নি, তাদের ক্ষেত্রে কিছু প্রসিডিংস রয়েছে। সেটা আমরা দেখছি এবং দেখে নিয়ে তারপরে আমরা ফাইনালাইজ করব।

শ্রী অজয় দে : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, উনি বলেছেন যে অর্থ দপ্তরের একটি বিজ্ঞপ্তি আছে। স্যার, আমি বলছি যে ১৬ই সেপ্টেম্বর ২০১১ ফিনান্স ডিপার্টমেন্ট থেকে একটি অর্ডার আসে, বিজ্ঞপ্তি জারি হয়। সেখানে বলা হয় যে যাদের দশ বছর পূর্ণ হয়েছে অথবা ২৪০ দিন একটানা কাজ করেছেন এবং কাট অফ ডেট ১.৮.২০১১, খুব ক্যাটাগরিক্যালি এখানে বলা আছে ১৫ নং ধারার ১২ নম্বরে। সেখানে বলা হয়েছে যে, বেনিফিট অফ দিস মেমো উইল বি অ্যাপ্লিকেবল টু দ্য পঞ্চায়েত বডিস, ইউ.এল.বি. অ্যান্ড স্ট্যাটুটারি বডিস। তো ইউ.এল.বি.-র মধ্যে পুরসভা পড়ে। আমি মাননীয় মন্ত্রীর কাছে শুধু জানতে চাইছি উনি বলেছেন যে খতিয়ে দেখা হচ্ছে এবং ৯ হাজার মতো বলেছেন। এই তালিকাটা সম্পূর্ণ হয়েছে কিনা ? আর এই প্রায় ৬ মাস অতিক্রান্ত হয়েছে। কারণ আপনি জানেন নিশ্চয় যারা পার্মানেন্ট স্টাফ, আর যারা ক্যাজুয়াল বা এরকম ধরনের যারা ডেলি রেটেড বলুন বা কন্ট্রাকচুয়াল বলুন তাদের কাজও খুব কম করতে হয় না। তাদেরও বেশি কাজ করতে হয়। এবং বিভিন্ন দপ্তরের বিভিন্ন যে সমস্ত প্রোগ্রাম বা প্রকল্পগুলোর কাজ করতে গেলে দেখা যাচ্ছে বহু পৌরসভায় শূন্য পদ রয়েছে, সেগুলোতেও ভ্যাকেন্সি রয়েছে। সেখানেও পার্মানেন্ট হচ্ছে না। যার ফলে এটা খুব জরুরি, অন্তত ইমারজেন্সি ওয়ার্ক করার ক্ষেত্রে এটা খুব জরুরি। সেক্ষেত্রে এই ৬ মাস অতিক্রান্ত হওয়ার পরেও আপনারা এটা নিয়ে কতদূর এগিয়েছেন, এবং একটা নির্দিষ্ট সময় সীমার মধ্যে এটাকে কার্যকরী করবেন কিনা।

শ্রী ফিরহাদ হাকিম : এটা ঠিকই, উনি বললেন যে অস্থায়ী কর্মচারীরা অনেক জায়গায় দায়িত্ব নিয়ে কাজ করেন। কিন্তু এটাও দেখা গেছে যেহেতু পৌরসভায় কোনো

স্টাফ প্যাটার্ন এখনো চূড়ান্ত করা হয়নি, অনেক জায়গায় একসেস লোক নেওয়া হয়েছে। সেই ক্ষেত্রে পৌরসভার পরিধির থেকে অনেক বেশি লোক নিয়ে সেইখানে তাদের রাখা হয়েছে। এটা নিয়ে আমরা বিভিন্ন পৌরসভার চেয়ারম্যানদের সাথে কথা বলছি। একটা স্টাফ প্যাটার্নও আমরা তৈরি করার চেষ্টা করছি। তার মধ্যেও যারা অস্থায়ী কর্মচারী রয়েছে তাদের সত্যি সত্যি কতটা দরকার, তাদের সার্ভিস ব্রেক আছে কিনা, এগুলো নিয়ে আমরা বিবেচনা করছি। তারপরে ঠিক সময় মতোন, আমরা এটা একটু সময় নিয়েই করছি। কারণ এতগুলো পৌরসভাকে নিয়ে আমাদের আলাদাভাবে আলাদাভাবে করতে হচ্ছে, এটা হয়ে গেলে আমি জানিয়ে দেবো।

শ্রী অজয় দে : স্যার, উনি বাস্তব অবস্থার কথা বলেছেন, যে আমাদের সমস্ত স্টাফ প্যাটার্ন এখনো তৈরি হয়নি। এর আগে একটা স্টাফ নর্মস তৈরি হয়েছিল। কিন্তু স্টাফ নর্মসের পরিপ্রেক্ষিতে যদি স্টাফ প্যাটার্ন না হয়, খুব স্বাভাবিকভাবেই সেখানে কাজের ক্ষেত্রে আমাদের যে অসুবিধা, সেগুলো হচ্ছে। এবং যার জন্যেই এই ক্যাজুয়াল আছে। আমি কোনো মতেই এ কথাকে সমর্থন করি না, যে, যেখানে খুব একসেস স্টাফ আছে সেখানে মাথা-ভারী প্রশাসন নিয়ে কাজ করা যায়। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যেখানে শ্যাংসান্ড আছে পোস্ট, সেই স্যাংশান্ড পোস্টের মধ্যেই যারা ক্যাজুয়াল রয়েছে তাদের ক্ষেত্রে সরকারিভাবে নির্দেশনামার যদি একটা নির্দিষ্ট সময়সীমা না করা যায় ; খুব স্বাভাবিকভাবেই পৌরসভার তহবিল থেকে এই অর্থ দিতে হবে, অথচ আমাদের ইমারজেন্সি কাজও করতে হবে। এটা কি করে সম্ভব ? এটার জন্যে যদি আলাদা কোন চিন্তা-ভাবনা করা যায়, কারণ এই টাকাটা তো পৌরসভার তহবিল থেকেই যাচ্ছে। এইক্ষেত্রে উনি কোনো সিদ্ধান্ত নেবেন কিনা।

শ্রী ফিরহাদ হাকিম : যেহেতু আমরা পৌরসভা বেসিস যে বিশ্লেষণগুলো, সেগুলো আমরা করিনি, তাই আমরা এখনো ঐটায় যায়নি। কিন্তু এটাতে আমাদের অর্থ দপ্তরের গাইডেন্স লাগবে, তারপরে এটা আমরা জানাতে পারব।

শ্রী সমরেশ দাশ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার জিজ্ঞাসা, যে সারা পশ্চিমবঙ্গে যতগুলো মিউনিসিপ্যালিটি আছে তাতে টোটাল অস্থায়ী কর্মচারীর সংখ্যা কত ? যে কোনো একটা বিধিবদ্ধ সংস্থায় লোক নিয়োগ করতে হলে অর্থ দপ্তরের পূর্ব অনুমতি নেওয়া প্রয়োজন। সেই পূর্ব অনুমতি না নিয়ে যাদের নিয়োগ করা হয়েছে সেই অবৈধ নিয়োগগুলিকে আপনি অনুমোদন দেবেন, না বাতিল করবেন ? দয়া করে জানাবেন কি ?

শ্রী ফিরহাদ হাকিম : এটা ঠিক যে অনেকগুলো পৌরসভায় কাজের থেকেও বেশি তাদের রাজনৈতিক অ্যাফিলেশন বা অন্য অন্য দিকগুলো দেখিয়ে অনেক কর্মীদের যেটা দরকার নেই, আমি আগেও বলেছি সেইভাবে নেওয়া হয়েছে। এবং এটাও দেখা যাচ্ছে যে বহু জায়গায় উইদাউট পারমিশনে, অনেক কর্মীদের এই রকমভাবে নিয়োগ করা হয়েছে।

যেটাতে অর্থ দপ্তরের অনুমোদন নেই, আমাদের মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সের অনুমোদন নেই অথচ কর্মী নেওয়া হয়েছে এইটা নিয়ে একটা নীতিগত সিদ্ধান্ত নিতে হবে। আমরা অলরেডি অর্থ দপ্তরে এটা পাঠিয়েছি যে এইরকম এইরকম আছে। কিন্তু আমরা এখনো ১২৭টা পৌরসভায় কোনখানে কতগুলো কর্মী ঐরকমভাবে নিয়েছে, কতগুলো নেয়নি সেটা নিয়ে আমরা একটা বিশ্লেষণ করছি। এটা করে নিয়ে, ফাইনাল রিপোর্টটা অর্থ দপ্তর চেয়েছে সেখানে পাঠাবো। আর আমাদের অস্থায়ী কর্মী এখন মোটামুটি ৯ হাজার। এইরকম সব পৌরসভা মিলিয়ে, প্রায় ৯ হাজার অস্থায়ী কর্মচারী আছেন।

[12.00—12.10 noon]

শ্রী রামেশ্বর দোলুই : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, অনুগ্রহ করে যদি বলেন—অনেক ব্লক, ব্লকের হেড কোয়ার্টার্স, শহরের চেহারা নিয়েছে। নগরোন্নয়নের প্রশ্নে বিগত বামফ্রন্ট সরকার অনেকগুলি পৌরসভা নতুন গঠন করার প্রস্তাব নিয়েছিল। এই বছর তো শেষ হতে চলল, মাননীয় মন্ত্রী যদি বলেন, যে আমাদের রাজ্যে নতুন পৌরসভা গঠনের কোনো পরিকল্পনা আছে কিনা, হলে কোন কোন ? ধন্যবাদ।

Shri Firhad Hakim : Sir, this question is not related to my original question.

Mr. Speaker : আপনি নোটিস দিয়ে দেবেন।

Starred Questions
(To which answers were laid on the Table)

সংগ্রামপুর বিষমদ কাণ্ড

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১) **শ্রী শাহাজাহান চৌধুরী** : আবগারী দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সংগ্রামপুরে বিষমদ খেয়ে কতজন মারা গেছেন ?

আবগারী দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

দক্ষিণ ২৪-পরগনা জেলার উস্থি থানা এবং মগরাহাট থানার সংগ্রামপুর এবং মগরাহাটে বিষমদ খেয়ে মোট ১৭৪ জনের মৃত্যু হয়েছে। তার মধ্যে সংগ্রামপুরে মৃত্যু হয়েছে ৩৪ জনের।

কোলাঘাটকে পৌরসভা হিসেবে ঘোষণা

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) **শ্রী বিপ্লব রায়চৌধুরী** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার কি কোলাঘাটকে পৌরসভা হিসাবে ঘোষণার বিষয়ে বিবেচনা করছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এই বিষয়ে মাননীয় বিধায়ক, শ্রী বিপ্লব রায়চৌধুরীর পত্র-সহ একটি প্রস্তাব পূর্ব মেদিনীপুর জেলার জেলাশাসকের কাছ থেকে এই দপ্তরে এসেছে। পশ্চিমবঙ্গ পৌর আইন, ১৯৯৩ মোতাবেক বিশদ তথ্য প্রদানের জন্য উক্ত জেলাশাসককে অনুরোধ করা হয়েছে।

নতুন শ্রমিক/কর্মচারী সংগঠন

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫) **শ্রী এস. এম. সাদি** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্যে কতগুলি নতুন শ্রমিক/কর্মচারী সংগঠন-এর নাম নথিভুক্ত হয়েছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা মে ২০১১ থেকে ২১শে ফেব্রুয়ারি ২০১২ পর্যন্ত সময়ে রাজ্যে ট্রেড ইউনিয়ন আইন, ১৯২৬-এর অধীনে ৭৪৮টি নতুন শ্রমিক কর্মচারী সংগঠন-এর নাম নথিভুক্ত হয়েছে।

সরকার কর্তৃক গৃহীত ঋণ

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৮) **শ্রী আবু তাহের খান** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা অক্টোবর, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে রাজ্য সরকার কর্তৃক গৃহীত মোট ঋণের পরিমাণ কত ; এবং

(খ) ২০১১-২০১২ অর্থবর্ষে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে কেন্দ্রীয় সরকার বিভিন্ন খাতে মোট কত পরিমাণ অর্থ বরাদ্দ করেছে ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) অ্যাকাউন্টেন্ট জেনারেল ২০১১-১২ অর্থবর্ষের ৩১শে জানুয়ারি পর্যন্ত হিসাব দাখিল করেছে। সেই হিসাব অনুযায়ী ২০১১-১২ অর্থবর্ষের ৩১শে জানুয়ারি ২০১২, পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক মোট গৃহীত ঋণের পরিমাণ ২৩৫৯৭.৭১ কোটি টাকা।

(খ) অ্যাকাউন্টেন্ট জেনারেল ২০১১-১২ অর্থবর্ষের ৩১শে জানুয়ারি, পর্যন্ত হিসাব দাখিল করেছে। সেই হিসাব অনুযায়ী ৩১শে জানুয়ারি, ২০১২ পর্যন্ত কেন্দ্রীয় সরকার মোট ৬১৩৭.৫১ কোটি টাকা বরাদ্দ করেছে।

পুর এলাকায় গৃহহীনদের তালিকা

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪) **ডঃ তরুণকান্তি নস্কর** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পুর এলাকায় গৃহহীনদের তালিকা তৈরি করা হয়েছে ;

(খ) সত্যি হলে, ১৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে পুর এলাকায় গৃহহীন পরিবারের মোট সংখ্যা কত ; এবং

(গ) উক্ত পরিবারগুলির গৃহ তৈরির ব্যাপারে কি ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে/হচ্ছে ?

পৌর বিষয়ক দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পৌরবিষয়ক দপ্তরে প্রাপ্ত তথ্য অনুযায়ী মহামান্য সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে এযাবৎ এই রাজ্যের মোট ৯টি পুর এলাকায় গৃহহীনদের তালিকা তৈরি করা হয়েছে।

পৌর এলাকাগুলি হল কলকাতা পৌরনিগম, হাওড়া পৌরনিগম, আসানসোল পৌরনিগম, দুর্গাপুর পৌরনিগম, শিলিগুড়ি পৌরনিগম, রাজপুর-সোনারপুর, ভাটপাড়া, দক্ষিণ দমদম ও মহেশতলা পৌরসভা।

(খ) পৌরনিগম/পৌরসভা কর্তৃক গৃহীত গণনা অনুসারে সংশ্লিষ্ট ৯টি পুর এলাকাগুলিতে গৃহহীন ব্যক্তির সংখ্যা ১৫,৯৩৬ জন।

(গ) উক্ত পরিবারগুলির জন্য গৃহ তৈরির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা রাজ্য সরকারের সমাজ কল্যাণ দপ্তরের তত্ত্বাবধানে নেওয়া হচ্ছে।

স্ব-নির্ভর গোষ্ঠীগুলির উন্নয়ন পরিকল্পনা

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৬) ডঃ আশীষ ব্যানার্জী : স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

স্ব-নির্ভর গোষ্ঠীগুলির উন্নয়নে সরকারি পরিকল্পনার রূপরেখা কি ?

স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনার অধীনে 'স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা' (SGSY) নামক কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় পরিচালিত দারিদ্রদূরীকরণ প্রকল্পটি (কেন্দ্র ও রাজ্যের মধ্যে ব্যয়-বরাদ্দের অনুপাত ৭৫ : ২৫) সারা দেশে গত ০১.০৪.১৯৯৯ তারিখ থেকে রূপায়িত হচ্ছে। প্রকল্পটির উদ্দেশ্য হল গ্রামের দরিদ্র জনগণের মধ্যে স্বনির্ভর গোষ্ঠী গঠন করে, তাঁদেরকে প্রশিক্ষণ দিয়ে, তাঁদের দক্ষতা বাড়িয়ে এবং তাঁদের জন্য ঋণ, প্রযুক্তি, পরিকাঠামো ও বিপণনের সংস্থান করে রোজগারের ব্যবস্থা করা এবং এইভাবে তাঁদের দারিদ্রসীমার উপরে নিয়ে আসা। ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের নির্দেশিকা (Guideline) অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ (SGSY) প্রকল্পের রূপায়ণ করে চলেছে।

(২) স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা কর্মসূচীর বিস্তারিত পর্যালোচনার ভিত্তিতে ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক উক্ত প্রকল্পকে সম্প্রতি 'জাতীয় গ্রামীণ জীবিকা মিশন' (National Rural Livelihoods Mission) হিসাবে পুনর্গঠিত করেছেন। এই পুনর্গঠিত কর্মসূচী রূপায়ণের জন্য জাতীয় স্তরে, রাজ্য স্তরে, জেলা স্তরে এবং জেলার নীচের স্তরে একনিষ্ঠ (dedicated), সহমর্মী (sensitive) ও সহায়ক পরিকাঠামো (support structure) থাকবে, যার মাধ্যমে বিভিন্ন স্তরে দরিদ্র জনগণের নিজস্ব প্রতিষ্ঠান তৈরি ও সেগুলির স্থায়িত্ব বজায় রাখার উদ্যোগ গ্রহণ করা হবে। ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক কর্তৃক জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (NRLM) কর্মসূচীর নাম পরিবর্তন করে পরবর্তীকালে 'আজীবিকা' রাখা হয়েছে।

(৩) আমাদের রাজ্যে আগামী অর্থবর্ষ (২০১২-১৩) থেকে আজীবিকা বা জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের কর্মসূচী রূপায়িত হবে। এজন্য রাজ্য পর্যায়ে 'পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন' নামে নিবন্ধীকৃত সমিতি গঠনের প্রক্রিয়া চলছে।

(৪) আজীবিকা বা জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের কয়েকটি মুখ্য বৈশিষ্ট্য :

(ক) সর্বজনীন সামাজিক একত্রীকরণ (Universal Social Mobilization) : এই কর্মসূচীতে গ্রামের দরিদ্র হিসাবে চিহ্নিত

পরিবারগুলির অন্তত একজন সদস্যকে, বিশেষ করে মহিলা সদস্যকে একটি সময়সীমার মধ্যে স্বনির্ভর গোষ্ঠীর মধ্যে অন্তর্ভুক্ত করা হবে।

(খ) দরিদ্র মানুষের প্রতিষ্ঠান গঠন ও উন্নয়ন (Promotional of Institution of the Poor) : স্বনির্ভর গোষ্ঠী এবং গ্রাম ও উচ্চতর স্তরে স্বনির্ভর গোষ্ঠীর সংঘ ও মহাসংঘ গঠনের মাধ্যমে দরিদ্র মানুষের শক্তিশালী প্রতিষ্ঠান তৈরি ও দরিদ্রদের কার্যক্রমের পরিসর, তাঁদের মতামত জানানোর সুযোগ ও সঙ্গতি বৃদ্ধি করা এবং বহিরাগত সংস্থাগুলির উপর তাঁদের নির্ভরশীলতা কমাবার দিকে NRLM তার দৃষ্টি নিবদ্ধ রাখবে।

(গ) স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সহায়তা :

(১) যোগ্য স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য আবর্তনীয় তহবিল ও ক্যাপিটাল সাবসিডির সংস্থান থাকবে। এই তহবিল তাদের প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনা করবার ক্ষমতা বৃদ্ধির সহায়ক হবে এবং তাঁদের অগ্রগতির মূলস্রোতের ব্যাঙ্কের আর্থিক সহায়তাকে আকর্ষণ করবে।

(২) এই কর্মসূচিতে বিভিন্ন অর্থনৈতিক কাজের জন্য (economic activity) ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা থাকবে।

(৩) যার মূলস্রোতের আর্থিক প্রতিষ্ঠানের কাছে ঋণ নিয়েছে এমন স্বনির্ভর গোষ্ঠীগুলি, ঋণ পরিশোধের খতিয়ানের ভিত্তিতে উপযুক্ত বিবেচিত হলে সুদের উপর ভর্তুকিরও (Interest Subsidy) সহায়তা পাবে।

(৪) এই প্রকল্পে প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি, পরিকাঠামো, বিপণন ইত্যাদি অন্যান্য সহায়তার ব্যবস্থা থাকবে।

(ঘ) জীবিকা (Livelihoods) : NRLM প্রতিটি দরিদ্র পরিবারের জীবিকা আহরণের প্রচলিত পদ্ধতিগুলি পর্যালোচনা করে সেগুলি সংহত করতে, প্রসার ঘটাতে ও পরবর্তীকালে জীবিকা নির্বাহের আরও নতুন নতুন পদ্ধতি সংযুক্ত করবার লক্ষ্যে কাজ করবে।

(ঙ) কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সহযোগিতায় বিভিন্ন ব্যাঙ্ক ইতিমধ্যেই জেলায় জেলায় গ্রামীণ স্বনিযুক্তি প্রশিক্ষণ সংস্থা (Rural Self Employment Training Institute বা RSETI) : গড়ে তুলেছে। এই সংস্থাগুলি দারিদ্রসীমার নিচে বসবাসকারী তরুণ-তরুণীদের স্বনিযুক্তির ক্ষেত্রে সফল উদ্যোগী হিসাবে গড়ে তোলার জন্য Entrepreneurship Development Programme বা E.D.P.-র উপর প্রশিক্ষণ দেওয়া শুরু করেছে এবং অন্যান্য দক্ষতা বৃদ্ধির সহায়ক প্রশিক্ষণ দেবারও প্রয়াস নিয়েছে, যাতে তারা স্বনিযুক্তির পথে অগ্রসর হওয়ার যোগ্য হয়ে উঠতে

পারে। NRLM কর্মসূচিতে RSETI-গুলি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে।

(চ) **সমকেন্দ্রাভিমুখতা ও অংশীদারিত্ব** (Convergence and Partnership) : NRLM-এর কর্মসূচী অনুযায়ী রাজ্য গ্রামীণ জীবিকা মিশন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক ও অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রকের বিভিন্ন কর্মসূচীর সাথে এবং রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচির সাথে সম্মুখীনতায় সম্যক জোর দেবে, যাতে সরাসরি এবং দরিদ্রদের প্রতিষ্ঠানের মাধ্যমে মেলবন্ধন সৃষ্টি হয়।

(ছ) **দরিদ্রদের জন্য বীমা পরিষেবা** : এই কর্মসূচীতে বীমা সংস্থাগুলির বিভিন্ন প্রকল্পে যাতে ক্ষুদ্র বীমা পরিষেবা, বিশেষত দরিদ্রদের জীবন বীমা এবং স্বাস্থ্য ও সম দগত ঝুঁকি সংক্রান্ত বীমার সর্বজনীন প্রসার সুনিশ্চিত হয় সেদিকে দৃষ্টি দেওয়া হবে।

(২) (ক) রাষ্ট্রীয় কৃষি ও গ্রামীণ ব্যাঙ্কের অধীনে অন্ধ্রপ্রদেশ ও কেরালার ধাঁচে এ রাজ্যেও নাবার্ডের সহায়তায় পঃ বঃ সরকার ২০০৯ সালে পঃ বঃ স্বরোজগার সহায়ক প্রকল্প নামে একটি সুদ ভর্তুকি প্রকল্প চালু করে—যেটির মারফত ৪ শতাংশ হারে ধার পাওয়া যায়।

(খ) পঃ বঃ সরকারের সহায়তায় নাবার্ড বিভিন্ন ব্যাঙ্কের সাথে কথা বলে সুদ সংক্রান্ত বিষয়ে জটিলতা দূর করার চেষ্টা চালাচ্ছে—যাতে ১.৫ লাখ স্বনির্ভর গোষ্ঠীর লক্ষ্যে পৌছানো যায়।

(গ) পঃ বঃ সরকারের সহায়তায় নাবার্ড স্বনির্ভর গোষ্ঠীগুলি এবং ব্যাঙ্ক লিংকেজ প্রকল্পের সাথে যুক্ত অংশীদারদের ক্ষমতা বৃদ্ধি ছাড়াও প্রায় ১৯০টি স্বরোজগার সহায়ক প্রকল্প এবং ১০টি প্রশিক্ষণ কেন্দ্রকে সাহায্য করে।

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪২) **শ্রী ঈদ মহম্মদ** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের এই প্রকল্পটি N.T.P.C. সংস্থাকে হস্তান্তরের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

নতুন বিদ্যুৎ সংযোগ

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭) **শ্রী মন্টুরাম পাখিরা** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১১ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট কতগুলি মৌজায় নতুন বিদ্যুৎ সংযোগ স্থাপিত হয়েছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট ২০৮৮টি মৌজা আছে যেখানে বসতি আছে। ঐ জেলায় নিম্নলিখিত পরিকল্পনায় নিবিড় বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে—৩১শে ডিসেম্বর, ২০১১ সাপেক্ষে কাজের অগ্রগতি দেওয়া হল :

পরিকল্পনা	অন্তর্ভুক্ত মৌজার সংখ্যা	বৈদ্যুতিকরণ হয়েছে	কাজ চলছে
রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা (দশম পরিকল্পনা)	৮০	৮০	—
রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা (একাদশ পরিকল্পনা)	১৭৭৪	৫৩৬	১২৩৮
WBREP (State Fund)	১২৬	—	১২৬
Sundarban Development Authority Fund	৩৯	১১	২৮
World Bank Fund (Sagar Block)	৪২	—	—
Remote Village Electrification	২৭	১১	১৬
মোট	২০৮৮	৬৩৮	১৪০৮

রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১) **শ্রী আনিসুর রহমান** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান (২০১১-২০১২) অর্থবর্ষে রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ; এবং

(খ) ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে, কত পরিমাণ রাজস্ব সংগৃহীত হয়েছে ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান অর্থবর্ষে অর্থাৎ ০১.০৪.২০১১ হইতে ৩১.০৩.২০১২ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ২৭,৬৯০ কোটি টাকা।

(খ) অ্যাকাউন্ট্যান্ট জেনারেল, পঃ বঃ কাছ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ সাপেক্ষে রাজস্ব সংগ্রহের পরিমাণ এখনও পাওয়া যায়নি।

ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৬) **শ্রী অখিল গিরি** : স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেকার যুবক-যুবতীদের স্ব-নির্ভর হওয়ার ক্ষেত্রে ব্যাঙ্ক ঋণ পাওয়ার বিষয়ে বিভিন্ন প্রতিবন্ধকতাগুলি দূর করার জন্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে ?

স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনার অধীনে ১লা এপ্রিল ১৯৯৯ সাল থেকে কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক ও রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক রূপায়িত স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (SGSY) কর্মসূচীর মাধ্যমে গ্রামাঞ্চলে স্বনির্ভর গোষ্ঠী গঠনের মধ্য দিয়ে দরিদ্র পরিবারগুলির স্বনির্ভরতা অর্জনের উদ্যোগ নেওয়া হয়ে থাকে। এই কর্মসূচীতে প্রধানত দরিদ্র পরিবারের মহিলা সদস্যদের স্বনির্ভর গোষ্ঠীতে অন্তর্ভুক্ত করাকেই প্রাধান্য দেওয়া হয়। স্বনির্ভর গোষ্ঠীগুলি এস.জি.এস.ওয়াই. (SGSY) প্রকল্পের নির্দেশিকা অনুযায়ী গ্রেড ১ পাশ করার পর ব্যাঙ্কের ক্যাশ ক্রেডিট (Cash Credit) এর সঙ্গে যুক্ত হওয়ার ক্ষেত্রে যোগ্য (eligible) বলে বিবেচিত হয়। আবার এইসব দলই যখন গ্রেড ২ পাশ করে তখন তারা একটু বড় অর্থনৈতিক প্রকল্প রূপায়ণের জন্য ভর্তুকি বা অনুদান সহ ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হয়ে থাকে। স্বনির্ভর গোষ্ঠীগুলি ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে সাধারণত যে সমস্ত সমস্যা বা অসুবিধার সম্মুখীন হয়ে থাকে তার মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য বিষয় হল মূল্যায়নের ক্ষেত্রে (Grading Exercise) ধীরগতি, ক্যাশ ক্রেডিট সংযোগের ধীরগতি, ঋণ প্রদানে বিলম্ব ইত্যাদি।

জেলা পর্যায়ে এস.জি.এস.ওয়াই. (SGSY) প্রকল্প রূপায়িত হয় জেলা গ্রামোন্নয়ন শাখা বা ডি.আর.ডি. সেলের (DRD Cell) মাধ্যমে। তাই ব্যাঙ্কগুলির সঙ্গে নিয়মিত যোগাযোগের মাধ্যমে ডি..আর.ডি.সি. (DRDC) এস.জি.এস.ওয়াই. (SGSY) প্রকল্পে ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন অসুবিধাগুলি দূর করার জন্য উদ্যোগ গ্রহণ করে থাকে। জেলা পর্যায়ে District SGSY Committee এবং ব্লক পর্যায়ে Block SGSY প্রকল্প রূপায়ণের বিভিন্ন বিষয় পর্যালোচনা করে নিত্যপ্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে

থাকে। তা ছাড়া জেলা পর্যায়ে District Consultative Committee (DCC) এবং District Level Review Committee (DLRC) ও ব্লক পর্যায়ে Block level Bankers Committee (BLBC) রয়েছে। এই কমিটিগুলি ব্যাঙ্কের সাথে যুক্ত বিভিন্ন সরকারী প্রকল্প রূপায়ণের বিষয়গুলি পর্যালোচনা করে থাকে।

জেলাস্তরে অমীমাংসিত বিষয়গুলি রাজ্যস্তরে জানালে, রাজ্যস্তরে সংশ্লিষ্ট ব্যাঙ্কের উর্ধ্বতন কর্তৃপক্ষকে এবং State Level Bankers Committee (SLBC)-কে জানানো হয় যাতে অমীমাংসিত বিষয়গুলির যথাযথ সমাধান হয়। তাছাড়া প্রয়োজনে SLBC Meeting-এ বিষয়গুলি আলোচনা করা হয়। এইভাবে ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে স্বনির্ভর গোষ্ঠীর অসুবিধা বা প্রতিবন্ধকতা দেখা দিলে সেগুলির সমাধানের জন্য প্রথমে স্থানীয়স্তরে ও পরে জেলাস্তরে এবং প্রয়োজনে রাজ্যস্তরে ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে বর্তমানে স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা কর্মসূচী পুনর্গঠিত হয়ে আজীবিকা বা জাতীয় গ্রামীণ জীবিকা মিশন রূপে রূপায়িত হতে চলেছে। এই কর্মসূচীতেও স্বনির্ভর গোষ্ঠী গঠনের মাধ্যমে গ্রামীণ দরিদ্র পরিবারগুলির আর্থ-সামাজিক উন্নয়নের উদ্যোগ নেওয়া হবে এবং এক্ষেত্রেও ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা থাকবে। জাতীয় গ্রামীণ জীবিকা মিশন কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রেও ব্যাঙ্ক সম্পর্কিত সমস্যাগুলি সমাধানের জন্য ব্লক, জেলা ও রাজ্য পর্যায়ের অফিসগুলির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

(২) রাজ্য নগর উন্নয়ন সংস্থার অধীনে শহরাঞ্চলে দারিদ্র সীমার নীচে অবস্থিত বেকার যুবক/যুবতীদের ব্যাঙ্ক ঋণ পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতাগুলি দূর করার জন্য স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনায় (SJSRY) নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া হয়েছে। (ক) বিভিন্ন মিটিং-এ পৌরসভাগুলিকে অনুরোধ করা হয় যাতে চলতি আর্থিক বছরে ব্যাঙ্ক ঋণের দরখাস্তগুলি যত তাড়াতাড়ি সম্ভব সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলির কাছে জমা হয়। (খ) পৌরসভাগুলিকে এও অনুরোধ করা হয় যাতে ব্যাঙ্কের থেকে ঋণের অনুমোদন পাওয়া মাত্রই সম্পর্কিত সরকারী অনুদানের জন্য সুডার কাছে আবেদন পাঠিয়ে দেন। (গ) অনুরূপভাবে, সুডার কাছ থেকে অনুদান পাওয়া মাত্রই যাতে পৌরসভাগুলি ঋণ প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করেন সে ব্যাপারেও তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়। (ঘ) জেলাস্তরে ব্যাঙ্ক মিটিংগুলি (DCC/DLRC) যথাসম্ভব যোগদান করার চেষ্টা করা হয় এবং ব্যাঙ্কগুলির কাছে প্রেরিত ঋণ দরখাস্তগুলির বর্তমান অবস্থা সম্পর্কে তাদের দৃষ্টি আকর্ষণ করে সমাধানের জন্য চেষ্টা করা হয়। (ঙ) পৌরসভাগুলিকে আরও অনুরোধ করা হয় যাতে তারা সমষ্টি

উন্নয়ন সমিতির সদস্যদের কাজে লাগিয়ে ব্যাঙ্কের সাথে যৌথভাবে ঋণ পরিশোধের জন্য সচেষ্ট হন। কারণ অনেক ক্ষেত্রে এটা পরিলক্ষিত যে ব্যাঙ্কগুলি ঋণ পরিশোধ সন্তোষজনক না হওয়ার জন্য নানাভাবে ঋণ প্রদান করা থেকে বিরত থাকে।

বি.পি.এল. তালিকাভুক্তদের বিদ্যুৎ সংযোগ

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮০) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনা' প্রকল্পের মাধ্যমে রাজ্যের সব বি.পি.এল. ভুক্ত পরিবারগুলিকে কি বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভবপর হয়েছে ;

(খ) যদি সম্ভবপর না হয়ে থাকে তাহলে কতগুলি পরিবার এখনও বিদ্যুৎ সংযোগ প্রাপকের তালিকার বাইরে থেকে গেছে ; এবং

(গ) এঁদের বিদ্যুৎ দিতে না পারার কারণ কি ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) বর্তমানে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের প্রকাশিত গ্রামীণ পরিবার সমীক্ষা অনুযায়ী বি.পি.এল. পরিবারের সংখ্যা প্রায় ৬৮ লক্ষ। চলতি বিভিন্ন প্রকল্পে বৈদ্যুতিকরণ কাজের অগ্রগতি নিম্নরূপ—

প্রকল্প	আওতাভুক্ত বি.পি.এল. পরিবার	কাজ সম্পন্ন হয়েছে	কাজ চলছে
আর.জি.জি.ভি.ওয়াই (দশম পরিকল্পনা)	০.৯২ লক্ষ	০.৯২ লক্ষ	—
আর.জি.জি.ভি.ওয়াই (একাদশ পরিকল্পনা)	২৩.২৩ লক্ষ	১২.৩৪ লক্ষ	১০.৮৯ লক্ষ
পশ্চিমবঙ্গ সরকারের প্রকল্প WBREP	৮.৪৩ লক্ষ	৩.৫৩ লক্ষ	৪.৯০ লক্ষ
মোট	৩২.৫৮ লক্ষ	১৬.৭৯ লক্ষ	১৫.৭৯ লক্ষ

চলতি প্রকল্পগুলি শেষ হয়ে যাবার পরেও প্রায় ৩৫ লক্ষ বি.পি.এল. পরিবার বিদ্যুৎ সংযোগ প্রাপকের তালিকার বাইরে থেকে যাবে। এই সমস্যার কথা চিন্তা করেই বর্তমান সরকার দ্রুতগতিতে ১১টি অনগ্রসর জেলার নিবিড় বৈদ্যুতিকরণ প্রকল্প অনুমোদন করেছেন। এই জেলাগুলি যথা—জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া,

পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪-পরগনায় BRGF প্রকল্পের অধীনে শীঘ্রই কাজ শুরু হবে আরও ২১ লক্ষ বি.পি.এল. পরিবারকে বৈদ্যুতিকরণের লক্ষ্যে। বাকি দার্জিলিং, কোচবিহার, নদিয়া, বর্ধমান, হাওড়া, হুগলি এবং উত্তর ২৪-পরগনা জেলার ১৪ লক্ষ পরিবারকে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা (দ্বাদশ পরিকল্পনা), অচিরাচরিত শক্তি ও WBREP প্রকল্পে অন্তর্ভুক্ত করার প্রচেষ্টা চলছে।

(গ) বি.পি.এল. তালিকা পুনঃ পুনঃ সংশোধনের ফলে পরিকল্পনার অসুবিধা একটি কারণ। এছাড়াও গৃহ বৈদ্যুতিকরণে পূর্বে বিশেষ উদ্যোগ না নেওয়ায় মার্চ, ২০১১ পর্যন্ত মাত্র ৩৭ শতাংশ পরিবারকে (বি.পি.এল. এবং এ.পি.এল. মিলিয়ে) বিদ্যুৎ দেওয়া হয়েছিল। এখন এ ব্যাপারে দ্রুত কাজ হবে এবং আগামী তিন বছরের মধ্যে সকল পরিবারের কাছে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে।

হিডকোর প্লট/ফ্ল্যাট বিতরণে অনিয়ম

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৩) **শ্রী নরেশচন্দ্র চাকী** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজারহাট এলাকায় হিডকোর মাধ্যমে প্লট বা ফ্ল্যাট বিতরণে কোন্ নিয়মনীতি অনুসরণ করা হয়েছে ;

(খ) এই বিতরণের ক্ষেত্রে কোনো অনিয়মের অভিযোগ নির্দিষ্টভাবে পাওয়া গেছে কি না ; এবং

(গ) পাওয়া গিয়ে থাকলে, সেক্ষেত্রে কি ধরনের প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজারহাট এলাকায় (নিউটাউন) হিডকোর মাধ্যমে নিম্নলিখিত পদ্ধতিতে জমি বিতরণ করা হয়েছে :

(১) বাসস্থানের জন্য (ব্যক্তিগত উদ্যোগ ও সমবায় পদ্ধতি)—লটারির মাধ্যমে এবং পূর্বতন চেয়ারম্যান কোটায় ;

(২) প্রাতিষ্ঠানিক, ব্যবসায়িক কিংবা অন্যান্য কাজে ব্যবহারের জন্য—নিলামের মাধ্যমে এবং চেয়ারম্যান কোটায় তথা হিডকো বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী।

(খ) যেহেতু একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠিত হয়েছে, এ ব্যাপারে মন্তব্য করা সমীচীন হবে না।

(গ) যে কোনো নির্দিষ্ট অভিযোগ পেলেই যথাবিহিত তদন্ত করে ব্যবস্থা গ্রহণের প্রশাসনিক পদ্ধতি আছে।

অঙ্গনওয়াড়ী কর্মী নিয়োগ

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯) **শ্রী আব্দুর রহমি বক্সী** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদহ জেলার অঙ্গনওয়াড়ী কর্মী নিয়োগের পরীক্ষার ফল কবে নাগাদ প্রকাশিত হবে বলে আশা করা যায় ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

লিখিত পরীক্ষা সম্পূর্ণ হয়ে গেছে। আগামী মে মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য চেষ্টা করা হচ্ছে।

বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৭) **শ্রী আখরুজ্জামান** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি নিশ্চিত করতে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণ করলেও অধিকাংশ ক্ষেত্রে দ্বিপাক্ষিকস্তরে মজুরি স্থির ও প্রদান করা হয়। ন্যূনতম মজুরি অপ্রাপ্তির বিষয়ে কোন অভিযোগ শ্রমদপ্তরে জমা পড়লে এ ব্যাপারে যথোপযুক্ত পদক্ষেপ বিবেচিত হয়।

নতুন শিক্ষক নিয়োগ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৪) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত পরিচালিত শিশুশিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্রে নতুন শিক্ষক নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত নিয়োগের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে নেই।

(খ) এই বিষয়ে সরকারি নীতি নির্ধারণের জন্য উচ্চপর্যায়ে পর্যালোচনা চলছে।

আই.সি.ডি.এস.-গুলির পরিচালন সমিতি

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৪) **শ্রীমতী ফিরোজা বিবি** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এন.জি.ও. পরিচালিত সুসংহত শিশু বিকাশ প্রকল্পগুলির পরিচালন সমিতিতে স্থানীয় বিধায়কদের অন্তর্ভুক্ত করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এন.জি.ও. পরিচালিত সুসংহত শিশু বিকাশ প্রকল্পগুলির পরিচালন সমিতিতে স্থানীয় বিধায়কদের অন্তর্ভুক্ত করা আছে। এই বিভাগের স্মারকের নং ৯৯৪-এস.ডব্লু, তাং ০৭.০৩.২০১২।

(খ) প্রশ্ন উঠে না।

শিশু শ্রম বন্ধে নির্দেশিকা

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৯) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিশু শ্রমিক বন্ধে সরকার কোনো নির্দেশনামা জারি করছে/করেছে কি না ;

(খ) করে থাকলে, কতদিনে উক্ত নির্দেশিকা সম্পূর্ণরূপে কার্যকর করা যাবে বলে আশা করা যায় ; এবং

(গ) শিশু শ্রমিকদের সংখ্যা নিরূপণে জেলাওয়াড়ী সমীক্ষা করে প্রাপ্ত তালিকা তৈরী হয়েছে কি না /

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, মহামান্য সুপ্রীম কোর্ট ১৮.০৪.২০১১ তারিখের আদেশনামায় সার্কাসে শিশুশ্রমিক নিয়োগ নিষিদ্ধ করেছেন এবং সেইমত কেন্দ্রীয় সরকারের শিশুমন্ত্রক 'সার্কাস' ও 'হাতি' পরিচর্যা নামক দুটি পেশায় শিশুশ্রম নিষিদ্ধ করেছে।

(খ) উক্ত নির্দেশিকা কার্যকর করা হচ্ছে এবং অনতিবিলম্বেই উক্ত নির্দেশিকা সম্পূর্ণরূপে কার্যকর করা যাবে বলে আশা করা যায়।

(গ) এখনও প্রশ্নটি বিবেচনায় আসেনি।

পি.এম.জি.এস.ওয়াই.-তে অতিরিক্ত অর্থ বরাদ্দ

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩১) **শ্রী বাসুদেব খাঁ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনায় বর্তমান আর্থিক বর্ষে এ রাজ্যে পাকা সড়ক নির্মাণে কত পরিমাণ অতিরিক্ত অর্থ বরাদ্দের আবেদন জানানো হয়েছে ; এবং

(খ) ২৯শে ফেব্রুয়ারী, ২০১২ সাপেক্ষে ঐ আবেদন কতটা ফলপ্রদ হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বর্তমান আর্থিক বৎসরে পূর্ব মেদিনীপুরের পটাশপুর ১ নং ব্লকের ব্রজলালপুর থেকে রামচন্দ্রপুর (প্যাকেজ নং WB 1956, এটি ২০০৬-০৭ পাইলট প্রোজেক্ট হিসাবে অনুমোদিত) পর্যন্ত রাস্তাটির জন্য অতিরিক্ত ৯৮.৪৯ লক্ষ (আটানব্বই লক্ষ ঊনপঞ্চাশ হাজার) টাকা কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হয়েছে।

(খ) ২৯শে ফেব্রুয়ারী, ২০১২ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কোনো অতিরিক্ত অর্থ মঞ্জুর করেনি।

Held Over Starred Questions
(To which answers were laid on the Table)

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪) **শ্রী জ্যোতির্ময় কর** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

একশো দিনের কাজ প্রকল্প দ্রুত রূপায়ণের ক্ষেত্রে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মহাত্মা গান্ধী জাতীয় কর্ম নিশ্চয়তা প্রকল্প, যা 'একশো দিনের কাজ' নামে প্রচলিত, দ্রুত রূপায়ণের জন্য রাজ্য সরকার বেশ কয়েকটি ব্যবস্থা সম্প্রতি নিয়েছে। ব্যবস্থাগুলি নিম্নরূপ :

(১) মাননীয় মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে গত ১৫.১১.২০১১ তরিখে প্রকল্পের বর্তমান অবস্থার পর্যালোচনা করেছেন ও জেলা শাসকদের প্রকল্পের দ্রুত রূপায়নে অধিকতর উদ্যোগী হতে বলেছেন।

(২) অক্টোবর, ২০১১ থেকে ফেব্রুয়ারী, ২০১২ সময়কালের মধ্যে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রধান সচিব জেলা শাসক তথা জেলা প্রকল্প সমন্বয়কারীদের কাছে লেখা ৯টি চিঠির মাধ্যমে প্রকল্পের দ্রুত রূপায়ণে নানাবিধ উদ্যোগ নিতে বলেছেন।

(৩) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের 'এরিয়া অফিসার'দের এই প্রকল্প তদারকির জন্য বিভিন্ন জেলার সঙ্গে যোগাযোগ রাখার দায়িত্ব দেওয়া হয়েছে।

(৪) গত ২০.১২.২০১১ তারিখে প্রকল্পের সংশোধিত 'মাপের তালিকা' (শিডিউল ওব রেট্স) প্রকাশ করা হয়েছে যা শ্রমিকদের এই কাজে যোগদানের উৎসাহ বৃদ্ধির সহায়ক হবে।

(৫) এম.জি.এন.আর.ই.জি.এস, কমিশনার পদে আধিকারিক নিয়োগ করা হয়েছে যিনি গত ০১.০৩.২০১২ তারিখে এই বিভাগে কাজে যোগ দিয়েছেন।

(৬) বিভাগের পক্ষ থেকে কমপিউটার প্রযুক্তি ও জৈব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রকল্পের ব্যবস্থাপনা, কাজে উপস্থিতির হিসাব রক্ষণ, কাজের মাপ নেওয়া, শ্রমিকদের মজুরি প্রদান প্রভৃতি দ্রুততার সঙ্গে রূপায়ণের জন্য একটি বিশেষ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে যে প্রকল্পটি রূপায়িত হলে কাজের চতুর্থ দিনে শ্রমিকদের মজুরি দেওয়া সম্ভব হবে যা শ্রমিকদের উৎসাহ বৃদ্ধির সহায়ক হবে।

বিভাগ আশা করে যে, এই সমস্ত উদ্যোগের ফলে বর্তমান আর্থিক বছরে কিছুটা ও আগামী আর্থিক বছরে অনেকটাই উন্নতি ঘটানো যাবে এই প্রকল্পের রূপায়ণে।

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Kashinath Mishra desiring permission od rhew House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To,
The Hon'ble Speaker, Date : 27.3.2012
West Bengal Legislative Assembly,
Assembly House,
Kolkata : 700 001

Hon'ble Speaker, Sir,

In continuation to my earlier communication dated 10.03.2012, this is to inform you with a request to kindly grant me another Seven days leave from 28.03.2012 and excuse my absence from attendance in the ongoing Budget session owing to my health condition and intensive treatment.

With warm regards,

Yours sincerely,

Mr. Speaker : I now ask whether Shri Kashinath Mishra has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Kahsinath Mishra has the permission of the Assembly to remain absent from the sittings of the House for Seven days from the 28th March, 2012.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Government decision regarding purchase of selected daily newspapers for State Libraries	: Shri Sahajahan Choudhury, Shri Gouranga Chatterjee Shri S. M. Sadi & Shri Choudhury Md. Hedayatullah
(ii) Steps taken by the State Government to supply pipe-line drinking water in Harishchandrapur Assembly Constituency area	: Shri Rajmul Hossin
(iii) Steps taken by the State Government to prevent erosion of river Damodar in Galsi Block-I area	: Shri Sunil Kumar Mondal
(iv) Progress of work of Keleghai Kapaleswari and Bagui Flood Control Project	: Shri Jyotirmoy Kar
(v) Inadequate supply of Kerosene in Different districts in the State	: Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira, Shri Kallol Khan, Shri Asutosh Mukherjee & Shri Subhasish Batabyal
(vi) Alleged forcible eviction of bargadars and pattadars from their lands	: Shri Nirapada Sardar
(vii) Alleged non-issue of appointment letters by health & Family Welfare Department to the candidates recommended by Public Service Commission	: Shri Asit Kumar Mal, Shri Nepal Mahata, Shri Abu Taher Khan, Shri Manoj Chakraborty, Shri Umapada Bauri, Shri Sukhbilas Barma, Shri Keshab Chandra Ray, Shri Asit Mitra, Shri Akhruzzaman, Shri Apurba Sarkar & Shri Soumitra Khan

I have selected the notice of **Shri Jyotirmoy Kar** on the subject of Progress of Work of Keleghai, Kapaleswari and Bagui Flood Control Project.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী হাউসে নেই, তার সঙ্গে যোগাযোগ করে যত শীঘ্র সম্ভব, আমি এর উত্তর দিয়ে নেব।

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of the Panchayats and Rural Development Department to make a statement on the subject of curtailment of power of Zilla Parishads of North 24-Parganas, Nadia and Murshidabad.

(Attention called by Shri Basudeb Khan, Shri Sahajahan Choudhury, Shri Gouranga Chatterjee, Shri Upen Kisku separately and Shri Asit Mitra & Shri Emani Biswas jointly on the 27th March, 2012)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী বাসুদেব খাঁ, শ্রী শাহাজাহান চৌধুরী, শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী, শ্রী উপেন কিস্কু, শ্রী অসিত মিত্র এবং শ্রী ইমানী বিশ্বাস কর্তৃক গত ২৭.০৩.২০১২ তারিখে বিধানসভায় উত্থাপিত দৃষ্টি আকর্ষণী নোটিশের উপরে বলি—

(ক) মুর্শিদাবাদ জেলা পরিষদের কাজের ক্ষেত্রে অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত পদক্ষেপ

মুর্শিদাবাদ জেলা পরিষদ ২০১১-২০১২ আর্থিক বর্ষের সাধারণ বাজেট নির্ধারিত সময়ের মধ্যে পাশ করাতে সক্ষম হয়নি। বিগত বিধানসভা নির্বাচনের পরে জেলা পরিষদের প্রত্যক্ষভাবে নির্বাচিত সদস্য এবং পদাধিকারবলে আগত সদস্যের সংখ্যা ধরে মোট ১০৮ (এক শত আট) জনের মধ্যে জেলা পরিষদে ক্ষমতাসীন সদস্যের সংখ্যা হয়ে দাঁড়ায় ৫১ (একান্ন), এবং অন্যদিকে জেলা পরিষদে বিরোধী সদস্যদের সংখ্যা হয়ে দাঁড়ায় ৫৭ (সাতান্ন)। এর ফলে ৩১/০৫/২০১১ তারিখে বাজেট পাশের উদ্দেশ্যে সাধারণ সভা আহূত হলেও কোরামের অভাবে বাজেট পাশ করানো যায়নি। এই পরিস্থিতিতে জেলা পরিষদের আবশ্যকীয় খরচ সমূহ বন্ধ হওয়ায়, রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের পক্ষ থেকে সাময়িক পদক্ষেপ হিসাবে কর্মচারীদের বেতন এবং আনুষঙ্গিক (office contingency) খরচ মেটানোর বিশেষ দায়িত্ব জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের উপর ন্যস্ত করা হয় (দপ্তরের স্মারক সংখ্যা ২৭২৮/পি.এন./ও/১/৩বি-১/০৫ তারিখ ৩০/০৬/২০১১)।

তারপর ২৩/০৭/২০১১ তারিখে বাজেট পাশ করানোর জন্য জেলা পরিষদের আরেকটি সাধারণ সভা আহূত হলেও কোরামের অভাবে সেই সভা করা যায়নি। জেলা শাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের পাঠানো প্রতিবেদন অনুযায়ী সভায় নির্দিষ্ট সংখ্যক উপস্থিতি না থাকা সত্ত্বেও সভাধিপতি সভার হাজিরা খাতাটি নিয়ে নেন এবং যখন দুই দিন পরে খাতাটি তিনি ফেরত দেন, তাতে নির্দিষ্ট সংখ্যক সদস্যের স্বাক্ষর ছিল। জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিক এই অবস্থায় রাজ্য সরকারকে এই বিধি-বহির্ভূত কাজের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান।

সভাধিপতির সঙ্গে পরামর্শক্রমে পুনরায় একটি বিশেষ সাধারণ সভা আহ্বান করে বাজেট পাশ করানোর জন্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের পক্ষ থেকে জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিককে অনুরোধ জানানো হয়। কিন্তু তা সত্ত্বেও জেলা পরিষদের পক্ষ থেকে এই বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

এর মধ্যে বাজেট পাশ না হওয়ার কারণে জেলা পরিষদের সমস্ত আবশ্যকীয় খরচ বন্ধ হয়ে যাওয়ায় রাজ্য সরকারের ৩০/১১/২০১১ তারিখের স্মারক সংখ্যা ৫১৬৩/পি.এন./ও/১/৩বি-১/২০১১ অনুযায়ী জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের উপর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অর্থানুকূল্যে পরিচালিত সমস্ত উন্নয়ন মূলক কর্মসূচির রূপায়ণ, নিম্নস্তরীয় স্থানীয় স্বায়ত্ত শাসন সংস্থাগুলির অনুকূলে আর্থিক বরাদ্দ এবং সমস্ত আনুষঙ্গিক খরচপত্র চালানোর জন্য দায়িত্ব দেওয়া হয়। প্রসঙ্গক্রমে বলে রাখা ভালো জেলাশাসকই এই পঞ্চায়েত জেলা পরিষদের কার্যনির্বাহী অফিসার। অন্যদিকে বাজেট পাশ হয়েছে—এই দাবি জানিয়ে এবং জেলাশাসকের ও সরকারের গৃহীত পদক্ষেপ বাতিলের আবেদন জানিয়ে জেলা পরিষদের সভাধিপতি এই বিষয়ে হাইকোর্টে একটা Writ Petition (WP No. 14577 of 2011) দায়ের করেন। মহামান্য আদালতের ২৮/১১/২০১১ তারিখের আদেশে এই Writ petition-টি খারিজ হয়ে যায়।

তারপর মহামান্য আদালতের আদেশের প্রেক্ষিতে জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিক রাজ্য সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। রাজ্য সরকার এই পরিস্থিতিতে সভাধিপতিকে এক মাসের মধ্যে একটি বিশেষ সাধারণ সভা আহ্বান করে বাজেট পাশ করানোর জন্য অনুরোধ করেন। এছাড়া ২০১১-১২ আর্থিক বর্ষ শেষের কথা মাথায় রেখে, জেলায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চালানো এবং উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখার উদ্দেশ্য পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ২১২ ধারা এবং পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ) বাজেট নিয়মাবলী, ২০০৮ যা সূর্যবাবু করে গিয়েছিলেন এবং এই মোতাবেক প্রায় ৬৭টি গ্রাম পঞ্চায়েত এবং ৪টি সমিতিও ঠিক আমার মতনই সিদ্ধান্ত নিয়েছিলেন। বিধি অনুযায়ী জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের উপর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অর্থানুকূল্যে পরিচালিত সমস্ত উন্নয়নমূলক কর্মসূচীর রূপায়ণ এবং নিম্নস্তরীয় স্থানীয় স্বায়ত্ত শাসন সংস্থাগুলির অনুকূলে অর্থবরাদ্দ এবং সমস্ত আনুষঙ্গিক খরচপত্র চালানোর জন্য দায়িত্ব ন্যস্ত করা হয়েছে। ডি.এম.-এর বক্তব্য এবং তার সঙ্গে জেলা পরিষদের ....

..........(গোলমাল)..........

[12.10 – 12.20 p.m.]

মিঃ স্পীকার : বসুন, বসুন, আপনারা বসুন। মাননীয় মন্ত্রী তাঁর বিবৃতি দিচ্ছেন।

শ্রী সুব্রত মুখার্জী : প্রসঙ্গক্রমে স্যার, শুধুমাত্র জেলাশাসকের রিপোর্টই নয়, তার সঙ্গে বাণী ইসরাইল সেখ, তিনি বিরোধী দলনেতা এবং আমাদের তৃণমূল কংগ্রেসের নয়, জাতীয় কংগ্রেসের, এই বিরোধী দলনেতা আমাকে একটি চিঠি দেন। সেই চিঠিটি

..........(গোলমাল)..........

মিঃ স্পীকার : বসুন, আপনি বসুন। আমি সভার সকল সদস্যদের উদ্দেশ্যে বলব এমন কোনো মন্তব্য করবেন না যাতে কারোর আঘাত হয়। দয়া করে এমন কোন মন্তব্য করবেন না।

..........(গোলমাল)..........

শ্রী সুব্রত মুখার্জী : এই চিঠিটি আপনাদের পড়ে শোনাচ্ছি। মাননীয় মন্ত্রী, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার। দিচ্ছেন বাণী ইসরাইল সেখ, বিরোধী দলনেতা। মাননীয় মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করার জন্য জানাচ্ছি যে গত ২৩/০৭/২০১১ তারিখে মুর্শিদাবাদ জেলা পরিষদের ২০১১-২০১২ সালের বাজেট অনুমোদনের সভা ছিল।

..........(গোলমাল)..........

এই সভায় মাননীয় জেলাশাসক, মুশির্দাবাদ, এ.ডি.এম. জেলা পরিষদ এবং সেক্রেটারী জেলা পরিষদ মহাশয়গণ উপস্থিত ছিলেন। জেলা পরিষদের মোট সদস্য সংখ্যা ১০৮ এর মধ্যে ৫২ জন বামফ্রন্টের এবং ৫৬ জন ভারতীয় জাতীয় কংগ্রেস দলের। ক্ষমতাশীল দলের ঘৃণ্য দলবাজি, স্বজন পোষণ এবং দুর্নীতির প্রতিবাদে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের সদস্যগণ সভা বয়কট করেন। এমতাবস্থায় বাজেট পাসের জন্য প্রয়োজনীয় ৫০ শতাংশের অনেক কম সদস্য উপস্থিত ছিলেন।

....(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ ওয়েলে নেমে প্রতিবাদ জানাতে থাকেন)....

প্রয়োজনীয় সংখ্যক সদস্য উপস্থিত না থাকায় বাজেট পাশ করা সম্ভব নয় বুঝতে পেরে জেলা 'পরিষদের সভাধিপতি সদস্যগণের হাজিরা খাতা জোরপূর্বক মিটিং করণিক-এর হাত থেকে ছিনতাই করে নিজ চেম্বারে চলে যান। প্রয়োজনীয় সংখ্যক সদস্য নাই বুঝতে পেরে মিটিং হলে কোনো সভা না করে সভাধিপতি চলে যান।

..........(গোলমাল)..........

জেলাশাসক মহাশয় মিটিং করণিক মারফত হাজিরা খাতা চেয়ে পাঠান। কিন্তু সভাধিপতি হাজিরা খাতা অধিবেশন হলে হাজির করতে অস্বীকার করেন। মাননীয় জেলাশাসক সহ জেলা পরিষদের অন্যান্য আধিকারিকগণকে সম্পূর্ণ অমান্য এবং অবজ্ঞা করে জালিয়াতির মাধ্যমে পরে সহি সংগ্রহ করে সভার কোরাম দেখানো হলে তার আইনি কোনো বৈধতা দেওয়া না হয় তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সভাস্থল থেকে হাজিরা খাতা ছিনতাই করে নিজ হেফাজতে নেওয়ার পর বাড়ি বাড়ি গিয়ে সদস্য-সদস্যাগণের সহি করিয়ে নিয়ে চলে আসেন।

..........(তুমুল গন্ডগোল)..........

মুর্শিদাবাদ জেলার জেলাশাসক মহাশয় তার অবজারভেশন রিপোর্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়েছেন বলে জানতে পেরেছি। আমি এটা সাপোর্টিং ডকুমেন্ট,

স্যার, এটা সাপোর্টিং ডকুমেন্ট, এটা সাপোর্টিং ডকুমেন্ট, এটা সাপোর্টিং ডকুমেন্ট। কোনো সিদ্ধান্ত গ্রহণ করা থাকলে তা অত্যন্ত গর্হিত এবং অবহিত। জালিয়াতি এবং কারচুপি করে সই করা হয়েছে। এবার আমি আসছি নদিয়া জেলা পরিষদের কাজের ক্ষেত্রে অচলাবস্থার নিরসনের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত পদক্ষেপ। ২০১১ সালে বিধানসভা নির্বাচনের পরে নদিয়া জেলা পরিষদের পদাধিকারী বলে নির্বাচিত সদস্যের সংখ্যা বেশি হওয়ার ফলে জেলা পরিষদ ক্ষমতাসীন দল সংখ্যালঘু হয়ে পড়ে। জেলা পরিষদের প্রত্যক্ষভাবে নির্বাচিত সদস্য এবং পদাধিকারবলে আগত সদস্যের সংখ্যা ধরে মোট ৭৮ (আটাত্তর) জনের মধ্যে জেলা পরিষদে ক্ষমতাসীন সদস্যের সংখ্যা হয়ে দাঁড়ায় ৩৫ (পঁয়ত্রিশ), এবং অন্যদিকে জেলা পরিষদে বিরোধী সদস্যদের সংখ্যা হয়ে দাঁড়ায় ৪৩ (তেতাল্লিশ)। এর ফলে স্থায়ী সমিতির বিভিন্ন অনুমোদন সাধারণ সভায় পাশ করানোর ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়। এছাড়া, জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিকের পাঠানো প্রতিবেদন অনুযায়ী, বিধানসভা নির্বাচন পরবর্তী সময়ে ২০১১ সালের জুন মাস থেকে ডিসেম্বর মাসের মধ্যে জেলা পরিষদের কোনো সাধারণ সভা ডাকা হয়নি, আইন অনুযায়ী তিন মাসে একবার এই সভা করা বাধ্যতামূলক।

..........(তুমুল গন্ডগোল)..........

এই অবস্থায় ২০১২-২০১৩ সালের বাজেট পাশ করানোর উদ্দেশ্যে ২৬.০৩.২০১২ তারিখে এই যে সাধারণ সভা অনুষ্ঠিত হয়, তাতে বামফ্রন্টের অনুকূলে ২৮ (আঠাশ) জন সদস্য মত দেন এবং বিপক্ষে ৩৭ (সাঁইত্রিশ) জন সদস্য মত দেন। অর্থাৎ, উক্ত সভায় ২০১২-২০১৩ সালের জন্য জেলা পরিষদের বাজেট পাশ করানো সম্ভব হয়নি। পদাধিকারবলে জেলা পরিষদের সদস্যগণ অচলাবস্থা কাটানোর জন্য যে প্রস্তাব আনেন জেলা পরিষদের সভাধিপতি তা মানতে চাননি। রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের পক্ষ থেকে উপসচিব পর্যায়ের একজন আধিকারিক পর্যবেক্ষক হিসাবে ২৬.০৩.২০১২ তারিখের সাধারণ সভায় উপস্থিত থাকে। তিনিও তার প্রতিবেদন উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে সরকারকে অবহিত করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান।

..........(তুমুল গন্ডগোল)..........

জেলাশাসক তথা নির্বাহী আধিকারিকের প্রতিবেদন অনুযায়ী উদ্ভূত পরিস্থিতিতে জেলার আরও জোরে, আর একটু জোরে, বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর রূপায়ণ সম্পূর্ণভাবে ব্যাহত হচ্ছিল এবং জনগণ এই সকল কর্মসূচীর সুফল থেকে বঞ্চিত হচ্ছিলেন। জেলাশাসক তথা জেলা পরিষদের নির্বাহী আধিকারিক এমতাবস্থায় রাজ্য সরকারকে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। উত্তর ২৪-পরগনা জেলা পরিষদের প্রত্যক্ষভাবে নির্বাচিত সদস্য এবং পদাধিকারবলে আগত সদস্যের সংখ্যা ধরে বর্তমানে মোট ৯৩ (তিরানব্বই) জনের মধ্যে জেলা পরিষদে ক্ষমতাসীন সদস্যের সংখ্যা হয়ে দাঁড়ায় ৩২ (বত্রিশ), এবং অন্যদিকে জেলা পরিষদ বিরোধী সদস্যদের সংখ্যা হয়ে দাঁড়ায়

৬১ (একষট্টি)। আধিকারিকদের পাঠানো প্রতিবেদন অনুযায়ী, এর ফলে উন্নয়নের ক্ষেত্রে বিবিধ সিদ্ধান্তের অনুমোদন ও তার রূপায়ণ ব্যাহত হতে থাকে। এছাড়া উত্তর ২৪-পরগনা জেলা পরিষদের সাধারণ সভাও অনিয়মিত হয়ে পড়ে। ২০০৯ সালের লোকসভা নির্বাচনের পরে জেলা পরিষদ কর্মাধ্যক্ষদের অপসারণের জন্য একটি বিশেষ সভা আহ্বান করা হয় এবং সেখানেও বাধা সৃষ্টি হয়। উত্তর ২৪-পরগনা জেলা পরিষদের কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে এই অচলাবস্থা দূরীকরণের স্বার্থে অনুরূপ বিধি-ব্যবস্থা আমরা অবলম্বন করি।

..........(গোলমাল)..........

২০১১-২০১২ আর্থিক বছরের কথা মাথায় রেখে জেলায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চালানো এবং উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখার উদ্দেশ্যেই এই সিদ্ধান্ত গ্রহণ করতে হয়।

এছাড়া উল্লেখ করা যেতে পারে যে, বিগত সরকারের আমলেই ২০০৮ সালে 'পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ, বাজেট নিয়মাবলী, ২০০৮' নামে নিয়মাবলী পাশ হয়েছিল এবং পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আইন, ১৯৭৩-র ২১২ ধারা অনুযায়ী রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের পক্ষ থেকে এর আগে একাধিকবার পঞ্চায়েত প্রতিষ্ঠানে প্রশাসনিক অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যেই, এই কারণে, একটা স্থায়ী ব্যবস্থা আমাদের করতে হয়েছে। সুতরাং আইন-মাফিকই আমরা করেছি। সাপোর্টিং ডকুমেন্ট-সহ এটা পেশ করলাম।

..........(গোলমাল)..........

[12.20 – 12.30 p.m.]

..........(এই সময় বিরোধী পক্ষের সদস্যদের সভাকক্ষ ত্যাগ করতে দেখা যায়)..........

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন রাখছি। স্যার, এইমাত্র ওঁরা এখান থেকে চলে গেলেন। আমি মুর্শিদাবাদ জেলা পরিষদ সম্পর্কিত একটি মাত্র প্রশ্ন মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি।

গত দেড় বছর আগে অনেক অনেক জায়গায় উপ-নির্বাচনের প্রয়োজন ছিল। এই মুর্শিদাবাদে যাঁরা বামফ্রন্ট সরকারের পক্ষে ছিলেন তাঁরাও জেলা পরিষদ সংখ্যালঘু হয়ে যাওয়া সত্ত্বেও উপ-নির্বাচন করেননি। উপ-নির্বাচন করা হলে ওখানে কংগ্রেস ক্ষমতায় আসবে এই জন্য উপ-নির্বাচন করা হয়নি। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহোদয় আপনি দীর্ঘদিন এই দপ্তর নিয়ে কাজ করছেন। আমি আপনার কাছে অনুরোধ করছি যে, আরো এক বছর বাকি আছে, এখন যে সমস্ত জায়গায় শূন্য পদ আছে, শূন্য সদস্য-পদ আছে সেখানে কী উপ-নির্বাচন করা সম্ভব হবে ? বিশেষ করে মুর্শিদাবাদ জেলাতে উপ-নির্বাচন করা যাবে কি ? এ সম্পর্কে আপনি কিছু ভাবছেন কি ? আইনে ৬ মাসের মধ্যে নির্বাচন করা যায়।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় সদস্য অসিত মিত্র যা বলেছেন আমি তার কথাটা একটু ব্যাখ্যা করে দিই। জাতীয় কংগ্রেসের পক্ষ থেকেই বহুবার আমাদের কাছে এই ধরনের জেলা

পরিষদ সম্পর্কে অভিযোগ এসেছে। আমি সাপোর্টিং ডকুমেন্টে হিসাবে একটা চিঠিও পড়ে শোনালাম। আপনারা তার কপিও পেয়ে যাবেন কিছুক্ষণের মধ্যে। যেখানে বিরোধী দলনেতা বলছেন 'জালিয়াতি হচ্ছে, আপনারা এটা ভাঙুন।' আর, আপনি জানেন যে, আমি এখানে জয়েন্ট করেছি দু'মাস কয়েকদিন হল। ফোঁড়া পাকা অবধি আমাকে অপেক্ষা করতে হবে। কাঁচা ফোঁড়া তো অপারেশন করা যাবে না তাই যখন পেকেছে তখন আমি অপারেশন করার ব্যবস্থা করেছি। আমি আপনাদের জানাচ্ছি যে, এর আগে এই অ্যাক্টটা দেখেই আমরা অ্যাকশন নিলে আপনারা বলতেন "রাজনৈতিক অ্যাকশন নেওয়া হচ্ছে"। আবার এখন দেখতে পাচ্ছি কংগ্রেসের পক্ষ থেকে একবার "জালিয়াতি" বলে চিঠি দিচ্ছেন আমাকে, এমনকী মাননীয়া মুখ্যমন্ত্রীকে কটাক্ষ্য করে সাংসদ বিবৃতি দিচ্ছেন আবার আপনারা ভোটও দিয়ে দিচ্ছেন রাখবার জন্য। দু'বছর আগে কংগ্রেস বলল যে 'এ খুব খারাপ'। আবার এখন ....(গোলমাল).... মাননীয় অসিতবাবু বললেন আমি তো তার উত্তর দিচ্ছি। আমি দিচ্ছিলাম না, মাননীয় অসিতবাবু তো উত্তরটা চাইলেন। আমাকে তো সেই জন্য বলতে হল। উনি বললেন আগে কেন হয়নি, এখন কেন হয়েছে ? সেই প্রসঙ্গই হচ্ছে। আগে আপনারা সাপোর্ট করেননি, এখন আবার সাপোর্ট করছেন। ন্যাচারালি আপনাদের সিদ্ধান্ত পরবর্তীকালে দেওয়া হয়েছে।

........(গোলমাল)........

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT

The Annual Report of the West Bengal Information Commission for the year 2009

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir with your kind permission. I beg to lay the Annual Report of the West Bengal Information Commission for the year 2009.

MENTION CASES

শ্রী যোশেফ মুণ্ডা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং ডুয়ার্স তরাই এলাকায় স্থায়ী চা বাগানের সংখ্যা ২৭৩টি। প্রায় ২ লক্ষ চা শ্রমিক দীর্ঘদিন এই চা বাগানে বসবাস করছেন। তাদের কোনো বাসগৃহ নেই। চা মালিকদের দেওয়া ঘরে বসবাস করেন। তাদের কোনো স্থায়ী জমি নেই, তারা জমিহীন। কিন্তু গত বামফ্রন্ট সরকার তাদের এক উপহার দিয়েছেন—তাদের কোনো বি.পি.এল.-এর তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি। আমাদের সরকারের কাছে আমার অনুরোধ, এই গরিব শ্রমিকদের যাতে বি.পি.এল.-এর অন্তর্ভুক্ত করা হয় তার দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মিনিস্টার শ্রী পার্থ চ্যাটার্জী।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, একটু আগেও যখন সূর্য্যবাবুরা এখানে বিক্ষোভ দেখাচ্ছিলেন তখন তাদেরকে আমরা বলেছিলাম, আপনারা বসুন। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বিবৃতির অতিরিক্ত যেটুকু পড়েছেন নিশ্চয়ই তার কপিও আপনাদের কাছে দেওয়া হবে। এটা বেআইনি কিছু নয়। আপনারা ওখানে বসুন। আমি সবার কাছে বলি, মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় যে সাপোর্টিং ডকুমেন্ট, যেটা পড়েছিলেন তার প্রতিলিপি এই সভায় একটু পরেই বিলি করে দেওয়া হবে।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি কুচবিহার জেলার নাটাবাড়ি বিধানসভা থেকে নির্বাচিত বিধায়ক। আমার বিধানসভা এলাকার মধ্যে কুচবিহারের প্রয়াত মহারাজা জগদ্দীপেন্দ্র নারায়ণের রাজত্বের সিলভার জুবিলি উপলক্ষে ১৯৪৮-এর মার্চে কুচবিহার ১ নং ব্লকের অধীনস্থ পানিশালা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত তপশিলি উপজাতি অধ্যুষিত নাটুয়ার পাড়ে একটি কৃষি ও পশুপালন বিষয়ক কলেজ স্থাপনের জন্য তদানীন্তন কুচবিহার রাজ সরকার উদ্যোগী হয়েছিলেন। সেখানে জমি অধিগ্রহণ করে রাজকীয় পূর্ত বিভাগের তত্ত্বাবধানে একটি ভবন নির্মাণের কাজ শুরু হয়। এর শিলান্যাস করেছিলেন জয়পুরের তদানীন্তন মহারাজা। ১৯৫০-এ দেশীয় রাজ্য কুচবিহারের পশ্চিমবঙ্গ ভুক্তি, পরবর্তীকালে পাক-ভারত যুদ্ধ এবং যুদ্ধোত্তর সময়ের পর তিন দশকের দলতন্ত্র এবং অপশাসনের ফলে এ বিষয়ে কোনো রকম অগ্রগতি হয়নি। ভবনটি বর্তমানে ভগ্নপ্রায় এবং এলাকাটি জঙ্গলাকীর্ণ হয়ে আছে। এ জাতীয় একটি শিক্ষা প্রতিষ্ঠান কলকাতার বেলগাছিয়াতে আছে যার উপর পশ্চিমবঙ্গের প্রতিটি প্রান্তের অধিবাসী নির্ভর করেন। অনগ্রসর জেলা কুচবিহারের ওই স্থানে পশুপালন ও মৎস্যচাষ বিষয়ক একটি কলেজ স্থাপিত হলে জেলার নবীন প্রজন্মের সাথে সমগ্র পশ্চিমবঙ্গ উপকৃত হবে। প্রসঙ্গত উল্লেখ্য কুচবিহার জেলায় মীন চাষের দরুন নাটুয়ার পাড় সন্নিহিত কলাকাটায় উন্নয়ন ঘটেছে। কলেজটি স্থাপিত হলে অ্যানথ্রাক্স, বার্ড ফ্লু জাতীয় সমস্যা চিহ্নিতকরণ এবং তার দ্রুত প্রতিকার সম্ভব হবে। কুচবিহার জেলার মানুষ মৎস্য চাষ, পশুপালনের ব্যাপারে উৎসাহিত হবে। ধন্যবাদ।

[12.30 – 12.40 p.m.]

শ্রী আনিসুর রহমান : নট প্রেজেন্ট

শ্রী শাহাজাহান চৌধুরী : নট প্রেজেন্ট

শ্রী দীপক কুমার হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টিগোচরে আনতে চাই। দক্ষিণ ২৪-পরগনা জেলার ডায়মন্ডহারবার, কাকদ্বীপ, ক্যানিং, বারুইপুর সাব ডিভিশনে যত পরিমাণ ছাত্র-ছাত্রীরা স্নাতকস্তরে পড়াশুনোর সুযোগ-সুবিধা গ্রহণ করতে চাইছে, সেখানে কলেজের সংখ্যা খুবই নগণ্য। বহু ছাত্র-ছাত্রীকে কলকাতার বিভিন্ন কলেজে এসে পড়াশুনা করতে হয়। সেক্ষেত্রে মহিলারা সবচেয়ে বেশি করে এই সমস্যার সম্মুখীন হয় এই জন্য প্রত্যন্ত গ্রাম থেকে তাদেরকে

কলকাতায় আসতে হয়। সেই কারণে ডায়মন্ডহারবারে একটি মহিলা কলেজ স্থাপনের জন্য অনুরোধ রাখছি এবং এটা সম্ভব হলে এটি ডায়মন্ডহারবার ফকিরচাঁদ কলেজে প্রাতঃ বিভাগে হওয়া সম্ভব। ধন্যবাদ।

শ্রী বাসুদেব খাঁন : নট প্রেজেন্ট

শ্রী তজমুল হোসেন : নট প্রেজেন্ট

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার জেলা উত্তর ২৪-পরগনার স্বরূপনগর বিধানসভার অধীন বরবাকড়া গ্রামে একটি গ্রামীণ হাসপাতাল ছিল। আজ থেকে ২০ বছর আগে সেই হাসপাতালে সুচিকিৎসার ব্যবস্থা ছিল, ২১টির মতো বেড ছিল। পুরুষ ও মহিলাদের বেড আলাদা ছিল এবং একটি ছোটো ও.টি.-র ঘরও ছিল। সেখানে অপারেশনের ব্যবস্থা ছিল। ডাক্তার ছিল, নার্স ছিল, সুইপার ছিল কিন্তু ম্যাডাম ৩৫ বছর সি.পি.এম.-এর রাজত্বকালে সেই গ্রামীণ হাসপাতালটি এখন স্বাস্থ্যকেন্দ্রে পরিণত হয়েছে এবং সেই ঘরগুলোর এখন জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে এবং সেখানে সাপ খোপের বাসায় পরিণত হয়েছে। তাই আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ওই স্বরূপনগর এলাকায় পিছিয়ে পড়া স্বাস্থ্যকেন্দ্রটিকে যদি পুনরায় গ্রামীণ হাসপাতালে পরিণত করা হয় তাহলে পিছিয়ে পড়া মানুষগুলো সুচিকিৎসার সুযোগ পাবেন। ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মণ্ডল : অ্যাবসেন্ট।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : অ্যাবসেন্ট।

শ্রী সমীর কুমার জানা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভা কেন্দ্র পাথরপ্রতিমা দ্বীপ অঞ্চল বেষ্টিত এলাকায় অবস্থিত। ১৫টি গ্রাম পঞ্চায়েত নিয়ে গঠিত। এই জায়গায় এন.আর.ই.জি.এ. কাজ করতে গিয়ে আমরা যে সমস্যার সম্মুখীন হয়েছি যে, কেবলমাত্র ১৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৫টি ন্যাশানালাইজড ব্যাংক রয়েছে এবং ৭টি রয়েছে রুরাল ব্যাংক। আর ৫টি গ্রাম পঞ্চায়েতে কোনো ব্যাংক নেই। এই কারণের জন্য শ্রী নারায়ণপুর-পূর্ণচন্দ্রপুর এবং গঙ্গাধরপুর গ্রাম পঞ্চায়েতের মাঝামাঝি একটা জায়গায় নারায়ণগঞ্জ বাজার এখানে একটি ন্যাশানালাইজড্ ব্যাংকের ব্রাঞ্চ অফিস করার জন্য আবেদন জানাচ্ছি। লক্ষ্মী জনার্দনপুর গ্রাম পঞ্চায়েতের যেখানে কোনো ব্যাংক নেই। পাশে হেরম্বগোপালপুর গ্রাম পঞ্চায়েত রয়েছে, এই দুটির সহযোগিতা করার জন্য কেদারপুর রামনন্দ হাইস্কুলের কাছাকাছি একটি ব্যাংকের ব্রাঞ্চ অফিস খোলার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ : অ্যাবসেন্ট।

শ্রী এস. এম. সাদি : অ্যাবসেন্ট।

শ্রী অসিত কুমার মাল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকে ৯টি গ্রাম

পঞ্চায়েতের অধীন ১০৬টি গ্রামের মানুষ বিদ্যুতের ঠিকমত ভোল্টেজ না থাকার ফলে দীর্ঘদিন ধরে অসুবিধায় পড়েছে। বিশেষ করে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার এবং কৃষকদের চাষের ক্ষেত্রে চরম অসুবিধা হচ্ছে। অতএব, অতি সত্বর ভারতবর্ষের সবচেয়ে বড় গ্রাম, প্রায় ৪০ হাজার লোকের বাস মারগ্রাম, এর মাঝখানে রামপুরহাট ২ নং ব্লক অবস্থিত। সেখানে থানা আছে, বি.ডি.ও. অফিস আছে, ব্লক অফিস আছে, প্রশাসনিক অনেক দপ্তর সেখানে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলতে চাই যে, দয়া করে অতি সত্বর একটা সাব পাওয়ার স্টেশন তৈরি করে রামপুরহাট ২ নং ব্লকের অধীনে ৯টি অঞ্চলের ১০৬টি গ্রামের মানুষকে বিদ্যুৎ সরবরাহ করবার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী বাসুদেব মেটে : (নট প্রেজেন্ট)।

শ্রী ইনসার আলি বিশ্বাস : (নট প্রেজেন্ট)।

শ্রীমতী নমিতা সাহা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলা ১৪১ মগরাহাট পূর্ব বিধানসভা কেন্দ্রের কথা বলব। দীর্ঘ ৩৪ বছর ধরে মগরাহাটের রাস্তাগুলোর খুবই করুণ অবস্থা। মগরাহাটের মধ্যে ধামুয়া একটা ইমপর্টেন্ট প্লেস। সেইখানে একটা রেলওয়ে স্টেশন আছে। প্রতিদিন সেখান থেকে কয়েকটি ব্লকের হাজারে হাজারে মানুষ যাতায়াত করে। কিন্তু ধামুয়া থেকে রঙ্গনবেড়িয়া একটা পিচের রাস্তা ছিল। সেই রাস্তাটার এমন অবস্থা হয়ে গেছে, খাদে পরিণত হয়েছে। প্রতিদিন সেখানে বেশ কিছু অটো রিকশা এবং মোটরভ্যান যাতায়াত করে। সেই এলাকার অধিকাংশ মানুষ কৃষি সম্প্রদায়ের এবং ধামুয়ার একটা পাইকারী সবজি মার্কেট আছে। স্কুল-কলেজের ছেলে-মেয়ে থেকে শুরু করে সবাই এস.সি., এস.টি., ও.বি.সি. এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ যাতায়াত করে। তাই রাস্তাটা পুনরায় পিচের তৈরি করে দেওয়া হলে সেই এলাকার মানুষ উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী খগেন মুর্মু : (নট প্রেজেন্ট)।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : (নট প্রেজেন্ট)।

শ্রী নেপাল মাহাত : ডেপুটি স্পীকার ম্যাডাম , আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রী এবং ব্যাকওয়ার্ড ক্লাস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, আমি দীর্ঘদিন থেকে উচ্চশিক্ষা বিশেষ করে মেডিকেল কলেজ এবং ইঞ্জিনিয়ার কলেজে ভর্তির ব্যাপারে যে রিজারভেশন ও.বি.সি. প্রার্থীদের, এটা দীর্ঘদিন থেকেই ঝুলে আছে। আগের সরকারও বলেছিলেন দেব, দেব কিন্তু দেয়নি। পরবর্তীকালে এই সরকার আসার পরেও সেই রিজারভেশন দেওয়ার কথা আমরা প্রায় শুনেছি। কিন্তু এখনও হায়ার এডুকেশনে ও.বি.সি. প্রার্থীদের জন্য রিজারভেশন প্রক্রিয়া চালু হয়নি। এই প্রসঙ্গে ম্যাডাম বলতে চাই যে হাইকোর্টে একটা কেস আছে, একবার উপেনবাবু বলেছিলেন এখানে। কিন্তু কেস স্টাডি করে দেখলাম তাতে শুধু কাস্ট ইনক্লুশনের ব্যাপার হাইকোর্টে আছে। সেখানে রিজারভেশনের ব্যাপারে হাইকোর্টের অর্ডার নেই। তাই আপনার মাধ্যমে আমি উভয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই অবিলম্বে আদার ব্যাকওয়ার্ড ক্লাস অন্তর্ভুক্ত যেসব প্রার্থীরা মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ বা

অন্যান্য হায়ার এডুকেশনো পড়তে চায়, তাদের ভর্তির ক্ষেত্রে যে সংরক্ষণের প্রক্রিয়া ভারতবর্ষের অন্যান্য সমস্ত রাজ্যে আছে, এই রাজ্যেও যেন অবিলম্বে চালু হয়। এই ব্যাপারে তাড়াতাড়ি যেন পদক্ষেপ গ্রহণ করেন, আপনার মাধ্যমে আমি এই দাবি করছি এবং মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী এবং মাননীয় ব্যাকওয়ার্ড ক্লাস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী নগেন্দ্রনাথ রায় : (নট প্রেজেন্ট)।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : (নট প্রেজেন্ট)।

শ্রী উমাপদ বাউরী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমার বিধানসভা এলাকায় ইলেকশানের আগে অনেক পরিবারকে বি.পি.এল. কানেকশন দেওয়া হয়েছিল। কিন্তু আজও তাদেরকে এনারজাইস করা হয়নি। এইসব পরিবার যাতে বিদ্যুৎ পায় তার জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে যাতে এইসব বি.পি.এল. কানেকশনদের যাতে এনারজাইস করা হয়, তার জন্য অনুরোধ রাখছি।

শ্রী উপেন কিস্কু : (নট প্রেজেন্ট)।

শ্রী অশোক রায় : (নট প্রেজেন্ট)।

[12.40 – 12.50 p.m.]

শ্রী আবু তাহের খান : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা মুর্শিদাবাদ জেলা। এই জেলায় ভারতবর্ষের মধ্যে সব থেকে মাইনরিটি কমিউনিটির বাস এবং সব থেকে পিছিয়ে পড়া জেলা। এই জেলার শিক্ষার অবস্থা অত্যন্ত খারাপ, অত্যন্ত করুণ অবস্থা। এই জেলায় দুশো বছরের একটা ঐতিহ্যমন্ডিত কলেজ—কিং কলেজ এবং সেখানে অনেক বরেণ্য ব্যক্তিত্ব পড়াশুনা করেছেন। যেমন এ বি এ গণিখান চৌধুরী, মাস্টারদা সূর্য্য সেন এবং এই কিং কলেজ খুবই প্রতিষ্ঠিত কলেজ। এই কলেজকে বিশ্ববিদ্যালয় করার জন্য এলাকার মানুষ বিভিন্নভাবে আন্দোলন করছেন। দীর্ঘদিন পরে নতুন সরকার ক্ষমতায় এসেছে। এলাকার মানুষ আশায় বুক বেঁধে আছে যে ঐতিহ্যমন্ডিত এই কিং কলেজকে বিশ্ববিদ্যালয় করার আবেদন মুর্শিদাবাদ জেলার সর্বস্তরের মানুষের। তাই আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি মুর্শিদাবাদ জেলার এই ঐতিহ্যমন্ডিত কিং কলেজকে বিশ্ববিদ্যালয়ে যেন রূপান্তরিত করা হয়।

শ্রী রামেশ্বর দোলুই : (Not responded)

শ্রী নবীনচন্দ্র বাগ : (Not responded)

শ্রী হুমায়ুন কবীর : অনারেবেল ডেপুটি স্পীকার ম্যাডাম আমার রেজিনগর বিধানসভায় রেজিনগর পুলিশ স্টেশন আছে। কিন্তু ১৯৯১ সাল থেকে শক্তিপুরে একটা থানা প্রস্তাবিত হয়। প্রায় কুড়ি বছর আগে সেখানে তিন বিঘা জায়গা আমরা স্থানীয়ভাবে

থানা করার জন্য জোগাড় করে দিই। সরকারের পক্ষ থেকে টাকা অ্যালোট করে সেখানে থানার বিল্ডিং কমপ্লিট হয়ে আছে প্রায় নয় বছর ধরে। তিন বিঘা গুরুত্বপূর্ণ জায়গা এবং থানা প্রস্তাবিত হয়ে আছে। অথচ দীর্ঘদিনের বামফ্রন্টের শাসনে শক্তিপুরের থানা উদ্বোধন করা হয়নি। তাই আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় সাতটি অতিরিক্ত থানা স্থাপন করার কথা। তার মধ্যে আহিরোন এক নম্বরে এবং শক্তিপুর থানা দুই নম্বরে আছে। বিভিন্ন সময় আমরা জেলা প্রশাসনের মিটিংয়ে এটা জানতে পেরেছি। যেহেতু আমি শক্তিপুর এলাকা থেকে নির্বাচিত বেলডাঙার দুই ব্লক এগারোটা অঞ্চল নিয়ে গঙ্গার পূর্ব প্রান্তে পাঁচটি অঞ্চল তার লোকসংখ্যা হচ্ছে এক লক্ষ একুশ হাজার আর শক্তিপুর সাইডের লোকসংখ্যা হচ্ছে এক লক্ষ বত্রিশ হাজার। স্বাভাবিকভাবেই শক্তিপুর বিট হাউস দিয়ে এই এক লক্ষ বত্রিশ হাজার মানুষের পুলিশের পরিষেবা দেওয়া যায় না। তাই আমরা অনেক অসুবিধার মধ্যে পরি। তাই শক্তিপুর থানাকে অতি সত্বর যাতে থানাতে রূপ দেওয়া যায় তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী তথা রাজ্যের পুলিশ মন্ত্রীর কাছে আমি দৃষ্টি আকর্ষণ করছি। নমস্কার।

শ্রী নিরাপদ সর্দার : (Not responded)

শ্রীমতী ছায়া দোলুই : (Not responded)

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলা পিছিয়ে পড়া জেলা এবং কুড়িটি ব্লকের মধ্যে .আমার বিধানসভায় সদর হাসপাতাল সব থেকে বড়। এই গ্রীষ্মকালে কুড়িটি ব্লক থেকেই রোগীরা আসেন খুব সিরিয়াস অবস্থায়। ইনটেনসিভ কেয়ার ইউনিট না থাকার ফলে এবং ট্রমা কেয়ার ইউনিট না থাকার ফলে যখনই বাঁকুড়া বা অন্য জায়গায় রেফার করছেন তার আগেই রুগীরা মারা যাচ্ছেন। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে জেলা হাসপাতাল হওয়ার দরুন যাতে ইনটেনসিভ কেয়ার এবং ট্রমা কেয়ার ইউনিট চালু করা হয়। তাছাড়া ও.টি.-তে এয়ারকন্ডিশনারগুলি কাজ করছে না। অটোক্লেট মেশিন কাজ করছে না। যার ফলে রোগীরা প্রচণ্ড গরমের মধ্যে প্রচণ্ড দুরাবস্থার মাধ্যমে ও.টি.-তে নিয়ে যাওয়া এবং নিয়ে আসা হয়। এগুলির যাতে দ্রুত ব্যবস্থা হয় তার জন্য আমি অনুরোধ জানাই।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আমি আপনার মাধ্যমে জানাতে চাই উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে ইতিমধ্যে বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে, বিভিন্ন পরিস্থিতি মাঝখানে তারা আলোচনা করছেন। ম্যাডাম আমি খুব কম সময় নিয়ে বলছি দুটি তিনটি পেপারের কথা, বিশেষ করে ইংরেজি, ইতিহাস এবং বিজ্ঞানের একটি পেপার। এ সম্পর্কে আমি আপনাকে বলছি, আমি নিজে ইংরেজি পরীক্ষার প্রশ্নপত্র পাওয়ার পর হায়ার সেকেন্ডারী কাউন্সিলের সেক্রেটারীকে জিজ্ঞাসা করেছিলাম যে, সরকারের পরিবর্তন হয়েছে, আপনারা প্রশ্ন সহজ করুন আমি একথা বলতে চাই না। কিন্তু আমি বলতে চাইছি যে, আপনারা যেভাবে টিচিং দেন তাদের লার্নিংটা যেভাবে হচ্ছে, তা প্রশ্নপত্রের সঙ্গে সম্পর্কযুক্ত কিনা ? তার উত্তরে উনি আমাকে বললেন যে, কোনো এম.এল.এ. তো আমাকে এই ধরনের প্রশ্ন করেননি। আমি

ঐ অভিযোগ আপনাকে বলছি না, আমি বললাম এম.এল.এ.-রা যদি জনপ্রতিনিধি হয়, তারা তো ছাত্রদের কথা বলবেন। ম্যাডাম এটাকে আপনি তার বিরুদ্ধে অভিযোগ করছি আমি এটা বলবেন না। আমি আপনাকে বলছি, কাগজেও বেরিয়েছে কোথাও কোথাও আপনি দেখেছেন—রোড অ্যাকসিডেন্ট, কোনো একটা রোড অ্যাকসিডেন্ট হয়েছে, পরীক্ষার্থীকে বলা হচ্ছে যে, আপনার চোখে একটা রোড অ্যাকসিডেন্ট দেখেছেন সেটার সম্পর্কে আপনি লিখুন। সে যদি না দেখে থাকে তাহলে কি লিখবে ? আই হ্যাভ নট সিন এভার এনি রোড অ্যাকসিডেন্ট। তখন ওরা বলছেন—চেয়ারম্যান অফ দি কাউন্সিল, কাগজে দেখেছেন উনি বলেছেন যে, ঠিক আছে উনি লিখবেন যে, আমি নিউজ পেপার থেকে জানতে পেরেছি অথবা অন্য কোনো সোর্স থেকে জানতে পেরেছি। এটা ক্লাস টুয়েলভ-এর, হায়ার সেকেন্ডারী ছাত্রদের পক্ষে কি সম্পর্কযুক্ত এটা ? ম্যাডাম আমি আপনাকে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে বলছি, এই হাউসে দাঁড়িয়ে বলছি, এই রকম ধরনের আর একটি কোয়েশ্চেন ইংরেজিতে আছে—'জনবহুল স্থানে ধূমপান নিষিদ্ধ করা উচিত এই সম্পর্কে আপনি লিখুন'—এই ধরনের প্রশ্ন তারা করেছেন। আমি আপনাকে বলছি এর বাইরে—এমনকি উনি আমার নাম করে পরে প্রেস কনফারেন্স করেছিলেন, সাংবাদিকরা আমাকে বলেছিলেন, আমি যা বলার বলেছি। ম্যাডাম আমার প্রশ্নটা এই—মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার এই দাবি যে, শিক্ষামন্ত্রী চেষ্টা করছেন, সরকার চেষ্টা করছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে—ঠিক আছে। কিন্তু আমি আপনাদের কাছে বলছি যে, অবিলম্বে আমাদের ক্লাসের পড়াশুনা ৯০ শতাংশ স্টুডেন্টস তারা যেভাবে লার্নিং নেয়, তারা যে ধরনের লেখাপড়া করে প্রশ্নটাও সেই সম্পর্কে সম্পর্কযুক্ত হওয়া উচিত। ইতিহাসের প্রশ্ন নিয়েও কিছুটা গণ্ডগোল আছে। গ্রেস দেবেন, দেবেন না, কি করবেন সেটা তাদের ব্যাপার, আমি সে কথা বলতে চাই না আজকে হাউসে। কিন্তু আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাইছি, কাউন্সিলে আগামীদিনে পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে তারা কথা বললেই বলেন আমরা অনেক শিক্ষাবিদদের সঙ্গে কথা বলেই প্রশ্ন করেছি। শুধু শিক্ষাবিদ নয়, বিশিষ্ট শিক্ষক অথবা হেডমাস্টার এবং অন্য কোনোভাবে এম.এল.এ.-কে অন্যভাবে তার জন্য যেভাবে চিহ্নিত করছেন সেটা করা ঠিক নয়। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার বিধানসভার ভিতর নাকাশীপাড়া গ্রাম পঞ্চায়েতের অধীন নাদুকুর, চরকুমড়ীপাড়া, উদয়চন্দ্রপুরে ব্যাপক ভাগীরথী গঙ্গা ভাঙনে সেই এলাকার মানুষ অত্যন্ত চিন্তার মধ্যে রয়েছে। তাই এই অঞ্চলগুলির মানুষ—কৃষিজীবী মানুষ যাতে সুষ্ঠুভাবে চাষাবাদ করতে পারে এবং সেই এলাকায় স্থায়ীভাবে বসবাস করতে পারে সেই জন্য আমি অনুরোধ জানাই যে, অতি দ্রুততার সাথে ইরোশন যাতে বন্ধ হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে রাজ্যের বিচার ও আইন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০৪ সালে কাকদ্বীপ মহকুমার জন্য একটি ভাড়া ঘরে ফৌজদারী এবং দেওয়ানী আদালত তৈরি হয়েছিল এবং তা চলছিল। কিন্তু

পরিকাঠামোর অভাবে বহু বিচার বিভাগের দপ্তরগুলো যেতে পারছে না। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে আমাদের যিনি প্রাক্তন পূর্তমন্ত্রী, বর্তমানে সাংসদ মাননীয় সুব্রত বক্সী মহাশয়কে আমি অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি। তিনি পিছিয়ে পড়া কাকদ্বীপ মহকুমার জন্য তার পূর্ত দপ্তরে কাকদ্বীপ মহকুমার উপর একটি বিস্তীর্ণ জায়গা ছিল। সেই জায়গাটিকে তিনি আইন ও বিচার বিভাগের দপ্তরকে এল.ও.সি. দিয়েছেন, স্বীকৃতি দিয়েছেন এবং রাজ্যের এতো ভয়াবহ আর্থিক সংকট সত্ত্বেও রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী ১৫ কোটি টাকা সেই জায়গায় গৃহ নির্মাণের ব্যবস্থা করে দিয়েছেন। আমি বিচার বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে গৃহ নির্মাণ করে ভাড়া ঘর থেকে নিজ জায়গায় নিয়ে এসে যাতে আরও ৭টি যে বিচার বিভাগের আদালত যাচ্ছে না, তা যাতে ব্যাপকভাবে, পূর্ণাঙ্গভাবে হয় তার কাজ অনতিবিলম্বে শুরু করার জন্য আমি মাননীয় বিচার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[12.50 – 12.57 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, জনস্বার্থে আমি একটি বিশেষ ব্যাপারে মেনশন করছি। যখন পানীয় জলের সঙ্কট দেখা দিচ্ছে সারা পশ্চিমবাংলাব্যাপী, সমস্ত ব্লকে হাজার হাজার টিউবওয়েল বিভিন্ন বিভাগ থেকে যে ইনস্টল করা হয়েছিল, সেগুলো অকেজো হয়ে গেছে। নেক্সট টু ইমপসিবিলিটি কোন ডিপার্টমেন্টের পক্ষে অর্থ ব্যয় করে ওই টিউবওয়েলকে আবার তুলে বসানো। আমার যেটা বক্তব্য সেটা হচ্ছে বি.ডি.ও.-র উপর সংশ্লিষ্ট ব্লকের দায়িত্ব দেওয়া হোক—কোটি কোটি টাকার পাইপ কেন মাটির নিচে নষ্ট হবে ? বি.ডি.ও. আপাতত স্থানীয় কন্ট্রাক্টরদের সঙ্গে একটা অ্যারেঞ্জমেন্ট করে ১০টার পরিবর্তে যদি তিনটে টিউবওয়েলকেও বাঁচানো যায় তাহলেও মানুষের উপকার হবে, সরকারের টাকা বাঁচবে। এই টিউবওয়েলের পাইপ যাতে মাটির নিচে মোর্চা পড়ে নষ্ট না হয় সেই ব্যাপারে আমি আজকে বিধানসভায় উল্লেখ করলাম। ধন্যবাদ।

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীকে জানাতে চাই যে, আমার ৫০-মালদহ বিধানসভা ক্ষেত্রের অন্তর্গত কোরাপুর মালদহ ব্লকে মুচিয়া জি.পি.-র অধীন সিবগঞ্জ, বিধানগড় এলাকার বহু মানুষ অতিকষ্টে যাতায়াত করছে। কারণ তারা একটা দ্বীপের মধ্যে বাস করছে। টাঙন নদী এমনভাবে পরিবেষ্টিত হয়ে গ্রামটাকে ঘিরে রেখেছে, যার ফলে তারা যাতায়াত করতে পারছে না। বহু কষ্টে নদী পেরিয়ে তাদের যাতায়াত করতে হয়। ছাত্র-ছাত্রীদের স্কুলে যেতে হলে বহু কষ্টে নদী পেরিয়ে যেতে হয়। এই এলাকার অধিকাংশ মানুষ তপশিলি জাতিভুক্ত মানুষ এবং কৃষিজীবী মানুষ। তাদের উৎপাদিত ফসল তারা যথা সময়ে বাজারে নিয়ে যেতে পারে না। ফলে গ্রামের বাড়িতে বসেই ফসল বিক্রি করতে হয়। এক ধরনের ফোড়েরা কম দামে সেই ফসল কিনে নিয়ে যায়। এর ফলে যেমন যাতায়াতের কষ্ট, তেমনি তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাই মাননীয়া ম্যাডাম, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন জানাতে চাই টাঙন নদীর উপর একটা সেতু নির্মাণ করলে তারা সহজে এবং সুন্দরভাবে যাতায়াত করতে পারবে। এই আবেদন আমি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী বাচ্চু হাঁসদা : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার বিধানসভা তপন বিধানসভা। এই তপন বিধানসভার অন্তর্গত তপন ব্লক এবং বালুরঘাট ব্লকের কিছু অংশে পানীয় জলের খুবই সমস্যা আছে। এখানে পানীয় জল ৫০০ ফুটের নিচেও পাওয়া যায় না। আবার যেখানে যেখানে পাওয়া যায় গ্রীষ্মকালে সেখানে জল শুকিয়ে যায়। সেই কারণে সেখানে সাধারণ মানুষদের পুকুরের জল খেতে হয়। পুকুরের জল খেয়ে সম্প্রতি ছয় নম্বর চণ্ডীপুর জি.পি.-র অধীনে কালমান্দ্রা পাড়ায় ৪০ জন অসুস্থ হয়ে গেছে। বিভিন্ন গ্রামে এইরকমভাবে পুকুরের জল খেয়ে মানুষ অসুস্থ হয়ে পড়ছে। এই জন্য আমি সংশ্লিষ্ট জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যাতে পানীয় জলের সমস্যা সমাধানের জন্য সেখানে দ্রুত একটা প্রোজেক্টের মাধ্যমে, যেখানে জল পাওয়া যাচ্ছে না, সেখানে যদি জলের ব্যবস্থা করে দেওয়া হয়, তাহলে সেই এলাকার মানুষ, আমার বিধানসভার মানুষ খুব উপকৃত হবে। যাতে দ্রুত সেটার ব্যবস্থা হয় সেই জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শুভাশিস বটব্যাল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি কারিগরি শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার প্রত্যন্ত বিধানসভা কেন্দ্র ছাতনা। আমি তার প্রতিনিধি। সেখানে ২৯ একর জায়গা দেওয়া হয়েছে, ওখানে কারিগরি দপ্তর এবং কেন্দ্রীয় প্রতিরক্ষা দপ্তরের তরফ থেকে একটি ট্রেনিং সেন্টার তৈরি করার কথা। সেটির সমস্ত রকম প্রক্রিয়া, ইন্সপেকশন সমস্ত কমপ্লিট হয়ে গিয়েছে। কিছু চালু করার ব্যাপারে অনেক দেরি হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করে কাজ তাড়াতাড়ি আরম্ভ করা যায়। ওই এলাকার এইট পাশ এবং জঙ্গলমহল সংলগ্ন বেকার যুবকরা সেখানে ট্রেনিং নিয়ে সিকিউরিটি গার্ডের চাকরি পাবে। তাদের সার্টিফিকেট দেওয়া হবে। এর ফলে প্রত্যন্ত এলাকার বেকার যুবকরা উপকৃত হবে। অবিলম্বে এই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ZERO HOUR

Shri Rameswar Doloi : Not present.

Shri Upen Kisku : Not present

Shri Sahajahan Chowdhury : Not present.

[12.55 – 1.45 (বিবৃতি সহ)].

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় পঞ্চায়েত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কুলিয়া ব্রীজের ব্যাপারে টাকা দেওয়া হয়েছে এবং সেই টাকা জেলা পরিষদ খরচ করবে, ব্রীজটি তৈরি হবে। কিন্তু অসহায়ভাবে আমরা গত ৩/৪ বছর ধরে দেখছি হাওড়া জেলা পরিষদ সেই কাজটা বাস্তবে রূপায়িত করতে পারছে না। তিনবার টেন্ডার

করা হয়েছে, ৭ কোটি ৯৬ লক্ষ টাকা, সেই টাকায় কেউ কাজ করতে সম্মত হচ্ছে না, আরও বেশি টাকা চাইছে। চতুর্থবার আবার টেন্ডার ডাকা হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, যে এক্সেস টাকাটা লাগবে সেটা যদি পঞ্চায়েত দপ্তর থেকে দিয়ে হাওড়া জেলা পরিষদকে সাহায্য করা যায়, তাহলে ব্রীজটি হতে পারে এবং তার ফলে হাওড়া জেলার একমাত্র দ্বীপ ভাটোরা, জি.বি. চিটনান এবং তার সঙ্গে যুক্ত এক লক্ষ মানুষ উপকৃত হবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লা : (অনুপস্থিত)

শ্রী ইনসার আলি বিশ্বাস : (অনুপস্থিত)

ম্যাডাম চেয়ারপার্সন : মিঃ হুমায়ুন কবীর, আপনার এই বিষয়টার ব্যাপারে মিনিস্টার বিবৃতি দিয়েছেন, কাজেই এটা আপনাকে অ্যালাউ করতে পারছি না।

এখন রিসেস, আমরা আবার মিলিত হব পৌনে দুটোর সময়।

[1.45 – 2.00 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী আবদুর রহিম বক্সি : অনারেবল স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহোদয় একটা অর্থ বাজেট পেশ করেছেন, খুব উৎসাহের সাথে তিনি এই বাজেট আমাদের সামনে রেখেছেন। অর্থ বাজেট দেখে মনে হয়েছে আগামী আর্থিক বছর ২০১২-২০১৩-তে মনে হচ্ছে সারা পশ্চিমবঙ্গ জুড়ে মানুষের অভাব অনটন, অস্বাস্থ্য, রাস্তাবিহীন গ্রাম, ক্ষুধাহীন মানুষ, জলবিহীন এলাকা, বিদ্যুৎহীন পাড়া, ভাতাহীন বৃদ্ধ-বৃদ্ধারা, প্রতিবন্ধী, বিধবা, শিক্ষাহীন শিশু, কর্মবিহীন যুবক-যুবতী, আর্সেনিক ফ্লোরাইড মুক্ত জল, গৃহহীন পরিবার বলে আর কিছুই থাকবে না। আসলে কি তাই ? এই বাজেটের মধ্যে দিয়ে যে গল্পটা আমাদের শোনানো হয়েছে সেটা দিয়ে কি গোটা পশ্চিমবঙ্গে মানুষের সমস্ত যে সমস্যাগুলো সেই সমস্যা মেটার পথ প্রশস্ত হবে। আমরা বাজেটে দেখেছি স্বাস্থ্যের ক্ষেত্রে, এখানে স্বাস্থ্যের ক্ষেত্রে বলা হয়েছে সকলের জন্য স্বাস্থ্য হবে। স্বাস্থ্য ব্যাংক তৈরি হবে। পিছিয়ে পড়া সাতটি জেলাকে স্বাস্থ্য ব্যাংকের অধীনে আনা হবে। সত্যিই কি আজকে ১১-১২ এবং ১২-১৩-র বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে মানুষের সবচেয়ে জরুরী পরিষেবা স্বাস্থ্য। এই স্বাস্থ্যের অবস্থার কোনো পরিবর্তন ঘটেছে ? গোটা পশ্চিমবঙ্গ জুড়ে গ্রামীণ হাসপাতাল থেকে শুরু করে সদর হাসপাতাল, মেডিকেল কলেজ থেকে শুরু করে রাজ্যস্তরে যে সমস্ত হাসপাতালগুলো আছে সেখানে সাধারণ মানুষের আরও বেশি বেশি করে দুরবস্থা সৃষ্টি হয়েছে। আমার অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি সকাল সাতটায় পি.জি. হাসপাতালে একজন মুমূর্ষু হার্টের পেশেন্টকে নিয়ে সেখানে গিয়েছিলাম। সাতটা থেকে শুরু করে সন্ধ্যা পাঁচটা পর্যন্ত এই ওয়ার্ড থেকে ওই ওয়ার্ডে ঘুরে বেড়িয়েছি। কার্ডিওলজি ডিপার্টমেন্টে যখন গেছি, ডাক্তারবাবুর কাছে পৌছতেই আধঘণ্টা সময় লেগেছে। জিজ্ঞাসা করছি 'দাদা একটু যাবার সুযোগ করে দিন' মুখ ঘুরিয়ে যাঁরা দায়িত্বে আছেন তাঁরা চলে যাচ্ছেন। কার্ডিওলজি ডিপার্টমেন্টে যখন পৌছলাম ডাক্তারবাবু একটু দেখেই, একটু বুক টিপে দিয়ে বললেন এটা

চেস্ট ডিপার্টমেন্টে চলে যান। আবার যখন চেস্টে চলে গেলাম, উনি কিছুক্ষণ দেখার পরে বললেন আমার দপ্তর নয়, আপনি কার্ডিওলজিতে চলে যান। এইভাবে চার ঘন্টা ধরে ঘুরলাম। আমি নিজে গতকাল এই জিনিস দেখেছি। গতকাল তো এই সরকারই ছিল বলে মনে হচ্ছে। ফলে ঘোরাঘুরি করতে করতে বাধ্য হয়ে সুপারের ঘরে গিয়ে বললাম যে স্যার, বোধহয় আমার পেশেন্টটা মারা যাবে। একটু কাইন্ডলি দেখুন। পরিচয় দিতে বাধ্য হলাম। বর্তমানে মা-মাটি-মানুষের সরকারের মধ্যে আমি একজন মালদা জেলার বিধায়ক। সেখান থেকে নির্বাচিত হয়ে এসেছি। বারে বারে অনুরোধের পরে তিনি আবার ফোন উঠিয়ে বললেন আবার কার্ডিওলজিতে চলে যান। আবার কার্ডিওলজিতে আসলাম। সেখানেও কোনো সুরাহা হল না। আবার ঘুরে গেলাম। তখন ইমারজেন্সি ওয়ার্ডে আমার পেশেন্টকে ভর্তি করতে বলা হল পাঁচটার পরে। এবং যে সিটটা বললেন সেখানে একটা ডেডবডি সকাল থেকে পড়ে আছে। তার পরিজন ক্যাশ কাউন্টারে বসে আছে। মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রী এখানে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাব যে অসুবিধাটা সেখানে হয়েছিল, সেটা এখানে তুলে ধরছি। তারপরে সেখানে দাঁড়িয়ে এমারজেন্সি ওয়ার্ড থেকে সেই গরিব মানুষের বডিটা তাদের পয়সা না থাকার জন্য নিয়ে যেতে পারছে না। সন্ধ্যা সাতটার সময়ে বডিটা তোলা হল। তারপরে আমার পেশেন্টটাকে ভর্তি করা হল। আমি এই কারণে এটাকে বলতে চাইছি যে, একজন গরিব সাধারণ মানুষ আমি একজন বিধায়ক হিসাবে সেখানে সারাদিন ঘুরে একজন পেশেন্ট ভর্তি করাতে পারছি না। আর সাধারণ গরিব মানুষ রিকশাচালক, যাদের কথা বলে মা-মাটি-মানুষের সরকার এখানে ক্ষমতায় এসেছেন, ৩৪ বছরের বামফ্রন্ট সরকারকে ক্ষমতা থেকে সরিয়েছেন বলে দাবি রাখছেন। এই সরকারকে সরিয়ে আপনারা নাকি এখানে গরিব মানুষের সরকার প্রতিষ্ঠিত করেছেন। আপনারা এখানে সুস্থ পরিষেবা দেবেন বলেছেন। গরিব মানুষকে পেট ভরে খাবার দেবেন বলেছেন। গরিব মানুষের মুখে অন্ন তুলে দেবেন বলেছেন। তাদেরকে বস্ত্র, বাসস্থান দেবেন বলেছেন। অথচ আজকের দিনে দাঁড়িয়ে এখানে বলি লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার এমন স্বাস্থ্যের বেহাল অবস্থা করেছেন। আমি মাননীয়া প্রতিমন্ত্রীর কাছে অনুরোধ করব আপনি যান এবং আপনার কাছে জোড়হাত করে অনুরোধ করব আপনি সেখানে গিয়ে একটু বসে দেখুন যে গরিব মানুষের কি অবস্থা এই রাজ্য সরকারের সময়ে। আমি এখানে আক্রমণ করছি না। আপনিও বিধায়ক আছেন। পাশের একজন লোক আমাকে জিজ্ঞাসা করছেন দাদা আপনি কোন দলের বিধায়ক। আমি তখন মনে করছি যে কি বলি। আমি যদি বলি বামফ্রন্টের আর.এস.পি.-র, তারপরে কি হবে জানি না। তখন আমি ভাবলাম কাজ হোক বা না হোক আমি বললাম দাদা আমি বামফ্রন্টের বিধায়ক। আমি মালদা থেকে নির্বাচিত হয়েছি। বলছেন যে তৃণমূল নেতার কাজ হয় না, এই দেখেন কাগজ। জিজ্ঞাসা করবেন। অ্যাসিস্ট্যান্ট সুপার চারটে ত্রিশ মিনিটে আমাকে বললেন এই দেখুন তৃণমূলী অফিস থেকে কাগজ এসেছে, তারই তো কাজ হচ্ছে না। আপনাদের কাজ হবে কোথা থেকে ? অর্থাৎ সেখানে দলতন্ত্রের চরম জায়গায় আপনাদের মা-মাটি-মানুষের সরকার পৌঁছেছে। আজকে স্বাস্থ্যের বেহাল অবস্থা। আজকে আমরা লক্ষ্য করে দেখেছি যে,

বামফ্রন্ট সরকারের সময়ে রোগী ট্রান্সফারের সংখ্যা ছিল সবচেয়ে কম। আজকে মা-মাটি-মানুষের সরকার আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে হাসপাতালের ডাক্তাররা ভীত সন্ত্রস্ত। তারা রোগীকে হাসপাতালে রাখছেন না। একজন গরিব মানুষ হাসপাতালে যায়, তাদেরকে ডাক্তাররা ট্রান্সফার করে দিচ্ছেন। গ্রামীণ হাসপাতাল থেকে সদরে, সদরের ডাক্তাররা দেখছেন যদি রোগী এখানে মরে তাহলে আমার তো চাকরী চলে যাবে। সেখান থেকে পাঠিয়ে দিচ্ছে স্টেট হাসপাতালে। একজন রিকশাচালক, তার ছেলেকে যদি পি.জি.-তে পাঠানো হয়, তার আসার জন্য খরচ যেটা পড়বে সেটা রিকশাচালক জোগাড় করতে পারে না। এবং তার ছেলেকে সুস্থ করার জন্য সুদূর মালদা শহর থেকে এখানে পি.জি. যদি তাকে নিয়ে আসতে হয়, তাহলে তার যাতায়াত খরচ পড়বে ৬০০০ টাকা। অর্থাৎ একজন রিকশাচালক তার ছেলেকে সুস্থ করে তোলার জন্য তার ভিটে মাটি রিকশা সমস্ত কিছু বিক্রি করে দিয়েও ছেলেকে সুস্থ করার সুযোগটা পায় না। সরকার ভাববেন না ! গরিব মানুষের সরকার। মা-মাটি-মানুষের সরকার। খেটে খাওয়া মানুষের সরকার। গরিব মানুষের জন্য কি অবস্থা সৃষ্টি করেছেন ? এটা কিন্তু আমরা দেখতে পাচ্ছি। ফলে আমি মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রীর কাছে এই ব্যাপারে আবেদন করব। পাশাপাশি আমরা লক্ষ্য করে দেখছি, আজকে মাইনরিটি মানুষের জন্য চোখের জল ফেলছেন, কাঁদছেন। সংখ্যালঘুদের সন্তুষ্ট রাখার জন্য বড় বড় বিবৃতি দেওয়া হচ্ছে। কোথায় গেল ১০ হাজার মাদ্রাসা ? কেন সংখ্যালঘু মানুষ সমর্থন করলেন না, কেন মাদ্রাসার জন্য দরখাস্ত জমা হ'লনা ? কেন আজকে মাদ্রাসা সরকারী অনুদান পেলো না ? একটা মাদ্রাসাও দেওয়া হয়নি। ১০ মাস অতিবাহিত, ১০ মাস অতিক্রান্ত। এই ১০ মাসের মধ্যে একটা মাইনরিটির মানুষও দরখাস্ত করলেন না, মাদ্রাসা দিলেন না। প্রত্যাখ্যান করলেন মাননীয়া মুখ্যমন্ত্রীর সেই আবেদনকে। বুঝতে পারলেন সংখ্যালঘু মানুষকে ঠকানো হচ্ছে। এই সরকার সংখ্যালঘু মানুষদের ভালো করার সরকার নয়, এই সরকার সংখ্যালঘুদের স্বার্থের সরকার নয়। আজকে উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ—আজকে আমরা লক্ষ্য করে দেখছি উত্তরবঙ্গ উন্নয়নে ৬টি জেলার জন্য বরাদ্দ ২০০ কোটি টাকা। আর আজকে সুন্দরবন এলাকার দুই জেলা, ১৯টি ব্লক—বরাদ্দ খুব ভালো করেছেন—আড়াইশো কোটি টাকা বরাদ্দ। সুন্দরবনে ৬টি জেলা, সেখানে ......(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার জন্য এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৩শে মার্চ পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি আমাদের এই বিধানসভায় রেখেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি গত তিনদিন ধরে বিরোধীদের, প্রত্যেকের বক্তব্য মন দিয়ে শুনেছি এবং কিছু আমি লিখেও রেখেছি। সময় অল্প, আমি তার মধ্যেই উত্তর দেওয়ার চেষ্টা করব, আমি একটু হেল্প করব আমার মাননীয় অর্থমন্ত্রীকে। ওরা বলেছেন 'দিশা নেই'। ১৩ই মে-র পর মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সহ বামফ্রন্টের অবস্থা যা হয়েছে, দিশেহারা হয়ে গেছেন, বাজেটে দিশাটা দেখবেন কোত্থেকে ? দিশেহারা মানুষ তো দিশা দেখতে পায় না। আনিসুর রহমান বলেছেন যে, 'ঘুমোতে পারছি না'। এখান থেকে আবার স্বপন দেবনাথ বলছেন, 'ঘুম পেয়েছে বাড়ি যা'। ঘুম পাচ্ছে না, তার কারণ, আনিসুর

রহমান অনেক কিছু বলেছেন। আমার মনে হচ্ছে—আমি জানিনা, আপনাদের কি আছে না আছে, আজকে 'গণশক্তি'তে অনেক কিছু বার করেছেন। আপনারা চেষ্টা করবেন আপনাদের সম্বন্ধে বার করতে, কারণ এই হাউসের মন্ত্রী যাঁরা, এই হাউসের সদস্য ছিলেন, সংসদের প্রাক্তন সদস্য—জেলে, এই হাউসের প্রাক্তন মন্ত্রী—একমাস জেল খেটে এলেন এবং আপনার পেছনে যে বসে, সম্ভবতঃ তালডাঙরার সদস্য—সেও ভেতরে। সুতরাং ঘুমট' মনে হয় সেই কারণেই আপনাদের হচ্ছে না। [***]

.....(গোলমাল).....

(ভয়েস ফ্রম্ অপোজিশন : হি কান্ট্ সে দ্যাট্)

শ্রী তাপস রায় : আপনি দেখান রুলস অ্যান্ড প্রসিডিওরে, কোথায় আমি বলতে পারিনা। আমি আমার বলার পর সূর্য্যবাবু আপনার কাছে যাবো। আমারও কাওল অ্যান্ড সখদার পড়া আছে, পড়া আছে সুভাষ কাশ্যপ......

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : মিঃ রায়, আপনি এমন কিছু বলবেন না.... মিঃ রায় আপনি শালীনতা বজায় রেখে বলুন, সংসদীয় রীতি-নীতি মেনে বলুন।

শ্রী তাপস রায় : সংসদীয় রীতি-নীতির বাইরে যদি আমি বলি স্যার, এক্সপাঞ্জ করবেন। আমাকে বলে দিতে হবে....

মিঃ স্পীকার : আমি দেখে নেবো, আপনার স্পিচ আমি দেখে নেবো। বিরোধীদলের নেতাকে আমি বলছি, আমি স্পিচটা দেখে নেবো।

শ্রী তাপস রায় : বারবার বিগত সরকারের প্রবোধবাবু বলেছেন—সিনিয়র মেম্বার, আমি শ্রদ্ধা করি ওনাকে—যে, বিগত দিনের ডেটস্-এর কথা বলা হচ্ছে, সেটা কি বলা হবে না ? আপনারা তখন বললেন না, আপনাদের ম্যাসাচুসেট্-এ ডক্টরেটকে, যে একটা ফেডারেল স্ট্রাকচারের মধ্যে বিকল্প অর্থনীতি হয়না। চেষ্টা করলেন তিনি, বিফল। ঘাটতি শূন্য বাজেট পরপর পবপব দেখিয়ে গেলেন। সেই ঘাটতি শূন্য বাজেটের পর দু'লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা এবং ২২ হাজার, ২৩ হাজার কোটি টাকার মতো সুদ রিপেমেন্ট ইত্যাদি, প্রভৃতি। যেটা কেনসিয়ান মাল্টিপ্লেয়ার দিলে ই.ডি.পি.এস. আপনি জানেন, ইকনমিক্সের মানুষ এখানে রয়েছেন অনেকে, আমি ইকনমিক্সের ছাত্র নই।

[2.00 – 2.10 p.m.]

কিন্তু সেটা নিয়ে যদি আমরা দেখি সেই ফর্মুলায় ফেলে তাহলে ৮৮ হাজার কোটি টাকা আমরা পেতে পারতাম। কত কাজ হত, কত লাভ হত, কত উন্নয়ন হত, কত কর্মকাণ্ড হতে পারত। সূর্য্যবাবু আপনি বলুন, রাগ করছেন কেন বলুন, রাগটা হয়, রাগটা আপনাদের হওয়া স্বাভাবিক। তাই যে ডিমোক্রিসের তরোবারির কথা বলা হয়েছে। আমাদের

*** Expunged as ordered by the chair

মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবেই বলেছেন "তরবারি সরছে না আমাদের মাথার উপরে।" যে শিশুটা ভূমিষ্ঠ হলো সেও ২১ হাজার টাকার দেনা নিয়ে জন্মালো, দেনা আপনার মাথায় এবং আমার মাথাতেও। এই দেনা কে করে গেছে, এই ঋণ চাপিয়ে দিয়েছে কারা ? একথা আপনি বলবেন না ? তাহলে অনুপ ঘোষালের গান তুলে বলতে হয় "তুঝসে নারাজ নেহি জিন্দেগী, হয়রান হু ম্যায়। তেরি মাসুম সওয়ালও সে পরেশান হু ম্যায়।" আপনাদের উপরে রাগ হয় না, আপনাদের উপরে করুণা হয়, দুঃখ হয়, যে আপনারা যা প্রশ্ন করলেন তিনদিন ধরে সেই প্রশ্নে আমাদের করুণা হচ্ছে আপনাদের প্রতি। আর শিশুসুলভ যে আচরণ এবং বক্তব্য রাখছেন, যে প্রশ্ন জানতে চাইছেন আমাদের কাছ থেকে এবং আমার মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে তাতে আমরা পরিশান। আমরা এর উত্তরে কি জানাবো, আপনাদের এই শিশুসুলভ প্রশ্নের জন্য আমরা সত্যি খুবই বিব্রতবোধ করছি, কারণ প্রশ্নতো আপনাদের মধ্যেই লুকিয়ে রয়েছে। আপনাদের একজন বললেন পিতা হতে পারছি না, শিশুই রয়ে গেছে। প্রতি ছত্রে ছত্রে লুকিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে। এই বাজেট বইটা সঠিকভাবে যদি পড়ে থাকেন প্রতিটি ছত্রে ছত্রে বাজেটে পিতা হওয়ার সুর আগামী দিনের ভবিষ্যতের বন্দোবস্ত বা ব্যবস্থার কথা বলা রয়েছে। আপনারা সে দিকে যাবার চেষ্টা করছেন না। আপনারা কি বলছেন ? আপনারা এমন কাজ করে গেছেন, অন্যভাবে নেবেন না আপনারা, ঘুড়ির কাঠিতেও কাঠি করে গেছেন আপনারা, সেটাও ছাড়েন নি। এটা করে কখনও বলুন ? ঘুড়ির কাঠি তাতেও কিন্তু Massachusetts-এর ডক্টরেট কাঠি করে গেছেন। সেটাতেও আপনারা ছাড় দেননি। তাই আজকে কথা হলো এই যে অর্থনৈতিক ধ্বংসস্তূপ, সেই অর্থনৈতিক ধ্বংসস্তূপের থেকে ডঃ অমিত মিত্র Phoenix পাখীর মতো ওড়বার একটা চেষ্টা করছেন মাত্র। তিনি এই বাংলার অর্থনীতি যে ধ্বংসস্তূপ থেকে শুরু হয়েছে সেটা কি করবে বলুন। কেন্দ্রীয় সরকারের কাছেও আমরা আর্জি করেছি moratorium-এর জন্য, স্থগিতাদেশ পেমেন্টের ব্যাপারে এবং সুদের ব্যাপারে। দুঃখজনক যে সেটা আমরা পাইনি। এটাও আপনারা জানেন কেন্দ্রীয় সরকার debt-trap-state হিসাবে তিনটে রাজ্যকে চিহ্নিত করেছে পশ্চিমবাংলাকে, কেরেলাকে এবং পাঞ্জাবকে। কিন্তু যদি সেটা রিস্ট্রাকচার হত আমরা উপকৃত হতাম, আমাদের অনেক কাজ ছিল, সেগুলো আমরা করতে পারতাম। কিন্তু সেগুলো আমরা করতে পারছি না। এটা সত্যিই একটা দুঃখজনক পরিস্থিতির মধ্যে আমরা রয়েছি। আর একজন রঞ্জিতবাবু বলেছেন "আমাদের দেশে হবে সেই ছেলে কবে কথায় না বড় হয়ে কাজে বড় হবে।" তারপরের লাইনটা বোধহয় তাঁর মনে ছিল না। মুখে হাসি, ওই দেখুন অমিত মিত্রের মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন বাংলা গড়তে হবে আমাদের পণ। আমরা পশ্চিমবাংলাকে গড়বই গড়বো, এটা আমাদের পণ মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। সেই লাইনটা আপনারা ভুলে গেছেন, সেই লাইনটা আপনারা বলেন নি। আপনাদের চীফ হুইপ মিঃ কারক, তিনি বলেছেন জমা কিছু নেই। জমা থাকবে কি করে ? সবইতো লুটে নিয়ে গেছেন। পার্টিকে বানাতে গিয়ে, দলকে বানাতে গিয়ে বাংলার বুকে নিজেদের অর্থনৈতিক বুনিয়াদ ফাউন্ডেশনটাকে বিল্ড-আপ করেছেন, কিন্তু বাংলার অর্থনীতির ফাউন্ডেশনটাকে ধ্বংস করে দিয়ে গেছেন। আপনি ঠিকই

বলেছেন "অর্থের যোগান নেই, খরচের কথাই শুধু বলে গেছেন।" আরে অর্থের যোগান নেই খরচের কথা—খরচ যেটা রয়েছে সেটা করতে হবে ? না, না। পেনশন দিতে হবে ? না, না। মেন্টেন্যান্স করতে হবে ? না, না। (ভয়েস—এটা কি জবাবী ভাষণ)। একটু হেল্প করছি, ওঁনার সময়টা কমতো, উনি ৪০ মিনিট বলবেন, একটু হেল্প করছি ওঁনার ছোট ভাই হিসাবে। এবার সেই কাজটা করতে হবে কি না মিঃ কারক এই সমস্ত কথা বলে গেলেন। এখন প্রশ্ন হলো আপনাদের Massachusetts-এর ডক্টরেট স্যার, FRBM-টা পর্যন্ত শেষ মুহূর্তে করলেন। তার ফলে কি হলো ? তার ফলে কি হলো ? তার ফলে আমরা ঋণটা পর্যন্ত কম পাব। যদিও একদিকে ভালো হয়েছে ঋণটা কম পাওয়া যাবে। তার কারণ ক্যাপিটাল এক্সপেন্ডিচারে পার্সেন্ট অফ টোটাল এক্সপেন্ডিচার সেটা ইনক্রিজ করেছে। আপনারা অস্বীকার করতে পারেন। ১৩ শতাংশ থেকে ১৬ শতাংশ গেছে। গুড সাইন, ভালো সাইন। কারণ ক্যাপিটাল এক্সপেন্ডিচার যদি বাড়ে তাহলে অটোমেটিক্যালি অ্যাসেট বাড়বে। সেটা কিন্তু আপনারা কেউ বললেন না। পড়েছেন আপনারা সব। হয়তো আপনাদের দল থেকে তৈরি করে দিয়েছে, আপনারা নিশ্চয়ই ইকনমিস্টদেরও ভিউ নিয়েছেন। আবার আস্তে আস্তে আমরা ইনকামের দিকে সেল্ফ সাফিসিয়েন্ট হওয়ার চেষ্টা করছি। কিভাবে যে মার্কেট লোনের উপর আমরা ডিপেন্ড করব না। নিজেদের রেভিনিউ জেনারেট করব। সেল ট্যাক্স রেভিনিউ—যেটা অরিজিনাল রেভিনিউ বা মেন রেভিনিউ। সেটাও পর্যন্ত ইনক্রিজ করেছে ২৫ শতাংশ। খুব একটা কম নয়। আপনি যদি বলেন ইনফ্লেশন রেট তো আছে, হ্যাঁ আছে। ১০ থেকে ১৫ যদি আমারা ইনফ্লেশন রেট ধরি তাহলে সেটাকে দিয়েও ১০ থেকে ১৫ শতাংশ ইনক্রিজ যেটা ডেফিনিটলি ওয়ার্থহোয়াইল। এটা তো থেকে যাচ্ছে কিন্তু সেটা আপনারা কেউ বলেন নি। মার্কেট থেকে লোন ফর দ্যা ফার্স্ট টাইম—মিঃ আনিসুর রহমান মার্কেট থেকে লোন ফর দ্যা ফার্স্ট টাইম অনেক বছর পর ফল করল। গত বছর আপনাদের ২২,৪২৩ কোটি ছিল। এবারে ২০,০৭১ কোটি। তাহলে এটা বলবেন না, এটা এপ্রিসিয়েট করবেন না এই বন্দোবস্তে এই ব্যবস্থা এই অর্থনীতির মধ্যে দাঁড়িয়ে। এটা উল্লেখযোগ্য নয় ? এটা উল্লেখযোগ্য নয় ? এটা কি প্রশংসা দাবি করেন না আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। আমরা ইমপ্রুভ করার চেষ্টা করছি স্টেট ফিনান্স। একেবারে ঠিক করেছি আমি পরে আপনার পাশে গিয়ে বুঝিয়ে দিয়ে আসব যদি আপনার কোনো অসুবিধা হয় আপনি দয়া করে আমার কাছ থেকে বুঝে নেবেন। আমি ইকনমিক্সের ছাত্র কোনদিন ছিলাম না। আমার কেমিস্ট্রিতে অনার্স ছিল। পরবর্তীকালে ল। এবার ফাইনালি যে ফিসক্যাল ডেফিসিট সেটাও ফল করেছে। আপনারা কেউ বললেন না। আমি প্রবোধবাবু কাছ থেকে আশা করেছিলাম যে ফিসক্যাল ডেফিসিট ফল করেছে সেটা অন্তত আপনি বলবেন। সেটা কি ছিল—২১,৬৮৪ কোটি থেকে ১৫,৯২৩ কোটি। এটা আপনি অ্যাপ্রিসিয়েট করবেন না ? এই বন্দোবস্ত, এই ব্যবস্থায়, এই অর্থনীতির উপর দাঁড়িয়ে আজকে যেখানে আমরা দাঁড়িয়ে রয়েছি সেটাকে তো অ্যাপ্রিসিয়েট করতে হবে সেই পোজিশনটাকে, সেই ব্যবস্থাটাকে যেখানে পেনশন রিটায়ারমেন্ট বিনিফিট বেড়েছে। তা সত্ত্বেও কিন্তু ফিসক্যাল ডেফিসিট বেড়েছে। এ কথা কিন্তু আমার মাননীয় বিরোধী দলের কোনো সদস্যরা উল্লেখ করেন নি এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তারপরে কি—সেন্টার

এফিসিয়েন্ট টার্বাইন ফুয়েল তার ডাইরেক্ট ইমপোর্ট করতে দিয়েছে। তার ফলে ২২৫ কোটি টাকা রাজ্য পাচ্ছে না ? ২২৫ কোটি টাকা আমাদের সেখান থেকে চলে গেল। কেন্দ্রীয় বিক্রয় করের যে ক্ষতিপূরণ সেটাও বন্ধ করে দিয়েছে। তাতে কি হয়েছে, গত দু'বছরে ১৮০০ কোটি টাকা থেকে রাজ্য বঞ্চিত হয়েছে। সেটা আমাদের হাতে নেই। এ রাজ্যে বছরে মাইনেই দায় ২৮,৯০০ কোটি টাকা, পেনশনের দায় ৮,৪০০ কোটি টাকা। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকার ১লা তারিখে সরকারি কর্মচারী এবং শিক্ষকদের মাইনে আজ পর্যন্ত ফেল করেনি এই বন্দোবস্ত এবং ব্যবস্থার মধ্যে। সেটা এপ্রিসিয়েট করবেন না ? সেটার প্রশংসা করবেন না ? এই বাজেটে কর না বাড়িয়ে, শুধুমাত্র কর ব্যবস্থার সংস্কার করে বিক্রয়কর অর্থাৎ মূল্যযুক্ত কর ভ্যাট (ভ্যালু অ্যাডেড ট্যাক্স)-এর বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এ বছর কর সংগ্রহের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে সংশোধিত বাজেটের তুলনায় ৬০ হাজার কোটি টাকা বেশি। ভ্যাটও প্রায় ৪ হাজার কোটি টাকা বাড়ার কথা বলা হয়েছে। অর্থমন্ত্রীর কব সংগ্রহের এই যে উদ্যোগ তাকে আমি সাধুবাদ জানাই, প্রশংসা করি। এবার রাজ্যের পরিকল্পনা খাতে খরচ গত বছরের তুলনায় সাড়ে ১১ শতাংশ বাড়িয়ে ২৩,৩৭১ কোটি করা হয়েছে। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের পরিকাঠামোসহ সার্বিক উন্নয়নে দৃঢ়প্রতিজ্ঞ। তাই এই বাজেটে গ্রাম উন্নয়নে, কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণে ব্যবস্থা নেওয়া হয়েছে। নগর উন্নয়নে, শহরের প্রতিটি মানুষের ঘরে ঘরে জল পৌঁছে দেওয়ার জন্য ব্যবস্থা করা হয়েছে। সর্বোপরি অর্থমন্ত্রী চা শিল্প থেকে সেস তুলে নিয়েছেন। তাতে যে চা শিল্পটা ধুঁকছে আপনাদের জন্য, শ্রমিকরা আত্মহননের পথ বেছে নিচ্ছে সেটার পুনরুজ্জীবনের জন্য এবং বাঁচবে। তাই স্যার, আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য রাখলাম। নমস্কার।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : মাননীয় অধ্যক্ষ মহোদয় গত ২৩ তারিখ আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে, ২০১২-২০১৩ বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেটাকে আমি বিরোধিতা করে এবং আমাদের সদস্যরা যে কথাগুলো বলেছেন সেটাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি।

[2.10 – 2.20 p.m.]

স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন প্রথমেই, বলেছেন হারানো দিন আবার নতুন করে ফিরিয়ে আনবেন। হারানো দিন মানে হচ্ছে, বামফ্রন্টের ৩৪ বছরের আগেকার। সেটা আবার নতুন করে ফিরিয়ে আনার জন্য চেষ্টা করছেন, মানে খোঁজ শুরু করেছেন। কারণ, আমরা ৫' তখন দেখেছি, মাননীয় সরকারি দলের সদস্যরা অনেক কথা বলেছেন। আমি তিনদিন ধরে শুনছি, আবার পরেও আবার শুনব। আজকে চারদিন হচ্ছে তো, আবার শুনব। তারা বলতে চাইছেন স্যার, যে রাজ্যের মানুষের কাছে নাকি তারা নতুন। এর আগে আর এদেরকে দেখিনি। তাই মনে হচ্ছে। তাই না। আপনারাই তো ছিলেন। ধরুন, আমি একটা শাড়ি পরেছি, সেই শাড়িটা যদি একবার সোজা পরি, তারপর যদি উল্টা পরি, শাড়িটা তো একই। একই তো ? তাই তো হচ্ছে আপনাদের। আচ্ছা, তার মধ্যে স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন, যে রাজ্যের মানুষের জন্য বিভিন্ন যে উন্নয়ন, সেই উন্নয়নের জন্য ব্যয়-বরাদ্দ করেছেন। আমরা পড়ে

দেখলাম, সেটা কি উন্নয়ন করবেন বা কোথা থেকে আয় করবেন সেটা তো কোনো কিছু নেই। সেদিন শুনছিলাম, যে আপনাদেরকে কি বলব, আমি কোথা থেকে আনব, আপনাদের কি বলব, তো আমাদের যদি না বলে, কার-টার পকেট মারবেন, কার থেকে নিয়ে চলে আসবেন, না ডাকাতি করে, সেটা কি করে বুঝব। সেটা কিন্তু এই বাজেটের মধ্যে নেই। আর কি বলেছেন। শিক্ষার ব্যাপারটা বলেছেন। শিক্ষা যদি আপনারা করেন তো আজকে আমাদের যা শিক্ষা, আমাদের মাননীয় সদস্য বলছিলেন একজন, এই যে আমি প্রথমে আসি আদিবাসীদের শিক্ষা নিয়ে। আর কি মাঝে মাঝে বলেন, আমাদের মাননীয়া মন্ত্রী হয়েছেন, আদিবাসীরা নাকি কি, পিঁপড়ের ডিম খেত। তো পিঁপড়ের ডিম খেত, সব সময় উনি বলতেন। তো, এখন কি খাচ্ছে। আমরা তো দেখি আপনাদের আমলে। আমার অভিজ্ঞতা আছে, যদিও সবটা আমার মনে নেই, আমার অভিজ্ঞতা আছে। আমি শুনেছি, এই যে এখন নতুন পাতা গজাচ্ছে, গাছের পাতা পড়ে যাচ্ছে, তারপর নতুন পাতা গজাচ্ছে, আমাদের গ্রাম-বাংলায় বলে জোড়গাছ, ভালো ভাষায় অশ্বত্থ গাছ। সেই পাতাগুলো স্যার, আমরা এনে এখন তখনকার দিনে আমরা এনে এনে সিদ্ধ করতাম। এই ছিল তখনকার অবস্থা। আর আপনারা বলছেন, আমরা নাকি ৩৪ বছরে সব করেছি। আপনাদের ভাবতে একটু খারাপ লাগছে না ? আপনাদের আমলে এই যে ৩৪ বছর বামফ্রন্ট করেছে সেটাও আস্তে আস্তে, এই যে ৯ মাস না, ৯ মাসে আপনারা আস্তে আস্তে শেষ করে দিচ্ছেন। আপনারা শেষ করতে চাইছেন। মানুষ অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে তারা চিন্তা করেছিল যে বামফ্রন্ট তো ৩৪ বছর আছে, যা করার করেছে, কিন্তু এরা নতুন একটু, আসুক। সেই জন্য তারা অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আপনাদেরকে নির্বাচিত করে নিয়ে এসেছে, সরকারে প্রতিষ্ঠিত করেছে। তারপর স্যার, যখন আমাদেব রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যা বক্তৃতা দিয়েছেন, সেইটা দেখে সারা রাজ্যের মানুষ হতাশ হয়েছেন। মানে তাদের কোনো কিছু নেই। এই যে কৃষির কথা বলছেন, কৃষকের কথা বলছেন, আচ্ছা, আপনারা কৃষকদের জন্য কিছু ভাবছেন ? তাহলে আজকে কৃষক আত্মহত্যা করত না। আজকে কৃষক আত্মহত্যা করত না। আর বলছেন, কিষাণ মান্ডি। কিষাণ মান্ডি করতে চাইছেন। আর বলছেন কৃষকদের যে আপনারা সম্বর্ধনা দেবেন। এইটা আপনারা বলতে চাইছেন। তো আপনারা কোথা থেকে দেবেন। আজকে যা দেখলাম, আজকে টিভিতেও দেখছিলাম, কাগজেও দেখছিলাম, এই যে এক সময়ে আমাদের ঐতিহ্য আছে, এই যে আমাদের ভিক্টোরিয়া, সেখানে যারা অনেকে তো আছেন, বিভিন্ন রকম পেশার সঙ্গে আমরা যুক্ত আছি, সেইখানে সে ঘোড়ার গাড়ি চলাফেরা করত, বাইরের থেকে লোক আসে আমাদের বিভিন্ন জায়গা থেকে তারা সেই ঘোড়ার গাড়িতে করে তারা ঘুরোঘুরি করত, সেটা আজকে বন্ধ করে দিচ্ছেন। তো আমার আশঙ্কা হচ্ছে যে, আগামীদিনে, কৃষকদের জন্যে আপনারা এই যে দরদে উতলে উঠছেন না, সেটা কিন্তু আস্তে আস্তে যে গরুগুলো ছাগলগুলো তাদেরকে বন্ধ করতে চাইছেন, মানে তাদের শেষ করে দেবেন। এটাই হচ্ছে আপনাদের চিন্তাভাবনা। কারণ আপনারা কলকাতাটাকে লন্ডন করতে চাইছেন, আর চাষির হাতে লণ্ঠন দেওয়ার জন্য সুবিধা করতে চাইছেন। এইটা হচ্ছে আপনাদের ! আর স্বাস্থ্যের কথাটা বলছেন, আমরা নাকি ৩৪ বছরে স্বাস্থ্যের ব্যাপারে কিছু করিনি। আমাদের মাননীয় সদস্য বলছিলেন, স্বাস্থ্যের কথা, আমারও একই অভিজ্ঞতা,

আমাদেরও একই অভিজ্ঞতা, আজকে স্বাস্থ্যকেন্দ্রগুলোর কি অবস্থা হচ্ছে ? প্রতিদিন শিশুমৃত্যু হচ্ছে। আর বলছেন আমরা স্বাস্থ্য প্রকল্প চালু করবো। স্বাস্থ্য জেলা তৈরি করবো। আপনাদের পরিকাঠামোই তৈরি হল না, আর বলছেন, আমরা স্বাস্থ্য জেলা তৈরি করবো। আর এই যে, দপ্তরগুলো, আমরা যা করেছি আপনারা সেটাও আস্তে আস্তে শেষ করতে চাইছেন। আর শুধু শুধু বলছেন কিছুই করেননি ৩৪ বছরে। যখন ৩৪ বছর বলেন না তখন আমাদের মনটা গর্বে উপর দিকে উথলে উঠে। কারণ, আমরা ৩৪ বছরে যা করেছি সেটাইতো আপনারা পাঁচ বছর চালিয়ে দিচ্ছেন। একটা গল্প আছে না, একটা গল্প আছে না, আমার দুটো ছেলে। আমি ছেলেগুলোকে বললাম, তোমরা বাবা ব্যবসা করে খাও, তাদেরকে কারো কাছে আছে পাঁচটা কলা, কারো কাছে আছে তিন পেয়ারা, তাদের দু'জনের, তো তারা বিক্রিপাটা করতে পারছে না। তখন সে বলছে, দাদা, আমার খিদে পেয়েছে আমাকে দাও, আর ভাইকে বলছে, ভাই আমার খিদে পেয়েছে আমাকে দাও। তো দুই ভাই-এ মানে সারাদিনতো খিদে লাগছে, সে খাওয়া-খায়ি করে শেষ করে দিল। সেই হচ্ছে আপনাদের অবস্থা, এটাও হতে চলল, মানে হবে। (গোলমাল) যা আমরা তৈরি করে গিয়েছিলাম যেটা তৈরি করে গিয়েছিলাম সেটা কিন্তু আস্তে আস্তে শেষ করতে চাইছেন। আপনারা আর সামনের দিকে যেতে পারবেন না। আমাদেরও তো আশা ছিল যে, আমরাও বলছিলাম, নতুন সরকার এসেছে ভালোই হয়েছে, আমরা পাশে আছি আমরা সমর্থন করবো। কাজ করুন। কিন্তু আমরা দেখলাম যে, রাজ্যপালের ভাষণেও দেখলাম আর আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেটেও দেখলাম আমরা করছি, আমরা করবো। আরে বাবা, কি করছি, কি করবো সেটাতো বলতে হবে। যা আমরা করেছিলাম, সেটাইতো আছে। এই যে সাইকেলের কথাটা বলছেন, এই যে মেয়েদের সাইকেল দিয়েছেন। এই যে, আপানারা বলতে চাইছেন মেয়েদের সাইকেল দিয়েছি। আবার বলছেন যে, এই যে বিশ্ববিদ্যালয়গুলো নাকি আপনারা করছেন। ওইগুলোতো সব আমাদেরই। ঠিকই তো, আমি বলব ঠিকই। একটা সরকার যে কাজ করছিলাম, মাঝখানটায় তারা নেই, ঠিকই তো সেটাই করবেন। তো আপনাদের স্বীকার করতে অসুবিধাটা কোথায় হচ্ছে যে আপনারা করেছেন। এটা আমরা শেষ করি তারপরে আমরা করবো। সেটা আপনারা বলুন। সেটাতো বলছেন না। যে কিছুই করিনি, কিছুই করিনি। এইটা আপনাদের হচ্ছে। বলছেন, কোনো কিছু করেননি। তারপরে আর কি বলেছেন, এই যে, আপনাদের নতুন যদি থাকত, বিভিন্ন জায়গাতে আপনারা যেটা বলেছেন, যেটা বলছেন যে, আগামীদিনে আরো কাজকর্ম আমরা করবো। তো কোথায় করবেন ? আয়টা কোথায় ? আমি প্রথমেই বলছিলাম যেখান থেকে শুরু করলাম। তো, কোথা থেকে করবেন ? কি কাজ করবেন ? সবগুলোতো নতুন করে, এই যে রঙ-টঙ করে ঠিক করে দিচ্ছেন, বলছেন আমরাই করেছি। মানুষকে আর কত ভুল বোঝাবেন। একবার তো মানুষকে ভুল বুঝিয়ে আপনারা ছিলেন, একবার রাজ্যে এবং দিল্লিতে, দু'জায়গাতে। তারপরে মানুষ আপনাদেরকে ছেড়ে দিয়ে—আমরাই এসেছিলাম। তারপরে আমরা যা করেছি, তো আমরা ৩৪ বছর ছিলাম। মানুষ বলছে যে, পরিবর্তন হোক আর এটাইতো আপনাদের কাজ। তাই আমি আমাদের মাননীয় অথর্মন্ত্রী যে বিবৃতি দিয়েছেন সেটাকে বিরোধিতা করে আমি আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

[2.20 – 2.30 p.m.]

Shri Md. Ghulam Rabbani : Honourable Speaker صاحب کے ذریعے ہم

۔۔۔(اُس وقت اپوزیشن کے ممبران اسپیکر کے پوڈیم کے سامنے اسپیکر صاحب کو کچھ بولتے ہوئے دیکھے جاتے ہیں۔)۔۔۔

---(Noise & Interruption)---

ہمارے عزت مآب وزیر مالیات کو اس بجٹ کیلئے ہم مبارکباد دیتے ہیں۔ جس کو انھوں نے ۲۲، مارچ کو اس ہاؤس میں پیش کیا تھا۔ اور خاص طور سے اس بجٹ کو حمایت Support کرتے ہوئے ہمارا ہیلتھ میں جو amount بڑھایا گیا ہے۔ سات نیو ہیلتھ ڈسٹرک قائم کرنے کے بارے میں بولا گیا ہے۔ ۲۳ بلاک موبائل میڈیکل ہب کے لئے بولا گیا ہے اور ہیلتھ بینک کے لئے بولا گیا ہے۔ اس کے لئے ہم تہ دل سے شکریہ ادا کرتے ہیں۔ لیکن اپوزیشن کا لفٹ دوستوں نے یہاں اس مغربی بنگال اسمبلی میں ساڑھے تین Decade حکومت کئے ہیں ان کا Achievement کو نہ بولتے ہوئے بجٹ پر تقریر کرنا ادھورا سمجھتا ہوں۔ اسلئے ابھی ہمارے رحیم بخشی صاحب شمالی بنگال کے سلسلے میں بتا رہے تھے کہ شمالی بنگال میں کوئی Allotment نہیں دیا گیا ہے، ۲۰۰ کروڑ دیا گیا ہے۔ اُس کے بارے میں Criticism کر رہے تھے۔ میں رحیم بخشی صاحب کو ہمارے لفٹ دوستوں کو بتانا چاہوں گا کہ اگر ۲۰۰ کروڑ روپے اس بجٹ میں دیا گیا ہے تو اس کا ہم شکریہ ادا کرتے ہوئے جو آپ لوگوں نے کیا ہے شمالی بنگال کے لئے اُس کا بھی بیوڑا دینا ضروری سمجھتا ہوں۔ ہمارے شمالی بنگال میں، بنگال ہمارا سماج ہے۔ اس میں تین چار Section کے لوگ رہتے ہیں۔ شیڈول کاسٹ بھائی لوگ، شیڈول ٹریب بھائی لوگ اور اقلیت Minority اور باقی جنرل کاسٹ کے لوگ ہیں۔ لیکن اگر دیکھا جائے شیڈول کاسٹ اور شیڈول ٹریب بھائی لوگوں کی اور اقلیتی بھائی لوگوں کی آبادی شمالی بنگال میں In comparison to south bengal زیادہ ہے۔ ۲۳ فیصد اگر مغربی بنگال میں آبادی ہے تو ہمارے شمالی بنگال میں ۲۹ فیصد ہے۔ شیڈول کاسٹ بھائی لوگوں کی، اگر ۵،۵ فیصد اگر ایس ٹی کی آبادی ہے تو شمالی بنگال میں ۱۰،۱۰ فیصد ہے۔ اگر اقلیت ۲۵ فیصد مسلم سماج کے لوگ رہتے ہیں تو ۳۱ فیصد جو ہے اقلیتی سماج کے لوگ رہتے ہیں۔ لیکن اس ۳۴ سال میں اگر دیکھا جائے کہ لفٹ نے کیا کیا۔ ۰۹-۲۰۰۸ اور ۱۰-۲۰۰۹ Health Directory سے پتا چلا ہے کہ کل ہیلتھ سب سنٹر جو ہیلتھ کیلئے سب سے چھوٹا یونٹ ہوتا ہے۔ وہ پورے مغربی بنگال میں ۱۰۳۵۶ ہیں۔ اور ہمارے شمالی بنگال میں صرف ۲۰۷۵ ہیں۔ اور شمالی بنگال کی ایک ایک ضلع کا average ۳۷۹ اور ہمارے ضلع میں صرف ۳۳۴ اور ساؤتھ بنگال ۸۰۸۱ اور ساؤتھ بنگال کے ایک ایک ضلع کا average ہوتا ہے ۶۲۳۶، پرائمری ہیلتھ سنٹر اُس کے اوپر تھوڑا سا یونٹ ہے جو Total West Bengal میں ۹۲۴ ہے۔ ہمارے شمالی بنگال میں ۱۶۳ ہے اور ضلع سطح پر شمالی بنگال کا پکڑا جائے تو ۲۷ ہے اور اُس میں اتر دیناج پور میں صرف ۱۹ ہے۔ اور ساتھ بنگال میں ۸۱۷ اور ساؤتھ بنگال میں فی ضلع ۵۹ ہے۔ اسپتال چاہے وہ جنرل اسپتال ہو، چاہے وہ ایس ڈی اسپتال ہو، چاہے وہ اسپتال NGO کا ہو۔ اس میں ۳۵۶۳ اسپتال ہے۔ ان میں ۵۱۴ شمالی بنگال میں ہے۔ شمالی بنگال کے فی ضلع ۸۵ ہے ہمارے اتر دیناج پور میں صرف ۴۶ ہے۔ اور جنوبی بنگال میں ۳۰۴۹ ہے اور جنوبی بنگال کے فی ضلع ۲۳۴ اسپتال فی ضلع ہوتا ہے۔ Bed کا اگر لیا جائے جس کے ذریعے Allotment ہوتا ہے۔ جس کے ذریعے Nursing Staff آتی ہے۔ جس کے ذریعے ڈاکٹرس آتے ہیں۔ Total Bed ایک لاکھ ایک ہزار ۸۳۲ ہیں۔ پورے مغربی بنگال میں اور شمالی بنگال میں صرف ۱۳۸۰۹ ہے اور فی ضلع شمالی بنگال میں ۲۳۰۱ ہے۔ اتر دیناج پور میں ۱۰۶۸ ہے۔ اور جنوبی بنگال میں ۸۸۰۲۳ ہوتا ہے اور فی ضلع ۶۷۷۱ ہوتا ہے۔ اگر Vehicle دیکھا جائے Transportation کیلئے ۱۰۵۴ ہوتا ہے۔ پورے مغربی بنگال میں اور ۲۰۶ صرف شمالی بنگال کے لئے ہے اور ۸۴۸ ساؤتھ بنگال

کے لئے ، ہم یہ کہنا چاہتے ہیں ہمارے اسمبلی میں کہ شمالی بنگال اور جنوبی بنگال کا آپ نے Difference دیکھا اور جب ریزن کی بات آتی ہے تو ریزن میں لوگ کہتے ہیں کہ اتر پردیش کو اگر دیکھا جائے ، مہاراشٹر کو اگر دیکھا جائے ، اور Other State کو دیکھا جائے تو ریزن ہم سے بھی زیادہ وہ لوگ لئے ہیں لیکن یہ لوگ کبھی یہ نہیں دیکھا کہ تامل ناڈو جو سب سے چھوٹا ، کرناٹک کی آبادی صرف ۵ کروڑ ہے وہاں ۳۶ میڈیکل کالج انھوں نے قائم کیا ہے ۔ ساڑھے پانچ سو سے زیادہ انجینئرنگ کالج قائم کیا ہے اور اگر تامل ناڈو کو دیکھا جائے جو ۶ کروڑ آبادی ہے وہاں ۲۱ میڈیکل کالج ہے ، ۶۰۰ انجینئرنگ کالج ہے اور ہمارا مغربی بنگال ۹ کروڑ کی آبادی والی ریاست ہے ۔ اُس میں صرف نو یا دس میڈیکل کالج ہے اُس کا سیٹ صرف ۱۳۰۰ ہے ۔ ۳۰۰ سیٹ ہماری سرکار نے بڑھایا ہے اُس کے لئے تالیاں نہیں بجتی ہیں ۔ اُس پر Criticism کئے جاتے ہیں ۔ ہم لفٹ دوستوں کو کہنا چاہتے ہیں کہ Article 371 جو Temporarily and Transitional اور Special provision ہے ۔ اُس کو آپ نے شمالی بنگال کیلئے کیوں استعمال نہیں کیا ۔ آج ہم Article 340 کے تحت ہمارے وزیر مالیات سے ہم گزارش کرنا چاہیں گے کہ اس Article میں جو کمیشن تشکیل کرنے کے سلسلے میں جو Special Provision دیا ہوا ہے وہ کمیشن تشکیل کر کے آپ شمالی بنگال کا سروے کرائیں تاکہ وہاں ہیلتھ تعلیم ، Infrastructure development کے بارے میں دیکھا جائے اور Article 371 جس کا Privilege لیا ہے مہاراشٹر ، منی پور ، میزورم اور جس کا Privilege لیا ہے اندھرا پردیش اور آج Article 371 کے تحت وہاں اندھرا پردیش میں سنٹرل یونیورسیٹی قائم کیا گیا ہے ۔ ہماری گزارش ہے عزت مآب وزیر مالیات صاحب سے کہ ۰۹-۲۰۰۸ کے بجٹ میں حکومت ہند نے AIIMS جیسا اسپتال قائم کرنے کیلئے ایک announcement کیا تھا لیکن ہمارے لفٹ دوست لوگ تو نہیں کر پائے ۔ ہم لوگ روتے رہے چلاتے رہے تحریک کرتے رہے ۔ صرف زمین کی قیمت تھی دس کروڑ روپے اور صرف ایک سو ایکڑ زمین کی ضرورت تھی لیکن یہ لوگ نہیں دیئے ۔ آج ہماری سرکار آئی ہے ۔ ہماری سرکار سے ہماری گزارش ہے کہ شمالی بنگال کی Position کو دیکھتے ہوئے اتر دیناج پور کی Position کو دیکھتے ہوئے جہاں صرف ایک میڈیکل کالج ہے اور صرف ایک انجینئرنگ کالج ہے ۔ اگر Article 371 کے تحت اگر وہاں AIIMS جیسا اسپتال قائم کیا جائے ۔ تو میں سمجھتا ہوں کہ شمالی بنگال ہی نہیں آسام اور North-Eastern میں جتنی بھی ریاستیں ہیں وہ ساری ریاستیں Cover ہو جائیں گی ۔ Even بنگلہ دیش ، سکم ، نیپال اور بھی جو دیگر ریاستیں ہیں بہار ، اڑیسہ سارے کے سارے لوگ وہاں جائیں گے ہمارا Revenue بھی بڑھے گا اور ہماری ریاست مغربی بنگال کی حالت سدھر بھی جائے گی ۔ آج ۳۴ سال میں ان لوگوں نے بنگال کو کنگال کر کے رکھ دیا ہے ۔ لیکن آج دس مہینے کا حساب لینا چاہتی ہیں ۔ ہمارے علی عمران رمز صاحب بتا رہے تھے کہ چالیس کمیٹیاں بنی ہیں ۔ ان چالیس کمیٹیوں میں ایک بھی اقلیت کے نمائندے کو رکھا نہیں گیا ہے ۔ میں اُن لوگوں کو بتا رہا ہوں کہ جب بنگال سے کانگریس کی حکومت ختم ہوئی اور بایاں محاذ کی حکومت آئی ۔ تو اُس وقت ۷ فیصد اقلیت سروس میں تھے ۔ آج ۷ فیصد سے ۸ فیصد یا ۹ فیصد ہونا چاہئے تھا ۔ لیکن ۷ فیصد سے آ کر ایک فیصد میں رُک گئی ۔ اس کے لئے کوئی سرمندگی نہیں ہے ۔ آج ہم اس بجٹ کو حمایت کرتے ہوئے اور ہمارے وزیر مالیات صاحب سے گزارش کرتے ہوئے کہ کسی کمیٹی میں اقلیتی نمائندہ کو نہیں رکھا گیا ہے تو اُس کو رکھنے کے بارے میں آپ سوچیں ۔ ایک شعر کے ساتھ میں اپنی بات کو ختم کر رہا ہوں ۔

تاریخ کے آنکھوں نے وہ وقت بھی دیکھا ہے
لمحوں نے خطا کی تھی صدیوں نے سزا پائی ہے

کیونکہ ۳۴ سال کی حکومت ۳۴ سال تک ہم لوگوں کو پیچھے کر دیا ہے ان لوگوں کو دھتکارتے ہوئے اور اس بجٹ کو حمایت کرتے ہوئے میں اپنی باتیں ختم کر رہا ہوں ، بہت بہت شکریہ ۔

[2.30 – 2.40 p.m.]

শ্রী বিরাম মান্ডি : মাননীয় স্পীকার স্যার, গত ২৩ তারিখে আমাদের পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী বিধানসভায় বাজেট পেশ করেছেন। এই বিষয়টা নিয়ে অনেকে অনেক কিছু আলোচনা করেছেন, অনেক তথ্য দিয়েছেন, আমি অত তথ্য দিয়ে বলার চেষ্টা করছি না। শুধু একটি বিষয় নিয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। একটা বিষয় নিয়ে বলেছেন অনেকে, গত ১৫ই মার্চ রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন, তাতে আমরা দেখেছিলাম কিষাণ ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে পাঁচ লক্ষ, আর ২৩শে মার্চে অর্থমন্ত্রীর রিপোর্টে দেখতে পেলাম ছয় লক্ষ। ১৫ থেকে ২৩ তারিখের মধ্যে এক লক্ষ বেড়ে গেছে। কি দুরন্ত গতিতে কাজ চলেছে। জঙ্গলমহলের আদিবাসীদের জন্য নাকি অনেক কিছু ঘোষণা হয়েছে—বি.পি.এল.-এর চাল-ফাল, সাইকেল-টাইকেল ইত্যাদি। আর এখানে দেখলাম জঙ্গলমহলের বি.পি.এল. পরিবর্তনদের জন্য আদিবাসীদের সবাইকে বি.পি.এল. করা হয়নি এখন। আর যাদেরকে দেওয়া হচ্ছে—পাঁচজন পরিবারের মধ্যে ৫৫ কেজি খাদ্যশস্য। আর এই সরকারকে দেখছি উত্তরবঙ্গে সেই পাঁচজন পরিবারকে দিচ্ছে ৬৫ কেজি খাদ্যশস্য। তাই বলছি, এই অসম বন্টন, দেখলাম তো আমরা। অন্যান্য বিষয় নিয়েও এখন জঙ্গলমহলে সিদু-কানু স্টেডিয়াম হবে, আবার সাঁওতাল অ্যাকাডেমি হবে—ঘোষণা করেছেন, কোথায় কোথায় হবে দুটো, অ্যাকাডেমি কি হবে আমরা বুঝতে পারছি না। কিন্তু সেই আদিবাসীদের জন্য এত ভাবছেন, এত ঘোষণা করছেন। বিগত সরকার যে সমস্ত আদিবাসীদের ছেলে-মেয়েদের জন্য বুক গ্র্যান্ট, হোস্টেল গ্র্যান্ট, মেন্টেনেন্স, মেরিটোরিয়াস গ্র্যান্ট কমপালসারি চার্জ ইত্যাদি দিয়েছেন। আর বর্তমান সরকার বলছে কিচ্ছু করেনি। এই সরকার এসে অনেক কিছু করছে, আগের সরকার তো সাইকেল দিতেন। আপনারা আসার পরে কোনো এক জায়গায়, সাংবাদিক বন্ধুরা জানেন, গাছের নিচে ছিল যাতে ভিজে নষ্ট হয়, যেহেতু আগের সরকারের কেনা। দেখছি কিছু পুরনো প্রকল্পকে নতুন মোড়কে মুড়ে দিয়ে কিছু স্ট্যাম্প মেরে লাগিয়ে দিয়েছেন—কি নাকি মা-মাটি-মানুষের প্রকল্প নাকি, ইত্যাদি, ইত্যাদি। যাই হোক, আমি উল্লেখ করব এই জন্যই আদিবাসীদের জন্য এত দরদ দেখাচ্ছেন ঠিক আছে দরদ দেখান আপত্তি নেই। আমাদের একজন সরকার পক্ষের বিধায়ক, আমাদের কাছাকাছি বেঞ্চ থেকে বলেছিলেন, যেখানে আপনাদের একটা কানাকড়ি, এক টাকাও দিতে হবে না—এমন প্রকল্প আছে কেন্দ্রীয় সরকারের। মডেল রেসিডেন্সিয়াল স্কুল, সেখানে ১০০ শতাংশ ছাত্রছাত্রী কেবলমাত্র আদিবাসী ছেলেমেয়েরা থাকে। তাদের জামা-প্যান্ট, খাওয়া-পরা থেকে শুরু করে সব কিছুই সরকারই বহন করে, বিছানাপত্র থেকে শুরু করে। একটা ছাত্র বা ছাত্রীর পিছনে প্রতি বছর ৩৫ হাজার টাকা খরচ করে। একটাও প্রকল্পের মধ্যে আপনাদের দেওয়া নেই। দেখছি এখানে আবার পুলিশদের জন্য মডেল স্কুল আছে। পুলিশরা তো অনেক কাজ-কর্ম করছেন, অনেক সময় নীরব থাকছেন, তাদের জন্য করা হচ্ছে। আদিবাসীদের জন্য একটা রুরাল সোসাইটি থাকে, যে সোসাইটি থেকে পরিচালনা করার জন্য কেবলমাত্র আদিবাসীরা উপকৃত হবেন। তাতে বিনা পুঁজিতে এই শালপাতা, কেন্দুপাতা, শালের ফল, আবার মহুয়ার যে ফল হয়, বীজ হয়—সেগুলো

সংগ্রহ করে। আর সমবায়, তার কথা একটুও বলা নেই, কি হবে, কি অবস্থায় আছে, ভবিষ্যতে তাদের জন্য কি ব্যবস্থা করা যায় ? আপনারা দেননা—আদিবাসীদের জন্য বলছেন অনেক কিছু করবেন, তারা কিনবে কোথা থেকে, এতদিনে তো আপনারা এমন জায়গা রাজনীতিকে নিয়ে গেছেন, আবারও বলছেন, লজ্জা করে না, লজ্জা করে না—আমাদের সত্যিই লজ্জা হয়, দুঃখ হয়। পশ্চিমবাংলায় অনেক ধরনের মানুষ আছে, ভারতবর্ষে অনেক মানুষ আছেন, তাদের খাদ্য তালিকা বিভিন্ন ধরনের। একটা সম্প্রদায়ের মানুষ তাদের খাদ্য তালিকা এক ধরনের, আর একটা সম্প্রদায়ের এক ধরনের, আর একটা সম্প্রদায়ের আর এক ধরনের। জঙ্গলমহল এলাকার আদি মানুষেরা, আদিবাসী মানুষেরা কুরকুট খান। এটা মিথ্যা কথা নয়। কিন্তু আপনারা তাদেরকে থালায়, প্লেটে এমন ভুরিভোজ করে খাইতে দিলেন শেষকালে আদিবাসী সম্প্রদায়ের মানুষ বলছেন, কি ব্যাপার, সাহেবরা সব এতো প্লেটে করে খাওয়াচ্ছেন, আমাদের শরীর খারাপ হওয়ার জোগাড়। তাদের আত্মমর্যাদা এমন জায়গায় গিয়েছে, সত্যিই তো, বলছে, আমাদের খাদ্যতালিকা নিয়ে ব্যঙ্গ করা হচ্ছে। নামমাত্র কুরকুট খাই, সামান্য। অনেকে আমাদের বাবুরা, শহরের বাবুরা কুরকুটের ডিম কিনে এনে ছিপটিপ ফেলে, টোপ তৈরি করে। আর এটা কে ওদের ব্যঙ্গ করে বলা হচ্ছে। মেলা হয়েছে অনেক, অনেক তো মেলা করলেন। বিবেক মেলা করলেন, আদিবাসী মানুষের জন্য কোনো মেলা-টেলা ভাবা হয়নি। তারা বিভিন্ন সময় মেলা করে। আবার কি ? এর জন্য প্রাচীর-টাচির ভাবা হয়েছে কবরের জন্য। আরো অনেক সম্প্রদায়ের কবর আছে, শ্মশান আছে, তাদের জন্য ভাবা দরকার তো। আবার দেখা গেল কিছু ক্লাবকে ওখানে টাকা দেওয়া হল, আবার কিছু ক্লাব-ট্রাব করা হবে জঙ্গলমহলে। ওই ওদিকের ক্লাবকে কাকে দশ হাজার, কাকে পনের হাজার টাকা দেওয়া হচ্ছে। আবার পাহাড়ে ওখানে ক্লাবকে পঞ্চাশ হাজার, আবার কোনো কোনো ক্লাবকে দু' লক্ষ টাকা। আবার ক্লাবকে দেওয়ার ক্ষেত্রে দেখা গেল একটা জেলায় পেয়েছে ছ'টা ক্লাব, আর একটা জেলায় পেয়েছে ছেচল্লিশটা ক্লাব। কি সমবণ্টন ! মানুষের কাজ করছি আমরা ! আমাদের দুঃখ হয়। স্বাস্থ্য বিভাগ—স্বাস্থ্য বিমা হচ্ছে। আপত্তি নেই আমাদের স্বাস্থ্য বিমা হোক। কিন্তু স্বাস্থ্য বিমা করতে গিয়ে আমরা কি দেখছি ? এখানে পুলিশের জন্য স্বাস্থ্য বিমা হবে, শিক্ষকদের জন্য হবে স্বাস্থ্য বিমা, অন্যান্যদের জন্য স্বাস্থ্য প্রকল্প। এখানে 'আশা' কর্মীরা আছেন, লিঙ্ক পার্সেনের কাজ করেন। তারা নামমাত্র রেমুনারেশন পান, ভাতা পান। তাদের কি হবে ? তাদের কথা বলা নেই। তারা কিন্তু অনেক গুরুদায়িত্ব পালন করেন। তাদের অনেক কাজ করতে হয়। এ বিষয়টা আদৌ ভাবা হয়নি। চাষিদের জন্য কথা বলা হয়েছে। কিষাণ মান্ডি—আমি ভাবছি বোধহয় আমার কোনো খুড়তুতো ভাই বা পিসতুতো ভাই চলে এল কিষাণ মান্ডি। কৃষকের স্বার্থে কাজ হবে। বাজেটে একটা কথাও নেই। আমি কৃষকের ছেলে। এখন আগে আমাদের মাননীয় রাজ্যপালের ভাষণে দেখেছিলাম যে পানাগড়ে নাকি সার কারখানা-টারখানা ইত্যাদি ইত্যাদি কি হবে। এখন কিষাণ মান্ডি ২৬ খানা কোথায় কোথায় নাকি হয়ে গেছে। আমি জানি না, আপনারা হয়তো জানেন। সাংবাদিক বন্ধুরা জানেন কিনা জানি না। আমার জানা নেই। কিন্তু ৪১টা হবে। সেখানে কি হবে, কাদের জন্য ? ভূমিহীন খেত-মজুর-যাদের কম জমি আছে—দশ কাঠা, পাঁচ কাঠা—তাদের জন্য

কি হবে ? আবার তারা সার কিনবেন কোথায় ? সারের জন্য তাদের জন্য সার কারখানা কোথায় আছে ? বাইরে থেকে তো আনতে হবে। আবার বাইরে থেকে আনতে গেলে কি আমদানী শুল্ক—টুল্ক দিতে হবে। চাষিরা সার না কিনে কি করে চাষ করবে ? তারপরে কি করে সব কিষাণ মান্ডিতে সংগ্রহ করবে ? কি ধরনের পরিকল্পনা আপাতত আমার মাথায় আসছে না। যাই হোক, একটা বিষয় এখানে বলা আছে। 'পুস্তকহস্তা তু যা বিদ্যা, পরহস্তগতং ধনং, কার্যকালে সমুৎপন্ন নসা বিদ্যা ন তদ্ধনম্। "আদম কো লাগিৎ দ আঁঘাড় বোঙ্গা, আদম কো দ এখেন ঠোঙ্গা"। বলেছিলেন একজন 'তোদের ঘুম পেয়েছে বাড়ি যা'। আর একটা লাইন জুড়ে দিন। 'স্বপ্ন দেখি ঘুমের ঘোরে'। আপনারা অনেক বাজেট করছেন, অনেক কথা বলেছেন। শেষে আমার মনে হল যেভাবে আপনারা বলছেন বাংলার মানুষকে, লণ্ঠনের আলোয় বসিয়ে রূপকথার গল্প শোনাচ্ছেন। আপনারা স্বপ্ন দেখুন। কিন্তু বাস্তবে আপনাদের কিচ্ছু হবে না। যাই হোক, আমি আমার বক্তব্যকে বেশি না বাড়িয়ে বাজেটকে সমর্থন না জানিয়ে আমি আমার সংক্ষিপ্ত কথা শেষ করছি। ধন্যবাদ।

[2.40 – 2.50 p.m.]

Shri Muzaffar Khan : Respected, Deputy Speaker, Madam, I rise to support fully the budget 2012-2013 presented by the Hon'ble Finance Minister Dr. Amit Mitra on 23rd March 2012. बजट के समर्थन में और पिछले कई दिनों से देख रहा हूं हाउस के अन्दर ,काफी लोगों ने कितना सुन्दर - सुन्दर,अच्छा -अच्छा वक्तव्य माइनोरिटी के फेवर मे, कही किसानों के चाहत में, कही शिल्पों में, कही लेबर के बारें मे, अच्छे -अच्छे भाषण ,इतना अच्छा लग रहा था सुन के, कि अगर इन तमाम समुदाय का अगर कोई दरदी है तो सब वहाँ बैठा हुआ ,जितने यहाँ विरोधी है । ये एसा चाहत , लेकिन ये चाहत तो जागा। आपलोग का दर्द कि जब 34 साल के बाद शासन करने के बाद परिवर्तन के नाम पर जनता ने आपलोग को रिजेक्ट कर दिया । तब आपका परिवर्तन जागा ।इसीलिये कहते है you make fool some people for some time . you make fool some people all the time . but you cannot make fool all the people all the time . तो आपलोगों ने इतना दिन करते आये तो अब ये कहते है कि ये बजट जो है डा० अमित मित्रा का बजट इस बजट के पिछे एक vision है नही । coming to that कि इस बजट के पिछे एक Vision है और हमारा सरकार का इस बजट के साथ एक mission है और जिसको ये नजर नही आता है जो इसको aimless कहते है। मै तो कहता हूं वो useless and baseless हैं ये useless and baseless जिसका कोई ऐम नही वो aimless वो इस बजट को कहते है aimless . आज इस बजट के बारे में बडी बडी बाते आपलोग करते है लेकिन मैं तो ये कहता हूं कि आप लोगों का सुरज । सुरज लहुलहान होके समुनदर मे गिर गया जिनका गरूर टुट गया और शाम हो गयी । तो अब ये हालत है कि हेल्थ के बारे मे आपलोग कहते है मुझे अच्छे तरीके से मालुम है नील रतन सरकार हॉस्पीटल के बाहर ,आज से पिछले 34 साल से हम देखते हुए आये है । आप स्वास्थ्य के बारे मे बात करते है। उस हॉस्पीटल मे ढुकने से पहले गेट पर खड़ा होकर एक आदमी बोलता है कि अरे भाई आपनी जाच्छेन तो लोग के भोरती कोरते एकटा खाट एखने बुकिंग करे जान । बोले किसके लिये ये खाट। बोले जयोन्तो होये जाछेन मीरत होय लोग

फिरबे से समय खाट पावा जावे ना वोई जन्नो खाट आपनी एखने बुकिंग करे दिन । ये था सरकार की हालत। डाक्टर है तो बेड नही ,बेड है तो दबाई नही , दबाई है तो ऑपरेशन का कोई इन्तजाम नहीं । तो ये तो था पूरे 34 साल का हिसाब आपलोगो का । लेकिन मै फख्र के साथ ये कहता हूं कि हमारी सरकार आने में हमलोगों ने health district का इजाफा किया । care unit किया specialist दिया है ,mobile facility दिया है, mobile van का और कई शिक्षा क्षेत्रों मैं कई तरीके से इजाफा किया है डा० अमित मित्रा के leadership में लेकिन मै बजट के बारे में ये कहना चाहता हूं कि ये बजट किसानों के बारें में, मैं अपना वक्तव्य ज्यादा लम्बा नही करके - क्योंकि एक subject के उपर मे सभी लोगों ने कई बार अपना वक्तव्य रखा है लेकिन मै उसको दोहराना नही चाहता । लेकिन मै इतना कहना चाहता हूं कि 34 साल में आपलोगों ने क्या किया । 34 साल मे समाज को आपलोगों ने बरबाद किया । यूथ को बरबाद किया नौजवानों को बरबाद किया । ज्यादा से ज्यादा liquor और शराब का लाइसेन्स आपलोगों ने दिया । नौजवानों के हाथ मे आपलोगों ने डण्डा दिया , सी०पी०एम० का झण्डा दिया । और किया आपने कि डुब -डुब पीओ जुग- जुग जीयो का आपलोगों ने नारा लगाया । नौजवान तबका को आपलोगों ने बरबाद किया पिछले 34 साल में और क्या किया है। कंकाल तो कंकाल है इन्सानी कंकाल जो निकल रहा है ये कंकाल नही है ।

ये कंकाल उणकाल नही है मै तो आपलोगों को ये कहता हूं कि उसका आत्मा है उसका नूर है मरा हुआ लोगों का जो आपलोगों के पीछे पडा हुआ है । जबतक आपलोगों का उसका सजा नही मिलेगा यो कंकाल निकलता ही रहेगा । गालिब का है एक उर्दू कविता उर्दू मे कहते है-

जो चुप रहेगी जुबाने खंजर लहू पुकारेगी हसली का।

आज आपके सामने बजट के बारे मे हमलोग ये कहने के लिये आये है कि मै काफी देरी से सुनता था कि minority(3) अकलीयत मुसलमान । मैने बजट के अन्दर मे मैने ये देखा कि करीब-करीब बंगाल के 183 ब्लोक में 380 ब्लॉक के अन्दर मुसलमानों का 20 परसेन्ट से उपर आवादी है । ये क्या है मुसलमान । ये मुसलमान बंगाल के अन्दर मे वो ताकत है कि जिसको हर political party अपनाना चाहता है और जिसके साथ ये ताकत जायेगी उसका हुकुमत बंगाल मै बनेगा, ये अच्छी तरीके से वामफ्रन्ट वाले जानते है इसलिये 34 साल तक आपने इस community को exploit किया है झूठा वादा किया है और वोट वैंक के लिये आपने इस्तेमाल किया है और आज तो मै मुसलमान भाइयो से जो वहां पर बैठे हुए है उनके टिकट पर चुने गये है मै कहता हूं कि छोडिये वो जगह । वो जगह आपका नही है । क्योकि पिछले 34 साल के हुकुमत मे सच्चर कमिटि राजेन्द्र सिंह सच्चर ने अपने रिपोर्ट मे कहा है कि अगर पूरे हिन्दुस्तान के अन्दर में सबसे खराब राज्य है तो वो पश्चिम बंगाल का राज्य है । ये तो हमारा वक्तव्य नही है राजेन्द्र सिंह सच्चर का वक्तव्य है । जिन्होने ये कहा है । क्या किया आपलोगों ने । आज तो हज टावर से लेकर Alia University से लेकर मुसलमानों के बजट मैं उनके स्कुल का रिकॉग्नेशन उनके बच्चों को तालीम इस community को डिग्री urdu academy जिसका बजट बढाया गया है । आज अगर कोई भी अकलीयत के बारे में बंगाल मे सोच रही है मै salute करके कहता हूं ममता बनर्जी को । एसी chief Minister बंगाल के इतिहास मैं न कभी हुआ है और न कभी होगा । जो अकलीयत के बारे मे सोचती है

,किसानों के बारे में सोचती है ,आज दुसरे जाति के बारे में सोचती है, सिख के बारे में सोचती है ,इसाई के बारे मे सोचती है ।तालीम पहुचा दिया आपने शिक्षा का बयान करके । तालीम को कहां से कहां आपलोगों ने पहुचाया । शिक्षा पर बयान किया था आपलोगों ने , जिसमे आपलोगों ने कहा था चलो किछु पोडी किछु पोडाई ,किछु करी किछु कमाई ।यही आपलोगो ने किया था बरबाद तो कर दिया । लेकिन निन्द नहीं आता चैन नही आता । भाई तापस ने आपके बारे

में कहा है । इसीलिये मे कहता हूँ

जुल्म की बात है क्या जुल्म का औगात है क्या
जुल्म फिर जुल्म है आगाज से अंजान तक
खुन कते कातिल पे जब रगे बिस्मिल में
खुन टपकेगा तो जम जायेगा ।

जो हालत आपलोग का हुआ है । मैं डिपुटी स्पीकर का शुक्रिया अदा करते हुये, मैं अमित मित्रा के सुनहरे एतिहासिक बजट को पूर्ण समर्थन देते हुये मैं अपना वक्तव्य समाप्त करता है ।

শ্রী তজমূল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গত ২৩শে মার্চ, ২০১২ অর্থমন্ত্রী যে পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন, তা দিশাহীন, অস্বচ্ছ, নির্বাচনী ইস্তাহারের মত। তাই, আমি এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। এই নতুন সরকার যখন এই নতুন বাজেটে দেখলাম—নতুন সরকার আসার পর, তখন এই রাজ্যে ঋণ ছিল ৫১৭৩ কোটি টাকা। সেই ঋণ এখন বেড়ে দাঁড়িয়েছে ২২,৪৪৩ কোটি টাকা, যা সারা দেশে এটা একটা সর্বোচ্চ। আগে সংখ্যালঘু সম্প্রদায়ের কথা বলে আসছে যে, সংখ্যালঘু, সংখ্যালঘু—বলে যে মায়াকান্না, শুধু প্রত্যেক জায়গায় যেখানে যায় সেখানেই শিলান্যাস, কি বলে ? যে সংখ্যালঘুদের জন্য ৯০ শতাংশ কাজ হয়ে গেছে।

[2.50 – 3.00 p.m.]

আমি যে এলাকার লোক সেখানে ৭০ ভাগ সংখ্যালঘু মানুষের বাস। সেই সংখ্যালঘু এলাকায় মাদ্রাসা থেকে নিয়ে SSK, MSK-র শিক্ষকরা অনিশ্চয়তায় ভুগছেন। বাজেটে সে ব্যাপারে কোনো উল্লেখ নেই। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সাধারণ মানুষের কাছে, গরিব, দুঃখী মানুষের কাছে একটা বড় জিনিস। এতে সবচাইতে বেশি বরাদ্দ করা হয়। কিন্তু দেখা গেল গরিব মানুষের জন্য পঞ্চায়েতে বরাদ্দ কম। সবচেয়ে দুঃখের বিষয় এই যে প্যারাটিচার, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়, প্রবহমান শিক্ষাকেন্দ্র, ভারত সাক্ষর মিশন, প্রাণী বন্ধু, ভি.টি.—এই সবের উল্লেখ মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে নেই। আমি তাঁর কাছে জিজ্ঞাসা করব এটা দিশাহীন বাজেট না স্বচ্ছ বাজেট তা আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। পরিবহন সংস্থার কর্মীরা অনিশ্চয়তায় ভুগছে। তাদের ব্যাপারে আপনার বাজেটে কিছু বলা নেই। সবচেয়ে বড় কথা হচ্ছে গরিব, গরিব বলে যে মা-মাটি-মানুষের সরকার এসেছে, বিশেষ করে গরিব মানুষ এই

নতুন সরকারের দিকে তাকিয়ে আছে কিন্তু বিধবা ভাতা, বার্ধক্য ভাতা, অক্ষম ভাতা, মানুষের শেষ সম্বলটুকুর যে আশা তা তারা বঞ্চিত আছে। কিন্তু মাননীয় মন্ত্রীদের বেতন দেখছি ৭ থেকে ২৭ হাজার হয়ে গেল। কিন্তু ওইসব মানুষের শেষ সম্বল বার্ধক্য ভাতার কোনো উল্লেখ নেই। সবচেয়ে বড় হচ্ছে, ৪৬/৪৭ পাতার যে বাজেট বই তাতে ভূমি সংস্কারের মত একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের মধ্যে নেই। এই বাজেট বই ছাড়া তিনি একটা উল্লেখ করেছেন যে ১০ লক্ষ ১১ হাজার ১৮৩ জনের কর্মসংস্থান হবে। কিন্তু কোথায় নেওয়া হবে, কিভাবে নেওয়া হবে তার কোনো উল্লেখ এই বাজেট ভাষণে নেই। কোথায় কোথায় লোক নেওয়া হবে আশা করি মাননীয় অর্থমন্ত্রী তাঁর জবাবী ভাষণে বলবেন। আরেকটা বিশাল সমস্যা। পশ্চিমবঙ্গের মানুষকে বিভিন্ন রাজ্যের ওপর নির্ভর করতে হয়। কিন্তু আমরা দেখলাম তিনি প্রবেশ-কর করে দিলেন। এর ফলে সাধারণ মানুষের ওপর বোঝা বাড়বে। সবচেয়ে বড় দুঃখের কথা উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ কী মালদা ছাড়াই ? উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে এত টাকা দেওয়া হচ্ছে কিন্তু মালদার বিষয়ে কোনো উল্লেখ নেই তাঁর ভাষণে। মালদার জন্য কত বরাদ্দ করেছেন তার কোনো উল্লেখ নেই। মাননীয় মন্ত্রী গেছেন। কিন্তু আমাদের মালদার জন্য সুনির্দিষ্ট ব্যবস্থাপনা করলেন না। মালদায় শিশু মৃত্যু নিয়ে হাহাকার চলছে। প্রতিদিনই প্রায় দেখা যাচ্ছে মালদায় দু'জন, পাঁচজন করে শিশুর মৃত্যু হচ্ছে। সেখানে ডাক্তারের বিশেষ ব্যবস্থাপনার কোনো উল্লেখ তার ভাষণে নেই। বিশেষ করে আমার হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতাল, আমি যেখান থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানে এখনও পর্যন্ত পাকা ছাদ নেই। মর্মান্তিক ঘটনা। প্রতিটি জায়গায় যে ব্যবস্থাপনা নেওয়া দরকার তা নেওয়া হয়নি। চাঁচোল একটা দীর্ঘদিনের পুরনো ডিপো। কিন্তু তা তুলে নেওয়ার আদেশনামা জারি করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে জিজ্ঞাসা, চাঁচোল ডিপো হঠাৎ করে তুলে নেওয়ার কারণ কি ?

যাইহোক, লাল আলো জ্বলে উঠেছে অর্থাৎ আমার সময় শেষ হয়ে গেছে তাই বক্তব্য আর দীর্ঘায়িত না করে এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী ধীমান রায় : অনারেবল স্পীকার ম্যাডাম, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয় যে বাজেট পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। কৃষি, কৃষি বিপণন, প্রাণী সম্পদ, খাদ্য, শিক্ষা এবং স্বাস্থ্য—প্রত্যেকটি খাতে তিনি এত সুন্দরভাবে বাজেট পেশ করেছেন এবং প্রত্যেকটি জায়গাতেই তার রূপরেখা এত সুন্দরভাবে, এত স্পষ্টভাবে করেছেন, তার জন্যই এই বাজেটকে আমি সমর্থন করছি। বামফ্রন্টের বন্ধুরা বিভিন্ন সময়ে বিভিন্ন কথা বলছেন। কিন্তু একথা অস্বীকার করার কোনো কারণ নেই, এক বছর পরে যখন এই বাজেটের পূর্ণাঙ্গ কাজ হবে, তখন আজকে যারা বিরোধিতা করছেন, একদিন তাদের বলতেই হবে 'বেণীমাধব, বেণীমাধব, আমি তোমার বাড়ি যাবো।' এই কারণেই এই কথা বলতে হবে, তার কারণ তিনি খুব সুন্দরভাবে খুব অল্প সময়ের মধ্যে বাজেট পেশ করেছেন। ওরা মাইনোরিটির কথা বলেন। আমি যেখানে থাকি অশোক গুপ্তর ২৪-পরগনা, অশোকনগরের মৌলানা আজাদ হাইস্কুল—সেই স্কুলে প্রায় ১০০ শতাংশ

মুসলিম পড়াশোনা করেন এবং সেখানে ২১০০ ছাত্র-ছাত্রী আছে। গত ৩৪ বছরে সেই স্কুল কিন্তু উচ্চমাধ্যমিক হয়নি। মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর প্রচেষ্টায় আমরা দেখলাম গত ৬ মাসের মধ্যেই সেই স্কুল উচ্চমাধ্যমিক হল। আপনারা জানবেন, ৫০০ স্কুল ইতিমধ্যে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক হয়েছে। আমাদের ওখানে যে স্কুলের কথা আমি বলছি, সেই স্কুলে কিন্তু গত ৩৪ বছরে এরা কিছুই করেননি। বন্ধুগণ, আমি আপনাদের কাছে বলবো—কৃষকের কথা ওরা বলেন। রবিঠাকুরের ভাষায় বলি, 'বাবু কহিলেন বুঝেছ উপেন, এ জমি লইব কিনে'। ওরা কৃষকের জমি নিয়ে নিয়েছেন। কিন্তু এই সরকার ইতিমধ্যে ৬২টি কৃষি মার্কেট, কৃষি মান্ডি করেছেন এবং আরো কিছু পরিকল্পনা রয়েছে, সেগুলো করবেন। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটে শুধু শিক্ষা ক্ষেত্রে নয়, অন্যান্য ক্ষেত্রেও, খেলাধূলার ক্ষেত্রে একটা দিশা তিনি দেখিয়েছেন। পশ্চিমবঙ্গে খেলাধূলা যে জায়গায় এসে দাঁড়িয়েছিল, কিন্তু ক্রীড়ামন্ত্রীকে তিনি যে টাকা স্যাংশন করেছেন তাতে ক্রীড়া আরো অনেক বেশি উন্নতি হবে বলে আমরা আশা করি। বামফ্রন্টের বন্ধুরা নিশ্চিতভাবে স্বীকার করবেন—পশ্চিমবঙ্গে যে শিশু ভূমিষ্ঠ হয় তার মাথার উপর ২১ হাজার টাকা দেনা রেখে আপনারা এখান থেকে চলে গেলেন। এই ক্রুশিয়াল অবস্থার মধ্যে তিনি অর্থনীতিবিদ হিসাবে এবং পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী হিসাবে যেভাবে খুব অল্প সময়ের মধ্যে কাজের দিশা দিচ্ছেন, এর জন্য মাননীয় অর্থমন্ত্রীকে আমরা নিশ্চিতভাবেই অভিনন্দন জানাতে পারি। আপনারা জানেন, ইতিমধ্যেই গ্যাসের দাম বেড়ে যাওয়ার জন্যে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছিলেন কোনো অবস্থাতেই গ্যাসের দাম বাড়ানো যাবে না। মাননীয় অর্থমন্ত্রীকে দেখলাম, গ্যাসের দাম যাতে কোনো অবস্থায় না বাড়ে, তার আনুষঙ্গিক খরচও যাতে কম হয়, তার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করে গেছেন। এগুলোকে আপনারা কি বলবেন ? আমি বামফ্রন্টের বন্ধুদের কাছে বলি, একটু অপেক্ষা করুন, ৩৪ বছরে অনেক কিছু করবেন বলেছেন, কিন্তু কোন জায়গায় এসে দাঁড়িয়েছে একবার ভেবে দেখেছেন ? দেশটা এগিয়েছে নিশ্চিতভাবে, এ কথা অস্বীকার করার কোন কারণ নেই। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো যেমন ট্রেনের গতিতে ছুটছে, পশ্চিমবঙ্গ ঠিক তেমনিভাবেই গরুর গাড়ির মতো আস্তে আস্তে এগিয়েছে। আজকে একথা অস্বীকার করবেন না আপনারা, কমপিউটার শিক্ষাতে আমরা একটা লজ্জাজনক অবস্থায় এসে দাঁড়িয়েছি। কারিগরি শিক্ষাতে পশ্চিমবঙ্গে ১.৫, যেখানে মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, আমাদের আগেও এগিয়ে রয়েছে অন্যান্য রাজ্যগুলো। সেখানে এই দুরবস্থা আমাদের। সুতরাং, আপনাদেরকে ভাবতেই হবে।

[3.00 – 3.10 p.m.]

মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি বলতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করছি আমরা। শুধু আমরা নয়, আপনারা একটু অপেক্ষা করুন যে কাজগুলো আপনারা করতে পারেননি নিশ্চিতভাবে আমরা সেই কাজগুলো করবো, একটু সময় দিতে হবে আমাদেব। মাত্র ৯ মাসের মধ্যে গেল গেল রব করবেন না, স্বাস্থ্যের ব্যাপারে আমি বলবো—আপনারা বলুন তো স্বাস্থ্যকে কি অবস্থায় রেখে গেছিলেন আপনারা একথা তো অস্বীকার করা যাবে না একজন মাননীয়

বিধায়ক বলছিলেন তিনি নাকি গিয়েছিলেন কোন হসপিট্যালে, হসপিট্যালে যাওয়ার পর তার উপরে দুর্ব্যবহার করেছেন। শুধু কি তাই আমি আপনাদের কাছে বলছি, দীর্ঘদিন সংগঠন করার সুবাদে আমরা দেখেছি হসপিট্যালগুলোতে কি অবস্থা এসে দাঁড়িয়েছে। প্রতিদিন সংবাদপত্রে আপনারা দেখেছেন হসপিট্যালে স্যালাইনের বোতলের মধ্যে কেরোসিন তেল দিয়ে দেওয়া হচ্ছে। এই অবস্থা হসপিট্যালগুলোর হয়েছে। এই ইনফ্রাস্ট্রাকচারকে নিয়ে আস্তে আস্তে চেষ্টা করা হচ্ছে হসপিট্যালগুলোতে আরও বেশি উন্নতি করা যায়। আপনারা জানবেন প্রাথমিক শিক্ষা এবং উচ্চশিক্ষার জন্য ইতিমধ্যে ৪৪ হাজার শিক্ষক নিয়োগ করার ব্যবস্থা করা হয়েছে। সময় লাগবে, নিশ্চিত হবে বলে আমরা বিশ্বাস করি। দিশাহারা হবার কোনো কারণ নেই। খুব অল্প সময়ের মধ্যে এই ক্রুশিয়াল অর্থনৈতিক অবস্থার মধ্যে আস্তে আস্তে করে আমাদের এই মা-মাটি-মানুষের সরকার, তিনি এগোচ্ছেন। তাঁরা নিশ্চয়ই করতে পারবেন। এই বিশ্বাস আমরা রাখি। শুধু আপনাদের কাছে বলি আপনারা অযথা চিৎকার করবেন না। কারণ গত ৩৪ বছরে আপনারা পশ্চিমবঙ্গের কোন দিশা দেখিয়েছেন যে যার জন্য আপনারা গর্ব করতে পারেন যে পশ্চিমবঙ্গে আপনারা কাজ করলেন। আপনাদের কাছে বলি যদি কখনও কোনো গিনেস বুকে লেখা হয় পশ্চিমবঙ্গের কথা, ভাবতে লজ্জা করে যে রাজ্যে আমরা বসবাস করি সেখানে আমি—আপনি কিছু নন। বাংলার বাইরে কোন একটা জায়গাতে আমি গিয়েছিলাম। সেখানে আমাকে বলে যে তুমি সেই রাজ্যের মানুষ, যে রাজ্যে জ্যান্ত মানুষকে মাটির তলায় চাপা দিয়ে দেওয়া হয়। যে মানুষকে মাটির তলায় পেট কেটে চাপা দিয়ে দেওয়া হয়। আপনারা এই করেছেন গত ৩৪ বছরে। সুতরাং আমি আপনাদেরকে বলব, আপনারা যারা আছেন অর্থমন্ত্রীর যে বাজেট তাকে সমর্থন করতে হবে এই কারণে, এই ক্রুশিয়াল অবস্থার মধ্যেও যে দিশা দেখিয়েছেন, আমরা বিশ্বাস করি আপনারা অপেক্ষা করুন। পশ্চিমবঙ্গ তার হৃত গৌরব নিশ্চয়ই ফিরে পাবে। কারণ পশ্চিমবঙ্গে আমরা অনেক পিছিয়ে পড়েছি। তাই এই বাজেটকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি। নমস্কার। ধন্যবাদ।

শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, গত ২৩শে মার্চ মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১২-২০১৩ সালে যে বাজেট পেশ করেছেন এবং এই বাজেট পেশ করতে গিয়ে হতাশা প্রকাশ করেছেন যে বিগত সরকারের সময় এত ঋণ করে গেছে যার ফলে ঋণের বোঝা মাথায় করে আগামী দিনে চলা খুব কষ্ট। তিনি হতাশা প্রকাশ করেছেন। যদিও তাঁর দ্বারা আর্থিক বিবরণীতে তিনি এটা স্বীকার করেছেন যে, ইতিমধ্যে ২০১০ পর্যন্ত যে আর্থিক বিবরণী তিনি দিয়েছেন, সেখানে বিগত বামফ্রন্ট সরকারের সময় পশ্চিমবাংলার যে অর্থনৈতিক অগ্রগতি এবং কর্মসংস্থানের প্রশ্নে যে অগ্রগতি তার আর্থিক বিবরণীতে তিনি স্বীকার করে নিয়েছেন এবং সরকার পক্ষের সদস্যরা বারবার একটা কথা বলবার চেষ্টা করেছেন যে পশ্চিমবাংলার প্রত্যেকটি মানুষের উপর ২১ হাজার টাকা ঋণের বোঝা এটা নাকি ভারতবর্ষের সবচেয়ে বেশি।

আমি বলব এটা হচ্ছে একটা বিভ্রান্তিকর তথ্য। আপনারা দেখবেন রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার তথ্য অনুযায়ী ভারতবর্ষের মাথাপিছু ঋণের বোঝা এখন ৩২ হাজার ৩১১ টাকা। সেই ক্ষেত্রে আমরা—পশ্চিমবাংলা দ্বাদশ স্থানে আছে। কাজেই এটা হচ্ছে বিভ্রান্তিকর তথ্য। মাননীয় অর্থমন্ত্রী বিগত বাজেটে অর্থাৎ ২০১১-১২ আর্থিক বাজেট পেশ করতে গিয়ে যে কথাটা বলেছিলেন যে রাজস্ব বৃদ্ধি করার মধ্য দিয়েই আমরা এই অর্থনৈতিক যে ব্যবস্থা, তার মোকাবিলা করব। তিনি বলেছিলেন ত্রিশ শতাংশ রাজস্ব বৃদ্ধি ঘটাবো। কিন্তু বাস্তবে কি হয়েছে ? রাজস্ব বৃদ্ধির পরিমাণ হয়েছে আপনাদের ১৮ শতাংশ। ইতিমধ্যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো কেউ বৃদ্ধি ঘটিয়েছে ২৩ শতাংশ, কেউ ঘটিয়েছে ২২ শতাংশ। আপনারা ঘটিয়েছেন ১৮ শতাংশ এবং বামফ্রন্ট সরকার শেষ বছরে ২৫ শতাংশ রাজস্ব বৃদ্ধি ঘটাতে পেরেছিল। কাজেই আপনারা—রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার রিপোর্ট এটা, তথ্য দেখে নেবেন। আর্থিক বিবরণীটা একটু ভালোভাবে দেখে নিলে আপনারা বুঝতে পারবেন যে আপনারা কি রকম বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করেছেন, এই হাউসকে বিভ্রান্ত করেছেন। অর্থমন্ত্রী দাবি করেছেন যে পশ্চিমবাংলায় কৃষকের স্বার্থে আপনারা ৩৪১টি মান্ডি ব্র্যাকেটে বাজার বলা আছে। অর্থাৎ কৃষকদের কাছ থেকে কৃষকদের উৎপাদিত পণ্যগুলো আপনারা কিনবেন। লেখা নাই কে কিনবে। মান্ডি তৈরি হবে, বাজার তৈরি হবে, কিনবে কে ? কেননা আমাদের তো অভিজ্ঞতা আছে। গত বছর আপনারা বলেছিলেন যখন খরিফ মরসুমে ধান ওঠা শুরু হল, কৃষক যাতে ডিস্ট্রেস সেল না করে—অভাবী বিক্রি করতে যাতে বাধ্য না হয়, আপনারা ধান কিনবেন। ধান কেনার একটা সংস্থা আছে—এফ.সি.আই.। নামাতে পেরেছিলেন এফ.সি.আই. কে ? কেননা আমাদের তো অভিজ্ঞতা আছে। গত বছর আপনারা বলেছিলেন যখন খরিফ মরসুমে ধান ওঠা শুরু হল, কৃষক যাতে ডিস্ট্রেস সেল না করে, অভাবী বিক্রি করতে যাতে বাধ্য না হয়, আপনারা ধান কিনবেন। ধান কেনার একটা সংস্থা আছে—এফ.সি.আই.। নামাতে পেরেছিলেন এফ.সি..আই. কে ? কৃষক কি আপনাদের বেঁধে দেওয়া ধানের দাম পেয়েছিল ? আমরা যে কারণে—আমাদের জেলার এম.এল.এ.দের খাদ্যমন্ত্রী ডেকেছিলেন। আমাদের তিনি বললেন যে প্রতিটি ব্লকে একটি করে ধান কেনার কেন্দ্র খোলা হবে। খোলা হয়নি। তা সত্ত্বেও আমি বলেছিলাম আমার যে বিধানসভা কেন্দ্র, শেষ প্রান্তের কৃষকের বাড়ির থেকে বি.ডি.ও. অফিসের দূরত্ব হচ্ছে চল্লিশ কিলোমিটার। যে সমস্ত প্রান্তিক চাষিরা দু'মন, চার মন ধান নিয়ে, অভাবী বিক্রি ওরাই করে, বিক্রি করতে যাবে তার খরচ পোষাবে ? চল্লিশ কিলোমিটার দূরে পাঁচ মন ধান নিয়ে যেতে হলে তাকে একটা ট্রাক ভাড়া করতে হবে। কত লাগবে ? বা লরি ভাড়া করতে হবে। আমি মন্ত্রীমহাশয়কে পরামর্শ দিয়েছিলাম যদি প্রান্তিক চাষিদের আপনি সত্যিই সাহায্য করতে চান, তাহলে গ্রামে গ্রামে যে হাটগুলো আছে, যেখানে কৃষকরা তাদের পণ্যগুলো বিক্রি করে, সেই হাটগুলোতে আপনি কিনবার কেন্দ্র খুলে দিন। প্রতিদিন খুলতে হবে না। সপ্তাহে একদিন হাট হয় বা কোথায় কোথায় দু'দিন হয়। হাটগুলোতে যাবে, কিনবে। পারলেন না। এখনও পর্যন্ত কৃষকরা আটশোর উপরে ধান বিক্রি করতে পারছে না।

[3.10—3.20 p.m.]

এবার আপনারা বলছেন মান্ডির মাধ্যমে সমস্ত পণ্য কিনবেন। যদি মহাজন কেনে কৃষকরা কি ন্যায্য দাম পাবেন ? সরকার থেকে ব্যবস্থা করতে হবে কৃষকদের কাছ থেকে সমস্ত ফসলগুলি কিনে নেওয়ার জন্য। অর্থমন্ত্রীর বিবৃতিতে সে কথার উল্লেখ নেই। স্বাভাবিকভাবে আমার আশঙ্কা আবার মহাজনদের হাতে, ফড়িয়াদের হাতে কৃষকদের ছেড়ে দেওয়া হবে। আমি মনে করি না অর্থমন্ত্রীর এই দাবিকে সমর্থন করা যায়, যায় না। বামফ্রন্ট সরকারের সময় বলা হয়েছিল যে পশ্চিমবাংলায় কৃষিতে আমরা অনেকটাই এগিয়েছি। ধান, চাল উৎপাদনে আমরা ভারতবর্ষে এক নম্বরে গিয়েছি। আমাদের শিল্পের দিকে নজর দিতে হবে। আপনারা একথা মানবেন যে শিল্পের অগ্রগতি ছাড়া একটা রাজ্য বা দেশের অগ্রগতি সম্ভব নয়। শুধু ধান উৎপাদন করেই আমাদের দেশটা তরতর করে এগিয়ে যাবে সেটা হতে পারে না। সেই কারণে শিল্প করবার দিকে পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। যদিও অর্থমন্ত্রী এই বাজেট বিবৃতিতে দাবি করেছেন ইতিমধ্যে নাকি আশি হাজার কোটি টাকার শিল্পের প্রস্তাব এসেছে। এখন সেটা বাস্তবে কতটা রূপায়িত হবে কি হবে না সেটাই দেখার। আপনারা আরো কিছু বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করেছেন। অর্থমন্ত্রী দাবি করেছেন যে সোনারপুরে একটা হার্ডওয়্যার আই.টি. প্রোজেক্ট, হার্ডওয়্যার হবে বিভ্রান্তিকর না ? বামফ্রন্ট এই পরিকল্পনা গ্রহণ করেছিল যে সোনারপুরে একটা হার্ডওয়্যার প্রকল্প গ্রহণ করা হবে। সেটা আপনারা বলছেন যে আপনারা নতুন করে করবেন। আই.টি.তে বা ইনফরমেশন টেকনোলজিতে পশ্চিমবাংলা—কিছুক্ষণ আগে মাননীয় সদস্য ধীমানবাবু বলছিলেন অনেকটা নাকি পশ্চিমবাংলাকে পিছিয়ে দিয়েছে বামফ্রন্ট। গোটা ভারতবর্ষের রিপোর্ট সংগ্রহ করুন। হ্যাঁ, আমরা একেবারে সামনে নেই কিন্তু আমরা অনেকটা পিছনে ছিলাম পশ্চিমবাংলা বামফ্রন্টের আমলে সেটা ঠিক নয়। এটা বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করেছেন আপনারা। আই.টি. প্রোজেক্টের একটা বড় আন্তর্জাতিক কোম্পানি সে আসতে চাইছে, বামফ্রন্ট তাকে আসবার জন্য আবেদন করেছিল আপনারা তাকে সম্ভবত রাখতে পারছেন না। ইনফোসিসের কি অবস্থা করেছেন ? রাখতে পারবেন কি না জানি না। দুর্ভাগ্য পশ্চিমবাংলার, দুর্ভাগ্য আমাদের। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী শ্রীকান্ত মাহাতো : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম গত ২৩ তারিখে এই মহতী সভায় অর্থমন্ত্রী যে বাজেট পাশ করেছেন মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী সেই বাজেট পেশকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করার চেষ্টা করছি। ম্যাডাম দীর্ঘ তিন-চারদিন কয়েকটা ঘন্টায় বক্তব্যে শুনছি, মন দিয়ে শুনতে শুনতে আমি যেটা বুঝতে পারলাম যে বিগত গভর্নমেন্টের সময়ে ৩৪ বছরে যে ৩৪টা বাজেট পেশ করেছে সেই বাজেটগুলি ওনাদের চিন্তা-ভাবনা করা দরকার ছিল। ওনারা যে ৩৪টা বাজেট পেশ করেছিলেন আমার মনে হয় সেই ৩৪টা বাজেট ছিল কঙ্কাল করা ৩৪টা বাজেট। কিভাবে ৩৪টা বাজেটকে কঙ্কাল করেছিলেন ওনাদের জিজ্ঞাসা করবেন, ওনাদের প্রশ্ন করতে চাই। যে ৩৪ বছরের

বাজেট, সেই বাজেটে সমস্ত গ্রামের প্রাইমারী স্কুলগুলো মুর্খ তৈরির কারখানা করেছে। ওনাদের যে ৩৪ বছরের বাজেট, গ্রাম থেকে গ্রামান্তরে সমস্ত হসপিটালগুলো বন্ধ হয়ে গেছে। দেখবেন ভীমপুর, লালগড়, রামগড় থেকে, রায়পুর থেকে সারা জঙ্গলমহল থেকে প্রত্যেকটা জায়গায় হসপিটালগুলোকে বন্ধ করে দিয়েছে, যেগুলো ৬০-এর, ৭০-এর দশকে হসপিটাল তৈরি করেছিল। জিজ্ঞাসা করতে চাই—যে একজন বিরোধীদলের সদস্য বক্তব্য রাখছিলেন, তাঁর হসপিটাল এই বিধানসভাতে। আমাদের পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রায় ৩০ লক্ষ টাকা বরাদ্দ করেছে, কয়েক কোটি টাকা বরাদ্দ করে এলাকায় ডেভেলপমেন্টের কর্মসূচী চলছে। আমাদের বাজেটের মধ্যে যে দিশা দেখিয়েছে, সারা জঙ্গলমহল থেকে শুরু করে কয়েক হাজার স্কুলকে এইচ.এস. করা থেকে শুরু করে এই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমাঞ্চল থেকে, উত্তরবঙ্গ থেকে সারা বাংলাকে হাজার হাজার মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা, শান্তি এবং সুশানের একটা ব্যবস্থার জোয়ার তৈরি হয়েছে। যে জোয়ারের মধ্যে দিয়ে মানুষ দেখতে পেয়েছে একটা স্বাধীনতার আস্বাদন। আমরা বলতে চাই, এই বাজেটের মধ্যে দিয়ে আগামী এক বছরের মধ্যে মানুষ শুধু দিশা পাবে না, মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান পূরণ হবে, যেটা ধ্বংস করেছে বিগত ৩৪ বছরের বামফ্রন্ট গভর্নমেন্ট। যারা বলত আমরা সর্বহারার সরকার তৈরি করেছি। '৭৭ সালে, যারা বলত কৃষক, শ্রমিকের সরকার তৈরি করেছি—ওদের কাছে প্রশ্ন করতে চাই, শ্রমিকের জন্য কি তৈরি করেছো ? যে তত্ত্বটা লিখেছিল—'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ' কৃষিতে কি ভিত্তি স্থাপন করেছে কমরেডরা ? প্রশ্ন করতে চাই, সারা বাংলাতে ধান বীজ আজকে ওড়িশা থেকে আনতে হয়, আলু বীজ পাঞ্জাব থেকে আনতে হয়, অন্ধ্রপ্রদেশ থেকে সবজি বীজ আনতে হয়—তাহলে কি বলতে পারি না যে ৩৪ বছরের বাজেট প্রতিটা ক্ষেত্রে কংকালের বাজেট তৈরি করেছিল বিগত ৩৪ বছরের বামফ্রন্ট গভর্নমেন্ট। সর্বক্ষেত্রে সর্বহারা তৈরি করেছে। মানুষকে শিক্ষায় সর্বস্বান্ত করেছে, মানুষকে চিকিৎসায় সর্বস্বান্ত করেছে, মানুষকে বাসস্থানে সর্বস্বান্ত করেছে, সারা বাংলাতে এক কোটি বেকার তৈরি করেছে, যারা প্রতিদিন দিল্লি, মুম্বাই, মেদিনীপুরে কাজ করতে দেখা যায় সোনার দোকানে এবং রাজমিস্ত্রী হিসাবে। তারা খড়গপুর, মেদিনীপুর স্টেশনে, হাওড়া স্টেশনে ট্রেনে চেপে কাজ করতে যায়। আমরা কি প্রশ্ন করতে পারি না ? যে বাজেটের মধ্যে দিয়ে মানুষের শিক্ষার সংস্কার করছে, যে বাজেটের মধ্যে দিয়ে সারা বাংলার মরে যাওয়া, ভেঙে যাওয়া, ধ্বংসস্তূপে পরিণত হওয়া কৃষি ফার্মকে খুলতে চাইছে, সে বাজেটকে কি করে বলতে পারে যে দিশাহীন বাজেট। আমি মনে করি, ৩৪ বছর যে বাজেটটা পেশ করেছিল, সেই বাজেটের মধ্যে দিয়ে যা তৈরি করেছে সারা বাংলাকে, তাই আজকে ভালো বাজেট দেখেও দিশাহারা হয়ে গেছে ঐ বিরোধী দলের সদস্য বন্ধুরা দেখে। আমি বলতে চাই, এই বাজেটের মধ্যে দিয়ে সমস্ত মানুষের কল্যাণ হবে, এই বাজেটের মধ্যে জাতি, দল নির্বিশেষে, কি তৃণমূল, কি সি.পি.আই.এম., কি কংগ্রেস, সাধারণ মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা, শান্তির একটা জায়গা পূরণ হবে। যা ৩৪ বছরে মানুষ হারিয়েছিল। তাই আমাদের প্রত্যেককে সমর্থন করা—শুধু সরকারে আছি বলে সমর্থন নয়, এটা সমর্থন করার মত বাজেট। যে বাজেটের

মধ্যে দিয়ে মানুষের একটা দিশা দেখতে পাওয়া যায়। মানুষের একটা কল্যাণের কাজকর্ম দেখতে পাওয়া যায়। যে বাজেটে বলা হয়েছে যে, ক্রীড়া দপ্তরে ৫৫ কোটি থেকে ৯০ কোটি, যে দপ্তরে বলা হয়েছে—যুব কল্যাণে ৩০ কোটি থেকে ১০০ কোটি, যে বাজেটে বলা হয়েছে ২ টাকা কেজি চাল, যে বাজেটে বলা হয়েছে দারিদ্রসীমার নিচে মানুষকে আমরা চাল এবং খাবার পৌঁছে দিতে চাই, যে বাজেটে বলা হয়েছে ২০৫ কোটি টাকা পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের জন্য—ওই সরকারকে জিজ্ঞাসা করুন পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর বলে কোনো দপ্তর ছিল না, যে দপ্তরের ঘর-বাড়ি ছিল না, যে দপ্তরে কোনো কাজ হয়নি। একমাত্র আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় এসে ১৮৩ কোটি টাকা বিগত ১০ মাসে ব্যয় করেছে, আবার ২০৫ কোটি টাকা বরাদ্দ করেছে। কি করে বলতে পারেন এটা দিশাহীন বাজেট ? আমরা যদি সত্যিকারের এটা সমর্থন করে থাকি, সত্যিকারের ভালো চোখ দিয়ে যদি আমরা এটা দেখতে পারি, তাহলে এই বাজেটের মধ্যে দিয়ে মানুষের শুধু কল্যাণ নয়, এই বাজেটের মধ্যে দিয়ে হাইকোর্টের এবং যারা উকিল আছে তাদেরকে ১০০০ টাকা ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই বাজেটের মধ্য দিয়ে মানুষের শিক্ষা ব্যবস্থার সংস্কার করা হয়েছে, এই বাজেটের মধ্যে দিয়ে মাধ্যমিক স্কুলকে এইচ.এস. করা হয়েছে। আমাদের এই ১০ মাসের গভর্নমেন্ট কয়েক হাজার স্কুলকে এইচ.এস. করেছে। কেন ৩৪ বছরে ধরে পারেনি ? আমাদের ভীমপুর থেকে লালগড় থেকে রামগড় যে হসপিটালগুলো বন্ধ হয়ে গিয়েছিল, সেই হসপিটালগুলোর খোলার কাজকর্ম চলছে, ঝাড়গ্রাম হাসপাতালকে জেলা স্বাস্থ্য হাসপাতাল করা হয়েছে। মুখে শুধু বলা নয়, দেখে আসবেন গিয়ে কাজ শুরু হয়েছে, বিল্ডিংয়ের কাজ হয়েছে, বেড চালু হয়েছে, মানুষ চিকিৎসা পরিষেবা পাচ্ছে। হসপিটালে গেলে আগে ওষুধ পাওয়া যেত না।

[3.20 – 3.30 p.m.]

আগে খাবার পাওয়া যেত না, মানুষের চিকিৎসার কোনো দায়িত্ব নেওয়া হত না। আর বলছেন মেলা। আমরা বলতে চাই বাংলাতে আজকে যারা বিরোধী, যারা বিগত সরকারে ছিলেন, মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা শুধু ধ্বংস করা নয়, মানুষের মন, মনুষ্যত্ব, বিবেককে ধ্বংস করেছে। মানুষের ভালো কাজ করার মানসিকতাকে ধ্বংস করেছে। ১৯৬০-৭০-এর দশকে আমরা দেখেছি যারা শিক্ষা দিত মাটির দেওয়াল খড়ের ছাউনি ঘরে, আজকে তরতাজা শিক্ষিত যুবক যারা শিক্ষকতা করতে যায়, ৩০ হাজার টাকা বেতন পায়, এক কোটি টাকার বিল্ডিং-এ যায়, মিড-ডে মিলের খাওয়ার পায়, অথচ আজকে সেই শিক্ষার সংস্কার করছে না আজকের যুব সমাজ। কাদের তৈরি করা এই মনুষ্যত্ব ? বিগত বামফ্রন্ট গভর্নমেন্ট ধ্বংস করেছে মানুষের মনুষ্যত্ব, বিবেককে। তাই এই বাজেটের মধ্যে দিয়ে, বিবেক মেলার মধ্যে দিয়ে, মানুষের মনুষ্যত্বের জাগরণ ঘটিয়ে এই বাজেট আগামী দিনে মানুষের জন্য একটা নতুন দিশা তৈরি করবে, দেশকে উন্নত করার একটা জায়গায় পৌঁছে দেবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মমতা রায় : মাননীয় উপাধ্যক্ষ ম্যাডাম, গত ২৩ মার্চ ২০১২ তারিখে এই মহতী সদনে যে বাজেট পেশ করা হল, সেই বাজেটের উপর আমাদের সদস্যরা যে বক্তব্য

রেখেছেন, তাদের সমর্থন করে আমি দু-চারটি কথা বলব। ২০১২-২০১৩ সালের পূর্ণাঙ্গ পেশ করে মাননীয় মন্ত্রী মা-মাটি-মানুষের সরকার বলে বারবার সমগ্র বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন। মাননীয় ম্যাডাম মহোদয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমান সরকারের সময়ে মা হয়েছে লাঞ্ছিতা-ধর্ষিতা, মাটি হয়েছে রক্তাক্ত, মানুষ বেছে নিয়েছে আত্মহননের পথ। অর্থাৎ মা-মাটি-মানুষের ফানুস ফেটে চৌচির হয়ে গেছে। মাননীয় ম্যাডাম, সমস্ত বাজেট প্রস্তাবে রয়েছে কথার ফুলঝুরি, প্রতিশ্রুতির বন্যা, আর ৩৪ বছরের কিছু হয়নি সেটি বোঝানোর ঐকান্তিক প্রচেষ্টা। রাজ্য বাজেট প্রস্তাব দাঁড়িয়ে আছে কেন্দ্রীয় সরকারের বদান্যতার উপর। একটি উপমা দিলে আপনারা বিষয়টি স্পষ্ট বুঝতে পারবেন। মাননীয় অর্থমন্ত্রীর ধারণা কর থেকে রাজস্ব আসবে ৭৬ হাজার ৭৪৩ কোটি টাকা। খরচ দাঁড়াবে ৮৩ হাজার ৭১৯ কোটি টাকা। অর্থাৎ রাজস্ব ঘাটতি হবে ৬ হাজার ৯৭৬ কোটি টাকা। গত বছরও তিনি ভেবেছিলেন ঘাটতি হবে ৮ হাজার ২৯০ কোটি টাকা। বাস্তবে ঘাটতি হয়েছে ১৭ হাজার ২৭৩ কোটি টাকা। রাজস্ব আদায় ৩০ শতাংশ বৃদ্ধি হবে বলে তিনি সদনে উল্লেখ করেছেন। বাস্তবে হয়েছে ২৫ শতাংশ। এই বছর তিনি কিভাবে ঘাটতির হিসেব ধরে রাখবেন, তার কোনো স্পষ্ট ব্যাখ্যা তিনি দিতে পারেননি। এই বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন বলে মনে করি। এই ক্ষেত্রে একটি বিষয় সদনের সামনে না আনলে বিষয়টি অসম্পূর্ণ থাকবে বলে আমার মনে হয়। কেন্দ্রের গ্র্যান্ট-ইন-এইড খাতে গত ২০১১-১২ আর্থিক বছরে ২৫ হাজার ৭৯৬ কোটি টাকা পাওয়া যাবে বলে বাজেটে উল্লেখ করলেও বাস্তবে পাওয়া গেছে ১২ হাজার ৭৪৯ কোটি টাকা। এই ক্ষেত্রে পাওয়া যায়নি ৩ হাজার ৪৭ কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী এবারও অর্থাৎ ২০১২-১৩ সালের জন্য কেন্দ্রীয় সরকারের গ্র্যান্ট-ইন-এইড খাতে ২০ হাজার ২৮২ কোটি টাকা পাওয়া যাবে বলে উল্লেখ করেছেন। এই সহায়তা কম পাওয়া গেলে কিভাবে ঘাটতি মেটাবেন, তা সদনে স্পষ্ট করা প্রয়োজন। মাননীয় ম্যাডাম মহোদয়, রাজ্যের উন্নয়নের একটি বড় অংশ নির্ভর করে পঞ্চায়েত ও নগরোন্নয়ন দপ্তরের মাধ্যমে। মাটির কাছাকাছি থাকা মানুষের উন্নয়নে নির্বাচিত পঞ্চায়েত, কাউন্সিলারদের মাধ্যমে যে উন্নয়নের ছোঁয়া পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে, সেই পঞ্চায়েতের উপর রাজ্য বাজেটে কোনো দিশা নেই। পঞ্চায়েত ও গ্রামোন্নয়নে বরাদ্দ কমানো হয়েছে। নগর উন্নয়নে বরাদ্দ কমেছে। সাধারণ মানুষের উন্নয়নের বাজেট, এই কথাটা প্রশ্ন চিহ্নের মুখে পড়ছে। এই বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর স্পষ্ট মত দাবি করছি। মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের মানুষকে বোকা বানাতে চাইছেন। দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের জন্য ২ টাকা কেজি চাল বামফ্রন্টের আমলেই রেশনের মাধ্যমে দেওয়া হচ্ছিল, এটা চালু প্রকল্প, এই প্রকল্পের কথা উল্লেখ করে বর্তমান সরকার সাফল্য দাবি করলে সেটা হাস্যকর হবে। এই প্রকল্পটাকে যদি আরও এগিয়ে নিয়ে যেতে পারেন, গরিব মানুষের জন্য যদি নতুন কিছু ভাবনা ভাবতে পারেন তাহলে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব। কিন্তু দুঃখের বিষয়, বিগত সরকারের প্রকল্পগুলো উল্লেখ করে কিছু স্তাবকের বাহবা পাওয়া গেলেও, সামগ্রিকভাবে এতে কৃতিত্বের কিছু নেই।

শিক্ষা প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী কোনো দিশা দেখাতে পারেননি। যদিও বাজেটে প্রস্তাব রয়েছে, কিন্তু তাতে রয়েছে অনেক অসঙ্গতি ও অস্বচ্ছতা। রাজ্যে শিল্প পরিকাঠামো তৈরি ও শিল্পের প্রসার কিভাবে ঘটাবেন, কিভাবে শিল্প আসবে রাজ্যে, পরিকাঠামো তৈরিতে কত ব্যয় হবে, এই সম্পর্কে কোনো বক্তব্য হাজির করা হয়নি। ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারে পূর্বতন বামফ্রন্ট সরকার রাজ্যের মধ্যে উল্লেখযোগ্য অবস্থান তৈরি করেছিল। বর্তমান সরকারের অর্থমন্ত্রী এই বিষয়ে কি করবেন সেই সম্বন্ধে কার্যত কিছুই বলেননি। ফলে ক্ষুদ্র ও কুটির শিল্পের সঙ্গে যুক্ত মানুষেরা সম্পূর্ণভাবে দিশাহীন। রাজ্যে কর্মসংস্থানের কোনো দিশা এই বাজেটে উল্লেখ করা হয়নি। কিভাবে দশ লক্ষ কর্মসংস্থান হবে তার উল্লেখ করেননি। আপনারা বলছেন এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তৈরি হবে, কিন্তু আমরা দেখছি আপনারা অবসরপ্রাপ্তদের পুনরায় নিযুক্ত করছেন, ফলে বেকার যুব সমাজের প্রতি দিশা দেখাতে ব্যর্থ হয়েছেন। রাজ্য বাজেটে শিক্ষার ব্যাপারে যা বলা হয়েছে তার বেশিরভাগই ফাঁকা আওয়াজ বলে মনে হয়েছে। পার্শ্বশিক্ষক, শিশুশিক্ষক, মাদ্রাসা শিক্ষাকর্মী, ইত্যাদিদের বিষয়ে রাজ্য বাজেটে নীরবতা পালন করেছেন। এই ক্ষেত্রগুলি সম্পর্কে রাজ্য সরকারের কি ভাবনা রয়েছে তার প্রতিফলন বাজেটে থাকা প্রয়োজন ছিল বলে আমি মনে করি। ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি হতবাক হয়ে দেখি, রেল ভাড়া বৃদ্ধির জন্য রেলমন্ত্রীকে পদত্যাগ করতে হয়, আবার পণ্য মাশুল বৃদ্ধি করার ফলে সাধারণ মানুষ যখন প্রতিদিন জর্জরিত হচ্ছে তখন আপনারা নীরব থাকেন। আবার অর্থমন্ত্রী যখন প্রবেশ কর ফিরিয়ে আনার চেষ্টা করছেন, তখন রাজ্যের মুখ্যমন্ত্রী নীরব। এ তো এক যাত্রায় পৃথক ফল। প্রবেশ কর বসানো মানে সব জিনিসের মূল্যবৃদ্ধি ঘটা। সাধারণ মানুষের দুঃখে চোখের জল ফেলা যদি আপনাদের কুমিরের কান্না না হয় তাহলে প্রবেশ কর প্রত্যাহার করুন। মাননীয় অর্থমন্ত্রী চা-য়ে সেস প্রত্যাহার করেছেন, এই জন্য তাঁকে ধন্যবাদ জানাই। চা-শিল্পের অগ্রগতির ক্ষেত্রে এটা সহায়ক হবে বলে মনে করি। চা-শিল্পের অগ্রগতির ক্ষেত্রে এটা একটা দিক, চা-শিল্পের মালিকরা এতে উপকৃত হবেন। কিন্তু চা-শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের জন্য এখানে কিছু নেই। দুর্ভাগ্য হল, বকেয়া পাওনা শ্রমিকরা পায় না। শ্রমিক বস্তী উন্নয়নের কোনো ভাবনা এখানে নেই, অনাহার তাদের নিত্য সঙ্গী। এই বিরাট অংশকে বাদ দিয়ে চা-শিল্পের অগ্রগতি কি সম্ভব ? চা শ্রমিকদের প্রশ্নে শ্রম আইনকে কঠোরভাবে বলবৎ করা হবে, শ্রমিকদের ন্যায্য পাওনা প্রদান করা হবে, শ্রমিক পরিবারের উন্নতির ব্যবস্থা করা হবে, এই আশা রাখি। পরিশেষে বলতে হয়, এই বাজেট প্রস্তাব সাধারণ মানুষকে বোকা বানানোর প্রস্তাব। এখানে লাঙ্গলের ফলা, সার, বীজ, এসবের দাম কমানো হয়নি। কিন্তু ঘুড়ি, জুতোর ফিতে, এসব তো ছেলেদের খেলনা যা তার দাম কমানো হয়েছে, যা সাধারণ মানুষের কোনো কাজে লাগে না। কুৎসা করে কিছু লাভ হবে না। চাই মানুষের প্রয়োজন। বাংলার উন্নয়নে সামগ্রিক ভূমিকা গ্রহণ করুন। তাই আমি বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.30 – 3.40 p.m.]

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়া, আমার খুব ভালো লাগছে আজকে আমি প্রথমবার নির্বাচিত সদস্য এবং পরপর দুবার আমি বাজেটের উপর আমার বক্তব্য রাখছি। রাখতে গিয়ে প্রথমেই আমার মনে পড়ছে বিরোধী দলের মাননীয় সদস্যদের কথা যেভাবে ওঁরা বাজেটের বিরোধিতা করছেন আমি দেখছিলাম, মানে এমন এমন কিছু কথা বা তথ্য যেগুলো একদম ব্যক্তিগত পর্যায়ে এবং যার সাথে বাজেটের বহু জায়গায় কোথাও কোনো মিল নেই। ওঁরা বলছেন কোথাও দিশাহীন ইত্যাদি। আমি একটাই কথা মনে করিয়ে দিতে চাই ওঁরা নিজেদের বলেন সর্বহারা আর তারপরে এই বাজেট যে বাজেট অমিত মিত্র মহাশয় পেশ করেছেন সেই বাজেটকে দেখে এমন দিশাহীন হয়ে গেছেন যে এখন আমার মনে হয় তারা দিশাহারা হয়ে গেছেন। আর আরও কিছুদিন গেলে তারা বাক্যহারা হবেন। আর পঞ্চায়েতের নির্বাচনের পরে তারা হারবেন গো-হারা। সুতরাং এখন এই রকম অবস্থা দাঁড়িয়েছে আমাদের মাননীয় বিরোধী সদস্যদের। যাই হোক, আমি অজস্র ধন্যবাদ দিই আমাদের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয়কে, যিনি তার মিত্রতা দেখিয়েছেন পশ্চিমবঙ্গের মানুষের জন্য। এমন মিত্রতা কারণ আমার মনে হয় যে অবস্থায় পশ্চিমবঙ্গের অর্থনীতি চলে গিয়েছিল, মানে একটা মুমূর্ষু অবস্থা। মানুষ যখন মুমূর্ষু অবস্থায় চলে যায় তখন তাকে বাঁচাতে গেলে অক্সিজেনের প্রয়োজন হয়। এই মুমূর্ষু অবস্থায় পড়ে যাওয়া একটা অর্থনীতি নুইয়ে পড়া, ভেঙে পড়া মানে একদম শেষ অবস্থা থেকে তুলে নিয়ে এসে অক্সিজেন দিয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যেভাবে ২০১২-১৩ সালের বাজেট পেশ করেছেন সেটা আমার পুরোপুরি সমর্থনযোগ্য। আমার মনে হয় আমি এক কথায় যদি বলতে চাই, শুধু বলতে পারি একটাই কথা যে এটা একটা উন্নয়নমুখী বাজেট। এমন একটা বাজেট আমি জানি না, উনি প্রচুর পরিশ্রম করে এই বাজেট করেছেন। একটা সব থেকে বড় হাইলাইট যদি এই বাজেটে থেকে থাকে আমি প্রথমেই সেটা উল্লেখ করব যে পরিকল্পনা খাতে উনি তেইশ হাজার তিনশো একাত্তর পয়েন্ট চুয়াল্লিশ কোটি টাকার যে প্রস্তাব রেখেছেন বিগত দিনের বাজেট যদি আমরা দেখি ইনক্রিজ হয়েছে টোটালি ইলেভেন পয়েন্ট ফাইভ সিক্স পারসেন্ট যেটা খুবই তারিফযোগ্য এবং প্রশংসার যোগ্য বলে আমি মনে করি। সর্বোপরি, পশ্চিমবঙ্গের অর্থনীতি এমন একটা অবস্থায় পড়েছিল, আমি একটাই কথা মাননীয় বিরোধী সদস্যদের প্রতি বলতে চাই যে প্রাক্তন অর্থমন্ত্রী এটা একটা ডেট বম্ব, মনে হয় ঋণের বড় একটা বোমা আমাদের উপরে বিস্ফোরণ ঘটিয়েছিলেন। এমন একটা অবস্থায় গেছে যেটাকে আমাদের ডেট বম্ব বলা ছাড়া আর কোনো রাস্তা আছে বলে আমার মনে হয় না। কারণ যেখানে এফ.আর.বি.এম. অ্যাক্ট চালু হয়ে গিয়েছিল ২০০৫ সালে। সমস্ত স্টেট— সারা ভারতবর্ষের সমস্ত স্টেট, সারা ভারতবর্ষের এমন কোনো স্টেট ছিল না যারা এই এফ.আর.বি.এম. অ্যাক্ট নেয়নি একসেপ্ট সিকিম অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল। কেন নেয়নি ? সিকিমের কথা ছেড়ে দিলাম, সিকিম একটা পাহাড়ী রাজ্য, খুব ছোট্ট রাজ্য আমাদের সাথে কোনো তুলনা চলে না কিন্তু যদি আমরা পশ্চিমবঙ্গের কথা ভাবি, ওয়েস্ট বেঙ্গলকে আমরা

এক্সপেক্ট করি তাহলে একটা জিনিস আমাদের কাছে ক্লিয়ার এফ.আর.বি.এম. অ্যাক্টে একটা বাঁধাধরা নিয়ম ছিল যে নিয়মের মধ্যে কত ঋণ নিতে পারবেন, কতটা তার ফিসক্যাল ডেফিসিট হবে সেগুলো বেঁধে দেওয়া ছিল এবং এই এফ.আর.বি.এম. অ্যাক্ট যদি আমাদের মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রী নিতেন তাহলে কিছুতেই তিনি এতবড় ঋণ নিতে পারতেন না। তাই ওঁর উদ্দেশ্যটা একটা অসাধু উদ্দেশ্য ছিল। সেই অসাধু উদ্দেশ্য চরিতার্থ করতে গিয়ে তিনি এই এফ.আর.বি.এম. অ্যাক্ট থেকে দীর্ঘদিন ধরে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করেছেন এবং এই এফ.আর.বি.এম. অ্যাক্ট না নেওয়ার জন্য আমাদের পশ্চিমবঙ্গের কত টাকার ক্ষতি হয়েছে আমি একটা ক্যাগ রিপোর্ট উল্লেখ করে আপনাদের জানাতে চাই, 'The CAG Report for the year ending March 31st 2010 তাতে বলছে due to delayed enactment of the fiscal responsibility legislation, the state could not avail of total relief of 3157.90 crore during 2005-2010 on account of debt relief, relief on interest payment on debt waiver on outstanding Government of India loans. অর্থাৎ আমার তো মনে হয়, মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব একটা তদন্ত করুন যে কেন তিনি এফ.আর.বি.এম. অ্যাক্ট এন্যাক্ট করেননি এবং তার জন্য পশ্চিমবঙ্গ যে ক্ষতির শিকার হয়েছে তিন হাজার একশো সাতান্ন পয়েন্ট নাইন জিরো অর্থাৎ তিন হাজার একশো আটান্ন কোটি টাকার যে ক্ষতি হয়েছে তার জন্য একটা তদন্ত হওয়া দরকার যে কেন এরা কাজ করে গেছেন। ক্যাগ রিপোর্টের আর একটি খুব উল্লেখযোগ্য দিক আমি মেনশন করতে চাই, মাননীয় সদস্যের জ্ঞাতার্থে। রিটার্ন অন ইনভেস্টমেন্ট, মানে আমাদের যে ইনভেস্টমেন্ট হয় তার উপরে যে রিটার্ন, কি অদ্ভুত দেখুন। Return on investment received by the Government varied between 0 to 0.7 percent, while it paid interest at the average rate of 8.32 to 9.48 percent on its borrowings during 2005-2010 মানে এক অদ্ভুত কথা। রিটার্ন অন ইন্টারেস্ট জিরো থেকে জিরো পয়েন্ট সেভেন, আর সেখানে আমাদের অ্যাভারেজ রেট হচ্ছে, রেট অফ ইন্টারেস্ট পেড হচ্ছে ৮.৩২ থেকে ৯.৪৮%। মানে সাড়ে নয় পারসেন্ট পর্যন্ত আমরা দিচ্ছি। মানে এক অদ্ভুত অর্থনীতির চিত্র দেখছি। এক অদ্ভুত প্রাক্তন অর্থমন্ত্রীকে আমরা পেয়েছিলাম। যারা এই দেশটাকে রসাতলে তুলে দিয়ে চলে গেছেন। আরও একটা অদ্ভুত কথা আমি আপনাদের বলি। যেখানে ক্যাপিটাল এক্সপেন্ডিচার-ক্যাপিটাল এক্সপেন্ডিচার বলতে আমরা কি বুঝি। ক্যাপিটাল এক্সপেন্ডিচার হচ্ছে Capital expenditure which reduce the liabilities and increase the assets মানে অ্যাসেটকে বাড়ায়, লায়াবিলিটি কমায়। সেখানে এনারা কি করেছেন দেখুন। যেখানে ন্যাশানাল অ্যাভারেজ হচ্ছে ১৪.৮৫% মানে প্রায় পনেরো পারসেন্টের কাছাকাছি। সেখানে লজ্জায় মাথা হেঁট হয়ে যায় যখন অন্য জায়গায় কোথাও আমরা এটা নিয়ে বলতে যাই। সেখানে পশ্চিমবঙ্গের অ্যাভারেজ হচ্ছে ৪.৮৪% মানে লেস দ্যান ফাইভ পারসেন্ট ইন দ্য ইয়ার ২০০৯-২০১০। মানে পশ্চিমবঙ্গকে বলার কোনো জায়গা রাখেনি। আমি টুয়েলভ্‌থ ফাইনান্স কমিশন—যেটা দিয়েছেন ১২তম

আমাদের ফাইনান্স কমিশন তার একটুখানি রিপোর্টের একটা লাইন আমি পড়ব। টুয়েলভ্থ ফাইনান্স কমিশন রেকমেন্ড করছেন to bring down the fiscal deficit in the 2008-2009. মানে টুয়েলভ্থ ফাইনান্স কমিশন যে রেকমেন্ডশন দিয়েছেন সেটাও আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী ২০০৯ সালে কার্যকর করেননি। আবার একটা ক্যাগের উদ্ধৃতি আমি দিচ্ছি। It also noted that there was a striking mismatch between assets and liabilities of the State as only 27% of the State liabilities had asset backup at the end of 2008-2009. আমার মনে হয় না কি উত্তর আপনারা দেবেন যে, আপনাদের অ্যাসেট ব্যাক আপ আছে অনলি ২৭% আউট অফ হান্ড্রেড পারসেন্ট। মানে দেখুন সরকারের কি দৈন্যদশা। আমি আর একটু রিপোর্ট পড়ছি আপনাদের কাছে। Due to non-achievement of the target of identification of Antyodaya Annapurna Yojana আপনারা শুনুন কিছুক্ষণ আগে আমি দেখছিলাম, অন্যান্য সময়ে আপনারা চেঁচান বি.পি.এল. কার্ড, অন্যান্য কার্ড, অন্যান্য যোজনার কথা বলে। আপনারা শুনুন Due to non-achievement of the targets of identification of Antyodaya, Anna Yojana more than 3,00,000 families were denied benefit, while 19,30,000 families were deprived of owning to non-issue of ration cards. অন্ত্যোদয় যোজনা মানে ১৯ লক্ষ ৩০ হাজার লোক ডিপ্রাইভড্ হয়েছে শুধুমাত্র এই অন্নপূর্ণা অন্ত্যোদয় যোজনার এই কার্ডগুলি আপনারা করতে পারেননি বলে। আমি জানি না কি বলবেন আপনারা এরপরে। সব থেকে বড় কথা আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেব যে রেভিনিউ ডেফিসিট অন্যান্য বাজেটে কি ছিল, তার একটা তুলনামূলক চিত্র আপনাদের সামনে তুলে ধরছি। এটা আমার চিত্র নয়। আমি মাননীয় বিরোধী দলনেতাকে বলতে চাইছি। এটার সোর্স রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া। যে টোটাল রেভিনিউ ডেফিসিট আপনাদের সময়ে ছিল ২০০৮-০৯ সালে, আমি এখানে তিন বছরের করেছি। ২০০৮-০৯ সালে ছিল ১২,৬৭৮ ; সেখানে ২০০৯-১০ সালে ২৩,০৫৪। সেখানে ২০১০-১১ সালে উনি অবশ্য একটু কমাবার চেষ্টা করেছিলেন ১৭,১৬৬। আবার এগরো-বারো সালে যখন আমরা পেলাম, সেখান থেকে মাননীয় অর্থমন্ত্রী দেখুন একদম বাড়াননি ১৭,২৭৪। আর এবারে উল্লেখযোগ্যভাবে তিনি কমিয়েছেন ৬৫৫৬। মানে এটা প্রশংসার যোগ্য, তারিফের যোগ্য। আমি ওনাকে স্যালুট করছি। ইভেন ফিসক্যাল ডেফিসিট—আরও একটা দিচ্ছি। ফিসক্যাল ডেফিসিট যেখানে আপনাদের মাননীয় অর্থমন্ত্রীর সময়ে ২০০৯-১০ সালে ২৭,৪৬৬ কোটি টাকা ছিল, সেখান থেকে ২০১০-১১ সালে ২১,০০০ হয়েছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী দেখুন কোথায় নামিয়ে নিয়ে চলে গেছেন ১৫,৯২৩। সুতরাং এক্ষেত্রেও আপনাকে সেলাম জানানো ছাড়া রাস্তা নেই। এবং টোটাল রেভিনিউ রিসিট যেটা আমাদের দিকে খুব ভালো লক্ষণ। আপনারা দেখুন ৩০% গ্রোথ হয়েছে। যেখানে আপনাদের সময়ে মানে ৫০,১১৬ ছিল, যখন লাস্ট আপনাদের অর্থমন্ত্রী ছিলেন ২০১০-১১ সালে। সেখানে ২০১২-১৩ সালে সেটা বেড়ে ৭৬,৯৪৩ তিনি প্রভিশন রেখেছেন। অর্থাৎ ৩০% আপনার ইনক্রিজ। এবং সেখানে দেখুন টোটাল ক্যাপিটাল রিসিট মানে যেটা আপনার অ্যাসেটটাকে রিডিউস করে লায়াবিলিটিকে বাড়ায় মানে এটা ভালো

লক্ষণ যে উনি এটা রিডিউস করেছেন। আগের ছিল আপনাদের লাস্ট যেটা করে গিয়েছিলেন ২৮,৬৬৪, সেখান থেকে কমিয়ে উনি করেছেন ২৩,৪২৩। অর্থাৎ মাইনাস ১৮% । অর্থাৎ ১৮% তিনি চেষ্টা করেছেন টোটাল ক্যাপিটাল রিসিটকে কন্ট্রোল করার। আর উল্টোদিকে টোটাল ক্যাপিটাল এক্সপেন্ডিচার, আপনারা যখন লোন নিয়েছেন আপনারা কি করেছেন ? আপনারা বদার করেননি যে কি করে ইনফ্রাস্ট্রাকচার ডেভলপ করবেন। আপনারা বদার করেননি যে কি করে মেডিক্যাল কলেজ করবেন। আপনারা বদার করেননি যে কি করে রাস্তাঘাট, স্কুল-কলেজ, হসপিটাল করবেন। আপনারা কি করেছেন ?

[3.40 – 3.50 p.m.]

সেগুলো এমন কিছু খাতে খরচা করেছেন, যেটা আপনাদের ক্যাপিটাল এক্সপেন্ডিচার, কিন্তু ইনক্রিজ করেনি। তার উদাহরণ আমি তুলে দিচ্ছি। আপনাদের ক্যাপিটাল এক্সপেন্ডিচার ২০০৮-০৯-এ ছিল ৯ হাজার ২৯৯ কোটি, ২০০৯-১০-এ হয়েছে ১০ হাজার ২৩১, ২০১০-১১-তে কমে গেছে—মানে আপনাদের যাওয়ার সময়ে কমে গেলো আরো ২ কোটি ১০ হাজার ২২৯। আর আমাদের অর্থমন্ত্রী এসে প্রথম করলেন ১১ হাজার ৫৬৩। আর এই বছর উল্লেখযোগ্য বৃদ্ধি, যেটা না বললে নয়, ১৬ হাজার ৫৭১ কোটি—হুইচ ইজ ৪৩% গ্রোথ। যেটা আমাদের মনে হচ্ছে সাংঘাতিক প্রশংসার দাবি রাখে এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচার আপনারা জানেন, ১৭% গ্রোথ হয়েছে এবার। সব থেকে বড় কথা, টোটাল রেভিনিউ রিসিপ্ট যদি আমি দেখি, টোটাল রেভিনিউ রিসিপ্ট আপনাদের অর্থমন্ত্রী, বিগত অথমন্ত্রী যা করে গিয়েছিলেন, সেই অবস্থা থেকে যদি দেখি, ২০০৮-০৯-এ ছিল ৪০ হাজার ৭৭৭, ২০০৯-১০-এ হয়েছে ৩৯ হাজার ৪১৬, ২০১০-১১-তে হয়েছে ৫০ হাজার ১১৬। আমাদের অর্থমন্ত্রী আসার পরে ৫৯ হাজার ১৪৪ কোটি এবং এবারে উল্লেখযোগ্য বৃদ্ধি অফ ৩০% ৭৬ হাজার ৯৪৩ কোটি। আমি একটি ছোট উদাহরণ দিচ্ছি, আপনারা বলেছিলেন, আমাদের বিভিন্ন জায়গায় বলা হচ্ছিল—লোন, লোন, লোন ইত্যাদি কথা। শুধু ইন্টারেস্ট পার্সেন্টেজটা ম্যাডাম আমি একটু আপনাদের বলতে চাই। আমার কাছে একটা ফিসকাল কম্পারিজন অফ স্টেটস আছে আর.বি.আই.-এর দেওয়া। সেটা আপনারা দেখতে পারেন। টোটাল থ্রু আউট দ্যা স্টেটস ইন্টারেস্ট পেমেন্ট করছে ওয়েস্ট বেঙ্গল হায়েস্ট ২২%। লজ্জায় মাথা নিচু হয়ে যাচ্ছে। যে লোন নিয়েছিলেন আপনারা, তার ইনটারেস্ট পেমেন্ট করছে আমাদের সরকার ২২%। অন্ধ্রপ্রদেশের সাথে তুলনা দেন আমাদের অনেক সদস্য, অন্ধ্রপ্রদেশে ১২%, বিহারে ১১%, ছত্রিশগড়ে ৬%, গোয়া ছোট স্টেট, ছেড়ে দিন ১৩%, গুজরাটে ১৮%, হরিয়ানা ১৪%, ঝাড়খন্ড ১৩%, কর্ণাটক ১২% ইত্যাদি ইত্যাদি। আরো আছে, মহারাষ্ট্র ১৫%, এমনকি ওড়িশা ১২%, পাঞ্জাব ১৭%, রাজস্থান ১৭%। সেখানে পশ্চিমবঙ্গ ২২%। আর যদি ফিসকাল ডেফিসিট এজ এ পার্সেন্টেজ অফ স্টেট জি.ডি.বি. দেখি—পশ্চিমবঙ্গ সবার নিচে, ৪.৬%। আর ডেট অ্যাজ এ পার্সেন্টেজ অফ স্টেট জি.ডি.বি. ২০১০-১১, সেটা হচ্ছে ৪১%। সুতরাং লজ্জায় আমাদের মাথা নত হয়ে যায়। তাই আমি আর বলতে পারছি না। যেহেতু আমার সময় নেই, অনেক কিছু বলার ছিল। কেননা জেলাতে স্টেট হাইওয়ে কর্পোরেশন উনি করেছেন। আমরা ন্যাশনাল হাইওয়ে কর্পোরেশন

দেখেছি, আমি নিজে রাস্তার সঙ্গে যুক্ত ছিলাম। আমাদের কোনো হাইওয়েই তৈরি হয়নি। ন্যাশনাল হাইওয়ে হয়েছে, আমরা এখন গর্ব করে দৌড়ঝাঁপ করি। এখান থেকে বাগনান অনেক তাড়াতাড়ি পৌঁছে যাই। কিন্তু কোনো স্টেট হাইওয়ে ডেভেলপ হয়নি। যে স্টেট হাইওয়ে কর্পোরেশন করেছেন, আমি সেটার জন্য আপনাকে আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আপনার বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী উদয়ন গুহ : ম্যাডাম ডেপুটি স্পীকার, মাননীয় অর্থমন্ত্রী ২৩শে মার্চ ২০১২-১৩ সালের বাজেট বরাদ্দ পেশ করেছেন। তিনি একটা ভাষণ এই সভায় রেখেছেন, সেই সভার সেই ভাষণের শেষ পাতায় তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন, কৃতজ্ঞতা জানিয়েছেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁকে এই হাউসে বাজেট পেশ করবার সুযোগ দিয়েছেন। আমি আমার বক্তব্যের প্রথমেই মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাবো, শুভেচ্ছা জানাবো—বাজেট পেশ করবার জন্য নয়, এই যে বাজেট বিতর্কের পরে তিনি জবাবী ভাষণ দেওয়ার সুযোগ পেয়েছেন, তাঁর নেত্রী তাঁকে সুযোগ দিয়েছেন, তার জন্য তাঁকে শুভেচ্ছা, অভিনন্দন জানাচ্ছি। আমার মনে হয় ডঃ মিত্রর ২-১টি ব্যাপারের সঙ্গে আমার মিল আছে। যেমন, ওনার বাবা যখন এই হাউসের সদস্য ছিলেন, আমার বাবাও সেই সময় এই হাউসের সদস্য ছিলেন। এবার উনি যখন প্রথম জয়ী হয়ে এখানে এসেছেন, আমিও প্রথম জয়ী হয়ে এখানে এসেছি। আবার অমিলও আছে, কারণ আজকে যে বিষয় আলোচনা হচ্ছে সেই বিষয়ে উনি বিশেষজ্ঞ এবং আমি সেই বিষয়ে বিশেষভাবে অজ্ঞ। আমি শুধু বলি পশ্চিমবাংলার ৯ কোটি মানুষ তাঁরা শুনে এসেছেন ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার সর্বনাশ করেছেন, পশ্চিমবাংলাকে রসাতলে নিয়ে গেছেন, তাঁরা অপরিকল্পিত বাজেট পেশ করেছেন, তাঁরা যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে কোনো দিশা ছিল না, অস্পষ্ট বাজেট। স্বাভাবিকভাবে এই ৯ কোটি মানুষের মধ্যে আমিও আশা করেছিলাম যে এবার একটা বাজেট হবে। সেই বাজেটে কোনো revenue deficit থাকবে না, কোনো fiscal deficit থাকবে না, এমনকি নতুন কোনো ঋণের কথা থাকবে না। ডঃ মিত্র কি করলেন ? তিনি বুঝিয়ে দিলেন যে টি.ভি.-র সামনে বসে শচীন তেন্ডুলকরের খেলার সমালোচনা করা যতটা সহজ, মাঠে নেমে perform করা তার চাইতেও বেশি কঠিন, আসমান-জমিন ফারাক। সেটা ডঃ মিত্র বুঝতে পেরেছেন। এখানে অনেক তথ্য নিয়ে কথা হয়েছে, অনেক অংকের কথা হয়েছে। আমি ডঃ মিত্রের Budget At a Glance তিনটে তথ্য মাননীয় সদস্য তাপস রায় যখন বলেছিলেন তখন তাপস ডঃ মিত্রর ওই মুখে হাসি, বুকে বল। তিনি হাসছিলেন, হাসবেন তো, কারণ তাপস শো-কেসের স্যাম্পেলগুলো দেখাচ্ছিলো, গোডাউনের পচা মালগুলো কিন্তু বের করেনি। সেই জন্য ডঃ মিত্র একটু হাসছিলেন। এবার ডঃ মিত্র revenue deficit, বন্ধু রাজীব ব্যানার্জীও বলেছিলেন ২০১১-২০১২ আপনি revenue deficit বাজেটে ধরেছিলেন ৮,২৯০ কোটি টাকা, বেড়ে কত হলো revised estimate-এ ? ১৭,২৭৩ কোটি টাকা। বামফ্রন্ট চলে যাবার সময় ওই ১৭,২৭৩ কোটি টাকা। তাহলে পরিবর্তনটা কোথায় ? fiscal deficit, আপনি ধরে ছিলেন ১৫,৫৬১ কোটি টাকা, revised estimate-এ কি হলো ? ২১,৬৮৪ কোটি টাকা।

বামফ্রন্ট যখন চলে যায় তখন কত ছিল ? ১৯,৫৩৪ কোটি টাকা। এবার সব চাইতে যেটা বড় ব্যাপার লোনের ব্যাপার, যেটা আপনারা বারবার বলছেন যে বামফ্রন্ট সরকার একটা ঋণের বোঝা চাপিয়ে দিয়ে গেছে। সেটা কত ছিল ? ১ লক্ষ ৮৭ হাজার ৩৮৭ কোটি টাকা। আমার কথা নয়, আপনার কথা। আপনি কি ভেবেছিলেন ? কমাবেন, না আপনি কমাবেন ভাবেননি। আপনি বাজেটে ধরেছিলেন যে এটা দাঁড়াবে ২ লক্ষ ৩ হাজার ৮৬৭ কোটি টাকা। revised estimate-এ গিয়ে কি দাঁড়ালো ? ২ লক্ষ ৮ হাজার ৩৮২ কোটি টাকা। অর্থাৎ লোনের পরিমাণ ২১ হাজার কোট টাকা বেড়ে গেল। আপনি গানও গেয়ে রেখেছেন যে ২০১২-২০১৩-তে আরও ১৮ হাজার কোটি টাকা ঋণ আপনার বেড়ে যাবে। এতে লজ্জার কিছু নেই ডঃ মিত্র। কারণ লোন হচ্ছে বাজেটের component, বাজেটের একটা অঙ্গ লোন। আপনি লোন নেবেন, আপনি তাই দিয়ে ডেভেলপমেন্ট করবেন, আপনি সেখান থেকে revenue earn করবেন, লোন শোধ করবেন, আরও বেশি লোন নেবেন, আরও বেশি উন্নয়ন করবেন। এতে তো কোনো অন্যায় নেই, ঠিকই করেছেন। এবার আপনি যে কথাটা বলেছেন, ওই যে আমি বলেছিলাম আমি বিশেষজ্ঞ, কোনোদিন শুনিনি কথাটা FRBM, Fiscal Responsibility Budget Management।

[3.50—4.00 p.m.]

এই আইন সারা ভারতবর্ষে পাশ হয়েছে—সিকিম ও ওয়েস্ট বেঙ্গলে পাশ হয়নি। আপনি তার সমালোচনা করেছেন যে, বামফ্রন্ট করেনি। আপনি করতেন। ভালো কাজ আপনি এসে নিশ্চয়ই করতেন। তাহলে বামফ্রন্ট যখন যাওয়ার সময় করে দিয়ে গেছে তখন আপনার অসুবিধা কোথায় হচ্ছে ? এর একটা অসুবিধা হচ্ছে কি, এটার একটা অসুবিধা হচ্ছে যে, আপনি যখন ইচ্ছে, যেমন ইচ্ছে লোন চাইলেই পাবেন না। একটা নির্দিষ্ট সময়, একটা নির্দিষ্ট পরিমাণ লোন আপনি পাবেন। এবং তার একটা অ্যাডভান্টেজ আছে, তার একটা অ্যাডভান্টেজ আছে—এটাকে যদি আপনি ঠিকমত মেন্টেন করতে পারেন তাহলে আপনি ডেট রিলিফ পাবেন। তা আপনি তো লোন কম নিতে চান, আপনি তো লোন করতে চান না। আপনি ডেট রিলিফটা পেয়ে যাচ্ছেন যেটা বামফ্রন্ট ব্যবস্থা করে দিয়ে গেছে। আপনার অসুবিধা কোথায় আছে ? আপনি ২২ হাজার কোটি টাকা সুদ দেওয়ার কথা বলছেন। হ্যাঁ, দিতে হবে, দিতে হয়। আমি গাড়ি কিনেছি ব্যাঙ্কের কাছ থেকে ৪ লক্ষ টাকা লোন করেছি। ব্যাঙ্ক এমনি এমনি আমার লোন দেয়নি। আমার তিন বছরের ইনকাম ট্যাক্সের রিটার্ন দেখেছে, টাকা শোধ করার ক্ষমতা আছে কিনা সেটা বুঝেছে, তারপর ৪ লক্ষ টাকা ঋণ দিয়েছে এবং স্টেটমেন্ট অফ অ্যাকাউন্ট পাঠিয়েছে—যে পাঁচ বছর পরে আমি যখন টাকা শোধ করব টাকার পরিমাণ মূল এবং সুদ মিলিয়ে টোটাল দাঁড়াবে ৫ লক্ষ ৩৯ হাজার টাকা। আমি যদি এখন বলি যে, ৪ লক্ষ টাকা নিলাম আর ৫ লক্ষ ৩৯ হাজার টাকা শোধ দেব এটা কেমন করে হবে। এবং এর মধ্যে আরও একটা ব্যাপার আছে। এই যে পাঁচ বছরে টাকাটা আমি শোধ করব এর মধ্যে যদি আমি মারা যাই—কি হবে ? ব্যাঙ্ক কি আমার গাড়ি নিয়ে চলে যাবে ? তাহলে এই গাড়ির মালিক হবে আমার ছেলে। কিন্তু ওই সুদটা বা ইন্টারেস্টটা শোধ করার দায়িত্বও আমার ছেলেকে নিতে হবে। ওই গাড়ির

মালিক হব আর লোনটা শোধ করব না সেই আবদার যদি আমার ছেলে করে তাহলে হবে না। আপনারা সরকারে বসেছেন তাই ঋণটা পরিশোধ করার দায়িত্বও কিন্তু আপনাকে নিতে হবে। আমি, ডঃ মিত্র অঙ্কের এই কচকচির মধ্যে না গিয়ে আপনাকে একটা সিরিয়াসলি ধন্যবাদ জানাই। সেটা হচ্ছে, আপনি কোচবিহারে বলেছেন বিশ্ববিদ্যালয় করবেন। তাহলে আমি কিন্তু ওর নিচে স্টার দিয়ে লিখছি কন্ডিশন অ্যাপ্লাই। যদি না পারেন ধন্যবাদটা ফেরত নেব। কারণ না পারার একটা চান্স আছে। বলেন নি যে কোচবিহারের কোথায় হবে, কি নামে হবে। ইতিমধ্যে রবিবাবুরা মানে আমাদের রবীন্দ্রনাথ ঘোষেরা কালনেমির লঙ্কাভাগ করতে শুরু করেছেন যে কোথায় হবে, কার বিধানসভা কেন্দ্রে হবে। এই নিয়ে টানাপোড়েন শুরু হয়েছে। ওটা আবার জলপাইগুড়ির সার্কিট বেঞ্চের মতো না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। এবার আমি একটা সুযোগ দিচ্ছি, একটা সুযোগ দিচ্ছি আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনবার। আমি বলছি, উত্তরবঙ্গ উন্নয়ন নিয়ে আপনি যে কথাটা বলেছেন সেটা অর্ধসত্য বলেছেন। আপনি আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনুন। উত্তরবঙ্গ উন্নয়নের জন্য ২০১১-২০১২ সালে আপনি ২০০ কোটি টাকার কথা বলেছেন। এবার আপনি আমাকে বলুন তো উত্তরবঙ্গের জন্য একজন মন্ত্রী আছেন, তেমনি উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদও আছে। সেই পরিষদের আমি সদস্য। ১০ মাসে দুটো মিটিং হয়েছে—১২ই সেপ্টেম্বর ও ৩০শে জানুয়ারি। ১২ই সেপ্টেম্বরের মিটিংয়ে যখন প্রথম ২০০ কোটি টাকার কথা ওঠে তখন একজন প্রথম সারির আধিকারিক বললেন—না, এটা ২০০ কোটি টাকা নয়। ৩০ কোটি টাকা হচ্ছে আর.আই.ডি.এফের টাকা। ওটা তো আপনার টাকা নয়, রাজ্য সরকারেরও টাকা নয়। তাহলে থাকল ১৭০ কোটি টাকা। আপনি ওই আর.আই.ডি.এফের টাকা আপনার নিজের মধ্যে দেখিয়ে দেখাতে চাইছেন যে ওটা আপনার। এবার থাকল ১৭০ কোটি টাকা। এবার ৩০শে জানুয়ারি যে মিটিং, সেই মিটিংয়ে গিয়ে আমরা জানতে পারলাম—৩০শে জানুয়ারি পর্যন্ত ১৭০ কোটি টাকার মাত্র ১০ কোটি টাকা খরচ করা গেছে। বাকি ১৬০ কোটি টাকা খরচ করা হয়নি দু-মাসে। আপনি দেখিয়ে দিচ্ছেন যে, ২০০ কোটি টাকা দিয়েছেন। এবার আপনি বলুন আমি আপনার কাছে জানতে চাই এটা, আপনি নিশ্চই জবাবের সময় বলবেন, এই যে ১৬০ কোটি টাকা যদি ইতিমধ্যে বরাদ্দ হয়ে থাকে তাহলে সেটা কার ইচ্ছায় হল ? কে ঠিক করলেন যে এই ১৬০ কোটি টাকা কোথায় হবে ? উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের অনেক সদস্য এখানে আছেন। কোথায় মিটিং হয়ে এই সিদ্ধান্ত হয়েছে যে ১৬০ কোটি টাকা এই প্রকল্পের জন্য খরচ হবে ? আমি আপনার কাছে ডঃ মিত্রের কাছে বলি যে, আপনারা উত্তরবঙ্গ মানে পাহাড় ধরে নিয়েছেন। পাহাড়ে যাচ্ছেন, কাঞ্চনজঙ্ঘার থেকে উত্তরবঙ্গ দেখবার চেষ্টা করছেন। আপনার কাছে রিপোর্ট আছে আমি জানি। কেন্দ্রীয় সরকার রিপোর্ট দিয়েছেন। Human development index উত্তরবঙ্গের ছ-টি জেলার মধ্যে দার্জিলিং জেলা বাদ দিয়ে পাঁচটি জেলা, বাকি পাঁচটি জেলা সারা রাজ্যের মধ্যে একেবারে নিচে। এই যে মালদা জেলার বন্ধুরা আছেন, মালদা জেলার গড়পড়তা আয় বাঁকুড়ার চাইতেও কম। আমি আপনাকে Human poverty index-এর কথা বলি, রাজ্যের সাতটি জেলার মধ্যে উত্তরবঙ্গের পাঁচটি জেলা Human poverty index-এ একেবারে নিচুতলায়। মালদা ৪৬.১%, উত্তর দিনাজপুর ৫১.২%, দক্ষিণ দিনাজপুর ৩৯%,

কোচবিহার ৪২.৩%, জলপাইগুড়ি ৩৬.৩%। তাহলে এত গরিবি, এত অভাব ? আর শুধু দার্জিলিং, দার্জিলিং, দার্জিলিং নিয়ে চিন্তা করছেন ? দার্জিলিং-এর উন্নয়ন করতে হবে কিন্তু একথা মাথায় রাখতে হবে যে সোনা দিয়ে মুড়িয়ে দিলেও দার্জিলিং-এর সমস্যা এভাবে মেটানো যাবে না। তার জন্য পরিকল্পনা করতে হবে, চিন্তা করতে হবে, ভাবনা করতে হবে। দার্জিলিং-এর সমস্যাটা অন্য জায়গায় লুকিয়ে আছে। ডঃ মিত্র বাইরে গেছেন, আমি ম্যাডাম আপনার মাধ্যমে বলি যে, উত্তরবঙ্গের উন্নয়ন যদি করতে হয়, একথা বলতে আমার কোনো দ্বিধা নেই, কেউ অসন্তুষ্ট হতে পারেন। এটা করার ক্ষেত্রে আগের সরকারেরও খানিকটা গাফিলতি ছিল। এবং এটা করবার ক্ষেত্রে এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে সঠিকভাবে পরিচালনা করবার ক্ষেত্রে সেইভাবে নজর দেওয়া হয়নি। উত্তরবঙ্গে মানুষের জন্য যদি কাজ করতে হয় তাহলে একথাটা মাথায় রাখতে হবে যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ কোনো ভট্টাচার্য, কোনো ব্যানার্জীর ইচ্ছেমতো না চলে সেটাকে বিধির দ্বারা নিয়মের দ্বারা পরিচালিত করা হোক। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে বিধিবদ্ধ উন্নয়ন পর্ষদ করে উত্তরবঙ্গের মানুষের উন্নয়ন করতে হবে, না হলে করা যাবে না। কোনো ভট্টাচার্য কি মনে করবেন, কি ব্যানার্জী কি মনে করবেন, সেইভাবে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ চলবে, তাহলে উত্তরবঙ্গের উন্নয়ন হবে না। আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০০ কোটি টাকা বাড়তি খরচ ধরেছেন। সেই টাকাটা কোথা থেকে তুলবেন ঠিক করেছেন ? তিনি ঠিক করেছেন যে, entry tax, বিল এসেছে, আলোচনা হবে। নতুন করে entry tax যেটা বামফ্রন্ট সরকারের সময় উঠে গেছে, যা নিয়ে অনেক দুর্নীতি ছিল, অনেক অসামাজিক কাজকারবার সেখানে হত। সেটাকে ১৯৯৫ সালে উঠিয়ে দেওয়া হল। নতুন করে সেটা চালু করছেন। আমি জানি না যে, সরকার, মাননীয় অর্থমন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী তারা কি মনে করছেন যে, পশ্চিমবাংলার ৯ কোটি মানুষ তারা শুধু রেলগাড়ি চড়ে না, রেলগাড়ির হাওয়া খান ? তারা ভাত খান না ? সেই ভাতের সাথে তাদের ডাল দরকার হয় না ? তারা কোনো তরকারি খান না ? সেই তরকারি তৈরি করবার জন্য তেলের দরকার হয় না ? তারা রুটি খান না ? আমি শুধু তিনটে item তার হিসেব দিচ্ছি।

[4.00 – 4.10 p.m.]

আমাদের রাজ্যে প্রতি বছর ডাল শস্যর যা দরকার, ১২ লক্ষ ৪১ হাজার মেট্রিক টন। আমাদের রাজ্যে উৎপাদন হয় মাত্র ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন। বাকি ১১ লক্ষ মেট্রিক টন বাইরের রাজ্যের থেকে আসে এবার তার উপর যদি ফাইভ পারসেন্ট এন্ট্রি ট্যাক্স বসান, প্রত্যেকটি ডালের দাম নতুন করে বাড়বে। আমাদের রাজ্যে তৈলবীজ যা দরকার ১৬ লক্ষ ১১ হাজার মেট্রিক টন। আমাদের রাজ্যে উৎপাদন হয় ৭ লক্ষ মেট্রিক টন। ৯ লক্ষ মেট্রিক টন বাইরের রাজ্যের থেকে আসে। আমাদের রাজ্যে হুইট-এর প্রয়োজন ২১ লক্ষ ৪৮ হাজার মেট্রিক টন। রাজ্যে উৎপাদন হয় ৮ লক্ষ ৭৪ হাজার মেট্রিক টন অর্থাৎ ১৩ লক্ষ মেট্রিক টন বাইরের রাজ্য থেকে আসে। প্রতিটি জিনিসের দাম বেড়ে যাবে। তাই আইনে খানিকটা জায়গা রেখেছেন। কৃষিপণ্য অর্থাৎ বীজ সার তার উপর হয়তো এন্ট্রি ট্যাক্স নতুন করে লাগু হবে না। কিন্তু সারের দাম তো ইতিমধ্যে আকাশ ছোঁয়া হয়ে গেছে। আমি

আপনাদের কাছে শুধু সারের দামটার একটা হিসাব দিচ্ছি। এপ্রিল ২০১১-তে সারের দাম কি ছিল, আজকে মার্চ, ২০১২-তে সারের দাম কি দাঁড়িয়েছে। ৫০ কেজি, এস.এস.পি.-র দাম ছিল ১৬৫ টাকা। আচকে মার্চ, ২০১২-তে সেই এস.এস.পি. এক ব্যাগের দাম হচ্ছে ৩০০ টাকা। এম.ও.পি. এক ব্যাগের দাম ছিল ২৬২ টাকা, আজকে মার্চ, ২০১২-তে তার দাম হয়েছে ৬২৬ টাকা। ডি.এ.পি.-র এক ব্যাগের দাম ছিল ৫১৭ টাকা, আজকে মার্চ, ২০১২-তে তার দাম হয়েছে ১০৪৪ টাকা। এম.পি.কে. ১০,২৬,২৬ দাম ছিল ৪৬২ টাকা, এখন দাম হয়েছে তার ৯২৬ টাকা। আমি বলি, এই যে দামগুলি যখন বেড়েছে, তখন মাননীয়া মুখ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী হিসাবে বা রেলমন্ত্রী হিসাবে তিনি তখন একটা কথা বলেছিলেন। দাম বেড়েছে। আমি এর বিরোধিতা করছি, আমার দল এর বিরোধিতা করছে। কিন্তু আমরা কেন্দ্রের সরকারে থাকব। আমরা সরকার ছাড়ব না, তাতে বামপন্থীদের সুবিধা হবে। আমরা বলি ছাড়বার দরকার নেই। তবে ওই যে তাপস গান শুনিয়েছে, কালকে অনুপবাবু গান শুনিয়েছেন, আর একজন কে গান শোনালেন। আমরাও তো কিছু কিছু গান শুনেছি। ছোটবেলায় একটা গান শুনেছিলাম, জলে নামিব, সাঁতার কাটিব, কিন্তু বেণী ভিজাব না। আমার যেমন বেণী তেমনি রবে, চুল ভিজাব না। আপনি দামের বিরোধিতা করবেন, দাম বাড়ার বিরোধিতা করবেন, আপনি এটিকে মানবেন না, অথচ কেন্দ্রের সরকারে থাকবেন। কেন্দ্রের সাথে এক সাথে ঘর করবেন, এটা হয় না। আবার এই আপনি দুই পয়সা রেল ভাড়া বৃদ্ধি করবার জন্য আপনার একজন মন্ত্রীকে সরিয়ে দিলেন, এটা আপনাদের ব্যাপার। কিন্তু এগুলি তো মানুষ বুঝছে। আমি বলি, মাননীয় অর্থমন্ত্রী নিজে স্বীকার করেছেন বাজেট বক্তৃতায়, যে অন্ধকার কাটিয়ে আলোর দিকে যাচ্ছেন। এবং তার একটা প্যারামিটার কি, এক তারিখে সরকারি কর্মচারীদের মাহিনা দিচ্ছেন। আমি ডঃ মিত্র হাউসে থাকলে জিজ্ঞাসা করতাম, ৩৪ বছরে, একটা বছরের কথা বলুন, যে বছরে, পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারীরা এক তারিখে মাহিনা পাননি। একটা বছর বলুন। একটা দিন বলুন। হ্যাঁ, আপনি ঠিক বলেছেন, যে এক তারিখে মাহিনা দিচ্ছেন। কারণ বামফ্রন্ট আমলে মাহিনা হয়েছে মাসের শেষ ওয়ার্কিং ডেটে, আপনি পরের মাসের এক তারিখে দিচ্ছেন। আপনার অবগতির জন্য জানাচ্ছি—ওইখানে রবীন্দ্রনাথ ঘোষ বসে আছেন, তিনি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের চেয়ারম্যান হয়েছেন—গতকাল মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করেছিলাম যে কতদিনের মাইনে বাকি। উনি বললেন ফেব্রুয়ারি মাস পর্যন্ত মাইনে দিয়ে দিয়েছি। হ্যাঁ দিয়েছেন, ফেব্রুয়ারি মাস পর্যন্ত মাইনে দিয়েছেন। কিন্তু পেছনে সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এগুলো পার্ট পেমেন্ট করেছেন। ফেব্রুয়ারিটা পুরো দিয়েছেন। এটা কেমন কথা ! পাঁচ মাসের পেনশন বাকি। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের কর্মচারীরা, পাঁচ মাস ধরে তারা পেনশন পাচ্ছেন না। এখানে তিনি বলছেন যে আমরা এক তারিখে মাইনে দিচ্ছি। আমরা অন্ধকার কাটিয়ে উঠেছি। আমি এর সাথে সাথে আপনাদের আর একটি জিনিস জানাচ্ছি, বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদিক ডাক্তাররা যুক্ত, ১১ হাজার টাকা করে তারা মাসে পান। বামফ্রন্টের আমলে তিন মাসে, চার মাসে একবার টাকা পেয়েছেন, আজকে সাত মাস তাদের টাকা বাকি। এটা লক্ষ্য রাখবেন। বক্তব্য

বাড়াবো না। বক্তব্য শেষ করার আগে আমি শুধু একথা বলতে চাই, আমাদের একজন বন্ধু ওইখান থেকে চিৎকার করে বক্তব্য রাখছিলেন যে বামফ্রন্ট সরকার স্লোগান দিয়েছিলেন—কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ—শেষ হয়ে গেছে। স্লোগানের কথা আপনারা ছেড়ে দিন। আপনারা নতুন স্লোগান খুঁজুন। আমি শুধু আপনাদের সাহায্য করছি। আপনারা নতুন স্লোগান দিন—পিসি আমাদের ভিত্তি, ভাইপো আমাদের ভবিষ্যৎ। নমস্কার, ধন্যবাদ স্যার।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২৩ তারিখে যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি তাকে সমর্থন করে আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। স্যার, উনি বাজেট বিবৃতির শুরুতে রবীন্দ্রনাথের একটি বিখ্যাত গানের কথা বলে শুরু করেছেন—

বাংলার মাটি, বাংলার জল,
বাংলার বায়ু, বাংলার ফল,
পুণ্য হউক, পুণ্য হউক,
পুণ্য হউক, হে ভগবান॥

এই গানটি যখন লিখেছিলেন রবীন্দ্রনাথ, সময়টা তখন খুবই সঙ্কটজনক। আপনারা জানেন যে ১৯০৫ সালে বঙ্গভঙ্গরোধ আন্দোলনের সময়ই রবীন্দ্রনাথ এই গান লিখে পদযাত্রা করেছিলেন উত্তর কলকাতার বিভিন্ন পথে পথে এবং শেষ পর্যন্ত হিন্দু আর মুসলমানকে তিনি এক করার শপথ নিয়েছিলেন, রাখী বেঁধেছিলেন তিনি। স্যার, আজকে আমি গানটা আর একবার শোনাতে চাই কিছু মানুষকে যারা ২৩৫ থেকে ৪২-এ এসেছেন। তাদের শুধু বলব, সেদিনের সেই সঙ্কটকে উদ্ধার করতে রবীন্দ্রনাথ বাংলার যে গান গেয়েছিলেন, সেই বাংলাকে ধ্বংস করেছেন আপনারা। নতুন গান গাওয়ার জন্য অমিতবাবুরা এসে উপস্থিত হয়েছেন, তাদের ধন্যবাদ জানাই। স্যার, আমি আপনাদের শুধু এইটুকু বলব, সেটা হল এই যে, অমিতবাবু যে বাজেট পেশ করেছেন তাতে এক লক্ষ তিন হাজার ছেষট্টি কোটি টাকা তিনি বাজেট ধরেছেন, তার এক্সপেন্ডিচার ধরেছেন যা তাতে ৬ কোটি টাকা তিনি ডেফিসিট দেখিয়েছেন। অন্যান্যভাবে উদয়নবাবুদের কথায় ঋণ বা অন্যান্য কথা আমি বাদ দিচ্ছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী উনি নেই এখন, আমি একটা কথা বলতে চাই, যে আলোচনাটা হচ্ছে গত চারদিন ধরে—ঋণ, ঋণ, ঋণ। আমরা কি এই ঋণের হাত থেকে মুক্তি পাব না ? আমাদের সম্পদটা সৃষ্টি হবে কোথায়। আমি আপনাকে বলছি, এই রাজ্য সরকারের যা ইনকাম, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের, তাতে ৩১,২২২ কোটির মতো বলা হয়েছে এবং ২১,৯৭৫ কোটি টাকা আসবে স্টেট শেয়ার, ইউনিয়ন গভর্নমেন্ট থেকে।

[4.10 – 4.20 p.m.]

আর গ্রান্ট-ইন-এইড থেকে ২০,২৮২ কোটি টাকা। আমি আপনাকে বলছি এর সঙ্গে ক্যাপিটাল লোন হচ্ছে ২,৩৪৪৩ কোটি টাকার মতো। সেটা এসেছে এই নিয়ে মোট দাঁড়িয়েছে, ১ লক্ষ ৩৬৬ কোটি টাকার মতো। স্যার, চারটে জিনিসের ওপর নির্ভর করে আমি আমার এই কথাগুলো বলছি। তার মধ্যে যে যে জায়গাতে আমরা আমাদের স্টেট থেকে টাকা রোজগার করি, সেগুলো কি ? সেটা হলো, ওঁর হিসাব মতোই সেলস ট্যাক্স

২০,১৬৭ কোটি টাকা। স্ট্যাম্প ডিউটি ২৯৪০ কোটি টাকা, স্টেট একসাইজ ২৭৮৬ কোটি টাকা। এবং মোটর ভেইকেল্‌স, তার থেমে আমরা পাচ্ছি ১৫৯৫ কোটি টাকা। আমার বক্তব্য হল এই যে, যে জায়গাগুলো থেকে আমরা আমাদের স্টেটের টাকা রোজগার করি, আমরা কি এগুলোকে বাড়াতে পারি না ? মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনি কি ভাববেন যে, আমরা বামফ্রন্টের কঙ্কালের রাজত্বের ওপর দাঁড়িয়ে হাঁটতে চাই না। শুধুমাত্র এখানকার একজন বিধায়ক গ্রেপ্তার হয়েছেন অথবা তার সঙ্গে কিছু কঙ্কাল আবিষ্কৃত হওয়ার জন্যে, মানুষকে হত্যা করার জন্যে। তার থেকেও বেশি যাঁরা দায়ী, যাঁরা এখানে বাজেট পেশ করে গেছেন, তাঁরা এত অর্থনৈতিক কঙ্কালের সৃষ্টি করেছেন যার ফলে আমাদের দেশটা আজকে সর্বনাশের দিকে এগিয়ে চলেছে। স্যার, আমি আপনাদের কাছে বলি, আমরা সেলস ট্যাক্সের যে পরিকাঠামো দেখি, সেই পরিকাঠামোকে আমরা কি বাড়াতে পারি না ? কি ছোটখাটো মুদির দোকান, অথবা বড় বড় ফ্যাক্টরি যাই বলুন না কেন প্রত্যেকে সেল্‌স ট্যাক্সটা দেওয়ার সময় তারা এমন একটা কারচুপি করেন, তাতে আমাদের যে আদায় সেই আদায়ের পরিমাণ ভীষণভাবে কমে যায়। আমার মনে হয়, সঠিকভাবে লোক অ্যাপয়েন্ট করেও সেই জায়গাতে আমরা যদি তদন্ত করতে পাবি এবং সেল্‌স ট্যাক্স নির্ধারণ করতে পারি। আমি হার বাড়াতে বলছি না, সেল্‌স ট্যাক্সটাকে সঠিকভাবে যদি নিতে পারি তাহলে আমার ধারণা অনেক বেশি সেলস ট্যাক্স আদায় হবে। স্ট্যাম্প ডিউটি, স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রেও একই কথা বলবো। জমি নিরূপণের ক্ষেত্রে, জমি জায়গা বিক্রি করতে গিয়ে আমরা দেখি, যা যাঁরা কেনেন তাঁরা স্ট্যাম্প ডিউটি ব্যবহার করেন। সেখান থেকে আমরা ২৯৪০ কোটি টাকা ধরেছি। আমাদের রাজ্যে জমির পরিমাণ কত ? আমাদের রাজ্যে এখন যে জমি বিক্রি হয়, বা যে জমিতে চাষ-বাস হয়, বা যেখানে বাড়ি হয়, সেই জমির পরিমাণ হচ্ছে ১ লক্ষ ২৫ হাজার হেক্টরের মতো। ১ লক্ষ ২৫ হাজার হেক্টর জমি যখন কেনা-বেচা হচ্ছে তার মধ্যেও কারচুপি থাকছে। স্যার, একটা সিস্টেম চেঞ্জ করা দরকার। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করবো, দিস ইজ মাই সাবমিশন টু দ্য ফিনান্স মিনিস্টার, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল। সেটা কি ? না আমরা মৌজা ধরে ধরে জায়গার দাম করেছি, এই মৌজায় ২০ হাজার টাকা বিঘা হবে, এই মৌজায় ২ লক্ষ টাকা বিঘা হবে। স্যার, একটা মৌজার মধ্যে এমনও অনেক জায়গা আছে যার একটার সঙ্গে আর একটার পার্থক্য আছে, সেক্ষেত্রে মৌজাকে ভেঙে যদি ঠিক করা যায় তাহলে সেখানে অনেক বেশি ডিউটি আমরা পেতে পারি। স্যার, স্টেট একসাইজে ঠিক একই ধরনের ব্যাপার চলছে, এই স্টেট একসাইজেও ঠিক একই ধরনের ব্যাপার চলছে। অর্থাৎ কে কত বিক্রি করছে যার সঙ্গে আবগারি দপ্তর জড়িয়ে। তাদের দুর্নীতি কখনো কখনো এমন এমন জায়গায় যায়, আর সেটা তো এদের আমলে চূড়ান্ত আকার ধারণ করেছে। যার ফলে দেখা যাবে স্টেট একসাইজ থেকে আমাদের যে টাকা রোজগার করার কথা আমরা সে টাকা রোজগার করতে পারছি না। অ্যান্ড লাস্ট, সেটা হলো ? আমরা ১৫৯৫ কোটি টাকা ধরেছি মোটর ভেইকেলসে, মাননীয় পরিবহনমন্ত্রী তিনি সেদিন বলেছেন প্রাইভেট যে সমস্ত ভেইকেল্‌স চলে, যেটা আজকে সব থেকে বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে, মাননীয় অথমন্ত্রীকে বলব, আমাদের এখানে আজকে যানবাহনের সংকট ; শুধু

হাওড়া জেলায় নয়, শুধু বাগনানে নয়—সর্বত্র। তার কারণ হচ্ছে unlicensed motor vehicles। অর্থাৎ অটোরিক্সা চলছে, অটোরিক্সার সঙ্গে সঙ্গে ম্যাজিক বলে একটি গাড়ির উৎপত্তি হয়েছে। এদের একটা কাজ শুনুন স্যার, যখন সিঙ্গুর থেকে টাটা সরে গেল, তখন টাটার একটা গাড়ি হঠাৎ করে হাওড়া জেলায় দেখলাম চলে এল—ম্যাজিক গাড়ি। রাজীববাবুরা জানেন, এখানে কালীপদবাবুরা বা অন্যান্য যারা আছেন তারা জানেন। সেটা ম্যাজিক গাড়ি, আপনাদের আমলে, আপনাদের আমলে ওদের আমলে নয়, এটা আপনাদের আমলেই। একদম সিঙ্গুরের টাটা ফেরত যাওয়ার ১৫ দিনের মধ্যে হঠাৎ Howrah RTA নোটিশ দিয়ে দিল, গাড়ি নিয়ে আসুন, ম্যাজিক গাড়ি বিক্রি হবে। আর সেই ম্যাজিক গাড়িগুলোর অধিকাংশ unlicensed হয়ে চলেছে এখন। এমন একটা অবস্থার মধ্যে চলছে, সেখানে সাধারণ যানবাহন বাসগুলো পর্যন্ত উঠে গেল। আমি বলতে চাইছি যেটা, সেটা হচ্ছে সমস্ত unlicensed কারগুলোকে, আপনারা যদি এই license-এর মধ্যে নিয়ে আসতে পারেন, যারা চালাচ্ছে এখন, তাদের তাড়িয়ে না দিয়ে, তাদের যদি লাইসেন্স দেওয়ার বন্দোবস্ত করেন, তাহলে অনেক বেশি টাকা আপনারা রোজগার করতে পারবেন। এবং তার সঙ্গে সঙ্গে আমি আরও একটা কথা বলি, এই unlicensed গাড়িতে যারা চাপা পড়ে মারা যাচ্ছে, তাদের insurance নেই, তাদের licnese নেই, permit নেই, যারা চাপা পড়ে মারা যাচ্ছে তারা কেউ ক্ষতিপূরণ পাচ্ছে না। এটা নিশ্চয় আপনারা একমত হবেন। সুতরাং all the unlicensed vehicles either to be stopped or they should be given license in the proper time. তাহলে স্যার সর্বনাশ হয়ে যাচ্ছে আমাদের। আমি আবগারির কথা বলেছি আপনাদের কাছে, আবগারিতে তো আমরা অনেক টাকা আদায় করতে পারতাম, কিন্তু সেই টাকা আদায় করতে পারছি না, আমাদের সেই Machinery নেই বলে। এইটা যদি করি, তাহলে আমাদের deficti যদি ২৫ হাজার কেটি টাকা থাকে, তাহলে সেই deficit নেমে ১০ হাজার টাকায় নেমে আসতে পারে, ১৫ হাজার টাকায় নেমে আসতে পারে। আমি অনুরোধ করব আপনাদের কাছে, এই কাজটা করার জন্যে। আর দ্বিতীয় কথা যেটা বলতে চাইছি, সেটা জঙ্গলমহলে। শ্রীকান্ত বক্তৃতা করছিল আমার ভালো লাগছিল শুনতে। মাননীয় অধ্যক্ষ মহোদয়কে বলব, জঙ্গলমহলে শুধু subsidized rate-এ দুই টাকা কেজি চাল, তিন টাকা কেজি দরে ডাল দিলে হবে না। জঙ্গলমহল যে জায়গায় ওরা নিয়ে গেছে, আজকে চরম সর্বনাশের মূল, শুধুমাত্র আমাদের বিরোধীদল বলে বলছি না, যখন সর্বনাশ তৈরি হচ্ছিল একটু একটু করে তখন আমি এম.এল.এ. ছিলাম, আমলাশোলের মানুষ যখন না খেতে পেয়ে মারা গেছে, আমি বিধায়ক দল নিয়ে গেছি, গিয়ে সেখান থেকে ফিরে এসেছি। টি.এম.সি.-র বন্ধুরা বিধায়ক দল নিয়ে গেছে, সেখান থেকে চলে এসেছেন। আমরা এসে বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলাম—বুদ্ধদেববাবু চরম সর্বনাশ হচ্ছে, তাদের পাশে গিয়ে দাঁড়ান। বুদ্ধদেববাবু তাদের পাশে গিয়ে দাঁড়াননি। দাঁড়াননি তাদের অন্য কোনো নেতা, তারা একটা চেষ্টা করেছেন পুলিশ দিয়ে, যারা বিরুদ্ধে কথা বলছে তাদেরকে কেমন করে গ্রেপ্তার করা যায় এবং তাদের থেকেই অনেক মানুষকেই গ্রেপ্তার করা হল, তার পরে গিয়ে ওই মাওবাদীদের

সঙ্গে যোগ দিল। আমি সেই কথা বলছি না স্যার। আমি আপনার মাধ্যমে যে কথা বলতে চাইছি যে, এখানে যে সমস্ত নদীগুলো আছে সেই নদীগুলো থেকে যে জল হয়, বোরো চাষের সময়, alternative crop-এর সময়, সেই জলগুলো বেঁধে যাতে চাষের ব্যবস্থাকে উন্নত করা যায়, তাহলে আমরা যত টাকা খরচ করেছি, তার থেকে কম টাকাতেও অনেক ভালো যেতে পারি। স্যার, আমি আপনার কাছে বলতে চাই যে, আমাদের এখানে স্বাস্থ্যের যে বন্দোবস্ত হয়েছে, আপনারা বলেছেন টাকা বাড়িয়েছেন—আমি আপনাদের সঙ্গে বলছি Outdoor-কে আরও বেশি সমৃদ্ধ করতে হবে, ডাক্তার দিতে হবে। আমার ওখানে ভাটরা হসপিটালে ডাক্তার নেই। স্যার, বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে আমি একটা কথা বলব, আমার দুটো মিনিট সময় দেবেন আমার হয়ে এসেছে। আমি আপনাদের কাছে শুধু বলব যে, যেভাবে বিদ্যালয়ের শিক্ষার ক্ষেত্রে টাকা খরচ করেছে বেহিসাবিভাবে ওরা, তার তুলনা নেই। কিন্তু একটা জিনিস করতে হবে, mid-day meal, mid-day meal বলে চিৎকার করছি, মাননীয় শিক্ষামন্ত্রীকে বলেছি, সব স্কুলে এখনও mid-day meal চালু হচ্ছে না। আর যারা চালাচ্ছে তাদের রান্নাঘর নেই, খাওয়ার জায়গা নেই, স্কুলের বেঞ্চ নেই, সেই বন্দোবস্ত করতে হবে। স্যাব, আমি আপনার কাছে আবেদন করে বলব, নারী ও শিশুকল্যাণ বিভাগ এক জায়গায় রাখতে পারলে ভালো হত।

[4.20—4.30 p.m.]

যদি এক জায়গায় না রাখা হয় তাহলে উন্নয়নের ক্ষেত্রে মানুষের যেতে অসুবিধা হবে। আই.সি.ডি.এস.-এর কর্মীদের মাইনা বাড়ানো উচিত, অনরেরিয়াম বাড়ানো উচিত। এই ব্যবস্থা করতে হবে।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আর একটা কথা বলে আমি শেষ করি। সাংস্কৃতিক উন্নয়নের কথা বলেছেন। আমি বলছি কলকাতার শহরে এমন অনেক বাড়ি আছে যে বাড়ির সঙ্গে রবীন্দ্রনাথের সঙ্গে সম্পর্ক আছে, নজরুলের সম্পর্ক আছে। রবীন্দ্রনাথ যে ঘরে বসে নির্ঝরের স্বপ্নভঙ্গ কবিতা লিখেছিলেন, সরোজ স্ট্রিটের একটা বাড়ি, তাপসবাবুরা জানেন, অশোকবাবুরা জানেন, সেই বাড়িটা আজও একজন মানুষের কবলে আছে। আমার বক্তব্য এই বাড়িগুলোকে চিহ্নিত করুন। বিখ্যাত কবিতা নজরুল যেখানে লিখেছিলেন, তালতলার বাড়িতে, সেই বাড়িটা আজকে একজন অবাঙালি মানুষ কিনে রেখেছেন। এই ধরনের বাড়িগুলোকে অধিগ্রহণ করুন এবং ব্যবস্থা করুন। সব শেষে স্যার........

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে ২০১২-২০১৩ আর্থিক বছরের জন্য যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনগুলোর সম্পূর্ণ বিরোধিতা করে কয়েকটি বিষয় নিবেদন করছি। প্রাক্তন অর্থমন্ত্রী বছরের পর বছর

ধরে ঘাটতি শূন্য বাজেট পেশ করে পরিণামে রাজ্যে একটা বিপুল আর্থিক ঘাটতি রেখে গেছেন। সরকারি ঋণকে তিনি আয় হিসাবে দেখিয়ে গেছেন। আয়-ব্যয়ে কৃত্রিম একটা সমতা এনে বিধানসভা তথা জনগণকে ধোঁকা দিয়েছেন। যার পরিণতি ২ লক্ষ কোটি টাকারও বেশি দেনা। একইভাবে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়ে যে অর্থ চাওয়া হয়েছে, তা রাজ্য সরকারের সম্ভাব্য আয় হিসাবে দেখিয়ে একইভাবে হিসাবে কারচুপি করা হয়েছে। এমনকি আজকে মাননীয় বিরোধী দলনেতার প্রশ্ন ছিল এই রকম যে, কয়লা থেকে সেস আদায় করতে তার রয়েলটির দাবি জানিয়ে এবং সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অ-সাংবিধানিক জেনেও তাকে রাজ্যের আয় হিসাবে দেখিয়ে এসেছেন। তাছাড়া বছরের পর বছর রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন নিয়ে অসত্য কথার ফুলঝুরি ফোটানো হয়েছিল। সর্বভারতীয় সমস্ত হিসাবে ১৯৮০ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত এই সময়কালে পশ্চিমবঙ্গ একটা মাঝারি আয়ের রাজ্য যার উন্নয়নের হার অর্থাৎ আয় বৃদ্ধির হার কখনও ৫.৫ শতাংশ অতিক্রম করেনি। অথচ আপনাদের বাজেটে প্রতি বছর একে উচ্চ আয়ের রাজ্য বলে দেখানো হয়েছে। এমনকি উন্নয়নের হারে এই রাজ্য সমগ্র দেশকে শুধু নয়, বিভিন্ন উন্নত রাজ্যকেও পিছনে ফেলে দিয়েছে, এই প্রচার করা হয়েছে। আর ওনাদের সদস্যরা—আমরা তখন দেখতাম তো হাততালি দিয়ে সমর্থন জানাচ্ছেন। অথচ উচ্চ আয় কেন কর্মসংস্থান বাড়াতে পারেনি, কেন কর আয় অনুপাত বাড়াতে পারেনি তার উত্তর কিন্তু কোনোদিন পাওয়া যায়নি। শিল্প কৃষি সবেরই এক উজ্জ্বল ছবি আঁকা হয়েছে বছরের পর বছর। কিন্তু মমতা ব্যানার্জীর নেতৃত্বে নতুন সরকার যখন এলো তখন দেখলেন সমস্ত কিছুই ধুঁকছে। কোনো কোনো বামপন্থী নেতা, বুদ্ধিজীবী টি.ভি. চ্যানেলে বক্তব্য রাখছেন, বিধানসভায় আপনারা বলছেন পশ্চিমবাংলায় বিপুল সরকারি ঋণ নিয়ে—এখুনি তো বলছিলেন, এতো হইচই কেন—উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র তাদের ঋণ তো আরো বেশি। ঠিক কথা। ঋণ বেশি। কিন্তু তারা পশ্চিমবঙ্গের থেকে আয়তনে এবং লোকসংখ্যায় বড়ো রাজ্য। দ্বিতীয়ত আয় ঋণ অনুপাত পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি, ৪৯.৪ শতাংশ। অর্থাৎ মোট আয়ের অর্ধেকই হলো রাজ্য ঋণ। মহারাষ্ট্রে কত ? ২৬.২ শতাংশ। আর উত্তরপ্রদেশে ৪৫ শতাংশ। সব রাজ্যের ক্ষেত্রে এর গড় অনুপাত কত ? মাত্র ২৬.৬ শতাংশ। অর্থাৎ এই রাজ্যে আয় বৃদ্ধির হার ছিল কম, ঋণ বৃদ্ধির হার ছিল বেশি। সেই জন্য পশ্চিমবঙ্গ, ওই যে বলছিলেন মাথাপিছু আয় কি করে এত হল ? ঋণ হচ্ছে, ২১ হাজার টাকা। পশ্চিমবঙ্গ ঋণগ্রস্ত শিশুর জন্ম দিচ্ছে, এই কথা অনেকেই বললেন। ধরুন—আমরা ২৯৫ টাকা ঋণ নিয়ে বললাম যে আমাদের সকল সদস্যদের মধ্যে এই ঋণটা ভাগ করে দেওয়া হবে। তাহলে দাঁড়ায় কত ? এক টাকা করে। এবার যদি ২৯৫ টাকা ৫৯০ জন সদস্যদের মধ্যে ভাগ করা হয় তাহলে ঋণ দাঁড়ায় কত ? ৫০ পয়সা। তাই পশ্চিবঙ্গে ঋণ সবার থেকে বেশি। সবার আগে রেখে আপনারা বিদায় নিলেন। মা-মাটি-মানুষের সরকার তাই এক দেউলিয়া অবস্থা থেকে রাজ্যকে টেনে তুলে আর্থিক শ্রীবৃদ্ধির রাস্তায় নিয়ে আসতে চাইছেন। কি করছেন মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ? একটু চুপ করে শুনুন। সমাজ অর্থনীতি এক লন্ডভন্ড অবস্থায় রেখে আপনারা বিদায়

নিলেন। এই সরকারকে কাজ করতে দিন। প্রতি বছর ২২ হাজার কোটি টাকা সুদ মেটাতে হচ্ছে। কেন ? আপনাদের ঋণ। প্রশ্ন তুলেছিলেন নতুন সরকার, একটু আগে বললেন যে কেন ঋণটা বেড়ে গেল, কেন ঋণ নিচ্ছেন, কেন ব্যয়-বরাদ্দ প্রয়োজন মত বাড়ছে না ? ন্যূনতম লজ্জা বা বোধ যদি আপনাদের থাকত তাহলে এই প্রশ্ন আপনারা করতেন না। তবুও নতুন সরকার ৩ লক্ষ ২৮ হাজার কোটি টাকার বাজেট তৈরি করতে পেরেছেন। বাজেট বরাদ্দ ১১.৬% বাড়িয়ে ২৩ হাজার ৩৭১ কোটি টাকা করতে পেরেছেন, যার মধ্যে ঘাটতি ধরা হয়েছে মাত্র ৯ কোটি টাকা। অথচ মাত্র দুশো কোটি টাকার নতুন কর প্রস্তাব করা হয়েছে। মূলত বিলাস দ্রব্যের উপর ভ্যাটে ১ শতাংশ বাড়িয়ে, দেশি মদের উপর মূল্যানুগ আবগারি শুল্ক বসিয়ে, ই-স্ট্যাম্পিং ব্যবস্থার মাধ্যমে আদায় বাড়িয়ে এবং সর্বাপেক্ষা উল্লেখযোগ্য প্রবেশ কর ব্যবস্থার প্রত্যাবর্তন ঘটিয়ে নতুন কর প্রস্তাবকে বাস্তবায়িত করার বিষয় বলা হয়েছে। একটা বিষয় আপনারা শুনুন। আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বললেন একটা নতুন বিলের প্রস্তাব তিনি রাখছেন। বিলটা আসছে। সেটি হল রাজ্যের স্থানীয় অঞ্চলে পণ্য প্রবেশের জন্য কর ধার্য করার বিল। কারণ আপনারা জানেন কেন্দ্র টাকা দেয়নি। সঙ্গে সঙ্গে আপনারা না বুঝেই সমালোচনা শুরু করে দিলেন। এখানে বক্তব্যে কেউ কেউ বললেন, আবার কেউ কেউ কাগজে ছাপিয়েও দিলেন চুঙ্গি কর আদায় হবে। শুনে রাখুন, পশ্চিমবঙ্গে এই এন্ট্রি ট্যাক্স আর চুঙ্গিকর, অকট্রয় এক জিনিস নয়। এই চুঙ্গি কর বড়ো বড়ো মিউনিসিপ্যালিটিগুলো আদায় করত, চেক পোস্ট বসাত এবং আদায় চলত। চুঙ্গি কর অর্থাৎ অকট্রয় শুরু হয়েছিল ১৯৬৯-৭০ আর্থিক বছরে। ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এটা রদ করা হয়। শুরু হয়েছিল ১৫ হাজার ১৩৭ টাকা আদায় দিয়ে, আর যখন তুলে দিলেন তখন আদায় হয়েছিল ৭৬ লক্ষ টাকা। সেই সময় একই সঙ্গে এন্ট্রি ট্যাক্স চলছিল। এই এন্ট্রি ট্যাক্স শুরু হয় কখন ? ১৯৬০-৬১ আর্থিক বছরে। সেই বছর কালেকশন ছিল কত ? ২ কোটি ২৬ লক্ষ টাকা। ১৯৯১-৯২ সালে এই আদায় বেড়ে হয় কত ? ১৩৮.৫৭ কোটি টাকা। এই কর তখন চালু ছিল কেবলমাত্র সি.এম.ডি.এ. এলাকায় এবং কিছু রাজ্যের দুটি নোটিফায়েড এলাকায়। একটা হল 'আড্ডা' অর্থাৎ আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি এবং অপরটি হল শিলিগুড়ি-জলপাইগুড়ি নোটিফায়েড এরিয়া। মূলত ফলমূল এবং কিছু বিলাস দ্রব্যের উপর এই কর চালু ছিল। সেই সময় কলকাতা কর্পোরেশন সি.এম.ডি.এ. মিউনিসিপ্যালিটি এবং নন-সি.এম.ডি.এ. মিউনিসিপ্যালিটির মধ্যে রাজস্ব ভাগ হত। কত ? যথাক্রমে ২৫,১৭ ও ৮% হিসাবে। অর্থাৎ ৫০% এইভাবে ভাগ হত, আর বাকি ৫০% রাজ্য সরকার নিজের কাছে রাখত। এই ৫০%-এর মাধ্যমে সি.এম.ডি.এ. এবং নন-সি.এম.ডি.এ. এলাকায় বিভিন্ন বাজারে কি করবেন বলেছিলেন। বিভিন্ন বাজারের উন্নতির কথা বলা হয়েছিল। কিন্তু সেইসব টাকা যে কোথায় চলে গেল কে জানে ! তবে বাজারের লাগেনি। বাজারের আধুনিকীকরণ যদি করতেন, এই এন্ট্রি ট্যাক্স—যা দিয়ে বাজারের আধুনিকীকরণ করার কথা ছিল, তাহলে জানি আপনারা মাঝে মাঝে চিৎকার করেন, তাহলে আজকের নিউ মার্কেট, বড়বাজার, হাতিবাগান এইসব জায়গায় আগুন লাগত না।

[4.30 – 4.40 p.m.]

সুতরাং, আপনাদের পাপের বোঝা আমাদেরকে বইতে হচ্ছে। আপনারা এই প্রবেশ কর তুলে দিলেন। তুললেন কেন ? কারণ চুঙ্গি করের সঙ্গে এই এন্ট্রি ট্যাক্সের ঠোকাঠুকি লাগল। আর কি ? আপনাদের তো বলেছি যে, অঙ্গের ভূষণ হচ্ছে দুর্নীতি, সেই দুর্নীতি ছিল। আর তৃতীয়ত, আপনারা যাদের পদলেহনে ৩৪টা বছর সরকার চালিয়েছেন সেই ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করার জন্য আপনারা এন্ট্রি ট্যাক্স তুলেছিলেন, কোনো মহৎ উদ্দেশ্যে নয় এবং যখন তুললেন তখন তার আয় ছিল কত ? ৮০০ কোটি টাকা, ৮০০ কোটি টাকা। তাই খুব যুক্তিসঙ্গতভবেই এই করকে ফিরিয়ে আনার কথা বলা হয়েছে। সমগ্র রাজ্য জুড়ে এই কর আদায়ে যদি পৌরসভা—কারণ এটা বলা হয়েছে সমগ্র রাজ্য জুড়ে হবে। যদি সমগ্র রাজ্য জুড়ে পঞ্চায়েত ও পৌরসভাকে কাজে লাগানো যায় এবং এর থেকে আদায়ের অংশ built in incentive, এই ব্যবস্থায় দেওয়া যায় তাহলে অর্থনৈতিক উন্নয়নের বিকেন্দ্রীকরণের সুবিধা পাওয়া যায়। এই টাকা compensatory এন্ট্রি ট্যাক্স ফান্ডে যাবে। কি হবে ? রাস্তা হবে, ব্রিজ হবে—বাণিজ্যিক পরিকাঠামো তৈরি হবে। ডঃ মিত্র বলেছেন 'বিলটা' আনবেন। সেটা না দেখেই সমালোচনা। কোন্ কোন্ দ্রব্যে কত পারসেন্ট ? সব ক্ষেত্রেই যে ফাইভ পারসেন্ট বেড়ে যাবে তা তো নয়, কোনো ক্ষেত্রে এক পারসেন্ট বাড়তে পারে, কোনো ক্ষেত্রে পাঁচ পারসেন্ট বাড়তে পারে। কোনো ক্ষেত্রে তিন পারসেন্ট বাড়তে পারে। আগে ওটা দেখুন। জন্মাবার আগেই কেমন সন্তান হবে তা ভেবে নিয়েই সমালোচনা শুরু করে দিলেন। আপনাদের আমলে বিভিন্ন করের ক্ষেত্রে সরকারি লক্ষ্য ও আদায়ের মধ্যে বিস্তৃত ফাঁক থেকে গেছে। শুধু একবার না, বছরের পর বছর। যার জন্য দায়ী প্রশাসনিক গাফিলতি এবং যার একটা বড় অংশ হল দুর্নীতি। কর আদায় ব্যবস্থা জেলা পরিষদের মাধ্যমে দিতে গিয়ে বেড়েছে অপচয় আর অপদার্থতা। রাজ্যের সবচেয়ে বড় যে কর ব্যবস্থা—বিক্রয় কর বা ভ্যাট, এর ক্ষেত্রে প্রশাসনিক ব্যর্থতা সবচেয়ে বেশি। ফলে, বিভিন্ন করের ক্ষেত্রে লক্ষ্য ও আদায়ের মধ্যে ২০ থেকে ৬০ শতাংশ ফাঁক থেকে গেছে। বিক্রয় করের ক্ষেত্রে প্রতি বছর লক্ষ্যমাত্রা ৪০ থেকে ৬০ শতাংশ আদায় হয়। বাকি অংশ থাকে অনাদায়ী অথাৎ যেটা ইকোনমিক্সের ভাষায় বলা যায়, যা unrealized এতে জমতে জমতে পাহাড় প্রমাণ হয়েছে। এই অনাদায়ী কর যদি আদায় করতে পারতেন তাহলে আর্থিক সমস্যার কিছুটা সুরাহা হত। কিন্তু, এইসব আপনারা ভাবেন না, এই অঙ্ক জানেন না—একটা অঙ্ক ভালো করে জানেন, কি করে ঋণ করতে হয়। কিন্তু, অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র কর আদায়ে প্রশাসনিক শৃঙ্খলার কথা ভেবেছেন। সেই জন্য কর ব্যবস্থা সরলীকরণ করেছেন। আপনারা বাজেটে দিশা পাচ্ছেন না। সরলীকৃত কর ব্যবস্থায় মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি, ঘাটতি কমানো ও অর্থনৈতিক উন্নয়নই হচ্ছে এই বাজেটের একমাত্র দিশা। এইভাবে আয় বাড়লে অর্থাৎ, কর না চাপিয়ে পুরানোকে যদি সরলীকৃত করা হয় তাহলে করের ইলাস্টিসিটি বাড়ে, করের ইলাস্টিসিটি বাড়ে এবং এই ইলাস্টিসিটি যদি বাড়ে তাহলে মুদ্রাস্ফীতির সময় যেটা অতি প্রয়োজনীয়। এইভাবে বাড়লে মানুষের উপর কোনো করের বোঝা চাপে না। উন্নয়নের সাথে সাথে রাজস্ব আদায় বৃদ্ধি পায়। এই দিশা

মাননীয় মমতা বন্দ্যোপাধ্যায় গ্রহণ করেছেন। আপনারা জানেন যে, পশ্চিমবঙ্গে মাথাপিছু আয়ে ১৯৬০ সালে দেশের রাজ্যগুলির মধ্যে ছিল প্রথম ১৯৬৫ সালে ছিল দ্বিতীয়—মহারাষ্ট্রের পরে আর ১৯৭৭ সালে আপনাদের ক্ষমতায় আসার সময় ছিল তৃতীয়। এই সময় পাঞ্জাব এগিয়ে আসে, পাঞ্জাব প্রথম হয়। সেই রাজ্য আপনাদের কল্যাণে ২০৪-০৫ সালে ছিল ১৩টা রাজ্যের পিছনে আর ২০১০-১১ সালে ছিল ১৪টা রাজ্যের পিছনে। সঙ্গে প্রাথমিক শিক্ষায় ৩৩তম, প্রাথমিক স্বাস্থ্যে ১৭তম, বিদ্যুৎ ব্যবহারে—শুধু বিহারের আগে, সড়ক পরিবহন অথৈবচ। এই অধোগমনের ইতিহাস আপনারা রচনা করেছেন আর আমাদের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী ডঃ অমিত মিত্রকে সঙ্গে নিয়েই সেই অধোগমনকে উন্নয়নে পরিবর্তিত করছেন—বাজেটের দিশা কিন্তু এখানেই। ২০১২-১৩-র আর্থিক বছরে গোটা দেশ জুড়ে যে অভিন্ন দ্রব্য ও সেবাকর—গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স বা জি.এস.টি. বসার কথা তার প্রধান উদ্যোক্তা কে ? প্রধান উদ্যোক্তা আপনাদেব প্রাক্তন অর্থমন্ত্রী। এ সম্পর্কে অর্থমন্ত্রী এমপাওয়ার্ড কমিটির তিনি চেয়ারম্যান ছিলেন। এতে অন্তর্ভুক্ত হবে কেন্দ্র এবং রাজ্যের সব পরোক্ষ কর। এতে রাজ্যের কর আদায় বাড়বে কিনা তা পরের প্রশ্ন কিন্তু এতে যে রাজ্যের কর স্বাধীনতা, ট্যাক্স-অটোনমি লুপ্ত হবে সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

আরেকটা কথা বলি, ডঃ মিত্রের ২০০ কোটি টাকার কর-এ আপনারা মুদ্রাস্ফীতির গন্ধ পাচ্ছেন কিন্তু কেন্দ্রের বিপুল ট্যাক্সেশনে কোনো গন্ধ পাননি। আর জনগণের কাঁধে মুদ্রাস্ফীতি চাপ কমানোর জন্য মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা ব্যানার্জী এবং মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র কঠিনতম আর্থিক অবস্থার মধ্যেও রান্নার গ্যাসের ওপর 'সেস' প্রত্যাহার করেছেন, ডিজেলে-সারে ভর্তুকি বাড়িয়েছেন, বাস-ট্যাক্সির ভাড়া এক পয়সাও বাড়াননি। অথচ প্রশংসার বদলে আপনারা ছিদ্র খুঁজতে ব্যস্ত হয়েছেন। কেন্দ্রীয় বাজেটে বে-সরকারি বিমান সংস্থাগুলোর জন্য ২২৫ কোটি টাকা আমাদের ক্ষতি হচ্ছে। কেন্দ্র ১০০ টাকা কর আদায় করলে রাজ্য পায় কত ? ২.৩ শতাংশ। কিন্তু এত অসুবিধার মধ্যেও নতুন সরকারকে এফ.আর.বি.এম.—যেটা বারবার বলা হয়েছে সেটা মানতে গিয়ে, তাকে ঋণে সীমাবদ্ধতা রাখতে হয়। আপনারা দেদার ঋণ করে গেছেন যাবার সময়, শেষ সময়ে সই করে দিলেন; আমরা তো যাব, ওঁরা ঝামেলায় পড়ুক। তাই আসুন বাজেট দেখে আর বিরোধিতা নয়।

আর একটা কথা বলে শেষ করব স্যার। পি.পি.পি. মডেলে বহু উন্নয়ন মমতা বন্দ্যোপাধ্যায় ডঃ অমিত মিত্রকে সঙ্গে নিয়ে করছেন। পি.পি.পি. মডেলে আপনারাও করেছেন। কোনো শত্রু বলতে পারবেন না যে আপনারা করেননি। আপনাদের পি.পি.পি. মডেল কি ? পুলিশ-পার্টি-পার্টনারশিপ।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়)

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে আলোচনা হচ্ছে বার্ষিক আর্থিক বিবরণীর উপরে, আনুয়াল ফিন্যান্সিয়াল স্টেটমেন্ট, যাকে আমরা বাজেট বলি, সেই আলোচনায় আমি অবশ্যই আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই যে, আপনি এবারে একটা এক্সারসাইজ করবার চেষ্টা করেছেন। ঠিকই গতবার আপনার পক্ষে

এত তাড়াতাড়ি করে এক্সাইজ করা খুব কঠিন ছিল। আমি আপনার অনেক প্রস্তাবই সমর্থন করার পক্ষে কিন্তু করব কিনা তা নির্ভর করে আপনি কী জবাব দেবেন তার ওপর। তার কারণ কতগুলো বিষয় পরিষ্কার হওয়া দরকার। যখন বিতর্ক হয় তখন সরকার পক্ষ একটা বলবেন, বিরোধীরা একটা বলবেন। কিন্তু সত্য সত্যই। আমরা যে যাই বলি, দিনকে রাত্রি, রাত্রিকে দিন করতে পারব না, সাদাকে কালো, কালোকে সাদা করতে পারব না। আমি আপনাকে বলতে চাই, কোনটা সত্য সেটা আপনিই বলুন, যেগুলো নিয়ে বিতর্ক হচ্ছে। এটা কী ঠিক যে, ৩৪ বছরে সব শেষ হয়ে গেছে ? যদি ঠিক হয় তাহলে আপনার আর্থিক সমীক্ষা, যা আপনি বলেছেন, যা আমাদের বিধায়করা অনেক উদ্ধৃতি দিয়েছেন, আমি উদ্ধৃতি, সংখ্যাতত্ত্বে ঠিক একটা যেতে চাই না কারণ এখানে বহু কথিত, তাহলে সেটা মিথ্যা হয়ে যায়, অ-সত্য হয়ে যায়। আপনার আর্থিক সমীক্ষার থেকে বহু উদ্ধৃতি দেওয়া যায় যে ৩৪ বছরে সাফল্যগুলো কি। সেখানে সুস্পষ্টভাবে, বছরে পর বছর ধরে তা চিহ্নিত। আমি যে বইটা ধরে আছি, যেটা এফ.আর.বি.এম. অ্যাক্টের একটা বাধ্য-বাধকতা, মিডিয়ম টার্ম ফিসক্যাল পলিসি স্টেটমেন্ট অ্যান্ড ফিসক্যাল স্ট্র্যাটেজি স্টেটমেন্ট, সেখানে বছরভিত্তিক যেসব হিসাব দেওয়া আছে, ওই ফেলে আসা ৩৪টা বছর, এমনকি বিভিন্ন পরিকল্পনাকারে ৫ বছরের নয়, ১৫ বছরের হিসাব যা আপনি দিয়েছেন সেটা সত্যি না সেই সত্যিকে চ্যালেঞ্জ করে যেগুলো সরকার পক্ষ থেকে বলা হচ্ছে সেগুলো সত্যি ?

[4.40—4.50 p.m.]

কোনটা সত্যি ? এটা কি ঠিক ? আপনি বলবেন কোনটা ঠিক, কোনটা বেঠিক ? এটা কি ঠিক নয় যে আপনি বাজেটে বলেছিলেন, আপনার বাজেট অ্যাট এ গ্ল্যান্সের-৯ নম্বর বইতে ৩ নং পৃষ্ঠায় লেখা আছে, রাজ্যের যে নিজস্ব ট্যাক্স সেটা আপনি ৩০ শতাংশ হারে বৃদ্ধি করবেন। তাই ১৮ শতাংশ হয়েছে। কারণ আপনি দেখিয়েছেন, আপনি বলবার চেষ্টা করছিলেন, আমি দেখছিলাম, এখানে নয়, সাংবাদিক সম্মেলনে আপনি বলবার চেষ্টা করছিলেন, যখন মাইকটা আপনার হাত থেকে চলে গেল, তার আগে। এটা ঠিকই যে একটা মন্দা, বিশ্ব পরিস্থিতি, দেশের পরিস্থিতি একটা ব্যাপার অস্বীকার করা যায় না যা আপনি বলেছেন। কিন্তু সেটাই কি সব ? এই যে ৩০ শতাংশ থেকে ১৮ শতাংশ আপনি ধরেছেন, তার উপর নির্ভর করে, ১৮ শতাংশ থেকে আবার যে বাড়াবার প্রস্তাব আপনি করেছেন, তার উপরেই তো নির্ভর করছে আপনার প্রস্তাবগুলোকে আমি সমর্থন করতে চাই কিনা। সেগুলোকে আপনি বাস্তবায়িত করতে পারবেন কিনা ? আমাদের সময় যে ২৫ শতাংশ ছিল শেষ বছরে, সে তো আপনার বইতেই লেখা আছে। কাজেই আপনি নিশ্চয়ই বলতে পারবেন না যে, এটা অসত্য বলা হচ্ছে। ইউনিয়ন ট্যাক্স তার যে শেয়ার পাওয়ার কথা—সে সম্পর্কে আপনি যা বলেছেন আমি তার সঙ্গে সহমত পোষণ করি। আপনি ক্ষোভ প্রকাশ করেছেন। এটাই আমরা বারবার বলি, ভালো, আপনিও বলছেন। এতে তো ঝগড়া করার কিছু নেই। ওই যে একটা কথা বললাম, যেটা আমাদের ন্যায্য পাওনা, এখানেও আবার শুরু করার চেষ্টা অসাংবিধানিক, যেটা সংবিধানের রাজ্য তালিকায় ৪৯ এন্ট্রি ৪৯ সেস আর ৫০ রয়্যালটি, সকালে আমার কোশ্চেন ছিল এ নিয়ে। আপনি কালকে আমাকে বলেছিলেন,

গত অধিবেশনে একটা কোশ্চেন করেছিলাম, সেই জবাবটা কিন্তু মনে করে দিয়ে দেবেন। আমি সেই জন্য বেশি কিছু চেঁচামেচি করিনি। স্পীকার আমাকে আশ্বস্ত করেছেন, আপনিও আমাকে আশ্বস্ত করেছেন। এই যে সাংবিধানিক দাবি, সেগুলো আমরা পাচ্ছি না, এটাই তো আমরা লড়াই করেছি। প্রধানমন্ত্রীকে এখানে বলেছি, আপনাকে কপি দিয়েছি, একমত হয়ে বলেছি যাব আপনাদের সঙ্গে। আপনি যা প্রতিশ্রুতি বাজেটে দিচ্ছেন, তা কতখানি পূরণ করতে পারবেন সেটা নির্ভর করছে আপনার আয়ের উপরে। সেই জন্য কোনটা সত্যি ? এটা কি সত্যি নাকি যেটা প্রায় বলা হয়ে থাকে—এই যে এখন একটা চালু হয়ে গেছে। ২১ হাজার টাকা যদি আয় হয় তাহলে ২২ হাজার কোটি ব্যয় হয়। ২১ হাজার, ২২ হাজার কোটি টাকা একটা আছে না চালু কথা যা আমরা শুনে আসছি। এখানেও আমরা শুনছি। আচ্ছা এটা সত্যি না আপনার ৯ নম্বর বইতে যেটা পৃষ্ঠা এক, পৃষ্ঠা ১৩-তে বলা হয়েছে, সেই হিসাবটা সত্যি ? সেই হিসাবটা হচ্ছে কি ? ঋণ সুদ আসল করে খরচ করতে হয় ২২ হাজারের মতো। বেশি খরচা করতে হবে আপনাকে প্রায় ২৩ হাজার ২০০ কোটি টাকার মতো। এর সঙ্গে বেতন দিতে হবে, অবসরকালীন ভাতা দিতে হবে, আপনার হিসেবে সেটা প্রায় ৩৭ হাজার ২৮৫ কোটি টাকা। যোগ করলে দাঁড়ায় ৬০ হাজার ৪৮৫ কোটি টাকা। কিন্তু যে আয় আপনি দেখিয়েছেন, সেটা কম হলেও ৮৭ হাজার ৮০৮ কোটি টাকা। তাহলে ৮৭ হাজার ৮০৮ কোটি টাকা থেকে ৬০ হাজার ৪৮৫ কোটি টাকা বিয়োগ করলে আপনার উদ্বৃত থাকে ২৭ হাজার ৩২৩ কোটি টাকা। তাহলে এই যে ২১ আর ২২-এর যে গল্পটা চলছে, ওটা ঠিক হচ্ছে না। এই ২৭ হাজার ৩২৩ কোটি টাকা আপনার পরিকল্পনা বহির্ভূত কিসে কি, আমি তার মধ্যে বেশি যাচ্ছি না। আমরা কি আপনাকে উদ্বৃত্ত দিয়ে গিয়েছিলাম না ঘাটতি দিয়ে গিয়েছিলাম ? এটার কোনটা ঠিক, তা আপনি বলবেন।

মাননীয় প্রবীণ বিধায়ক শ্রী প্রবোধচন্দ্র সিনহা যখন বলেছেন অঙ্ক দিয়ে বলেছেন আপনার বাজেট বইয়ের পৃষ্ঠা ছাপা এখানে রয়েছে। আমরা তখন ভেবেছিলাম যে, সত্যি সত্যি বোধহয় আমরা ২ হাজার কোটি টাকার ঘাটতি আপনাদের দিয়ে গেছি। এখন তো উদ্বৃত্ত দিয়ে গেছি দেখতে পাচ্ছি। এটা আপনার হিসাবেই এখন বের হচ্ছে। যদিও হিসাবটা একটু পেতে দেরি হয়, যাই হোক আমাদের সময়ে মাইনে, একটা তথ্য এখানে বের হচ্ছিল যে, হঠাৎ করে আমাদের এই যে রাজস্ব খাতে ঘাটতি কেন আমাদের এতো বেড়ে গেল—তার কারণ জানেন যে পঞ্চম পে-কমিশন। আপনি কি অস্বীকার করতে পারেন যে, যে হারে বাড়ল ৫০ শতাংশ মাইনেতে, আমাদের বেতন বৃদ্ধি হল ৫০ শতাংশ। আর এখন সেটা ১৫ শতাংশ। আপনি যা রেখেছেন রিভাইজড এস্টিমেটে এটা ৭ শতাংশ দাঁড়াবে। কোথায় ৫০ শতাংশ থেকে ৭ শতাংশ। ধাক্কা তো আমরা সামলেছি। যদি আবার পে-কমিশন না হয় তাহলে এটা আরো কমে যাবে আপনাদের। তাহলে কোনটা ঠিক—এবং এটা কোনটা ঠিক যেটা আমি বললাম যে, যেটা আপনি বলেছিলেন ২৮ হাজার ৩৩৮ কোটি টাকার ঘাটতি ছিল আর আপনি অ্যানুয়েল ফিনান্সিয়াল স্টেটমেন্টের পৃষ্ঠা ৬১তে আপনি এটা দিয়েছেন মানে ইংরেজি বইটার কথা বলছি—সেটা ১৬৯ কোটি টাকা উদ্বৃত্ত। এটা যোগ করলে কার্যত আপনার ৩ হাজার কোটি টাকার বেশি। ৩ হাজার কোটি টাকার বেশি বাড়তি আমরা রেখে গেছি। আমি আপনাকে প্রশ্ন

করেছিলাম যে কি কি বিল পেমেন্ট করতে বাকি আছে সেটা আপনি বলবেন। গতবারে প্রশ্ন করেছিলাম, গত অধিবেশনে। আমি আপনাকে বিব্রত করতে চাই না আর সেটা বলে, জবাবটা এখনো পাইনি যে আমাদের সময়ে বকেয়া বিল কি বাকি আছে পেমেন্ট করতে। কাজেই সবটা মিলে খুব খারাপ কিছু রেখে যায়নি আপনাদের। আমি ওই ঋণের ব্যাপারে-ট্যাপারে বেশি কিছু যেতে চাই না। যে এত কথা হয়েছে এখানে, এতবার হিসাব দেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের বই আছে, আপনার বইতেও তথ্য দেওয়া আছে। মাথাপিছু ঋণ কেউ হিসাব করে না আপনি জানেন। এফ.আর.বি.এম. অ্যাক্টেও আপনি যে হিসাব দিয়েছেন এই স্টেটমেন্টে, এখানেও মাথাপিছু ঋণ কেউ করেনি। যদি করত মাথাপিছু তাহলে রিজার্ভ ব্যাঙ্কের যা ঋণ আছে, আর.বি.আই. লাস্ট যে রাজ্যভিত্তিক তালিকা আছে, তাতে ২০১১-তে জনগণনা হয়েছে। জনসংখ্যা দিয়ে ভাগ করলেই হয়। আপনি যা বলেছেন ২১ হাজার কোটি টাকা সর্বোচ্চ, তা তো হচ্ছে না ? আমাদের উপরে এগারোটি রাজ্য আছে যারা আমাদের চাইতেও বেশি। আমাদের স্থান দ্বাদশ। আমাদের উপরে এগারোটি মাথাপিছু আপনি যদি ধরেন। কিন্তু যেটা হিসাব করা হয়, জি.ডি.পি. পার্সেন্টেজ হিসাবে কেন্দ্রে এখানে হবে জি.এস.ডি.পি.। রাজ্যের মোট আভ্যন্তরীণ উৎপাদন তার শতাংশ হার হিসাবে। সেটা আমরা কমিয়েছি। কমিয়েছি, ৫০% থেকেও ৩৯.৫%। কেন্দ্রেও কমেছে, আমি গতবার বলেছিলাম। কেন্দ্রে তো অনেক বেশি। ৬১.৫% ছিল। এখন ওরা ৫১%-এ কমিয়েছে। আমরা ৩৯.৫%, আর মাথাপিছু কেন্দ্রে এখানে বলা হয়েছে আমাদের চাইতে অনেক অনেক বেশি ৩২ হাজার ৩২১ কোটি টাকা, দিল্লীর সরকার। মাথাপিছু যে ঋণ নিয়ে জন্মাবে যেটা আপনি বলছেন, ওখান থেকে যেটা হচ্ছে। এইগুলো কোনটা ঠিক সেটা স্পষ্ট বলা ভালো। এটা ভালো হোক, খারাপ হোক আমাদের কাছে বিরাট গৌরবের ব্যাপার। কারুর কাছে এটা আত্মশ্লাঘার ব্যাপার। এই রকম ব্যাপারই। এটা ঠিক আমাদের বুঝতে হবে, আমরা কোথায় আছি, আমাদের কোথায় যেতে হবে। বাজেট সেই জন্য করা হয়। অভিমুখ নিয়ে প্রশ্ন উঠেছে। দিশা নিয়ে প্রশ্ন উঠেছে। আমি বলছি না যে আপনার কোনো দিশা নেই। তা আমি বলছি না। আমি বলি একটা দিশা সেটার থেকে মুক্তি পেতে চাই যদি আপনি সব দোষটা ৩৪ বছরের ঘাড়ে না চাপান। দায়িত্ব কিছু নিজে নেন। এই এটা ঠিক নয়। এটা দিয়ে শুরু করেছেন আপনি সেই জন্য। ঠিকই, আপনার ডেমোক্লিসের তরবারি মাথার উপরে নয় কিন্তু। মাথার উপরে ঝুলছে না। ডেমোক্লিসের তরবারি আপনার পিছনে। ঘাড়ের উপর নিঃশ্বাস ফেলছে। খুব সাবধান থাকবেন। আর আপনি ডেমোক্লিস বলেছেন, আমি বলছি যে সামনে আপনার বিরাট সমস্যা যে সেই তরবারি, সেই তরবারি হচ্ছে তিতুমীরের তরবারি। কৃষক বিদ্রোহ, বাঁশের কেল্লা, কৃষি সঙ্কট, কৃষকের জীবনের সঙ্কট।

[4.50—5.00 p.m.]

এটা একটা বিরাট সমস্যা, সারা দেশ জুড়ে সমস্যা। আপনি যদি এই সমস্যাটা স্বীকার না করেন, আপনি যদি এই দারিদ্রসীমার নিচে বাস করে কৃষক ছাড়াও শ্রমিক বিশেষ করে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিক, যারা অস্থায়ী শ্রমিক, যারা আমাদের প্রায় ৭৭ শতাংশ জনসংখ্যার, সারা দেশের হিসাবে, এইসব মিলিয়ে এদের সমস্যাটা আপনি যদি স্বীকার না করেন, আপনি

যদি মনে করেন যে কেইনসিয়ান মাল্টিপ্লায়ার দিয়ে ওটা হিসাব করে কি হবে, গতস্য শোচনা নাস্তি। ওটার হিসাব ছেড়ে দিন, কেইনসিয়ান মাল্টিপ্লায়ারের। কিন্তু যেটা পরীক্ষিত, যেটা এখন হতে পারে কেইনসিয়ান ডিম্যান্ড ম্যানেজমেন্ট—এই লোকের হাতে যদি পয়সা থাকে, আয় বাড়ে, যদি এদের কর্মসংস্থান বাড়ে, কাজ পায় তবে গিয়ে আপনার বাজারে সেই ক্রয়ক্ষমতা বাড়বে, কেনার ক্ষমতা বাড়বে, অর্থনীতি চাঙ্গা হবে। শিল্প, বাণিজ্য, ব্যবসা, বৃদ্ধি এর তৈরি হবে। তখন আপনার বৃদ্ধির হার, আপনার যে সমস্যা জি.ডি.পি., আপনি যেটা বলছিলেন কেন আপনি পৌঁছতে পারছেন না। এতো কেইনসিয়ান ডিম্যান্ড ম্যানেজমেন্টের প্রবলেম। ইট ইজ নট কেইনসিয়ান মাল্টিপ্লায়ার—ওই আপনি যেটা বলছিলেন। ওইটা দিয়ে আপনি যদি যান—সেজন্য দিশাটা ঠিক করুন। আপনি কেইনসিয়ান মাল্টিপ্লায়ার নিয়ে থাকবেন নাকি কেইনসিয়ান ডিম্যান্ড ম্যানেজমেন্টের দিকটায় আপনি নজর দেবেন ? আপনি অর্থনীতিবিদ, আপনি এটা বলবেন। এখানে ইউ.এন.ডি.পি. যখন থেকে হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট প্রকাশ করছে, প্রথম রিপোর্টেই বলেছিল that growth cannot be sustainable unless it is equilable. এইটা হচ্ছে বড় ব্যাপার। এই আপনি গ্রোথ রেটটাকে যদি সাসটেন করতে চান তাহলে জি.ডি.পি. দিয়ে মাপলে হয় না। তাহলে হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট বলল কেন ? তাহলে হিউম্যান ডেভেলপমেন্ট ইন্ডিকেটর বলল কেন ? তাহলে ওয়েলফেয়ার ইকনমিকসের কথা উঠল কেন ? তাহলে অর্মত্য সেন এবং মহববুল হক তারা এবং তাদের সহকর্মীরা পরিশ্রম করে ওই এইচ.ডি.আই. বের করতে গেলেন কেন ? তাহলে আপনাকে সেইটা দেখতে হবে। গ্রোথটা সাসটেনেবেল খালি হলে হবে না, ইকুইটেবেল হচ্ছে কিনা, তার ভিত্তি কি রকম সেটা দেখতে হবে। আপনার দিশাটা কি সেই দিকে ? আপনি যদি হ্যাঁ বলেন তাহলে দুহাত তুলে সমর্থন করতে হবে। আপনি যদি না, এটা না, আমি কেইনসিয়ান মাল্টিপ্লায়ার নিয়ে থাকব, তাহলে আমার বিরোধিতা করতে হবে। এই জন্যেই এইসব কথা উঠছে। আমি আপনার আয় বাড়ানোর সমস্যা নিয়ে দু-একটা কথা বলতে চাই। যে আপনি ধরেছিলেন ২৫%, করেছেন ১৮%। আমি ট্যাক্সের দিকটা বলছি। আপনি প্রস্তাব করেছেন ২৫% নিয়ে যাবেন। নিয়ে যেতে পারলে আমি খুব খুশি হব। আমরা কম খুশি হব ? তা হব না। আমরা আপনার সাফল্য দেখতে চাই, এই ক্ষেত্রে ব্যর্থতা দেখতে চাই না। দুটো রাস্তা আছে। একটা হচ্ছে বেটার কমপ্লায়েন্স, সেটা আপনি যা করছেন, আই.টি. ইত্যাদি এসব করে যা করবার চেষ্টা করছেন, আর আপনি করের হার পুনর্বিন্যাস ইত্যাদি করে কতটা করতে পারবেন ? এর উপরে নির্ভর করছে আপনি আয় বাড়াতে পারবেন কিনা। আপনি দুশো কোটি টাকার একটা হিসাব দিয়েছেন। আপনি কি আমাকে ভেঙে বলতে পারেন, হাউসকে যে এই দুশো কোটির মধ্যে আপনি যেগুলো ছাড় দিলেন, তার জন্যে কত ছাড় গেল ? যেগুলো আপনি নতুন করে বসালেন, বিলাস দ্রব্যের উপরে বসিয়েছেন—এটা আমি সমর্থন করছি। আমি এটার বিরোধিতা করছি না। ভালো করেছেন আপনি। আরও বাড়ার সুযোগ ছিল, আমি সেটাই বলতে চাইছি। যাই হোক, তাতে আপনি কত আয় করবেন ? আপনি কি করে হিসাবটা মেলাবেন ? এইটা হচ্ছে প্রধান সমস্যা। আবি বারবার ঘুরে ফিরে যেখানে আসছি, সেটাই। সেখানে আপনি দেখুন যে আপনার ওই একটা জিনিস যেটা আবার কেউ কেউ এখানে সমর্থন করেছেন, আশীষবাবু আমাদের শেষ বক্তা সহ। আমাকে তো বিরোধিতা করতে হবে। কিন্তু

আজকে বিরোধিতার দিন না। যখন বিল আসবে তখন বিরোধিতা করব। আপনাকে আগাম বলে রাখছি এই জন্যে যে সেদিন আপনি যদি প্রস্তুত হয়ে আমাদের এটা বলেন। যেটা আপনি প্রস্তাব করেছেন যে The West Bengal Tax on Entry of Goods to Local Area বিল। টু লোকাল এরিয়ার আপনি সংজ্ঞা দিয়েছেন কি ? সব কর্পোরেশন, যে কোনো মিউনিসিপ্যালিটি, যে কোনো পঞ্চায়েত, সারা পশ্চিমবাংলায় এটা আপনি চালু করতে পারবেন। কয়েকটা এলাকায় সীমিত। গুডসের সংজ্ঞা দিয়েছেন আপনি যে কোনো গুডস, ট্যাক্স কত—৫% আপ টু। ঠিক এক পারসেন্ট, দু-পারসেন্ট করতে পারেন আপনি। আটশো জাতের গুডস আছে, আটশো আইটেম আছে। আপনি আটশোটার মধ্যে চারশোটা করতে পারেন, দুশোটা করতে পারেন। কিন্তু আমি আপানর কাছে সেদিন জানতে চাইব, আজকে জানতে চাইছি না, যদি আপনার সময় না থাকে আজকে বলবেনও না, দরকারও নেই। কিন্তু সেদিন জানতে চাইব কোন কোন গুডস আপনি তার উপরে ট্যাক্স বসাতে চাইছেন ? কত পারসেন্ট বসাতে চাইছেন, কোনখানে বসাতে চাইছেন, কিভাবে আদায় করতে চাইছেন এইগুলি খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন। কিন্তু এতে কোনো সন্দেহ নেই, এটা নিয়ে কেউ তর্ক করে না, আমি আশা করি আপনিও তর্ক করবেন না that this tax is a regressive tax-regressive-it is regressive because it is tax on tax, it is regressive because there is not set up ; it is regressive, it will be further regressive যদি আপনি এগুলি স্পষ্ট করে, স্বচ্ছভাবে না বলেন কটা আইটেমের উপর কর বসাবেন কত পারসেন্ট বসাবেন, কোন জায়গায় বসাবেন, কি করে আদায় করবেন তাহলে সংসদ বহির্ভূত, বাজেট বহির্ভূত যখন যে রকম একটা ঘোষণা করবার অধিকার সরকারের হাতে থেকে যায়, বর্তায় যেটা in this era of economic authoratarianism—এই ভাষাটা এখন ব্যবহৃত হচ্ছে অর্থনৈতিক স্বৈরতন্ত্র। ঠিক করে দিচ্ছে সারাদেশ এবং পৃথিবীর দেশগুলি বাজেট কিভাবে করবে। যে কারণে আমরা F.R.B.M.-র বিরোধী ছিলাম। আমাদের যদি 13th Finance Commission বাধ্য না করত প্রথম বছরে আমরা করতাম না। আমরা স্বাধীনতা আমরা কারো হাতে বিসর্জন দিতে পারি না। এটা ঠিক করে দিতে হবে আমাদের বলে দিতে হবে দাশখত লিখে দিতে হবে যে এই এই করতে হবে ? আচ্ছা আপনি বুঝছেন না F.R.B.M. অ্যাক্টটা ? আপনি আমাদের দোষ দিচ্ছেন, দিতে পারেন। তবে এবার এটার জন্য দোষ দেবেন না কেন করে গেল। দুটো দোষ দেওয়া ঠিক হবে না। একটা দোষ দিন, যে আপনারা আগে করেননি কেন ? সেটা একটা ব্যাপার আবার যদি বলেন করে গেলেন কেন সেটাও দোষ, দুই রকম দোষ দেখবেন না। আমাদের দৃষ্টিভঙ্গিতে আমি বলছি আপনি বুঝতে পারছেন না এফ.আর.বি.এম.-এর অ্যাক্টে আপনাকে এই বইটা দিতে হয়েছে। এই যে দুটো ফর্ম। কিন্তু তেরোটা ফর্ম আছে কি এগারোটা ফর্ম। আমি আপনাকে বই দেখে দেখে বলতে পারি খুব একটা সময় আমি নিতে চাই না, আপনি কি দেখছেন সমস্যার ব্যাপার। আপনিতো দুটো ফর্ম দিয়েছেন প্রথম দুটো। এই select fiscal indicators বি ওয়ান ফর্মটা। এটা বি ওয়ান ফর্মটা লেখা ছিল আমি যেটা খালি বলছি। আপনার অফিসার কেউ আছেন কি না জানি না, তারা লিখে দেবে আপনাকে লিখতে বলছি না। তারপর আপনি components of government Liabilities দিয়েছেন। এটা বি টু A ফর্ম এটা actually, তারপর আপনি

B-3, guarantees given by state govt. দিয়েছেন। কিন্তু মাঝখানে বি টু—বি এই ফর্মটা দেননি এখানে। এই ফর্মটা weighed average যেটা দিতে হয় on interest rate on govt. liabilities এই ফর্মটা নেই। এটা দিতে হয় কারণ এটা বাধ্যতামূলক। বি ফোর আপনি দিয়েছেন। নট ক্রিয়েটেড, guarantee redemption fund, not created এরকম আরো ফর্ম আপনারা দেননি। কতগুলি ফর্ম আপনারা দিয়েছেন বি ফাইভে। ফাঁকা, ফাঁকা মানেটা কি ? মানে শূন্য, not available হিসাব নেই, না কি তৈরি করেননি, না কি কোনো সূত্র নিয়ে উৎসাহী নন ইত্যাদি। এই যে বাধ্যবাধকতা আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই যে F.R.B.M. অ্যাক্টে সেকশন সিক্স ওয়ান একটা প্রভিশন আছে এর জন্য একটা public expenditure review committee সেটা কি আপনি তৈরি করেছেন ? আপনি পরিষ্কারভাবে জবাব দিন। Requirement Act-র পরে পরেই পাবলিক public expenditure review committee তৈরি করতে হবে। তারা দেখবে এটা ঠিকভাবে চলছে কি না। Public expenditure review committee তৈরি হলে কারণ আইনে বলা আছে আমি consulted হওয়ার কথা চেয়ারম্যান নিয়োগের সময়। যদি হয়ে থাকে তাহলে নভেম্বর মাসে তাদের একটা রিভিউ report দেওয়ার কথা। রুলে আছে সেইসব কি দেওয়া হয়েছে ? এগুলি ছাড়া বোঝা যাবে না কাজ করতে গিয়ে একটা বিতর্ক করে গেলাম, পাশ করে দিলাম, হাত তুললাম Ayes, Noes হয়ে গেল তারপর কি হল বুঝতে পারলাম না। এটা F.R.B.M. অ্যাক্টের সুবিধা। একটা ডিসিপ্লিন। কিন্তু যুক্ত রাষ্ট্র কাঠামোর মধ্যে বা এমন কি একটা স্বাধীন সার্বভৌম দেশের মধ্যে in this era of economic authoratarianism dictated by international finance capital এটা বিপজ্জনক। আপনি কি বলবেন আমি জানি না কিন্তু দিশা নিয়ে যেহেতু প্রশ্ন উঠছে দুটো দৃষ্টিভঙ্গির প্রশ্ন উঠছে সেই জন্য আমি আপনাকে এসব কথা বলছি। আমি আবার কর্মসংস্থানে ফিরে যাচ্ছি, আপনি আগে তো লিখলেন না পরে বললেন ঠিক আছে আপনি বলেছেন আমরা সেটা মাথা পেতে নিচ্ছি দশ লক্ষ এগারো হাজার কর্মসংস্থান করবেন, কৃষিতে ৭০% করবেন, কিভাবে করবেন। কৃষিতে করা যায় না আমি তা বলছি না। তাহলে horticulture আপনাকে যেতে হবে, allied activities যেখানে গ্যাপ আছে সেখানে আপনাকে বেশি যেতে হবে। সেটাতো আপনি এখানে দেখাচ্ছেন না যে কিভাবে আপনি ঠিক করবেন।

[5.00—5.10 p.m.]

যাইহোক কিন্তু আপনি, সরকার যেটা আপনার হাতে আছে, আপনার যে পদগুলো খালি আছে, সেগুলো আপনি কেন পূরণ করছেন না ? পাবলিক সার্ভিস কমিশন একটা সংস্থা, একটা সাংবিধানিক সংস্থা, আপনাকে ৫ হাজার ২২৯ জন রিক্রুটমেন্ট পরীক্ষা করে আপনার কাছে নাম তালিকা পাঠিয়েছে—সরকারের কাছে। সিলেকশন ৫৮৭ জন করে পাঠিয়েছে। যোগ করলে হয় ৫ হাজার ৮১৬ জন। এর মধ্যে কতজন নিয়োগপত্র পেয়েছে ? মাসের পর মাস পাবলিক সার্ভিস কমিশন ঠিক করে পাঠানোর পরে আমার ধারণা এক হাজারও পায়নি। কেন পাবলিক সার্ভিস কমিশনের তালিকা পড়ে থাকে ? কিসের জন্যে ? ৭ বছরে লোক কাকে নিয়োগ করছেন ? পাবলিক সার্ভিস কমিশন থেকে অ্যাপয়েন্টমেন্ট হয়ে আসছে। এই যে কৃষি প্রযুক্তি

সহায়ক মাননীয় কৃষিমন্ত্রীকে বলতে চাই, কৃষি প্রযুক্তি সহায়ক—এর জন্য পাবলিক সার্ভিস কমিশন থেকে চাওয়া হয়েছিল। দরখাস্ত পড়েছিল ৪ লক্ষ ৮০ হাজার এবং সেই দরখাস্ত নিয়ে এক্সজামিনেশন দেওয়ার জন্য সরকার দিয়েছিল ১ কোটি ৯৯ লক্ষ টাকা। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনি নিশ্চয়ই জানবেন ১ কোটি ৯৯ লক্ষ টাকা আপনি দিয়েছিলেন। তার পরীক্ষা ঠিক হয়ে আছে ১১ থেকে ১৩ই মে। পরীক্ষা হবে কিনা কৃষি দপ্তরের কাছে জানতে চেয়েছে। এখনও পর্যন্ত জবাব নেই। আপনি ভাবুন। এই ৪ লক্ষ ৮০ হাজার ছেলেমেয়ে কার দোরে ঘুরে বেড়াচ্ছে, তার পরীক্ষা হবে কিনা তার কোনো নিশ্চয়তা নেই। আপনি কি জবাব দেবেন ? বেসিক গ্রেড ইংলিশ টাইপিস্ট বেসিক গ্রেড ইংলিশ টাইপিস্ট ৮০ হাজার আবেদন করেছে, কত বেসিক গ্রেড ইংলিশ টাইপিস্টের পদ খালি আছে। ওরা যখন সব ঠিকঠাক করেছে পাবলিক সার্ভিস কমিশন, যে কনস্টিটিউশনাল বডি, আপনার এখানে আইন পাশ হওয়ার আগে সার্ভিস নিয়ে আপনারা যে একটা আলাদা কমিশন করছেন সেটা বাদে, আগেই এইসব হয়েছে। আপনি ফিনান্স ডিপার্টমেন্ট থেকে ২০১২ সালে এই বছরে গত ফেব্রুয়ারি মাসের ২১ তারিখে অর্ডার দিয়ে বলে দেওয়া হল যে, This is a clearly dying post. The Government has not required any basic grade english typist। সব হয়ে যাওয়ার পরে। আমি এই রকম অনেক অনেক অনেক দৃষ্টান্ত দিতে পারি। পাবলিক সার্ভিস কমিশনটাই তো ভেঙে চুরে শেষ হয়ে যাবে তার যা ইনফ্রাস্ট্রাকচার, তাদের এক বছর অ্যাপন্টেমেন্ট দেওয়ার পর রিটেন্ড করতে হয়, কনফারমেশন হয় না। রিটেনমেন্ট হচ্ছে না, ৩০০ না ৪০০ লোক আমি জানি না, আপনি ভালো করে জানবেন। এটা আমি খালি সরকারি কর্মচারীদের কথা বলছি। আরও সরকারি যারা আছে তাদের, সরকারি অস্থায়ী, শিক্ষাতে ১ লক্ষ ৩০ হাজার যারা বিভিন্ন স্তরে আছে, সে শিশু শিক্ষা কেন্দ্র হোক, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র হোক, মাননীয় বিধায়ক কালকে বলেছিলেন। যাই হোক প্যারাটিচার ইত্যাদি হোক, কলেজে হোক, স্কুলে হোক, প্রাইমারী স্টেজ পর্যন্ত হোক—এদের কি হবে ? এসব কোনো কিছু নেই বাজেটের মধ্যে। বাজেটের মধ্যে এর কোনো ইঙ্গিত পাচ্ছি না। ইঙ্গিত পাচ্ছি না বলে চিন্তা হচ্ছে যে কি হবে ? টিচার ঠিক ক'জনকে আপনি নিয়োগ করতে পারলেন ? আপনি গভর্নমেন্ট সার্ভিস বাদ দিন। ক'জনকে ঠিক নিয়োগ করতে পারলেন ? শিল্পে আমি জিজ্ঞাসা করলাম মাননীয় মন্ত্রীকে, আমি যা বুঝলাম যে ৮০ হাজার কোটি টাকার প্রস্তাব কিন্তু একটা লোকও এখনও পর্যন্ত নিয়োগ হয়নি। কত হবে সেই হিসাব আমাকে দেবেন বলেছিলেন, স্যার আপনি সাক্ষী আছেন, উনি বললেন, এতোগুলি লিস্ট আমি পড়ছি না, এটা আপনাকে দিয়ে দেব। তারপর আমি ভাবলাম লিস্টটা নিশ্চয়ই দিয়ে দেবেন। তারপর আমি ওদিক থেকে আপনার পিছন দিক দিয়ে শিল্পমন্ত্রীকে ধরেছিলাম যে এটা কি হল ? উনি বলছেন জেরক্সে গেছে। স্যার জেরক্স কি তিনদিন লাগবে ? তিনদিন পরে স্যার আপনি এটা দেখবেন। যাইহোক আমি বলছি যে, সার্ভিস এগ্রিকালচার, অ্যালাইড সেক্টর, ইন্ডাস্ট্রী-ইন্ডাস্ট্রীর মধ্যে তিন রকম—ছোটো, মাঝারি, বড় এই তিনটা কোনটা বাদ দিয়ে হবে না। আর তারপরে হচ্ছে আপনার সার্ভিস সেক্টর—তাতে ব্যবসা, বাণিজ্য, কমার্স ইত্যাদি বিষয় কিছু নিয়ে আপনার যা কর্মসংস্থানে লক্ষ্যমাত্রায় যদি আপনাকে পৌঁছতে হয়, তাহলে নির্ভর করবে যে এইসব আপনি যা লক্ষ্য ইত্যাদির কথা বলছেন, সেসব আপনি অর্জন করতে পারবেন কিনা ? যা প্রতিশ্রুতি আপনি দিচ্ছেন, সেসব রক্ষা করতে পারবেন

কিনা ? এসবের উপরে তা নির্ভর করে। আমি এই এন্ট্রি ট্যাক্স-এর কথা কিছু বলেছি, পরে আপনাকে বিল নিয়ে যখন বিতর্ক হবে তখন বিশদে সে কথায় আমি যাব। কিন্তু আমি আপনাকে তার সঙ্গে সঙ্গে এটাও বলতে চাই যে কয়েকটা দপ্তরে আপনি যেভাবে বাড়িয়েছেন। কিন্তু এটা আপনি কি করে বাড়াচ্ছেন, কি করে কমাচ্ছেন—আমি ঠিক জানি না, মানে কাকে বাড়াচ্ছেন, কাকে কমাচ্ছেন মানে ওই বেঞ্চে আপনার পিছনের বেঞ্চে আজকে কেউ নেই। বাজেটে ওদের পারসেন্টেজ খুব ভালো বেড়েছে আমি দেখছি, যদি আপনি বি.ই.টু.বি.ই. কম্পেয়ার করেন। সেটা ভালো, আমি সেটা খারাপ বলছি না। সংখ্যালঘু উন্নয়নে আপনি বাড়িয়েছেন, পি.এইচ.ই.-তে আপনি বাড়িয়েছেন, পার্বত্য উন্নয়নে বাড়িয়েছেন। এগুলো আপনার পিছনের বেঞ্চে যারা বসে তাদের জন্য। কিন্তু সামনের দিকে বেঞ্চে আমি দেখছি, সব মুশকিল হয়ে যাচ্ছে। বিদ্যালয় শিক্ষায় এক শতাংশ। আপনি বোঝেন যে আপনি প্ল্যান বাজেট ১০ পারসেন্টের উপর বাড়াতে পারেন কিন্তু ডবল ডিজিট যদি ইন ফ্লেশন রেট হয়, তাহলে এক শতাংশ বিদ্যালয় শিক্ষায় হবেটা কি, ওয়ান পারসেন্ট নিয়ে ? যা জিনিসপত্রের দাম বাড়ছে, সেচ ও জলপথ ১১.৩। উনি নেই। উনি আবার অন্য দলের, সেটা আলাদা ব্যাপার। কিন্তু পঞ্চায়েত ও গ্রামোন্নয়নে আপনি ৪.৮ শতাংশ বাড়িয়েছেন। গ্রামোন্নয়ন এই রকম একটা ব্যাপার ! ক্ষুদ্র ও সেচ, আপনি ভাবুন কি রকম ব্যাপার ক্ষুদ্র সেচ, এটা ৪৯৫ কোটি টাকা থেকে আপনি একদম ৩৭০ কোটিরও কমে নামিয়ে এনেছেন। অথচ দাম বাড়ছে। (মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীকে উদ্দেশ্য করে) ক্ষুদ্র সেচে তো আপনি ? আপনার হয়ে বলছি। আপনার নয় আমাদের জেলার, অবিভক্ত জেলার কথা বলছি। যাইহোক কি করে আপনি করবেন এই যে বাড়াচ্ছেন, কমাচ্ছেন—এটা বাজেট এস্টিমেট, রিভাইজ বাজেটে কি দাঁড়াবে, আমি আর.ই.বি.ই.-র কম্পেয়ার করছি না, বি.ই.টু.বি.ই. করছি। আর ই.টু.আর.ই. কম্পেয়ার করতে হবে। কাজেই আমাদের তখন সবাইকে বিচার করতে হবে, সত্য কি তার উপর দাঁড়িয়ে বিচার করতে হবে। খালি গলার জোর দিয়ে, খালি কতগুলো এটা বলে, ওটা বলে আমরা পার পাব না। আপনি যখন বলেছিলেন যে ফেলে আসা দিনগুলোর বন্ধুদের ব্যর্থতার অবদানের জন্যে দুঃস্বপ্ন। কষ্ট হচ্ছিল এটা শুনতে। কারণ আপনার ব্যর্থতার চিত্র আপনার ওই ইকনমিক রিভিউ বইতে কোথাও আপনি সুনির্দিষ্টভাবে দিতে পারেননি। আমি কতগুলো তথ্য বললাম, ঠিক বেঠিক আপনি বলবেন। আপনি যখন ফিনিক্স পাখির মতো ধ্বংসস্তূপ থেকে উঠে দাঁড়াবার কথা বলেছিলেন, গ্রিক পুরাণে যাচ্ছিলেন, তখন আমার মনে হচ্ছিল আমাদের দেশের ভারতীয় পুরাণে একটা পাখির কথা, যাকে বলা হয় হোমা, যেটা নিয়ে একটা নাটক করেছেন সৌমিত্র চট্টোপাধ্যায় যিনি এই বছর দাদাসাহেব ফালকে পুরস্কার পাওয়ার জন্যে মনোনীত হয়েছেন, আমরা সবাই আনন্দিত। সেই পাখি আকাশে যত উপরের দিকে ওঠে ও ডিম পাড়ে। আর ডিম মাটিতে পড়ে নষ্ট হওয়ার আগেই ডিম ফেটে শূন্যেই ও পাখা মেলে। ও পাখি ওপরের দিকে ওঠে। তার প্রজন্ম ওপর থেকে ওপরের দিকে উঠে যায়। ফিনিক্স পাখির কাছে, হোমার কাছে দাঁড়াতে পারবেন না। আপনি মিছি মিছি গ্রিক পুরাণের আশ্রয় নিয়েছেন। আমি আপনাকে বলছি যে, নেহরু একজন বিখ্যাত, আমরা সবাই জানি, আপনি তো নিশ্চিতভাবে জানেন, আমাদের দেশের প্রথম প্রধানমন্ত্রী। তিনি তাঁর শোয়ার ঘরে প্রিয় কবির একটা কবিতা, চার লাইনের কবিতা লেখা থাকত। আমি আপনার জন্যে

একটু বলতে পারি ? চার লাইনের সেই কবিতাটাকে, আমি কবি নই, সাহিত্যের সঙ্গে আমার অত বেশি সম্পর্ক নেই। কিন্তু আমি ওটাকে একটু পরিবর্তন করে আপনার মতো করে একটু বলতে পারি ? দুঃস্বপ্ন তো আপনি দেখবেন, যদি আপনি ঘুমোতে পারেন, তাহলে আপনি দুঃস্বপ্ন দেখবেন। জেগে জেগে কেউ দুঃস্বপ্ন দেখতে পারে না। নেহরু যেটা লিখেছিলেন আপনাকে বলি আপনি যদি একটু মননশীল, সহনশীল মনোভাব দিয়ে আর একটু বুঝবার চেষ্টা করেন তাহলে আমি আপনাকে তার সঙ্গে একটু যোগ করে এদিক ওদিক করে আপনার মতো করে বলছি। কবিতা যে রকম, সেই রকম অবিকৃত বলছি না।

Don't miss the trees for the woods and woods for the trees.
The woods are lovely, dark and deep
And you have promises to keep. And if you have promises to keep
miles to go before you sleep, miles to go before you sleep.
And miles to go before you sleep.

খুব কঠিন কাজ। আপনাকে আমি এই কথা বলছি এই জন্য, যদি এখানে আত্মতুষ্টির মনোভাব থাকে যে ওরা সব খারাপ করেছে, আর আমি বিরাট একটা শক্তিশালী ভিত্তির উপর দাঁড় করিয়েছি এই ১০ মাসে মধ্যে, আমার সামনে কোনো সমস্যা নেই, আমার সামনে বিশ্বজুড়ে লগ্নি পুঁজির যে আধিপত্য চলছে, যা একটা দেশের অর্থনৈতিক সার্বভৌমত্ব থেকে আরম্ভ করে যুক্ত রাষ্ট্রীয় ব্যবস্থা, তার গণতান্ত্রিক বিকেন্দ্রিকরণ, সেই সমস্ত ব্যবস্থার উপরে যখন বিরাট চাপ সৃষ্টি করছে, যখন কেন্দ্র রাজ্য সম্পর্ক আপনার বিরুদ্ধে চলে যাচ্ছে.....

[5.10 – 5.20 p.m.]

যখন কেন্দ্র-রাজ্য সম্পর্ক আপনার বিরুদ্ধে চলে যাচ্ছে, যুক্তরাষ্ট্রীয় কাঠামো আর দিকে চলে যাচ্ছে, ক্ষমতা সমস্ত কেন্দ্রীভূত হচ্ছে, সেই রকম একটা সমস্যার মধ্যে দাঁড়িয়ে আজকে অর্থনীতির দিকে যে সঙ্কট হচ্ছে, বিশেষ করে আমাদের মতো একটা কৃষি প্রধান দেশ, সেই রকম একটা দেশের যে সমস্যা ব্যাপকতর মানুষের যে সমস্যা, সেইগুলো যদি আপনি ছোট করে দেখেন, সেইগুলোক আপনি যদি উড়িয়ে দেন, সেই সমস্যাগুলো যদি অগ্রাধিকার না পায় এবং আমাদের সামাজিক পরিষেবার ক্ষেত্রগুলো—সে শিক্ষা হোক, স্বাস্থ্য হোক, সেসব ক্ষেত্রগুলো নিয়ে এখনও পর্যন্ত আমি বলতে পারছি না আপনাকে যে, এই উপলব্ধিটা আছে যে এসব খুব কঠিন সমস্যা আমাদের। কে না জানে ? কেউ তো বলছে না এখনও পর্যন্ত। পরশুদিন বোধহয় একটা রুলে বলা হয়েছে, Right to Education Act. বলা হয়েছে এটা universalization, বলা হয়েছে এটা free and compulsory হবে। আমি আপনাকে খুব দায়িত্ব নিয়ে বলছি, আপনার ভিন্ন মত থাকলে আপনি বলবেন। আমি মনে করি This Right to Education Act does not make compulsory. It is neither compulsory nor universalization nor free। এটা এমন একটা বাজারের উপর ছেড়ে দেওয়া হচ্ছে। ঠিক তেমনি হচ্ছে স্বাস্থ্য। কেন্দ্রের যে প্রস্তাব আছে, রাষ্ট্রপতির ভাষণে যা পড়েছি—আপনাকে ঠিক করতে হবে যে, আপনি কি ওই রাস্তায়

চলবেন ? যদি আপনি চলেন, যা বলা হচ্ছে universal Education-এর ব্যাপারে, যা বলা হচ্ছে Right to Education-এর ব্যাপারে, স্বাস্থ্যের ব্যাপারে যা বলা হচ্ছে। universal health, অত সহজ নয় যা বলা হচ্ছে। একবার উল্টেপাল্টে দেখুন, একটা ভয়ংকর বিপদ আসছে। উনি PPP-র একটা সংজ্ঞা দিচ্ছিলেন, এখন বোধহয় উনি চলে গেছেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে বলি, PPP মানে আমরা বলতাম, ডক্যুমেন্ট লেখা হয় Public Private Partnership পাবলিকটা আগে, প্রাইভেটটা পরে, পার্টনারশিপ। আমি দুঃখিত যে আপনার একটা বক্তৃতায় দেখলাম আপনি আগে প্রাইভেটটা উচ্চারণ করেছেন—Private Public Partnership. That makes a great difference between Private Public Partnership and Public Private Partnership. সামাজিক পরিষেবার ক্ষেত্রে এর মানে কি ? যখন এ রকম মূল্যবৃদ্ধি হচ্ছে, মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে, মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, তখন এসব সামাজিক পরিষেবাগুলোর কি হবে ? কি সমস্যা তার সামনে ? সঙ্কটের সমস্যা। আপনি বলছেন ওষুধের দাম, আপনি বাজেট বাড়িয়ে দিলেন। আপনি দেখবেন আমি যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলাম, চার বছর আগে ঠিক ডবল করেছিলাম। ডবল করলে কি হবে ? ওষুধের দাম কি আপনার হাতে আছে ? ওষুধের দাম ডবল হয়ে গেছে, ওষুধের দাম ডবল হয়ে গেলে আপনি বাজেট বাড়লে, মাথাপিছু ওষুধ বৃদ্ধি বাড়ে না। যা সমস্যা আমাদের। যেগুলো সমস্যা, যে প্রেক্ষাপটের মধ্যে আপনাকে এই সমস্যাগুলোর মোকাবিলা করতে হচ্ছে, যে প্রেক্ষাপটের মধ্যে আপনাকে পথের সন্ধান করতে হচ্ছে, Miles to go before you Sleep. সেই প্রেক্ষাপট, সেই রাস্তাটা সহজ রাস্তা নয়, সোজা রাস্তা নয়, জটিল রাস্তা। এটা নির্ভর করে, আমরা কি শুধু হাত চাপড়ে বলব সব ঠিক আছে, সব ঠিক হয়ে যাবে, এটা, না কি আমরা বুঝব আমাদের সমস্যা কি, কোথায় আমরা দাঁড়িয়ে আছি, কোথায় আমাদের যেতে হবে এবং তার মধ্যে দিয়ে বিকল্পের অনুসন্ধান করব ? এখানে আমি বলতে দুঃখিত যে, The communication between government and the opposition seems to cease exist. Communication is important. Communication is important. এই জন্য যে, আমাদের সংবিধানে অধিকার যা দিয়েছে, আইনে যা অধিকার দিয়েছে, রুলসে যা অধিকার দিয়েছে, সেই অধিকার প্রয়োগ হচ্ছে কিনা, তার উপর নির্ভর করে এসব নিয়ে মত বিনিময় করবার। ৩৪ বছরে আমাদের অনেক দুর্বলতা আছে, কেউ অস্বীকার করেনি। ৩৪ বছরে অনেক অনেক ক্ষেত্রে, এখন আমরা পেছন ফিরে বুঝতে পারি, আগেও আমরা বোঝবার চেষ্টা করেছি যে এই ৩৪ বছরে আমাদের কোথায় কোথায় ত্রুটি ছিল, কোথায় কোথায় দুর্বলতা ছিল, নিরন্তর তার অনুসন্ধান করার চেষ্টা করেছি আমরা। কিন্তু সেই অভিজ্ঞতার কিছু দাম আছে, ৩৪ বছরের অভিজ্ঞতার কিছু দাম আছে। যা বইতে পাওয়া যাবে না, যা শাস্ত্রে পাওয়া যাবে না। অভিজ্ঞতা বিনিময়ের দরকার আছে। আমি সেই জন্য আপনাকে জিজ্ঞেস করছিলাম, আমি আশা করি আপনি এই সমস্ত প্রশ্নের জবাব এড়াবেন না। যে পাবলিক এক্সপেন্ডিচার রিভিউ কমিটি আপনি কি করছেন, যেটা আইনে বলে দিয়েছে আমাদের অধিকার, যে কমিটি হবে চেয়ার পার্সন ঠিক করার সময়ে, আমাদের যে অধিকার আছে যেখানে মুখ্যমন্ত্রী, আপনি এবং আমি আমাদের তিনজনের

সিদ্ধান্তের উপরে নির্ভর করে এবং সেই কমিটিকে রিপোর্ট দিতে হবে নভেম্বর মাসের মধ্যে। একটা নভেম্বর পেরিয়ে গেছে। এই কমিউনিকেশনটা ইমপরট্যান্ট। লেট আস কমিউনিকেট। লেট আস ট্রাই টু রিচ অ্যাট সাম আন্ডারস্ট্যান্ডিং। কিছুটা, সব আমরা একমত হব না। সেজন্য আপনাকে বললাম যে আপনি কি জবাব দেবেন তার উপরে নির্ভর করে যে আমরা আপনার বাজেটকে সমর্থন করতে পারব কিনা ? ধন্যবাদ।

অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলের নেতা ডঃ সূর্য্যকান্ত মিশ্র, আমি আজকে আমার বক্তব্যকে বিভিন্ন হেডে ব্রেক ডাউন করব যাতে স্পষ্টভাবে যেটুকু বলব স্বচ্ছভাবে বলব, মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরিষ্কারভাবে বলব। প্রথমেই বলি যে কেন আমরা এত চিন্তিত ছিলাম। কেন আমরা বলেছি যে হয়তো আপনাদের সরকার দিশাহীন ছিল এবং ৩৪ বছরে যা আমরা আশা করেছিলাম তা করতে পারেননি। তার চারটি উদাহরণ শুধু আমি দেব। তার বেশি নয়। কারণ অনেক কথা হয়েছে। অনেক মাননীয় সদস্যরা অনেক কথা বলেছেন। সেজন্য আমি কথা বাড়াতে চাই না। প্রথম কৃষি। কৃষির ক্ষেত্রে ১৯৬৫-৬৬ এবং ১৯৭৫-৭৬ এই দশ বছর যদি নেওয়া যায়, কৃষির কি প্রগতি হয়েছিল। আমরা দেখছি ১৭.৩০—১৭%-এর বেশি কৃষির উন্নতি হয়েছিল। কিন্তু ২০০০-২০০১ থেকে ২০০৬-২০০৭ এই বছরটা যদি নেন আপনারা যখন ছিলেন সরকারে আমি অবাক হয়ে গেলাম দেখে যে কৃষির গ্রোথ রেট ১৭.৩০ থেকে নেমে ৭.৮০-তে এসে গেল। সেভেনটিন পয়েন্ট থ্রি জিরো থেকে নেমে সেভেন পয়েন্ট এইট জিরোতে চলে গেল। সেহেতু আমি বিনীতভাবে প্রশ্ন করব যে কৃষির জন্য আপনারা কিছু করলেন না। সেটা কি বলাটা অন্যায় ? দ্বিতীয় শিল্প। শিল্পের ক্ষেত্রে ১৯৭৬-৭৭ সাল শেয়ার অব গ্রস রেভিনিউ অ্যাডেড ইন ম্যানুফাকচারিং ভারতবর্ষের তুলনায়, তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গের শেয়ার ছিল ১১.৬১। ইলেভেন পয়েন্ট সিক্সটি ওয়ান। গর্বের সঙ্গে, ইয়েস ইলেভেন পয়েন্ট সিক্সটি ওয়ান। ভারতবর্ষে পশ্চিমবঙ্গের একটা তথ্য ছিল যেটা আমরা বুক ফুলিয়ে বলতাম। ২০০৮-০৯-তে এসে এটা কোথায় পৌঁছল। পশ্চিমবঙ্গের শেয়ার কমে কমে কমে তিন দশমিক দুই শূন্যতে পৌঁছে গেল। তাও বলবেন যে আপনারা শিল্পের উন্নতি করেছেন। ম্যানুফাকচারিং-এ উন্নতি করেছেন ? যখন ভারতবর্ষের তুলনায় শেয়ার আপনার ১১.৬১ থেকে পড়ে গিয়ে ৩.২০ হয়ে গেল। সোর্স হল সি.এস.ও.। সি.এস.ও. ডেটা, প্রত্যেকটাই সি.এস.ও. ডেটা। সোর্সটা অলওয়েজ থাকা দরকার। এবারে আসুন শিক্ষায়। কেন আমরা চিন্তিত ? এডুকেশনাল ডেভলপমেন্ট ইনডেক্স তৈরি হয়েছিল, প্রাইমারি আর আপার প্রাইমারি ২০০৮-০৯। আমি অবাক হয়ে গেলাম দেখে। প্রাইমারি আর আপনার প্রাইমারি স্কুল অবাক হয়ে গেলাম দেখে যে পঁয়ত্রিশটি রাজ্য ইউনিয়ন টেরিটরির মধ্যে পশ্চিমবঙ্গের স্থান কত বলুন তো ? দশ, এগারো, বারো, চার তিন ? না, বত্রিশ।

[5.20 – 5.30 p.m.]

থারটি সেকেন্ড ইন র‍্যাংক—এডুকেশনাল ডেভলপমেন্ট ইনডেক্স। তাহলে আমি কি করে বলি ! সত্যি কথাটা কি করে আমি সরিয়ে রেখে বলি যে না আপনারা প্রাইমারী এবং

আপার প্রাইমারীর জন্য অনেক কিছু করেছেন ? কি মুখ নিয়ে বলব ! আপনারা কি চান আমি মিথ্যা কথা বলি ! নিশ্চয় তা চান না। অসত্য বলি ! নিশ্চয় আপনারা তা চান না। স্বাস্থ্য—এবারে স্বাস্থ্যে আসছি। শুধু উদাহরণস্বরূপ বলব। স্বাস্থ্যের ক্ষেত্রে ডব্লু.এইচ.ও. বলে যে এক হাজার পপুলেশনে তিনটি হাসপাতালের বেড থাকা দরকার। ওইটা ওদের স্ট্যান্ডার্ড। সবাই সেটা মেনে চলে। পশ্চিমবঙ্গে কতগুলি ছিল ? এই প্রশ্নটা কি উত্তর দেবেন—তিনের জায়গায় ? ১.১৬ এক দশমিক এক ছয়। তার মানে আপনারা বেড করতে পারেননি। এমন কি ডব্লু.এইচ,ও. স্ট্যান্ডার্ডের। অর্ধেকেরও কম বেডে আপনারা পৌঁছেছেন। তার মানে আজকে যে হাসপাতাল নিয়ে হাহাকার দেখছেন, তার উৎসটা কোথায় দেখুন। আমি কি করে কোন মুখ নিয়ে বলব যে আপনারা স্বাস্থ্যের ক্ষেত্রে আপনারা দারুন কাজ করেছেন ? যখন ডব্লু.এইচ.ও.-র ডেটা থেকে আমি এটা আপনাদের কাছে প্রদান করছি। এরপরে আসছি লাস্ট উদাহরণে। তারপরে আমি অন্য কথাতে যাব। কারণ আমার সময় কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে যে সময় দিয়েছেন, আমি চেষ্টা করব তার মধ্যে থাকার। একটু বেড়ে গেলে পারমিশন নেব। চতুর্থ দারিদ্র্যসীমা রেখার নিচে। আপনারা নিশ্চয় মনে করেন যে দরিদ্র মানুষের জন্য কাজ করেছেন। আপনাদের আদর্শবাদ তাই বলে। ছোটোবেলা থেকে তাই শুনেছি। অন্ধ্রপ্রদেশ ২০%, রাজস্থান ২৯.৪%, তামিলনাড়ু ১৮.৩%। এবারে আসছি পশ্চিমবঙ্গে। ৩২.৫% বত্রিশ দশমিক পাঁচ শতাংশ। ভারতবর্ষের মধ্যে ৩২.২ যেখানে বিহার ইত্যাদি অনেক স্টেট আছে, যারা আস্তে আস্তে উন্নয়ন আনছে, তাহলে আমি কি করে বলব যে দরিদ্র মানুষের জন্য আপনারা কাজ করেছেন। তাহলে আমি কি করে বলব যে আপনারা কাজ করেছেন। বলতে গেলে অসত্য বলব। কারণ আমি বাধ্য হয়েছি এইটুকু বলতে যে আপনাদের ব্যর্থতার মধ্য থেকে আমাদের ফিনিক্স পাখির মতো উপরে উঠে যাব। বিরোধী দলনেতা বলেছেন যে, আপনি কেন গ্রীক লিটারেচর থেকে নিলেন। আমি জিজ্ঞাসা করি কার্ল মার্কস কি ভারতীয় ছিলেন ? যেহেতু আপনারা জার্মান লিটারেচর থেকে নিতে পারেন, আমি গ্রীক লিটারেচর নিলাম বলে আপনার লাগল। আমি ক্রিটিসাইজ করছি না, আমি শুধু তুলনা করছি মাননীয় অধ্যক্ষ মহাশয়। আমি জানি আমি চেষ্টা করেছি ছোটোবেলা থেকে মার্কসিস্ট লিটারেচর পড়েছি ধাপে ধাপে। সেহেতু আমি জানি যে, তিনি জার্মানি ছিলেন। তিনি ইংল্যান্ডে বাস করতেন। যখন তার কাছ থেকে তার সবচেয়ে নিকটের লোকরা চলে গেল, কেন না জার্মানীতে গণতন্ত্র ফিরে এল। লেজালের কথা বলব। তিনি বিচলিত হয়ে পড়লেন। কেন না জার্মানীতে তখন ট্রেড ইউনিয়ন করা সম্ভব হল। গণতন্ত্র ফিরে এল। ওর সঙ্গে আর কেউ রইল না। তখন গথা প্রোগ্রাম লিখেছিলেন লেজেইল। যার বিরুদ্ধে মার্কস a ক্রিটিক টু গথা প্রোগ্রাম লিখেছিলেন। জার্মান—অনেক কথা অনেক সময় অনেক আলোচনা করা যায়। সে তো আমাদের কালচার পশ্চিমবঙ্গের। নানা দেশের নানা আদর্শবাদ নিয়ে আমরা এগিয়ে যাই। রবীন্দ্রনাথের যে বিরাট বিশাল কনট্রিবিউশন, সে তো আশা করি আমি যে গ্রীক লিটারেচর থেকে অল্প স্বল্প নিয়েছি তার জন্য ক্ষমা করবেন। এবারে আসছি দারিদ্র্য দূরীকরণে। এই সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের মাননীয়া মুখ্যমন্ত্রীর সরকার আমরা কাঁধে কাঁধ মিলিয়ে চলছি। দারিদ্য দূরীকরণের বিভিন্ন অঙ্গ আপনাদের

সামনে আমি রাখব। যার ঝলক আপনারা এই বাজেটে পাবেন। প্রথম উন্নয়ন। কথা আছে যে যখন জোয়ার আসে, তখন সব নৌকাই উঠে যায়। আমরা বিশ্বাস করি যে, ছোট নৌকোগুলো হয়তো উঠতে পারে না, মার্কেট ফেলিওর হয়। তারা হয়তো জমিতে দাঁড়িয়ে থাকে। কিন্তু উন্নয়ন চাই-ই চাই। উন্নয়নের ক্ষেত্রে আমরা জি.এস.ডি.পি. বাড়ানোর চেষ্টা করবো ১৫.৩৩%, ভয় পাবো না এবং অন ফিক্সড প্রাইসেস বেস প্রাইস ধরে ৭.০৬% আমরা জি.এস.ডি.পি. এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করবো। এটা হল প্রথম।

দ্বিতীয়ত, উন্নয়নের খাতে যে আমরা চেষ্টা করেছি, বিনীতভাবে চেষ্টা করেছি পয়সা অ্যালটমেন্ট করার, তা ১১%-এর বেশি, আপনারা বারবার বলেছেন, সেহেতু ১৫.৩৩ শতাংশে জি.এস.ডি.পি. বেড়ে যাবে এবং আমাদের সরকারের যে দায়িত্ব, সেই দায়িত্ব পালন করে আমরা ১১-রও বেশি শতাংশ উন্নয়নের খাতে পয়সা দিয়েছি। আমরা আশা করি যে, তার থেকে উন্নয়নের দিশা নিয়ে এই সরকার এগিয়ে যাচ্ছে। দেখতে পারবেন পরের বছর যখন বাজেট আসবে, উন্নয়নের সেই স্বপ্ন আপনাদের সামনে আমরা রাখতে পারবো।

উন্নয়নের পরে নাম্বার টু, দ্বিতীয় ইস্যুতে আসছি। গরিব মানুষকে এগিয়ে নিয়ে যেতে হলে কর্মসংস্থান। আমি মানরেগার ডেটাটা দেখছিলাম। এম.এন.আর.ই.জি.এ. তার ডেটা দেখছিলাম। দেকে আমি একটু অবাক হয়ে গেলাম। সেখানেই গরিব মানুষ কয়েকদিনের কাজ পায়। ১০০ দিনের কাজ পাওয়ার কথা। আপনাদের সময় অ্যাভারেজ—যে লাস্ট ইয়ার, যখন আপনারা ছিলেন, জানেন কতদিন কাজ পেয়েছে মানরেগাতে ? হয়তো আপনারা নিজেদের তথ্যটা খুঁজে দেখেননি—২৬ ডেজ্ অ্যাভারেজ। আমি মাসের পর মাস নিয়ে সেই অ্যাভারেজ তৈরি করেছি। মার্চ মাসের ৩১শে এসে পৌঁছেছিল, কিন্তু প্রত্যেক মাসের যদি নেন, দেখবেন ২৬ ডেজ অ্যাভারেজ, যেখানে ১০০ দিনের কাজ পাওয়া উচিত ছিল। আমাদের সরকার কি বলছে ? ১০০ দিনের বেশি ২০০ দিন অবধিও যদি আপনারা কাজ করেন, পশ্চিমবঙ্গের সরকার সেই ১০০ এক্সট্রা দিনের টাকা দেবে বলে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। এই হচ্ছে চিন্তা-ধারার ডিফারেন্স। রিয়ালিটি ২৬, আমরা ১০০-র বেশি নিয়ে যাবো।

তৃতীয় জিনিসে আমরা আসছি। গরিব মানুষকে যদি আমরা এগিয়ে নিয়ে যেতে চাই তৃতীয় জিনিসটাতে আপনারা সবাই নিশ্চয়ই সহমত হবেন, কারিগরি শিক্ষা, হাতের কাজ, প্লাম্বার, ইলেকট্রিশিয়ান—তাদের তৈরি করতে হবে। গরিব মানুষ যাতে মূল স্রোতে আসতে পারে, মেন স্ট্রিমে আসতে পারে। ....(নয়েজ) আমি ঠিক বুঝতে পারছি না, আপনারা প্রশ্নের উত্তর দেবো স্যার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কারিগরি শিক্ষার ক্ষেত্রে আপনারা শুনে খুশি হবেন যে, আই.টি.আই. থেকে পলিটেকনিক থেকে এবং নতুন প্রোগ্রাম ভোকেশনাল এডুকেশন স্ট্রিম—আমরা অ্যানাউন্স করেছি যে, ২০০টি স্কুলে আমরা শুরু করবো। আমি অবাক হয়ে যাচ্ছি, আমি খড়দা থেকে ক্ষুদ্র বিধায়ক। সেখানে ১২টি নাকি আই.টি.আই. আছে। আমি খুঁজে একটাও পেলাম না। সেগুলো কোথায় ? তখন আমার মিনিস্ট্রিতে আই.টি.আই. যাঁরা চালান, জিজ্ঞাসা করলাম। বলল, আসলে কি জানেন ওগুলো সব ছিল,

ওই আর কি ! এখন আমরা সেটাকে নতুন করে গড়ে তুলবো। নিজেরাই সত্যি খুঁজে দেখবেন, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট, যেটা সবচেয়ে নিচের মানুষকে ট্রেন করে, সত্যি সত্যি আপনারা নিজেরা বিধায়ক হিসেবে দেখবেন, কতগুলো চলছিল। চলছিল না। মাননীয় অধ্যক্ষ মহোদয় চলছিল না। সেগুলোকে আবার নতুন করে বাস্তবের সঙ্গে তুলনা করে আমরা নতুন করে এগিয়ে নিয়ে যাবো, যাতে গরিব মানুষ, দরিদ্র মানুষ মেন স্ট্রিমের মধ্যে আসতে পারে।

এবারে চতুর্থ, অসংগঠিত সেক্টর। এটা দরিদ্র মানুষদের একটা বিরাট এলাকা। অসংগঠিত শিল্প বা বাণিজ্য, তার কর্মীদের সহায়তার জন্য আপনারা জানেন বাজেটে আছে, কিভাবে তাদের প্রোটেকশনের জন্য স্পেশাল কার্ড দেওয়া হচ্ছে। কিন্তু আরেকটা নতুন কথা বলি, যখন আমি হারন্যান্ডো ডিসোটোর নাম নিয়েছিলাম আগেরবারে, আপনাদেরই মধ্যে আমার একজন বাম বন্ধু—তিনি বলেছিলেন এই হাউসে, খুব ভালো হারন্যান্ডো ডিসোটো।

[5.30 – 5.40 p.m.]

যাঁরা জানেন না Hernando Desoto পৃথিবীর সব থেকে বড় চিন্তার লোক এবং কাজের লোক, যিনি অসংগঠিত মানুষকে সংগঠিত স্ট্রিমে, main stream-এ আসার শক্তি দেন, empower করেন। আপনারা শুনে অবাক হয়ে যাবেন তিনি ল্যাটিন আমেরিকার পেরু থেকে কলকাতায় এসেছিলেন এই পরিবর্তনের সরকার কি করছে দেখবার জন্য। এবং দেখে, অসংগঠিত মানুষের সঙ্গে মিশে, এক সপ্তাহ তাদের সঙ্গে ঘুরে ঘুরে, ফিরে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন আমি পশ্চিমবঙ্গের অসংগঠিত মানুষের সঙ্গে diagnostic করবো, সরকারকে এক পয়সা দিতে হবে না। পৃথিবীর সেরা Hernando Desoto। কেন করেছেন ? তার কারণ তিনি দেখলেন যে আমরা সত্যিই সিরিয়াস। অসংগঠিত মানুষকে আমাদের সঙ্গে মূল স্রোতে আমাদের আনতে হবে, তাদের অধিকার দিতে হবে। আপনারা টেমস নদীতে লন্ডনে যাঁরা গেছেন দেখেছেন সেই বাগানে কেউ কিছু একটা বিক্রি করছে তার সার্টিফিকেট ঝুলছে, দাম রয়েছে, তার অধিকার আছে, তার regulate আছে। আমরা আশা করবো অসংগঠিত মানুষ, ব্যবসাদার এবং শ্রমিক তাদের মেন স্ট্রিমে এনে তাদের অধিকার দেওয়ার ব্যবস্থা যা আপনারা করতে পারেননি। Hernando Desoto হোক আর যেই হোক চিন্তাধারার মাধ্যমে আমরা এগিয়ে যাবো। এবার পঞ্চম বক্তব্যে আসছি, Financial inclusion, আমি তো আগের বাজেটে কখনও দেখিনি যে Financial inclusion কোন বক্তব্য রাখা হয়েছে। আমি তিন চার পাতায় ব্যাংকের সঙ্গে এক সঙ্গে কাজ করে কি করে Financial inclusion আমরা এগিয়ে যাচ্ছি তার বিস্তারিত এক্সপ্রেনশন আমি দিয়েছি। আপনারা হয়তো জিজ্ঞাসা করবেন যে কি করে করছেন, ওতো ব্যাংক দেয়। SLBC means State Level Banking Committee. আমি নিজে সেটা শেয়ার করে করি এবং ৫টা মিটিং চেয়ার করেছি, তার একটিতে রিজার্ভ ব্যাংক গভর্নর নিজে এসেছিলেন। আমাদের বক্তব্য কি ছিলো ? যে কৃষিতে আপনাকে আরও দিতে হবে টাকা, ছোট ক্ষুদ্র ব্যবসায়ীদের আরও টাকা দিতে হবে।

তার স্ট্যাটিসটিক্স আমার বক্তব্যে আপনি পাবেন। আমি আশা করি আপনাদের সহায়তা তাতে পাবো। যে Financial inclusion-এর নতুন দিশা এই সরকার দেখাবে, তাতে আপনাদের কাঁধে কাঁধ মেলানোর জন্য আমরা নিশ্চয় আপনাদের ইনভাইট করবো, We believe in democracy। এবারে আমি 6th issue-তে আসছি, SHG, Self Help Group, এই হচ্ছে তৃণমূল, গ্রাসরুট থেকে তৈরি SHG তাকে আমরা নতুনভাবে এগিয়ে নিয়ে যাচ্ছি, তার ঝলক আপনারা পাবেন আমার বক্তব্যে। SHG দারিদ্র্য হঠানোর একটা instrument, আশা করি আমারা তাকে নতুনভাবে দেখবো। আমি বাজেট স্পীচে বলেছি যে তারা টাকা জমা দিয়েছেন ব্যাংকে কিন্তু ঋণ পাননি। ইমিডিয়েটলি তাদের কাজ শুরু হয়ে গেছে, ঋণ পেয়েছেন, যাঁরা জমা দিয়েছেন তাঁদের সংখ্যাতথ্য আপনাদের দিয়েছি। এরপরে আসছি দুর্বল যারা, যারা মার্কেট ইকোনমির বাইরে, অথবা market failure-এর জন্য বাইরে, তাদের বাঁচার জন্য যে চেষ্টা সে তো চলছেই। আমার এই দারিদ্র্যদূরীকরণের যে সাতটা পয়েন্ট আপনাদের সামনে রাখলাম, নিশ্চিয়ই আপনারা তার সঙ্গে একমত হবেন এবং আমাদের কাঁধে কাঁধ মেলাবেন সে আপনি অপোজিশনেই হোক, বা সরকারের মধ্যে হোক। এবারে আসছি আমার next issue-তে। বলেছেন যে দিশা নেই। প্রথম, উন্নয়নের উপরে খরচ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই জিজ্ঞাসা করতে পারেন যে উন্নয়নের জন্য খরচের কি করেছেন। ২০০৯-১০-এ ৫২%, percentage of total expenditure, ২০০৯-২০১০-এ ৫২% ছিল, ২০১০-১১-এ ৫২% ছিল। আমরা আসার পরে যে রিভাইজ এস্টিমেট করেছিলাম তাতে ৫৫তে নিয়ে গেছি। এবারে আমরা ৫৬%-তে নিয়ে গেছি Development expenditure as a percentage of total expenditure। ধাপে ধাপে ধাপে আমরা Development expenditure নিয়ে এগিয়ে যাবো। দ্বিতীয় প্রশ্ন আপনারা করতে পারেন সামাজিক উন্নয়ন বা সেবা, এই development এক্সপেন্ডিচারের কত শতাংশ সেটা ? তার এই সামাজিক উন্নয়নটা কি ? ক্যাটাগরিটা কি ? এডুকেশন, হেলথ, ওয়াটার সাপ্লাই, হাউসিং, আরবান ডেভলপমেন্ট, ওয়েলফেয়ার অফ এস.সি., এস.টি., সোস্যাল ওয়েলফেয়ার, স্পোর্টস, ইউথ অ্যাফেয়ারস আর্ট অ্যান্ড কালচার। এতে এই উন্নয়নের উপরে যে খরচ তার থেকে কত শতাংশ আমরা খরচ করছি জিজ্ঞাসা করতে পারেন। ৩৭.৪৫ মানে ৩৭% এই সোস্যাল সার্ভিসেস আন্ডার ডেভলপমেন্ট এক্সপেন্ডিচারে আমরা খরচ করব। এই আমাদের দিশা। আর আপনারা বলছেন দিশাহীন। কিন্তু একটু ধৈর্য ধরলেই দেখতে পাবেন, একটু পড়লেই দেখতে পাবেন তার মধ্যে একটা নিবিড় দিশার পরিচয় আপনারা পাবেন। এরপরে আসছি ক্যাপিটাল এক্সপেন্ডিার—আমার নওজোয়ান ভাই সেইসব ডিটেল তথ্য দিলেন আমি শুনলাম। আমি অল্প একটু অন্য রকমের তথ্য দিই তারই সঙ্গে সামঞ্জস্য রেখে কারণ স্ট্যাটিস্টিক্স ইজ স্ট্যাটিস্টিক্স। ক্যাপিটাল এক্সপেন্ডিচার বা মূলধনী খাতে ব্যয় যার থেকে স্থায়ী সম্পদ তৈরি হয়। সে সম্বন্ধে এই বাজেটে আমরা কি করেছি। শুনে খুশি হবেন সোস্যাল সার্ভিসের ক্ষেত্রে ক্যাপিটাল এক্সপেন্ডিচার ২০১০-২০১১-তে ছিল ৪৭৬ কোটি টাকা। শুধু ৪৭৬ কোটি টাকা। ২০১১-২০১২ তো আমি চেষ্টা করেছিলাম ওটাকে ৯৭৫ কোটি টাকা প্রায় দ্বিগুণ করেছিলাম।

শুনে খুশি হবেন এবারে আমরা তার থ্রি টাইমস অর্থাৎ তিন গুণ করে দিলাম। ৯৭৫ থেকে ২৮৮৫। যাতে স্থায়ী সম্পদ তৈরি হয় পশ্চিমবঙ্গে। যা মোটে ৪৭৬ কোটি টাকা ছিল সেটাকে ২৮৮৫ কোটি টাকাতে আমারা চলে গেলাম। হয়তো এটা আপনাদের কাছে দিশা নয় কিন্তু আমাদের কাছে অল্প একটু দিশার উদাহরণ। ইকনমিক্স সার্ভিস—এটাও জিজ্ঞাসা করতে পারেন যে, ক্যাপিটাল এক্সপেন্ডিচার ইকনমিক্স সার্ভিসে কত করবেন ? ১৬৪২ কোটি টাকা ২০১০-২০১১-তে ছিল, সেটাকে বাড়িয়ে আমরা আর.ই. করেছিলাম ২৫৯৭। ৫৮% ইনক্রিজ। এবারে কত করেছেন জিজ্ঞাসা করতে পারেন। শুনে খুশি হবেন—৯৩% ইনক্রিজ। ৫,০৩৬ কোটি ইনক্রিজ অ্যারাইভিং অ্যাট ইকনমিক্স সার্ভিসেস। সোস্যাল সার্ভিস, ইকনমিক্স সার্ভিসে ক্যাপিটাল ফরমেশন—এটা কি দিশা নয় ? এটা এমনি এমনি হল ? তাই আমি বলবো দয়া করে একটু পড়ুন, দয়া করে একটু চিন্তা করুন। যা আমি বলছি বাজেটের কাগজ থেকেই বলছি, বানিয়ে বলছি না মাননীয় অধ্যক্ষ মহোদয়। তারপরে নেক্সট ইস্যু অর্থনৈতিক শৃঙ্খলা। যার কথা লিডার অফ দি অপজিশন বলেছেন। ফিসক্যাল ডেফিসিট অ্যাজ এ পার্সেন্টেজ অফ জি.এস.ডি.পি.। এফ.আর.বি.এম. টার্গেট হচ্ছে ৩.৫%। আমরা কি করেছি ? ২.৫১ টার্গেট—বিলো এফ.আর.বি.এম. টার্গেট ফিসক্যাল ডেফিসিটে নিয়ে যাওয়ার বদ্ধ পরিকর আমরা। দ্যাট ইজ ভিশন। রেভিনিউ এক্সপেন্ডিচার—এফ.আর.বি.এম টার্গেট ১.১০। আমরা অ্যাট লিস্ট চেষ্টা করব ১.১০-র নিচেই রাখার, অ্যাট লিস্ট ১.১০। এফ.আর.বি.এম. টার্গেট আমরা রিচ করব না বলে এখানে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। দ্যাট ইজ শৃঙ্খলা, অর্থনৈতিক শৃঙ্খলা। এবারে আমি আসি লাস্ট ইস্যু তারপর আমি কয়েকটি প্রশ্নের উত্তর দেব। স্টেটস ওন ট্যাক্সেস—রাজ্যে নিজের রাজস্ব। আমি শুধু তিনটি কথা বলব, অ্যাকচুয়াল—কারণ আমাদের কাছে অ্যাকচুয়াল এসে গেছে মাননীয় অধ্যক্ষ মহোদয়। ২০১০-২০১১-তে অ্যাকচুয়াল রাজস্ব কত এসেছে। ২১,১২৮.৭৪ মানে ২১ হাজারের কিছু বেশি। এখন চিন্তা করুন এটা এসেছে, কিন্তু মার্চ মাসে ২০১১-২০১২-তে যখনও আমরা আসিনি সরকারে তখন এই স্টেটস ওন ট্যাক্সেস-এ কি প্রোজেক্ট করা হয়েছিল। ২৯,৬২৩.৫৫ তার মানে গ্রোথ এক্সপেকটেড ৪০% স্বপ্নের জগতে। আমার তো মনে হচ্ছে আবল তাবলের খুড়োর কল।

[5.40 – 5.54 p.m.]

সামনে ঝুলছে ক্যারট, ছুটছি আমি। মাঝে মাঝে মনে হয় যেন, অ্যালিস in Wonderland। হয় আপনি আবোল-তাবোল দেখুন, নইলে অ্যালিস in Wonderland দেখুন, নইলে স্বপ্নের জগতে ৪০ শতাংশ ! যখন আমি এলাম আমাকে এই ক্ষুদ্র কাজের আপনারা নিয়ে এলেন, আমি দেখে অবাক ! ৪০ শতাংশ এক বছরে রাজস্ব বাড়বে ? আমি সেই জন্য দেখলাম যে, কেন্দ্রীয় সরকার তার বাজেটে ৯ শতাংশ হারে GDP বাড়ার assumption নিয়েছিল। ৯ শতাংশ খুব বেশি ? সেহেতু আমি সেই বেসিসে ৩০ শতাংশ আমাদের রাজস্ব বাড়ার চেষ্টার একটা target করলাম। এবারে কি target করেছি ? দেখছি চারদিকে মন্দা। কেন্দ্রীয় সরকার তার growth rate কমিয়ে ৬.৯ বা ৭%-এ নিয়ে

এসেছে। তার influence আমাদের উপর আসবে Euro Zone-এ problem চলছে আপনারা জানেন গ্রীসে কি হচ্ছে। তারও impact world economy-র উপর আসছে। তাই আমি খুব realistic ২৫.২ শতাংশে রাজস্ব growth নিয়ে এসেছি। আশা করব আপনারা এটা appreciate করবেন। আমি তো এটা করতে পারতাম, আমি ৩৫%, ৪০% বলে বেরিয়ে যেতে পারতাম। না, এই মা-মাটি-মানুষের সরকার সত্যি কথা বলে এবং চেষ্টা করে realism-র মধ্য দিয়ে চলার। আশা করি আপনারা তাতে support করবেন। এবারে আসি কয়েকটি উত্তরে। প্রথমে আমি, মাননীয় বিরোধী দলের নেতৃস্থানীয় প্রাক্তন মন্ত্রী আনিসুর রহমান সাহেব বলেছিলেন, খুব মন দিয়ে শুনেছিলাম। তাঁর একটি কথা আমার একটু লাগল। এবং আজকে মাননীয় ডঃ সূর্য্যবাবুর বক্তব্যের পরে দেখলাম contradiction এসে গেছে। সেটা কি ? উনি বললেন এত রোজগার ? ৭ লক্ষ কর্মসংস্থান ? Agriculture হতে পারে না। কেন হতে পারে না ? আমেরিকায় এক শতাংশ মানুষ agriculture কাজ করে আপনি কি জানেন না ? অমি খুব বিনীতভাবে বলব যে রহমান সাহেব, বিশ্বের অর্থনৈতিক ইতিহাস কেন গুলিয়ে ফেল্লছেন statisticsটা কি ? ১৮৬৯ সালে US-এর farm population ছিল, ১ নয়, 1% নয়, ৪৬.৩%। তুলনামূলক বিচারে যখন মানুষ পড়ে যে কত GDP, per capita GDP সেই সময় চলে যায় ৪৬.৩% । ১৯২৯ থেকে ১৯৪৮ সালের মধ্যে farming sector-এ national income, agriculture, forestry, fishery ৯ শতাংশ GDP দিত যা আজকে ০.৮-এ এসে দাঁড়িয়েছে। সেহেতু, একদিকে অনেক সময় শুনি যে, সাম্রাজ্যবাদী দেশ, কিন্তু তথ্য দিতে হয়, দয়া করে সেই দেশের তথ্য দেবেন না। তার কারণ তার সঙ্গে আমাদের তুলনামূলক বিচার করাটা ঠিক না। আমি খুব মিষ্টি করেই বলছি। রাজনৈতিক কথা বলছি না। কিন্তু এটা আমি শুনে অবাক হলাম। তবে এটা আমি শুনে খুশি হলাম যে, ডঃ সূর্য্যকান্ত মিশ্র বললেন যে, হ্যাঁ, হতে পারে agriculture-এ employment। যদি আপনারা horticulture, অমুক তমুক নিয়ে আসেন। সেইটাইতো আমাদের দিশা, যে আমরা এটা তৈরি করবো, complete revolution হবে agro processing-এ। কি ভয়ঙ্কর, ৩০.০% increase দিয়েছি আমরা ! যেখানে warehouse তৈরি হতে পারে, যেখানে coal chain হতে পারে। আমি সূর্য্যবাবুর সঙ্গে একদম একমত যে, হ্যাঁ, agriculture-এ আসতে পারে। এবং আমি অল্প দ্বিমত পোষণ করছি রহমান সাহেবের সঙ্গে, চলুন আমাদের সঙ্গে হাতে হাত ধরে। ৭ লক্ষ, নিশ্চয়ই হতে পারে agriculture এবং rural development sector। আজকে একটা প্রশ্ন Hon'ble leader of the opposition তুলেছেন, debt as a percentage of GSDP, এটাই সত্যি, ঠিকই বলেছেন। এটাই relevant। তাই আমি নম্বরটা দিই আপনাদের।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, আমি একটু interrupt করছি, আপনার আর কতটা সময় লাগবে ?

ডঃ অমিত মিত্র : আর ৬-৭ মিনিট স্যার, maximum।

মিঃ স্পীকার : আমি ১০ মিনিট সময় extend করে দিলাম।

ডঃ অমিত মিত্র : Thank you, তার আগেই শেষ করব, Hon'ble স্পীকার স্যার। Debt as a percentage of GSDP। ২০১০-১১-তে আপনারা যখন ছিলেন, তখন Debt as a percentage of GSDP কি ছিল ? ৩৯.৫৪, ৩৯.৫৪। ২০১২-১৩-র টার্গেট, আমাদের ৩৫.৭২। ইয়েস, আই এগ্রি উইথ দি লিডার অফ দি অপজিশন। সেই তথ্যটা নিয়ে আমরা এগিয়েছি এবং ৩৫.৭২ পারসেন্ট কৃষির মাধ্যমে কর্মসংস্থান সম্বন্ধে আমি বলেছি। একটা কথা আমার মনে হল, আমাদের ফরোয়ার্ড ব্লকের নওজোয়ান সাথি,.......

Forward Block के नौजवान साथी ,अगर आप इजाजत दे माननीय स्पीकर साहब, दो शब्द हिन्दी मे कहू । अगले बार जब मै विचार रखा था तब साथी के comrade के सात सबाल का मै जबाब दिया था । तीन सबाल चार सबाल आज जबाब देने के मेरा मन नही है क्यूँ । क्योकि मै देखा नौजवान साथी के लफज से जहर निकल रहा था । जैसे लगता है कि उनके गुस्से है और ऐसी व्यक्ति के बारे मे वो बात कर रहे है जो आज तक वो parliament के मेम्बर थे । जो आज भारत मे नयी चुनौती बना है , यही ममता बन्दोपाध्याय जी जिनके के बारे मे बात की । जो आपके उम्र के डबल उम्र के होगें । मै सोचता हूँ बाद मे जरूर आपको शर्म आयेगी । साथ मे मै और एक छोटी बात कहना चाहता हूँ । आप Forward Block के मेम्बर है जिसके रचयिता नेताजी सुभाष चन्द्र बोस । नेताजी सुभाष चन्द्र बोस ,आप जिन सख्सियतो के साथ बैठे है जो विशेष हमारे Respected सदस्यों के पास बैठे है, एक जमाने मे उन्ही को Quisling कहा गया था । उनको कुत्ते की तरह एक कॉर्टून बनाके 1942 के Famous Speech मे कुता भौ-भौ भौक रहा है । आप शर्मिन्दा नही होते । आप ऐसे लोगों के आस-पास बैठना, उसके साथ काम करे , ये शर्मनाक है । जो सुभाष चन्द्र बोस को Quisling या कुत्ता ,यो कुते की तरह दिखा सकता है । माननीय स्पीकर माहोदय, मै और एक बात कहूँगा । डा0 साहब , सुनने मे खुशी होगी सुभाष चन्द्र बोस का जो अंतिम किताब थी Indian pilgrim – मै मेरा नौजवान साथी को आपके माध्यम से उनको कहूँगा कि वो Indian pilgrim को पढे । उसमें उन्होने लिखे थे *Municipal socialism* , इसका मतलव grass root socialism , इसका मतलव तीर्णमूल socialism वो पढिये तो आपको पता होगा हाँ हमारा मत मे फर्क हो सकता है । हम आपस मे हम लड सकते है ,लेकिन आज आपका सबालो का जबाब देने मे शर्मिन्दा हमें हो रही है । कभी इस मामले मे जरूर विचार करेगें एक दूसरे के साथ ।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শেষ করবো, এমন একটা কথা বলে, যেটাতে হয়তো আমাদের বন্ধুরা, আমার বিশেষ মাননীয় বন্ধুরা খুব খুশি হবেন। এবারে ল্যাপটপ দেওয়া হয়নি। আমি অ্যানাউন্স করতে চাই যে, ৫০ হাজার টাকার ল্যাপটপ যে কোনো বিধায়ক নিতে পারেন, তার জন্য ফাইল তৈরি হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে ই-গর্ভনেন্স-এর মাধ্যমে এগোচ্ছি, আপনারাও ই-গর্ভনেন্স-এর কথা বলেন। সবাইকার কাছে ল্যাপটপ থাকলে বা ট্যাবলেট থাকলে আমরা একে অপরের সঙ্গে আলোচনা করতে পারব।

মিঃ স্পীকার স্যার, আই উড লাইক টু কনক্লুড, আমি কনক্লুড করতে চাই এই বলে যে প্রত্যেকটি বক্তব্য যা এখানে রাখা হয়েছে আমি নিজে শুনেছি। হয় এখানে বসে শুনেছি, নইলে আমার ঘরে মাইক্রোফোনের মাধ্যমে শুনেছি, নোটস নিয়েছি। আমার কাছে সেই বক্তব্যগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় যে আমাকে এই বাজেটের সুযোগ দিয়েছেন, আমি আপ্রাণ চেষ্টা করেছি যেটুকু—আমাদের আত্মবিশ্বাসের মাধ্যমে, আমাদের পরিবর্তনের সরকারের মাধ্যমে আমরা যাতে এগিয়ে যেতে পারি—কদম কদম বাড়াহে যা। আবার বলব—খুশিতে গীত গায়ে যা, এ জিন্দেগী হে কওম কি, কওম পে লুটায়ে যা।

মিঃ স্পীকার : ধন্যবাদ ডঃ অমিত মিত্র মাননীয় মন্ত্রী। আজ পর্যন্ত আমাদের এই যে বাজেট আলোচনা হয়েছে, তাতে বিতর্কে অংশগ্রহণ করেছেন মোট ৬৯ জন মাননীয় সদস্য, সিক্সটি নাইন অনারেবল মেম্বার্স হ্যাভ পার্টিসিপেটেড এবং খুব ভ্যালুয়েবল ডিসকাসান হয়েছে। আমি সমস্ত মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাই।

Now I call upon Dr. Amit Mitra to move the motion for vote on account

MOTION FOR VOTE ON ACCOUNT

Dr. Amit Mitra : Sir, I beg to move that a sum not exceeding ₹ 25848,24,49,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 2013, (as set out in Publication Item No. 2), namely—

Demand No.	Major Head		Sum not exceeding
1	2		3
			Rs.
1.	2011—State Legislatures	...	20,28,16,000
	2059—Public Works	...	50,00,000
	4059—Capital Outlay on Public Works	...	2,33,33,000
3.	2013—Council of Ministers	...	3,29,98,000

1	2	3
		Rs.
4	2401—Crop Husbandry ...	2,70,33,000
	2408—Food, Storage and Warehousing ...	2,64,11,000
	2435—Other Agricultural Programmes ...	8,01,64,000
	3451—Secretariat—Economic Services ...	39,36,000
	4401—Capital Outlay on Crop Husbandry ...	5,45,00,000
	4435—Capital Outlay on Other Agricultural Programmes ...	37,59,59,000
5	2235—Social Security and Welfare ...	31,42,93,000
	2236—Nutrition ...	2,67,000
	2401—Crop Husbandry ...	193,38,43,000
	2402—Soil and Water Conservation ...	11,76,70,000
	2415—Agricultural Research and Education ...	44,37,33,000
	2551—Hill Areas ...	18,67,000
	3451—Secretariat—Economic Services ...	1,78,15,000
	4401—Capital Outlay on Crop Husbandry ...	34,00,01,000
	4415—Capital Outlay on Agricultural Research and Education ...	1,08,67,000
6	2401—Crop Husbandry ...	36,33,33,000
	2403—Animal Husbandry ...	125,49,28,000
	2404—Dairy Development ...	53,72,70,000
	2415—Agricultural Research & Education ...	2,82,38,000
	2515—Other Rural Development Programmes ...	17,66,14,000
	2551—Hill Areas ...	1,33,33,000
	3451—Secretariat—Economic Services ...	1,00,05,000
	4401—Capital Outlay on Crop Husbandry ...	6,66,67,000
	4403—Capital Outlay on Animal Husbandry ...	9,50,34,000
	4404—Capital Outlay on Dairy Development ...	2,45,01,000
7	2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes. ...	289,28,73,000
	2251—Secretariat—Social Services ...	1,39,40,000
	4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes.	5,80,00,000
8	2216—Housing ...	3,09,000
	2250—Other Social Services ...	67,000
	2401—Crop Husbandry ...	25,86,85,000
	2404—Dairy Development ...	1,74,000

1	2	3
		Rs.
8	2425—Co-operation ...	73,13,52,000
	2515—Other Rural Development Programmes ...	4,23,89,000
	3451—Secretariat—Economic Services ...	1,57,91,000
	4216—Capital Outlay on Housing ...	16,67,000
	4250—Capital Outlay on Other Social Services ...	67,000
	4425—Capital Outlay on Co-operation ...	5,49,52,000
	6250—Loans for Other Social Services ...	33,000
	6425—Loans for Co-operation ...	1,74,06,000
9	2058—Stationery and Printing ...	15,70,52,000
	2852—Industries ...	157,73,94,000
	2853—Non-Ferrous Mining and Metallurgical Industries ...	2,46,52,000
	3451—Secretariat—Economic Services ...	2,81,08,000
	3475—Other General Economic Services ...	32,82,000
	4059—Capital Outlay on Public Works ...	66,66,000
	4407—Capital Outlay on Plantations ...	89,68,000
	4551—Capital Outlay on Hill Areas ...	70,87,000
	4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries ...	24,33,000
	4860—Capital Outlay on Consumer Industries ...	2,00,00,000
	4885—Other Capital Outlay on Industries & Minerals	1,68,34,000
	6407—Loans for Plantations ...	93,22,000
	6551—Loans for Hill Areas ...	2,31,05,000
	6857—Loans for Chemical and Pharmaceutical Industries ...	51,67,000
	6860—Loans for Consumer Industries ...	1,78,35,000
	6885—Loans for Other Industries and Minerals ...	25,00,000
	7465—Loans for General Financial and Trading Institutions ...	1,66,67,000
10	2052—Secretariat—General Services ...	52,11,000
	3456—Civil Supplies ...	15,18,27,000
	3475—Other General Economic Services ...	5,81,21,000
11	2401—Crop Husbandry ...	8,99,49,000
	2551—Hill Areas ...	10,00,000
	2851—Village and Small Industries ...	121,21,41,000
	3451—Secretariat—Economic Services ...	1,74,14,000
	4851—Capital Outlay on Village and Small Industries ...	21,89,34,000
	6851—Loans for Village and Small Industries ...	4,60,00,000
	6860—Loans for Consumer Industries ...	9,76,67,000

1	2	3
		Rs.
12	2505—Rural Employment ...	15,54,29,000
	2575—Other Special Areas Programmes ...	59,00,00,000
	3451—Secretariat—Economic Services ...	4,10,99,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme ...	11,66,67,000
13	2202—General Education ...	738,36,07,000
	2203—Technical Education ...	60,68,67,000
	2204—Sports and Youth Services ...	2,39,07,000
	2205—Art and Culture ...	5,20,74,000
	2251—Secretariat—Social Services ...	3,35,07,000
	3454—Census, Surveys and Statistics ...	40,41,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture ...	16,01,66,000
	6202—Loans for Education, Sports, Art and Culture ...	1,67,000
14	2202—General Education ...	81,44,41,000
	2205—Art and Culture ...	1,47,64,000
	2235—Social Security and Welfare ...	5,37,68,000
	2251—Secretariat—Social Services ...	67,06,000
	2515—Other Rural Development Programmes ...	2,96,17,000
	3454—Census, Surveys and Statistics ...	6,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture ...	3,66,67,000
15	2202—General Education ...	4924,14,81,000
	2204—Sports and Youth Services ...	2,36,26,000
	2251—Secretariat—Social Services ...	1,77,58,000
	2551—Hill Areas ...	7,33,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture ...	131,69,33,000
16	2215—Water Supply and Sanitation ...	1,25,62,000
	2251—Secretariat—Social Services ...	49,65,000
	3425—Other Scientific Research ...	7,16,000
	3435—Ecology & Environment ...	8,33,30,000
17	2039—State Excise ...	36,43,66,000
	2052—Secretariat—General Services ...	30,97,000
	4059—Capital Outlay on Public Works ...	3,00,00,000

1	2	3
		Rs.
18	2014—Administration of Justice ...	2,23,22,000
	2020—Collection of Taxes on Income and Expenditure ...	8,88,86,000
	2029—Land Revenue ...	27,02,000
	2030—Stamps and Registration ...	34,67,89,000
	2035—Collection of Other Taxes on Property and Capital Transactions ...	29,77,000
	2040—Taxes on Sales, Trades, etc. ...	76,18,45,000
	2045—Other Taxes and Duties on Commodities and Services ...	2,20,38,000
	2047—Other Fiscal Services ...	11,45,17,000
	2052—Secretariat—General Services ...	26,85,90,000
	2054—Treasury and Accounts Administration ...	64,60,53,000
	2058—Stationery and Printing ...	83,33,000
	2059—Public Works ...	45,000
	2070—Other Administrative Services ...	87,82,000
	2071—Pensions and Other Retirement Benefits ...	3194,01,36,000
	2075—Miscellaneous General Services ...	18,47,41,000
	2235—Social Security and Welfare ...	18,84,01,000
	2250—Other Social Services ...	7,36,50,000
	3454—Census, Surveys and Statistics ...	83,33,000
	3475—Other General Economic Services ...	5,55,000
	4059—Capital Outlay on Public Works ...	4,36,66,000
	4216—Capital Outlay on Housing ...	13,66,000
	4885—Other Capital Outlay on Industries and Minerals ...	13,33,34,000
	5465—Investments in General Financial and Trading Institutions ...	11,66,67,000
	7610—Loans to Government Servants, etc. ...	1,66,66,000
19	2052—Secretariat—General Services ...	50,46,000
	2059—Public Works ...	18,17,000
	2070—Other Administrative Services ...	71,01,85,000
	4070—Capital Outlay on Other Administrative Services ...	21,83,34,000
20	2235—Social Security and Welfare ...	3,30,00,000
	2401—Crop Husbandry ...	16,66,67,000
	2405—Fisheries ...	46,36,52,000
	2415—Agricultural Research and Education ...	43,58,000
	2515—Other Rural Development Programmes ...	5,43,41,000
	2551—Hill Areas ...	5,00,000
	3451—Secretariat—Economic Services ...	84,64,000
	4401—Capital Outlay on Crop Husbandry ...	4,33,33,000
	4405—Capital Outlay on Fisheries ...	10,88,33,000
	6405—Loans for Fisheries ...	2,99,99,000

1	2		3
			Rs.
21	2052—Secretariat—General Services	...	5,02,79,000
	2235—Social Security and Welfare	...	725,79,48,000
	2408—Food, Storage and Warehousing	...	60,53,63,000
	3456—Civil Supplies	...	4,58,75,000
	4408—Capital Outlay on Food, Storage and Warehousing	...	18,43,34,000
22	2401—Crop Husbandry	...	11,95,32,000
	2408—Food, Storage and Warehousing	...	12,44,000
	2551—Hill Areas	...	16,71,51,000
	2852—Industries	...	1,81,02,000
	3451—Secretariat—Economic Services	...	64,71,000
	4401—Capital Outlay on Crop Husbandry	...	10,00,00,000
	4860—Capital Outlay on Consumer Industries	...	3,33,33,000
	6860—Loans for Consumer Industries	...	8,33,000
23	2401—Crop Husbandry	...	13,33,33,000
	2402—Soil and Water Conservation	...	3,52,10,000
(This is inclusive of a total sum of Rs. 38,38,26,000 already voted on account.)

DEMAND No. 47

Major Heads : 2059—Public Works, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services and 4059—Capital Outlay on Public Works

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 827,42,50,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads: "2059—Public Works, 2235—Social Security and

Welfare, 2245 – Relief on account of Natural Calamities, 2251 – Secretariat – Social Services and 4059 – Capital Outlay on Public Works" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 275,80,83,000 already voted on account.)

DEMAND No. 48

Major Heads : 3425 – Other Scientific Research and 3451 – Secretariat – Economic Services

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a Sum of Rs. 17,76,26,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads: "3425 – Other Scientific Research and 3451 – Secretariat – Economic Services" during the year 2012-2013,

(This is inclusive of a total sum of Rs. 5,92,06,000 already voted on account.)

DEMAND No. 49

Major Heads : 2059 – Public Works, 2204 – Sports and Youth Services, 2251 – Secretariat – Social Services and 4059 – Capital Outlay on Public Works

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 239,42,21,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2059 – Public Works, 2204 – Sports and Youth Services, 2251 – Secretariat – Social Services and 4059 – Capital Outlay on Public Works" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 79,80,73,000 already voted on account.)

DEMAND No. 50

Major Heads: 2575 – Other Special Areas Programmes and 4575 – Capital Outlay on Other Special Areas Programme

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 285,23,08,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "2575 – Other Special Areas Programmes and 4575 – Capital Outlay on Other Special Areas Programme" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 95,07,68,000 already voted on account.)

DEMAND No. 51

Major Heads : 2203—Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat—Social Services, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 4250—Capital Outlay on Other Social Services

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 647,35,34,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203—Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat—Social Services, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 215,78,38,000 already voted on account.)

DEMAND No. 52

Major Heads : 2250—Other Social Services, 2551—Hill Areas, 3451—Secretariat— Economic Services, 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 100,70,06,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads: "2250—Other Social Services, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 33,56,69,000 already voted on account.)

DEMAND No. 53

Major Heads : 2041—Taxes on Vehicles, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 3051—Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport, 3056—Inland Water Transport, 3075— Other Transport Services, 3451—Secretariat—Economic Services, 5053—Capital Outlay on Civil Aviation, 5055— Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056— Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 1090,16,48,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2041—Taxes on Vehicles, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 3051—Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport, 3056—Inland Water Transport, 3075—Other Transport Services, 3451—Secretariat—Economic Services, 5053—Capital Outlay on Civil Aviation, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056—Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 363,38,75,000 already voted on account.)

DEMAND No. 54

Major Heads : 2059—Public Works, 2215—Water Supply and Sanitation, 2216—Housing, 2217—Urban Development, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4216—Capital Outlay on Housing, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 1539,13,06,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2059—Public Works, 2215—Water Supply and Sanitation, 2216—Housing, 2217—Urban Development, 2551—Hill Areas, 3451—Secretariat—Economic Services, 3475—Other General Economic Services, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4216—Capital Outlay on Housing, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 513,04,30,000 already voted on account.)

DEMAND No. 55

Major Heads : 2401 – Crop Husbandry, 2408 – Food, Storage and Warehousing, 2415 – Agricultural Research and Education, 2702 – Minor Irrigation, 2705 – Command Area Development, 3451 – Secretariat – Economic Services, 4702 – Capital Outlay on Minor Irrigation and 4705 – Capital Outlay on Command Area Development

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 922,03,18,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "2401 – Crop Husbandry, 2408 – Food, Storage and Warehousing, 2415 – Agricultural Research and Education, 2702 – Minor Irrigation, 2705 – Command Area Development, 3451 – Secretariat – Economic Services, 4702 – Capital Outlay on Minor Irrigation and 4705 – Capital Outlay on Command Area Development" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 307,34,30,000 already voted on account.)

DEMAND No. 56

Major Heads: 2235 – Social Security and Welfare, 2236 – Nutrition, 2250 – Other Social Services, 2251 – Secretariat – Social Services and 4235 – Capital Outlay on Social Security and Welfare

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 2463,35,50,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "2235 – Social Security and Welfare, 2236 – Nutrition, 2250 – Other Social Services, 2251 – Secretariat – Social Services and 4235 – Capital Outlay on Social Security and Welfare" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 821,11,87,000 already voted on account.)

DEMAND No. 57

Major Heads : 2052 – Secretariat – General Services, 3425 – Other Scientific Research and 5425 – Capital Outlay on Other Scientific & Environmental Research

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 15,61,67,000 be granted for expenditure under Demand No. 57,

Major Heads: "2052—Secretariat—General Services, 3425—Other Scientific Research and 5425—Capital Outlay on Other Scientific & Environmental Research" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 5,20,57,000 already voted on account,)

DEMAND No. 58

Major Heads : 2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 208,09,47,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads: "2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 69,36,50,000 already voted on account.)

DEMAND No. 59

Major Heads : 2052—Secretariat—General Services, 2204—Sports and Youth Services, 2435—Other Agricultural Programmes, 2515—Other Rural Development Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programme

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 261,21,08,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads : "2052—Secretariat—General Services, 2204—Sports and Youth Services, 2435—Other Agricultural Programmes, 2515—Other Rural Development Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 87,07,06,000 already voted on account.)

DEMAND NO. 60

Major Heads : 2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 4070—Capital Outlay on Other Administrative Services and 4216—Capital Outlay on Housing

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 317,78,92,000 be granted for expenditure under Demand No. 60,

Major Heads: "2052—Secretariat—General Services, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 4070—Capital Outlay on Other Administrative Services and 4216—Capital Outlay on Housing" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 105,92,96,000 already voted on account.)

DEMAND No. 61

Major Head : 2052—Secretariat—General Services

AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 2,32,59,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052—Secretariat—General Services" during the year 2012-2013,

(This is inclusive of a total sum of Rs. 77,55,000 already voted on account.)

DEMAND No. 62

Major Heads : 2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 5054—Capital Outlay on Roads and Bridges

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 202,79,18,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads: "2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 5054—Capital Outlay on Roads and Bridges" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 67,59,73,000 already voted on account.)

DEMAND No. 63

Major Heads : 2401—Crop Husbandry, 3451—Secretariat—Economic Services, 3454—Census, Surveys and Statistics and 4059—Capital Outlay on Public Works

Dr. AMIT MITRA : Sir, I beg to move that a sum of Rs. 132,57,85,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads: "2401—Crop Husbandry, 3451—Secretariat—Economic Services, 3454—Census, Surveys and Statistics and 4059—Capital Outlay on Public Works" during the year 2012-2013.

(This is inclusive of a total sum of Rs. 44,19,30,000 already voted on account.)

মিঃ স্পীকার : আজকে অধিবেশন সমাপ্ত করার আগে আমি আপনাদের জ্ঞাতার্থে জানাই, আজকে সভা চলাকালীন আমার অ্যাটেনশান ড্র করা হয়েছে। একটা পেপার আপনাদের এখানে ডিস্ট্রিবিউট করা হয়েছে। মাননীয় কিছু সদস্য সেটা আমার কাছে এনে দেখিয়েছিলেন। দেখিয়ে বলেছিলেন যে, পেপারটা যেটা ডিস্ট্রিবিউট করা হয়েছে সেটা সঠিকভাবে হয়নি। আমি দেখেছি ভালো করে এবং পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের অনারেবল মিনিস্টার তার স্টেটমেন্টে যা উল্লেখ করেছেন এবং আপনারা দেখবেন যেটা বলা হয়েছে, সেটা হল যে, সেটা পেপার কোটেড বাই মিনিস্টার-ইন-চার্জ অফ দ্য পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, উনি এটা দেখে করেছেন। সুতরাং ইটস অ্যান অ্যানেক্সচার টু দ্য স্টেটমেন্ট মেইড বাই দ্য অনারেবল মিনিস্টার। ইট উইল বি এ প্রপার্টি অফ দ্য হাউস। থ্যাঙ্ক ইউ।

Adjournment

The House was then adjourned at 5.54 p.m. till 11.00 a.m. on Thursday, the 29th March, 2012 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 29th March, 2012 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Ministers, 10 Ministers of State and 207 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker: Hon'ble Members, before taking up the business of the day. I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Dulal Chandra Mondal, former Member of West Bengal Legislative Assembly who breathed his last on the 11th February, 2012 at a private nursing home in Howrah. He was 85.

Born on the 10th July, 1927 at Manickpur in the district of Howrah, Shri Mondal was educated at Sankrail A.C. High School. By profession he was a school teacher.

Shri Mondal was actively associated with trade union movements. He was a key organizer of Krisak Samity in his locality. Besides politics, he was associated with many social and cultural organisations.

Shri Mondal was elected to the West Bengal Legislative Assembly from the Sankrail Assembly Constituency in 1962 as a candidate of Communist Party of India.

With the demise of Shri Mondal, the State has lost a veteran politician and an ardent social worker.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

....(At this stage the Hon'ble Members rose in their seats and observed two minutes silence)....

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

শ্রী রামেশ্বর দোলই : স্যার, ভয়ঙ্কর ঘটনা ঘটেছে বর্ধমান মেডিক্যাল কলেজে। ১৫ জন সাংবাদিক আক্রান্ত হয়েছেন, তৃণমূল কংগ্রেস এবং জুনিয়ার ডাক্তারদের একাংশের মাধ্যমে। আমি বলবো, তাই এখানে এসে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ও সবাই বিবৃতি দিন।

....(নয়েজ)....

Mr. Speaker: I will not allow it now.

Starred Questions
(to which oral answers were given)

উত্তরবঙ্গ উন্নয়ন প্রকল্পে আর্থিক বরাদ্দ

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬) **শ্রী তজমুল হোসেন** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের মাধ্যমে প্রকল্প রূপায়ণে ২০১১-২০১২ আর্থিক বছরে কি পরিমাণ অর্থ ধার্য হয়েছিল ; এবং

(খ) তন্মধ্যে মালদা জেলার ক্ষেত্রে উক্ত পরিমাণ কত ছিল ?

শ্রী গৌতম দেব :

(ক) ২০০ কোটি (১৭০ কোটি গ্রান্ট-ইন-এইড এবং ৩০ কোটি আর.আই.ডি.এফ.)

(খ) মালদা জেলার জন্য ২৪.০৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমরা দেখতে পাচ্ছি যে, কোনো টাকাই খরচ হয়নি, মালদা জেলার ব্যাপারে। মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বলতে পারবেন কোন কোন জেলাকে কত কোটি টাকা দেওয়া হয়েছে এবং কোন কোন বিষয়ের উপরে আপনি গুরুত্ব দিয়েছেন, যেমন স্বাস্থ্যের উপরে, নদী-ভাঙন, রাস্তাঘাট, ব্রীজ ? একটু দয়া করে জানাবেন ? আপনি কিসের উপর গুরুত্ব দিয়েছেন ?

শ্রী গৌতম দেব : আমরা যে বিষয়গুলোর উপর প্রাথমিকতা দিয়েছি, উত্তরবঙ্গের উন্নয়ন পর্ষদের দুটো জেনারেল বডির মিটিং থেকে, তার মধ্যে স্বাস্থ্য পরিষেবা, রোড কানেকটিভিটি ইত্যাদি বিষয়ের উপর আমাদের সর্বাধিক গুরুত্ব আছে। এছাড়া শিক্ষা এবং বিভিন্ন লায়িং ডিপার্টমেন্টের সঙ্গে ক্লাব করে কিছু খুবই গুরুত্বপূর্ণ উত্তরবঙ্গের সেতু ইত্যাদি বিষয়ের উপরে, আমাদের উত্তরবঙ্গের উন্নয়ন পর্ষদ এবং নর্থ বেঙ্গল ডিপার্টমেন্ট, আমরা গুরুত্ব দিয়েছি।

শ্রী তজমুল হোসেন : কোন কোন জেলার কথা বলছেন, সেটা বলেননি !

শ্রী গৌতম দেব : কোন কোন জেলায় কত—সেটা এই মুহূর্তে আমার কাছে ডিটেল্‌স নেই। ...(গোলমাল)... আমার কাছে তার ডিটেল্‌স আছে, প্রয়োজনে আমি ভবিষ্যতে এটা লিখিতভাবে জানিয়ে দেব।

শ্রী তজমুল হোসেন : স্যার, অতিরিক্ত প্রশ্ন স্যার আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রীর কাছে করতে চাই যে, বিগত সরকারের আমলে অনেক অর্ধ সমাপ্ত কাজ ছিল। সে সমস্ত বিষয় আপনি কি কোনো গুরুত্ব দিয়েছেন ? বিশেষ করে আমার মালদা জেলার, মালদা জেলার ক্ষেত্রে আমার বিধানসভার ক্ষেত্রে বলছি যে, মিঞাহাটের কাছে একটি বাঁধের সমস্যা, সেই মিঞাহাটের কাছে যে বাঁধের সমস্যা—এই মুহূর্তে আপনি যদি টাকা অনুমোদন না করেন, তাহলে সেই বাঁধ ভেঙে যাবে, আগামী বন্যাতে আমাদের দুই নম্বর ব্লকের সমস্ত গ্রামই জলের তলায় তলিয়ে যাবে। সেই ক্ষেত্রে টাকা দেওয়ার কোনো ব্যবস্থা নিয়েছেন কি ? দয়া করে যদি জানান।

শ্রী গৌতম দেব : ২০০৪-০৫ সাল থেকে বিগত বামফ্রন্ট সরকার আমলের, ৩৬১টি প্রকল্প সেটা অনগোয়িং প্রকল্প, তা চলছিল তো চলছিলই। আমরা এই দপ্তরে আসার পর জেলা শাসকদের নিয়ে মিটিং করে এবং ১০-১১ আর্থিক বছরে ৬০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, তৎকালীন সরকার তার মধ্যে ৪৯ কোটি টাকা ডিসবার্স করেন, ১১ কোটি টাকা করেননি। আমরা ১০ কোটি টাকা পুরনো আর্থিক বছরে দিয়ে দিই, রেসপেকটিভ ডি.এম.দের এবং ৩৬১টি প্রজেক্ট আমরা খুব দ্রুততার সঙ্গে সম্পন্ন করবার জন্য আমাদের দপ্তর থেকে নির্দেশ দেওয়া হয়। আপনি জেনে খুশি হবেন যে, এখন পর্যন্ত সেই ৩৬১টি প্রজেক্টের মধ্যে, প্রজেক্ট কমপ্লিট হয়ে ১০০র নিচে এসে গেছে এবং ৩১শে মার্চ কমপ্লিট হওয়ার পর, এপ্রিলের ফার্স্ট উইকে আমরা যে মিটিং নেব, তাতে আমরা সঠিক সংখ্যাটা নিরূপণ করতে পারব।

[11.10–11.20 a.m.]

শ্রী পরেশ অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—কিছুক্ষণ আগেই, আপনি তজমুল হোসেন সাহেবের প্রশ্নের উত্তরে যে কথা বললেন। যে ২০১১-১২ সালে ব্যয়-বরাদ্দের অর্থ ধার্যের কথা বললেন। আপনার কাছে আমার নির্দিষ্টভাবে প্রশ্ন যে, ২০১১-১২ সালের আমাদের আর্থিক বছরের শেষ হতে কয়েকটি দিন বাকি, এই ২০০ কোটি টাকার মধ্যে কত টাকা আপনি খরচ করতে পেরেছেন সুনির্দিষ্টভাবে এটা আপনি বলুন।

শ্রী গৌতম দেব : ২০১১-১২ সালে আমাদের বরাদ্দের ৯৬ শতাংশ, তার মধ্যে আর.আই.ডি.এফ. প্রকল্পে ৩০ কোটি টাকা, এটা প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট দপ্তর দেখেন। বাকি ১৭০ কোটি টাকার ৯৬ শতাংশ কাজের প্রক্রিয়া চলেছে। তার মধ্যে ২৭টি প্রকল্প সেটা পি.ডবলু.ডি. ডিপার্টমেন্ট করছেন। বাকিটা উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর করছে এবং প্রত্যেকটা কাজই চলছে। আপনি নিশ্চিন্ত থাকুন ৯৬ শতাংশ কাজের ক্ষেত্রে কোনো অসুবিধা হয়নি।

শ্রী পরেশ অধিকারী : না-না, আমি টাকা খরচ করার কথা বললাম। এখন পর্যন্ত কত টাকা খরচ করেছেন ?

শ্রী গৌতম দেব : প্রকল্প যখন চলে তখন কত টাকা খরচ করেছেন, এইভাবে বলা যায় না। না, বলা যাচ্ছে না, প্রকল্প ইজ অন গোয়িং। আমি আপনার সাথে তর্ক করব না, আমার কাছে যেটা উত্তর আছে আমি সেটাই বলব।

(গোলমাল)

আমাকে আমার বক্তব্য বলতে দিন। আমি আপনাকে বলেছি, আপনি হাসতে পারেন, আপনি আপনার মতো বলতে পারেন। আমি আমার উত্তর দিয়েছি যে ১৭০ কোটি টাকার মধ্যে ৯৬ শতাংশ টাকার কাজ অন গোয়িং আছে এবং সেটা কত অর্থ হয় সেটা ৩১শে মার্চ-এর পর ডিটেলিং করে জানাতে পারব।

শ্রী যোশেফ মুন্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার একটা অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীকে। আপনি মন্ত্রী হওয়ার পর আদিবাসীদের নিয়ে বিরসা মুন্ডা মেমোরিয়াল ফুটবল করেছেন। তাতে আদিবাসীদের মধ্যে এবং আদিবাসী প্লেয়ারদের মধ্যে খুব উৎসাহ দেখা গিয়েছিল। সেটা বামফ্রন্ট আমলে আমরা কোনোদিন দেখিনি। এই আপনাদের ২০০ কোটি টাকা বরাদ্দের মধ্যে, এই আদিবাসী ফুটবল সম্বন্ধে আপনার কিছু চিন্তাধারা আছে কি ? মেটিলিতে যখন খেলা হয়েছিল তখন একটা ঘোষণা করে এসেছিলেন যে সেখানে স্টেপ করার জন্য। সেটা নিয়ে কি চিন্তা-ভাবনা করছেন বলুন।

শ্রী গৌতম দেব : আমরা, এই দপ্তর প্রতিষ্ঠা হবার পর বিরসা মুন্ডার নামে ব্লক স্তরে আদিবাসী ফুটবল টুর্নামেন্ট করেছি। দুটো ভেনুতে করেছিলাম এবং ফাইনাল ডুয়ার্সের মেটিলিতে হয়েছিল এবং আর একটা মালদা জেলায় গাজলে অনুষ্ঠিত হয়েছিল। এই বছর বিরসা মুন্ডা আদিবাসী টুর্নামেন্ট হবে। সাথে আমরা মহিলা আদিবাসী ফুটবল টুর্নামেন্টও করব। গত বছর বাইচুং ভুটিয়া সমেত আরো অনেক ইমপর্টেন্ট স্পোর্টস পারসোনালিটি, তাঁরা উপস্থিত ছিলেন। বিরসা মুন্ডার একটা প্রতিকৃতি পূর্ণাবয়ব মূর্তি সেটা আমরা চালসা মোড়ে প্রতিষ্ঠা করেছি। শান্তি মুন্ডা নামে আর একজন আদিবাসী কন্যা যিনি ভারতীয় রেল থেকে সেনাবাহিনীতে টেরিটোরিয়াল আর্মিতে প্রথম জয়েন করে রাষ্ট্রপতি পুরস্কার পেয়েছে, সেটা করা হয়েছে এবং যে স্কুল মাঠে করা হয়েছিল সেখানে স্টেপ বাই স্টেপ আমাদের একটা ছোট্ট স্টেডিয়ামের মতো করার পরিকল্পনা আছে। এটা ২০১২-১৩-র আর্থিক বর্ষে আমরা সেই প্রকল্পটি গ্রহণ করব।

শ্রী শুভাশিস বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। উত্তরবঙ্গে বেশ কয়েক বছর ধরে কতকগুলো বক্স ব্রীজ তৈরী করা আছে নদীর উপরে। কিন্তু সেইগুলোর সঙ্গে কানেকটিভিটি করা হয়নি রাস্তার সঙ্গে। এর ফলে দীর্ঘদিন ধরে সেখানকার মানুষ বঞ্চিত হচ্ছে। সুতরাং সেই বক্স ব্রীজগুলো রাস্তার সঙ্গে কানেকশান করার ব্যাপার নিয়ে কোনো উদ্যোগ নিয়েছেন ?

শ্রী গৌতম দেব : উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের যেগুলো অন গোয়িং প্রজেক্ট ছিল, সেখানে কনসার্ন ডি.এম.-দের কাছে ৪৮.৬৭ কোটি টাকা তাদের সম্পূর্ণভাবে দেওয়া হয়েছে ১০ কোটি টাকা প্রিভিয়াস ইয়ারের ধরে এবং তাদের নির্দেশ দেওয়া হয়েছে যে প্রত্যেকটি অন গোয়িং প্রজেক্ট শেষ করতে হবে ৩১শে মার্চের মধ্যে এবং কিছু কিছু ডি.এম. তারা জানিয়েছেন যে এটা করতে গিয়ে মে মাসে হয়ে যাবে। ৩১শে মে-র মধ্যে কমপ্লিট করতে পারবেন। ৩৬১টি প্রজেক্টের মধ্যে এখন তার সংখ্যা একশোর কমে নেমে এসেছে এবং আমরা দৃঢ় প্রত্যয়ী যে ৩১শে মার্চের পর যখন আমরা evolution করব তখন এটা ৫০-৬০-এর মধ্যে আসবে এবং মে মাসের মধ্যে সম্পূর্ণটাই শেষ হবে।

শ্রী নর্মদা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ বিভাগের মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—স্যার, আপনি বললেন যে ১৭০ হচ্ছে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে এবং আর.আই.ডি.এফ.-এর মাধ্যমে ৩০ কোটি, এই নিয়ে দুশো কোটি। এই দু'শো কোটি টাকার মধ্যে আপনি বলছেন ৯৬% টাকা আপনি খরচ করেছেন। এই ৯৬% টাকার বিষয়ে আপনি নির্দিষ্ট করে বলবেন যে স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নের জন্য কত টাকা, রাস্তাঘাট উন্নয়নের জন্য কত টাকা এবং অন্যান্য ইত্যাদিতে কত টাকা উত্তরবঙ্গ জেলাগুলোর মধ্যে কোথায় কোথায় কিভাবে খরচ করলেন ?

শ্রী গৌতম দেব : আমি এর আগেই আমার উত্তরটা দিয়েছি, আপনি বুঝতে ভুল করেছেন। ৯৬% অর্থ খরচ হয়েছে আমি বলিনি। আমি বলেছি ৯৬% অর্থের প্রকল্প নেওয়া হয়েছে। কিন্তু নির্দিষ্টভাবে আমি আপনাকে বলছি যে স্বাস্থ্য পরিষেবা—ইক্যুইপমেন্টস পারচেসের জন্য আমরা স্বাস্থ্য বিভাগকে সব জেলারই, কটি হাসপাতালকে জেলা হাসপাতালে চিহ্নিত করে, ব্লক স্তরেও কিছু হাসপাতালকে চিহ্নিত করে ১০ কোটি টাকা দিয়েছি। সেইভাবে ট্যুরিজমকে প্রমোট করারজন্য আমরা ১০ কোটি টাকার কাছাকাছি দিয়েছি। সার্কিট বেঞ্চ স্থাপন করার জন্য ৪.৭৭ কোটি টাকা আমরা দিয়েছি। এছাড়াও বিজনবাড়ির যে সেতুটা ভেঙে গিয়েছিল, যেখানে ৩২ জন মানুষ মারা গিয়েছিল এবং অসংখ্য মানুষ আহত হয়েছিল, সেখানে ৩.৫ কোটি টাকা দেওয়া হয়েছে। পাহাড়ের রাস্তা নির্মাণ এবং সেটাকে শক্তিশালী করবার জন্য আমরা যথেষ্ট পরিমাণ দিয়েছি। টোটাল ব্রেক-আপটা এই মুহূর্তে আমি বলতে পারব না। পরবর্তীকালে আমি লিখিতভাবে জানিয়ে দেব।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে আমাদের জলপাইগুড়ি জেলায় হিন্দী ভাষাভাষীর মানুষ আছেন। এই হিন্দী ভাষাভাষী মানুষদের জন্য হিন্দী কলেজ করার কোনো পরিকল্পনা আছে কিনা। সেই পরিকল্পনা যদি করেই থাকেন তাহলে কতখানি জায়গা এবং সেটা কোথায় হচ্ছে, সেই বিষয়গুলো বিস্তারিতভাবে জানিয়ে দিলে ভাল হত।

শ্রী গৌতম দেব : এই প্রকল্প আমরা নিয়েছি এবং জায়গার প্রয়োজন আছে। বানারহাট এলাকায় দেন একরের মধ্যে জমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ইতিমধ্যেই চিহ্নিত করেছেন।

একটা কলেজ তো আর হাওয়ায় হবে না। কলেজটা করতে, বিল্ডিং করতে তো সময় লাগবে। ৩৪ বছরে তো একটা হিন্দী কলেজও হয়নি, রাঁচিতে পড়তে যেতে হয়। এটা আমাদের দুর্ভাগ্য। আমরা এই কলেজ করছি এবং মেকশিফ্ট অ্যারেঞ্জমেন্ট হিসাবে ডি.আই.সি.-র একটা জায়গা বীরপাড়াতে আমরা চিহ্নিত করেছি। ডি.আই.সি.-র কাছ থেকে সেই জায়গাটা নিয়ে আমরা আগামী শিক্ষাবর্ষে আপ্রাণ চেষ্টা করছি যাতে সেই মেকশিফ্ট অ্যারেঞ্জমেন্টে হিন্দী ভাষার কলেজ স্থাপন করা যায়। কিন্তু পার্মানেন্ট যে বিল্ডিংটা হবে, সেটা বানারহাটে হবে এবং সেই জায়গাটা ইতিমধ্যেই চিহ্নিত করা হয়েছে।

[11.20–11.30 a.m.]

মৎস্য উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬) **শ্রী জ্যোতির্ময় কর** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রোটিন খাদ্য ও পুষ্টি জোগানের লক্ষ্যে সরকার মাছের উৎপাদন বৃদ্ধির জন্য সচেষ্ট হয়েছে ;

(খ) সত্যি হলে, রাজ্যে মাছের চাহিদা ও উৎপাদনের পরিমাণ কত ; এবং

(গ) চাহিদা এবং জোগানের সমতা আনার জন্য গৃহীত পদক্ষেপগুলি কী ?

শ্রী আবু হেনা : মাননীয় সদস্য জ্যোতির্ময় করের প্রশ্নের উত্তরে জানাচ্ছি—

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) ২০১০-১১ সালে মাছের চাহিদা ছিল ১৫.৮৪ লক্ষ মেট্রিক টন এবং উৎপাদন ছিল ১৪.৪৩ লক্ষ মেট্রিক টন।

(গ) চাহিদা এবং জোগানের সমতা আনার জন্য মৎস্য উৎপাদনমুখী বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে।

যেমন—

(১) রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (RKVY) : একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (২০০৭-১২) যেটা ৩১শে মার্চ, ২০১২-তে শেষ হবে, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা নামে একটি প্রকল্প ভারত সরকার নিয়েছে যাতে কৃষি ও তার সহযোগী দফতরের মাধ্যমে কৃষি বৃদ্ধি ৪ শতাংশ করা যায়। রাজ্য সরকার এই প্রকল্পে মৎস্য উৎপাদনমুখী বিবিধ প্রকল্প হাতে নিয়েছে। ২০১১-১২ আর্থিক বর্ষে এই প্রকল্প বাবদ ২৪.৪৬ কোটি টাকা বাজেট বরাদ্দ ধরা হয়।

(২) ন্যাশনাল ফিশারিজ ডেভেলপমেন্ট বোর্ড (NFDB) : ভারত সরকারের কৃষি মন্ত্রকের পশুপালন, ডেয়ারি ও ফিশারিজ দফতরের প্রশাসনিক তত্ত্বাবধানের অন্তর্গত এই

ন্যাশনাল ফিশারিজ ডেভেলপমেন্ট বোর্ডের আর্থিক সাহায্যে মৎস্য উৎপাদনমুখী বিবিধ প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

(৩) এক্সিলারেটেড ডেভেলপমেন্ট অব মাইনর ইরিগেশন প্রোজেক্ট (ADMIP) : বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় জলজ সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দফতরের মাধ্যমে মৎস্য দফতর কিছু প্রকল্প নিয়েছে। এই প্রোজেক্ট এই বছর থেকে শুরু হয়েছে এবং ৫ বছর পর্যন্ত চলবে।

(৪) ম্যাপিং অব ওয়াটার বডি অ্যান্ড ডেভেলপমেন্ট অব GIS বেসড ফিশারিজ ম্যানেজমেন্ট সিস্টেম : রিমোট সেন্সিং পদ্ধতিতে পশ্চিমবঙ্গের সমস্ত জলাভূমির কম্প্রিহেন্সিভ ডেটাবেস তৈরী করা এবং সেগুলির একটি ইনভেনট্রি তৈরী করার জন্য মৎস্য দফতর একটি প্রকল্প গ্রহণ করেছে। এর মাধ্যমে নতুন জলাশয় চিহ্নিত করে মাছ চাষের ক্ষেত্র বাড়ানো যাবে।

(৫) মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট (MGNREGA) : এই প্রকল্পে জলাশয় সংস্কার ও মাছ চাষের জন্য জেলার FFDA-র মাধ্যমে পরিকল্পনা নেওয়া হচ্ছে।

(৬) মৎস্য উৎপাদনমুখী বিবিধ চালু প্রকল্প : রাজ্যে চালু বিভিন্ন প্রকল্পের বরাদ্দ বৃদ্ধি করে মাছের উৎপাদন বৃদ্ধির চেষ্টা চলছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধন্যবাদ জানায় মন্ত্রী মহাশয়কে যে, তিনি ছয় দফা গঠনমূলক কর্মসূচী নিয়েছেন যাতে উৎপাদন বৃদ্ধি হয়, কর্মসংস্থান হয়। আপনি যেটা বলছেন যে, ১৪ লক্ষ ৪৩ হাজার মেট্রিক টন যে মৎস্য উৎপাদন হয় সেটা বাই-কালচার, না ক্যাচ—সমুদ্র থেকে ধরা এবং অভ্যন্তরীণ জলাশয়ে উৎপাদিত যে মাছ, সেটা কত কত, তার স্পীল্টটা আপনার কাছে আছে—কত ক্যাচ হয় এবং কত কালচার হয় ? আপনার কাছে আছে, আপনি দেবেন কি ?

শ্রী আবু হেনা : দেখুন, আমি যে ইনফরমেশানটা দিলাম ১৪.৪৩ লক্ষ মেট্রিক টন, এটা কিন্তু তিনটে সেক্টরে এই মাছের উৎপাদন এবং ক্যাচ ও কালচার—সব কিছু নিয়ে। ফ্রেশ ওয়াটারে যে মাছ কিংবা মিষ্টি জলের মাছ, ব্র্যাকিশ ওয়াটারের মাছ চাষ করা হয়।

শ্রী জ্যোতির্ময় কর : আপনি টোটালটা দিয়েছেন।

শ্রী আবু হেনা : এবং মেরিন ওয়াটার ফিশ—এটার ব্রেক আপটা আমি হয়তো এই মুহূর্তে দিতে পারব কিনা জানি না, তবে আমরা যেটা মনে করি যে, এটা ১০/১১ তারিখের, ১১/১২ তারিখের কথা যেটা আমি বলতে চাইছি, যেটা প্রজেক্টেড আছে সেটার ডিমান্ড হচ্ছে ১৬.০৬। প্রোজেক্ট-এর প্রোডাকশান হবে, ১৪.৭২ লাখ মেট্রিক টন। তার মধ্যে সুইট ওয়াটারে হবে ১২ লক্ষ মেট্রিক টন এবং মেরিন ও ব্র্যাকিশ ওয়াটারে হবে, ২.৭২ লাখ মেট্রিক টন। মোট ১৪.৭২ লাখ মেট্রিক টন। আমাদের এখনও বছরটা শেষ হয়নি। ৩১শে মার্চ শেষ হবে। পুরো ফিগারটা আমি তারপরে বলতে পারব।

শ্রী জ্যোতির্ময় কর : আমার দ্বিতীয় প্রশ্ন, এটা এমন একটা দফতর আপনার যে, ফরেন মানি—বৈদেশিক মুদ্রা অর্জনের একটা ভালো ক্ষেত্র। আপনার মৎস্য রপ্তানি করে কত বৈদেশিক মুদ্রা সংগৃহীত হয় একটা এয়ারে ? তার কোনো তথ্য আছে কি ? কারণ যেহেতু বিদেশে খাবার জন্য যায় এবং বিদেশে খাদ্য সম্পর্কে অনেক সচেতনতা আছে তাই এর কোয়ালিটির ব্যাপার, যে ডিপার্টমেন্ট কন্ট্রোল করে, সে ব্যাপারে কোনো information আপনি দেবেন কি ?

শ্রী আবু হেনা : বিশেষ করে marine fishery, যেখান থেকে সমুদ্রের মাছ এবং brackish water, shrimp থেকে আরম্ভ করে অন্যান্য মাছ আমরা বিদেশে রপ্তানী করি। বিশেষ করে জাপান, মিড্‌ল ইস্ট এবং ইউরোপিয়ান ইউনিয়ন কান্ট্রিগুলোতে আমরা রপ্তানী করি। গত বছর কিম্বা এ বছর মোটামুটি প্রায় ১ হাজার ৩০০ কোটি টাকার রপ্তানি করেছি ; ইন্ডিয়ান ভ্যালুতে, কারেন্সিতে।

হ্যাঁ, এ ব্যাপারে কিছু কিছু অভিযোগ আমাদের কাছে এসেছে। ইউরোপিয়ান কান্ট্রিগুলোতে হাইজিনিকের ব্যাপারে কতগুলো নর্মস আছে। সেই নর্মসগুলো সঠিকভাবে পালন করা হচ্ছে কী হচ্ছে না সে ব্যাপারে কিছু অভিযোগ আছে। এটা নিয়ে আমরা অলরেডি আলোচনা করেছি, খতিয়ে দেখছি এবং ইউরোপিয়ান ইউনিয়নের কান্ট্রি যারা আছে তারা বেশ কিছু জায়গা ভিজিটেও করে গেছে। যতটা সম্ভব আমরা সমস্ত ইন্টারন্যাশনাল নর্মসগুলো মেন্টেন করি। যাতে এটা more hygienic হয় তা দেখা দরকার। তারা সব মাছ খেতে চায় না। আমাদের এখানে যেমন টেস্টিং হয় সঙ্গে সঙ্গে ওখানেও তাঁরা টেস্ট করে এবং টেস্টে পাশ করলে মার্কেটিং হয়।

ফিশারিজ দপ্তর নিজে কিছু করে না। যারা এক্সপোর্ট হাউজ আছে, এক্সপোর্ট করে, তারাই এটা করে। তাঁদের যে অ্যাসোসিয়েশন আছে, তাদের সঙ্গে আলোচনা করে এবং যেসব প্রসেস সেন্টার আছে বিভিন্ন জায়গায়, যেমন আমাদের কলকাতায় আছে চক-গড়িয়ায় এবং অন্যান্য জায়গায় আছে, সেখানকার যে নর্মসগুলো, আমাদের যে দপ্তর আছে, যারা এটা দেখে তারা কিন্তু এগুলোকে নজর দিচ্ছে এবং তাদেরকে এটাকে ইমপ্রুভ করার জন্য বলা হচ্ছে যাতে করে মাছ আন-হাইজিনিক অবস্থায় না যায়, প্রসেস ফুড যেটা যায় সেটা যেন আন-হাইজিনিক অবস্থায় না যায়। এ বিষয়ে আমরা নজর দিয়েছি এবং আরো নজর দেব।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে এ রাজ্যের মৎস্যমন্ত্রী এবং আমার পাশের বিধানসভার উনি নির্বাচিত সদস্য, ওনার দৃষ্টি আকর্ষণ করে বলছি। উনি মাছের সম্বন্ধে বললেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। যারা সামুদ্রিক এলাকায়—গঙ্গা-পদ্মার ধারে মৎস্য চাষ করে জীবিকা নির্বাহ করে, বিভিন্ন চর-এলাকা, ভগবানগোলা, নির্মল চর বা লালগোলার পাশাপাশি যারা বসবাস করে তাদের অনেকেই মৎস্য কার্ড পায়নি। ফলে মাছ ধরতে অনেক অসুবিধা হচ্ছে। সেক্ষেত্রে এ বছর নতুন করে কার্ড দেওয়ার পরিকল্পনা আছে কি ? আর, পরিকল্পনা থাকলে তার পরিমাণ কত ?

শ্রী আবু হেনা : এটা ঠিক যে উনি আমার পাশের বিধানসভা কেন্দ্রের বিধায়ক, আমার খুব পরিচিত, খুবই কাছের লোক। লালগোলা এবং ভগবানগোলায় পদ্মা যেখানে অবস্থান করছে সেটা বর্ডার এরিয়া। ওখানে কতগুলো রেস্ট্রিকশন আছে সেটা আপনারা সকলেই জানেন। পদ্মায় নর্মালি রাত্রিবেলায় মাছ ধরা, যখন মাছ বেশি পাওয়া যায়, সেই সময় মাছ ধরাটা বন্ধ আছে, রাত্রিবেলা মাছ ধরতে দেওয়া হচ্ছে না বিভিন্ন কারণে। কারণটা আমি এক্সপ্লেন করছি না কিন্তু আপনারা সবাই জানেন, কারণগুলো কী কী। আমরা চেষ্টাও করেছি যাতে তারা পদ্মায় মাছ ধরতে পারে। তাদের রুজি-রোজগার হচ্ছে মাছ ধরা এবং মাছ বিক্রি করা। আমাদের লালগোলা, ভগবানগোলা বর্ডার এরিয়ায় অবস্থিত। পদ্মা এবং ভাগীরথী, এখানে মাছ ধরা হয়, আর কিছু কিছু বিল আছে, সেই বিলেও মাছ চাষ করা হয়। তবুও আমরা মনে করি তাদের অনেকেই মাছ ধরতে পারছে না। 'পদ্মা ফিশারম্যানস কো-অপারেটিভ সোসাইটি' আছে। তারা এটাকে কন্ট্রোল করে। মুর্শিদাবাদ থেকে আরম্ভ করে গোটা মালদা পর্যন্ত পদ্মা তাদের আন্ডারে। তাদের অফিসটা হচ্ছে লালগোলায়।

[11.30–11.40 a.m.]

তারা অনেক representation দিয়েছে। সকাল ৪টে, সাড়ে ৪টের পর থেকে তারা মাছ ধরতে পারে, এটাই আমরা জানি। এ ব্যাপার নিয়ে অনেক আলোচনা হয়েছে, security reasons-এ, যেহেতু বাংলাদেশ-ভারতের বর্ডার সেহেতু এই ব্যাপারটা আমাদের কাছে—আমরা চাইব এখানে মাছ ধরা হোক। কিন্তু এটাও জানি, লালগোলা এবং মুর্শিদাবাদ জেলার বেশ হাজার খানেক বা ১২শো, ১৪শো, ১৫শো মৎস্যজীবী এখানে মাছ ধরত এবং বিক্রি করত, তারা দীঘা এবং ডায়মন্ডহারবার সাইডে মেরিনে ট্রলারে মাছ ধরতে যায়। সুতরাং এই ব্যাপারটা নিয়ে এই মুহূর্তে আপনাকে নির্দিষ্টভাবে কিছু বলতে পারছি না। অন্যান্য ক্ষেত্রে মৎস্যচাষিদের এবং মৎস্যজীবীদের জন্য বিভিন্ন ধরনের পরিকল্পনা আমাদের আছে। সেই পরিকল্পনামতো আমাদের যে বিভিন্ন কো-অপারেটিভ আছে, বিভিন্ন welfare measures নেওয়া হয়েছে, যেমন—নেট দেওয়া হয়েছে, অনেক কিছু আছে। কিন্তু নির্দিষ্টভাবে যদি কিছু বলেন তাহলে পরে ইনফরমেশান নিয়ে আমি বলতে পারব।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রীর কাছে আমার ছোট্ট কোশ্চেন, আপনি জানেন যারা সমুদ্রে মাছ ধরতে যায়, তারা খুব দুর্ঘটনার শিকার হন এবং বিপদের মধ্যে পড়েন। তাদের কোনো আইডেনটিটিও নেই, অনেক সময় তাদের খোঁজও পাওয়া যায় না। এক্ষেত্রে আপনার দপ্তর সমুদ্রে যারা মাছ ধরতে যান তাদের জন্য নতুন কোনো চিন্তা ভাবনা করেছেন ? তাদের কোনো আইডেনটিটি কার্ড বা বিপদের সময় গিয়ে কিছু সাহায্য করা বা তারা যাতে ফিরে আসতে পারে, এই নিয়ে নতুনভাবে আপনার দপ্তর কিছু ভাবছে ?

শ্রী আবু হেনা : মাননীয় প্রবীণ সদস্য অজয় দে যে প্রশ্নটা করেছেন, অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমরা জানি, সমুদ্রে যারা মাছ ধরতে যায়, তাদের সিকিউরিটির ব্যাপার আছে। তবে আপনাকে জানাচ্ছি, আমরা বেশ কিছু পদক্ষেপ নিয়েছি। যেমন যে ট্রলারগুলো

মাছ ধরতে যায়, তাতে রঙের একটা coat তৈরী করা হয়েছে, বায়োমেট্রিক কার্ড অলরেডি আরম্ভ হয়েছে। কেন্দ্রীয় সরকারের সম্পূর্ণ খরচে প্রত্যেকটা মেরিন ফিশারিজ, ফিশারম্যান যারা সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের আইডেনটিটি কার্ড ইস্যু করার জন্য তৈরী হয়ে গেছে প্রায়। আমাদের এখানেও গত বছর থেকে আরম্ভ হয়েছে, এগুলো তাদের দেওয়া হবে। আর বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন ধরনের দুর্ঘটনা সমুদ্রে ঘটে। কিছুদিন আগে বাংলাদেশের pirates-রা এসেছিলেন, তিনজন খুন হয়েছেন। সে ব্যাপার নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী প্রত্যেককে ২ লক্ষ টাকা করে সাহায্য দিয়েছেন। এছাড়াও তাদের জন্য ইনস্যুরেন্সের প্রোভিশান আছে। মারা গেলে তারা এক লক্ষ টাকা করে পাবে এবং ইনজুরি হলে যেটা ম্যাক্সিমাম অ্যামাউন্ট—৫০ হাজার করে টাকা পাবে। সুতরাং তাদের জীবন জীবিকা এবং অন্যান্য ক্ষেত্রে সমস্ত রকমের measures আমরা নিচ্ছি এবং আগামী দিনেও নেব।

শ্রী শাহাজাহান চৌধুরি : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন, চাহিদা ও যোগানের কথা। চাহিদা অনুযায়ী আমাদের রাজ্যে যোগানের কোনো ঘাটতি আছে কি ? ঘাটতি থাকলে কত ?

শ্রী আবু হেনা : মাননীয় সদস্য যে প্রশ্নটা করলেন, তার উত্তরে জানাচ্ছি, আমাদের যা চাহিদা, তার থেকে যোগানের ঘাটতি আছে। যোগানের ঘাটতি যদি না থাকত, তাহলে প্রত্যেক দিন কলকাতার মার্কেটে অন্ধ্রপ্রদেশ থেকে মাছ আসত না। যে যোগানের ঘাটতিটা হচ্ছে সেটা অন্ধ্রপ্রদেশের মাছ দিয়ে meet up হচ্ছে। এটা আজকের নয়, এটা ঘটনা। যারা পশ্চিমবঙ্গবাসী, যারা বাঙালী, তারা মাছ খায়। পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি মাছের প্রোডাকশানটা হয়, এগুলো সব ঘটনা। কিন্তু আমাদের প্রচেষ্টা থাকবে, 12th five year plan যেটা এ বছরের এপ্রিল মাস থেকে শুরু হচ্ছে—সেখানে সেই ঘাটতি যাতে কমে, আমাদের ইনল্যান্ড ফিশারিজের ক্ষেত্রে, ব্র্যাকিশ ওয়াটার ফিশারিজের ক্ষেত্রে এবং মেরিন ফিশারিজের ক্ষেত্রে আমাদের যেমন এখানকার চাহিদাটা আমরা মিট করব আমাদের নিজেদের প্রোডাকশান থেকে, সাইমালটেনিয়াসলি মাছের উৎপাদন বাড়িয়ে যাতে ফরেন এক্সচেঞ্জ আরও বেশি করে আসে, সেইজন্য আমরা কমপ্রিহেনসিভ প্ল্যান টুয়েলভ ফাইভ ইয়ার প্ল্যানে করব। আমরা সবে দশমাস হল ক্ষমতায় এসেছি। তারপর থেকে আমরা বলতে চাইছি মাছের উৎপাদন এখানে সবচেয়ে বেশি। সবচেয়ে বেশি উৎপাদন হচ্ছে পোনামাছগুলো, যেগুলো ডিমপোনা বলে, যার ৬২% সরবরাহ করা হয় পশ্চিমবাংলা থেকে। কিন্তু টেবিল ফিশ আমাদের যা হয় এবং মাছ যা খায়, সেই তুলনায় আমরা আমাদের উৎপাদনটা করতে পারছি না। এখানে উৎপাদন করা যায়। আমাদের যা ওয়াটার বডিজ আছে, সেটাকে যদি সুষ্ঠুভাবে পিসিকালচারে আনা যায়, তাহলে কিন্তু আমাদের নিজেদের যে চাহিদা, সেই চাহিদাটা আমরা মেটাতে পারব। প্রচুর পরিমাণ ওয়াটার বডিজ আছে, যেগুলোতে পিসিকালচার করা হয় না, এখনও মাছ চাষই করে না। আমাদের বিভিন্ন ধরনের কো-অপারেটিভ আছে। তাদের প্রোডাক্টিভিটি কম। সুতরাং প্রোডাক্টিভিটি বাড়াতে হবে, মাছের উৎপাদন বাড়াতে হবে। তাহলেই চাহিদাটা আমরা মিট-আপ করতে পারব।

মি: স্পীকার : মাননীয় মন্ত্রী, আপনি প্রিসাইজলি উত্তর দেবেন। এলাবরেট করার দরকার নেই। প্রিসাইজলি টু দি পয়েন্ট উত্তর দেবেন।

শ্রী মৃগেন্দ্রনাথ মাইতি : অনারেবেল স্পীকারের মাধ্যমে আমি সম্মানীয় মৎস্যমন্ত্রীর কাছে একটি প্রশ্ন করছি। বেনফিশ আপনার দপ্তরের আন্ডারটেকিং, সল্টলেকের স্বাস্থ্যভবনের সামনেই আছে। ওখানে G.M.—প্রদ্যুৎ সরকার, উনি আট বছর এক্সটেনশানে আছেন। আগে যিনি মন্ত্রী ছিলেন, তার বদান্যতায় কলকাতার ১৮টি ব্যাঙ্কে তার অ্যাকাউন্ট আছে স্ত্রীর নামে এবং তার অ্যাডপটেড সন্তানের নামে এবং শিলিগুড়ি-সহ কলকাতায় চারটি বড় বড় ফ্ল্যাট আছে। তার লাস্ট এক্সটেনশান ডেট হচ্ছে ৩১শে মার্চ। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, তাকে কি আবার রাখা হবে ?

শ্রী আবু হেনা : এই প্রশ্নটি কিন্তু মূল প্রশ্নের সঙ্গে সংযুক্ত নয়। আপনি যদি আলাদাভাবে জিজ্ঞাসা করেন, আমি আপনার সঙ্গে কথা বলব।

শ্রী আনিসুর রহমান : স্যার, মাছ আর বাঙালী, একেবারে মাছ আর বাঙালী একদম সমার্থক হয়ে গেছে। আমাদের একটা ভাল খবর হচ্ছে আমার যতদূর মনে পড়ছে প্রায় ১৬ বছর বোধহয় পরপর ভারতবর্ষে আমরা মাছে প্রথম হয়েছি। যদিও মাছে আমাদের ঘাটতি আছে। এই দুটি অদ্ভুত ছবি। মাছে আমরা সারা ভারতবর্ষে ১৬ বছর ফার্স্ট। অবশ্য মাছেও ঘাটতি আছে। আমি যেটা বলতে চাই যে আমাদের এই মুর্শিদাবাদ জেলায় ফিডার ক্যানেল হওয়ার পরে বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। ফিডার ক্যানেল হওয়ার পরে দুপাশের বিস্তীর্ণ এলাকা সারা বছর জলে ভরে থাকে। আপনি ভাল করেই জানেন যে আমাদের জলঙ্গী, ডোমকল এলাকায় বড় বড় বিল আছে। আবার রাঢ় এলাকায় বড় বড় দিঘিও আছে। মুর্শিদাবাদ জেলা মাছ চাষের ক্ষেত্রে একটা উর্বর জায়গা। এখানকার কোনো পরিকল্পনা আছে কিনা, থাকলে কি ব্যবস্থা নিয়েছেন জানতে চাই। আর একটা ছোট্ট কথা জানতে চাই যে এখানে আমি দুধের দোকান করে দিয়েছিলাম। মাছ বিক্রির একটা কাউন্টার অন্তত এই বিধানসভায় করতে পারেন কিনা জানতে চাই।

শ্রী আবু হেনা : মাননীয় প্রাক্তন মন্ত্রী, কুড়ি বছর ধরে উনি মন্ত্রী ছিলেন, মুর্শিদাবাদ জেলার। তাঁর প্রশ্নের উত্তরে জানাচ্ছি মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে যে মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪-পরগনা এবং মালদা জেলায় প্রচুর বিল আছে। বিলগুলিতে যদি ঠিকমতো কালচার করা হয়, পিসিকালচার করা হয় তাহলে মাছের উৎপাদন অনেক বেড়ে যাবে। কিন্তু কালচার যে হচ্ছে না তা না, কালচার হচ্ছে। কিন্তু সবচেয়ে বড় ব্যাপার যে এই যে বিলগুলো আছে, বিলগুলোর পরিমাণ কোথায় একশো একর, কোথাও ৬০ হেক্টর, ৫০ হেক্টর, ৪০ হেক্টর—এগুলোতে বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটি আছে, প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটি আছে। তারা কিন্তু এটা চাষ করে। আমি লক্ষ্য করেছি বিভিন্ন জায়গায় গিয়ে যে কো-অপারেটিভ সেক্টরগুলো মাছ চাষের ব্যাপারে যেভাবে তাদের পিসিকালচার করা উচিত, সেইভাবে হচ্ছে না।

[11.40–11.50 a.m.]

শ্রী আবু হেনা : Regarding members of the various Co-operatives all are fictitious বলে আমার মনে হয়েছে। সুতরাং আমি মনে করি যে পার হেক্টর ওয়াটার বডিতে যদি প্রোডাক্টিভিটি বাড়াতে না পারে, প্রোডাকশান যদি বাড়াতে না পারে, আমরা মাছের চাহিদা কিন্তু বাড়াতে পারব না। আমাদের যে ওয়াটার বডিসগুলি আছে, বা নদী আছে, নালা আছে, খাল আছে, ক্যানেল আছে, সমুদ্র আছে সেখান থেকে যদি আমরা এটাকে করতে পারি তাহলে আমরা মনে করি পাঁচ বছরের মধ্যে এইটটিন পয়েন্ট ফিফটি এইট লক্ষ মেট্রিক টন আমরা মাছ উৎপাদন করতে পারব। এইভাবে আমাদের ধরতে হবে fictitious member একটা কো-অপারেটিভে দেখেছি সেখানে হয়তো চারশো মেম্বার আছে তার মধ্যে এফেক্টিভলি হয়তো দশটা-পনেরোটা-বিশটা আছে, সেটা আমি দেখেছি। বাদ বাকি তারা fictitious, fake. That has to be rectified to enhance the fish production and all that.

শ্রী অরূপ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বাঁকুড়ায় রামসাগর এবং সিমলাপাল দীঘি যে ডিমপোনা উৎপন্ন হয়। পশ্চিমবঙ্গের মধ্যে সর্ববৃহৎ ডিমপোনা হয় রামসাগরে এবং সিমলাপালে। সেখান থেকে ডিমপোনাটা দক্ষিণ ভারতের অন্ধ্রপ্রদেশ ও অন্যান্য জায়গায় চলে যাচ্ছে। তারপর ওখান থেকে বড় মাছ হয়ে সেটা আবার বাংলায় আসছে। যেহেতু বাঙালির প্রিয় খাদ্য হচ্ছে মাছ। যদি বাঁকুড়ায় এই ডিমপোনাটাকে নিয়ে বাংলায় যদি এই জিনিসটা করা যায় তাহলে মাছের দামটা অত্যন্ত কম হবে বাঙলির কাছে। পরিবহনের যে কস্টটা হচ্ছে তার জন্য মাছের দামটা বেড়ে যাচ্ছে কিন্তু এটা আমাদের বাঁকুড়া জেলাতে রামসাগর এবং সিমলাপাল থেকে ডিমপোনাটা অন্ধ্রপ্রদেশে চলে যাচ্ছে সেটা যদি বাঁকুড়ায় বড় করে করা হয় এরকম কোনো পরিকল্পনা আপনাদের আছে কি ?

শ্রী আবু হেনা : মাননীয় সদস্য যে প্রশ্নটা করলেন তার সঙ্গে মূল প্রশ্নের কোনো যোগ নেই। তবে বাঁকুড়ার ব্যাপার যেটা উনি বললেন সেটা উনি যদি নির্দিষ্টভাবে কোনো প্রস্তাব দেন আমরা তাহলে ভেবেচিন্তে করব। এই মুহূর্তে আছে কি না সেটা বলতে পারছি না।

*১২৭। নট কল্ড।

বহির্রাজ্যে সরকারী পর্যটন আবাস নির্মাণ

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী নেপাল মাহাত** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বাইরে সরকারী পর্যটন আবাস নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

শ্রী রচপাল সিং :

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী নেপাল মাহাত : স্যার, অতিরিক্ত প্রশ্ন তিনি উত্তরে বললেন রাজ্যের বাইরে পর্যটন আবাস নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আপাতত নেই। আমি স্যার বলতে চাই আমরা সবাই জানি যে বাঙালি সম্প্রদায় বিশেষ করে তাদের একটা ফিক্সড ডেট থাকে সবার প্রত্যেক বছরে সবাই বেড়াতে যায় বাইরে। আমরা অনেক জায়গাতে দেখেছি অন্যান্য রাজ্যে যেখানে টুরিস্ট স্পট আছে যেখানে পর্যটকরা বেশি যায় সেখানে তারা কিন্তু এই ধরনের আবাস নির্মাণ করেছে এবং সেই রাজ্য থেকে যারা যায় তারা সেই আবাসে থাকার সুবিধা পায়। আমি বিশেষ করে পুরীর কথা বলব যেখানে বাঙালিরা প্রতিদিনই যাচ্ছে। বিশেষ করে যখন সিজ্‌ন আসে তখন বেশি করে যায়। এইসব জায়গাতে জয়পুর আছে, কাশ্মীর আছে, এইসব জায়গাগুলোতে অন্যান্য রাজ্যের মতো কোনো পরিকল্পনা আপাতত নেই বলেছেন। আরও কিছুদিনের মধ্যে কোনো ভাবনা-চিন্তা আছে কিনা যে এই ধরনের করলে পরে আমাদের এখানে লোকের যেমন সুবিধা হবে এবং ডিপার্টমেন্টেরও ভাল হবে। এই ব্যাপারে আপনার কোনো ভাবনা-চিন্তা আছে কিনা জানাবেন।

শ্রী রচপাল সিং : এটা খুব ভাল সাজেশান আছে, এটা খেয়াল করা হবে।

শ্রী নেপাল মাহাত : সেকেন্ড সাপ্লিমেন্টারি—রাজ্যের বাইরে পর্যটন আবাসের তিনি বললেন কোনো পরিকল্পনা নেই। রাজ্যের ভিতরে যে পর্যটন আবাসগুলো আছে, সেগুলো কত সংখ্যায় আছে এখন এবং মোটামুটি কোথায়-কোথায় আছে একটু দয়া করে যদি জানান।

শ্রী রচপাল সিং : আমাদের ২৯টা ট্যুরিস্ট লজ আছে এবং সেগুলো ডিফারেন্ট জায়গাতে আছে। আপনি নোটিশ দিলে সেগুলোর লিস্ট আপনাকে দিয়ে দেব।

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি। এই কোয়েশ্চেনটা খুবই গুরুত্বপূর্ণ ছিল যে, রাজ্যের বাইরে সরকারী পর্যটন আবাসন নির্মাণ। মন্ত্রী মহাশয় বলেছেন যে, এটা করা যাবে না। আমরা জানি ইতিমধ্যেই রাজ্যের বাইরে চেন্নাইয়ে একটি যুব আবাস পর্যটনকেন্দ্র ছিল এবং আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি সেটা কি অবস্থায় আছে ? সেটা আছে কিনা এবং সেটাকে বন্ধ করে দেওয়ার কোনো পরিকল্পনা করছেন ?

শ্রী রচপাল সিং : ওটা ট্যুরিজম ডিপার্টমেন্টের নয়, ওটা যুব দপ্তরের হতে পারে। রাজ্যের বাইরে আমাদের ট্যুরিজম ডিপার্টমেন্টের আবাসন নেই। আমি এটা বলিনি যে এটা করা যাবে না। আমি বলেছি এটা খুব ভাল সাজেশান, জায়গা পেলে অথবা অন্য ইনফ্রাস্ট্রাকচার পেলে আমরা করে দেব।

শ্রী এস. এম. সাদী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—নদীয়া-মুর্শিদাবাদের ব্যাপারে আগে অনেক আলোচনা হয়েছে। নদীয়া-মুর্শিদাবাদ নিয়ে যে সার্কিট ট্যুরিজম নদীয়ার শান্তিপুর, কৃষ্ণনগর, নবদ্বীপ, পলাশী এবং মুর্শিদাবাদ একটি ঐতিহাসিক জায়গা, এখানে সার্কিট ট্যুরিজম করার কোনো পরিকল্পনা আছে কিনা এবং সেখানে সার্কিট ট্যুরিজমের মধ্যস্থলে কোনো পর্যটন আবাস করার কোনো পরিকল্পনা আছে কিনা জানাবেন।

শ্রী রচপাল সিং : মাননীয় স্পীকার স্যার আপনার থ্রু দিয়ে জানাচ্ছি যে, মুর্শিদাবাদে আমাদের তিনটি ট্যুরিস্ট সার্কিট গভর্নমেন্ট অ্যাপ্রুভ্ড আছে। একটা হচ্ছে ইসলামপুর, লালবাগ, জিয়াগঞ্জ—এটা ফার্স্ট, সেকেন্ড হচ্ছে আহিরণ, সুভাষদ্বীপ, সাগরদীঘি, নবগ্রাম। নাম্বার থ্রি হচ্ছে, কান্দি, কর্ণসুবর্ণ, বহরমপুর এছাড়া গঙ্গা হেরিটেজ রিভার ক্রুজের একটা সার্কিট মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টে যেমন আছে, সেই রকম নদীয়া ডিস্ট্রিক্টে আমরা করার চেষ্টা করছি যাতে রিলিজিয়াস ট্যুরিস্ট সার্কিট ক্রিয়েট করা যায় মায়াপুরকে নিয়ে, নবদ্বীপকে নিয়ে, কালনাকে নিয়ে একটা সার্কিট তৈরী করার পরিকল্পনা আছে। সিমিলারলি অন্য যে জায়গাগুলো আছে সেখানে সার্কিট করার পরিকল্পনা আছে।

শ্রী দীপক হালদার : মাননীয় স্পীকারের মাধ্যমে ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। আমাদের ডায়মন্ড হারবারে পশ্চিমবঙ্গ সরকারের একটি ট্যুরিস্ট লজ আছে। বিগত সরকার ওই লজটির ব্যাপারে কোনোরূপ উদ্যোগ গ্রহণ করেননি। লজটির অবস্থা অত্যন্ত খারাপ। অথচ সারা পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন প্রান্তের মানুষ ডায়মন্ড হারবারে বেড়াতে যায়। সর্বোপরি সাগর যাত্রার সময় বহু মানুষ সেখানে গিয়ে একটু সময় কাটাতে চান। এই লজটির অবস্থা অত্যন্ত খারাপ হওয়ার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি, এই লজটির ব্যাপারে সার্বিক ডেভেলপমেন্টের কোনো চিন্তা-ভাবনা আছে কিনা।

[11.50-12.00 noon]

শ্রী রচপাল সিং : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি যে এটা ঠিক, ডায়মন্ডহারবার ট্যুরিস্ট লজ সাগরিকা খুব সুন্দর লজ ছিল এবং এত সুন্দর জায়গাতে আছে কিন্তু তার অবস্থা খুবই খারাপ। সেটার এত খারাপ অবস্থা যে নতুন করে তৈরী করার মতো অবস্থা। খুব শীঘ্রই এর রেনোভেশনের কাজ শুরু করতে যাচ্ছি। আমাদের ডিপার্টমেন্টের থ্রু দিয়ে এটা করব।

শ্রী পার্থসারথী চট্টোপাধ্যায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি একটু আগে মুর্শিদাবাদ সার্কিট এবং নদীয়া নিয়ে বলেছেন। আমি যেটা জানতে চাইছি যে নদীয়ার মধ্যে ফুলিয়ার কৃত্তিবাসের জন্মস্থানকে পর্যটন কেন্দ্র করার কোনো উদ্যোগ আপনার আছে কি ?

শ্রী রচপাল সিং : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে

জানাই নতুন বছরে কিছু নতুন ট্যুরিস্ট ডেস্টিনেশন করার পরিকল্পনা নেওয়া হবে। এর মধ্যে উনি যদি প্রপোজাল দেন তাহলে ফুলিয়াকে ইনক্লুড করা হবে।

মি: স্পীকার : লাস্ট সাপ্লিমেন্টারি আনিসুর রহমান। আপনার একটা কোশ্চেন আছে, এতদূর আসবে না। সেইজন্য আপনাকে একটা সাপ্লিমেন্টারি করার জন্য অনুমতি দিচ্ছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই আপনি যে উত্তরটা এখানে পাঠিয়েছেন তাতে দেখলাম তিনটে সার্কিটের কথা বলেছেন। কিন্তু এটা বহু পুরনো ঘটনা। আপনার কাছে আমার জানার বিষয় হচ্ছে নতুন সরকার আসার পর পর্যটনের বিষয়ে ভীষণ গুরুত্ব দিয়েছে, বিভিন্ন কাগজপত্রে আমরা দেখছি। আমি সেদিন বলেছিলাম এই গুরুত্বের সঙ্গে আমার পশ্চিমবাংলার ইতিহাসখ্যাত সব থেকে বড় জায়গা হচ্ছে আমাদের মুর্শিদাবাদ বাংলা, বিহার, ওড়িশার রাজধানী ছিল। আমি কয়েকবার হিসেব নিয়েছি প্রায় ১২-১৫ লক্ষ লোক প্রতি বছর ওখানে যায়। এটাকে ঘিরে যদি কিছু করা যায় তাহলে সরকারের যেমন আয় বাড়বে তেমনি কর্মসংস্থানও বাড়বে। এই জন্য কোনো ভালো ব্যবস্থা যেমন, নদীর ওপরে রোপওয়ে হতে পারে, লাইট অ্যান্ড সাউন্ড হতে পারে, অনেক কিছু করার সুযোগ আছে। সেটা করার কোনো পরিকল্পনা আছে কি না যদি জানান ?

শ্রী রচপাল সিং : এই তিনটে সার্কিটের মধ্যে লাইট অ্যান্ড সাউন্ড করা, বিটুমিনাস রাস্তা তৈরী করা, ইলেকট্রিফিকেশন করা, জেটি তৈরী করা, জেটি একটা হয়ে গেছে বহরমপুরে। বহরমপুরে যে ট্যুরিস্ট লজ আছে, দেড় কোটি টাকা খরচ করে তার রেনোভেশন করা হয়েছে। বহরমপুরে কাজ চলছে। শীঘ্রই টেন্ডার ইস্যু করা হবে। বাকি ৩-৪টে সার্কিটকেই উন্নতি করার জন্য খুব শীঘ্রই কাজ আরম্ভ হবে।

ফুলহার নদীর ভাঙন

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৬) **শ্রী আব্দুর রহিম বকসী :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা মার্চ, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারী, ২০১২ সময়কালে ফুলহার নদীর ভাঙনে কত সংখ্যক পরিবার বাস্তুহারা হয়েছে ;

(খ) এ পর্যন্ত কত সংখ্যক গৃহহারা পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব হয়েছে ; এবং

(গ) উক্ত নদীর ভাঙনরোধে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছে কি ?

ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা :

(ক) ফুলহার নদীর ভাঙনে গত দুই বছরে ক্ষতিগ্রস্ত জমির মোট পরিমাণ ৭৩.৫

হেক্টর। এই সময়ে কাঁচা বাড়ি ধ্বংস হয়েছে ১১৬টি, পাকাবাড়ি ১০টি, মন্দির ২টি, মসজিদ ৪টি এবং ২০০০ মিটার রাস্তা নষ্ট হয়েছে। ক্ষতিগ্রস্ত ব্লকগুলির নাম : মানিকচক, রতুয়া-১ ও হরিশ্চন্দ্রপুর-২ ব্লক। ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা এই দপ্তরের কাছে নেই।

(খ) বিষয়টি এই দপ্তর সম্পর্কিত নয়।

(গ) হ্যাঁ, সরকার এই নদীর ভাঙন রোধে কয়েকটি পরিকল্পনা হাতে নিয়েছে।

শ্রী আব্দুর রহিম বক্সী : ফুলহার নদীর ভাঙনের ফলে দেবীপুর বাঁধ ভেঙে প্রচুর মানুষের ক্ষতি হয়েছে। জমি অধিগ্রহণ না হওয়ার ফলে বাঁধ তৈরীর কাজ শুরু হয়নি। বর্তমানে জমি অধিগ্রহণ এবং বাঁধ নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে মাননীয় মন্ত্রী অনুগ্রহ করে জানাবেন কি ?

ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা : ফুলহার নদীর বামপাড়ে ২৯.৮ কিলোমিটার থেকে ৩০.৭৫ কিলোমিটারের মধ্যে ন্যাবার্ডের ঋণ-সহায়তায় আর.আই.ডি.এফ-১৬ প্রকল্পে রতুয়া ১নং ব্লক এবং দেবীপুর ও কালনার মধ্যে ভাঙন রোধের কাজ চলছে। নদীর সাম্প্রতিকতম ভাঙনের ফলে কাজটার পরিসর বৃদ্ধি পেয়েছে ১৫০ মিটার। আগে ছিল ৯৫০ মিটার, ১৫০ মিটার বেড়ে সেটা হয়েছে ১১০০ মিটার। আগের অনুমিত ব্যয় ছিল ৬ কোটি ৯৮ লক্ষ টাকা, সেটা বর্তমানে দাঁড়িয়েছে ৯ কোটি ১৬ লক্ষ টাকা। কাজের অগ্রগতি ২৫ শতাংশ। জমি অধিগ্রহণের ব্যাপারে আপনারা জানেন যে, সরকার নীতিগতভাবে প্রশাসনিক স্তরে পদক্ষেপ নিচ্ছে। সেকশন ৪, সেকশন ৬, সেকশন ৯, সেকশন ১১ এবং award of that. কিন্তু দেবীপুরের কাছে ভাঙনটা এতটাই বেশি বিপজ্জনক যে, সেখানে মানুষের সঙ্গে সহমত তৈরী করে, বিধায়কগণ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত, জনসাধারণ, বিভিন্ন দলের নেতা, ডি.এম., এস.ডি.ও., বি.ডি.ও., আমাদের দপ্তরের আধিকারিকদের সঙ্গে বসে সহমত তৈরী করে কাজটা শুরু করা গেছে। Progress of work is upto 25% at this moment.

শ্রী আব্দুর রহিম বক্সী : ফুলহার নদী ও মহানন্দা নদীর বিস্তীর্ণ এলাকা ভাঙনের মুখে। বর্ষার আগে ভাঙন রোধের জন্য কোনো অর্থ বরাদ্দ হয়েছে কিনা এবং হলে তার পরিমাণ কত ?

ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে এবং হাউসকে জানাতে চাই যে, the erosion in Malda and Murshidabad has become a national phenomena. যার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর মাধ্যমে, এই দুটো জেলা যে বিপজ্জনক ভাঙনের মুখে দাঁড়িয়ে আছে, সেই কথা ভারতবর্ষের সম্মানীয় প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং জলসম্পদ মন্ত্রীকে আমরা সরকারের পক্ষ থেকে জানিয়েছি। দিল্লিতে গিয়েও আমরা এই বিষয়টা সম্মানীয় প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং জলসম্পদ মন্ত্রীকে জানিয়েছি। সম্মানীয় অর্থমন্ত্রী বিষয়টা অনুধাবন করেছেন, জলসম্পদ মন্ত্রীও অনুধাবন করেছেন এবং এই বিষয়ে কেন্দ্রীয়

বাজেটে একটা announcement হয়েছে, যেটা আমি এখানে বলার অধিকারী নই। আমরা আশাবাদী। মুর্শিদাবাদ এবং মালদার ভাঙনের ক্ষেত্রে রাজ্য সরকার এবং ফরাক্কা ব্যারেজ অথরিটিকে একসঙ্গে নিয়ে আমরা কিছু পদক্ষেপ নিতে পারব বলে আমরা আশাবাদী। মাননীয় সদস্যদের সঙ্গে, বিশেষ করে মালদা এবং মুর্শিদাবাদের বিধায়কদের উদ্বেগের সঙ্গে সরকার সহমত পোষণ করে। রাজ্য সরকার বসে নেই। আমরা এই বিষয়ে লক্ষ্য রাখছি এবং জরুরি ভিত্তিতে কি কি কাজ করা যায় সেদিকে নজর রাখছি।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : পুরুলিয়া জেলায় ৩৪টা সেচ প্রকল্প আছে এবং সেইগুলির সংস্কারের প্রয়োজন আছে। সেই সেচ প্রকল্পগুলি সংস্কারের জন্য কত টাকা ধরেছেন মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন কি ?

ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও প্রশ্নটা এর সঙ্গে সংশ্লিষ্ট নয়, তবুও বলছি। আমাদের রাজ্য সরকার পিছিয়ে পড়া জেলা পুরুলিয়ার দিকে সর্বাধিক গুরুত্ব আরোপ করে। জলসেচ প্রকল্পগুলো—ক্ষুদ্র এবং মাঝারি—তার সঙ্গে কতগুলো চেক ড্যাম এবং ড্যাম তৈরী করার ডি.পি.আর. তৈরী এবং সার্ভের কাজ এগিয়ে চলেছে। আমি আপনাকে আশ্বস্ত করতে পারি এই সরকার পিছিয়ে পড়া সেচের ক্ষেত্রে পুরুলিয়া জেলাকে গুরুত্ব দিচ্ছে এবং আগামী দিনেও দেবে।

[12.00–12.10 p.m.]

শ্রীমতী নীলিমা নাগ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মালদা, মুর্শিদাবাদ পাশাপাশি নদীয়া। নদীয়ার শান্তিপুর থেকে কল্যাণী পর্যন্ত গঙ্গার ভাঙন ব্যাপক তার মধ্যে চাকদা চাদুড়িয়া দু নম্বর গ্রাম পঞ্চায়েত, আমি যতদূর জানি ১৩ জন মেম্বার নিয়ে একটা অঞ্চল ছিল। বর্তমানে সেটা ৫টা মেম্বার এসে দাঁড়িয়েছে। তাই মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই নদী ভাঙন রোধ করার কোনো পরিকল্পনা আছে কি ?

ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা : সম্মানীয় সদস্যার প্রশ্নের উত্তর তাঁকে আমি এ কথাই বলতে পারি মালদা-মুর্শিদাবাদ নিয়ে প্রশ্নের উত্তর চলছিল তাই মালদা-মুর্শিদাবাদ নিয়ে বলছিলাম। নদীয়ার দিকেও আমাদের নজর রয়েছে। আপনারা জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই, রাজ্যের সরকার কেন্দ্রের সরকারের সঙ্গে কথা বলে ইতিমধ্যেই ফরাক্কা ব্যারেজ অথরিটি উপর দিকে ৪০ কিলোমিটার, নীচে ৮০ কিলোমিটার ভাঙনের কাজ তারা করছেন। কিন্তু আমরা তাতে সন্তুষ্ট নই। আমরা বলেছি একেবারে, রাজ্য সরকারের পক্ষ থেকে দাবি করা হয়েছে একেবারে রাজ্যের বর্ডার অবধি উপর দিকটা নিয়ে যেতে হবে। অর্থাৎ সেটা চলে যাবে প্রায় ৬৫ কিলোমিটার। ৪০ থেকে ৬৫ কিলোমিটার উপরে আর নীচে একেবারে নদীয়ার করিমপুর অবধি নিয়ে আসার জন্য আমরা অনুরোধ করেছি। এই নিয়ে কথাবার্তা চলছে এবং একটু আনন্দের খবর, এখনও অবধি স্যাংশন পাইনি কিন্তু আলোচনা চলছে, মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী তিনি এই বিষয়ে দেখছেন। আমরা

আশাবাদী যে এই ভাঙন যে বিপজ্জনক রূপ নিয়েছে সেটা ফরাক্কা ব্যারেজ অথরিটির সঙ্গে কথাবার্তা বলে এক্সটেনশন অব স্প্যান অব ওয়ার্ক অ্যান্ড লেংথ অব ওয়ার্ক আমরা বাড়াব এবং রাজ্য সরকারের পক্ষ থেকেও যেমন মুর্শিদাবাদ-মালদার দিকে নজর রেখেছি তেমনি নদীয়ার দিকে নজর রেখে কাজটা করার দিকে এগোনোর চেষ্টা করব।

Mr. Speaker : The Questions' Hour is over.

Starred Questions
(to which answers were laid on the table)

মুর্শিদাবাদে গঙ্গা ও পদ্মার ভাঙনরোধে ব্যয়িত অর্থ

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২) **শ্রী ঈদ মহম্মদ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-২০১২ আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলার গঙ্গা ও পদ্মার ভাঙনরোধকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১-২০১২ সালে ১৯শে মার্চ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার গঙ্গা ও পদ্মা ভাঙনরোধকল্পে বিভিন্ন সূত্র থেকে সেচ ও জলপথ বিভাগের ব্যয়িত অর্থ ১০.২২ কোটি টাকা।

নামখানায় মৎস্য বন্দর

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২) **শ্রী মন্টুরাম পাখিরা :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার নামখানায় একটি মৎস্য বন্দর নির্মাণের জন্য রাজ্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি না ; এবং

(খ) করে থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এইরূপ একটি পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) উক্ত পরিকল্পিত বন্দরের কারিগরি সমীক্ষার কাজ শীঘ্রই শুরু হবে এবং D.P.R. তৈরীর পর কমপক্ষে দুই বছর সময় লাগবে বন্দর তৈরীর কাজ শেষ হতে।

মুর্শিদাবাদ কেন্দ্রিক চক্র পর্যটন

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭১) **শ্রী আনিসুর রহমান :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ মুর্শিদাবাদকে কেন্দ্র করে চক্র পর্যটন শিল্প গড়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ আছে।

(খ) উক্ত পরিকল্পনাগুলি নিম্নরূপ—কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত নিম্নলিখিত ৩টি চক্র পর্যটন প্রকল্পের কাজ মুর্শিদাবাদ জেলায় চলছে। প্রকল্পগুলির নাম—

(১) ইসলামপুর-লালবাগ-জিয়াগঞ্জ পর্যটন উন্নয়ন চক্র।

(২) আহিরণ-সুভাষদ্বীপ-সাগরদ্বীপ-নবগ্রাম পর্যটন উন্নয়ন চক্র।

(৩) কাঁদি-কর্ণসুবর্ণ-বহরমপুর পর্যটন উন্নয়ন চক্র।

উক্ত প্রকল্পগুলির মধ্যে বিটুমিন নির্মিত রাস্তা, নির্দেশক ফলক স্থাপন, সৌন্দর্যায়ন, বৈদ্যুতিক আলো স্থাপন ইত্যাদি কাজ করা হবে। এছাড়া 'গঙ্গা হেরিটেজ রিভার ক্রুজ সার্কিট আন্ডার মেগা সার্কিট ডেভেলপমেন্ট স্কীমের মধ্যে মুর্শিদাবাদ জেলার বহরমপুর, মুর্শিদাবাদ-লালবাগ ও আজিমগঞ্জ-বরানগর গঙ্গার ঘাটের উন্নয়নের কাজ করা হবে।

নদী ভাঙন

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী আবু তাহের খান :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ ও মুর্শিদাবাদ জেলায় গঙ্গা, পদ্মা, মহানন্দা, ফুলহার ও ভাগীরথী নদীর ভাঙন প্রতিরোধকল্পে গৃহীত পদক্ষেপগুলি কীরূপ ; এবং

(খ) এক্ষেত্রে রাজ্য সরকারকে, কেন্দ্রীয় সরকার কতখানি ও কিভাবে সহযোগিতা করছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১. গঙ্গা, পদ্মা, মহানন্দা, ফুলহার ও ভাগীরথী ভাঙন প্রতিরোধকল্পে সেচ ও জলপথ দপ্তরের পক্ষ থেকে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

২. এছাড়াও মালদা, মুর্শিদাবাদ জেলায় গঙ্গা, পদ্মা, মহানন্দা ও ফুলহার

নদীসমূহের ভাঙনের কারণগুলির জাতীয় তাৎপর্য ও কিছু ক্ষেত্র আন্তর্জাতিক প্রেক্ষিতের বিষয় উল্লেখ করে কেন্দ্রীয় সরকারের ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষকে এই সমস্ত নদীতে সম্পূর্ণভাবে ভাঙনরোধী কাজের দায়িত্ব দেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রীকে অনুরোধ জানানো হয়েছে।

৩. ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষকে দিয়ে ভাঙনরোধী কাজের বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন।

(খ) নদী ভাঙন রোধে কেন্দ্রীয় অনুদান দুই রকম প্রকল্পের মাধ্যমে বরাদ্দ করা হয় :

১. কেন্দ্রীয় সহায়তার বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচী (রাজ্য ও কেন্দ্রের মধ্যে ব্যয়ভার বহনের অনুপাত ২৫ : ৭৫)

২. বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সীমানা বরাবর অবস্থিত নদীগুলির ভারতের দিকের অংশে ভাঙনরোধী কাজের জন্য কর্মসূচী (এই কর্মসূচীতে কেন্দ্রীয় অনুদান ১০০ শতাংশ)।

অনগ্রসর শ্রেণী গরিষ্ঠ জেলার উন্নয়ন

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২) **শ্রী সত্যেন্দ্রনাথ রায় :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে তফশিলি জাতি ও উপজাতি এবং অনগ্রসর শ্রেণী সংখ্যাগরিষ্ঠ জেলাগুলিতে উন্নয়নমূলক গৃহীত কর্মসূচীগুলি সঠিকভাবে বাস্তবায়নে সরকার কী কী উদ্যোগ গ্রহণ করেছে / করছে ?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

শিক্ষার প্রসার ও উন্নতিকল্পে পশ্চিমবঙ্গ সরকার দ্বারা ১৮টি প্রকল্প রূপায়িত হচ্ছে। সাথে সাথে অনগ্রসর শ্রেণীর যুবক-যুবতীদের বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ, প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসার জন্য প্রস্তুতির প্রশিক্ষণ, স্বনির্ভর কর্মসংস্থানের জন্য ঋণ, অনুদান ও প্রান্তিক ঋণের ব্যবস্থা করা হয়েছে। আদিম উপজাতি গোষ্ঠী-সহ বিভিন্ন আদিবাসী ও তফসিলি জাতি অধ্যুষিত এলাকার সার্বিক উন্নতির যেমন রাস্তাঘাট, নলকূপ নির্মাণ ইত্যাদি কর্মসূচীও গ্রহণ করা হয়েছে।

প্রতিমাসে সমস্ত জেলার আধিকারিকদের নিয়ে তদারকি সভায় লিখিত রিপোর্ট নিয়ে ওই বিষয়গুলি সম্যক মূল্যায়ন করা হয়। মাননীয় মন্ত্রিমহোদয় এবং আধিকারিক মহোদয়েরা জেলায় জেলায় পরিদর্শন করে উন্নয়নমূলক গৃহীত কর্মসূচীগুলির সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না পর্যালোচনা করেন।

স্পিনিং মিল কর্মীদের বকেয়া বেতন

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৭) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের স্পিনিং মিলের শ্রমিক-কর্মচারীরা তাঁদের প্রাপ্য বকেয়া বেতনের টাকা পাচ্ছেন না ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বকেয়া বেতনের টাকা না পাওয়ার কারণ কি ?

ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ও (খ) ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের অধীনস্থ ৬টি স্পিনিং মিলের মধ্যে দুটি স্পিনিং মিলের বেতন নিয়মিত দেওয়া হচ্ছে। কিন্তু নিম্নলিখিত চারটি স্পিনিং মিলের বেতন আর্থিক অসুবিধাজনিত কারণে সময়মতো দেওয়া সম্ভব হয়নি। বেতন প্রদানের অবস্থান এরকম :

স্পিনিং মিলের নাম	যে সময় পর্যন্ত দেওয়া হয়েছে
কল্যাণী স্পিনিং মিলস লিমিটেড	ডিসেম্বর-২০১১
ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিলস লিমিটেড	জানুয়ারি-২০১২
ময়ূরাক্ষী কটন মিলস লিমিটেড	জানুয়ারি-২০১২
ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ স্পিনিং মিলস লিমিটেড	নভেম্বর-২০১১

জেলেদের আর্থ-সামাজিক উন্নয়ন

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৪) **শ্রী অসিত মজুমদার** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলেদের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে সরকারের নতুন কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কি ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এই বিষয়ে সরকারের তরফে বিভিন্ন নতুন পরিকল্পনা আছে।

(খ) গৃহীত পরিকল্পনাগুলির রূপরেখা সংলগ্নীতে প্রদত্ত হল।

জেলেদের আর্থিক উন্নয়নকল্পে গৃহীত পদক্ষেপসমূহ

(ক) **মৎস্যযান বিতরণ** : এই স্কীমে একটি তিন চাকার সুসজ্জিত সাইকেল ভ্যানে অপরিবাহী বরফ বাক্সে মাছ সংরক্ষিত করে নির্বাচিত মাছ বিক্রেতাগণ বাড়ি-বাড়ি মাছ বিক্রি করতে পারবে। প্রতিটি ইউনিটের জন্য ৫০ হাজার করে মোট ৮টি ইউনিটে ৪০০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) **সমবায় সমিতির জলাশয়ে ইন্টিগ্রেটেড ফিশ ফার্মিং** : এই স্কীমে মাছ চাষের সঙ্গে হাঁস ও ছাগলের প্রতিপালন এবং হর্টিকালচারের মাধ্যমে ১৬টি প্রাথমিক মৎস্যজীবি সমবায় সমিতির আর্থিক উন্নতির লক্ষ্যে প্রতিটি ইউনিটের জন্য ৫০ হাজার টাকা করে মোট ৮.০০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।

(গ) **বাড়ি সংলগ্ন জলাশয়ে দেশীয় প্রজাতির মাছের চাষ** : স্থানীয়ভাবে প্রাপ্ত দেশীয় প্রজাতির মাছ চাষের জন্য এই স্কীম নেওয়া হয়েছে। প্রতিটি ইউনিটের জন্য ৩০ হাজার টাকা করে ৪৬টি ইউনিটের জন্য ১৪.০০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।

(ঘ) **মাছ বিক্রেতা/মাছ আহরণকারীদের মধ্যে ইনসুলেটেড বক্স বিতরণ** : মাছ সংরক্ষণের জন্য ৪ হাজার টাকা মূল্যের ১৫০ জনের মধ্যে এই ইনসুলেটেড বক্স বিতরণের স্কীম নেওয়া হয়েছে। ৬.০০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।

(ঙ) **ফাইবার প্যাডেল বোট সরবরাহ** : জলাশয়ে মাছ চাষের আনুষঙ্গিক উপকরণ হিসাবে বিভিন্ন মৎস্যজীবি সমবায় সমিতিকে ফাইবার প্যাডেল বোট সরবরাহ করা হয়েছে।

(চ) **মৎস্যচাষী দিবস উদ্‌যাপন** : ১৯৫৭ সালের ১০ই জুলাই দিনটিতে বিশিষ্ট বৈজ্ঞানিক ডঃ হীরালাল চৌধুরি মাছের কৃত্রিম প্রজননের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন। ২০০১-০২ সাল থেকে এই ১০ই জুলাই দিনটিকে 'মৎস্যচাষী দিবস' হিসাবে উদ্‌যাপন করা হয়। এই উপলক্ষে মুর্শিদাবাদ জেলার ২৬টি ব্লকে মৎস্যচাষীদের নিয়ে আলোচনা চক্র করা হয়। এই আলোচনা সভায় মাছ চাষের বিভিন্ন দিক নিয়ে মৎস্যচাষীদের সঙ্গে তথ্য আদান-প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ : ১.০৪ লাখ টাকা।

জেলেদের সামাজিক উন্নয়নকল্পে গৃহীত পদক্ষেপসমূহ

(ক) **ই ডব্লু এস হাউসিং স্কীম 'আমার বাড়ী'** : পশ্চিমবঙ্গ সরকারের হাউসিং দপ্তর মৎস্য দপ্তরকে পিছিয়ে পড়া শ্রেণীর বেনিফিশারিদের বাড়ি করার জন্য টাকা বরাদ্দ করা হয়।

(খ) **বয়স্ক এবং অক্ষম মৎস্যচাষীদের জন্য 'বার্ধক্য ভাতা'** : যে সমস্ত বয়স্ক মৎস্যচাষীদের জীবিকা নির্বাহের জন্য সামাজিক কিংবা অর্থনৈতিক অবলম্বন নেই তাদের প্রতি মাসে ১০০০/- টাকা হিসাবে পেনশন পাওয়ার ব্যবস্থা আছে। পঞ্চায়েতের প্রস্তাব অনুযায়ী জেলাস্তরে একটি কমিটি বেনিফিশিয়ারি নির্বাচন করেন। জেলাস্তরের

কমিটিতে থাকবেন, জেলার মৎস্য ও প্রাণীসম্পদ বিকাশ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ (চেয়ারম্যান), সহ-মৎস্য অধিকর্তা (আহ্বায়ক), আঞ্চলিক উপ মৎস্য অধিকর্তা (সদস্য), সি. এফ. সি. এস.-এর চেয়ারম্যান (সদস্য), একজন সরকারী নমিনি (সদস্য)। উক্ত বার্ধক্যভাতা ব্যক্তির ডাকঘর সেভিংস অ্যাকাউন্ট-এর মাধ্যমে বিতরণ হচ্ছে। এই খাতে ২০১১-২০১২ অর্থবর্ষে ৮,৯৯,৯৮,০০০.০০ বরাদ্দ করা হয় যার মধ্যে ৮,৭০,০০,০০০.০০ টাকা এ পর্যন্ত ছেড়ে দেওয়া হয়েছে।

(গ) **মৎস্যজীবি অধ্যুষিত অন্তর্দেশীয় গ্রামের পরিকাঠামো উন্নয়ন :** মৎস্যজীবীদের সামাজিক উন্নতির লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন প্রোগ্রাম নিয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হল গ্রামের রাস্তা তৈরী, কালভার্ট তৈরী, মিলন গৃহ, নলকূপ স্থাপন প্রভৃতি।

(ঘ) **দুর্ঘটনাজনিত বীমা স্কীম :** এই স্কীমে কর্মরত অবস্থায় কোনো মৎস্যজীবির জীবনহানি হলে তার পরিবার এককালীন ১,০০,০০০ টাকা পান। আর আংশিক শারীরিক প্রতিবন্ধকতা হলে ৫০,০০০ টাকা পান। নিখোঁজ মৎস্যজীবীদের পরিবারও এই সুযোগ পেয়ে থাকেন। অর্থের উৎস : ৫০ : ৫০ (কেন্দ্র : রাজ্য)

রাজ্যে অন্যান্য অনগ্রসর সম্প্রদায়

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩০) **শ্রী বাসুদেব খাঁ :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের মানুষের সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্য-সহ) ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

যদিও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের জনগণনা করা হয়নি, তথাপি আনুমানিক হিসাবে সমগ্র জনসংখ্যার ৩৯% অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত বলে মনে করা হয়।

মৎস্যজীবীদের নিরাপত্তা

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৯) **শ্রী অখিল গিরি :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার মৎস্য উৎপাদন বৃদ্ধিতে অধিক গুরুত্ব আরোপ করেছে / করছে ; এবং

(খ) সত্যি হলে, সামুদ্রিক মৎস্য আহরণে মৎস্যজীবীদের নিরাপত্তার ক্ষেত্রে কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে / হচ্ছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সরকার মৎস্য উৎপাদন বৃদ্ধিতে অধিক গুরুত্ব আরোপ করেছে।

(খ) সামুদ্রিক মৎস্য আহরণে মৎস্যজীবিদের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।

সামুদ্রিক মৎস্য আহরণে নিযুক্ত মৎস্যজীবিদের নিরাপত্তা সুরক্ষিত করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপ :

১. 'সামুদ্রিক মৎস্যজীবিদের নিরাপত্তা' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ১০০০টি ১০ হাজার টাকার মূল্যের ডিসট্রেস অ্যালার্ট ট্রান্সমিটার (DAT) সামুদ্রিক মৎস্যজীবিদের মধ্যে বিতরণ করার প্রক্রিয়া চলছে। পূর্ব মেদিনীপুর জেলায় ৫০০টি এবং দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৫০০টি।

২. ১৭০০টি জি.পি.এস. মেশিন (ট্রেকিং ডিভাইস) বিতরণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

৩. কোস্টাল সিকিউরিটির জন্য ভারত সরকারের প্রতিরক্ষা দপ্তরের নির্দেশনামা অনুযায়ী সমুদ্রগামী মৎস্য ধরার ট্রলারকে কমলা ও কালো রঙ করার নির্দেশ দেওয়া হয়েছে।

৪. ইউনিফর্ম রেজিস্ট্রেশন অফ ফিশিং ভেসেল্স :

মাছ ধরার জলযানগুলির রেজিস্ট্রেশন বর্তমানে সমুদ্র সংলগ্ন রাজ্য/কেন্দ্রশাসিত রাজ্যগুলি, নিজ রাজ্যে বহাল Marine Fisheries Regulation Act (MFRA) অনুযায়ী করে থাকে। যদিও কিছু কিছু রাজ্য এই রেজিস্ট্রেশন Marchant Shipping (MS) Act অনুযায়ী করে। ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, সমস্ত রকম মাছ ধরার জলযানগুলির রেজিস্ট্রেশন একই পদ্ধতিতে করতে হবে। সমস্ত State এবং NIC- তে একই পদ্ধতিতে অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালু করার জন্য কেন্দ্রীয় সরকার আর্থিক সাহায্য দেবেন। পশ্চিমবঙ্গের সমুদ্রোপকূলবর্তী জেলাগুলিতে মাছ ধরার জলযানগুলির e-registration করার জন্য ইতিমধ্যেই মৎস্য দপ্তর ব্যবস্থা নিয়েছেন। ইতিমধ্যেই ৯ হাজার ফিশিং ভেসেলের তথ্য সংগৃহীত হয়েছে। মাছ ধরার জলযানগুলির ডাটা এন্ট্রি প্রক্রিয়া চলছে। খরচের ১০০ শতাংশই কেন্দ্রীয় সরকার বহন করছেন।

৫. ইসুয়েন্স অফ বায়োমেট্রিক আইডেনটিটি কার্ড :

সমুদ্র পার্শ্ববর্তী মৎস্যজীবিদের বায়োমেট্রিক আইডেনটিটি কার্ড দেওয়ার বিষয়টিতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে সংশ্লিষ্ট রাজ্যের মৎস্য দপ্তরের তৃণমূল স্তরের কর্মচারীদের মাধ্যমে বেসিক ডাটা (মৎস্যজীবির ছবি, আঙুলের ছাপ, পিতা ও মাতার নাম, লিঙ্গ ইত্যাদি) সংগ্রহ করা হবে এবং কার্ড প্রাপকদের বায়োমেট্রিক ডিটেল্স নিয়ে ডাটা ডিজিটাইজেশন ও কার্ড তৈরীর কাজ নির্দিষ্ট ভেন্ডর করবেন। কার্ড তৈরীর প্রক্রিয়া

চলছে। প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল সেক্টর প্রকল্প থেকে সরবরাহ করা হবে। কার্ড তৈরীর জন্য এখনো পর্যন্ত সামুদ্রিক মৎস্যজীবিদের ২,৩৮,৪৪৬ জনের বিস্তারিত তথ্য সংগৃহীত হয়েছে এবং ১,৪৮,৫৭৩ জনের ছবি ও আঙুলের ছাপ নেওয়ার কাজ সম্পূর্ণ হয়েছে। খরচের ১০০ শতাংশই কেন্দ্রীয় সরকার বহন করছেন।

বিচারপতির শূন্য পদ

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৭) **শ্রী নরেশ চন্দ্র চাকী** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন কোর্টে বিচারপতির শূন্য পদের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্য পদের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের বিভিন্ন কোর্টে বিচারপতির শূন্য পদের সংখ্যা ১৫৯।

(খ) কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্য পদের সংখ্যা ২১।

(গ) শূন্য পদগুলি পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

হিজলী টাইডাল ক্যানেলের সংস্কার

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫) **শ্রীমতী ফিরোজা বিবি** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তেরপেখ্যা থেকে কালীনগর পর্যন্ত হিজলী টাইডাল ক্যানেলটি সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই মুহূর্তে এই হিজলী টাইডাল ক্যানালটির এই অংশের সংস্কারের কোনো পরিকল্পনা সেচ ও জলপথ দপ্তরের নেই। তবে প্রাক্‌কলন প্রস্তুত করা হচ্ছে। আর্থিক সংস্থান হলেই কাজ শুরু হবে।

(খ) এই মুহূর্তে বলা সম্ভব নয়।

সেচ ব্যবস্থার উন্নয়ন

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৮) **শ্রী আখরুজ্জামান** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সেচ ব্যবস্থার উন্নয়নকল্পে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলি কি ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে সেচ ব্যবস্থার উন্নয়নকল্পে সেচ ও জলপথ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক বিভিন্ন আর্থিক অনুদান যোজনা তথা ত্রয়োদশ অর্থ কমিশন, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চয়তা প্রকল্প, আর.আই.ডি.এফ. ; এ.আই.বি.পি. ; আই.এ.পি. ; কোর স্টেট প্ল্যান প্রভৃতির মাধ্যমে এবং পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদের অর্থানুকূল্যে বেশ কিছু প্রকল্প চালু আছে এবং বেশ কিছু নতুন প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেগুলি হল :

(১) বিভিন্ন জেলার অন্তর্গত বর্তমান সেচ খালগুলির সংস্কার ও পলি অপসারণ

(২) সেচ খালগুলির উপর নির্মিত পুরাতন কাঠামোগুলির মেরামতি ও উন্নয়ন

(৩) নতুন কিছু ছোটো ও মাঝারি সেচ প্রকল্প নির্মাণ

(৪) ছোটো ছোটো চেক ড্যাম তৈরী ইত্যাদি

উপরোক্ত পরিকল্পনাগুলির সমাপনান্তে বেশ কিছু সেচ-সেবিত এলাকার পুনরুদ্ধার এবং নতুনভাবে সৃষ্টি সম্ভবপর হবে।

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Abdul Karim Chowdhury desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"Sir,

With due respect I beg to inform you that during last few days I have been badly suffering from throat infection. My attending doctor has advised me to take rest for somedays and not to speak much.

Under such circumstances. I am not in a position to attend House of WBLA on the coming 2/3 days of current Session. My absence may kindly be condoned sympathetically.

With regards.

Sd/- Abdul Karim Chowdhury".

I now ask whether Shri Abdul Karim Chowdhury has the permission of the Assembly asked for by him. ....(pause)....

There is no dissentient voice. I declare that Shri Abdul Karim Chowdhury has the permission of the Assembly to remain absent from the sittings of the House for three days from the 29th March, 2012.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Anisur Rahaman on the subject of Government decision regarding purchase of selected newspapers for public libraries in the State.

The subject matter of the motion relates to day to day administration of the government and is not such that may call for adjournment of the Business of the House. However, the Member may invite attention of Minister concerned through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however read the text of the Motion, as amended.

শ্রী আনিসুর রহমান : এটা খুবই দুর্ভাগ্যের বিষয়, এতবড় ঘটনা ঘটেছে আর এটা স্যার আপনি অ্যাডজোর্ণ করতে দেবেন না। এটা কখনো হতে পারে না। নিয়মই তো আছে, প্রতিবার সেশনে

মি: স্পীকার : আপনি প্রস্তাবটা পড়ুন আপনি যেটা দিয়েছেন অ্যাজ অ্যামেনডেড।

শ্রী আনিসুর রহমান : জনসাধারণের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ এবং জরুরি সাম্প্রতিক নির্দিষ্ট একটি বিষয়ে আলোচনার জন্যে এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল : রাজ্য সরকারের গ্রন্থাগার বিভাগ রাজ্যের গ্রন্থাগারগুলিতে রাজ্যের সর্বাধিক প্রচারিত এবং গুরুত্বপূর্ণ দৈনিক পত্রিকাগুলি কেনা ও পড়া বন্ধ করে দিয়েছে এবং অন্যদিকে সরকারের পছন্দমতো আটটি কাগজকে কেনার জন্য নির্দেশ দিয়েছে।

CALLING ATTENTION (NOTICES)

Mr. Speaker : Today, I have received eight notices of Calling Attention on the following subjects, namely :–

Subjects		Name
(i) Alleged delay in implementation of C.A. Scheme for College and University teachers.	:	Dr. Tarun Kanti Naskar

Subjects		Name
(ii) Reported incident of clash between Junior Doctors and Journalists at Burdwan Medical College and Hospital on 28.3.12	:	Shri Sahajahan Choudhury Shri S. M. Sadi Shri Gouranga Chatterjee Shri Rameswar Doloi Smt. Debalina Hembram Shri Dibakar Hansda & Shri Susanta Besra
(iii) Proposal for setting up of a junior High School at Basuda under Kanksa Block	:	Shri Sunil Kumar Mondal
(iv) Proposal for setting up of a Police Station at Bhaluka under Harish-chandrapur Assembly constituency	:	Shri Tajmul Hossain
(v) Government policy regarding reservation of seats for OBCV students in Medical Engineering and other higher educational Institutions.	:	Shri Nepal Mahata
(vi) Damage of crops by elephants at Goghat in Hooghly on 26.3.12	:	Shri Asit Mitra
(vii) Government decision to empower Police Commissioner for disposal of certain Criminal cases.	:	Shri Manturam Pakhira & Shri Kalipada Mandal
(viii) Steps taken by the State Government to make proper arrangements for vagrants in the State	:	Shri Kashinath Mishra & Shri Asutosh Mukherjee

I have selected the notice of Shri Asit Mitra on the subject of Damage of crops by elephants at Goghat in Hooghly on 26.3.2012.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে এবং এই মহতী সভায় উত্তর দেওয়ার জন্য অনুরোধ জানাব।

...(এই সময় বিরোধী বেঞ্চের সদস্য ও সদস্যাগণ উঠে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন এবং পরে মি: স্পীকারের আসনের সামনে গিয়ে তাঁদের বক্তব্য রাখতে থাকেন।)...

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the 129th, the 130th, the 131st and the 132nd Reports of the Committee on Public Undertakings (2011-2012)

Shri Nirmal Ghosh : Mr. Speaker, Sir, with your kind permission I beg to present (a) the 129th Report based on Audit Para No. 4.12 of the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the year 2006-2007 relating to the West Bengal Essential Commodities Supply Corporation Limited under the Department of Food and Supplies, Government of West Bengal ;

(b) the 130th Report based on Audit Para No. 4.12 of the Report of the Comptroller and Auditor General of India (commercial for the year 2008-2009 relating to the West Bengal Industrial Development Corporation Limited under the Department of Commerce and Industries, Government of West Bengal ;

(c) The 131st Report based on Audit Para No. 3.1 of the Report of the Comptroller and Auditor General of India (commercial) for the year 2007-2008 relating to the West Bengal State Electricity Transmission Company Limited under the Department of Power, Government of West Bengal ; and

(d) The 132nd Report based on Audit Para No. 4.17 of the Report of the Comptroller and Auditor General of India (commercial) for the year 2008-2009 relating to the West Bengal Infrastructure Development Finance Corporation Limited under the Department of Finance Government of West Bengal.

[12.10–12.20 p.m.]

Presentation of the First Report of the Committee on the Affairs of Women and Children (2011-2012)

Shrimati Firoza Begam : Sir, I beg to present the first Report of the Committee on the Affairs of Women and Children (2011-2012) on some Homes in the districts of Malda and Murshidabad.

Presentation of the First Report of the Standing Committee on School Education (2011-2012)

Shri Asit Mitra : Sir, with your kind permission on behalf of the Chairman, Shri Rabindranath Chatterjee, I beg to present the first Report of the Standing Committee on School Education (2011-2012) on School Education of Coochbehar and Jalpaiguri districts.

LAYING OF ACCOUNTS

Report of the Comptroller and Auditor General of India relating to the Audit of Collection of Motor Vehicles Taxes, Fees and Fines in the Transport Department, Government of West Bengal for the year 2009-2010.

Shri Aroop Biswas : Sir, with your kind permission I beg to lay the Report of the Comptroller and Auditor General of India relating to the Audit of Collection of Motor Vehicles Taxes, Fees and Fines in the Transport Department, Government of West Bengal for the year 2009-2010.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the year 2009-2010.

Shri Upendra Nath Biswas : Sir, I beg to lay the Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the year 2009-2010.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী—গ্রন্থাগার বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি একটি সরকারী নির্দেশনামা আমার নজরে এসেছে এবং গ্রন্থাগার দপ্তরের বিভাগ থেকেই এই নির্দেশিকা এসেছে। সেখানে বলা হয়েছে, কিছু বিশেষ সংবাদপত্রকে তারা তালিকাভুক্ত করেছেন। যে সংবাদপত্রগুলো তালিকাভুক্ত হয়েছে, তার সম্পর্কে আমার নিজস্ব কোনো বক্তব্য নেই। কিন্তু যে বিষয়টা আমি বলতে চাইছি সেটা হল তথ্য এবং সংবাদ জানার অধিকার—এটা গণতান্ত্রিক ব্যবস্থার একটা অবিচ্ছেদ্য অঙ্গ এবং সেটা যদি ব্যাহত হয়, তাহলে

গণতান্ত্রিক পদ্ধতি কিন্তু ব্যাহত হয়। ফলে সংবাদ মাধ্যমের কণ্ঠরোধ করার প্রচেষ্টা বলেই এটা অনেকে মনে করছেন। এটা অত্যন্ত ক্ষতিকর। আমরা জানি, বিগত সরকারের সময় বারবার সংবাদপত্রের কণ্ঠরোধ করার চেষ্টা হয়েছিল এবং যার প্রতিবাদ জনসাধারণ করেছিলেন। আজকেও জনমানসে, বুদ্ধিজীবী মহলে এর বিরুদ্ধে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বিশেষ করে অনুরোধ করছি আপনার মাধ্যমে যে, এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা এবং একে প্রত্যাহার করা, ধন্যবাদ।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয়া উপাধ্যক্ষা মহাশয়া, একটি বিশেষ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, স্বামী বিবেকানন্দের সার্ধশতবর্ষ পালিত হচ্ছে। স্বামী বিবেকানন্দের পৈতৃক বাসভূমি কালনার দত্তডালিয়টন গ্রামে। দি পেট্রিয়ট গ্রন্থে স্বামী বিবেকানন্দের ভাই ডঃ ভূপেন্দ্রনাথ দত্ত তা উল্লেখ করেছেন এবং নিজে সে গ্রামে গেছেন, কিন্তু আমি স্বামী বিবেকানন্দের সার্ধশতবর্ষে সেই দত্তডালিয়টন গ্রামে বিবেকানন্দের স্মারক একটি গ্রন্থাগার কিংবা সেই গ্রামকে বিবেক গ্রাম হিসাবে চিহ্নিত করে সেই গ্রামের উন্নয়নের দিকে নজর দেওয়ার প্রার্থনা জানাচ্ছি মাননীয় সরকার বাহাদুরের কাছে।

শ্রী আনিসুর রহমান : (নট প্রেজেন্ট)।

শ্রী শাহাজাহান চৌধুরী : (নট প্রেজেন্ট)।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের একটা গুরুত্বপূর্ণ বিষয় দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এখানে আমাদের স্বাস্থ্য দপ্তরের মাননীয়া এম.ও.এস. আছেন। মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আমাদের এই রাজ্যে খুচরো ওষুধ বিক্রেতা যাদের নতুন লাইসেন্স করা এবং লাইসেন্স রিনিউয়ের ক্ষেত্রে ফার্মাসিস্টের দরকার আছে। আমাদের এই রাজ্যে প্রায় ১৬ হাজার এই রকম খুচরো ওষুধ বিক্রেতা বা দোকান আছে। তাদের লাইসেন্স রিনিউ করার ক্ষেত্রে যে সমস্যা হচ্ছে বর্তমানে আমাদের রাজ্যে ফার্মাসিস্টের অভাব আছে, যার ফলে রিনিউয়ালের ক্ষেত্রে হয়তো অনেক সময় অনিয়মও হচ্ছে। এ ব্যাপারে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই রিনিউয়াল করার ক্ষেত্রে যদি সরলীকরণের কোনো ব্যবস্থা গ্রহণ করা যায় বা সাধারণভাবে যে ফার্মাসিস্টের ব্যবস্থা ছিল তখন ছিল মিক্সচারের মাধ্যমে ওষুধ দেওয়া, কিন্তু বর্তমানে সেই ব্যবস্থা উঠে গেছে, এখন সবটাই ফাইলের মাধ্যমে ওষুধ বিক্রি হয়। কাজেই খুব বেশি ফার্মাসিস্টের প্রয়োজনীয়তা নেই, এক্ষেত্রে এর আগে যেটা ছিল অভিজ্ঞতার ভিত্তিতে ফার্মাসিস্ট অ্যাক্টের ৩০, ৩১ডি, ৩২ই, এ, জি, ধারাতে তাদের অভিজ্ঞতার ভিত্তিতে ফার্মাসিস্ট নিয়োগ করা যেত। কারণ ডিগ্রি বা ডিপ্লোমা নিয়ে যে ফার্মাসিস্টগুলো আসছেন তারা খুচরো দোকানে কাজ করতে চাইছেন না। আমি আপনার মাধ্যমে এটার সরলীকরণের জন্য আবেদন রাখছি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : (নট প্রেজেন্ট)।

শ্রী বাসুদেব খাঁ : (নট প্রেজেন্ট)।

শ্রী আবু তাহের খান : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করছি, মাননীয়া প্রতিমন্ত্রী এই হাউজে আছেন, এমনিই মুর্শিদাবাদ জেলা পিছিয়ে-পড়া জেলা, এই হাউজেই প্রাক্তন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন মুর্শিদাবাদ জেলার বহরমপুরে মেডিকেল কলেজ হবে। সেই অনুযায়ী কাজ চলছে, সেখানে স্টাফ রিক্রুটমেন্ট হয়েছে, সেখানে স্টাফ চলে গেছে, দীর্ঘ দেড় বছর ধরে স্টাফরা বসে বসে বেতন নিচ্ছে। অথচ সেই কাজের অগ্রগতি অত্যন্ত খারাপ। মাননীয়া মন্ত্রী এখানে আছেন, যদি এই হাউজকে আশ্বস্ত করেন যে কবে নাগাদ এই মুর্শিদাবাদ জেলার বহরমপুরে মেডিকেল কলেজটি চালু হবে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে জানাই যে মেডিকেল কলেজ সম্বন্ধে আপনি নিজেই বলেছেন ওখানে কাজ চলছে। আগে কাজ অনেক কম গতিতে চলছিল, আগের সরকারের আমলেও, কিন্তু এখন যে দ্রুত গতিতে কাজ চলার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমি আপনাকে আশ্বস্ত করতে চাই যে, কিছুদিনের মধ্যেই আপনি দেখতে পাবেন এর গতিশীলতা এবং অতি সত্বর এই মেডিকেল কলেজ করে দেওয়ার আমরা চেষ্টা করছি।

[12.20–12.30 p.m.]

শ্রী তজমুল হোসেন : (নট প্রেজেন্ট)।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (নট প্রেজেন্ট)।

শ্রী সুকুমার দে : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে সেচমন্ত্রী ও জলসম্পদ অনুসন্ধান উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার নন্দকুমার বিধানসভায় রূপনারায়ণ এবং হলদি নদীর সংযোগকারী যে প্রতাপখালি খালটি আছে সেটি সম্পূর্ণভাবে মজে গিয়েছে। লক গেট দুটি সম্পূর্ণভাবে ভগ্ন, ফুট ব্রীজ সম্পূর্ণভাবে নষ্ট হয়ে গিয়েছে। তাই প্রতাপখালি খাল-সহ শাখা খালগুলির সংস্কার এবং লক গেট-সহ ফুট ব্রীজগুলি মেরামতের জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাই। এর মাধ্যমে সেচ ও জল সংরক্ষণের ব্যবস্থা হবে এবং কৃষিজীবী ও মৎস্যজীবী হাজার হাজার মানুষ উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী এস. এম. সাদি : (নট প্রেজেন্ট)।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : (নট প্রেজেন্ট)।

শ্রী যোশেফ মুন্ডা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—বানারহাট একটি ছোট্ট শহর। বি.ডি.ও. ব্লক ঘোষণা করার আবেদন রাখছি। জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লকের অন্তর্গত। এখান থেকে প্রায় ৬৫

কিলোমিটার গরীব মানুষদের যাতায়াত করতে হয়। এবং এই ব্লক ঘোষণা করার সম্পূর্ণ পরিকাঠামো রয়েছে। একটি হাসপাতাল রয়েছে, থানা রয়েছে, ব্যাঙ্ক আছে, সাতটি হায়ার সেকেন্ডারি স্কুল, তিনটি প্রাইমারি হাই সেকেন্ডারি স্কুল, ছ-টি এম.এস.কে. এবং ল্যান্ড ও ল্যান্ড রিফর্মস অফিস রয়েছে। তাই মন্ত্রীর কাছে আমার আবেদন এটাকে যদি একটি বি.ডি.ও. ব্লক ঘোষণা করা হয় তাহলে এখানকার গরীব মানুষেরা খুবই উপকৃত হবেন। ধন্যবাদ।

শ্রী বাসুদেব মেটে : (নট প্রেজেন্ট)।

শ্রী তোয়াব আলি : (নট প্রেজেন্ট)।

শ্রী সমীর কুমার জানা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মাননীয়া মন্ত্রী মহোদয়া এখানে উপস্থিত আছেন তার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—আমার নির্বাচন কেন্দ্র পাথরপ্রতিমাতে তিনটি পি.এস.সি.—ইন্দ্রপুর, ব্রজবল্লভপুর এবং গদামথুরা স্বাস্থ্য কেন্দ্র আছে। বামফ্রন্টের আমলে কোনো পরিচর্যা না করার জন্য তার পরিকাঠামো নষ্ট হয়ে গেছে এবং কোনো স্টাফ নেই। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে গদামথুরা স্বাস্থ্য কেন্দ্র যেখানে ছ-টি অঞ্চলে প্রায় লক্ষাধিক মানুষ এখান থেকে পরিষেবা গ্রহণ করে, সেখানে প্রতিদিন আউট ডোরে ২৫০ থেকে ৩০০ জন রোগী আসেন এবং ইন্ডোরে ১৫ থেকে ২০ জন প্রতিনিয়তই ভর্তি থেকে থাকেন। কিন্তু এখানে সরকারী নিয়ম অনুপাতে এর আগে ১০ বেড রয়েছে। যেহেতু এখানে অনেক বেশি পরিষেবা দিতে হয় সেহেতু এই ১০ বেড থেকে যাতে ২০ বেডে উন্নীত করা যায় এবং পরিকাঠামোর উন্নয়ন সংগঠিত হয় তার জন্য আবেদন জানাই। ধন্যবাদ।

শ্রীমতী ছায়া দোলুই : (নট প্রেজেন্ট)।

শ্রী নিরাপদ সর্দার : (নট প্রেজেন্ট)।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে চাই—১৪৩ ডায়মন্ডহারবার বিধানসভার অধীন বুড়োর হাট থেকে দুর্গাপুর ও.এন.জি.সি. পর্যন্ত একটা ৫ কিলোমিটার রাস্তা প্রায় ২২ বছর আগে জেলা পরিষদের আর্থিক সহায়তায় নির্মিত হয়েছিল। সেই রাস্তায় বর্তমানে পিচ বলে কিছু নেই, সমস্ত খোয়া উঠে গেছে, কোথাও কোথাও এক ফুট, কোথাও দেড় ফুট, কোথাও দু-ফুট গর্ত হয়ে গেছে। মানুষ চলাচল করা যাচ্ছে না, কোনো গাড়ি চলছে না, মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে। সেই কারণে মাননীয়া ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে বিশেষভাবে অনুরোধ এই রাস্তাটাকে অবিলম্বে মেরামত করা হোক। ধন্যবাদ।

শ্রী খগেন মুর্মু : (নট প্রেজেন্ট)।

শ্রী অনন্তদেব অধিকারী : (নট প্রেজেন্ট)।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সেচ দপ্তর-সহ বিভাগীয় মন্ত্রীর কাছে আমার নিবেদন রাখতে চাই, কিন্তু বিষয়টি দীর্ঘদিন ধরে যে, পশ্চিমবাংলার নদীগুলো এবং নদীর সঙ্গে যুক্ত সমস্ত জলাশয়, যে জলাশয়গুলো গত প্রায় তিন দশক ধরে এর সংস্কারের জন্যে রক্ষণাবেক্ষণের জন্যে, এর পাড়গুলো বাঁধানোর জন্যে, যে সব থেকে যারা বেশি কষ্টে আছে সে হচ্ছে বাংলার কৃষককূল। তাই আমাদের রাজ্যের যারা এ বিষয়ে পণ্ডিতজন তারা সকলে মিলে বিশেষ আর্জি নিয়ে তারা বাংলার মা-মাটি-মানুষের সরকার এবং সরকারের নেত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই জলাশয়গুলো একেবারে ইছামতী থেকে ভাগীরথী—সমস্ত নদীগুলো এই নদীর যে বক্ষ এবং নদীর পাড়—এর সঙ্গে নদীর জলের সঙ্গে চাষীদের যে যোগ এটা একটা ভারসাম্য হারিয়ে ফেলেছে তিন দশক ধরে। তার জন্যে আমরা দেখেছি যে, ভারী বর্ষাতে প্লাবন হয় এবং সমস্ত কৃষিক্ষেত্র ভেসে যায়। তাই আমি বলতে চাই এই হাউজকে যে, এই যে আমাদের Research and Development এই Institute-কে আবার এটাকে জাগিয়ে তোলা, এর কার্যক্রম শুরু করা এবং বাংলার নদী-নালা এবং জলাশয়গুলোর অবস্থা নির্ণয়ের জন্যে যে বিজ্ঞানভিত্তিক যে Research Institute আমাদের আছে তাকে কাজে লাগিয়ে অবিলম্বে এই নদীগুলোর সংস্কার এবং পাড় বাঁধানো এবং কৃষককুলকে রক্ষা করার আমি আবেদন জানাই এই House-র মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে।

শ্রী আব্দুর রহিম বক্সী : (নট প্রেজেন্ট)।

শ্রী নগেন্দ্র নাথ রায় : (নট প্রেজেন্ট)।

শ্রী নেপাল মাহাত : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় PWD Minister-এর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, দীর্ঘদিন ধরেই আমার বিধানসভা area-র যে ঝালদা পৌরসভা, সেই ঝালদা পৌরসভার মধ্যে যে পুরুলিয়া রাঁচী রোড গেছে, সেই রাস্তাটা খুব জাম হয় এবং এই নিয়ে আমরা দীর্ঘদিন ধরে ওই ঝালদা পৌরসভার যে townটা সেটা বাইপাস রাস্তা করার জন্য দাবি জানিয়ে আসছি। মাঝে PWD Roads সেখানে একবার সরেজমিনে তদন্ত করেছিল, কিন্তু সেটা দীর্ঘদিন থেকে হয়নি। আমি ম্যাডাম, আপনার মাধ্যমে বলতে চাই, এই রাস্তাটি খুব গুরুত্বপূর্ণ রাস্তা। কারণ দুটো রাজ্যের ঝাড়খন্ড এবং পশ্চিমবঙ্গের যোগাযোগের রাস্তা যেখানে চাষমোড় থেকে তুলিন সেই রাস্তাটা all ready আপনার PWD দপ্তর থেকে CRF Fund থেকে সেটা পাঠানো হয়েছে sanction করার জন্য ওটাকে ভালো করে চওড়া করার জন্য। এর মাঝে এই bypassটা না করে দিলে পুরো কাজটা একটু অসুবিধা হতে পারে। তো আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী বসে আছেন তাঁকে আমি বিশেষভাবে অনুরোধ করতে চাই এই bypass-টা খুব জরুরি কারণ এটা খুব গুরুত্বপূর্ণ রাস্তা ঝালদা শহরটাকে Bypass করার জায়গাও আছে, Railway-রও জায়গা আছে, public-রও জায়গা আছে। আপনার বিভাগ যদি সেই বিষয়টাকে একটু দেখেন বা তাড়াতাড়ি করার ব্যবস্থা করেন তাহলে খুবই ভাল হবে

ওই এলাকার মানুষের। এই অনুরোধ করে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে গোটা বিষয়টি খুব গুরুত্ব সহকারে দেখার অনুরোধ জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয়া Deputy Speaker, আপনার মাধ্যমে আমি PWD Minister-এর দৃষ্টি আকর্ষণ করছি। প্রশ্নোত্তর পর্বের সময় মুর্শিদাবাদ জেলার গুরুত্ব সম্বন্ধে কিছু আলোচিত হয়েছে। আপনি জানেন যে, মুর্শিদাবাদ জেলা একটা ঐতিহাসিক জেলা। ইতিহাসের বহু ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে মুর্শিদাবাদ চলেছে, এককালে মুর্শিদাবাদ ছিল বাংলা-বিহার-ওড়িশার রাজধানী, প্রথম টাঁকশাল ছিল ওখানে। এখন সেখানে tourist যারা যান বৎসরে প্রায় ১৫ লক্ষ, মুশকিল হচ্ছে যে, সেখানে ভাগীরথীর উভয় তীরে এই সমস্ত ঐতিহাসিক স্মৃতিচিহ্নগুলো আছে। এক পাড়ে সিরাজের কবর, আলিবর্দীর কবর। আর একদিকে মুর্শিদকুলী খাঁর কবর, দুই পাড় জুড়ে বিভিন্ন স্মৃতিচিহ্ন, রাণী ভবানীর মন্দির, এই দু-পাড়ে থাকার দরুন যারা যায় সেখানে কোনো bridge নেই। যদি ওখানে একটা ব্রীজ করা যায়, লালবাগ-হাজারদুয়ারীর সামনে তাহলে মানুষের পক্ষে যারা ভ্রমণ করতে যান tourist তাদের পক্ষে দুপাড়েই যাওয়া সম্ভব হবে। তা না হলে পরে ১৫ কিলোমিটার ৩০ কিলোমিটার ঘুরে তাদেরকে যেতে হয় এক পাড় থেকে আর পাড় পর্যন্ত। আমি আপনার মাধ্যমে মাননীয় পি ডবলিউ ডি মিনিস্টারের কাছে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, অনুরোধ করছি, যে এখানে অনতিবিলম্বে একটি ব্রীজ-এর ব্যবস্থা করা হয়, তাহলে লক্ষ লক্ষ যারা ট্যুরিস্ট তাদের পক্ষে অনেক সুবিধা হবে। ধন্যবাদ।

[12.30–12.40 p.m.]

শ্রী বিরাম মান্ডি : নট রেসপন্ডেড।

শ্রী উজ্জ্বল চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই, যে কুলটি কেন্দ্রের অন্তর্গত চিমাগুড়ি এলাকায় একটা বৈদ্যুতিক কারখানা রয়েছে বহু ধরনের, যার নাম হচ্ছে দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানী লিমিটেড। তারই অধীনে একটা ইউনিট রয়েছে চিমাগুড়ি ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট বা চিমাগুড়ি পাওয়ার সাপ্লাই কোম্পানী লিমিটেড। এর মালিকানা কিন্তু আসলে রয়েছে ইস্টার্ন কোল্ড ফিল্ডস লিমিটেড-এর। ১৯৯১ সালে এই কারখানাটি নির্মিত হয়। বিদ্যুৎ উৎপাদন শুরু করে। ই.সি.এল.-এর সাথে চুক্তি ছিল, যে সমস্ত বিদ্যুৎটা ই.সি.এল. কর্তৃপক্ষকে দিতে হবে। এবং তারপর যদি উদ্বৃত্ত বিদ্যুৎ হয়, সেই বিদ্যুৎ তখন আসানসোল মহকুমা শিল্পাঞ্চলে সেই বিদ্যুৎ সরবরাহ করা হবে। ২০ বছরের লীজ নেওয়া ছিল ই.সি.এল.-এর কাছ থেকে। এখন লীজ-এর সময়সীমা অতিক্রান্ত হওয়ার ফলে ই.সি.এল. কর্তৃপক্ষ টেণ্ডার করেছেন এবং টেণ্ডার করার ফলে এমন কিছু পয়েন্টস আছে যার জন্য ডি.পি.এস. কোম্পানী সেখানে কিন্তু পার্টিসিপেট করতে পারেনি। এখানে প্রায় ২০০রও বেশি স্থায়ী শ্রমিক এবং ১০০রও বেশি অস্থায়ী শ্রমিক কাজকর্ম করেন। ইতিমধ্যে ডি.পি.এস. কোম্পানী একটা নোটিশ জারি করেছেন, ভি.আর.এস. নেওয়ার জন্য। যার সময় ধার্য করা হয়েছে ১৮ই এপ্রিল, শেষদিন। এই সংক্রান্ত, এই ২০০ জন শ্রমিকের এবং অস্থায়ী শ্রমিক ১০০র কাছাকাছি তাদের কিন্তু

কর্মচ্যুতি ঘটবে। এলাকায় একটা বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। কারণ মালিকানার পরিবর্তন হতে পারে, যে কোনো প্রতিষ্ঠানই তার দায়িত্ব নিতে পারে। কিন্তু এই সমস্ত শ্রমিকেরা যাতে সেখানে কাজ না হারান তার জন্য মন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাব, সরকারের কাছে অনুরোধ করছি, যে বিশেষ গুরুত্ব দিয়ে যাতে বিষয়টি দেখা হয়। ধন্যবাদ।

শ্রী রাধাকান্ত মাইতি : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার ডেবরা বিধানসভা কেন্দ্রে বালিচক বলে একটি রেল স্টেশন আছে। এই রেল স্টেশনের উপর দিয়ে ডেবরা, সবং, ময়না, পিংলা, পটাশপুরের গাড়ি যাতায়াত করে। লেভেল ক্রসিং-এর উপর যখন গেট পড়ে যায়, স্বাভাবিক কারণে এত যানজট সৃষ্টি হয়, বহু গাড়ি দূরপাল্লার বাস, লরি, বিভিন্ন গাড়ি আটকে যায়। কখনো কখনো রোগীদের অ্যাম্বুলেন্সের গাড়ি আটকে যাওয়ার ফলে, বহু রোগীর জীবননাশের সম্ভাবনা আমরা দেখতে পেয়েছি। [***] তাই যাতে অবিলম্বে এই রেলওয়ে ওভারব্রীজটি তৈরী করে এই ৫/৬টি ব্লকের মানুষের যাতায়াতের সুবিধা হয় তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : রাধাকান্তবাবু আমি একটা কথা বলছি, সেটা হচ্ছে, রেলটা হচ্ছে সেন্ট্রালের দপ্তর। আপনি এখানে উল্লেখ করেছেন, ঠিক আছে, কিন্তু রেলের অংশটা এখানে যাবে না। কারণ যেহেতু এটা সেন্ট্রালের ব্যাপারে, আপনি যানজটের কথা বলতে পারেন, পূর্ত দপ্তরের কথা বলতে পারেন, কিন্তু কোথায় ওভারব্রীজ হবে না হবে সেটা তো রেলের সঙ্গে সংশ্লিষ্ট, সেইজন্য এই বিষয়টি বাদ যাবে।

শ্রী মোহিত সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে স্বাস্থ্যদপ্তর এবং পূর্ব দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলা উত্তর দিনাজপুর জেলায় ইসলামপুরে তৎকালীন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সির উদ্যোগে ইসলামপুরে ট্রমা কেয়ার ইউনিট খোলার জন্য কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক একটি কেয়ার ইউনিট খোলার ঘোষণা করেছিলেন। ঘোষণার পরেই ৬২ লক্ষ টাকা প্রথম পর্বে অনুমোদিত করেছিলেন। কিন্তু দুঃখের বিষয়, তৎকালীন বামফ্রন্ট সরকার সেই কাজটি করেননি, প্রায় সাড়ে চার বছর আগের ঘটনা। এবং এই ট্রমা কেয়ার ইউনিট চালু হলে এই এলাকার মানুষ অত্যাধুনিক চিকিৎসার সুযোগ পেত। কিন্তু পূর্ত দপ্তরের উদাসীনতার জন্যে ওই এলাকার মানুষ এ থেকে বঞ্চিত হচ্ছে এবং আমার আশঙ্কা ওই অর্থটা হয়তো ফেরত চলে যাবে। এই কথা মুখ্য স্বাস্থ্য আধিকারিক আমাদের জেলায় বলেছেন। আমি প্রসঙ্গত বলি, কয়েকদিন আগে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ইসলামপুর হাসপাতালে গিয়েছিলেন। তখন পূর্ত আধিকারিক বলেছিলেন গতমাসে এটা হস্তান্তর করা হবে। কিন্তু দুঃখের বিষয়, আজও অবধি একইরকম পড়ে আছে। আমি অনুরোধ করব, সংশ্লিষ্ট পূর্ত দপ্তর এবং স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব বিষয়টি দেখার জন্য যাতে অতি সত্বর কাজটি হয় এবং টাকাটা যেন দিল্লিতে ফেরত না যায়। ধন্যবাদ।

(এই সময় বিরোধীদলের মাননীয় সদস্যরা হাউসে প্রবেশ করেন।)

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

শ্রী শঙ্কর দোলই : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘাটাল বিধানসভা এলাকায় ঘাটাল একটি বড় মহকুমা শহর। এখানে প্রায় ষাট হাজার মানুষ বসবাস করেন। এখানে একটিমাত্র উচ্চ বালিকা বিদ্যালয় আছে। সেটিও ৩৪ বছর আগে হয়েছে। অথচ ঘাটালের ইতিহাস যদি আমরা তাকিয়ে দেখি তাহলে দেখব স্বাধীনতার পরবর্তী সময়ে দ্বিতীয়বার ছাড়া ঘাটালের মানুষ ভয়ে হোক, ভীতিতে হোক, লজ্জায় হোক, ঘৃণায় হোক কিংবা অগণতান্ত্রিকভাবেই হোক বামপন্থীদের পাশে থেকেছে, আশীর্বাদ করেছে। কিন্তু দীর্ঘ ৩৪ বছর ঘাটালের মানুষ, ঘাটাল শহরের মানুষ বামপন্থীদের কাছে লাঞ্ছিত, বঞ্চিত, অবহেলিত। তাই সেখানে দ্বিতীয় কোনো উচ্চ বালিকা বিদ্যালয় তারা তৈরি করেনি। মা-মাটি-মানুষের সরকার তৈরি হয়েছে। চরম আর্থিক সঙ্কট সত্ত্বেও মা-মাটি-মানুষের সরকার মানুষকে দিশা দেখাচ্ছে। তাই আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যাতে ঘাটাল মহকুমা শহরে যেখানে ৬০,০০০ মানুষ বাস করেন সেখানে যাতে আরো একটি উচ্চ বালিকা বিদ্যালয় স্থাপন করা যায় তার অনুরোধ জানিয়ে আমি শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী রফিকুর রহমান : সম্মানীয়া উপাধ্যক্ষা মহাশয়ার মাধ্যমে বাংলার একটি জ্বলন্ত সমস্যা আমি এই সভায় তুলে ধরতে চাইছি। যে সমস্যা ৩৪ বছর ধরে বামপন্থীরা অতি যত্নে বড় করেছেন। সেই সমস্যা হল, নার্সিং হোমের নাম করে, সেবার নামে বাংলার গরীব মানুষকে তিলে তিলে শোষণ। বিশেষ করে কলকাতা এবং তার আশেপাশের বড় নার্সিং হোমগুলি। একটি ছোট্ট উদাহরণ আমি দেব যে সমস্যার সঙ্গে আমি মাঝে মাঝেই সম্মুখীন হই। মানুষের সঙ্গে থাকতে গিয়ে এটা আমাকে করতে হয়। গত ২২ তারিখ রাত্রি সাড়ে বারোটায় শ্রীদাম ঘোষ, ২২ বছরের কৃষি শ্রমিক সাপে কেটে 'দিশান' নার্সিং হোমে ভর্তি হয় এবং ২৪ তারিখ সাড়ে বারোটায় তার মৃত্যু হয়। অত্যন্ত গরীব মানুষ। ডেড বডি আনতে গেলে বলা হয় এক লক্ষ তেরো হাজার টাকা বিল হয়েছে। মৃতের বাবা আমাকে ফোন করে বলে যে আমার একমাত্র ছেলে যে রোজগার করত, সে আজ চলে গেল সাপের কামড়ে। নার্সিং হোমে দিয়েছিলাম, সেখানে এক লক্ষ তেরো হাজার টাকা চাইছে—তোমরা পারো কি দ্যাখো। আমি অনেক কষ্টে ৫০ হাজার টাকা জোগাড় করেছি। আমি নার্সিং হোমকে ফোন করেছিলাম। নার্সিং হোম বলল, না আমাদের কোনো ব্যবস্থা নেই। আমাদের ম্যানেজমেন্ট কখনো বলে বোম্বে, কখনো বলে দিল্লি, ম্যানেজমেন্টের অর্ডার পাওয়া যায় না। পরবর্তীকালে তিনদিন সেই ডেড বডি সেই নার্সিং হোমে পড়ে থাকার পরে তার ভিটের একটা অংশ বন্ধক দিয়ে বাকি ৫০ হাজার টাকা দিয়ে সেই ডেড বডি নিয়ে এসে তার শেষকৃত্য সম্পন্ন করা হয়েছে। আমি রাজ্যের সরকারের কাছে, মা-মাটি-মানুষের সরকারের কাছে বিনীতভাবে আবেদন করব যে শোষণের কালচার ৩৪ বছরে বামপন্থীরা বাংলায় সৃষ্টি করে গেছে সেটা বন্ধ করার জন্য একটা আইন প্রণয়ন করা হোক। অন্তত গরীব মানুষের জন্য একটা নির্দিষ্ট শতাংশ ছাড়ের ব্যবস্থা করা হোক এই দাবি, ...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

[12.40–12.50 p.m.]

ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়ার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানাতে চাইছি, আমি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের কোর্ট এবং এগজিকিউটিভ কাউন্সিলের সদস্যরূপে যতটুকু জেনেছি, বুঝেছি এবং পশ্চিমবঙ্গের বুকে এগ্রিকালচার কলেজের যে চাহিদা অনুভব করেছি, অনুধাবন করেছি এবং তার মাধ্যমে আমি জানতে চাই। আমরা তো কৃষিনির্ভর দেশে বসবাস করি। একটি দল বহুদিন ধরে বলে আসছে কৃষি আমাদের ভিত, শিল্প আমাদের ভবিষ্যৎ। কিন্তু বিগত ৩৪ বছরে লক্ষ্য করা গেছে তারা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের যে অ্যাক্ট আছে, সেই অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করে কোনো কৃষি কলেজ তৈরীর কোনো ভূমিকা গ্রহণ করেনি। যদিও বিশ্ববিদ্যালয়টি ইউনিটারি, সেই বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনীয় অ্যামেন্ডমেন্ট এনে তাকে কলেজ এস্টাবলিশ করার, প্রতিষ্ঠানে পরিণত করা যেত। একে এফিলিয়েটিভ করতে হবে। আপনারা জানেন ইতিমধ্যে বাঁকুড়ায় শুশুনিয়া কলেজ তৈরী করার জন্যে, এগ্রিকালচার কলেজ তৈরী করার জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে, পরিকাঠামো তৈরী হয়েছে। আমাদের কাছে দরখাস্ত এসেছে। আমরা তা বিবেচনা করার জন্য চেষ্টা করেছি। আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে এটা আবেদন করতে চাই,.... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কোচবিহার এক নম্বর ব্লকের ধলুয়াবাড়িতে রাজ আমলের একটা শিব মন্দির রয়েছে, সিদ্ধিনাথ শিব মন্দির। এই মন্দিরটি ১৭৫৭ সালে স্থাপিত হয়েছিল। কিন্তু আজ থেকে প্রায় ৬০ বছর আগে ভূমিকম্পে এই মন্দিরটা পশ্চিমদিকে হেলে যায়। এই মন্দিরের সাথে রাজ আমলের অনেক স্মৃতি জড়িয়ে রয়েছে। এর উচ্চতা ৯ মিটার এবং নানারকম কারুকার্যে এই মন্দির সুসজ্জিত। এই মন্দিরের রক্ষণাবেক্ষণ এবং এই মন্দির সংস্কার করা দরকার, যাতে এই মন্দিরে জনগণ যেতে পারে। সেখানে প্রতিদিন অনেক ধর্মপ্রাণ মানুষ যায়, এই মন্দিরের চারদিকে দেওয়াল নেই। এই মন্দিরটার সংস্কার করে, জলের ব্যবস্থা, লাইটের ব্যবস্থা করে রাজ আমলের এই মন্দিরটাকে বাঁচিয়ে রাখার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী বিনয়কৃষ্ণ বর্মন : সম্মানীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে দিয়ে আমি জনস্বাস্থ্য এবং কারিগরী দফতরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা মাথাভাঙা কোচবিহার জেলার অন্তর্গত। এখানকার ৮০ শতাংশের বেশি মানুষ ২৫ থেকে ৪০ ফুট গভীরতার জল পান করে। বিগত ৩৪ বছরের সরকার এই এলাকার মানুষের জন্য বিশুদ্ধ জলের কোনো ব্যবস্থা করতে পারেনি। এখানকার মানুষের এমন অবস্থা, অনেকের লোহার পাইপ কেনার ক্ষমতা নেই, প্লাস্টিকের পাইপ দিয়ে বা বাঁশের পাইপ দিয়ে জল তুলে তারা নিরুপায় হয়ে এই জল পান করে। আমরা সবাই জানি এই ২৫ থেকে ৪০ ফুটের গভীরতার যে জল, এই জলে যেমন প্রচুর পরিমাণে বিভিন্ন রোগ জীবাণু, ব্যাকটিরিয়া

থাকে, তাছাড়া শুধু আমার বিধানসভা নয়—কোচবিহার বা উত্তরবাংলা, এই এলাকায়, এই গভীরতার, জলে প্রচুর আয়রন আছে। নিরুপায় হয়ে মানুষ বছরের পর বছর এই জল পান করছে। এর ফলে শিশু থেকে মহিলা প্রত্যেকটা মানুষ, এক একটা রোগ তৈরী কারখানায় রূপান্তরিত হয়ে গিয়েছে। আমরা যদি হসপিটালগুলোকে সমীক্ষা করে দেখি, তাহলে দেখব ৯০ শতাংশ রোগ-ই এই জলবাহিত রোগের কারণে হচ্ছে। তাই আপনার মাধ্যম দিয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, যাতে এই এলাকায় জনস্বাস্থ্যের দিকে তাকিয়ে বিশুদ্ধ জলের ব্যবস্থা করা যায়, সেই আবেদনটা রেখে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটা হল, পশ্চিমবাংলায় দলিল লেখক বন্ধুগণ, জমি-জমা হস্তান্তর করে, রেজিস্ট্রি করে তাদের জীবন-জীবিকা নির্বাহ করে থাকেন। এই দলিল লেখার লাইসেন্স পেতে হলে সরকারের কাছে বন্ড দিতে হয় যে, আমরা অন্য কোনো প্রফেশানের সঙ্গে যুক্ত নই। এই বন্ড-এর পর সরকার লাইসেন্স প্রদান করেন এবং তাকে অবলম্বন করে তারা জীবন-জীবিকা নির্বাহ করে থাকেন। সমান্তরালভাবে, পশ্চিমবঙ্গের বিচার ব্যবস্থা এবংআইন ব্যবস্থার সঙ্গে সংযুক্ত মুহুরি, তারা নিজেরা দলিল লিখে, উকিলের স্বাক্ষর করে তারাও দলিল সম্পাদন করতে পারেন, সেটাও বৈধ বলে গ্রাহ্য হয়। এই প্রবণতাটা এত বেশি বাড়ছে, যাতে দলিল লেখক বন্ধুগণ তাদের জীবন-জীবিকার ক্ষেত্রে, তাদের লাইসেন্স অবলম্বন করে বাঁচার ক্ষেত্রে তারা খুবই অসুবিধার সম্মুখিত হচ্ছেন। অথচ তারা অন্য কোনো প্রফেশনে যুক্ত হবে না এই মর্মেই চুক্তিপত্রে সই করতে হয়েছে। তাই আমি বলছি, এই বিচার ব্যবস্থার সঙ্গে সংযুক্ত মুহুরিরা দলিল সম্পাদন করে বৈধতা পাচ্ছেন। যার ফলে দলিল লেখকরা তাদের কর্মজীবনে একটা নিরাপত্তা হীনম্মন্যতায় ভুগছেন। এই সমস্যা সমাধানের জন্য মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : সেচমন্ত্রী একটু আগে ছিলেন, এখন চলে গেছেন। আমি আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমতা টু উদয়নারাণপুর এবং খানাকুলের বিস্তীর্ণ অংশ, বাগনান ওয়ানের কিছু অংশ, বর্তমানে বোরো চাষ সেখানে হয়েছে, জলের অভাবে শুকনো হয়ে যাচ্ছে। বন্যার সময় ওই এলাকাগুলো ডুবেছে, বন্যা প্লাবিত এলাকা, আবার বোরো চাষের সময় যদিও কিছুদিন আগে পর্যন্ত জল পাওয়া গিয়েছিল, এখন আর পাওয়া যাচ্ছে না। আমি গতকাল বিভাগীয় প্রধানদের সঙ্গে কথা বলেছি, বি.ডি.ও., এস.ডি.ও.দের সঙ্গেও কথা বলেছি। আজকে আপনার মাধ্যমে, মাননীয় সেচমন্ত্রীর কাছে জানাতে চাই যে, অবিলম্বে ডি.ভি.সি. কর্তৃপক্ষকে বলে, সেচের জলের ব্যবস্থা করে, যাতে বোরো চাষ বাঁচে তার ব্যবস্থা করতে হবে। নতুবা বন্যায় তাদের সব গেছে, আবার বোরো চাষ যদি না হয়, তাহলে এই এলাকায় অধিবাসীরা চরম বিপর্যয়ের মুখে পড়বে। আশা করি আপনার মাধ্যমে সংবাদ পেলে, সেচমন্ত্রী ব্যবস্থা নেবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ ম্যাডাম।

ZERO HOUR

Shri Tajmul Hossain : Not present.

Shri Upen Kisku : Not present.

Shri Nirapada Sarder : Not present.

শ্রী যোশেফ মুন্ডা : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, নাগরাকাটা বিধানসভার অন্তর্গত মাটিয়ালী ব্লকের, মেটেলি হতে ইন্দু পর্যন্ত আট কিলোমিটার রাস্তা অত্যন্ত বেহাল অবস্থা। দীর্ঘ ৩৪ বছরে জলপাইগুড়ির জেলার অধীনস্থ ওই রাস্তায়, কোনো আলোকপাত করা হয়নি। প্রত্যেকদিন প্রায় ৫০ থেকে ৬০টি যাত্রীবাহী গাড়ি, লরি, প্রায় তিন হাজার স্টুডেন্ট যাতায়াত করে এবং ছয়টি চা-বাগানের অ্যাম্বুলেন্স ওই রাস্তার মধ্যে দিয়ে যাতায়াত করে। আপনার মাধ্যমে বলতে চাই সংশ্লিষ্ট মন্ত্রীকে—এই রাস্তা যত দ্রুত সম্ভব করা যায়, তাহলে এই এলাকায় যাতায়াত করে যে সমস্ত মানুষ তারা উপকৃত হবেন, ধন্যবাদ।

[12.50-1.00 p.m.]

শ্রী শাহাজাহান চৌধুরী : (নট প্রেজেন্ট)

শ্রী অনন্তদেব অধিকারী : (নট প্রেজেন্ট)

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর একটা বিশেষ অর্ডারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই ডি.পি.আই. দপ্তর থেকে গত ১৭ই ফেব্রুয়ারী একটা নির্দেশনামা ইস্যু করা হয়েছিল, র‍্যাশানালাইজেশান অফ ভ্যাকেন্ট টিচিং পোস্ট, এই নামে এবং যার মধ্যে দিয়ে সেখানে বলা হয়েছে যে, ফুল টাইম টিচিং পোস্ট যেগুলো আছে সেখানে যদি কোনো পার্ট টাইম টিচিং পোস্ট থাকে তাহলে ফুল টাইম টিচিং পোস্টগুলোকে ফ্রিজ করে দেওয়া হচ্ছে এবং কোনো ফুল টাইম টিচিং পোস্টে অ্যাপয়েন্টমেন্ট হবে না। যেটা সরকার নিয়ম ছিল, একটি ফুল টাইম টিচিং পোস্টের বিনিময়ে তিনটি পার্ট টাইম টিচিং পোস্ট থাকবে। এখন যেটা করা হচ্ছে, একটা পার্ট টাইম টিচিং পোস্টও যদি থাকে তাহলে একটা ফুল টাইম টিচিং পোস্ট, সেটাকে ডিলিট করে দেওয়া হচ্ছে, ফ্রিজ করে দেওয়া হচ্ছে। এর ফলে কিন্তু টিচিং লার্নিং প্রসেসটা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে বলে আমার মনে হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এইরকম রীতি কিন্তু আগে কোনোদিনই বা এইরকম প্র্যাকটিস আগে কোনোদিনই ছিল না, এই বিষয়টা যাতে পুনর্বিবেচনা করা যায় সেই ব্যবস্থা আপনি করুন।

শ্রী চিরঞ্জিত চক্রবর্তী : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্তা মন্ত্রীকে কিছু বলতে চাইছি, ইটস অ্যান আইডিয়া। দু-দিন আগে আমাকে একজন ফোন করে বলল যে, তার মা-র পেসমেকার লাগবে। আর.জি.কর.-এ অপারেশানটা হবে। কিন্তু সে বুঝতে পারছে না পেসমেকারটা কিভাবে নেবে। ডাক্তারের থ্রু নিলে

পেসমেকার, দালালের কাছে পৌঁছাতে হচ্ছে এবং সেই দালাল ওকে যে দাম বলছে সেটা বিশ্বাসযোগ্য লাগছে না, ঠিক লাগছে না। তখন সে আমাকে ফোন করে জিজ্ঞাসা করে। ছেলেটি আমাদের মিউনিসিপ্যালিটিতে চাকুরি করে। আমি তখন সঞ্জয় মিত্রকে ফোন করি। ওনাকে জিজ্ঞাসা করি যে এর কোনো রাস্তা আছে, গভর্নমেন্টের এই রকম কোনো জায়গা আছে বা কোনো উইনডো আছে যেখান থেকে পেসমেকার কেনা যায় ? এটা ম্যানুফ্যাকচার্ড জিনিস, পৃথিবীর যে কোনো বহু কোম্পানী তৈরি করে, সেটা কেনা যেতে পারে। উনি বলেন, দুর্ভাগ্যবশত এই রকম কোনো ব্যবস্থা নেই। তাহলে পেসমেকারটা বাজার থেকেই কিনতে হবে এবং ওই প্রসেসেই কিনতে হবে এবং ডাক্তারের থ্রু দিয়েই কিনতে হবে দালালের হাত দিয়ে। আমার একটা সাজেশান হচ্ছে, এত বছর ধরে এত ঘটনা আমরা শুনছি, দালাল চক্রের এত গল্প শুনছি আমরা, এত জিনিস কাগজে পড়ছি, টেলিভিশনে দেখছি, এটা একটা সামান্য জিনিস যাতে ইনভেস্টমেন্টের কিছু নেই, আমাদের অর্থের অভাব আছে এই মুহূর্তে, কিন্তু আমরা ইচ্ছা করলে পারি একটা উইনডো করতে যেখান থেকে পেসমেকার গভর্নমেন্ট প্রাইসে দেবে, স্বাস্থ্য দপ্তর দিতে পারে এবং সেখান থেকে আমরা কিনতে পারি। এই সূত্রেই আমার আর একটা জিনিস মনে হয়েছে, আমার পাশের বাড়িতে একজনের কিডনি ট্রান্সপ্লানটেশান হয়েছিল। অবশ্য তিনি মারা গেছেন। যে ছেলেটি দিয়েছিল, ঘটনাচক্রে সে বেশ অসুস্থ এখন। আমার একটা জিনিস মনে হয়েছিল যে যদি এই রকম একটা কিডনি ব্যাঙ্ক গভর্নমেন্ট করতে পারে, স্বাস্থ্য দপ্তর একটা কিডনি ব্যাঙ্ক করেন, যেখানে ডোনার ইচ্ছা করলে জানাবে যে আমি আমার কিডনি দিতে চাই। এবং সেখান থেকে বায়ার ইচ্ছা করলে এসে প্রপার প্রাইসে নিগোসিয়েট করতে পারে এবং সেখান থেকে ঠিকমতো কিডনি পেতে পারে। এটা আমার একটা সাজেশান স্যার।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। দীর্ঘ কয়েক বছর ধরে স্থায়ী শিক্ষক এবং শিক্ষাকর্মীদের মতো যোগ্যতা এবং নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন আংশিক সময়ের আমাদের শিক্ষকরা। রাজ্যে দেড় লক্ষ শিক্ষাকর্মী রয়েছেন তারা আংশিক সময়ের জন্য আছেন, এন.এস.কে.-তে আছেন ১৮,০০০, পার্শ্ব শিক্ষক আছেন ৫৪ হাজার, শিক্ষাবন্ধু আছেন ৪২ হাজার, কলেজে আছেন ৮ হাজার। কিন্তু যোগ্যতার সঙ্গে কাজ করলেও দেখা যাচ্ছে 'সম কাজে সম বেতন' তারা পাচ্ছেন না। আমি বলতে চাইছি যাতে এরা সম কাজে সব বেতন পায় এবং স্থায়ীকরণ করা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

শ্রীমতী অসীমা পাত্র : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি ধনেখালি তপশীল জাতিভুক্ত এবং আমি যে এলাকা থেকে জিতেছি সেই এলাকায় সব থেকে বেশি তপশীলি জাতি এবং উপজাতির বাস। সেখানে একটা ব্লকে রুরাল হসপিটাল আছে। কিন্তু দীর্ঘদিন এই বাম জমানার অত্যাচারে বঞ্চিত হয়ে সেই হসপিটাল এখন ধুঁকছে। সেখানকার গরীব মানুষগুলো যখনই হসপিটালে ভর্তি হয়, সেই হসপিটাল থেকে হয় চুঁচুড়া, না হলে বর্ধমান, তা নাহলে কলকাতায় পৌঁছে দেয়। তারা বলে যে, যেতে হবে, তা নাহলে কোনো রোগী

ভালো হয় না। দীর্ঘদিনের বঞ্চিত জায়গা ধনেখালি, সেই জায়গার মানুষরা বিশেষ করে স্বাস্থ্যের দিকে তারা যাতে উন্নত হতে পারে, সেই হসপিটালটা রুরাল হসপিটাল, তার মানে এটা একটা বড় হসপিটাল, সেই হসপিটাল বঞ্চিত হয়ে আছে, এই হসপিটালটা যাতে উন্নত করা হয় এবং গ্রামের মানুষরা তপশীলি জাতি এবং উপজাতি মানুষরা, দরিদ্র মানুষরা সেবা পায়, সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীকে এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমরা পশ্চিমবঙ্গে বসবাস করি, সেটা কৃষিপ্রধান রাজ্য, ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ। কৃষক আত্মহত্যা বেড়ে গেছে। গত তিনদিনে তিনজন কৃষক আত্মহত্যা করেছে—মুর্শিদাবাদ জেলার বড়োয়া ব্লকের হিরণময় ঘোষ, বীরভূম জেলায় মহীশ্বর ব্লকে সতন গণাই এবং মালদা জেলায় নির্মল মণ্ডল। মোট ন-মাস সরকারের আমলে ৪৩ জন কৃষক আত্মহত্যা করল অদ্যবধি। আমরা অনেকে কৃষক ঘরের ছেলে। আর কিছু ব্যবসায়ী ঘরের ছেলে আছে, সেটা অন্য জীবিকা। এই কৃষকরা বাজার থেকে ঋণ নিয়ে ঋণ শোধ করতে পারেনি। ঋণ শোধ করতে না পেরে, অপমান, মহাজনদের অত্যাচার সহ্য করতে না পেরে তারা আত্মহত্যা করছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি আমাদের এই সভায় স্বীকার না করলেও, নিজে স্বীকার না করলেও কয়েকদিন আগে বর্ধমানে গিয়ে তিনি কৃষকদের এই পরামর্শ দিয়েছেন যে মহাজনদের কাছ থেকে ঋণ না নিতে। অতএব তিনি এটা অনুভব করেছেন যে মহাজনদের কাছ থেকে ঋণ নিয়ে তা শোধ করতে না পেরে কৃষকরা আত্মহত্যা করছে। যে কৃষকরা আত্মহত্যা করেছে, সেই কৃষক পরিবারগুলোকে সাহায্য করার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ তা না হলে এই পরিবারগুলো শেষ হয়ে যাবে। ধন্যবাদ।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি ভারপ্রাপ্ত আবাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের মেটিয়াবুরুজ এলাকায় আখরাফটক নামে একটি এলাকা আছে। সেখানে আপনারা জানেন এখানে একটা বড় ব্রিকফিল্ড আছে। তার নাম হচ্ছে আখরাফটক ব্রিকফিল্ড। সেই এলাকাটিতে ব্রিটিশ আমল থেকেই জনবসতি গড়ে উঠেছিল। সেই এলাকাটা এখন অনেক ঘনবসতি হয়ে গেছে। এখনও পর্যন্ত সেখানে পানীয় জল, রাস্তাঘাট, স্নান করার ঘাট ইত্যাদি ব্যবহারের উপযুক্ত নয়। মানুষ ঠিকমতো চলাচল করতে পারছে না। আজ পর্যন্ত কোনো রকম সুব্যবস্থা করে দেওয়া হয়নি। এই জন্য আমি মাননীয় আবাসন মন্ত্রীকে অনুরোধ করছি। আপনি এই মানুষের কষ্টগুলো দূর করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডামকে আমি প্রথমেই ধন্যবাদ জানিয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী, অর্থমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১ লক্ষ ৬০ হাজার এম.এস.কে., এস.এস.কে. কর্মী আছেন। আমাদের একজন সদস্য উত্থাপন করেছেন।

গতকাল মাননীয় অর্থমন্ত্রীর বক্তৃতা আমরা ভালোভাবেই শুনেছি, মনোযোগ দিয়ে শুনেছি, রাজ্যবাসীও শুনেছেন। তারা হতাশ হয়েছেন যে এদের সম্পর্কে কিছু বলা নেই। এদের স্থায়ীকরণ, এতের ভাতা, যারা মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে আছেন, মাদ্রাসাতে আছেন, এই সব মিলিয়ে সংখ্যাটা প্রায় ১ লক্ষ ৬০ হাজার।

[1.00–1.12 p.m.]

শিশু শ্রমিক বিদ্যালয়—এখানে মাননীয় শ্রমমন্ত্রীও আছেন, শিশু শ্রমিক বিদ্যালয় আমার এলাকাতেও আছে এবং রাজ্যের বিভিন্ন জায়গায় আছে। তাদের সম্পর্কে বলা নেই যে, যাঁরা ওখানে ইন্সপেক্টাররা আছেন তাদের যাতে ভাতা বৃদ্ধি হয়। ২০ লক্ষ ছেলেমেয়ে পড়াশোনা করে এই মাধ্যমিক শিক্ষাকেন্দ্র বা শিশু শিক্ষাকেন্দ্রগুলিতে। শিক্ষার প্রসার—এই সরকারেরও উদ্দেশ্য আছে, মা-মাটি-মানুষের সরকারও বলছেন যে, সকলের কাছে শিক্ষা পৌঁছানো প্রয়োজন। তাই আমি বলব যে, শিক্ষার স্বার্থে এদের জন্য যাতে ভাতা, বেতনক্রম এবং স্থায়ীকরণের যে বিষয় আছে সেটা দেখা হয়। এছাড়া কলেজগুলিতে উচ্চশিক্ষার ক্ষেত্রে অধ্যাপক-অধ্যাপিকারা আছেন, আংশিক সময়ে তারাও বলেছেন, বার বার শিক্ষামন্ত্রীর দ্বারস্থ হয়েছেন, আমি তাদের জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী, অর্থমন্ত্রী এবং বাকি বিভাগীয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়াও বিদ্যুৎ পরিস্থিতি খুবই খারাপ। বেহাল অবস্থা আমার এলাকা, কেশপুরে। ১৪ থেকে ১৬ ঘণ্টা বিদ্যুৎ নেই। পাম্প দিয়ে যে জল তোলা হয় সেগুলির খুবই খারাপ অবস্থা। প্রায় সাত লক্ষ, আট লক্ষ যে ছেলেমেয়ে পরীক্ষার্থী আছে গোটা রাজ্যে, এই বিষয়টিও যাতে মাননীয় বিদ্যুৎমন্ত্রী দেখেন তাই, আপনার মাধ্যমে ম্যাডাম দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ করছি এবং দাবি জানাচ্ছি।

শ্রীমতী দীপালি সাহা : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি বাঁকুড়া জেলার সোনামুখী বিধানসভার বিধায়ক। আমি যেটা বলতে চাই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে যে, আমার দশটা অঞ্চলের মধ্যে পাঁচটি অঞ্চল বর্ষার জলে জলমগ্ন হয়ে যায় এবং একটি সেতু আছে সেটা ডুবে যায়। তাই আমার অনুরোধ যাতে এই সেতুটির বিষয়ে ব্যবস্থা নেওয়া হয় যাতে সেতুটি ডুবে না যায়। এর জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর তাড়াতাড়ি ব্যবস্থা নেওয়া হয়। নমস্কার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়া, আমি কোনো বিশেষ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য বলছি না, আমি হাউজের সকলের দৃষ্টি আকর্ষণ করার জন্য বলছি যে, ম্যাডাম ভালো গান করেন। গানের একটা লাইন—''পৃথিবী বদলে গেছে তাতে কি নতুন লাগে'', কিন্তু কলকাতা বদলে যাচ্ছে। মেয়র সাহেব এইমাত্র এসেছেন, যদিও ওনার মাতৃবিয়োগ হয়েছে তাও তিনি হাউজে আসছেন, ধন্যবাদ। ওনার উপস্থিতিতেই বলছি যে, কলকাতা যে আস্তে আস্তে পালটে যাচ্ছে, আমাদের মুখ্যমন্ত্রীর মুখ্যমন্ত্রী হওয়ার আগেই বলেছিলেন যে, কলকাতা কেন লন্ডন হবে না ? বেসিক্যালি কলকাতা তো কোনোদিন লন্ডন হবে না, কলকাতার কলকাতা নামটাই থাকবে এবং লন্ডনের লন্ডন নামটাই থাকবে।

কলকাতাকে সেই পর্যায়ে নিয়ে যাওয়ার যে প্রচেষ্টা, সেই আন্তর্জাতিক শহর হিসাবে তার গ্ল্যামার, তার সবকিছু ঐতিহ্যকে দেখে তার জন্য যে প্রচেষ্টা শুরু হয়েছে সেটা নিশ্চিতভাবেই আপনারা লক্ষ্য করছেন। গঙ্গার পার—টেমস নদীর পারে যেভাবে সাজানো-গোছানো আছে কলকাতার গঙ্গার ধার সেটা ছিল না। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় নিজে উদ্বোধন করেছিলেন এবং ১৬ কি.মি. রাস্তা এই গঙ্গার পার ধরে সৌন্দর্যায়ন হচ্ছে। আপনি লক্ষ্য করবেন যে, কলকাতার বাসস্ট্যান্ডের চেহারাগুলো পালটে যাচ্ছে। আগে সিমেন্টের একটা করে বাসস্ট্যান্ড হত, আস্তে আস্তে ভেঙে পড়ে যেত। এখন প্রত্যেকটি বাসস্ট্যান্ডে লক্ষ্য করবেন জাতীয় নেতাদের—কবিগুরু রবীন্দ্রনাথের ছবি, নজরুলের ছবি যেটা ওনারা চেষ্টা করেছিলেন আমাদের ঐতিহ্যকে ভুলিয়ে দিতে, একটা জাতি তার নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ভুলে যাক—সেটা চেয়েছিলেন, সেই সংস্কৃতিকে ফিরিয়ে আনার জন্য আবার নতুন করে সারা কলকাতা জুড়ে এই রকম বাসস্ট্যান্ড। সন্ধেবেলা বেরোলে যে কোনো মানুষ মনে করবে যে, এটা কি পুরনো কলকাতা ? এটা একটা নতুন কলকাতা। অদ্ভুত সুন্দর আলো দিয়ে কলকাতা সাজছে আস্তে আস্তে। আপনি লক্ষ্য করবেন যে, ইভেন পে অ্যান্ড ইউজ টয়লেটগুলো পর্যন্ত তার গায়ে যে কারুকার্যগুলো হচ্ছে এখন, আগেকার ইভেন পে অ্যান্ড ইউজ টয়লেটগুলো দেখুন। এখন দেখবেন একটা অদ্ভুত সুন্দরভাবে পে অ্যান্ড ইউজ টয়লেটগুলো করা হচ্ছে। কিছুই না, এগুলি হচ্ছে দৃষ্টিভঙ্গির ব্যাপার। একটা শহরকে যদি ইচ্ছা করা যায়—রাস্তার মধ্যে দিয়ে একটা ডিভাইডার তৈরী হয়েছে তার মধ্যে গাছ লাগানো হয়েছে। প্রতিদিন সকালে মেয়রকে ধন্যবাদ। আমি নিজে গাছ-ভালোবাসা লোক, সুতরাং বিশেষ করে ধন্যবাদ। প্রত্যেক দিন গাছে জল দেওয়া হচ্ছে। সেই গাছগুলোতে সুন্দর ফুল ফুটছে। তবে দুঃখ আমার তেমনই, কলকাতার এমন লোক অনেক আছে যারা পানপরাগ খান, তার মধ্যে পিচও ফেলে দিচ্ছেন। এই সেন্স অব ডিসেন্সি নেই। অনেক জায়গায় দেখছিলাম বোর্ড লাগানো আছে পানের পিক্ ফেলবেন না। অর্থাৎ এই শহরকে পরিষ্কার রাখার ক্ষেত্রে আমাদের একটা রেসপন্সিবিলিটিও থাকা দরকার। কলকাতা আমাদের মনের শহর, প্রাণের শহর। এই শহরের চেহারার পরিবর্তন হচ্ছে। তাই মমতা বন্দ্যোপাধ্যায় যেটা বলেছিলেন, 'কলকাতা কেন লন্ডন হবে না', আমি বলতে চাই এই কথাই যে, সদিচ্ছা থাকলে, মিশন থাকলে, ভিশন থাকলে সব কিছুই করা যায়। যদি আন্তরিকতা থাকে সব কিছুই করা যায়। কলকাতা পাল্টাচ্ছে, কলকাতা আস্তে আস্তে আরো আকর্ষণীয় হচ্ছে।

শ্রী এস. এম. সাদি : ম্যাডামকে অসংখ্য ধন্যবাদ যে আমাকে একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়ে বলবার সুযোগ করে দিয়েছেন। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এই সময়কালে খুব একটা জটিলতা চলছে। একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৬টা পোস্ট UGC থেকে গ্রান্ট করা হয়। এক বছর আগে সিলেকশন কমিটি হয়। পরীক্ষা হয়েছে, প্যানেল হয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কর্মসমিতির যে সভা সেই সভাতে যিনি সরকারী প্রতিনিধি তিনি এই তলিকাটা অ্যাপ্রুভ করার ক্ষেত্রে আপত্তি জানিয়েছেন। মুশকিল হচ্ছে, আইন বিভাগ এবং সরকারের মধ্যে যে সমন্বয়, আমাদের রাজ্যের মাননীয় অ্যাডভোকেট জেনারেল তিনি সম্মতি

প্রদান করেছেন যে, না, এমপ্যানেল্ড যেটা রয়েছে, যেটা প্রস্তুত হয়ে গেছে সেটাকে কার্যকর করা যেতে পারে, আইনগতভাবে সেটা করা যেতে পারে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এমনিতেই কল্যাণী বিশ্ববিদ্যালয়ে প্রায় ১১৫টা পদ খালি রয়েছে। UGC-র নিয়ম অনুযায়ী ৩১শে মার্চের মধ্যে যদি এগুলো পূরণ না করা যায় তাহলে এই পদগুলোকে অবলুপ্ত হিসাবে ঘোষণা করা হবে। স্বভাবতই ওখানকার শিক্ষক-শিক্ষিকা, দলমত নির্বিশেষে কর্মবিরতি পালন করছেন। সামনে অসংখ্য ছাত্রছাত্রীর পরীক্ষা। সেমিস্টারের পরীক্ষা শুরু হবে ম্যাডাম। দ্বিতীয় এবং তৃতীয় সেমিস্টার জুন মাসে শুরু হবে। শিক্ষকরা কর্মবিরতি পালন করছেন। আমরা সবাই বলছি, শিক্ষার অগ্রগতি ঘটাতে হবে, আরো ঘটাতে হবে। তাই এখনই যদি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী এ ব্যাপারে হস্তক্ষেপ না করেন তাহলে আমাদের রাজ্যের এই কল্যাণী বিশ্ববিদ্যালয়, মূলত দুটো জেলাকে কেন্দ্র করে, খুব অসুবিধার মধ্যে পড়ে যাবে। পঠন-পাঠনেরও অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব, আজকে ২৯ তারিখ হয়ে গেল, ৩০, ৩১, ১—working hour কমে যাচ্ছে, সরকারী প্রতিনিধি আপত্তি করছেন, শিক্ষকরা কর্মবিরতি পালন করছেন, খুব গুরুত্বপূর্ণ বিষয়, অবিলম্বে, হস্তক্ষেপ করুন। ধন্যবাদ।

শ্রী মহম্মদ সোহরাব : ম্যাডাম ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে আমি গোটা হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ২৯শে মার্চ ভারতবর্ষের ইতিহাসে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে ভারতবর্ষের স্বাধীনতার সূর্য অস্তমিত হয়েছিল। আর, ১৮৫৭ সালের আজকে দিনে, ২৯শে মার্চ ব্যারাকপুরে মঙ্গল পাণ্ডে বিদ্রোহ ঘোষণা করে একাই অতি সকালে একজন ব্রিটিশ শাসককে গুলি দিয়ে এবং আরেকজনকে তলোয়ার দিয়ে হত্যা করেছিলেন। এবং তারপরেই সেই বিদ্রোহ, যাকে আমরা বলি ভারতবর্ষের প্রথম স্বাধীনতা সংগ্রাম, অনেকে বলেন 'সিপাই বিদ্রোহ', সেটা গোটা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছিল। সেই প্রথম শহীদ, মঙ্গল পাণ্ডের প্রতি আজকে শ্রদ্ধা জানানো উচিত বলে আমি আপনার মাধ্যমে গোটা হাউজের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম আমাদের বাঁকুড়া জেলা শিক্ষার দিক থেকে অনেকটা এগিয়ে গেছে। তাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি দাবি রাখছি। আমাদের বাঁকুড়া জেলার প্রতিটি ব্লকে আদর্শ বিদ্যালয়, মডেল স্কুল স্থাপন করার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ রাখছি। ধন্যবাদ।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : সম্মানীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমরা কিছুক্ষণ আগে এই হাউজে দুটো অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা শুনলাম। তার মধ্যে একটি 'পেসমেকার' সংক্রান্ত, মাননীয় সদস্য চিরঞ্জীব চক্রবর্তী বলেছেন এবং এটা আমাদের প্রায় দৈনন্দিন সমস্যা। এটা সমাধানের জন্য যদি স্বাস্থ্যমন্ত্রী উদ্যোগী হন, তাহলে আমরা সবাই কৃতজ্ঞ হব। আর একটি গুরুত্বপূর্ণ কথা শুনলাম শোভনদেব চট্টোপাধ্যায়ের কাছ থেকে। কালকাতাকে সুন্দর করা

হচ্ছে, সেই নিয়ে কিছু সংশোধনী। কিভাবে আরো একটু ভালো রাখতে পারি, সে কথাও তিনি বললেন। আমি কোলাঘাটের মানুষ। আমাদের গর্ব, আমাদের যে থার্মাল পাওয়ার আছে, যে থার্মাল পাওয়ার ১২৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে, যাতে আলোকিত হয় বিধানসভা ভবন থেকে আরম্ভ করে, হাইকোর্ট থেকে আরম্ভ করে সমস্ত প্রান্ত। সেই থার্মাল পাওয়ার তৈরি হওয়ার উদ্যোগ শুরু হয়েছিল আজ থেকে ৩০ বছর আগে। থার্মাল পাওয়ার তৈরি হতে হতে নানা এলাকার মানুষ কোলাঘাটে বসবাস করতে আসেন। তাদের প্রিয়জনেরা রূপনারায়ণ নদীর ধার দেখে আকৃষ্ট হন। এইভাবে আস্তে আস্তে গত ৩০ বছরে ওই এলাকার জনবসতি চারগুণ বেড়ে গেছে। ওই জায়গার আকর্ষণে বহু মানুষ নানা জায়গা থেকে এসেছেন, বাড়ি করেছেন। কিন্তু যে রাস্তাঘাটগুলো আছে, সেই রাস্তাঘাটগুলোর অবস্থা প্রায় একইরকমই রয়ে গেছে। রাস্তাঘাটগুলো চওড়া হচ্ছে না, পরিষ্কার হচ্ছে না, ভালো হচ্ছে না, আরো সুন্দর হচ্ছে না, বাইপাস রাস্তা তৈরি হচ্ছে না। এর ফলে ওই জনগোষ্ঠীর মধ্যে আস্তে আস্তে একটা বিপুল বিক্ষোভ তৈরি হচ্ছে। আরো যদি বেশি রাস্তা তৈরি না হয়, ভালো রাস্তা তৈরি না হয়, বাইপাস রাস্তা তৈরি না হয়, তাহলে আমরা যাতায়াত করব কেমন করে ? আমার মনে হয়েছে, এই বিষয়টার উপরে আপনার মাধ্যমে যদি পি.ডব্লিউ.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করি, তিনি যদি উদ্যোগী হন, তাহলে দু-একটা বাইপাস রাস্তা এবং মূল রাস্তাগুলিকে চওড়া করা, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার মধ্য দিয়ে সেগুলিকে উন্নত করা অত্যন্ত প্রয়োজন। আমি আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন বিরতি, আমরা ঠিক ২টোর সময় মিলিত হব।

[2.00–2.10 p.m.]

AFTER ADJOURNMENT

FINANCIAL

SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 2011-2012

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR SUPPLEMENTARY GRANTS OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2011-2012

DEMAND No. 3

Major Head : 2013 – Council of Ministers

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,23,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013 – Council of Ministers" during the current financial year.

DEMAND No. 4

Major Head : 3451 – Secretariat – Economic Services

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,43,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "3451 – Secretariat – Economic Services" during the current financial year.

DEMAND No. 5

Major Head : 2401 – Crop Husbandry

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 48,96,10,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2401 – Crop Husbandry" during the current financial year.

DEMAND No. 7

Major Heads : 2225 – Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes and 2251 – Secretariat – Social Services

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 289,42,65,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225 – Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes and 2251 – Secretariat – Social Services" during the current financial year.

DEMAND No. 8

Major Head : 6425 – Loans for Co-operation

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,99,80,,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "6425 – Loans for Co-operation" during the current financial year.

DEMAND No. 10

Major Head : 3456 – Civil Supplies

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,13,71,000 be granted for expenditure

under Demand No. 10, Major Head : "3456 – Civil Supplies" during the current financial year.

DEMAND No. 12

Major Heads : 3451 – Secretariat – Economic Services and 4575 – Capital Outlay on Other Special Areas Programme

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 90,48,10,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads : "3451 – Secretariat – Economic Services and. 4575 – Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 13

Major Head : 2202 – General Education

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 341,92,75,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2202 – General Education" during the current financial year.

DEMAND No. 14

Major Head : 2202 – General Education

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,19,46,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2202 – General Education" during the current financial year.

DEMAND No. 15

Major Heads : 2202 – General Education, 2204 – Sports and Youth Services, 2251 – Secretariat – Social Services and 4202 – Capital Outlay on Education, Sports, Art and Culture

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1038,39,66,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads : "2202 – General Education, 2204 – Sports and Youth Services, 2251 – Secretariat – Social Services and 4202 – Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year.

DEMAND No. 16

Major Head : 3435—Ecology & Environment

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,87,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "3435—Ecology & Environment" during the current financial year.

DEMAND No. 18

Major Heads : 2030—Stamps and Registration, 2052—Secretariat—General Services, 2071—Pensions and Other Retirement Benefits and 2075—Miscellaneous General Services

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1528,29,81,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2030—Stamps and Registration, 2052—Secretariat—General Services, 2071—Pensions and Other Retirement Benefits and 2075—Miscellaneous General Services" during the current financial year.

DEMAND No. 20

Major Heads : 2401—Crop Husbandry, 2405—Fisheries and 4405—Capital Outlay on Fisheries

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,67,29,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads : "2401—Crop Husbandry, 2405—Fisheries and 4405—Capital Outlay on Fisheries" during the current financial year.

DEMAND No. 21

Major Head : 6408—Loans for Food, Storage and Warehousing

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 64,92,50,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads : "6408—Loans for Food, Storage and Warehousing" during the current financial year.

DEMAND No. 24

Major Heads : 2211—Family Welfare and 4210—Capital Outlay on Medical and Public Health

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 159,50,86,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2211—Family Welfare and 4210—Capital Outlay on Medical and Public Health" during the current financial year.

DEMAND No. 25

Major Head : 3054—Roads and Bridges

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,18,34,000 be granted for expenditure under Demand No. 25, Major Head : "3054—Roads and Bridges" during the current financial year.

DEMAND No. 26

Major Head : 2551—Hill Areas

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,73,24,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2551—Hill Areas" during the current financial year.

DEMAND No. 27

Major Heads : 2015—Elections, 2055—Police, 2070—Other Administrative Services, 2575—Other Special Areas Programmes, 3454—Census, Surveys and Statistics, 4055—Capital Outlay on Police, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 430,74,32,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015—Elections, 2055—Police, 2070—Other Administrative Services, 2575—Other Special Areas Programmes, 3454—Census, Surveys and Statistics,

4055—Capital Outlay on Police, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 33

Major Heads : 2056—Jails and 4216—Capital Outlay on Housing

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,59,88,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : "2056—Jails and 4216—Capital Outlay on Housing" during the current financial year.

DEMAND No. 34

Major Heads : 2014—Administration of Justice, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,10,81,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014—Administration of Justice, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the current financial year.

DEMAND No. 35

Major Head : 4250—Capital Outlay on Other Social Services

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "4250—Capital Outlay on Other Social Services" during the current financial year.

DEMAND No. 38

Major Head : 2202—General Education

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 43,46,68,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2202—General Education" during the current financial year.

DEMAND No. 39

Major Head : 2217—Urban Development

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,83,00,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2217—Urban Development" during the current financial year.

DEMAND No. 40

Major Heads : 2235—Social Security and Welfare, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 708,55,00,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes" during the current financial year.

DEMAND No. 43

Major Head : 2801—Power

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 287,89,00,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2801—Power" during the current financial year.

DEMAND No. 45

Major Heads : 2215—Water Supply and Sanitation and 4215—Capital Outlay on Water Supply and Sanitation

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,79,24,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2215—Water Supply and Sanitation and 4215—Capital Outlay on Water Supply and Sanitation" during the current financial year.

DEMAND No. 47

Major Heads : 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services and 4059—Capital Outlay on Public Works

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 91,64,36,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

DEMAND No. 56

Major Head : 2235—Social Security and Welfare

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 167,54,29,000 be granted for expenditure under Demand No. 56, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year.

DEMAND No. 61

Major Head : 2052—Secretariat—General Services

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,00,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2052—Secretariat—General Services" during the current financial year.

DEMAND No. 62

Major Heads : 2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programme

Dr. Amit Mitra : On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 201,30,38,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি ২০১১-১২ অর্থবর্ষের জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, আমি সেটার বিরোধিতা করছি। আমি প্রথমেই যে বিষয়টা বলি, সেটা হচ্ছে ২০১১ অর্থবর্ষের বাজেট যখন বিধানসভাতে রাখা হয়েছিল গত বছর, তখনই আমরা এর বিরোধিতা করেছিলাম এবং বলেছিলাম যে এই বাজেট হল দারিদ্র্যের দর্শন। কিছু মনে করেন না, এটা মনে হয়েছিল সেই সময়, বলেছিলাম যে দারিদ্র্যের দর্শন—এটা জনগণের কোনো উপকারে আসবে না এবং বাস্তবে তাই দেখা গেছে এবং বিভিন্ন সময়ে আলোচনার মধ্য দিয়ে এই কথা বেরিয়ে এসেছে যে গতবারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে রেভিনিউ আদায় হবে বলেছিলেন, সেটা এইবারে আদায় করা যায়নি, সম্ভব হয়নি। মাননীয় অর্থমন্ত্রী অর্থনীতির উপরে পণ্ডিত ব্যক্তি, এটা আমরা সবাই মানি। তাঁর প্রজ্ঞা, তাঁর অভিজ্ঞতা, তাঁর বয়স—সমস্ত কিছুকে সম্মান জানালেও এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবিকে সম্মান জানাতে পারছি না, সমর্থন করতে পারছি না। অন্য সবটাকেই সমর্থন করছি। কিন্তু আপনার এই যে দাবি, যেটা করেছেন, তাকে আমরা সমর্থন করতে পারছি না। গতবারেও দেখেছিলেন, আমরা এইবারও দেখলাম যে মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্যে একটা অনুচ্চারিত—আমার মনে হয়েছে, পণ্ডিত ব্যক্তি, শিক্ষিত ব্যক্তি এবং দারুণভাবে আমরা সবাই তাঁকে মানি। কিন্তু একটা অনুচ্চারিত দম্ভ আমরা লক্ষ্য করেছি সেদিন। যেটা কিন্তু আমাদের কাছে খুব খারাপ লেগেছে। কালকে বক্তব্যের মধ্য দিয়ে দেখলাম, তিনি এমনভাবে, যে শারীরিক ভঙ্গিমাতে একজন নতুন সদস্যকে, আমাদের মতো নতুন সদস্যদেরকে যেভাবে তিনি সমালোচিত করেছেন, এর মধ্যে কিন্তু আমরা একটা দম্ভের বিষয় লক্ষ্য করেছি। আমরা মনে করি যে একজন শিক্ষিত ব্যক্তি এবং আমি বললাম তাঁর প্রজ্ঞা, তাঁর শিক্ষা, সবটাকে সমর্থন জানিয়েও বলছি যে এই অনুচ্চারিত এই দম্ভকে আমরা—তাঁর শারীরিক ভঙ্গিমা যেটা, যেভাবে আক্রমণ করেছেন, তাকে কিন্তু আমরা সমর্থন করতে পারছি না। স্যার, দার্শনিক দৃষ্টিভঙ্গিতে অনেক কিছু দেখতে পাওয়া গেলেও তার দর্শনের মধ্যে তিনি লিখেছেন এবং গ্রীক মাইথোলজির কথা তিনি উল্লেখ করেছেন। সেখানে আমরা উল্লেখ করেছিলাম আমাদের বক্তব্যের মধ্যে দিয়ে। এইবারের বাজেটে তিনি যে গ্রীক মাইথোলজির কথা উল্লেখ করেছিলেন সেখানে আমরাও কিছু গ্রীক দর্শনের কথা বলেছিলাম, গ্রীক মাইথোলজির কথা বলেছিলাম। উনি কিন্তু অদ্ভুতভাবে একটা কথা আমাদেরকে বললেন কালকের বক্তব্যের মধ্যে যে কার্ল মার্কস নাকি জার্মানির লোক। বেচারা মার্কস মারা গেলেও তাকে বারে বারে টেনে আনতে হচ্ছে বিভিন্ন জায়গায়। এখন আমাদের যেটা বলার কোন দর্শন, কোন ইতিহাস, কোন বিজ্ঞান, কোন সাহিত্য সেটা কোন সময় দেশ-কালের মধ্যে সীমাবদ্ধ থাকে না তা চিরকালই আন্তর্জাতিক। এই আন্তর্জাতিক দর্শন, সাহিত্য, ধর্ম, ইতিহাস সেগুলিকে আমরা আন্তর্জাতিকতাবাদের মধ্যে দিয়ে দেখি। তাই কার্ল মার্কস কোথাকার লোক ছিলেন, কি ব্যাপার ছিলেন সেই সমস্ত বিষয় এখানে আশা অনুচিত ছিল। মহাত্মা গান্ধীজির সম্বন্ধে অনেক কথাই বলা হয়। আমরা জানি সত্যাগ্রহের যে নীতি, সত্যাগ্রহের যে দর্শন, তা তিনি বিখ্যাত মার্কিন দার্শনিক ডেভিড থরোর কাছ থেকে পেয়েছিলেন। সেখান থেকে এই দর্শনের খানিকটা অংশ তিনি নিয়েছিলেন, তাঁর সত্যাগ্রহের দর্শনের নীতিকে, কই এই বিষয়

কখনো আসে না। আন্তর্জাতিকতা যে সমস্ত নীতির মধ্যে থাকে আমরা প্রত্যেকেই গ্রহণ করি। কিন্তু স্যার একটা কথা মনে হয়েছে উনি তো গান্ধীবাদী, উনি তো গান্ধীর দর্শন বিশ্বাস করেন। আমি জানি না করেন কি না ? আপনারা দিল্লির রাজঘাটে যখন যান, আমিও গিয়েছিলাম দেখবেন সেখানে গান্ধীজির রচনাবলী বিক্রি হয় না। তার মধ্যে একটা কথা এই কারণেই বলেছি, আক্রমণ তিনি করেছেন সেইজন্য আমি বলছি অন্য কোনওভাবে বিষয়টা না নিয়ে আমি যেটা ওনার কাছে বলতে চাইছি যে মহাত্মাগান্ধী তাঁর দর্শনে বলছেন হরিজন পত্রিকাতে—মন্ত্রীদের সংবেদনশীল হওয়া উচিত নয়। এমনকি ছিদ্রান্বেষী সমালোচনাকেও তারা ভালোভাবে নেবেন না। সমালোচকদের অন্যদের চেয়েও বেশি করে জনগণের এই নির্বাচিত সেবকদের কাছে সারল্য, সাহস, সততা এবং শ্রমের আশা করে। আবার তিনি একই জায়গাতে বলছেন নেতাদের কাছে সরকারের শাসনভার আছে। লক্ষ লক্ষ টাকা তাদের কাছে ব্যয় করার জন্য থাকে। তাদের সচেতন থাকতে হবে। তারা অবশ্যই বিনয়ী হবেন। জনগণ প্রায়ই মনে করেন যে তারা তাদের কথা রাখেন না। যা তারা করতে পারেন না তেমন কোনো প্রতিজ্ঞা করবেন না। একবার যদি প্রতিজ্ঞা করা হয় তাহলে যে কোনো মূল্যে তাকে রক্ষা করতে হবে। উনি প্রতিজ্ঞা করেছেন সাড়ে দশ লক্ষ মানুষের চাকরি হবে। আমরা আশা করব যে সাড়ে দশ লক্ষ মানুষ আগামী বছর তিনি যখন বাজেট বক্তৃতা দেবেন তখন আমরা আশা করব সেই সাড়ে দশ লক্ষ গ্রামীণ বেকার এবং কৃষিক্ষেত্রে সাড়ে সাত লক্ষ মানুষ যাতে চাকরি পায় সেটা নিশ্চয়ই তিনি আমাদেরকে দেখিয়ে দেবেন। আমরা তার একটা তালিকা পাওয়ার জন্য অপেক্ষা করে রইলাম আগামী বছরের জন্য। আমার এখানে যে বিষয়টা বলার আছে একধারে এই দরকার দাবি করছেন আমাদের তো মাত্র দশ মাস হল কিন্তু এই দশ মাসে মধ্যে আপনারা কি করে আশা করেন—(নয়েজ) এত বেশি বেশি ব্যয় বরাদ্দের দাবি আপনারা কিসের জন্য করছেন। বেশি বেশি ব্যয় বরাদ্দের দাবি করা নাকি আমাদের পক্ষে অন্যায়। আমি একটা বিষয় এর মধ্যেই আপনাকে বলি আমাদের যে ব্যয় বরাদ্দের দাবি যেটা আমাদের কাছে দেওয়া হয়, যেদিন উনি অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন, আমরা তো অনেকই নতুন। অর্থনৈতিক সমীক্ষা যে কুড়ি কেজির বই আমি কেজি দরেই বলছি কুড়ি কেজির বেশি হবে।

[2.10–2.20 p.m.]

সেই বইয়ের মধ্যে ১০ নম্বর নির্দেশিকা থাকে কিন্তু আমি বলব আগামী বছরে যখন বই দেবেন তখন যেন কোন ডিমান্ড নাম্বারের অধীনে কোন হেড অফ অ্যাকাউন্টস কোন মন্ত্রীর দপ্তরের মধ্যে রয়েছে সেটা যাতে আমরা পাই। তার কারণ এটা পেলে আমাদের পক্ষে সুবিধা হয়। কারণ এই ২০ কেজির বই থেকে গোটা জিনিসটা বার করে নেওয়া আপনি অর্থনীতির পণ্ডিত ব্যক্তি হতে পারেন, অন্যরা হতে পারেন কিন্তু আমরা সবাই নই, আমাদের পক্ষে এটা অসুবিধা হয়। তাই এটা পেলে খুবই ভাল হয়। তাই এই বিষয়টি বিবেচনার জন্য আমি আপনাদের কাছে রাখছি। এর মধ্যে বলি ডিমান্ড নাম্বার ৪ হেড অফ অ্যাকাউন্টস ৪৪৩৫—কেন সমর্থন করব ? কতজন চাষী মারা গেলেন এই সময়কালের মধ্যে ? আপনি

রেগুলেটারী মার্কেটের কথা বলেছেন, তার জন্য অর্থ দাবি করছেন। কেন সমর্থন করব ? অনাহারে চাষীরা মারা যাচ্ছে, জিনিসের দাম পাচ্ছে না, আপনি বলছেন যে এখানে অর্থ বরাদ্দ করুন। আমি মনে করি না যে অর্থ বরাদ্দের জন্য অর্থের পরিমাণ বরাদ্দ করার জন্য কোনো যুক্তি আছে আমি মনে করি না। ডিমান্ড নাম্বার ৯ হেড অফ অ্যাকাউন্টস ২০৪৯, এখানে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এই হেডে আছে। এখন কোন্ হেড আমি জানি না কিন্তু এই হেডে টাকা বরাদ্দ করা হচ্ছে বলা হচ্ছে আপনি বলছেন। কি কাজ করেছে এই ডিপার্টমেন্ট ? কটা নতুন কারখানা খুলেছে ? কোনো নতুন কারখানা খোলা আমরা দেখতে পাইনি। যেগুলো বামফ্রন্টের সময়কালে তৈরী করা হয়েছিল, সেগুলোকেই আপনারা নিজেদের বলে দাবি করছেন। কেমন করে বলব, কোন্ মুখে আপনারা অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি চাইছেন ? ম্যাট্রিক্স করেছেন ? ম্যাট্রিক্স আপনারা করেননি। মহাভারত কারখানা আপনারা করেছেন ? মহাভারত আপনারা করেননি, ট্র্যাক্টর ইন্ডিয়া লিমিটেড করেছেন ? করেননি, বিদ্যুৎ কারখানা করেছেন ? আপনারা করেননি। দুর্গাপুর, সাগরদীঘি করেননি আপনারা। কোন্ মুখে আপনারা এই সমস্ত দাবিগুলো করছেন ? ডিমান্ড নাম্বার ১৩, ২২০২ যা ২০১০-২০১১-'১২ সালে হয়েছে, এটা কি করেছেন এখানে ? শিক্ষার দপ্তর। আমি জানি না এটা কোন্ ডিপার্টমেন্টের মধ্যে রয়েছে ? জানি না, কিন্তু আমরা দেখলাম এবারে মাধ্যমিক পরীক্ষার সময় যে ভুলে ভরা প্রশ্নপত্র। বাঁশের গাছের ডগাতে উঠে মা টুকলি সাপ্লাই করছে এবং বিভিন্ন জায়গাতে আপনারা টোকাটুকি রাজ তৈরী করছেন। একটা সময় ছিল ১৯৭০-'৭২ সালে, তখন পশ্চিমবাংলার ছেলেমেয়েরা বাইরে চাকরী করতে গেলে বা কোথাও দরখাস্ত করলে বলা হত যে, 'তুমি কোন্ সময়ে পাস করেছ ?' সে যদি বলত '৭২ বা '৭৫, তাহলে বলা হত, যাও যাও তোমার হবে না, তোমার জন্য দরজা খোলা। তাকে দেখিয়ে দেওয়া হত দরজা। পেত না চাকরী। ডিমান্ড নাম্বার ১৮, ২০৭১—লেবার ডিপার্টমেন্ট, ওনাকে দেখলে কষ্ট হয়। বন্ধু লোক কিন্তু দেখলে কষ্ট হয়, মনে হয় আপনার রবীন্দ্রনাথ ঠাকুরের অনবরত বক্তব্য রাখছেন। রবীন্দ্রনাথ ঠাকুর আমার মনে হয় দেড়শো বছর আগে আপনাদের জন্য মনে হয় এই কবিতাটা লিখেছিলেন কিনা কে জানে। যে, 'অন্ধ কানাই পথের ধারে গান শুনিয়ে ভিক্ষা করে।' মনে হয় আপনাদের জন্য লিখেছিল যে, 'অন্ধ কানাই পথের ধারে গান শুনিয়ে ভিক্ষা করে।' যা দিয়েছেন, দিয়েছেন। এবারে আপনারা অতিরিক্ত ব্যয় বরাদ্দ করছেন। শ্রমিকরা খেতে পাচ্ছে না, রিটায়ার্ড শ্রমিকরা টাকা পাচ্ছে না। আমরা এখানে সমর্থন করতে পারছি না। আজকে দেখলাম যে ৪টা উত্তর যা ছিল, ৪টে স্পিনিং মিলের শ্রমিকরা এখনও পর্যন্ত বেতন পাচ্ছেন না। আজকে মাননীয় সদস্য এস.এম.সাদী—তিনি প্রশ্ন করেছিলেন, তার মধ্যে এই সমস্তগুলো রয়েছে। ডিমান্ড নাম্বার ১৯—ওই একই। সেখানে হচ্ছে ফায়ার ফাইটিং— আবার সেই রবীন্দ্রনাথ—'স্নানের ঘাটে জল ছিটিয়ে সাঁতার কাটে।' মনে হচ্ছে যেন, রবীন্দ্রনাথ আপনাদের জন্যই কবিতাটা লিখেছিলেন যে, 'অন্ধ কানাই পথের ধারে গান শুনিয়ে ভিক্ষা করে', 'জল ছিটিয়ে সাঁতার কাটে।' কি রকম সাঁতার কাটছে ? চারিদিকে আগুন। স্যার, আপনি যেদিন বাজেট পেশ করছিলেন তখন দেখলাম না যে জলমন্ত্রীকে— দমকলমন্ত্রীকে এখানে হাজির থাকতে। তিনি আগুন নেভাতে চলে গেছেন। কিসের জন্য ?

কেন আমরা সমর্থন করব ? যে এতগুলো টাকা আপনি গতবারে বরাদ্দ করেছেন, সেই টাকা কি খাতে খরচা হল, কেন খরচা হল, কিভাবে খরচা হল, যদি কম খরচ হল, তাহলে কেন কম খরচা হল, যদি বেশি দিতে হবে তাহলে কেন বেশি দিতে হবে এটা আপনাকে বলতে হবে। ডিমান্ড নাম্বার ২০, ২৪০৫—ফিসারিজ। 'লিখিব, পড়িব, মরিব দুঃখে। মৎস্য ধরিব খাইব সুখে।' মজা ? স্যার, নদীতে মাছ মারা যাচ্ছে, পুকুরেও মাছ মারা যাচ্ছে, বিভিন্ন জায়গাতে মাছ মারা যাচ্ছে। আর মাছ মারা যাওয়ার পরে এই হেডে অতিরিক্ত বরাদ্দ করার কি প্রয়োজন আছে ? ডিমান্ড নম্বর ২৪—২২১০ হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার বিভাগ। একে কেন সমর্থন করব ? সরকার ক্ষমতা নেওয়ার পরে হাসপাতালগুলোতে শিশু মৃত্যুর মিছিল চলছে। এই কয়েক দিন আগে এই দিক থেকে মেনশান হয়েছিল যে, শিশুর মৃতদেহ তার মাকে ফেরত দেওয়া গেল না। তাহলে এটা কেন সমর্থন করব ? হাসপাতালে ওষুধ নেই। বর্ধমানে কালকে কি হয়েছে আপনারা দেখেছেন, যে সাংবাদিকদের কেমনভাবে মারধর করা হল। তাহলে কিসের জন্য আবার টাকা চাইছেন ২০১১-২০১২-তে, কেন দেব ? ডিমান্ড নম্বর ২৪, ফ্যামিলি ওয়েলফেয়ার, কার ওয়েলফেয়ার ? ভাইপো-ভাইঝির ওয়েলফেয়ার ? কার ওয়েলফেয়ার, কিসের জন্য সমর্থন করব ? ডিমান্ড নম্বর ৩৫—৩০৫৪ হচ্ছে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট। এখানে আবার স্যার, রবীন্দ্রনাথ। ডিপার্টমেন্ট হচ্ছে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, ট্রান্সপোর্ট ইনফ্রাস্ট্রাকচার। 'গাড়ি চালায় বংশীবদন, সঙ্গে যে যায় ভাগ্নে মদন।' বিক্রম সিংহ টাকা পাচ্ছে না। বিক্রম সিংহ মারা গেল। বিভিন্ন জায়গায় মজুররা মারা যাচ্ছে। ডিমান্ড নম্বর ২৪—২২০৫। সরকার ক্ষমতায় আসার পরে পাঁচজন পুলিশের গুলিতে মারা গেল। অপ্রয়োজনীয়ভাবে বিভিন্ন কমিশন তৈরী করে টাকা খরচের কথা বলছেন, পুলিশ কুড়ুলের ঘা খাচ্ছে, ভাইপো পুলিশকে মেরে দিচ্ছে। নেত্রী পুলিশকে মারছে। আর তার জন্য টাকা ? কোনোমতেই সমর্থন করতে পারছি না। ডিমান্ড নম্বর ৩২—৪৭০১ ফ্লাড কন্ট্রোল। এখানেও সমর্থন করতে পারছি না। ডিমান্ড নম্বর ৪০—২২৩৫, লেবার। এখানেও আমরা সমর্থন করতে পারছি না। ২৫০৫ হেডে, রুরাল ডেভেলপমেন্ট। এখানেও সমর্থন করতে পারছি না। স্যার, আমি অনেক কিছু কথা বলেছি। আমি শুধু স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা বলব, ওনাকে সম্মান জানিয়ে আমি ব্রেখ্‌ট-এর একটি কবিতার বাংলা অনুবাদ বলছি, ওনার পাণ্ডিত্যকে শ্রদ্ধা জানিয়ে বলছি ব্রেখ্‌ট একটি কথা বলেছেন 'শিক্ষক সব সময় বলো না যে তুমিই সঠিক, বরং ছাত্ররাই বুঝুক সে কথা, সত্যকে খুব সরবে বলার দরকার নেই, ব্যাপারটা আদৌ ভালো নয়, বরং বলি মন....'। (এই সময় মাইক অফ হয়ে যায়)

17th Report of the Business Advisory Committee

Mr. Speaker: Hon'ble Member, before I call upon the next speaker, I beg to present the 17th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the following revised programme of business:

29.3.2012, Thursday :		Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2011-2012	3 hours
30.3.2012, Friday :	(i)	Discussion and Voting on Demands for Excess Expenditure of the Government of West Bengal for the years 2003-2004, 2004-005 and 2005-2006	$\frac{1}{2}$ hour
	(ii)	Government Resolution under rule 169 regarding inclusion of areas under Joka I and Joka II Gram Panchayats within the limits of Kolkata Municipal Corporation	$\frac{1}{2}$ hour
	(iii)	The West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Bill, 2012 **(Introduction, Consideration & Passing)**	$\frac{1}{2}$ hour
	(iv)	The West Bengal Appropriation Bill, 2012 **(Introduction, Consideration & Passing)**	$\frac{1}{2}$ hour
	(v)	The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012 **(Introduction, Consideration & Passing)**	$\frac{1}{2}$ hour
	(vi)	The West Bengal Finance Bill, 2012 **(Introduction, Consideration & Passing)**	$1\frac{1}{2}$ hour
	(vii)	The West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012 **(Introduction, Consideration & Passing)**	$1\frac{1}{2}$ hour

[2.20–2.30 p.m.]

Mr. Speaker : Now I would request the Minister-in-Charge of Parliamentary Affairs Department please to move the motion for acceptance.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির সপ্তদশ প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : Now I put to vote the motion moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it. The motion is adopted.

শ্রী জ্যোতির্ময় কর : মিঃ স্পীকার স্যার, আপনি বলতে বলছেন বটে, কিন্তু আমার মন ভালো নেই। কিছু লোক যদি এখানে গলায় দড়ি দিয়ে বসে থাকে তাহলে কি ভালো

লাগে ? স্যার, আমি গ্রামাঞ্চলের লোক, আমাদের পিতৃবিয়োগ বা মাতৃবিয়োগ হলে গলায় দড়ি লাগাতে হয়। আর এরা রাইটার্স বিয়োগের পর গলায় দড়ি লাগাতে শুরু করেছে। আপনার আদেশকে তো অমান্য করা যায় না, তাই বলতে হচ্ছে।

আমাদের বিত্তমন্ত্রী ডঃ অমিত মিত্রের প্রস্তাবিত সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপিত করছি। অর্থমন্ত্রী ২০১১-১২ আর্থিক বছরের জন্য মোট ১৬,৭৮৮ কোটি ৮৩ লক্ষ টাকা, যার মধ্যে চার্জড ১১,১৮৭ কোটি ৯ লক্ষ ৪৭ হাজার টাকা এবং ভোটেড ৫,৪৬১ কোটি ৭৪ লক্ষ ৫৩ হাজার টাকা উত্থাপিত করেছেন, তাকে সমর্থন করছি। স্যার, সাপ্লিমেন্টারি বাজেটের দরকার হয় কেন ? সাপ্লিমেন্টারি বাজেটের দরকার হয় এইজন্য যে, কেন্দ্রীয় সরকার তার বাজেটে রাজ্যগুলোর জন্য যা ব্যয়-বরাদ্দ দেন বিভিন্ন প্রকল্পের জন্য, রাজ্য সরকার যথাসময়ে বাজেট প্রণয়নের সময় তা পান না, কিন্তু কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলোকে বাস্তবে রূপায়িত করতে গেলে যে কম্পোনেন্ট ফিগার থাকে, রাজ্য সরকারের যে প্রদেয় অংশ থাকে তার জন্য তাকে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ করতে হয়। ডঃ মিত্রকে ধন্যবাদ যে, তিনি সঞ্চয় খাতেও রেখেছেন। তেমনি খরচের ক্ষেত্রেও দু-একটা ভারসাম্য রেখে সাপ্লিমেন্টারি বাজেট উপস্থাপন করেছে। সাপ্লিমেন্টারি বাজেট অনেক সময় অদৃশ্য কারণেও হয়—ঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ হতে পারে, এস.সি., এস.টি. বা কেন্দ্রীয় গ্রান্ট এমন দিল সেগুলো রূপান্তরিত হতে পারে। এবং বিশেষ করে আমাদের বিত্তমন্ত্রী যে দু-তিনটে নতুন প্রকল্প ঘোষণা করেছেন এবং রাজ্য সরকার ক্ষমতায় আসার পরে হিল ডেভেলপমেন্ট এরিয়া বা পার্বত্য অঞ্চলের উন্নয়ন এবং পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, জঙ্গল মহলের উন্নয়নের জন্য যে আর্থিক প্যাকেজ, উন্নয়নের প্যাকেজ ঘোষণা করতে হয়েছে, তার জন্য অত্যন্ত প্রাসঙ্গিকভাবেই আজকে এই সাপ্লিমেন্টারি ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়েছেন। আমি আগের বিত্তমন্ত্রীর সাপ্লিমেন্টারি বাজেটও অধ্যয়ন করেছি। আগের বিত্তমন্ত্রী ২৫ থেকে ২৬ পার্সেন্ট সাপ্লিমেন্টারি বাজেটকে সবসময় এনহ্যান্সড করতেন। কিন্তু বর্তমান বিত্তমন্ত্রী যে সাপ্লিমেন্টারি বাজেট এনেছেন, আমাদের যে মূল বাজেট ছিল ৮৭,৬৪৬ কোটি ৫১ লক্ষ টাকা, তার মধ্যে চার্জড সাপ্লিমেন্টারি অর্থ এসেছে ১৬,৭৮৮ কোটি ৮৩ লক্ষ টাকা, যা মূল বাজেটের ১৯ পার্সেন্ট। মাননীয় বিরোধী বন্ধুদের আমি জিজ্ঞেস করি যে, ২৫ পার্সেন্ট বেশি না ১৯ পার্সেন্ট বেশি ? আমি ধন্যবাদ দিই বর্তমান বিত্তমন্ত্রীকে তিনি সাপ্লিমেন্টারি বাজেটের অ্যামাউন্টকে কমিয়ে আনার চেষ্টা করেছেন। এই সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে যেটা চার্জড যেটা ডিসকাসনের অপেক্ষা রাখে না—স্ট্যাটুটরি এক্সপেন্ডিচার যা নিয়ে ভোট হয় না স্যার তার পার্সেন্টেজটা দেখুন। কত পার্সেন্টেজ ? মাননীয় সদস্যগণ আপনারা দেখলে বুঝতে পারবেন এই ১৬ হাজার ৭৮৮ কোটি ৮৩ লক্ষ টাকার মধ্যে ১১ হাজার ১৮৭ কোটি ৯ লক্ষ ৪৭ হাজার টাকা অর্থাৎ ৬৬% আপনার টোটাল সাপ্লিমেন্টারি বাজেট গেছে চার্জড খাতে। আর ভোটেড খাতে এসেছে কত ? ভোটেড খাতে এসেছে ৫ হাজার ৬শো ৬১ কোটি ৭৩ লক্ষ টাকা যেটার পার্সেন্টেজ মোট বাজেটের ছয় শতাংশ। যেটা আগের বিত্তমন্ত্রী স্বপ্নেও ভাবতে পারতেন না। এইরকম একটা প্রেক্ষাপটে আমি বিস্তৃতির মধ্যে যাওয়ার আগে আমি অত্যন্ত ব্যথা পেলাম ডাঃ মিশ্র মাননীয় বিরোধীপক্ষের নেতা একটি ছাঁটাই মোশন এনেছেন, রিডাকশন মোশন এনেছেন। তিনি বলেছেন রাজনৈতিক কারণে সাঁইবাড়ি হত্যাকান্ডের পিছনে

তদন্ত কমিশন যেন না হয়। আমি বিস্মিত স্যার, ডঃ মিশ্র অবিভক্ত জেলার একসঙ্গের লোক আমরা, বয়সেও আমরা প্রায় সমসাময়িক। আমি ডঃ মিশ্রকে বুঝে উঠতে পারলাম না। আমি বিস্মিত হয়েছিলাম, একসঙ্গে আমরা বিশ্ববিদ্যালয়ে পরিচালনার কাজে অংশগ্রহণ করার সুযোগ পেয়েছি। সমবায়ের ক্ষেত্রে অনেক সেমিনারে গেছি স্যার। সভাধিপতি অবিভক্ত মেদিনীপুর জেলা হিসাবে বক্তৃতা দিচ্ছেন তিনি মাঠে। আমরা এই যে খাস ল্যান্ড বিতরণ করলাম যে খাস ল্যান্ড নিয়ে এরা তথ্য দেন আমি মূল বাজেটে বলেছিলাম প্রাসঙ্গিকভাবে সেখানেই আসি যা ৭০ শতাংশ মার্জিনাল ফার্মারদের হাতে জমি আছে। আপনারা যারা ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর অথবা পার্বত্য অঞ্চলের লোক আছেন। এই জমিটা কি হয় ? ইঁট ভাঁটা হয়। জমিটা কি ? খাস। এটা কি হয় ? চিংড়ি মাছের চাষ হয়। জমিটা কি ? খাস। এটা আমার বক্তৃতা নয় স্যার। সেদিনকার সভাধিপতির বক্তৃতা। অতএব, আমরা যে খাস ল্যান্ড দিয়েছি বৃহত্তর শিল্প গোষ্ঠী নয়, যারা শিল্প করে, ইঁট ভাঁটা করে, টালি ভাঁটা করে, মাছ চাষ করে, লবণ চাষ করে তারা অতিরিক্ত টাকা দিয়ে ওই খাস জমিটা নিয়ে নেয়। সুতরাং অ্যাকাডেমিক্যালি খাস জমি নিম্নবিত্তদের হাতে রয়ে যাচ্ছে কিন্তু নিশ্চিন্তে এবং নীরবে (গোলমাল) এটা চিৎকারের ব্যাপার নয়। দয়া করে চিৎকার করবেন না। ব্যাপারটা বোঝার চেষ্টা করুন। এটা আমার কথা নয়। এটা ডঃ মিশ্রের কথা বলছি। স্যার, এইভাবে আস্তে আস্তে করে অ্যাকাডেমিক্যালি যেভাবে জমি দেওয়া হয়, কার্যক্ষেত্রে সেই জমিগুলো সাইলেন্টলি ট্রান্সফার হয়ে যায়। এ বাবুদের ঘুম ভাঙে না। কমিউনিস্টরা লেটে বোঝে তো, কমিউনিস্টরা সব সময়ে দেরিতে বোঝে। স্বাধীনতাকে দেরিতে বুঝেছে, রবীন্দ্রনাথকে দেরিতে বুঝেছে, সুভাষকে দেরিতে বুঝেছে। গ্রামাঞ্চলে বলে আবার অন্য কথা। আমি বিধানসভায় সেই প্রসঙ্গ আনতে চাই না। স্যার, আপনি বলুন মাননীয় সদস্যদের কাছে আমার প্রশ্ন, উনি বলেছেন যে সাঁইবাড়ি হত্যাকান্ডের পিছনে প্রশাসনিক খরচ হবে। মাননীয় বিরোধীদের জন্য উচিত মমতা বন্দ্যোপাধ্যায় বিরোধী নেত্রী হিসাবে অনন্যা, মুখ্যমন্ত্রী হিসাবেও অনন্যা, অননুকরণীয়। রাজনৈতিক কারণ। হ্যাঁ, রাজনৈতিক কারণ। রাজনৈতিক কারণ মানে তুচ্ছ রাজনৈতিক কারণ নয়। রাজনৈতিক কারণ মানে সুস্থ রাজনৈতিক কারণ। তিনি একটা মেসেজ দিতে চেয়েছেন। ক্ষমতার দম্ভে যারা ছেলের রক্তে মায়ের মুখকে ভরিয়ে দেয় তাদের এনকোয়ারি হওয়া উচিত। আমি ধন্যবাদ জানাই, যেদিন বীরভূমের সূচপুরে ১১ জন কৃষক হত্যা হয়েছিল। সেদিন গোটা পার্টি বলেছিল এক কথা। আর ডঃ মিশ্র এনকোয়ারি করে এসে বলেছিলেন না, সত্যি সত্যিই প্রান্তিক কৃষক মারা গেছে। আমি ভরসা করেছিলাম ডঃ মিশ্রের উপরে। আমি জানি না এই ভরসা কতদিন রাখা যাবে। আমি ওঁর কাছ থেকে জেনে নেব কতদিন রাখা যাবে। স্যার, আজকে আপনি বলুন উনি যে কখন সূর্য্য হন, আর কখন সূর্য্য গ্রহণ হয়ে যান এই ব্যাপারে বোঝা যায় না স্যার। আজকে তাই আপনার কাছে এই সাপ্লিমেন্টারি বাজেট উত্থাপিত করেছেন, তাই বলছি দোলাচল বৃত্তি ছাড়ুন। রাজনৈতিক কারণে নয়, একটা মেসেজ দেওয়া দরকার যারা ক্ষমতার দম্ভে, প্রশাসনিক দম্ভে যা ইচ্ছা অন্যায় করবে, একটা সংকেত যাবে, কেউ ছাড় পাবে না, কেউ নিস্তার পাবে না।

[2.30–2.40 p.m.]

আর আমাদের মা মাটি মানুষের সরকারের নেত্রী আজকে এই মেসেজই দিতে চেয়েছেন। তিনি একটা সুন্দর ঘরানা তৈরী করতে চেয়েছেন। আপনারা ওয়েলকাম করবেন কি ? আজকে আমরা ক্ষমতায় আছি, আজকে আমরা ক্ষমতায় থেকে যদি এই অন্যায় করি, তাহলে আর একদিন ক্ষমতা হস্তান্তরের ভয় থাকবে। সুতরাং একটা প্রিন্সিপাল একটা নীতি থাকবে। এরা না ঘরকা না ঘাটকা। যখন যেমন, তখন তেমন। আজকে তাই এর বিরুদ্ধে বলতে গিয়ে সাপ্লিমেন্টারী বাজেটের মূল বক্তব্য থেকে সরে গেছি। আমি পুনরায় মূল বাজেটে ফিরে আসছি। স্যার চার্জড বাজেট নিয়ে কোনো বক্তব্য নেই। স্যার, আপনি অবাক হয়ে যাবেন এই যে চার্জড বাজেট এটা কমপালসারী। স্যার, অতিরিক্তটাই ঋণ। অতিরিক্তটাই ইন্টারেস্ট। অতিরিক্তটাই লোন শোধ এবং এরা যে কি করে সারা ভারতের কোথায় কোথায় লোন পাওয়া যায়, এরা কি করে যে এত স্মেল করতে পারতেন, এটা ভাবলে বিড়ালও লজ্জা পাবে। বিড়ালও লজ্জা পাবে যাদের স্মেলিং পাওয়ার সবচেয়ে বেশী। আপনি যদি সাপ্লিমেন্টারী বাজেট দেখতেন তাহলে দেখতে পাবেন স্যার, এমন কোনো অর্থনৈতিক সংস্থা নেই, যেখান থেকে এরা ধার করেননি। আর যার জন্য আজকে বর্তমান বিত্তমন্ত্রী সেই ধার এবং ইন্টারেস্ট শোধ করতে দায়বদ্ধ, ম্যানডেটরী। আজকে এই ঋণ শোধ করতে হচ্ছে। স্যার, সাপ্লিমেন্টারী বাজেটের কতগুলি জিনিস কই আপনারা তো বললেন না ? না, আমরা যা পারিনি, আমাদের আরও বেশী করে যা পাওয়া উচিত ছিল পশ্চিমাঞ্চল পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া সম্পর্কে এতজন তাদের উল্লেখপর্বে এতজন সরকারী বিরোধী ইরেসপেকটিভ প্রত্যেকেই বলছেন আমার অনুন্নয়ন এলাকা। আজকে সেই অনুন্নয়ন এলাকার জন্য বাজেট বরাদ্দ হয়েছে। অতিরিক্ত খরচ হয়েছে। অনুমোদন করবেন কি করবেন না,—হ্যাঁ কি না, উন্নয়ন হবে কি হবে না। আজকে উত্তরবঙ্গের উন্নয়নের উপরে প্রশ্ন ছিল—কেউ বলছেন রাস্তা, কেউ বলছেন কলেজ, কেউ বলছেন স্পোর্টস অ্যান্ড গেমস। আজকে সেই উত্তরবঙ্গের উন্নয়নের জন্য বাজেটে অতিরিক্ত যখন সম্ভব ছিল না তখন প্রাথমিক পর্বে তার জন্য অতিরিক্ত ব্যয়বরাদ্দ হয়েছে। সেই উত্তরবঙ্গে ব্যয়-বরাদ্দের টাকা ২০০ কোটি টাকা। মন্ত্রী উত্তর দিলেন, আজকে সেই টাকা দেবেন কি দেবেন না, সেটা ঠিক রাখতে হবে। শুধু বললে তো হবে না। বিরোধিতার জন্য বিরোধিতা, এটা বলার জন্য বলা নয়, আপনাকে সিরিয়াসলি ভাবতে হবে যে আজকে কতগুলি নতুন প্রকল্প হয়েছে সেই নতুন প্রকল্পগুলি পশ্চিমবঙ্গ সরকার আজকে মানুষের জন্য করেছেন। পেনশন স্কিম, পেনশন কলেজ, যেগুলি সেন্ট্রাল গভর্নমেন্ট বাড়ায়, রাজ্য সরকার টাইম টু টাইম বাড়ায়, বাজেটের প্রারম্ভিক পর্বে তা উল্লেখ থাকার কথা নয়, থাকেও না। ইট ইজ এ ম্যানডেটরী। এটাকে দিতে হবে। সুতরাং এই খরচা আপনি দেবেন কি দেবেন না। আপনার সাপ্লিমেন্টারী বাজেট বিরোধিতা করার অর্থ উত্তরবঙ্গের উন্নয়নের বিরোধিতা করা। আপনার সাপ্লিমেন্টারী বাজেট বিরোধিতা করার অর্থ পশ্চিমাঞ্চলের জঙ্গলমহলের উন্নয়নের বিরোধিতা করা। আপনার সাপ্লিমেন্টারী বাজেট বিরোধিতা করার অর্থ স্কুল-কলেজ শিক্ষক অশিক্ষকদের পেনশনের বিরোধিতা করা।

আপনাদের বাজেট বিরোধিতা করার অর্থ সেন্ট্রাল গভর্নমেন্টের নিয়মের পরিপোষক তার যে টাকা রাজ্য সরকার দেয়, তার বিরোধিতা করা। আপনাদের সাপ্লিমেন্টারী বাজেট বিরোধিতা করার অর্থ ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের জন্য যে টাকা এবং যেটা খরচ করেন, তার বিরোধিতা করা। আপনি বলুন বঙ্গীয় রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার কাজ হবে কিনা। আপনারা বলুন আর আই ডি পি-র কাজ হবে কি হবে না। আপনারা বলুন নিউলি ইনাট্রোডিউস এই সরকার যেটা ইনাট্রোডিউস করেছেন বি আর জি পি স্কিম সেটা হবে কি হবে না। আপনারা বলুন মাইনরিটির জন্য যে বালিকা বিদ্যালয়, হোস্টেল হবে, এটা হবে কি হবে না। সাপ্লিমেন্টারী বাজেট বিরোধিতা করতে গিয়ে আপনারা নিজের অজান্তেই সবগুলির বিরোধিতা করে বসছেন। ঈশ্বর এদের ক্ষমা করুন। এরা জানেনা এরা কি করিতেছে। ইহারা জানেন না ইহারা কি বলিতেছে। তাই আমি আপনাদের কাছে শুধু বলি যে পেনশন স্কিম, আপনি আর বি আইয়ের ওয়েজ অ্যান্ড মিনসের টাকা দেবেন কি দেবেন না। মাননীয় আনিসুরবাবুকে বলি ওয়েজ অ্যান্ড মিনসের টাকা আর বি আইয়ের টাকা আপনি দেবেন না ? সুতরাং কতগুলি ম্যানডেটরী প্রভিশন যে টাকা আপনাকে দিতে হবে এবং টোটাল বাজেটের উপরে অনলি ৬% সেই ৬% অটোমেটিক বাড়ে। কিছু না করলেও বাড়ে। তবু আমি বলব বিত্তমন্ত্রী আপনি অনেক কার্পণ্য দেখিয়েছেন খরচের ব্যাপারে। ডেভেলপমেন্টের ব্যাপারে দেখাননি। উন্নয়নের ব্যাপারে দেখাননি। অর্থাৎ যাকে বলে ফিনান্সিয়াল ডেমোক্র্যাসি ফিনান্সিয়াল যে ডিসিপ্লিন এবং বাজেট মনিটরিং, বাজেট ম্যানেজমেন্ট যথার্থভাবেই করেছেন, তার জন্য আপনি এটাকে বেঁধে রাখতে পেরেছেন। বিরোধীপক্ষের নেতা কালকে বলছিলেন। একদিকে তিনি বিপ্লবের মধ্য দিয়ে বলছেন ট্রাডিশনাল কণ্ঠস্বর। সেই আজ থেকে ২৪, ৩৪ বছর আগে, কি ? লোক তাদের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে। লোক তাদের কেন্দ্রীয় ইন্সপেকশনের বিরুদ্ধে। এফ.আর.বি. এম. আমি চাই না। আবার মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করছেন, এফ.আর.বি.এমের যে মনিটরিং কমিটি, সেই মনিটরিং কমিটির চেয়ারম্যান অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যে আমার সঙ্গে আলোচনা করার কথা, সেটা করেছেন কি ? সেটা করবেন কি ? এ কি অদ্ভুত বিচার ! হয় ইয়েস, না হয় নো। একদিকে সেই বজ্রকণ্ঠ প্রতিবাদ, আরেক দিকে আমার সঙ্গে আলোচনা হয়নি, আমার দুঃখ। এই যে গ্রহণ, আজকে এই দ্বিচারিতার মধ্যে আপনাদের যে এই উন্মেষ, এই মুখোশকে খুলে মুখ কোনটা, মুখোশ কোনটা, পরিষ্কার করে এই মহতী সভায় আজকে আপনাদের অনুধাবন করতে হবে। মাননীয় স্পীকার স্যার, আজকে সবচেয়ে যেটা, এই অর্থমন্ত্রীর বাজেট, বিত্তমন্ত্রীর বাজেট, মাননীয়া মুখ্যমন্ত্রী—যাতে এরা বলেন, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, মাননীয় বিত্তমন্ত্রীকে পাশে বসিয়ে সঙ্গে থেকে—অপরাধ ? মুখ্যমন্ত্রী বিত্তমন্ত্রী কাঁধে কাঁধ দিয়ে একসঙ্গে বসবেন, এনার মাইকে উনি কথা বলবেন, এরা তো এসব ভাবে না। এদের বড় পার্টির নেতা হলে স্যার, এদের ডিফারেন্স এত হয়ে যায়, যেন সম্রাট আর একজন সৈন্য। এই ডিফারেন্স নিয়ে চলে। আমাদের মুখ্যমন্ত্রী তাঁর সহকর্মীকে নিয়ে বলছেন, হ্যাঁ, আমার নতুন কাজ করতে করতে প্রকল্প মনে আসতে পারে, আমার চলতে চলতে নতুন ভাবনা মাথায় আসতে পারে। আমি যেতে যেতে নতুন ভাবনা ভাবতে পারি, আমি নতুন সঙ্কট দেখে তার সমস্যার প্রেসক্রিপশন দিতে পারি। বিত্তমন্ত্রী

আপনাকে টাকা দিতে হবে। বিত্তমন্ত্রী বলছেন, ঠিক আছে আপনার চিন্তার সঙ্গে আমি সহমত। এই ঐক্য, এই বাক্য, এই মাণিক্য—এদের পক্ষে ঠেলা, জ্বালা, যন্ত্রণা স্যার। তীব্র যন্ত্রণা। তাই আপনাদের কাছে এই সাপ্লিমেন্টারি বাজেটের প্রসঙ্গে বলি, আজকে তাই এই সাপ্লিমেন্টারি বাজেটকে সাপোর্ট করতে গিয়ে বলি, মাত্র ৫ হাজার ৬০০—এই যে নিয়ে এসেছেন যে, অ্যাসিস্টেন্স টু নন্ গভর্নমেন্ট কলেজ এবং স্যালারি পেমেন্ট ডু এডুকেশন ফান্ড, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট অফ দ্য স্কুল, ম্যাচিং গ্র্যান্ড ফর স্কুল, এক্সেস্ ইন্টারেস্ট টু এস.এস.এস.—এগুলো তো চার্জ, এগুলো বাদই দিলাম। পেনশন টু স্কুলস্ অ্যান্ড কলেজেস, ওয়েজ অ্যান্ড মিনস্ চার্জ, রিপেমেন্ট অফ লোন। ১৩-থ ফিনান্স কমিশন। ১৩-থ ফিনান্স কমিশনের যে রেকমেন্ডেশন, সেই অনুযায়ী অর্থ দিতে হবে। তবে কতগুলো জিনিস অত্যন্ত দুর্ভাগ্যজনকভাবে দিতে হয়েছে। এফ.আর.বি.এম. যদি ঠিক সময় নিতেন, তাহলে ২১ কোটি টাকা পেনাল্টি দিতে হত না। সেটাও রিফ্লেক্টেড হয়েছে। ২১ কোটি টাকা আজকে পেনাল্টি দিতে হত না। তিনি কি জানতে পারেন না, ১৩-থ ফিনান্স কমিশনের ম্যান্ডেটারি প্রভিশন এফ.আর.বি.এম.-কে মানতে হবে। তাই অনর্থক দেরি করে আজকে প্রতি বছর ২১ কোটি টাকা এক্সেস্ পেমেন্টের রাস্তাটাকে খুলে দিয়ে গেলেন। এর দায় কে নেবে ? আজকে তাই ভুল করতে মানুষ দুঃখ প্রকাশ করে। ভুল করলে মানুষ অনুতপ্ত হয়। কিন্তু কিছু লোক আছে ভুল করলেও বুক বাজায়। আজকে কিছু মানুষ আছে, ঠিক সিদ্ধান্ত না নিয়েও তারা জিতের বড়াই করে। গ্রামাঞ্চলে একটা কথা আছে স্যার, যার লজ্জা নেই, তাকে যদি আপনি আগুন দেন, সে চিৎকার করে বলবে, আমাকে আরতি করছে। এদের সেই অবস্থা স্যার। এদের অনুকম্পা করুন। এই সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী আব্দুর রেজ্জাক : মাননীয় স্পীকার স্যার, অর্থমন্ত্রী ২০১১-২০১২-র যে অতিরিক্ত ব্যয় বাজেটের প্রস্তাব রেখেছেন, আমরা এটাকে মানবো কি মানবো না, বিরোধী বিধায়ক খুব জোরের সঙ্গে বললেন, এটা মানবেন কি মানবেন না সেটা ক্লিয়ার হওয়া দরকার। বিষয়টা এখানে না। বিষয়টা হচ্ছে, কাজ করতে গেলে শুধু কথার দ্বারা তো কাজ সম্ভব হবে না। আর কাজ করতে গিয়ে আমরা জানি, এখানে যারা আছেন সবাই জানেন যে, কখনো অতিরিক্ত ব্যয়-বরাদ্দ দরকার হয়। কিন্তু প্রশ্নটা সেখানে নয়। আমাদের প্রশ্নটা এখানেই যে, বিগত দিনে যে বাজেট উত্থাপন করা হয়েছিল, সেই বাজেট নিয়ে আমাদের পক্ষ থেকে প্রশ্ন ছিলই।

[2.40–2.50 p.m.]

আমাদের প্রশ্ন আজকে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের ক্ষেত্রে আমরা বলেছিলাম যে, প্রকল্পের কাজগুলো কিভাবে করবেন। আপনারা যে ফতোয়া জারি করছেন সেই ক্ষেত্রে ক্লিয়ার করুন কোথা থেকে টাকাগুলো কিভাবে আসবে, সেগুলো কি করে রূপায়ণ করা হবে। আমাদের সেই জন্যই এই যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের ব্যাপারে নীতিগত কিছু প্রশ্ন থাকতে

পারে, আমাদের সেই রকমই কিছু প্রশ্ন আছে। আমরা এখানে সেটা নিয়েই আলোচনায় অংশগ্রহণ করছি। বিষয়টা হচ্ছে এই বিভিন্ন খাতে যে টাকাগুলো আমি ডিমান্ড নং দিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে বিস্তারিত আলোচনা করা আমার পক্ষে সম্ভব না, আমি সেই আলোচনাতেও যাব না, কিন্তু আমি একটা কথা শুধু বলব যে আমাদের পশ্চিমবাংলা বিভিন্নভাবে আলোচিত হচ্ছে যে পিছিয়ে আছে। আর পিছিয়ে না থাকলেও যদি ঠিক অবস্থায় থাকে তাকে এগিয়ে নিতে যেতে হবে। এগিয়ে নিতে যেতে গেলে কোন কোন প্রকল্পগুলোকে পরিকল্পনামাফিক কোন কোন কারণে আমরা পিছিয়ে আছি সেটাকে বাস্তবায়িত করা, সেটাকে ঠিক করা। এখানে আমাদের বিরোধী বিধায়করা বলার সময় সংখ্যালঘুদের ব্যাপার নিয়েও বললেন। আমি সংখ্যালঘু মাইনোরিটি অ্যাফেয়ার্স কমিটির মধ্যে আছি, আমাদের কমিটির পক্ষ থেকে বিভিন্ন জেলা ভিজিট করে দেখলাম যে মাইনোরিটিদের ব্যাপার নিয়ে মা-মাটি-মানুষের সরকার যতটা কথা বলেছিল, আমরা এখানে যেভাবেই বলি না কেন, বুকে হাত দিয়ে আমরা যদি ভাবি তাহলে আগেই আমি জানি এই দশ মাসটা খুব অল্প সময়। অনেকে বলছেন একটা শিশু, সে হাঁটাচলা করতে পারে না। কিন্তু আবার ওই শিশুই যদি এত দৌড়াদৌড়ি করবে তাহলে তো পা ভেঙে প্রতিবন্ধী হয়ে পড়বে, সেটাও একটু ভাবার দরকার। যার জন্য আমাদের পক্ষ থেকেও বলা হয়েছে অবশ্য সেটা মানছি, কিন্তু আমরা পরিষ্কারভাবে বলতে চাইছি যে, যে দিকগুলোতে আমরা পিছিয়ে আছি—যাতে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে সেইগুলোর প্রতি যত্নবান হওয়া। আমি এখানে সবগুলো বলতে পারব না, মাইনোরিটি ব্যাপারটা নিয়ে বলছি, এখানে ৪৩ কোটি ৪৬ লক্ষ ৬৩ হাজার টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দের কথা বলা হয়েছে। আমার জেলা ভিজিট করে যে অভিজ্ঞতা হয়েছে তাতে দেখা যাচ্ছে যে মাইনোরিটিরা যে তিমিরে ছিল সেই তিমিরেই। তাদের ওঠাতে গেলে যে কর্মীর দরকার, যে ম্যান পাওয়ারের দরকার তার যথেষ্ট অভাব আছে। এবং যে আমলারা আছেন এই কাজগুলো দেখাশোনা করার জন্য, সেখানে যদি ঠিকভাবে ম্যান পাওয়ার না বাড়ানো যায় তাহলে তাদের ক্ষেত্রে এটা পরিচালনা করা মুশকিল হবে। এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের ব্যাপারে আমি শুধু একটা কথা বলতে চাই যে মা-মাটি-মানুষের সরকার এই ৮-৯ মাসে যে যে বিষয়গুলোতে যে টাকা খরচ হচ্ছে তার বিস্তারিত ছাপ পড়া, সেটা নিয়ে কিছু মানুষের মধ্যে প্রশ্ন আছে। এই যে বর্তমান সময়ে আমরা জানি গোটা ভারতবর্ষে প্রায় ৭৬% গরীব মানুষ। পরে আর একটা যেটা করা হয়েছে তাতে দেওয়া হয়েছে আমি সেই বিতর্কে যাব না। কিন্তু এই যে ৭৬% গরীব মানুষ, আমার পশ্চিমবাংলাতে সেই গরীব মানুষ আছে, সেই গরীব মানুষদের উন্নয়নটাই মূল লক্ষ্য বলে আমরা মনে করেছিলাম। আমরা এই শহরে নয়, আমরা গ্রামবাংলার ছেলে, আমরা অনেক দুঃখকষ্টের সঙ্গে পাঞ্জা লড়ে লড়ে মানুষ হয়েছি। এখানে গ্রামবাংলার অনেক বিধায়ক আছেন সরাসরি প্রত্যক্ষ করেছেন বাংলার ছবি, বাংলার হাহাকার। আমি এই সময়কালে—এমনি কাউকে ছোটো করে বা বিরোধিতা করার জন্য বলছি না, সত্যি মা-মাটি-মানুষের সরকার সেই আসল মাটিতে যাওয়া, গিয়ে মানুষের কথাগুলো পরিষ্কারভাবে শোনা যে এই সময়কালে তারা কি বলতে চাইছে কি—একটা বিষয় হচ্ছে মা-মাটি-মানুষের সরকার যথেষ্ট কথা বলেছে মানুষের মধ্যে এবং একটা ভাবাবেগ,

একটা আশা-আকাঙ্ক্ষা সেটা কিন্তু তৈরী করেছিল। অনেক মানুষের মধ্যে এই রকম একটা ভাব এসেছিল যে, বামফ্রন্ট সরকার থাকাতে না চাইতেই তো ঘোড়া পেয়েছি আর পরিবর্তনের সরকার আসলে আমরা হাতি পেয়ে যাব। কারণটা আমি অন্যভাবে বলছি না, বলছি এই কারণেই পশ্চিমবঙ্গের মানুষ কিন্তু এই পরিবর্তিত সরকারের কাছে একটা আকাশচুম্বী আশা-আকাঙ্ক্ষা নিয়ে বসে আছে। সেই সব ক্ষেত্রে যে সব বিষয়গুলো এই সময়কালে যে অবস্থা হচ্ছে, আমরা চাইব আমরা বাজেটের অতিরিক্ত ব্যয়-বরাদ্দ আমরা করব কিন্তু আসল কাজ গরীব মানুষের মান উন্নয়নের যে কাজ সেই কাজটা ঠিক ঠিক হয় সেটা দেখার জন্য। আমরা জানি বামফ্রন্টের এই ৩৪ বছরের বিষয়টা আলোচিত হওয়া। আমাদের দিক থেকে কিছু সোরগোল হলেই যে কি রকম লাগছে এটা নয়। বামফ্রন্ট সরকারের ৩৪ বছরটা একটা ইতিহাস। এটা অস্বীকার করলে চলবে না। সব সময় কোনো সত্যি ঘটনাকে গলাবাজি করে চাপা দেওয়া যায় না। এটা একটা ইতিহাস। সাড়ে তিন দশক একটা সরকার এমনি এমনি ছিল এটা কিন্তু একটা ভালো মানুষ, শুভবুদ্ধিসম্পন্ন মানুষ, বাংলার মানুষ, পৃথিবীর মানুষ এটা বিশ্বাস করবে না। জনসমর্থন ছিল। আমরা জানি একটা কথা আছে—যাকে দেখতে নারি তার চলন বাঁকা। আর খোঁড়া হলেও যে তার মনের মতো তার চলনটা ছন্দগত। তার চলাতে অনেক ছন্দ—এক রকম মনে হয়। কিন্তু আমরা জোরের সঙ্গেই বলব এই যে বাজেট, কৃষির ক্ষেত্রে যে বাজেট—অতিরিক্ত ব্যয়-বরাদ্দ যেটা ধরা ছিল তার থেকে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ এখানে ডিমান্ড করা হয়েছে। ৪৮ কোটি ৯৬ লক্ষ ১০ হাজার। এই যে কৃষকদের, যে কথাটা বারে বারে উঠছে আবারও বলার, আমাদের দিক থেকে এই বিধানসভায় আলোচিত হয়েছে, তবুও আমিও বলছি, আমি একটি কৃষক ঘরের ছেলে এবং আমরা কৃষির উপর নির্ভর করে বেঁচে থাকি। কৃষিপ্রধান দেশ তো বটেই ভারতবর্ষ। তাছাড়া আমরা প্রত্যন্ত পাড়া গাঁয়ের গ্রামের ছেলে। কৃষকদের যে দুরবস্থা, সত্যি সত্যি এলাকায় গিয়ে কান পেতে শুনলে একজন কৃষকের যে ব্যথা, আতঙ্কে ভুগছে যে আমাদের আগামী দিনের পরিণতিটা কোন জায়গায় যাবে। একদিকে যেমন তারা উৎপাদিত ফসলের সহায়ক মূল্য পাচ্ছে না তেমনই আরও একটা বড় জিজ্ঞাসা চিহ্ন তাদের সামনে এসে হাজির হয়েছে যে, সারের যেভাবে দাম বাড়ছে আর ভর্তুকি উঠে যাচ্ছে। যার জন্যে আমার এই অতিরিক্ত অর্থ বরাদ্দের ব্যাপারে কিছু প্রশ্ন আছে। আমাদের গ্রাম বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার যে প্রতিশ্রুতি মা-মাটি-মানুষের সরকার দিয়েছে গরীব মানুষদের, পশ্চিমবাংলার সাধারণ মানুষদের। যারা মেজরিটি পার্সেন্ট গরীব তাদেরকে যদি এগিয়ে না নিয়ে যেতে পারি তাহলে পশ্চিমবাংলাকে যতই বলি এগিয়ে নিয়ে যাব সেটা শুধু আকাশ কুসুম কল্পনা ছাড়া আর কিছু হতে পারে না। তাই এই যে বাজেট, এই যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের বাজেট সেই বাজেট সম্বন্ধে আমার কিছু প্রশ্ন রেখে সকলকে অভিনন্দন জানিয়ে শেষ করছি। নমস্কার।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ডঃ অমিত মিত্র আমাদের মাননীয় অর্থমন্ত্রী অতিরিক্ত ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব এখানে রেখেছেন সেই প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং বিরোধী বক্তব্য থেকে যে প্রশ্নগুলি উঠে এসেছে সেই সম্পর্কে কিছু কথা

বলে আমি, আমার বক্তব্য রাখছি। একটু আগেই আমাদের মাননীয় সদস্য রেজ্জাক সাহেব যে কথাটা বললেন, মাইনোরিটিদের জন্য অতিরিক্ত খরচ। এটা মাইনোরিটিদের সব কিছুর জন্য নয় কিন্তু একটা পোস্ট মেট্রিক স্কলারশিপ। শুধু মাইনোরিটিদের পোস্ট মেট্রিক স্কলারশিপের জন্যই অতিরিক্ত খরচ। যেটা আগের সরকার তেমনভাবে করতে পারেনি। এই সরকার অনেক বেশি মানুষকে পোস্ট মেট্রিক স্কলারশিপের আন্ডারে নিয়ে এসে অতিরিক্ত টাকা কেন্দ্রীয় সরকারের থেকে নিয়ে এসেছে।

[2.50-3.00 p.m.]

একইভাবে বহু স্কিমে আমি দেখতে পাচ্ছি যে, কেন্দ্রীয় সরকার থেকে বহু স্কিমে টাকা নিয়ে আসতে সমর্থ হয়েছে আমাদের এই সরকার। আমরা দেখতে পাচ্ছি RKVY, RKVY-তে যেটা যার performance খুবই খারাপ ছিল আমাদের এখানে, সেই RKVY-কে অনেকটা জায়গা, অনেকটা জায়গা, অনেকটা জায়গায় তুলে নিয়ে এসে অতিরিক্ত প্রায় ৪০০ কোটি টাকা RKVY-এর under-এ আনা হয়েছে কেন্দ্রীয় সরকার থেকে আমরা expect করছি। একইভাবে BRGF, যে নিয়ে অনেক কথা হয়েছে, অনেক কথা। এই যে project specific grantsগুলো কেন্দ্রীয় সরকার থেকে পাওয়ার কথা সেই project specific grantsগুলোর জন্য এই রাজ্য সরকার যথাযথভাবে project তৈরি করেছে। এবং project তৈরি করে কেন্দ্রীয় সরকারের সেগুলো তুলে ধরেছে। এবং তারজন্য অতিরিক্ত অর্থ আনতে সমর্থ হয়েছে, সমর্থ হবে এইজন্য অতিরিক্ত এই বাজেট এখানে ধরতে হয়েছে, বাজেট provision রাখতে হয়েছে। আমরা বলতে পারি BADP, ঠিক একইভাবে BADP-তেও অনেক টাকা। Other Backward Classes তাদের জন্য post matric scholarship, খুব সামান্য কিছু student-কে দেওয়া হত এখানে। তাদের অনেক অনেক coverage-টা বাড়ানো হয়েছে। বাড়িয়ে টাকা আনা হয়েছে। কাজেই আমাদের মাননীয় সদস্য, আমাদের পক্ষ থেকে জ্যোতির্ময়বাবু যে কথা বলেছেন যে, কেন্দ্রীয় সরকার থেকে টাকা আসার ব্যাপারটা সেটা প্রথম থেকে প্রথম দিকে বাজেট তৈরি করার সময় সব সময় ধরে রাখা যায় না, সব সময় আন্দাজ করা যায় না। যার জন্য বাজেট estimate ধরা খুব কঠিন। সেই, বছরের শেষের দিকে যখন সমস্ত কিছু করার পরে দেখা যাচ্ছে যে, আমরা অনেক টাকা আনতে সমর্থ হচ্ছি কেন্দ্রীয় সরকার থেকে সেগুলো automatically budget estimate-এ আনতে হয় এবং তার জন্যই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রশ্নটা আসে। কাজেই এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ অন্তত এগুলোর জন্য বিরোধীদের তরফ থেকে কোনো প্রতিবাদ বা বিরোধিতা করার কোনো scope আছে বলে আমি মনে করি না। হ্যাঁ, এটা ঠিক যে, একটা বিষয়ে যেটা জ্যোতির্ময়বাবুও উল্লেখ করেছিলেন যে, ways and means advance, যে loans RBI থেকে আনার কথা সেটার জন্য বেশ, প্রায় ১০,০০০ কোটি টাকার বেশি charge, যদিও সেটা charge expenditure কিন্তু expenditure is expenditure। charge হোক আর voted হোক। সেটা অতীতের যে পাপের ফল অতীতে যে এতো কোটি টাকা loan হয়েছিল, তারজন্য এটা করতে হয়েছে। তবে হ্যাঁ, এইটি

একেবারে কেন আন্দাজ করা গেল না, finance department কেন করতে পারল না, সেটা একটা প্রশ্ন অবশ্যই থেকে যায়। প্রশ্ন থেকে যায় একইভাবে যে, 13th Finance Commission-এর recommendation FRBM এখানে অনেক পরে হয়েছে ঠিক আছে। কিন্তু ২০১০ সালে তো হয়েছে। আমাদের Government আসার ঠিক আগে আগে। সুতরাং 13th Finance Commission-এর recommendation অনুসারে যে টাকাটা দেয় ছিল block লোনের repayment-এর ক্ষেত্রে সেটা বোধহয় আমাদের আন্দাজ করার বোধহয় scope ছিল, আন্দাজ করার দরকার ছিল। আপনারা কেন করতে পারেননি সে ব্যাপারটি মাননীয় মন্ত্রী মহোদয়কে দেখতে বলব। আপনারা বিরোধীরা অনেক-অনেক বাকি রেখেছিলেন। শিক্ষকদের pension, সর্বস্তরে, primary স্তর থেকে আরম্ভ করে university স্তর পর্যন্ত সব জায়গায় বাকি রেখেছেন। সেই বাকি payment-গুলো দেওয়ার ব্যবস্থা করেছে এই সরকার। সবারই gratuity, pension ইত্যাদি দেওয়ার ফলে—আপনার ঠিকই বলেছেন যে, অনেক টাকা এখানে অতিরিক্ত ব্যয় এখানে ধরতে হয়েছে। প্রায় হাজার কোটি টাকার বেশি, বোধহয় এক হাজার কোটি টাকার বেশি অতিরিক্ত ব্যয়-বরাদ্দ এখানে ধরতে হয়েছে কিন্তু উপায় ছিল না। Employees-দের pension, gratuity দেওয়ার দায়িত্ব সরকারের, সেটা দিতে হবে। এবং সেই দায়িত্ব পালন করেছে এই সরকার। এছাড়াও অনেক প্রাইমারি থেকে আরম্ভ করে বিভিন্ন educational institutions তাদের যে grants, grants in aid, সেই grants in aid-এর ক্ষেত্রেও বেশ কিছু টাকা এখানে বাড়াতে হয়েছে। ঠিক একই অবস্থা, প্রচুর টাকা বাকি ছিল। প্রচুর institution-কে grants in aid দেওয়া হয়নি। তারা খুব বিপাকে পড়েছিলেন। সেই বিপাকে পড়া institution-গুলোকে সাহায্য করার জন্য এই রাজ্য সরকারকে এটা করতে হয়েছে। আমার বন্ধু জ্যোতির্ময়বাবু খুব সঙ্গত কারণেই বলেছেন, যে মাননীয় অর্থমন্ত্রী এই ব্যাপারে ব্যয় সংকোচ করার একটা প্রচেষ্টা করেছেন, ফিনান্সিয়াল অ্যাডমিনিস্ট্রেশানে এফিসিয়েন্সি আনার প্রচেষ্টা দেখিয়েছেন। শুধু এই ক্ষেত্রে আমি দু-একটা কথা বলব যে মাননীয় মন্ত্রী আর একবার দেখে নেবেন কিনা, যেমন আমি দেখতে পাচ্ছি যে সার্কিট বেঞ্চ জলপাইগুড়ি বারবার কথাটা পেয়েছি, যেহেতু আমি জলপাইগুড়ি কেন্দ্রের বিধায়ক। সার্কিট বেঞ্চ জলপাইগুড়িতে এখনও এক কোটি টাকার বেশি এই বছরে কেন সাপ্লিমেন্টারি বাজেটে ধরা হবে আমি বুঝতে পারছি না। কারণ জলপাইগুড়ি শুরু হয়নি। সুতরাং খরচ খুবই সামান্য। সেখানে সাপ্লিমেন্টারি গ্রান্টটা অনেক কম করা যেতে পারত। ঠিক একইভাবে, এই সার্কিট বেঞ্চ কন্সট্রাকশানের জন্য পি ডব্লিউ ডি ৪০৫৯ অ্যাডমিনিস্ট্রেটিভ হেড থেকে ৬ কোটি টাকা ছিল, সেখানে মাত্র দেড় কোটি টাকা রিলিজ করা হয়েছে। আগামী বছরে মাত্র দেড় কোটি ধরা হয়েছে। তাহলে স্যার, ৬ কোটি টাকা থেকে পুরোটা খরচ করা গেল না কেন ? কেন, সার্কিট বেঞ্চের কন্সট্রাকশানটা শুরু হল না ? কেন, আমরা মহামান্য হাইকোর্টের কাছ থেকে মেন বিল্ডিং-এর প্ল্যানটা পাস করিয়ে আনতে পারলাম না ? সেটা আমাদের বোধহয় ভেবে দেখা দরকার। কারণ দীর্ঘদিন ধরে এই সার্কিট বেঞ্চ নিয়ে অনেক কথাই চলছে। আমি এরই পরিপ্রেক্ষিতে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের কথা মাননীয় জ্যোতির্ময়বাবু বলেছেন এবং সেখানে বলতে গিয়ে বলেছেন যে, যেহেতু এই উন্নয়ন বিভাগ নতুন করে হয়েছে, তার জন্য

সাপ্লিমেন্টারি গ্রান্টটা ধরতে হয়েছে। আমার মনে হয়, কথাটা ঠিক নয়। তার কারণ, এই গ্রান্টটা বাজেট এস্টিমেটে প্ল্যানিং ডিপার্টমেন্টে ছিল। প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে এবারে সাপ্লিমেন্টারির সময়ে আমাদের উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগে এল। কাজেই এক্সপ্লানেটরি মেমোরান্ডামে আমি মনে করি, আমি জানি না, আমার কথাটা ঠিক হবে কিনা, মাননীয় মন্ত্রী মহোদয়, একটু ভেবে দেখবেন যে, এক্সপ্লানেটরি মেমোরান্ডামে এই কথাটা বোধহয় বলা উচিত ছিল, যে হ্যাঁ, এই টাকাটা যেহেতু প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টে ছিল, এখন এখানে সাপ্লিমেন্টারিতে এসে গেল। এটা বললে বোধহয় অনেকটা ক্লিয়ার হয়ে যেত ব্যাপারটা। অনেকের কাছেই ক্লিয়ার হত। এই ক্ষেত্রেও আমি বলব, যে সাপ্লিমেন্টারি গ্রান্টের সময় সেক্রেটারিয়েট পারপাসে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগে ১ কোটির বেশি টাকা ধরা হয়েছে। সেদিন মাত্র সেক্রেটারিয়েট হয়েছে এবং তার জন্য এক কোটি টাকা পে কেন লাগবে আমি বুঝতে পারছি না। পে-জাস্ট পে হেডে দেখানো আছে। অবশ্য পরবর্তীকালে ব্লু বুকটা থেকে দেখলাম, শুধু পে হেড নয়, যদিও সাপ্লিমেন্টারিতে বলা আছে, ওইটা অ্যাকচুয়ারি পে থেকে আরম্ভ করে রেন্ট, পেট্রল অয়েল থেকে শুরু করে সব কিছু। খুবই স্বাভাবিক। সারা উত্তরবঙ্গ দৌড়ে বেড়াতে হবে, ডিপার্টমেন্টের অফিসার থেকে মন্ত্রী মহোদয় সবাইকে, কাজেই পেট্রোল খরচ হবেই। সেটা বোধহয় ক্লিয়ারলি এখানে দেখানো উচিত ছিল। সেটা হয়নি। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। আরো দৃষ্টি আকর্ষণ করব, যে এক্ষেত্রে বাজেটে যা ছিল, সাপ্লিমেন্টারিতেও তাই, ১৭০ কোটি টাকা। কিন্তু আমরা যতদূর জানি যে এই ১৭০ কোটি টাকা খরচ হওয়ার স্কোপ খুব একটা নেই। এ পর্যন্ত খুব সামান্য টাকাই খরচ হয়েছে। আর বাকি টাকা হয়তো কাউকে দেওয়া আছে, যেমন ৫০ কোটি টাকা বোধহয় ১০টা হসপিটালকে দেওয়া আছে, কিন্তু সেই ১০টা হসপিটাল তাদের যে ইক্যুপমেন্টস কেনার, সেই ইক্যুপমেন্টস কিনতে পারছে না। এর জন্য প্রচুর সময় লাগে ইক্যুপমেন্টস কিনতে। তাতে কমিটিতে যারা আছে, সেই টেন্ডার কমিটি তারা বলেছেন, এখন আমরা পারব না। এতগুলি টাকা এর মধ্যে খরচ করতে। তাহলে সেগুলি যদি খরচ না হয়, এবং অন্য কোন কোন জায়গায় এই টাকাগুলি দেওয়া আছে সেগুলি কিন্তু আমাদের কাছে ক্লিয়ার নয়। কিন্তু আমার মনে হয়, মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি বলব, আপনি অনুসন্ধান করে দেখুন, এর সাপ্লিমেন্টারি কিন্তু অনেক কমে যাবে। এই ১৭০ কোটি টাকা, ১৭০ কোটিতে থাকবে না, হয়তো ৭০ লাগবে বা তারও কম হতে পারে। এটা আমি অনুরোধ করব দেখতে। এইক্ষেত্রে সবচেয়ে খারাপ আমার লাগছে, অদ্ভূত একটা ঘটনা ঘটেছে স্যার, আমার কিছু ভুলও হতে পারে, দয়া করে দেখে নেবেন, যে আর. আই. ডি. এফ.-এর যে টাকাটা ১৭০ + ৩০ ছিল আর. আই. ডি. এফ., আমরা এখানে হাউসেই আলোচনাটা করেছিলাম।

[3.00–3.10 p.m.]

আমরা এখানে এই হাউসে আলোচনা করেছিলাম যে আর.আই.ডি.এফ.-এ ছিল উত্তরবঙ্গের জন্য ৩০ কোটি টাকা। এই ৩০ কোটি টাকা এবারে উত্তরবঙ্গ উন্নয়নে দেখানো আছে। কিন্তু সবচেয়ে মজার ব্যাপার যে এই ৩০ কোটি টাকা প্ল্যানিং ডিপার্টমেন্টের বাজেটে দেখানো আছে। আমি বুঝতে পারছি না কেন এটা হয়েছে, ডুপ্লিকেশান কিনা। স্যার, ব্লু বুকটা যদি

আপনারা একটু দয়া করে দেখে নেন, আমি ব্লু বুকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি, এখানে মাননীয় প্ল্যানিং মিনিস্টারও আছেন, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ৬২ ডিমাণ্ডে এই ৩০ কোটি টাকা দেখানো আছে ৪৫৭৫ হেড অফ অ্যাকাউন্টে এবং সেই হেড অফ অ্যাকাউন্টে ৬০ আদারস সেটা এস.সি.পি., টি.এস.পি. এবং আদার এক্সপেন্ডিচার অর্থাৎ জেনারেল তিনটে মিলে ৩০ কোটি টাকা দেখানো আছে ২০১১-১২-তে। আবার একই জিনিস আমাদের প্ল্যানিং ডিপার্টমেন্টের যে বাজেট সেই বাজেটে এই একইভাবে উত্তরবঙ্গ উন্নয়নের জন্য আর.আই. ডি.এফ. বলে দেখানো আছে। আমি বলছি এটার বিষয়েও দেখানো আছে ইমপ্লিমেনটেশান অফ আর.আই.ডি.এফ প্রোগ্রাম (উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ) এটাতে ২১১০ এই করে সেটা রিভাইজ্ড এস্টিমেটে দেখানো আছে এবং আরো মজা যে সেটা আবার আগামী বছরের বাজেট এস্টিমেটে দেখানো আছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের যে টাকাটা সেই বাজেটটা তো উত্তরবঙ্গ বিভাগের কাছে যাওয়ার কথা। প্ল্যানিং বিভাগের কাছে কেন আবার দেখানো হচ্ছে এটা দয়া করে যদি আপনি একটু দেখেন। আমি জানি না, আমার কাছে কনফিউশান মনে হচ্ছে, এটা যদি আপনি পরবর্তীকালে ক্লারিফাই করেন এবং দেখেন যদি তাহলে আরো আমাদের সাপ্লিমেন্টারি এস্টিমেট কমতে পারে। যে কথাটা আমাদের মাননীয় সদস্য জ্যোতির্ময়বাবু বলেছিলেন যে সাপ্লিমেন্টারি এস্টিমেট আমরা অনেক অনেক অনেক নিচে, পার্সেন্টেজ হিসাবে অনেক নিচে রেখেছি। আমরা সাপ্লিমেন্টারি বাজেটে যদি এই ইস্যুগুলোকে নিয়ে আসি, এই সাপ্লিমেন্টারি বাজেটে আনা হয় একটাই কারণে যেহেতু আমরা সবসময় বাজেট তৈরি করার সময় আমরা বুঝতে পারি না কতটা খরচ করা যাবে। অনেক হার্ডলস থাকে, অনেক ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়, বিশেষ করে কেন্দ্রীয় গ্রান্ট যেগুলো আছে সেগুলোর ক্ষেত্রে, তাদের প্রজেক্টের স্পেসিফিক যে সমস্ত রিকোয়ারমেন্টস থাকে, কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে এই এই জিনিসগুলো দেখা দরকার সেইগুলো সবসময় আমরা করে উঠতে পারি না। সময় লাগে। যেমন বি.আর.জি.এফ. গ্রান্ট। বি.আর.জি.এফ. নিয়ে প্রচুর স্কোপ আছে। আমি এখানে দেখলাম, বি.আর.জি.এফ. হেল্‌থের জন্য হয়েছে, পি.এইচ.ই.-এর জন্য হয়েছে। আবার পুরুলিয়াতে—পশ্চিমাঞ্চল উন্নয়নের জন্য এবারে ধরা আছে, আগামী বছরেও ধরা আছে বি.আর.জি.এফে। যেমন উত্তরবঙ্গ উন্নয়নে আগামী বছর বি.আর.জি.এফে ধরা আছে, এবারে যদিও নেই। বি.আর.জি.এফে প্রচুর টাকা খরচ করা যেতে পারে—পি.এইচ.ই. থেকে আরম্ভ করে, রোডস থেকে আরম্ভ করে। এগারোটা জেলা আমাদের কভার্ড আছে, পুরো এলাকাটাই হচ্ছে অনুন্নত এলাকা। কাজেই এই বি.আর.জি.এফের ওপরে যদি আমরা আরো জোর দিই, আরো যদি দিতে পারতাম, বি.আর.জি.এফের একটা রিকোয়ারমেন্ট হচ্ছে যে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির তরফ থেকে আসতে হবে। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলো আমাদের রাজ্যে খুবই নড়বড়ে। আমি এর আগেও প্ল্যানের কানেকশানে আমি বারবার করে অনুরোধ করেছিলাম প্ল্যানিং কমিটিটাকে একটু শক্ত করুন, ডিস্ট্রিক্ট প্ল্যানিংটাকে ঠিক করুন। কারণ ডিস্ট্রিক্ট প্ল্যানিং হচ্ছে আসল জায়গা। সেটাকে যদি ঠিক করা না যায় তাহলে মুশকিল। আগামীদিনে বি.আর.জি.এফে আমরা অনেক বেশি টাকা আনতে পারব। আমরা অনেক বেশি পোস্ট-মেট্রিক স্কলারশিপের টাকা আনতে পারব, যে পদ্ধতি, যে ট্রেন্ড আপনাদের চলছে, যেভাবে আপনারা আমাদের এই সরকার চেষ্টা করছে সবকিছুতে ঠিক করে নেওয়া,

সেটা যদি করা যায়। আমি এই সব কারণে সবকিছু ধরে নিয়ে যে ক্লারিফিকেশানগুলো, যে কনফিউশানগুলো আমার হয়েছে সেটা আমি তুলে ধরলাম এবং সবকিছু করে নিয়ে আজকে যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে ডিমান্ড ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস ২০১১-২০১২ এখানে পেশ করেছেন, তার প্রেক্ষিতে এই পবিত্র সদনে আমি জানাতে চাই এই সাপ্লিমেন্টারি গ্রান্টের যে ডিমান্ড সেটাকে সমর্থন করতে পারছি না। সাপ্লিমেন্টারি গ্রান্টস প্রয়োজন হয় তখনই, যখন বাজেট বরাদ্দের তুলনায় অতিরিক্ত খরচ হয়ে যায়। আসলে গত ২০১১-২০১২ সালের বাজেট পেশ করবার সময় মাননীয় অর্থমন্ত্রী হঠাৎ ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গেই আবেগে আপ্লুত হয়ে রবীন্দ্রনাথের কোটেশান মিশিয়ে মানুষকে, তথাকথিত মা মাটি মানুষকে চাঙ্গা করবার জন্য একটা বাজেট পেশ করেছিলেন। নিজ দক্ষতাকে সরিয়ে রেখে, শুধুমাত্র মা মাটি মানুষের রাজনীতির কথা মাথায় রেখেই সেই বাজেট তৈরি হয়েছিল। সেই বাজেট বিতর্কে আমরা আশগ্রহণ করেছিলাম এবং আমরা আমাদের মতামত ব্যক্ত করেছিলাম। তবে ডিমান্ড ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস আসতেই পারে। সেক্ষেত্রে নির্দিষ্ট যৌক্তিকতা আছে, এবং সেই যৌক্তিকতার মধ্যে বাজেটের যে সাফল্য, সেই সাফল্যটাও থাকা দরকার। আমাদের মনে হয়েছে, ডিমান্ড নাম্বার বিভিন্নভাবে হেডে, সাবহেডে যেরকমভাবে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে তা দেখে, যে সেই বাজেটে ব্যয় বরাদ্দ ধরা হয়েছিল ১৬ হাজার ৫৩৭ কোটি ৫৯ লক্ষ ৯ হাজার টাকা। আর সেই সাপ্লিমেন্টারি বাজেট আজকে দেখাচ্ছে তার থেকে খরচ হয়েছে অনেক। কিন্তু খরচের যে বিভিন্ন উপ বিভাগ সেইগুলো আমাদের সামনে পরিষ্কার হয়ে আসেনি। মাননীয় অর্থমন্ত্রী ৩০টি খাতে এই ডিমান্ড করেছেন। পুঙ্খানুপুঙ্খভাবে এই উল্লিখিত খাতগুলো বিবেচনা করলে, আমরা এই দশ মাস দশ দিনের সরকারের অর্থাৎ ২৩ মে আমাদের শপথ গ্রহণ হয়েছিল। আজকে ২৯ তারিখ দশ মাস দশ দিনের এই সরকারের অসারতাই আমার চোখে পড়েছে। মাননীয় অর্থমন্ত্রী ২০১১-২০১২ সালের বাজেট বক্তৃতায় মনে করেছিলেন যে আলাদিনের আশ্চর্য প্রদীপ হাতে নিয়ে তিনি বাংলার কাছে এসে, বাংলার ত্রাতা হিসাবে অবতীর্ণ হবেন। কিন্তু তিনি মনে করিয়ে দিয়েছিলেন সেদিন আমাদের রবীন্দ্রনাথ ঠাকুরের কথা। আজকে দশ মাস দশ দিন পরে আমার মনে হচ্ছে রবীন্দ্রনাথ ঠাকুরের সেই বিখ্যাত কবিতার লাইন—

When thy golden chariot
Appeared in the Distance
Like a gorgeous dream
Me thought who was this
King of all Kings ?

কিন্তু আজকে দেখছি সেই রাজার, রাজার রাজত্বে অনেক কিছু মানুষের বিরুদ্ধে চলে

গিয়েছে। দশ মাসেই খুলে গিয়েছে আবরণ। শপথ গ্রহণের পর থেকে এই পবিত্র সদনে ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের সমালোচনা করেছেন নিরন্তর। নতুন সরকার গঠনের পর থেকে মানুষকে প্রতিশ্রুতির পর প্রতিশ্রুতি দিয়ে আসা হয়েছে। কখনো কলকাতা হয়েছে লন্ডন। কিন্তু মানুষ দেখেছেন, 'কলিকাতা আছে কলিকাতাতেই।' গত বাজেটের আরবান ডেভেলপমেন্টের কথা একটু মনে করুন। কলকাতা লন্ডন হলে বাড়তি বরাদ্দ মেনে নিতাম। অসুবিধা ছিল না। কিন্তু দশ মাস দশ দিনের মধ্যেই কলকাতারই চোখ ঝাপসা হচ্ছে আমরির আগুনের ধোঁয়ায়। কলকাতা দেখল পার্ক স্ট্রিটের ধর্ষণ কাণ্ড। আর হাতিবাগানের ছাই। বামফ্রন্ট আমলে বিরোধীরা যে শান্তি শৃঙ্খলার প্রশ্ন তুলত, হইচই করত ; ডিম ছুঁড়ত, কাগজপত্র ছেঁড়া হত। সেই পবিত্র সদনে জার্মান থেকে কাঠ এসেছে, আসবাবের রং পাল্টেছে। কলকাতার চোখ ঝাপসা হয়ে গিয়েছে।

[3.10–3.20 p.m.]

আর এই পবিত্র সদনে মা-মাটি-মানুষের সরকারের কার্পেটগুলো, চেয়ার-টেবিলগুলো সবুজ থেকে সবুজতর হয়েছে। খরচ তো বাড়বেই, বাড়ারই তো কথা। গরিব মানুষ ক্লান্ত পায়ে, খোঁড়াতে খোঁড়াতে সন্ধ্যাবেলায় যখন বাড়ি ফিরেছে—খোঁড়া বাদশার চোরা কারবারে বিষাক্ত মদ থেকে ১৭৩ জন মানুষ মারা গিয়েছে। সঙ্গে সঙ্গে কল্পতরুর মতো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন ২ লক্ষ টাকা করে অনুদান দেওয়া হবে। দুই লক্ষ টাকা করে অনুদান দেওয়া হবে। খরচ তো বাড়বেই—সার, ডিজেল, পেট্রোলের দাম, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আকাশের কাছাকাছি পৌঁছেছে। তখন বেড়েছে মন্ত্রীদের মাসের দাম, আমাদের মতো বিধায়কদের মাসের টি.এ.-ডি.এ.-এর দাম। সুতরাং খরচ তো বাড়বেই, সার, ডিজেল, কীটনাশক—মাথার ঘাম পায়ে ফেলে অক্লান্ত পরিশ্রমে যে চাষী ফসল ফলায়, কমেছে সেই ফসলের দাম। আর জীবনযন্ত্রণা থেকে মুক্তি পেতে দশ মাস দশ দিনে, অর্ধশতাধিক কৃষক আত্মহত্যা করেছে। আমরা দেখেছি আত্মহত্যা করেছে। আপনারা বলবেন ১, আমরা বলব ৫০। এটা স্বীকার করে নিতে হবে, স্বীকার করে নেওয়ার প্রয়োজন আছে। মহিলা থানা হচ্ছে, মহিলা থানা হয়ে প্রশাসন কঠোর হচ্ছে ঘর হচ্ছে, বাড়ী হচ্ছে, আর আসামীর উকিল, সরকারীর উকিল হচ্ছে। আর পার্ক স্ট্রিট থেকে কাটোয়া—মেয়েদের নাটোরের বনলতা সেনের মতো দেখছে। পশ্চিমবঙ্গটা হচ্ছে ধর্ষণের স্বর্গরাজ্য। মাননীয় অর্থমন্ত্রী প্রশাসন খাতে ডিমান্ড করেছেন—খরচ তো বাড়বেই। জীবন যন্ত্রণায় কৃষক মরছে। পেনশান না পেয়ে পরিবহণ কর্মীরা মরছে। রাজনীতিতে দূর্বৃত্তায়ন, কথাটা শুনবেন রাজনীতিতে দূর্বৃত্তায়ন গ্রাস করছে পশ্চিমবঙ্গকে, অথচ প্রতিশ্রুতির বন্যায় হাবুডুবু খেতে, তথাকথিত মা-মাটি-মানুষের সরকার ৯০ দিনের ৭০ শতাংশ, ১০০ দিনের ৯৯ শতাংশ, আর ৫ বছরে ৫০ বছরের কাজ করে দেওয়ার প্রতিশ্রুতি ইতিমধ্যে দিয়ে দিয়েছেন। আমরা দেখছি, মাত্র দশ মাস, দশ দিন বাঙালীর সর্বনাশ। পশ্চিমবঙ্গ আজ যেন সেই কবির শিবঠাকুরের দেশ, শিবঠাকুরের আপন দেশে, আইন-কানুন সর্বনেশে। সেই সর্বনেশে আইন প্রণয়ন করছেন—বদলা নয়, বদল চাই বলেছিলেন স্লোগান পরিবর্তন হয়ে গেছে। গণতন্ত্রের জায়গায় দলতন্ত্র এসেছে, পরিবর্তন করতে গিয়ে খরচ বেড়েছে।

অতি বামপন্থার হাত ধরে আপনারা অশান্ত করেছেন জঙ্গল-পাহাড়। চোখে দেখে মনে হয়েছে—

"বন্ধু গো তোমার দুই চোখে নখ,
দুই চোখে স্বর্গতুলি,
অথবা দেখিতে তোমারে দেখিতে
দেবতা সেজেছে কুলি"।

দশ মাসে কৃষিতে চরম সংকট, দশ মাসে ৫০-এর কাছাকাছি কৃষক মরেছে। পাহাড় সমস্যা সমাধানে নাম করে ওপেন করেছেন জি.টি.এ. নামে এক বিষবৃক্ষ। অপেক্ষা করুন বিষবৃক্ষের ফসল ফলবে, মানুষ সেই পরিণাম পাবে, তখন মানুষ আপনাদের বলবে'

'তেলের শিশি ভাঙল বলে,
খুকুর পরে রাগ করো,
তোমরা সবাই ধেড়ে খোকা,
ভারত ভেঙে ভাগ করো'

একথা বলতেই হবে। সর্বশেষে আলোচনার মাধ্যমে একথা বলবই আপনারা দেখেছেন শান্তি-শৃঙ্খলার দেশে, শিক্ষাক্ষেত্র হয়ে গিয়েছে নৈরাজ্যের স্বর্গরাজ্য। ভেঙে গেছে নির্বাচিত সংসদ, ভেঙে দিয়েছেন শিক্ষা সংসদ, রক্তাক্ত হচ্ছে প্রতিদিন শিক্ষার পবিত্র অঙ্গন। কলকাতাকে লন্ডন করবেন বলেছিলেন, হাতে কৃষকদের লণ্ঠন ধরিয়েছেন, কর্মসংস্থানের শূন্যস্থান পূরণ করবেন বলেছিলেন—কতজন মানুষকে চাকরি দিয়েছেন, পরিসংখ্যানটা সঠিকভাবে মানুষকে জানিয়ে দিন। শিল্পের উন্নতির প্রতিশ্রুতি দিয়েছিলেন, আজকে যানজটের মতো জমিজট তৈরি হয়েছে—আমরি থেকে হাতিবাগান। আমরি থেকে হাতিবাগান, দীর্ঘতর হচ্ছে, আপনাদের এই অশনি সংকেত। বি.সি. রায় হাসপাতাল থেকে জেলার সদর হাসপাতাল পর্যন্ত ১০ মাসে শিশুমৃত্যু ঘটেছে। নতুন চিত্রনাট্য তৈরী হচ্ছে। ৩৪ বছরের ইতিহাস, এই ৩৪ বছরের ইতিহাসের কাছে পৌঁছাতে অনেক সময় লাগবে। ১০ মাসে এত অধৈর্য হলে হবে না। অনেক দূর এগোতে হবে। অ্যান্ড মাইলস টু গো বিফোর আই স্লীপ, রবার্ট ফ্রস্টের কথাটা কালকে আপনাদের মনে করানো হয়েছে। আর একবার স্মরণ করিয়ে দিলাম। আর কি হচ্ছে ? চাকুরীজীবীদের মাস পয়লা বেতন হয়েছে, ১০ মাস কৃষক পেনশান পায়নি, ১০ মাস বার্ধক্যভাতা পায়নি, ১০ মাসে প্রতিবন্ধীরা ধুঁকছে। আপনারা দেখেছেন খুন সন্ত্রাসের রাজনীতি, নিরীহ মানুষের প্রাণহানি। এরপরেও দেবপ্রসাদবাবুরা বলছেন, এই সরকারের আশা আছে, এই সরকারের দিশা আছে, এই সরকারের প্রভাতসূর্যের মতো ছটা আছে। দিদিমণি, যত দিন যাচ্ছে, রক্তাক্ত হচ্ছে বাংলা। আইন-শৃঙ্খলা কোথায় ? বর্ধমানের প্রদীপ তা, বর্ধমানের কমল গায়েন আর কেশিয়াড়িতে খুন করলেন আমাদের বিমল সেনাপতিকে। আমরা জানি যারা বামপন্থী কর্মী সমর্থকদের খুন করেছে। আরো কিছু সমস্যা, আপনাদের সামনে আনব যা মানুষের সমস্যা বলে মনে করছি আমরা। বিরোধীদলের কথা বাদ দিলাম, সরকারে আসীন যারা তাদের দ্বন্দ্ব দেখে আমার মন শিউরে ওঠে, মানুষের মন শিউরে ওঠে।

মঙ্গলকোটে ফাল্গুনী মুখার্জী, ইনদাসে আহত ৭ জন বহরমপুর, আরামবাগ সর্বশেষ হরিপাল। বালুরঘাটের ইন্দু তরফদার, কোচবিহারে শরতবাবু, সি.পি.এম. করার অপরাধে রায়গঞ্জের তানজিন খাতুনকে মরতে হয়। কিন্তু নিজেদের মধ্যে খুনোখুনি এক নয়া ইতিহাস তৈরী করছে। প্রদীপ তা, কমল গায়েন, বিমল সেনাপতি ইমানুল হক, কান্দি, কংগ্রেসের মানুষ, সন্তোষ রজত তৃণমূলের, আয়ুব মির তৃণমূলের মানুষ খুন হচ্ছে। মানুষ খুন হচ্ছে, শান্তি-শৃঙ্খলা নেই। অথচ আপনি বলছেন ডিমান্ড নাম্বার ১৮, জাস্টিদের ক্ষেত্রে আপনি বাড়িয়েছেন, সেই ক্ষেত্রে আপনরা অতিরিক্ত ব্যয়-বরাদ্দ চেয়েছেন, সেই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ সমর্থন করতে পারছি না। কারণ মানুষ বড় ক্লান্ত হয়ে গিয়েছে ১০ মাস ১০ দিনে। ৩৪ বছরের সেই জায়গায় আপনারা পৌঁছানোর চেষ্টা করলেও পারবেন না। আমি বলতে চাই যে কথা, আজকে সারা পশ্চিমবাংলায় যেভাবে জীবন যন্ত্রণায় মানুষ ধুকপুক করছে, সেইক্ষেত্রে আপনারা নতুন একটা সরকার এসে মানুষের কাছে প্রতিশ্রুতির পর প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছেন। আর বলছেন আমরা সব করে ফেলেছি, আমরা সব করে ফেলেছি। কিন্তু কি কি করেছেন ? আপনারা এখানে যে ৩০টা ডিমান্ড এনে হাজির করেছেন সেই ৩০টা ডিমান্ড একটার পর একটা মাননীয় অর্থমন্ত্রী আলোচনা করবেন কি কি মানুষের কাজ করেছেন। মাইনোরিটিদের কি কাজ করেছেন, কৃষকের কি কাজ করেছেন আর উন্নয়নের কি কাজ করেছেন। বিভিন্ন জায়গায় আমরা দেখতে পাচ্ছি, ১০০ দিনের কাজ নিয়ে বড় গর্ব করছিলেন, ১০ মাসে ১০০ দিনের কাজ অনেক হয়েছে। আপনি বিভিন্ন জায়গায় গ্রামাঞ্চলে গিয়ে দেখবেন ১০০ দিনের কাজ পুকুর কাটতে মাছ চুরি নয়, পুকুর চুরি করে ফেলছে। কারা ? কারা করছেন, পরিচয়টা পাবেন। সুতরাং আমি এই কথা বলতে পারি, এই সরকারের আশা আছে, দিশা আছে, প্রভাতসূর্যের ছটা আছে এই কথা যাঁরা বলছেন, যাঁরা বলেছিলেন Dark phase will vanish বিশেষ করে ২০১১-১২ সালের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন Dark phase will vanish, আমি মনে করি West Bengal is going to be darker in future, if we don't take any step it will be darkened more and more. ধন্যবাদ আমি সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করতে পারছি না।

[3.20–3.30 p.m.]

শ্রী পরশ দত্ত : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, ২০১১-১২ আর্থিক বছরের অতিরিক্ত ব্যয়-বরাদ্দ যা আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। আজ থেকে দশ মাসের একটু বেশি সময় আগে ক্ষমতায় এই সরকার আসার পর প্রথম যে জিনিসটা দেখলেন, সেটি হচ্ছে অর্থনীতির একটা ধ্বংসস্তূপ পড়ে আছে। সেই ধ্বংসস্তূপ থেকে ভবিষ্যতে এগিয়ে যাবার পথ তৈরী করতে হবে এবং এগিয়ে যাওয়ার রূপরেখা তৈরী করতে হবে। তখনকার অবস্থা দেখে, যে অবস্থায় রেখে গিয়েছিলেন, তা ডিটেল অনেক আলোচনা হয়েছে, আমি সেটাকে রিপিট করব না। সেই অবস্থা দেখে আমার খালি মনে হচ্ছিল কবি সুভাষ মুখোপাধ্যায়ের একটি কবিতার দুটি লাইন—

"প্রিয় ফুল নিয়ে খেলবার দিন নয় অদ্য, ধ্বংসের মুখোমুখি আমরা,
চোখে আজ নেই নীল স্বপ্নের মদ্য, কাঠ ফাটা রোদ স্যাঁকে চামড়া।"

সেই অবস্থা থেকে দাঁড়াতে গিয়ে আমরা দেখলাম তার আগের বছরগুলো যখন পশ্চিমবাংলার অর্থনীতি ধ্বংসের দিকে দ্রুত এগিয়ে চলেছে, সেই সময় এখানে আনপ্রোডাকটিভ খরচা। একের পর এক সেই 'প্রিয় ফুল খেলবার' বাসনায় পূর্বতন সরকার মেতে উঠেছিলেন। ইনফ্রাস্ট্রাকচার তৈরী হয়নি, ওয়েলফেয়ারে তো কোনোদিনই খরচা করেন না। এরাও করেননি। আমি ওয়েলফেয়ারে পরে আসছি। ইনফ্রাস্ট্রাকচারের অবস্থা এত খারাপ ছিল, আমাদের সরকার আসার পরেই প্রথম বছর বাজেটে যে ট্রাঙ্ককেটেড বছরের বাজেট তৈরী করতে হয়েছিল, তাতে ইনফ্রাস্ট্রাকচারের উপর অনেক জোর দেওয়া হয়েছিল। তাতেও খরচা কুলোয়নি। আজকে তাই ইনফ্রাস্ট্রাকচারের উপর জোর দেবার জন্যই মূলত এবং ওয়েলফেয়ার এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টে ডিমান্ড করা হয়েছে। ম্যাডাম, পরিকাঠামোর এমন অবহেলা করা হয়েছে এর আগে, বছরের পর বছর রেভিনিউ খাতে বিশেষ করে নন-প্ল্যান রেভিনিউতে অনেক বরাদ্দ করে অনেক খরচা হয়েছে। হোয়ারঅ্যাজ সেই তুলনায় ক্যাপিটাল এক্সপেন্ডিচার সেইভাবে করা হয়নি। ফলে সম্পদও তৈরী হয়নি। আমাদের সরকার আসার পর সেই সম্পদ তৈরী করার কাজে এগিয়ে পড়েছেন। এরা তো বলতেন 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'। আমি ৩৪ বছর বলব না, ৩৪ বললে ওদের আবার অ্যালার্জি আছে, তাই আমি বলছি বিগত ৩৩ + ১ বছরে 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ' করতে করতে এমন জায়গায় বাংলাকে নিয়ে গেছেন যে পশ্চিমবাংলায় এদের স্লোগান হয়ে দাঁড়িয়েছিল শেষে 'ধাপ্পা আমাদের ভিত্তি, আর ধ্বংস আমাদের ভবিষ্যৎ।' বাংলাকে ধ্বংসের পথে নিয়ে গেছেন। ফলে এদের দলও প্রায় ধ্বংসের পথে। ম্যাডাম, এই যে বাজেট বরাদ্দে অতিরিক্ত ডিমান্ড করা হয়েছে দেখুন, ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ারে ২৮৯.৩৪ কোটি, অ্যাডিশনাল। তার ভেতরে কি আছে ? এস.সি./এস.টি. স্কলারশিপ, বুক গ্র্যান্টস, ওল্ডেজ পেনশন, কেন্দুলির তৈরী প্রোকিওর করবার জন্য কিছু পয়সা আরও গ্র্যান্ট করা হয়েছে। যাতে আরও বেশি কেন্দুপাতা তুলে নিয়ে এসে জঙ্গলমহলের গরীব আদিবাসীরা আরেকটু বেশি স্বনির্ভর হতে পারে। এক বছরে করা যাবে না। ৩৩ + ১ বছরের ময়লা পরিষ্কার করে এগিয়ে যেতে পাঁচটা বছর লাগবে। আমি ওয়েলফেয়ারের আর একটা উদাহরণ দিচ্ছি। এডুকেশান—এডুকেশানে ৩৪১.৯১ কোটি অ্যাডিশনাল ডিমান্ড করা হয়েছে। কেন ? তাতে নন-গভর্নমেন্ট কলেজের ইনফ্রাস্ট্রাকচার বাড়ান। এতগুলি বছর না স্কুল, না কলেজ—তার ইনফ্রাস্ট্রাকচার বাড়াবার জন্য এই সরকার কিচ্ছু করেননি, দু-পক্ষেরই এম.এল.এ.-রা সাক্ষী আছেন। স্কুলের বিল্ডিং-এর ডেভেলপমেন্ট করা, এমন কি স্কুল বিল্ডিং-এর দোতলা হয়েছে তার সিঁড়ি পর্যন্ত তৈরী করা হয়নি। কাঠের সিঁড়ি দিয়ে দোতলায় উঠতে হয়। আমার নিজের অভিজ্ঞতা, আমার এলাকায় এই রকম স্কুল আছে। এই আমরা সকলে মিলে এম.এল.এ. ল্যাড থেকে, বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প থেকে টাকা দিয়ে স্কুলগুলির মেন্টেনেন্স করি। এমন শিক্ষা বক্তৃতা করে যাচ্ছেন। স্কুলেরও তাই, স্কুলের জন্য অ্যাডিশনাল ১০৩৪.৪২ কোটি টাকা অ্যাডিশনাল গ্র্যান্ট ডিমান্ড করা

হয়েছে। প্রি-ম্যাট্রিক আর পোস্ট-ম্যাট্রিক মাইনোরিটি স্টুডেন্টদের জন্য গ্র্যান্ট করা হয়েছে যাতে আরও বেশি স্টুডেন্টদের দেওয়া যায় আর এরা তো মাইনোরিটিকে অশিক্ষিত রাখতে উৎসাহী ছিলেন যাতে অশিক্ষিত থাকে, দরিদ্র থাকে, ছুরি ধরতে পারে আর ছুরি ধরলে ওদের লাভ হয়। কেন, ইলেকশানে ওদেরই সেই ছেলেগুলোকে নিয়ে এসে গায়ের জোরে, তাদের ভয় দেখিয়ে বুথ দখল করাতে পারে তাদের দিয়ে। এই কাজ তো করিয়েছে মাইনোরিটিদের দিয়ে এত বছর। আমরা তাদের উন্নতি করতে চাই। আর উন্নতি করতে চাই বলেই তাদের প্রি-ম্যাট্রিক, পোস্ট-ম্যাট্রিক আরও বেশি স্কলারশিপ দিতে চাই। ...(গণ্ডগোল)... পঞ্চায়েত আর রুরাল ডেভেলপমেন্টে ন্যাশনাল ওলডেজ পেনশান স্কীম এবং পঞ্চায়েতি এলাকার ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য অ্যাডিশনাল গ্র্যান্ট ডিমান্ড করা হয়েছে ৪৩৮.৬৬ কোটি টাকা। ম্যাডাম, সারা পশ্চিমবাংলার পঞ্চায়েতের কি ইনফ্রাস্ট্রাকচার করে রেখেছিল তার একটা উদাহরণ আমি দেব—আমার জগদ্দল বিধানসভার শুধু মামুদপুর পঞ্চায়েতে এমন রাস্তা আছে যে ইলেকশানের সময় পা ফুলে ঢোল হয়ে গিয়েছিল। ৩৩.১ বছরে একবারও সেখানে হাত পড়েনি। পঞ্চায়েতে ইনফ্রাস্ট্রাকচার করেছেন ! খালি মুখে বড় বড় কথা বলেছেন। এখান থেকে ওখান থেকে কোটেশান নিয়ে এসে সেই কোটেশান দিয়ে বড় বড় হোর্ডিং বানিয়েছেন, কাজের কাজ কিচ্ছু করেননি। আমি একটা উদাহরণ দিচ্ছি—এইখানে বসে এই অপজিশান বেঞ্চে বসে আমার মনে আছে, আমরা প্রতিবাদ করছিলাম একটি বাজেটের—আমি নাম করব না একজন পূর্বতন মন্ত্রী ওইখানে বসে বলেছিলেন—'এত চিৎকার করার কি আছে, একবার যখন জিতে এসেছি পাঁচ বছরের সব বাজেট পাশ হয়ে গেছে', এদের কথা শোনার দরকার নেই। অথচ তারাই সারা কলকাতা শহরে হোর্ডিং দিতেন কি—সংখ্যালঘুর কথা মেনে নেওয়া গণতন্ত্রের প্রথম শর্ত। আমরা কি তখন সংখ্যালঘু ছিলাম না ? যখন ওপাশে বসতাম। আমাদের কথা এইভাবে উড়িয়ে যারা দেন তারাই আবার ওই হোর্ডিং বানান। কাজেই এদের কথায়, কাজে মিল বলে পদার্থ ছিল না চিরকাল। আর সেইজন্যই এই ৩৩.১ বছর থাকার পরেও আজকে এদের করুণ অবস্থা। পশ্চিমবাংলার মানুষ ছুঁড়ে ফেলে দিয়েছেন। ম্যাডাম, পাওয়ার ডিপার্টমেন্টে রুরাল ইলেক্ট্রিফিকেশান, এই রুরাল ইলেক্ট্রিফিকেশান নিয়ে খুব মজা করতেন এরা। অতগুলো মৌজায় ইলেক্ট্রিসিটি পৌঁছে গেছে, কি করে পৌঁছাল ? একটা মৌজায় একটা খুঁটি পুঁতে বললেন, এই তো মৌজায় পৌঁছিয়েছি কাজেই এই মৌজা ইলেক্ট্রিফিকেশান হয়ে গেছে। এইভাবে রুরাল ইলেক্ট্রিফিকেশান ধাপ্পাবাজি করেছেন। সেই রুরাল ইলেক্ট্রিফিকেশানের আমরা কাজ শুরু করেছি এবং তার জন্য অ্যাডিশনাল গ্র্যান্ট ২৮৭.৮৯ কোটি টাকা। গ্রাম শুধু আপনারা জানেন না, গ্রামে আমরাও জানি। ওই বাতেল্লা মাঠে বলবেন, এখন শুনবার লোকও নেই আপনাদের। নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টের জন্য অ্যাডিশনাল দুশো কোটি টাকা দেওয়া হয়েছে। নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টে কি করতেন ? আমি ইতিপূর্বে ফাইনান্স স্ট্যান্ডিং কমিটির সদস্য হিসাবে নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টের কাজ দেখতে গিয়েছিলাম, আজ থেকে ছয় বছর, সাত বছর আগে। কাজের কাজ করেছেন কি, তখন বাজেট কত ছিল জানেন ? নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টে কুড়ি কোটি টাকা, মাত্র কুড়ি কোটি টাকা।

[3.30–3.40 p.m.]

অস্বীকার করতে পারবেন ? মাত্র ২০ কোটি টাকা দিয়ে নর্থ বেঙ্গলের উন্নয়ন করেছেন ? নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ডের কোনো পরিকাঠামো নেই, absolutely no infrastructure. ২০ কোটি টাকার মধ্যে কিছু টাকা দিয়েছিলেন—রবীন্দ্রনাথ ঘোষ মহাশয় নেই, উনি চেয়ারম্যান, ওনাকে জিজ্ঞাসা করে দেখুন—নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টের টাকা থেকে NBSTC-কে টায়ার কিনতে টাকা দেওয়া হয়েছিল। আমরা গিয়ে দেখে এসেছিলাম, তিনমাসের মধ্যে নতুন টায়ার সব খুলে নিয়ে পুরনো টায়ার লাগিয়ে দিয়েছে। আজকে চুরির জন্যই তো নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের এত লস।

ম্যাডাম আরেকটা খুব important জায়গায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী নজর দিয়েছেন এবং আজকে উনি অ্যাডিশনাল গ্রান্ট চেয়েছেন 167.5 ক্রোড়স। কিসের জন্য ? Women and Child development. তার মধ্যে রয়েছে সবলা implement করার জন্য, for empowerment of adolescent girls. এই বয়স সন্ধিক্ষণের মেয়েদের পশ্চিমবাংলায় যে কী করুণ অবস্থা তা ভাবা যায় না। গ্রামাঞ্চলে চরম দারিদ্র, চরম বঞ্চনার জন্য মহিলা পাচার পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি। কেন হবে না ? চাকরি দেওয়ার নাম করে যে কেউ ভুলিয়ে নিতে যেতে পারে। ঘরে চাল নেই, বৃদ্ধ মা-বাবাকে খাওয়াবার কিছু নেই, ছোট ছোট সন্তানদের খাওয়াবার কিছু নেই ফলে সেই মেয়েগুলোকে এক শ্রেণীর দালাল ভুলিয়ে বিদেশে পাচার করে দিত, আজও দিচ্ছে। তাদের ডেভেলপমেন্টের জন্য কিছু করা হয়নি। আজকে এমন অবস্থা, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায়, এখানে মুর্শিদাবাদের মাননীয় সদস্যরা আছেন, মুর্শিদাবাদ জেলায় দরিদ্র ঘরের মেয়েরা পাচার হয়ে যায়। এই জিনিস শুধু পুলিশ দিয়ে রোখা যায় না। রুখতে গেলে তাদের ইকোনোমিক ডেভেলপমেন্ট করতে হবে। আমি এমন ঘটনা কোচবিহার জেলায়ও দেখেছি। গ্র্যাজুয়েট মেয়ে, প্রাইমারি স্কুলে পড়ায় কিন্তু ঘরে এমন দারিদ্র যে সে বাধ্য হয়ে পয়সার লোভে বর্ডারে যারা 'ইধার-কা-মাল-উধার' করে এমন একটি স্মাগলার ছেলে, যার হাতে অনেক পয়সা, তার সাথে বিয়ে করতে বাধ্য হয়েছে। এই রকম ঘটনা আমি কোচবিহারে চাক্ষুষ প্রমাণ, দেখে এসেছি। এরকম ঘটনা প্রচুর আছে সারা পশ্চিমবাংলা জুড়ে। সেই মহিলাদের এমপাওয়ারমেন্ট দেওয়ার জন্য অ্যাডিশনাল টাকা দেওয়া হয়েছে। স্বামী পাচার করে দেয়—আজকের কাগজে দেখলাম। তরুণী মেয়েকে তার বাবা বিক্রি করে দিচ্ছে পতিতালয়ের দালালের কাছে। এই অর্থনৈতিক অবস্থায় ফেলে রেখে দিয়ে এঁরা বলছেন ৩৩ প্লাস ১ বছর আমরা পশ্চিমবাংলাকে বহু জায়গায় নিয়ে গেছি। এদের লজ্জা নেই। দু-কান কাটা হলে সে রাস্তার মাঝখান দিয়ে হাঁটে, বুক ফুলিয়ে হাঁটে। এঁদের সেই অবস্থা। সেইজন্য আমাদের মাননীয় অর্থমন্ত্রী ইনফ্রাস্ট্রাকচার এবং ওয়েলফেয়ারের দিকে নজর দিয়েছেন। সবগুলো খাত দেখবেন, আইদার ইনফ্রাস্ট্রাকচার অথবা ওয়েলফেয়ার। আরে, ওয়েলফেয়ার তো এঁরা করবেন না জানা কথা। সারা পৃথিবীর হিসাব খুলে দেখুন, কোনো সোস্যালিস্ট দেশ, কমিউনিস্ট দেশ ওয়েলফেয়ারে এত টাকা খরচ করতে পারেনি যত টাকা ক্যাপিটালিস্ট দেশ খরচ করেছে। স্ক্যান্ডিনেভিয়া তার প্রমাণ। বাজেটের 60% টাকা

ওয়েলফেয়ারে খরচ করতে পারে সুইডেনের মতো দেশ। আর, তার তলায় নেমে আসুন, ইস্টার্ন ইউরোপে, যেখানে ৪০-৫০-৬০ বছর ধরে সোস্যালিস্ট রাজত্ব চলেছে তাদের ওখানে চরম দারিদ্র। দেখে আসুন সার্বিয়া, দেখে আসুন বালগেরিয়া, দেখে আসুন রুমানিয়া। ওয়েলফেয়ারে খরচ করেনি। শুধু বৈভব তৈরী করেছে। এক-একটা ছোটো ছোটো গোষ্ঠী শাসন করেছে তাদের উন্নয়নের জন্য, তাদের সমৃদ্ধির জন্য পয়সা নষ্ট করেছে। আর তার ফল হয়েছে আজকে ওইসব দেশে কমিউনিস্টের নাম করলে লোক লাঠি নিয়ে তাড়া করে। এঁদেরও সেই অবস্থা হবে। কেননা এঁরা মার্কসের নাম করে, লেনিনের নাম করে—হাতকাটা দিলীপের কাজ লেনিনের নাম করে করেছে। এই বাংলায় লাল বাবুলালের রক্তে যে পতাকা রঞ্জিত হয়েছিল, সেই পতাকা নিয়ে এরা রশিদ খানের দালালি করেছে। এর ফল পাবে না ? এর ফল পাচ্ছে, আরো পাবে। ম্যাডাম আমি আজকে এই কথা বলতে চাই, আগামী দিনে মাতৃশক্তিকে ডেভেলপ করার জন্য যেসব স্কিম নেওয়া হয়েছে, ওমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্টে তাকেও সমর্থন করি। পরিশেষে এই সমস্ত টোটাল সাপ্লিমেন্টারি গ্রান্ট ফর ২০১১-১২, একে সম্পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীরা যদি দু-একটা কাটমোশান এনে থাকেন, তার সম্পূর্ণভাবে বিরোধিতা করে পরিত্যাগ করার আবেদন জানিয়ে, আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ ম্যাডাম।

[3.40–3.50 p.m.]

श्री दशरथ तिरकी : माननीय डिपुटी स्पीकर महाशया, सर्वप्रथम मै 2011-12 का Supplementary budget वित्त मंत्री ने आज हाउस मे उपस्थित किये है, इसका मै समर्थन नही कर या रहा हें। कारण, इसको समर्थन करने का कोई कारण इसके दिखाई नही दे रहा हूँ। माननीय सदस्य जिस बात को बोल रहे थे, उनको ध्यान दिलाने के लिये उनको अनुभव कराने के लिये मै 70 दशक के उपर थोडा आना चाहता हूं। हमने देखा हैं आज जिन लोगों ने मों-माटी-मानुस की सरकार बोलकर जो सरकार चला रहे हैं, 70 दशक में इसी तरह को सरकार थी कोंग्रेस की सरकार। आज रंग बदलने या नया कपडा पहनने से मन परिवर्तन नही हो सकता है। हमने देखा है जिस तरह से माँ-मॉटी-मानुस का नारा देकर आम जनता को भ्रमित किया जा रहा है। यह एक जनविरोथी काम है, यह मै सोचता हूं। आप लोगों को गुमराह कर रहे है लेकिन अब जनता समझने लगी है। कारण जब से आप सरकार में आये है तब से एक ही रट लगाये हुये है कि विगत सरकार कुछ नही किया है। मै उदाहरण देता हूं 70 दशक मे एसे ही कोंग्रेस की सरकार थी। हमने खुद अपने कंधे पे गमछा लेकर स्कुल जाते थे। गमछा समझते है आपलोग। हमलोग जब स्कुल जाते थे तो कपडा उतारकर गमछा पहनकर नदी पार होकर जाते थे। उतर बंगाल में जलपाईगुडी जिला मे इतना नदी-नाला है न कल्भर्ट है, न ही कहीं ब्रिज है, ऐसी परिस्थिति था 70 के दशक में। लेकिन आज के दिन मे एसी हालत नही है। 34 साल मे कुछ नही किया है जैसा आप अभी हरेक बात मे बोलते है। लेकिन आज मॉव-ग्राम इलाका मे, वॉर्डर

इलाका मे मै रहता हूँ। मै सीमावर्तो इलाका मे रहता हूँ। कल-परसो सीमा सुरक्षा बल का प्रोग्राम था उसमें मै मौजूद था। उसमें कमान्डेन्ट साहव, आई०जी० साहव, डी०आई०जी० साहव एक चीज उन्होने कबूल किया। पश्चिम बंगाल में आज भी इस एरिया मे बॉर्डर इलाका में हमलोग का इमबेसडर आसानी से जा सकती हे। उनको ये अनुमति हैं। आप माने चाहे न माने। आप बोल ही सकते है। आप नया-नया सरकार मे आये है। आप हल्ला कर ही सकते है। भले ही हमलोग को और भी काम करना चाहिये था कर नही पाये। लेकिन आज school के विषय मे बोलिये बीते 3-4 सालों से गॉव-गॉव के बच्चे लोग छात्र-छात्राये लोग आज अव्वल दर्जा मे आ रही है। आज letter marks पा रही है। लेकिन एक समय एसा था school जाने का नाम नही लेता था गॉव-ग्राम के बच्चेलोग। एसा भी दिन हमलोगों ने देखा है। एसी स्कुल की अवस्था था उस समय। जहों हमलोग गाय-गोरू पालते है न ग्वालघर बोलते है वही ग्वाल घर के जैसा था उस समय। हमलोग नें खुद देखा है। लेकिन आज तो तरक्की हुआ। कम-से-कम school building तो है। बच्चेलोग पढ-लिख तो रहे है। भले हमलोग पूरी तरह शिक्षा दे नही सक रहे है और भी उनको infrastructure की दरकार है अभी दे नही पाये है। लेकिन ये मै नही मानूगां कि हमलोग बीते 34 साल मे कुछ नही किया। जो भी हो, मै बीते साल बजट का जो डिसकसन हुआ उसका जबाबी भाषण मे माननीय वित्तमंत्री जबाबी भाषण में जो यहाँ पर अपना वक्तव्य रखे, उनका जो सोच, चिन्ता उनका, जो उन्नति को नयी दिशा मे ले जाने का दिशा जो दिखाया उनको धन्यवाद देता हूँ। अच्छी सोच है लेकिन साथ मे मै कहना चाहता हूँ कारण मै उतर बंगाल से ताल्लुकात रखता हूँ चाय वगानों से। तराई डुअर्स क्षेत्र मे हमलोग है इसलिये मै उतर बंगाल का ही बात कहूँगा। सर, 2006 मे विगत जो सरकार थी, माननीय ज्योति बसु जी, स्व० ज्योकि बसु जी मुख्यमंत्री थे उस समय, 2006 जून great eastern hotel मे उतर बंग उन्नयन परिषद का गठन किया था। इसमें हमलोगों के दल से भी विधायक सांसद उपस्थित थे। उनका डिमाण्ड था, उनका मॉग था, जिस समय वो सरकार विगत सरकार थी, उस समय हमारे दल के जो विधायक लोगों का जो डिमाण्ड था कि उतर बंगाल के 6 जिलों में 6 जिलों का उन्नति के लिये 1200 करोड का डिमाण्ड था। इसलिये 1200 करोड का डिमाण्ड था कि उतर बंगाल में अभी भी चाय तम्बाकू timber पर्यटन से जो वैदेशिक मुद्रा अर्जन होती थी, करीव 5000 करोड रूपया अर्जन होती थी। इसीलिये वो 5000 करोड रूपया उतर बंगाल से इन्कम होती थी, तो वहों से ये रूपया ये बजट मे रखा जाय ताकि हमारे जलपाईगुडी जिला से लेकर इधर मालदा तक 6 जिला का अच्छा उन्नति हो। लेकिन वो सरकार कर नही पाई, दे नही पायी, असमर्थ रही। इसलिये मै आवेदन करूगा इस सरकार से, ये जो Supplementary budget है इस बजट मे हमारे जो 6 जिला को उन्नति के लिये जो आपलोगों का सरकार अभी उतर बंग development विभाग बनायी है जिसका मंत्री हमारे माननीय गौतम देव जी बहुत

दौडा-दौडी कर रहे है। वो भी हमारे माननीय मुख्य मंत्री जैसे जहों जा रहे है वही घोषणा किये जा रहे है। हमको अच्छा लगा हमको हमारे साथी एक विधायक वर्मा जी उन्होने बताये कि दिल्ली से भी बहुँत fund आयी है। साथ मे हमारे उतर बंगाल के लिये अलीपूर के लिये सुने है कि 400 करोड रूपया का आर्डर हुआ हे। लेकिन ये सिर्फ बातें ही है। सिर्फ कागज-कलम मे ही देख रहे है implement नही हो रही है। आज हमलोग तरस रहे है। ठीक है वाम सरकार अक्षम रही, असमर्थ रही। लेकिन ये जो सरकार आयी है, ये तो कुछ कर दिखाये। क्योकि आज जो वित मंत्री हमारे वुद्धिजीवी आदमी है। सुन्दर दिशा दिखा रहे हे। में चाहुेंगा ये दिशा कामयाव हो। और आज हमारे चाय वगान की स्थिति (कुछ शोरगुल) मै बजट पर तो बोलुंगा ही। चाय वगान के विषय मे कहना चाहूंगा। इसमे हमलोग बजट पुस्तक मे बी देखे कि हमारे माननीय वित मंत्री जी आदिवासियों का उन्नति के लिये, उत्थान के लिये, जो राशि यहाँ मन्जूर किये है सन्तोषजनक नही है, क्योकि उन्होने दर्शाया है सिर्फ जंगल महल का जो आदिवासी लोग है उनको और जो पर्वतीय क्षोत्र मे है उनको। वाकि हमलोग का जो उतर बंगाल मे सारे जो तराई एरिया है, उस एरिया में जो बसने बाले जो आदिवासी लोग है, वो लोग क्या आदिवासी नही हे। उनलोगों के लिए कुछ पथ दिखाये नही है बजट पुस्तिका में। हमारी आशा थी कि चलिये बजट पुस्तिका मे नही है तो supplementary budget मे होगी, लेकिन उसमें भी नही है। आज दुख के साथ कहना पड रहा है हमारे यहों जो स्कूल मे पटने बाले छात्र-छात्राऔ का जो स्टाइपन, जो ये वुक बगैरह मिलती है वो भी अभी बन्द है। दे नही या रहे है। इससे छात्र-छात्राऔ को पटने मे असुडिधा हो रही है। मै आशा करूगा मै हमारे जो वित मंत्री है उनसे दरखास्त करूगा कि जो अनग्रसर विभाग है। जो SC/ST विभाग है इनके उन्नति के लिये अलग से supplementary budget है, उसमें और भी ज्यादा राशि मन्जूर करे। साथ मे ये भी मै निवेदन करूगा वित मंत्री जी से कि North Bengal Development Corporation जो पहले था। इसको मैने बताया स्व० ज्योंति बसु जी ने गठन किए थे। हमारे वर्मा साहव भी बोले कि क्या होगा एक तरफ उतर बंग उन्नयन परिषद और दुसरी तरफ उतर बंग डवलपमेन्ट विभाग जिसका मंत्री हमारे गौतम देव है। अब ये उतर बंग डभलपमेन्ट के लिये जो फण्ड है कहा जायेगी मंत्री के पास न उन्नयन परिषद के पास ये मै साफ जानना चाहता हूं। साथ मे आज जो अवस्था है डुअर्स की। हमारा ये दाबी है डुअर्स मे एक मास्टर प्लान होना चाहिये और डुअर्स पे जितने बी चाय के कल-कारखाने है। मजदूरों का जो उन्नति के लिये आप अलग से चिन्ता भावना किजिये। जैसे आज हमारे चाय वगालो मे आपके बजट पुस्तिका मे हमने देखे कि चाय के उपर से आप cess हटा दिये। इसका लाभ किसको हो रहा है। ये लाभ मालिकों के लिये है। वो साधारण मजदूरों के लिये नही है क्योकि सेस आप हटा दिये। मुनाफा किसका होगा आपका मालिको का। इसलिये चाय श्रमिकों के लिये तो कुछ है नही। इसका आगे भी सोचे, ऐसा प्रोभीजन दिये

एसा फण्ड दिये वो लोग को सुधारने के लिये लोकन new plantation करने के वजाय वो लोग अपना झोली भरने लगे और चाय वगाल का सुधार के लिये कोई चिन्ता भावना नही किये। इसीलिये आपसे मै दरखास्त करूगा कि आप चाय वगान के मजदूरी के उन्नति के लिये और उनका जी Daily wages है, वो उसको बढ़ाने के लिये कई दफे मिटिंग की लेकिन वो असन्तोषजनक decision हूआ। इसलिये मै दरखास्त करूगा इसके उपर बी आप ध्यान दैगे। इतना ही कहके मै फिर से supplementary budget को समर्थन कर नही पा रहा हूं। इतना ही कहके मै अपना वक्तव्य समाप्त करता हूं।

[3.50–4.00 p.m.]

শ্রী তাপস রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ডিমান্ডস ফর সাপ্লিমেন্টারি গ্রান্টস ২০১১-'১২ যেটা এই পবিত্র বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় রেখেছেন, তার সমর্থনে এবং মাননীয় লিডার অফ দি অপজিশান এই মুহূর্তে হাউসে নেই, তিনি ২৭ নম্বর দাবির অন্তর্গত মুখ্যখাত ২০৭০—এতো মুখ্যখাত ছিল এবং দাবি ছিল, সাধারণভাবে আমি এই হাউসের দীর্ঘদিন ছিলাম, কাটমোশান, রিডাকশান মোশান, ছাঁটাই প্রস্তাব সাধারণত আসে না। তিনি একটি বিষয়ের উপর ১০০ টাকার রিডাকশান মোশান দিয়েছেন। আমি তার ভয়ঙ্কর বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। ভয়ঙ্কর শব্দটা কেন ব্যবহার করলাম সেটাতে আসছি তখন আর হাসি থাকবে না, বর্ধমানের অন্তত যারা রয়েছেন তাদের। ১৬ হাজার ৭৮৮ কোটি ৮৩ লক্ষ টাকার মধ্যে—আপনারা ভাবছেন এত টাকা, তার মধ্যে ডিক্রিটাল রয়েছে, তার মধ্যে চার্জড, নন্ চার্জড, ভোটেড রয়েছে। চার্জড আছে। চার্জড তো আলোচনা করা যায় না এগুলো আমরা সবাই জানি এবং খরচা হয়ে যাওয়ার পর আনফোরসিন। একটা বাড়িতে বিয়ে হলে, বাড়িতে কাজ হলেও পরবর্তীকালে খরচা বাড়ে। এখন প্রশ্ন হল সেন্ট্রাল গভর্নমেন্টের গ্র্যান্ট ম্যাচিং। লজ্জা হওয়া উচিত। টাকা পড়ে রয়েছে অথবা ফেরত গিয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্টের গ্রান্ট ম্যাচিং করতে পারেননি। আমাদের সেই সেন্ট্রাল গভর্নমেন্টের গ্রান্ট ম্যাচিং, ডিক্রিটাল, চার্জড, নন্ চার্জড, ভোটেড—আমরা সরকারে এসে হাতে নিয়ে যে সমস্ত জায়গাগুলো, এরিয়াগুলোকে আমরা বেছেছি, তাতে চার্জড হচ্ছে ১১ হাজার ১২৭ কোটি কিছু লক্ষ হাজার, ভোটেড হচ্ছে ৫ হাজার ৬৬১ কোটি ৭৩ লক্ষ ৫৩ হাজার—এর উপরেই আলোচনা হওয়া উচিত বা আলোচনা করা উচিত। যাই হোক সকলেই আলোচনা করলেন, নতুন বিধায়কদের আমি সে দোষ দেবে না, তারা আস্তে আস্তে জেনে যাবেন বা বুঝে যাবেন আনিসুর রহমানের মতো তাদের প্রবীণ বিধায়কের কাছে। প্রশ্ন হল যে, এই মুহূর্তে আজকের দিনে টোটাল লোন ২ লক্ষ ২৬ হাজার কোটি টাকা এবং আজকের দিনে রিপেমেন্ট এবং ইন্টারেস্ট সেটা ২৫ হাজার কোটি টাকা। ৯ হাজার কোটি টাকা মাইনে দিতে হয়, ৫ হাজার কোটি টাকা পেনশান দিতে হয়। না হলে হইচই করবেন, ওই সমস্ত লিখে টিকে নিয়ে আসবেন। এমতাবস্থায় ডঃ অমিত মিত্রকে সাধুবাদ জানান, দাঁড়িয়ে উঠে একটা স্যালুট করুন যে, আজও পর্যন্ত কিন্তু এই আর্থিক সংকটের টেরোরিস্টরা

অ্যাটাক করতে পারে বলে দেশের বিভিন্ন জায়গায় যেমন রেড অ্যালার্ট করা হয়, আর্থিক সংকটে দু-তিনবার মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনি জানেন রেড অ্যালার্ট জারি করেছিলেন ম্যাসাচুসেটস-এর ডক্টরেট। অর্থমন্ত্রী আমাদের মা-মাটি-মানুষের সরকারের, মমতা ব্যানার্জীর ক্যাবিনেটে ডঃ অমিত মিত্র রেড অ্যালার্ট জারি করেননি। পয়লা তারিখে মাইনে হচ্ছে, পুরো পেনশান হচ্ছে। এটা আর অন্য কিছু নয়। এটা দায়বদ্ধতার নজির। আমরা দায়বদ্ধ—আপনাদের কাছে নয়, আমরা দায়বদ্ধ বাংলার মানুষের কাছে। সেই দায়বদ্ধতাই দেখিয়েছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। দায়বদ্ধতার নজির আছে পাতায়-পাতায়, ছত্রে-ছত্রে, পরতে-পরতে দায়বদ্ধতা রয়েছে। আমরা, আপনারা যতই বিরোধিতা করবেন আমরা জানব যে, আপনারা না আসতে পারার ব্যাপারে চিন্তিত হয়েই আমাদের আক্রমণ করছেন। আমরা সঠিক পথে চলছি, ঠিক কাজ করছি। আপনারা সোসাল সেক্টরে দেখেছেন ? সোসাল সেক্টরে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের ক্ষেত্রে কত টাকা দেওয়া হয়েছে, সেটার দিকে আপনারা নিশ্চয়ই তাকিয়েছেন এবং দেখেছেন। ডাঃ সূর্যকান্ত মিশ্র আসুক, আমি তারপরে বলব। ডিমান্ড নম্বর ১৮, তার মুখ্যখাত ৬০০৩, ৬০০৪। সেই ৬০০৩, ৬০০৪ মুখ্যখাতেই আপনি দেখুন, যে এগুলো চার্জড। লজ্জা লাগে, কষ্ট লাগে এই টাকাগুলো বাংলার কত উন্নয়নের কাজে লাগতে পারত। আপনারাও পারতেন। যখন ছিলেন, করেননি। কিন্তু আমাদের সেটা করার কথা ভাবতে হয়। একটা হচ্ছে আর বি আই থেকে Wage and means অ্যাডভান্স নিয়েছিলাম ১০ হাজার ৮৯৯ কোটি টাকা। ভাবুন ১০ হাজার ৮৯৯ কোটি টাকা হচ্ছে আপনার ডিমান্ড ১৮, হেড অ্যাকাউন্ট ৬০০৩-তে। ঠিক বলছি তো আনিসুর সাহেব ? আর সেই দাবির অন্তর্গত আর একটা মুখ্যখাত ৬০০৪। সেই ৬০০৪-এ ১২ হাজার ৯৯৯ কোটি টাকা আমাকে রি-পেমেন্ট করতে হচ্ছে consolidated in terms of recommendation of the 13th Finance Commission. তাহলে কোথায় দাঁড়িয়ে আমরা ? সেই জায়গায় দাঁড়িয়ে তিন ঘণ্টা আলোচনা হচ্ছে। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, এই সাপ্লিমেন্টারি, যেন মনে হচ্ছে এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টের উপর এই প্রথম ডঃ অমিত মিত্র সদনের অনুমোদন চাইতে এসেছেন বা তার জন্য তিনি এখানে আমাদের সদস্যদের কাছে এবং হাউসের কাছে এটা রেখেছেন। সাপ্লিমেন্টারি গ্র্যান্টের ওপরে—এ তো নিয়ম পার্লামেন্টে, বিভিন্ন অ্যাসেম্বলীতে, আমাদের অ্যাসেম্বলীতেও সাপ্লিমেন্টারি গ্র্যান্টের ওপর, সব সময় একটা খরচ হয়ে যায়, তারপরেও কোনো খরচ, একটাও টাকা খরচ করা যায় না Before and after যতক্ষণ পর্যন্ত আমরা বা এই হাউস, এই সদন অনুমোদন না দিচ্ছে। এই যে আপনার ম্যাচিং গ্র্যান্ট সেন্ট্রাল শেয়ারের, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, সেখানে আমাকে ৪৮ কোটি ৯৬ লক্ষ টাকা দিতে হচ্ছে। এটা ডিমান্ড ৫, মুখ্যখাত ২৪০১। আমাকে সোসাল সার্ভিস ডিমান্ড ৭-এ এস. সি., এস. টি., ও.বি.সি.-দের জন্য ২২২৫ মুখ্যখাতে দিতে হচ্ছে ২ কোটি ৮৯ লক্ষ টাকা। কেন ? কেন্দুপাতা প্রকিয়োর করার জন্যে আমাদের টাকা দিতে হচ্চে। যে কেন্দু পাতা প্রকিয়োরমেন্টের কথা আপনারা ভাবতেনই না, আপনারা গ্রহণই করতেন না। আপনারা সেই পিছিয়ে পড়া পশ্চিমাঞ্চলের মানুষদের কথা কোনোদিন ভাবেননি তারা কিভাবে থাকবে, কি করবে না করবে। জঙ্গলমহলের মানুষ, আদিবাসী মানুষ, এস.সি.,

এস.টি., ও.বি.সি. মানুষ তাদের কথা মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে ভাবতে হয়। আপনারা সব তো মন্ত্রী ছিলেন। কি করেছিলেন পাশাপাশি সমস্ত আদিবাসী মন্ত্রীরা ? শুধু নিজেদের আখের গুছিয়েছেন। আদিবাসীদের জন্যে কোনো কাজ করে যাননি আপনারা এবং আপনাদের সরকার। আজকে প্রশ্ন হচ্ছে ডিমান্ড নং ৮, মুখ্যখাত ৬৪২৫, ১৪ কোটি ৯৯ লক্ষ ৮০ হাজার টাকা বেনফেডকে আমরা দিয়েছি। কেন দিয়েছি ? প্যাডি প্রকিয়োরমেন্টের জন্য। বলুন, কোনো জায়গা আছে আপনাদের বিরোধিতা করার ? আপনারা ১২নং দাবির অন্তর্গত মুখ্যখাত ৪৫৭৫-এ আমরা ৯০ কোটি টাকা দিয়েছি। কেন দিয়েছি ? পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ায় integrated action plan যে কথাটা আমরা বলেছি, যেটা ভেবেছি, সেই কাজটা করবার জন্য। আমরা ৩৪১ কোটি ৯২ লক্ষ ৭৫ হাজার টাকা দিয়েছি, ১৩নং দাবির অন্তর্গত ২২০২ মুখ্যখাতে। কি জন্যে দিয়েছি ? আমরা দিয়েছি non-government কলেজ এবং ইনস্টিটিউশনে, যা কখনোও ৩৪ বছরে বাম সরকার ভাবতেও পারেনি। বলুন জায়গা আছে ? আনিসুর বাবুতো বলবেন আমার পরে, উত্তর দেবেন উনি আজকে ১৩ কোটি ১৯ লক্ষ ৪৬ হাজার টাকা দিয়েছি। কিসে ? লাইব্রেরি সায়েন্স ডাইরেক্টরেটকে। ভাবতে পারেন ? আপনারা লাইব্রেরি লাইব্রেরি করে যখন চিৎকার করছেন, তখন ডঃ অমিত মিত্র লাইব্রেরি সায়েন্সের ডাইরেক্টরেটকে ১৩ কোটি ১৯ লক্ষ ৪৬ হাজার টাকা দিয়েছেন ১৪নং দাবির অন্তর্গত ২২০২ মুখ্যখাতে। আমাদের ১৫নং দাবির অন্তর্গত ২২০২ মুখ্যখাতে আমরা দিয়েছি ১ হাজার ৩৪ কোটি ৪২ লক্ষ ৪৬ হাজার টাকা। কি জন্যে দিয়েছি ? সেখানে আমরা দিয়েছি প্রাইমারি টিচারদের মাইনে দেওয়ার জন্যে।

[4.00–4.10 p.m.]

আরও যেখান থেকে অ্যাডিশনাল ফান্ড, সেখান থেকে আমরা বিভিন্ন স্কুলে কম্পিউটার দেব। যেটা ICT on school project, যে প্রজেক্ট আমাদের রয়েছে, সেই প্রজেক্টের অন্তর্গত। আমরা ১৮নং দাবির অন্তর্গত ২০৭১ যে মুখ্যখাত, তাতে ১৫০৬ কোটি ৩৬ লক্ষ ৪০ হাজার টাকা দিয়েছি। কি জন্য দিয়েছি ? প্রাইমারি এবং সেকেন্ডারি স্কুলের যে এমপ্লয়ি, তাদের পেনশন দেওয়ার জন্য এই টাকাটা দিয়েছি। বলুন দেব না। বলুন অন্যায় হয়েছে। বিরোধিতা করুন। মাননীয় বিধায়ক আনিসুর রহমান সাহেব আপনার বক্তব্যে আপনি বলবেন। আমরা এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড যেটার সাপ্লিমেন্টারি এস্টিমেটে আমরা ২০নং দাবির অন্তর্গত ২৪০৫-এ—এই কথা হচ্ছিল, আপনারা বলছিলেন, মৎস্যমন্ত্রী আবু হেনা সাহেব, আপনার জেলার তিনি উত্তর দিয়েছিলেন—সেখানে আমরা ৫ কোটি ১২ লক্ষ ৩১ হাজার টাকা দিয়েছি। সেখানে আমরা দিয়েছি মেরিন ফিশারিজদের ইনফ্রাস্ট্রাকচারের জন্য, যে প্রশ্ন এখানে করছিলেন আপনারা। ভালো প্রশ্নই করেছিলেন। আমরা ২১নং দাবির অন্তর্গত ৬৪ কোটি ৯২ লক্ষ ৫০ হাজার টাকা দিয়েছি আমরা। ওয়েস্ট বেঙ্গল এসেন্সিয়াল কমোডিটিস সাপ্লাইজ কর্পোরেশনকে, ডব্লু.বি.ই.সি.এস.সি.-কে। তাদেরও দিয়েছি প্যাডি প্রোকিওরমেন্টের জন্য। সাপ্লিমেন্টারি গ্রান্টের বিরোধিতা করার কোনো জায়গা আছে আপনাদের ? নেই। আমরা হেল্‌থ এবং ফ্যামিলি ওয়েলফেয়ারে ২৪নং দাবির অন্তর্গত ৩২১০নং যে মুখ্যখাত, সেখানে

১০০ কোটি টাকা দিয়েছি। সেই ১০০ কোটি টাকা ব্যাকওয়ার্ড রিজিয়ন গ্রান্ট ফান্ড যেটা রয়েছে, সেইসমস্ত জায়গার উন্নতি করা হবে এই টাকায়। ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য আমরা দিয়েছি ১৭ কোটি ১৮ লক্ষ ৩৪ হাজার টাকা। ডিমান্ড ২৫, ৩০৫৪ হেড অফ অ্যাকাউন্টে। স্পেশাল এরিয়া প্রোগ্রাম যেটা রয়েছে ২৬নং ডিমান্ডের অন্তর্গত ২৫৫১, সেখানেও হিল এরিয়াতে—আমার সঙ্গে কথা হচ্ছিল হরকা বাহাদুর ছেত্রীর, সেই হিল এরিয়াতেও আর.আই.ডি.এফ.-এর অধীন, আমরা টাকা দিয়েছি। আজকে মাননীয় সূর্যকান্ত মিশ্র ছাঁটাই প্রস্তাব দেন। আমি জানি নন্দীগ্রাম, সিঙ্গুর, নেতাইয়ের পর যখন খোকাবাবুর প্রত্যাবর্তন হয়নি, তেমনি ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে এইজন্য যে, খোকনবাবু জেলে যাতে না যায়। এই কমিশন যেটা হয়েছে, যার উপর উনি ছাঁটাই প্রস্তাব এনেছেন, এই কমিশন আগামীদিনে খোকনবাবুকে জেলে পাঠাতে পারে। প্রণব, জিতেন এবং মলয় সাঁইদের যারা হত্যা করেছিল, শুধু হত্যাই করেনি, হত্যা করে তাদের রক্ত মায়ের মুখে ছিটিয়ে দিয়েছিল। আজকে তাই কমিশন হয়েছে এবং সেই কমিশনের বিরুদ্ধে আপনারা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে যদি ন্যুরেমবার্গ ট্রায়াল হতে পারে, ৫০ বছর পরে যদি আয়ুব খানের শাস্তি হতে পারে, তাহলে কেন ৪০ বছর পরে খোকনবাবুর শাস্তি হবে না ? এই বলে আমি এই গ্রান্টকে সমর্থন করে এবং এই রিডাকশন মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ১৬ হাজার ৭৮৮ কোটি ৮২ লক্ষ টাকার যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে রাখা হয়েছে, বিরোধিতা করছি না—তাপসবাবুরা তো ভয়েই কাহিল যে, হয়তো বিরোধিতা করছি। না, বিরোধিতা করছি না, কিন্তু আমাদের কিছু বক্তব্য আছে, সেই বক্তব্যের যথাযথ উত্তর যদি পাই তাহলে সব সমর্থন করব। এমনকি সূর্যবাবু এখানে যে কাটমোশান এনেছেন, যদি যথাযথ যুক্তি পাই আমরা, যদি উত্তর পাই তাহলে তাকেও সমর্থন করব। কিন্তু প্রশ্ন হচ্ছে একটাই, ছোটোবেলায় স্কুলে একটা কথা শিখেছিলাম, কথাটা আমার আজও মনে আছে, কথাটা হচ্ছে রবীন্দ্রনাথ ঠাকুরের একটা ইংরেজি কথা—'টুথ হ্যাজ নো জিওগ্রাফি।' সত্যের কোনো ভূগোল নেই। যা সত্য, সবার জন্যই সত্য। যা সত্য তা সকলের জন্য সত্য। আমার মা মারা গেলে আমি কষ্ট পাই। আমেরিকার মা মারা গেলে আমেরিকার লোক কষ্ট পায়। সূর্য পূর্ব দিকে ওঠে আমার জন্য ওঠে, আপনার জন্যও ওঠে। এটা যদি সত্যি যে আমরা চিৎকার করছি সত্য তো একটাই হবে। চিৎকার হবে কেন এত ? চিৎকার হচ্ছে কেন ? সেইটা হচ্ছে আমাদের সবথেকে বড় ট্রাজেডি। ৬৫ বছর হয়ে গেল আমাদের দেশ স্বাধীন হয়েছে। অনেক বাড়িঘর হয়েছে, অনেক রাস্তাঘাট হয়েছে। সারা পৃথিবীর দশটা বড়লোকের মধ্যে আমাদের দেশে চারজন আছে তাও সত্যি। সবই সত্যি। কিন্তু যেটা সবথেকে অবহেলিত হয়েছে তা হচ্ছে আমাদের দেশে মানুষ তৈরী হয়নি। আমরাও দায়ী, সবাই দায়ী। আমি কাউকে ছোটো করছি না। মানুষ তৈরী হয়নি কেন ? একটু আগে পরশবাবু বক্তৃতা দিচ্ছিলেন। ভালো লাগছিল শুনতে। কি বললেন ? নারী পাচার। বাবা মেয়েকে বিক্রি করে দিচ্ছে। কে দায়ী ? আপনি আপনার মেয়েকে

ভালোবাসেন না ? আমি আমার মেয়েকে ভালোবাসি না ? কখন দেয় ? মানুষ সবথেকে পৃথিবীতে কাকে ভালোবাসে ? কেউ বলে আমার প্রেমিকাকে ভালোবাসি, কেউ বলে আমার মাকে ভালোবাসি, কেউ বলে আমার বাবাকে ভালোবাসি, না, সব মিথ্যে কথা। মানুষ সবথেকে বেশি ভালোবাসে নিজেকে। গায়ে একটু আঘাত লাগলে যন্ত্রণা হয়, ছটফট করে। সেই মানুষ জীবন দিতে পারে তখনই যখন সে মনে করে এটা আমার করা দরকার। তো, সেই মানুষ তৈরী করাই ছিল আমাদের সবথেকে বড় কাজ। হয়নি। একটা ছোট্ট ঘটনা আমার মনে পড়ে। আমি একবার গিয়েছিলাম অস্ট্রেলিয়াতে। চায়না, সিঙ্গাপুর একটা প্রোগ্রামে গিয়েছিলাম। অস্ট্রেলিয়াতে একটা অদ্ভুত ঘটনা ঘটল। সব দিকে প্রচার যে কেলেঙ্কারী হয়েছে—স্ক্যাম। যাকেই জিজ্ঞাসা করি লজ্জায় বলে না। যাকেই জিজ্ঞেস করি বলে না। আমি টি.ভি. ইত্যাদি দেখে বুঝলাম যে স্ক্যাম হয়েছে। কি ? তাতে একজন এম.পি. গাড়িতে করে বাড়ি যাচ্ছে। রাস্তায় গাড়িতে একটু ঘুমিয়ে ছিলেন। এটাই নাকি স্ক্যাম। আমি মানে বুঝতে পারলাম না। আমাকে একজন বুঝিয়ে বলল ওই যে ক-ঘণ্টা ঘুমিয়েছে। ওই জন্য অনেক টাকা পাবে। এটা তার জন্য দুর্নীতি। আমি মনে মনে হাসলাম যে আমার দেশের এম.পি. পরের একটা মেয়েকে ভাড়া করে নিয়ে বিদেশে পাচার করে দিয়ে আসে সে বুক ফুলিয়ে বলে এম.পি.। লজ্জা না আমাদের ! আমারও লজ্জা। সকলের লজ্জা। যারা এদেশ পরিচালনার সঙ্গে যুক্ত আছে কেন্দ্র হোক, রাজ্য হোক আমাদের সকলের লজ্জা যে আমরা মানুষ তৈরী করতে পারিনি। কি করেছি। ছোটোবেলায় শুনতাম যে ইংরেজরা আমাদের ব্যুরোক্র্যাসি শিখিয়েছে। ভালো করে বুঝতে পারতাম না। গাঁয়ের ছেলে ব্যুরোক্র্যাসি মানে কি ? আমি একটু কষ্ট করে বুঝলাম ব্যুরোক্র্যাসি মানে হচ্ছে হাউ টু প্লিজ দি বস। বসকে খুশী কর। ডি.এম. সাহেব যখন বি.ডি.ও. অফিসে যাবে খুব ব্যস্ত। কত মোটা গদি লাগাব, কত ভাল খাওয়াব। আবার মন্ত্রী যখন সেক্রেটারির ঘরে যাবে তখন তাকে খুশী করার জন্য ব্যস্ত। আর নীচে আমাদের একটাই কাজ হাউ টু প্লিজ দি ভোটার। বুকে হাত দিয়ে বলতে পারব ? চুরি করে আমার কাছে গেলে থানায় একটু বলে দিই না ভোটটা পাওয়ার জন্য। এই আমাদের কথা হচ্ছিল যে দারিদ্র্যসীমার নীচে। এই হলেই তো মনে আছে ২০০৭ সালে দারিদ্র্যসীমার নীচে—তালিকা তৈরী হল। এই হলে গোলমাল ভীষণ। তিনতলা বাড়িওয়ালা হয়ে গেছে, চারতলা বাড়িওয়ালা হয়ে গেছে। কাঁচা বাড়ি হয়নি। সব সত্যি আমি একটাও অস্বীকার করছি না। তো আমাদের মুখ্যমন্ত্রী বললেন যে এক কাজ করুন, আমরা দু বছর বাড়িয়ে দিলাম। আবার নতুনভাবে হোক। নতুনভাবে দরখাস্ত হোক। সকলে দরখাস্ত করুক। কে কে বাদ পড়েছে। কে কে বড়লোক, কে কে গরীব। অভিযোগ আসুক, তদন্ত হবে। তখন সংখ্যা ছিল ৪৫ লক্ষ ফ্যামিলি। দরখাস্ত পড়ল কত। আরও বাড়তি ৪৫ লক্ষ। ছিল ৪৫ হয়ে গেল ৯০। এই ৪৫-এর সবটাই হয়েছে যোগ কর, বাদ দিও না। কেন ? কারণ যাকে বাদ দেওয়া হবে সে ভোট দেবে না। চারতলা বাড়ি, চোখের সামনে দেখছি অন্যায় কিন্তু বলছি না কেন ? ভোট দেবে না। আত্মসমালোচনা না করে চিৎকার করলে চিৎকার হবে। কেউ কারো দাঁত ভাঙব, কেউ কারোকে মারব, কেউ কিছু বিচার করব না। এসব করার ক্ষমতা আমাদের যথেষ্ট আছে কিন্তু মানুষ হতে পারব না। ভারত আবার জগত সভায় শ্রেষ্ঠ আসন নেবে

বক্তৃতায় বলতে পারি কাজের বেলায় হবে না। সেজন্য আমি বিনীতভাবে বলি যে সাদাকে দয়া করে সাদা বলুন কালোকে কালো বলুন। আমি চাইলেই কালো সাদা হয়ে যাবে না। হতে পারে না। আমি তার জন্য বিনীতভাবে অনুরোধ করছি যে যাতে একটা সম্পর্ক নিয়ে আমরা সকলে এক দায়িত্ব নিয়ে এসেছি সে কর্মচারী হোক, জনপ্রতিনিধি হোক, এম.পি. হোক সে গ্রাম পঞ্চায়েতের মেম্বার হোক সকলের গোল একটাই।

[4.10–4.20 p.m.]

সবারই বোল একটাই মোটো একটাই তা যদি হয়, তাহলে বিরোধ কেন হবে। আমার দ্বিতীয় প্রশ্ন—অমিতবাবুর কাছে ভাবছিলাম বলব না। বলে লাভ কি। আমাকে অনেকে বললেন বলে লাভ কি ? অমিতবাবুর নিজস্ব ফরমুলা আছে। এটা নিয়ে প্রশ্ন করুন একটাও বলবেন না। খুবই কষ্ট হয়। অমিতবাবু একজন পণ্ডিত মানুষ অর্থনীতিবিদ। গাঁয়ের ছেলে লেখাপড়া শিখতে পারিনি। অর্থনীতি কাকে বলে জীবনেও জানি না। বাজেট কাকে বলে জানি না। ঠেলায় পড়ে বলতে হয়েছে উপায় নেই। প্রশ্ন করতে গিয়ে আমরা হয়তো ফালতু বকতে পারি। ভুলভাল বলতে পারি। তার জন্য উনি আমাদের শিখিয়ে দেবেন। তার জন্য উনি আমাদের জানিয়ে দেবেন, বুঝিয়ে দেবেন, বলে দেবেন। এটাই তো মন্ত্রীর কাজ। ব্যঙ্গ করবেন ! ব্যঙ্গ করে উত্তর দেবেন ! তাতে স্বাস্থ্য ভালো হবে ! জানতে চাই, বুঝতে চাই, শিখতে চাই। ২০ বছর মন্ত্রী ছিলাম। এসেছি, দুটো প্রশ্নের উত্তর দিয়েছি, চলে গেছি। কাকে বলে বাজেট, কাকে বলে সাপ্লিমেন্টারি, কাকে বলে অ্যাপ্রোপ্রিয়েশন, কাকে বলে ফিনান্স বিল, কোনোদিনই শিখিনি। উত্তর তো একবারও পেলাম না। এর আগেও অনেকবার প্রশ্ন করেছিলাম, উত্তর পাইনি। এবারে অনেকগুলি প্রশ্ন করলাম, একটারও উত্তর পেলাম না। আমাদের বিরোধী দলনেতা জিজ্ঞাসা করেছিলেন আপনাদের মনে আছে, তিন হাজার কোটি টাকার বিল নাকি ফাঁকা পড়ে আছে। পেমেন্ট হয়নি। পরে আমরা দেখছি যে ওখানে প্রারম্ভিক দিক, মানে ওপেনিং আর ক্লোজিং এটার নিয়ম হচ্ছে একটাই। ৩১শে মার্চ ক্লোজিং হয়, ১লা এপ্রিলে ওপেনিং হয়। এটাই ছোটো থেকে শিখে এসেছি। তাতে দেখলাম ১৬৯ না কি প্লাস হয়ে আছে। বারে বারে জানতে চাওয়া হল, বলুন না আমরা শিখি। অসীমবাবুর চালাকিটা আমরাও ধরব। আমরাও জানব যে কোথায় চালাকিটা হয়েছে। উত্তরটা পেলাম না। আমরা জিজ্ঞাসা করলাম তো কত এমপ্লয়মেন্ট হয়েছে বলুন ! অ্যাকচুয়ালি কি হয়েছে বলুন ? ভাসা ভাসা বলছেন কেন ? বিপুল বিশাল বলেছিলাম, বলে তো লাভ নেই। যা ঘটনা বলুন। কে সমালোচনা করবে, কে দোষ দেবে। আমাদের সংকট আছে, আমরা গরীব মানুষ, আমাদের রাজ্যে আর্থিক সংকট আছে। আলোচনা আরও হতে পারে। কিন্তু উত্তর না দিয়ে এড়িয়ে গিয়ে লাভটা কি হবে ? এই যে আমি বলেছিলাম এগ্রিকালচারের কথা। আপনি জড়িয়ে দিলেন। আমি কখনো বলিনি যে না এর সুযোগ নেই। আমি তো বলেছিলাম যে হর্টিকালচারে সুযোগ আছে। প্রাণীসম্পদে সুযোগ আছে। দুধে ঘাটতি আছে, ডিমে ঘাটতি আছে, মাছে ঘাটতি আছে। অনেক সুযোগ আছে। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে আমাদের এখানে অনেক সুযোগ আছে। আমি বলেছিলাম যে, শুধু এগ্রিকালচারে আজকের যুগে দাঁড়িয়ে কেউ যদি ভাবে

৭০% আমি এমপ্লয়মেন্ট দেব, এটা পাগলামি ছাড়া কিছু নয়। এটা আমি আবারও বলছি। আমি এখনও বলছি অন্য ক্ষেত্রে আছে। আমি এই কথা এই কারণে বলেছিলাম আমেরিকাতে একবার গিয়েছিলাম। আমি অত জানি না, তবে সেখানে দেখে এসেছিলাম। যে ওদের এই ওয়ার্কফোর্সের কত পারসেন্ট এই এগ্রিকালচারে কাজ করে। কমতে কমতে এই দেড় দুইয়ের কাছে চলে এসেছে। চোখে দেখা। কারণটা আলাদা বিশাল যান্ত্রিক ব্যবস্থা। ভাবাই যায় না, ওর সঙ্গে আমাদের তুলনা হয় ! আমাদের এক বিঘা, আধ বিঘা, দশ কাঠা, পনেরো কাঠা, নিয়ে ছোটো ছোটো জমি আর ওখানে তিন হাজার, চার হাজার পাঁচ হাজার একর নিয়ে এক একটা বড়ো বড়ো ফার্ম। অস্ট্রেলিয়াতে ছয় হাজার সাত হাজার করে এক একটা ফার্ম। এখানে বিশাল গমের জমি, তার সঙ্গে শুয়োর, তার সঙ্গে সব মিলিয়ে বিশাল ব্যাপার। তার সঙ্গে আমাদের তুলনা হয় না। তাদের কষ্ট হচ্ছে আলাদা। সেইজন্য বলছি উত্তরগুলি না পেলে আমাদের আলোচনাটা হবে কি ? সেটা আমি বলার চেষ্টা করেছিলাম। দ্বিতীয় বিষয় হচ্ছে অতিরিক্ত বরাদ্দের কথা বলেছেন। সমর্থন করব না কেন ? এতে দোষের কিছু তো নেই। এটা তো হবেই। নিয়মটা তো এই কারণেই করা হয়েছে। বাজেট হবে একটা। সেখানে একটা ভাবনা নিয়ে তো আর কেউ পকেটের টাকা নিয়ে বাজেট করে না। অনুমান করেই করে যে আমি এই এই পাব, এই এই করব। দ্যট ইজ দ্য বাজেট। এই বাজেট মিলতেও পারে আবার নাও মিলতে পারে। ১০০ টাকা আশা করছি পাব পেলাম না। ১৫০ টাকা খরচ করব ভাবছি, করতে পারলাম না। তার বেশি লেগে গেল। হতেই পারে। এইজন্যই তো সাপ্লিমেন্টারি বাজেট এটা তো হতেই পারে। আবার শুধু সাপ্লিমেন্টারি বাজেট নয়, আরও একটা আছে পরে। এটা করার পরেও যদি দেখা যায়, আবার কিছু বাড়তি খরচ হয়ে গেল সেটাকে বলে আনফোরসিয়েবেল, আনঅ্যাসেসেবল। এমন আমি একটা কাজ করছি যে অ্যাসেস করতে পারলাম না যে কততে শেষ হবে। ১০ টাকা বাড়তে পারে, সেটা খরচ করতে হতে পারে। ১০ টাকা কম হতে পারে। খরচ করতে হতে পারে। যেটাকে আমরা বলি একসেস এক্সপেন্ডিচার। সেটা আবার পরে আছে। সেটা আবার আসবে। দোষের কিছু নয়। পরিমাণ নিয়ে আমার কোনো প্রশ্ন নেই। তার মধ্যে আবার দেখবেন এই যে টোটাল বাজেট কত— ৮৭,০০০ কোটি টাকা। আমাদের মন্ত্রী যেটা রেখেছেন ১৬,০০০ কোটি টাকা। কত প্রায় ২০ ভাগ। অসীমবাবুর সময়ে ছিল না ? ছিল। অসীমবাবুর ছিল প্রায় এগারো হাজার কোটি টাকা। সেই ২০% হোক, ১৮% হোক ছিল, ওটা থাকবে। প্রশ্ন সেখানে নয়, প্রশ্ন হচ্ছে আমি খরচ যেটা করব সেখানে কোথায় করব। আর আগে কি গুরুত্ব দিয়েছি। কোথায় গুরুত্ব দেব, কোথায় দেব না, সেটাই হচ্ছে আমার বড় প্রশ্ন। প্রথম যেমন কয়েকটি বিষয় আছে যেমন, আর.কে.ভি.ওয়াইয়ের কথা বললেন। ডিমান্ড নাম্বার ৫-এ আছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া টাকা দেয়। আগে ওরা একটা ভালো কাজ করেছে। আমাদের দাবি ছিল যে টাকা সরাসরি দিতে হবে। আমাদের প্ল্যানে যেন ঢোকে, তার ব্যবস্থা করতে হবে। দেখবেন, সেন্ট্রাল গভর্নমেন্টের সব টাকা প্ল্যানে থাকে না। ১০০ দিনের মাটির কাজের কথা এতে নেই। আর.কে.ভি.ওয়াই.-এর টাকা এতে নেই। আই.এ.ওয়াই.-এর টাকা এখানে নেই। ওরা সব স্কিমে টাকা দেয়। আর কয়েকটা জায়গায় দাবি করেছিলাম ওসব চলবে না, আমাদের টাকা

সরাসরি দিতে হবে, আমরা সরাসরি খরচ করব। তার মধ্যে একটা হচ্ছে আর.কে.ভি.ওয়াই। আমি জানি এটা ভালো করে, কারণ আমি যখন গরু-ছাগলের মন্ত্রী ছিলাম, তখন এটা আমি দেখাশোনা করতাম, একটা অংশ পেতাম। সেসব নিশ্চয়ই ভালো কাজ, বাধার কিছু নেই। কিন্তু আমার প্রথম প্রশ্ন হচ্ছে, এই যে লাইব্রেরি সার্ভিসেস, লাইব্রেরি সার্ভিসেস টাকা বাড়ছে। বাস্তবটা কি ? বাস্তবটা একটু তাকিয়ে দেখুন। এই যে মাস এডুকেশন এক্সটেনশন ডিপার্টমেন্ট, কি ছিল ? আমাদের ২০১১-১২-তে বাজেটে ছিল ৭২ কোটি ৬০ লক্ষ। এটা বাজেট করা ছিল। রিভাইজ করে কি রাখলাম ? তাই রাখলাম, একটুও বাড়ালাম না। এখানে একটা বড় পরিমাণ টাকা বাড়িয়ে দিলাম। কেন ? আমি ধরে নিলাম যে, প্রয়োজন আছে বাড়ার, আপত্তি নেই। কিন্তু দপ্তরটা কি করছে ? এই যে আজকে আমরা ঘর থেকে বেরিয়ে চলে গেলাম, কেন গেলাম ? অদ্ভুত একটা ঘটনা ঘটল, যা পৃথিবীতে আজ পর্যন্ত ঘটেনি। ভারতবর্ষের জরুরি অবস্থাতেও ঘটেনি। আপনারা বিবেককে জিজ্ঞাসা করবেন, হতে পারে যে, আনন্দবাজার কাগজ কেনা যাবে না, বর্তমান কাগজ কেনা যাবে না, আজকাল কাগজ কেনা যাবে না ? কিনতে হবে কি ? না সন্মার্গ। কেন ? না তার লোককে আমি রাজ্য সভায় পাঠিয়েছি। কিনতে হবে কি ? না আকবরী মসলি। কেন ? না তার লোককে আমি রাজ্য সভায় পাঠিয়েছি। ভালো কথা ? চিৎকার করুন, গাল দিন আপত্তি নেই। বিবেককে জিজ্ঞাসা করুন যে, কোনো বাঙালী পরিবার আছে যে আনন্দবাজার পড়ে না। আমি গণশক্তি পড়তে বলছি না। ওটা যদি লিখে থাকে খুব ভালো কাজ। পড়বে না গণশক্তি। কোনো পার্টির সঙ্গে যুক্ত আছে, এমন কোনো কাগজ পড়বে না। তা যদি লিখে থাকে খুব ভালো, আমার কোনো আপত্তি নেই। তারপরের লাইনটা কি ? যে, এই আটখানা নাম দিয়ে দিলাম, এই আটখানাই পড়তে হবে। তাতে কি হবে ? না, মন উদার হবে। তাতে কি হবে ? না, দুনিয়া জানা যাবে। বিশ্বাস করেন ? কেউ বিশ্বাস করে ? বাইরে বিরোধিতা করতে হবে, গাল দিতে হবে, দিন। বিবেককে জিজ্ঞাসা করেন ? অদ্ভুত। এই যে ঘটনা হল, এটা নাকি আইন মেনে করা হয়েছে। আজকে আমি ছবি দেখলাম, ওই যে একজন ডাইরেক্টর কে আছেন, সে বলছে, আইন মেনে করা হয়েছে। কোন আইনে ? কোন আইনে, কোন সংবিধানের কত ধারায় লেখা আছে যে, এই আটটা কাগজ পড়তে হবে, এই কাগজই কিনতে হবে ? কোথায় লেখা আছে বলুন। যদি সত্যি লেখা থাকে, আমি পদত্যাগ করে চলে যাব এখান থেকে। বলুন কোথায় লেখা আছে ? করে দিলেন। করলেন তো করলেন—বীরের মতো এসে বললেন না কেন যে, করেছি। কাপুরুষের মতো পালিয়ে গেলেন, অসুখ বলে পালিয়ে গেলেন মন্ত্রী। আমরা আশ্চর্য হয়েছিলাম, একটা কথা ভেবেছিলাম—কালকে যখন রাত্রিবেলা টি.ভি. দেখছিলাম, সেইসব মানুষের ছবিগুলো দেখছিলাম, যাঁরা সুশীল সমাজের নামে, যাঁরা এই সমস্ত বুদ্ধিজীবীর নামে রাস্তায় দাঁড়িয়ে মিছিল করে আমাদের অনেক দোষ ধরিয়েছিলেন, আমরা আত্মসমালোচনা করেছিলাম যে, ভুল বোধহয় নিশ্চয়ই আমাদের কিছু আছে। তারা কি বলছে আজকে ? সেই মানুষগুলো, সেই কৌশিক সেন আজকে কি বলেছেন ? স্বৈরতন্ত্রের থেকেও মারাত্মক। কেন বলছেন ? কেন বলছেন তাঁরা ? সেই লোকগুলোই তো আজকে এই কথা বলছে। দরকার ছিল এটা ? আমরা আশা করেছিলাম যে—এই প্রস্তাব আমরা আগে আনিনি, কালকে পর্যন্ত

আনিনি। কেন আনিনি ? কারণ মুখ্যমন্ত্রী বাইরে আছেন। আমরা আশা করেছিলাম, আমাদের করিম চৌধুরী সাহেব এইরকমই লোক, মন্ত্রী হতে পারেন উনি। অনেকদিন ধরে দেখছি ফেট্টি বেঁধে বসে থাকতেন এখানে, উনি তো ত্যাগই করে দিয়েছিলেন, বলেছিলেন এখানে ঢুকবই না। মন্ত্রী হয়ে ঢুকেছেন, ভালো কথা। করিম চৌধুরী এই জিনিস করতে পারেন, কিন্তু মমতা ব্যানার্জী এই জিনিস সমর্থন করতে পারেন, এটা কখনোই বিশ্বাস করিনি। হাজার বিরোধ থাকতে পারে। আশা করেছিলাম, বিশ্বাস করেছিলাম, ধারণা করেছিলাম মমতা ব্যানার্জী আসবেন, কিছু বিদ্বজ্জন নিশ্চয়ই চিঠি করবে, তারা একটা আবেদন জানাবে, মমতা ব্যানার্জী নিশ্চয়ই এর পরিবর্তন করে দিয়ে বলবেন যে, ঠিক হয়নি, আমি দেখছি। হল না ! পিছনে থাবা দিয়ে বললেন যে, সাবাস বেটা, ঠিক করেছ। ভালো কাজ ? এটাকে বলবেন ভালো কাজ ? লজ্জা লাগে আমাদের কথাটা শুনতে। এইজন্য আমি বলছি যে, এগুলো আমাদের ভাবতে হবে।

দ্বিতীয় বিষয় একটা আছে, এই যে আমাদের পঞ্চায়েতের ব্যাপারে টাকা বাড়ানোর কথা বলা হয়েছে। বাস্তবটা কি ? পঞ্চায়েতের দিকে তাকিয়ে দেখুন। আমাদের বাজেট ছিল— বাজেটে বলা ছিল ২০১০-১১-তে ২ হাজার ৫৯২ কোটি ৬০ লক্ষ টাকা। রিভাইজ করে হল ২ হাজার ৯৭১.৪০ কোটি টাকা। কতটুকু বাড়ল ? এখানে একটা বিরাট পরিমাণ ফিগার বলে দিলাম, ঠিক আছে। কোনো আপত্তি নেই। আপত্তি করিনি। ঠিক করেছেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই যে কালকে উনি বলতে গিয়ে বললেন, এন.আর.ই.জি.এ.-তে গড়ে ২৬ দিন কাজ হয়েছে। কোথায় পেলেন ?

[4.20–4.30 p.m.]

আমি এখানে দাঁড়িয়ে চ্যালেঞ্জ করে যাচ্ছি, এটা আমার কথা না, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার NREGA-র Portal আছে, তার ওয়েবসাইড নাম্বার হচ্ছে wbprd.nic.in. খুলুন, তিন মিনিটে পেয়ে যাবেন, আমার কাছে সব হিসাব আছে এখানে, প্রত্যেকটা বছরের হিসাব আছে, যে কয় বছর থেকে চালু হয়েছে প্রত্যেকটা আমি পড়ে দেব। ২০০৯-১০, ২০০৮-০৯, ২৬ দিন কাজ হয়েছে। ২০০৯-১০ ৪৫ দিন কাজ হয়েছে। ২০১০-১১-তে ৩১ দিন কাজ হয়েছে। নট অনলি দ্যাট, এটা শুধু কাজ দিয়ে মাপা যায় না, মাপতে হবে Mandays দিয়ে। বেতন বাড়তে পারে, টাকা বাড়তে পারে, কমতে পারে, লোক বেশী হতে পারে, কম হতে পারে, এই জন্য মাপকাঠি। মাপকাঠি একটাই শ্রমদিবস কত হয়েছে। আমি যখন গেলাম তখন সেটা বেড়ে হয়ে গেল ৭ কোটি থেকে হয়ে গেল ১৪ কোটি, ১৫ কোটি শ্রমদিবস। আমি যেবার চলে এলাক সেবার হয়ে গেল সাড়ে ১৫ কোটি শ্রমদিবস। আজকে আপনারা হিসাব নিয়ে দেখুন ৮.৭৯। ৮ কোটি সামথিং শ্রমদিবস। মিথ্যা কথা ? যদি মিথ্যা হয় আমি ছেড়ে দেব। এখান থেকে পদত্যাগ করে চলে যাব মিথ্যা কথা বললে। খুলে দেখুন। এতবড় কথা বলে দিলাম। এই রকম কথা কেউ বলে কখনও, একজন মন্ত্রী কখনও বলতে পারে ? বলতে পারে না। তা সত্ত্বেও বলছি আপনি বাড়িয়েছেন। আমি বলছি বাড়ুক এটা। এই যে বলছিলাম, চালাকি কেন ? ১০০ দিন দূরে থাক, ২০ দিন কাজ দিতে পারলাম না।

আর বলে দিলাম কিনা, ২০০ দিন কাজ দিয়েছি। কেন উনি ভালো করেই জানেন যে এটা লাগবে না। ১০০ই তো পার হবে না। যে লোকটার পেটের খিদে তিন প্লেট, তাকে যদি বলি দশ প্লেটের পর ফ্রী, এটা পাগলামি ছাড়া কি ? দশ প্লেট খাওয়ার পরে সব ফ্রী। কায়দা করে তিনি বলে দিলেন। অথচ বললেন না যেটা বলার কথা ছিল, আমরা চালু করেছিলাম যে শহর এলাকাতেও কিছু গরীব মানুষ আছে, যাদের কাজ দরকার। তাদেরও কাজ দেওয়ার দরকার। আমরা চালু করেছিলাম শহর এলাকায় ১০০ দিনের কাজ। একটা কথাও বললেন না। বলুন। দ্বিতীয় বিষয় হচ্ছে, এই যে পঞ্চায়েতী ব্যবস্থা, আমি অবাক হয়ে গেলাম, সুব্রতবাবু কদিন ধরে বলছিলেন, সূর্য্যবাবু নাকি পঞ্চায়েতের আইন করেছেন। অনেক দিন পরে হুঁশ হয়েছে, কালকে আবার বললেন যে, না-না ওটা আমি করেছিলাম। কে করেছিল ? ১৯৭৩ সাল কে মুখ্যমন্ত্রী ছিল ? কে পঞ্চায়েতের মন্ত্রী ছিল ? (হইচই) ভালো করে শুনুন, উল্টোপাল্টা বলবেন না।

(হইচই)

মিঃ স্পীকার : প্লিজ, বলতে দিন ওনাকে, ওনাকে বলতে দিন। মিঃ রহমান বলুন আপনি।

শ্রী আনিসুর রহমান : সুব্রতবাবু নিজে বললেন যে আমি আইন করেছি, তাঁরই কথা। এবার আইন করলেন। আমাদের সুব্রতবাবু ভুলে গিয়েছেন ইতিমধ্যে অনেক জল গড়িয়ে গেছে। আগে ছিল পঞ্চায়েত রাজ্যের শুধু বিষয়। সংবিধানে উল্লেখও ছিল না। ১৯৯২ সাল, আপনাদের মনে আছে কিনা জানি না, তার ২ বছর আগের একটা ঘটনা ১৯৯০ সাল, মাসটা হচ্ছে মার্চ মাস। আমি তখন সভাপতি, এই ১১টা রাজ্যের সমস্ত পঞ্চায়েতগুলোর অধিবেশন বসেছিল আমাদের সল্টলেকে, রাজীব গান্ধী প্রধানমন্ত্রী। আমি সেখানে ছিলাম। সেদিন কংগ্রেসের একজন নেতা ছিলেন, তাঁর নাম জনার্দন পূজারী, জানি না বেঁচে আছেন কি না। আমার যদি নাম ভুল হয়ে থাকে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। তিনি বক্তৃতা করছিলেন, বামফ্রন্ট সরকারের পঞ্চায়েতের বিরুদ্ধে বক্তৃতা করছিলেন। রাজীব গান্ধী নিজে উঠে ওনাকে ধুতি ধরে বসিয়ে দিলেন, বক্তৃতা করতে গিয়ে বললেন সারা ভারতবর্ষে পঞ্চায়েত বলে যদি কিছু থাকে তো এখানেই আছে, এখান থেকে শিখতে হবে, জানতে হবে, করতে হবে। করেছেন। উনি মারা গেছেন ১৯৯১ সালে। তারপরে বোধহয় নরসিম্মা রাও হন প্রধানমন্ত্রী। আর সংবিধানের পরিবর্তন হল। ৭২,৭৩ সংবিধান পরিবর্তন হল, পঞ্চায়েত আর পৌরসভা যোগ হল। এখন এই পঞ্চায়েত শুধু রাজ্যের ব্যাপার না, এখন পঞ্চায়েত হচ্ছে একটা সরকার। যে অধিকারে পশ্চিমবাংলায় এই সরকার আছে, তার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সেই অধিকারে আমাদের সভাধিপতি, জেলা পরিষদ আছে। কারোর বাবার ক্ষমতা নেই ওটাতে হাত দেয়। আছে, হাত দেওয়ার জায়গা আছে। ৩৫৬ এখানেও আছে, ৩৫৬ এখানে আছে। আমার মনে আছে যে লোকটা সবথেকে ৩৫৬-র বিরোধী, তিনি মারা গেছেন, তার নাম জ্যোতি বোস। ৩৫৬ বিরুদ্ধে সবথেকে বেশি কথা বলতেন। এই লোকটা একদিন বলেছিলেন এই যে পরশবাবুর পুরনো দলের কথা মনে পড়ে, আপনি অনেকদিন সেই দল থেকে চলে এসেছেন।

মনে আছে, সেদিন জ্যোতি বসু বলেছিলেন যে ব্ল্যাঙ্ক চেক লিখে দিলাম প্রয়োজন হলে ৩৫৬ ধারা জারি করে উত্তরপ্রদেশ সরকারকে ভেঙে দিন, এই বাবরী মসজিদ রক্ষা করতে হবে। এটা সবার দায়িত্ব আমাদের। করেনি। ৩৫৬ জারি করতে বলেছিলেন সেই লোকটা যে তার চরম বিরোধী। আজকে কি করলেন ? আজকে কি করলেন ? আমি একটাই উদাহরণ দেব শুধু, ২৪ পরগনার পরে আমি বলব, মুর্শিদাবাদ আমার চোখে দেখা, কালকে যে একটা কাগজ বিলি হল আমাদের অধ্যক্ষ মহাশয় বললেন ঠিক আছে। মিথ্যে ভরা, আমি দায়িত্ব নিয়ে বলছি। I was present there. সেই সভায় আমি ছিলাম। সেই সময় ডি.এম. ছিল না, এ.ডি.এম. ছিলেন, কংগ্রেসের বন্ধুরা সেখানে ছিলেন সবাই বক্তৃতা করেছেন কিন্তু সই করেননি। জিজ্ঞাসা করুন কোন মিটিংয়ে সই করেনি ? বক্তৃতা করেছে, টিফিন খেয়েছে সব করেছে সই করেনি। পরে আমাদের বন্ধুরা গিয়ে পাশ করে আসলেন সেটা। কি অদ্ভুত। তারিখটা হচ্ছে ২২শে মার্চ। ২২শে মার্চের তিনটে, বিকেল তিনটে আমার এখান থেকে জেসপ বিল্ডিংয়ে চিঠি যাচ্ছে, কি লেখা আছে—মাননীয়া সভাধিপতি তোমাকে এক মাস টাইম দিলাম এক মাসের মধ্যে যদি বাজেট করতে না পারো অ্যাকর্ডিংলি অ্যাকশান নেওয়া হবে। ভালো, ভালো চিঠি। মাত্র তিন মিনিট পরে আর একখানা চিঠি গেল আমার কাছে এখানে আছে, তিন মিনিট পরে একটা চিঠি গেল যে তোমার সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে ডি.এম.-কে দিয়ে দিলাম। ভেতর, মাথা থেকে আরম্ভ করে সবকিছু—গণতান্ত্রিক। অজুহাতটা কি না তোমরাও করেছ। সুব্রতবাবু বলে দিলেন করেছ। হ্যাঁ করেছি, কি করেছি ? করেছি তো আমি বলছি করেছি, কি করেছি ? এখানে একটা রুল্‌স করা আছে কিন্তু সেটা অ্যাক্ট নয়। এখানে ২১২নং ধারার কথা বলা হয়েছে ওটা আইনের কথা আর ২৭নং আছে ওটা হচ্ছে রুলসের কথা। রুলসে বলা হয়েছে, কেন ভালো করে শুনুন কাজে লাগবে। রুলসে বলা হয়েছিল, যখন আমার জঙ্গলমহল জ্বলছে—আমাদেরই সভাপতি, আমাদেরই প্রধান, আপনাদের না। তারা এসে আমাদের বলেছিল আমরা অফিস করতে পারছি না। আমি কাজ করতে পারছি না মানুষের ক্ষতি হচ্ছে। কি করবেন ? সেদিন রুলসের পরিবর্তন করা হয়েছিল। করে কি বলা হয়েছিল, যতদিন নর্মাল অবস্থা না হবে ততদিন অফিসার দিয়ে চালাতে হবে, মানুষের যাতে ক্ষতি না হয়। পড়ে দেখুন, পড়ে দেখুন, আমি পড়ে দিচ্ছি। এটা করে রাখা আছে, আপনি ভালো করে দেখবেন। সেদিন আমাদের পশ্চিম মেদিনীপুরে কয়েকটা পঞ্চায়েত সমিতি, কয়েকটা গ্রাম পঞ্চায়েতকে বলে দেওয়া হয়েছিল তোমাদের দায়িত্ব বি.ডি.ও. পালন করবেন। এবং তাতে লিখে দেওয়া হয়েছিল—The Block Development Officer under the procedure as laid down in the guidelines of such relevant programmes or schemes until the normal situation is restored. একটা কথাও লেখা নাই, একটা কথাও লেখা নাই, একটা কথাও লেখা নাই। এখানে এই কথা লেখা আছে। যদি এ রকম ঘটনা ঘটত—কে দায়ী ? আজকে ২৪ পরগনায় বাজেট পাশ হচ্ছে না, মুর্শিদাবাদে হচ্ছে। এটা ঘটনা। মুর্শিদাবাদে এক সময় যখন কংগ্রেস ক্ষমতায় ছিল একই ঘটনা ঘটেছিল। সভাধিপতি মেজরিটি আর বড় কমিটি মাইনরিটি। অদ্ভুত—মুখ্যমন্ত্রী সি.পি.এম.-এর আর মেজরিটি হচ্ছে কংগ্রেসের। পৃথিবীতে দেখেছেন ? কে দায়ী, কে দায়ী? সংবিধানে লেখা

আছে—সভাধিপতি, সভাপতি রিজার্ভড হবে, একটা থাকলেও হবে। আমি মাননীয় প্রণববাবুকে বলেছিলাম নাম করছি কিছু মনে করবেন না স্যার, আমি বলেছিলাম, কি করা আছে দেখুন মুর্শিদাবাদ জেলার ৬০ জন মেম্বার হবে—আমি উদাহরণ দিয়ে বলেছিলাম ৬০ জন মেম্বার হবে। ৫৯ জন কংগ্রেসের হয়েছে আর একজন হয়েছে সি.পি.এম.-এর। কে সে ? সিডিউল ট্রাইব মহিলা। আর পদটা রিজার্ভড হয়ে আছে সিডিউল কাস্ট মহিলা। কে সভাধিপতি হবে—ওই একজন। ৫৯ জন সভাধিপতি হবে না ওই একজন কাজ করতে পারে। আইনে লেখা আছে সংবিধানে লেখা আছে। কতবার তোলা হয়েছে আইন জ্যোতি বসুর আমল থেকে কত চিঠি গিয়েছে। আমি গতবারও গিয়েছি কিন্তু আজও সমাধান হয়নি। দ্বিতীয় কি হল—সেটা আরও মারাত্মক। এক্স-অফিসিও, এক্স-অফিসিও আগেও ছিল। ৭৮ সালে আমি যখন প্রধান হয়েছিলাম তখন এক্স-অফিসিও সেকশান ছিল। এমনকি একজন গ্রাম পঞ্চায়েতের মেম্বার সভাধিপতি হতে পারত। আমার জেলাতে হয়েছিল। গ্রাম পঞ্চায়েতের মেম্বার প্রধান হল, সে আবার পঞ্চায়েত সমিতির মেম্বার হয়ে সভাপতি হল, সে আবার জেলা পরিষদের মেম্বার হয়ে সভাধিপতি হল, ছিল। এইবার পরিবর্তন করে দিয়ে কি হল, যত এম.পি. মেম্বার, এম.এল.এ. মেম্বার, কাউন্সিল মেম্বার, অমুক মেম্বার, সব মেম্বার। কিন্তু সংবিধানে আছে, সংবিধান খুলে দেখুন। সংবিধান খুলে দেখুন না আমি ঠাট্টা করছি কি দেখুন আপনি। তারপর আমি এই নিয়ে তুলেছিলাম বহুবার বিপদটা কি হল ? বিপদটা কি হল—এবার ইলেক্টেড মেম্বাররা সভাধিপতি করবে। সেখানে এম.এল.এ.-র রোল নাই, এম.পি.-র রোল নাই। কিন্তু এম.পি., এম.এল.এ.-র রোল কোথায় ? অন্য সব জায়গায়। Only excepting the election of the Sabhadhipati in other known areas the M.Ps and M.L.As have voting rights everywhere. মানে কি ? আজকে যদি এই বিধানসভায় ব্যবস্থা করা যায় যে এম.এল.এ.-রা মেম্বার আছে এম.পি.-দের ফাউ করে দিলাম। দেখা গেল এম.এল.এ.-দের মেজরিটিতে তৃণমূল ফার্স্ট হয়ে গিয়ে মুখ্যমন্ত্রী হয়ে গেল। এম.পি. যোগ করে দেখা গেল যে আমরা বামফ্রন্ট বেশি হয়ে গেছে। চলবে ? বলুন চলবে কি না বুকে হাত দিয়ে বলুন। কত বার গিয়েছি, কতবার বুঝিয়েছি, কতবার তেল লাগিয়েছি—সমাধান হয়নি।

[4.30–4.40 p.m.]

আর এর ফল হয়েছে, বাজেটেও তাই হয়েছে। বাজেটের আইনে বলা আছে ৫০% হাজির হতে হয়, না হলে কোরামই হবে না। তো ৫০% হবে কি করে, তারা তো minority। এর জন্য দায়ী কে ? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এবার যে, বলা হল কি না, তার performance-এর ব্যাপারে। ভালো performance নাই তাই সরিয়ে নেওয়া হল। আমি দুটো কথা বলব শুধু, একটা আন্তরিকতা কাকে বলে ? আর বাস্তবটা কি, দেখুন আমার হাতে কাগজ আছে। Performance আমরা ঠিক করি না। Government of India-র একটা নর্মস ঠিক করে দিয়েছে। ১০টা, ১২টা কাজের একটা র‍্যাংকিং করে দিয়েছে। র‍্যাংকিংটা পড়ে দেখুন ওয়েবসাইটটা খুললেই পেয়ে যাবেন। এক নম্বরে কে ? না তো বর্ধমান, দু-নম্বরে কে না তো

উত্তর ২৪ পরগনা। আর শুনতে খারাপ লাগবে সব নীচে আছে দক্ষিণ ২৪ পরগনা। ওখানে একজন মন্ত্রী আছে। তিনি সভাপতির পাশে বসেন, পশ্চিমবাংলার একজন মন্ত্রী আছেন, গ্রামোন্নয়ন দপ্তরের দিল্লিতে বসে। এত থাকা সত্ত্বেও দক্ষিণ ২৪-পরগনা সব নীচে ? ওটা চলবে আর এটা ভেঙে দিতে হবে। এটা যে নিয়ম। সততা বলে কিছু কি নাই, আমি করিনি ? তিনবার মিটিং করেছি এখানে। সব রেকর্ড করা আছে। ভিডিও রেকর্ড দেখবেন, পার্থবাবুর বক্তৃতা আছে, মানসবাবুর বক্তৃতা আছে, সব বক্তৃতা আমাদের রেকর্ড করা আছে। যতবার দেখতে চান, যদি হলে যান দেখিয়ে দেব কি বলা আছে। তিনবার মিটিং করেছি, প্রত্যেকটা বিষয়ে মত নিয়েছি। এই বিষয়ও আমি তুলেছিলাম। তখন আমাকে বলা হল তৃণমূল থেকে যে, না, ও আমাদের এখন মন্ত্রী, MLA-দের সংখ্যা বেশি দেখে আপনার গায়ে জ্বালা হয়েছে। শুনেছি কথা, এই কথাই শুনেছি। আমি বারে বারে বলেছিলাম, সমস্যাটা একটু বুঝে দেখুন কি হচ্ছে। হয়নি। আজকে আমাদের ২৪ পরগনা সাউথ ওখানকার যিনি সভাপতি আর সভাধিপতি আছেন, কি নাম, যাক নাম বলছি না আমি। উনি আমাকে একবার ফোন করে বললেন যে, আমাদের একটা সমস্যা হচ্ছে একবার দেখুন। তিনবার গেছি, তিনবার, With all officer। সমস্ত অফিসারকে বেঁধে নিয়ে ওখানে গিয়েছি। বারে বারে ওই মহিলাকে বলেছি যে, আপনি যে হেল্প চান বলুন, যদি আমার কোনো অফিসার অন্যায় করে থাকে, অবিচার করে থকে, এক পয়সা কম দিয়ে থাকে, কোনো অন্যায় করে থাকে—সব দায়িত্ব আমার, তিনবার গিয়েছি। জিজ্ঞেস করবেন। পূর্ব মেদিনীপুর, ১০ বার মিটিং করেছি, ১০ বার, ten times, একবার নয়। এবারও—যেই মিটিংয়ের আগের দিন, বলে হবে না। করা যায় না ? যেমন, আমাদের মুর্শিদাবাদ জেলায় সমস্যা হল। বাজেট অনুমোদন হচ্ছে না, ওরা একই সমস্যায় পড়ে গেল, আমি গিয়েছিলাম। আমার পার্টিকে আমি বলেছিলাম, খবরদার, এই সংকীর্ণ রাজনীতি করবেন না। মানুষ ওদের ভোট দিয়েছে, আপনি সভাধিপতিকে পাল্টাতে পারবেন না, আপনি কাজ করবেন কিভাবে ? সমর্থন করিনি ? আমরা করেছিলাম। বলতে পারবেন না, আমরা করিনি, করেছিলাম। Questionটা হচ্ছে যে, সততার একটা দাম আছে। মূল্য এই কারণে যে, পশ্চিমবাংলা ভালো হলে আমাদেরও তো গর্ব হয়। আরে, মমতা ব্যানার্জীর প্রতি যতই বক্তৃতা করি, বাইরে গেলে তো বলব মমতা ব্যানার্জী আমাদের মুখ্যমন্ত্রী। পশ্চিমবাংলার যদি ভালো হয়, মাথা উঁচু করে বলব পশ্চিমবাংলা ভালো। কে সরকারে আছে বড় কথা না। এই সংকীর্ণতা নাই বলে আমরা পারি। আমরা বারে বারে তাই বলি। আজকে দেখবেন সমস্ত ক্ষেত্রে এই সমস্যাগুলো হবে। আমি ওই জন্য, বক্তৃতা দেওয়ার সময় যে আমার নাই, লাল লাইট জ্বলে গেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলব, আবার বলছি, এই যে যে বিষয়গুলো আছে তার মধ্যে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই যে সাঁইবাড়ী, হতে পারে, হতে পারে সি.পি.এম. আসার, চল্লিশ বছর আগের ঘটনা। কি example তৈরী করতে যাচ্ছি ? কি উদাহরণ তৈরী করতে যাচ্ছি ? এতগুলো commission তৈরী করে নিয়ে আবার কি উদাহরণ তৈরী করতে যাচ্ছি ? সততাটা ধরুন, (নয়েজ) এখন হচ্ছে সেইগুলো। শুনুন, আপনারা এখানে বলেছিলেন, মনে আছে যে, বিষমদে দায়ী হচ্ছে

সি.পি.এম.। এই প্রকাশ্য সভাতে ঘোষণা করেছিলেন, মাননীয় স্পীকারকে বলেছিলাম যে, হয় আমাদেরকে প্রমাণ করে দেখাতে হবে যে আমরা করেছি আর না হলে ক্ষমা চাইতে হবে।

(গোলমাল)

যেখানে এই ঘটনা ঘটেছে ওই যে আমাদের ওই যে কি নাম, ভুলে গেলাম, জ্যোতিপ্রিয়বাবু, একটা জন্তুর নাম করেছিলেন তার নাকি ঘ্রাণ শক্তি বেশি। ওর থেকে ঘ্রাণশক্তি আর একটা বেশি আছে। যে বলে দিতে পারে কে খুন করেছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর এ ক্ষমতা আছে, কে rape করেছে বলে দিতে পারে, কে খুন করেছে বলে দিতে পারে—সব ক্ষমতা তাঁর আছে। আমি তাই বলব মাননীয় মন্ত্রীকে যে, আপনি ভাবুন, আপনাকে বলেছিলাম যে, আপনি এখনও সেই জয়ের সেই আকাশে উড়ছেন। বাস্তব মাটিতে নামুন। আপনাকে শুনতে হয়নি ৩৫৬ ধারা, আপনাকে শুনতে হয়নি দিল্লিতে একটা বিরোধী সরকার, আপনাকে এ কথা সহ্য করতে হয়নি—একটা বেতন commission বার করতে হয়নি, বেতন commission বার করতে হবে, DA দিতে হবে,

(গোলমাল)

সরকার চালাতে হবে, বাস্তবের মাটিতে পা দিয়ে দেখুন কতখানি ঠ্যালা। বুঝতে পারবেন। ওইজন্য আমি বলছি, আজকে হবে। আমাদেরও যখন জোয়ার ছিল না তখন সব হৈ হৈ করে জিতত।

....(এই সময় মাইক অফ করে দেওয়া হয়।)....

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় প্রাক্তন মন্ত্রী এবং রেসপেক্টেড অপজিশান লিডার আনিসুর রহমান সাহেব অ্যান্ড রেসপেক্টেড লিডার অফ দি অপজিশান অ্যান্ড প্রেজেন্ট হেয়ার অ্যান্ড মাই ভেরী ডিয়ার কলিগস অ্যান্ড মাই কলিগস ফ্রম দি এস্টিম ক্যাবিনেট অফ দিস গভর্নমেন্ট। আমি সবাইকে নিয়ে এগোতে চাই আজ। আমি রাজনৈতিক বক্তব্য রাখব না। আজকে সাপ্লিমেন্টারির উপর আলোচনা, আমি নিজেকে সীমিত রাখব এবং কিছু তথ্য শুরুতে দেব। তারপরে আনিসুর রহমান সাহেব যে গুরুত্বপূর্ণ প্রশ্নটা তুলেছেন যে কোথায় এই খরচ হয়েছে, কোথায় সেই দিশা, সেটার অল্প করে একটু জবাব দেব। বেশী দিলে খুবই মুস্কিল, কেননা জিনিসগুলো শুনতে অসুবিধা হয়তো। তারপরে তৃতীয় স্টেপে দু-একটা প্রশ্ন আরো মাননীয় সদস্যরা রেখেছেন, ছোটো করে, তার অল্প করে যেটুকু আমার সামর্থ্য তার মধ্যে একটু জবাব দিয়ে আমার বক্তব্য শেষ করব। কেননা এটা খুব লিমিটেড ইস্যুর উপর আলোচনা। অনেক রাজনৈতিক আলোচনা শুনলাম আজকে। যেগুলো আমি আশা করেছিলাম না বলে সাপ্লিমেন্টারি গ্রান্টের উপরই আলোচনাটা বেশি হোক, কিন্তু সে তো গণতান্ত্রিক অধিকার, সবাইকারই বলার, সে তো শুনে মাঝে মাঝে ভালোই লাগল, কিছু শেখারও সম্ভাবনা হল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তিনটি তথ্য সামনে রাখতে চাই, যেগুলো হয়তো সবাইকার কাজে লাগতে পারে, নাও লাগতে পারে, জ্যোতির্ময় কর মহাশয়, একটি তথ্য রেখেছেন, যেটা গুরুত্বপূর্ণ। উনি বলেছেন যে সাপ্লিমেন্টারি গ্রান্ট অ্যাজ এ বাজেট,

অ্যাজ এ পার্সেনটেজ অফ বাজেট এস্টিমেট। বাজেট এস্টিমেট যা দেওয়া হয়েছিল, সাপ্লিমেন্টারি গ্রান্টটা ১৯ শতাংশ। ঠিক, একদম ঠিক। কিন্তু তাতে আমি এইটুকু জুড়তে চাই, সঙ্গে আনতে চাই, যে ওইটা নেট বাজেট এস্টিমেট। তার থেকে উনি এই তথ্যটা দিয়েছেন, একদম সঠিক। আমি ওর আরগুমেন্টটাকে একটু এগিয়ে নিতে যেতে চাই। গ্রস এক্সপেন্ডিচারই সাধারণত অনেকে ধরেন। কেউ কেউ নেট ধরেন। গ্রস এক্সপেন্ডিচার বাজেট এস্টিমেট, এটা যদি আমরা ধরি, তাহলে এই সাপ্লিমেন্টারি গ্রান্টটা কত ? ১৯ থেকে নেমে ১৬.৮৮-তে পৌঁছে যাচ্ছে। তার মানে ১৭ শতাংশতে নেমে আসছে। আমি বিগত দিনের ইতিহাস পড়তে পড়তে দেখলাম যে প্রাক্তন অর্থমন্ত্রী ২০০৮-০৯ যখন সাপ্লিমেন্টারি গ্রান্ট দিয়েছিলেন, তখন গ্রস এক্সপেন্ডিচারের তুলনায় সেটা ছিল ৩৬.৯৯ শতাংশ। কোনো কোনো বছরে কমও হয়েছে। সেহেতু আমি এটুকু শুধু আপনাদের সামনে রাখতে চাই, যে যখন ৩৬ প্রায় ৩৭ শতাংশ অবধি চলে গেছে, এই বছরে আমরা চেষ্টা করেছি সেটাকে সীমিত রেখে ১৭ শতাংশের মধ্যে আনার। সেটা কি খুব অন্যায় করেছি। আশা করি নয়। আপনাদের সহায়তা পাব। দ্বিতীয়ত টোটাল সাপ্লিমেন্টারি গ্রান্টটা আপনারা জানেন, ১৬ হাজার ৭৮৮। তার থেকে ওয়েজ অ্যান্ড মীনস অ্যাডভান্সটা ১০ হাজার ৮৯৯। এটা ২৮ নম্বর পাতাতে আপনারা পাবেন। তার মানে এফেকটিভ সাপ্লিমেন্টারি গ্রান্ট ৫ হাজার ৮৮৯। ৫ হাজার ৮৮৯ যদি আমরা এস্টিমেট ধরি তাহলে সেটা নেমে এসে ৫.৯ পারসেন্টে চলে আসে। ৬ পারসেন্টের কাছাকাছি। চেষ্টা করেছি। বিনীতভাবে চেষ্টা করেছি। যাতে ফিসকাল ডিসিপ্লিনটা মেনটেইন করা যায়। এটাও আপনারা জানেন, ওয়েজ অ্যান্ড মীনস অ্যাডভান্স ইজ নট এ এক্সেস, এক্সেস এক্সপেন্ডিচার।

[4.40–4.50 p.m.]

It is an accounting adjustment. তার সঙ্গে যদি আপনি পয়েন্টস আর পাতাগুলি যদি চান, আর.বি.আট-এর ডিটেলস আপনাদের কাছে আছে, আমি দিতে খুশি হব। যদি কারো তাতে ইন্টারেস্ট থাকে। সেহেতু এই তথ্য থেকে আমরা কিসে গিয়ে দাঁড়াচ্ছি। কি কনক্লুশানে আমরা আসতে পারছি যে এই সরকার এত অর্থনৈতিক অবস্থার মধ্যে দিয়ে চলতে গিয়ে, ঝড়ঝঞ্ঝার মধ্য দিয়ে চলতে গিয়ে সাপ্লিমেন্টারিকে যতটুকু সম্ভব ততটুকু লাগাম লাগিয়ে চলেছেন। যে তথ্য আপনাদের সামনে আমি রাখলাম, আল্টিমেটলি ৫.৯%, আসল এফেক্টিভ সাপ্লিমেন্টারি, খুবই ছোট এবং ডিসিপ্লিনের একটা উদাহরণস্বরূপ। আমি বলছি না যে আগে ডিসিপ্লিনের চেষ্টা হয়নি। তথ্য দেখলে খুঁজে পাওয়া যাবে। তবে এইরকমও হয়েছে যে প্রায় ৩৭% অবধি গ্রস এক্সপেন্ডিচারের ক্ষেত্রে আগে আগে চলে গেছে। এবারে আমরা যে প্রসঙ্গে আসছি সেটা আমি সংক্ষিপ্তভাবে বলতে চাই, আপনাদের মূল্যবান সময় আমি নিতে চাই না। এবারে আমি আসছি আনিসুর রহমান সাহেবের একটি গুরুত্বপূর্ণ প্রশ্নে। তিনি বলেছেন যে, টাকাটা কোথায় খরচ হয়েছে। That is what is important। এর জবাবে আমি একটা ছকের মতো আপনাদের সামনে রাখছি যা থেকে বুঝতে সুবিধা হবে, আমারও এবং আপনাদেরও। এই টাকা গেছে সামাজিক পরিকাঠামোর জন্য। মূল স্রোতে নিয়ে আসার

জন্য, কিছু মানুষের জন্য। মূল স্রোতে টেনে আনার জন্য, যতটা সম্ভব। তৃতীয়ত, এসেন্সিয়াল সার্ভাইভাল। খাদ্যদ্রব্য উৎপাদনে।। চতুর্থত, ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচার। শুধু সোসাল ইনফ্রাস্ট্রাকচার নয়, কিছু কিছু গেছে ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারে। পঞ্চমত, নতুন অ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রাকচার। নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, একটু নতুন করে চিন্তা করার চেষ্টা। ইন্টিগ্রেটেড অ্যাকশান প্ল্যান ইন এল.ডব্লু.ই. ডিস্ট্রিক্টস। এবারে আমি শুরুতে চলে আসি, সামাজিক পরিকাঠামো। কোথায় কোথায় আমরা খরচ করব এই সাপ্লিমেন্টারি গ্রান্ট—আপনাদের কাছ থেকে আমি রিকোয়েস্ট করেছি আপনারা সাপোর্ট করুন। হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার পাবেন বইটাতে। স্কুল, সেখানে বিরাট সাপ্লিমেন্টারি গ্রান্টের ডিমান্ড আছে। তারই মধ্যে কনস্ট্রাকশান অফ গার্লস হোস্টেল আছে একটা আলাদা আইটেম। তৃতীয়ত, হায়ার এডুকেশান। সেখানেও কিছু অল্প স্বল্প সাপ্লিমেন্টারি গ্রান্ট আমরা খরচ করেছি। চতুর্থত, উইমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট। সামাজিক পরিকাঠামোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, মহিলা এবং শিশু তাদের উন্নতির জন্য। সবলা তাদের মধ্যে একটা প্রজেক্ট আলাদা করে আছে। পঞ্চমত, পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট। তার মানে আমরা পঞ্চম মানে ফিফ্‌থ, তার মানে আমরা পাঁচটা আঙুলে সামাজিক পরিকাঠামোকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার, স্কুল অ্যান্ড হায়ার এডুকেশান, উইমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট, পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট। আশা করি আপনাদের সহায়তা এবং সাপোর্ট আমরা পাব। এরপরে আসছি মূল স্রোতে আনার প্রচেষ্টা। সেটা সামাজিক পরিকাঠামোর মাধ্যমে আমরা আনব। কিন্তু ডাইরেক্টলি ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার, দেখবেন সেখানে খরচ হয়েছে। মাইনরিটি অ্যাফেয়ার্স যার ওপরে আমি বাজেটে বিস্তারিতভাবে বলেছিলাম। সেখানেও দেখবেন খরচ হয়েছে। আশা করি আপনাদের সহায়তা পাব। তৃতীয়ত, এসেন্সিয়াল সার্ভাইভাল। ফুড অ্যান্ড সাপ্লাইজ, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, আর.কে.ভি.ওয়াই.। আপনারা দেখবেন, সেখানে কিছু পয়সা অ্যালোকেটেড হয়েছে। প্রোকিওরমেন্ট অফ প্যাডি তাতেও কিছু হয়েছে। এই তিনটে জিনিস। এসেন্সিয়াল সার্ভাইভালের ডেফিনিয়েশানে আমি আনছি। চতুর্থত, ফিজিক্যাল পরিকাঠামো, পাওয়ার। দেখবেন, বিদ্যুতের জন্য পয়সা সেখানে আছে, খুঁজে নেবেন। নিশ্চয় খুঁজে পাবেন। স্পেশাল বি.আর.জি.এফ., এগারোটি ব্যাকওয়ার্ড ডিস্ট্রিক্টের জন্য, সেখানে সেই খাতে সাপ্লিমেন্টারি আছে। রুরাল ইলেক্ট্রিফিকেশান, তার জন্য সাপ্লিমেন্টারিতে আছে। কনস্ট্রাকশান অফ ড্যামেজড় এমব্যাঙ্কমেন্টস, যে এমব্যাঙ্কমেন্ট ভেঙেছে তার জন্যে আছে। কনস্ট্রাকশান অফ্ রোডস, রাস্তা তৈরী করার জন্য এবং ড্রিংকিং ওয়াটার, পানীয় জল। আমি আশা করব যে আপনারা এতে সহায়তা করবেন, সাপোর্ট দেবেন যে ঠিকই তো এগুলোতে তো সাপ্লিমেন্টারি গ্রান্ট দরকারই ছিল। এছাড়াও অনেক ছোটো ছোটো জায়গায় সাপ্লিমেন্টারি গ্রান্ট যেগুলো গুরুত্বপূর্ণ নতুন আইডিয়া, কনজিউমার অ্যাওয়ারনেস প্রোগ্রাম, ভীষণভাবে কাজ শুরু হয়ে গেছে। বিভিন্ন ধরনের কনজিউমার, আপনারা জানেন, রহমান সাহেব আমেরিকা সম্বন্ধে একটা উদাহরণ দিয়েছিলেন। আমি আর একটা উদাহরণ দিচ্ছি ওখানে BBB বলে একটা সংগঠন আছে, Better Business Bureau, তাতে যদি আপনি একটা পোস্ট কার্ড লিখে

দেন, সে যে আপনাকে টোস্টার বা কিছু সাপ্লাই করেছে, সে ভয়ের চোটে আপনার বাড়ি পৌঁছে যাবে। কেন ? তার যদি নাম খারাপ হয়ে যায়, তাহলে বাজারে তার সে জিনিস বিক্রি হবে না। সেই জন্যে কনজিউমার অ্যাওয়ারনেস অ্যান্ড প্রোটেকশানের জন্যেও অল্প খাতে কিছু থাকবে। সেহেতু এর থেকে আমি এটাই কনক্লুড করতে চাই, আমরা বিনীতভাবে, নম্রভাবে চেষ্টা করেছি। যে, যেগুলো আপনারা মনে করেন যে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা যেখানে শর্টফল হচ্ছে, ঠিক সেই ডাইরেকশানে রহমান সাহেব এই প্রশ্নটা করেছিলেন, তার জবাবে বিস্তারিতভাবে আমি বলার চেষ্টা করলাম যে এটা সত্যি কথা, একদম ঠিক বলেছেন। আমি একদম, ওঁর সঙ্গে আই এগ্রি উইথ হিম, যে কিসে খরচ সেটা দেখা দরকার। আমি বিনীতভাবে বলব যে একটু বইগুলোর মধ্যে দেখবেন। এগুলো পাবেন এবং খুব ভালো লাগবে। সে আপনি অপজিশানেই হোন বা সরকারের সঙ্গেই হোন আপনার দেখে ভালো লাগবে।

এবারে আমি চলে আসছি শেষের দিকে। আমি বলেছিলাম, আমি খুব ব্রিফলি বলতে চাই। শুরুতেই আমাদের একজন মাননীয় সদস্য, মিঃ চ্যাটার্জী, উনি বলেছিলেন দারিদ্রের দর্শন। আমি একটু উল্টো করে বলছি, হয়তো বলতে চেয়েছিলেন দর্শনের দারিদ্র।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : না, না। একদম পুরোপুরি।

....(নয়েজ)....

ডঃ অমিত মিত্র : আচ্ছা, তাহলে আমি বলি, ওটাকে উল্টো করে আমি বলি দর্শনের দারিদ্র। আপনি যখন বলেননি। আমি বলি। সেই নিয়ে বিতর্কে যাব না। তাহলে লম্বা হয়ে যাবে। কপি রাইটের এগেনস্টে ল আছে স্যার। আমি কপি করতে পারি না। তবে একটা, আরো কয়েকটা ভালো কথা বলেছেন যাতে আমি লাস্টে আসব।

সুখবিলাস বর্মা সাহেব, ওঁকে দেখছি না উনি নেই। আছেন ? স্যার, উনি ইতিবাচক উপদেশ দিয়েছেন। সত্যি সত্যি কনস্ট্রাকটিভ আইডিয়াই আপনি দিয়েছেন এবং কয়েকটি প্রস্তাব দিয়েছেন যেগুলো গুরুত্বপূর্ণ। আমি খতিয়ে দেখব সেগুলো এবং পরের বারে কিভাবে সেই বেসিসে আমরা ইমপ্রুভমেন্ট করতে পারি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা নিশ্চয় দেখব। অন্যরাও যাঁরা বলেছেন, তাঁদের কথাগুলোও দেখব।

তারপরে আসছি আমি আমাদের আর একজন বিশেষ সদস্য সমরেন্দ্রনাথ ঘোষ, এখানে রেসপেকটেড মেম্বার। উনি কথায় কথায় বললেন। আমরি কান্ডের কথা বললেন। আমি কটাক্ষ করতে চাই না। তবে আমাদের ভেবে দেখতে হবে যে কারা আমরি কান্ডের সঙ্গে কানেকটেড। আমি জানি না, কাগজে সংবাদপত্রে পড়ি। এবং আশা করি তার সত্যতে আমরা পৌঁছতে পারব যে কারা তাতে জড়িত, কে তাতে জড়িত। কে তার পেছনে আছেন। সেহেতু, আমি বলতে চাই না, আমরি কোথা থেকে এল ? কি তার জয়েন্ট ভেনচার ছিল। কে সেই পয়সাটা নিয়ে গেল। কে সেই অ্যাসেট নিয়ে গেল, আস্তে আস্তে সেগুলো সবাইকার সামনে চলে আসবে তখন আমরা বুঝতে পারব। তো আমি তাঁকে অনুরোধ করব, সে আমরি

কান্ডের ধোঁয়ার কথা উনি বলেছিলেন। সেগুলো কিন্তু অনেক জটিল। সেহেতু একটু সাবধানে বলতে হবে। উপদেশ দেওয়ার আমি কেউ নই। শুধু আমি সাজেস্ট করতে পারি। এই যে কেসগুলো হচ্ছে একটু সাবধানে দেখতে হবে বন্ধু। এবারে আমি আসি,

[4.50–5.00 p.m.]

স্যার, আমি পুরো সময় নেব না, কেন না অনেক অনেক কিছু বলেছেন। এবারে আমি আসি শ্রী গৌরাঙ্গ চট্টোপাধ্যায়ের একটা ভাল কথা, উনি বলেছেন যে Greek philosophy-র কথা বলা হয়েছে, কেন আমরা তো অনেকের কথা বলি। উনি বলেছেন হেনরী থোরোরের কাছে থেকে মহাত্মা গান্ধী civil disobedience হয়তো নিয়েছিলেন। সেহেতু আদান-প্রদান হয় তো আইডিয়া। একদম ঠিক বলেছেন। থোরো লিখেছিলেন civil resistance. সে আপনি নিশ্চয় জানেন। মহাত্মা গান্ধী তাকে কনভার্ট করলেন to civil disobedience। ছোট্ট ঐতিহাসিক কথা মনে পড়ে গেল, যদি ক্ষমা যদি বলতে অ্যালাও করেন বলব— থোরোর পেছনেও কেউ ছিলেন। তিনি কে ? র‍্যালস এমারশন, তার টিচার ছিলেন। র‍্যালস এমারশনের পিছনে একজন ছিলেন। সেই বস্তুটি কি ? বিশ্বাস করবেন না, র‍্যালস এমারশন একটা বই লিখেছিলেন, লিখেছিলেন ভগবত গীতা। ভগবত গীতা টু র‍্যালস এমারশন, টু র‍্যালস এমারশান টু হেনরি থোরো, হেনরি থোরো টু মহাত্মা গান্ধী। আপনি ভাল কথা বলেছেন, কিন্তু তার পরে কি হল ? মহাত্মা গান্ধীর আইডিয়া চলে চলে মার্কিন লুথার কিং-এর কাছে। ভগবত গীতা থেকে আমেরিকা, আমেরিকা থেকে ভারত, ভারত থেকে ফিরে গেল আমেরিকায়। আমার সুযোগ হয়েছিল, সিজার সেরেস তার নাম আপনারা হয়তো শুনেছিলেন, শ্রেষ্ঠ খেতমজুরদের নেতা সিজার সেরেস। তার সঙ্গে দেখা করতে গেলাম, বয়স অল্প ছিল, জোশ ছিল, যিনি লড়াই করেছেন খেতমজুর মানুষদের জন্য—ক্যালিফোর্নিয়া, তার সঙ্গে দেখা করে আসি। তার যখন অফিসে ঢুকলুম তখন অফিসে, অবাক হয়ে গেলাম, তার চেয়ারের পিছনে একটি ছবি, বিরাট ছবি। কার ছবি বলুন তো ? মহাত্মা গান্ধী। সেহেতু আপনি যে কথা বলেছেন, একদম সত্য। আমি সেটাকে পুরোপুরি সাপোর্ট করি। যেহেতু আপনি বলেছেন, সেহেতু তার সঙ্গে আমার অল্প experience জীবনে, তার সঙ্গে জুড়ে বললাম, ideas bounce and re-bounce। মার্ক্সের কথা, কালকে আমি বলেছিলাম Eagel-এর ছাত্র ছিলেন। Eagel-এর একটা ছোট্ট রেসিপি আছে, তিনি গ্রীক discourse-এর থেকে, উনি কিছু কিছু আইডিয়াস নিয়েছিলেন। আমরা পরে জানতে পারলাম যে, ভারতবর্ষের থেকে জিরো আইডিয়াটা গ্রীসে গিয়েছিল। So you back to the home, Back to India. সেহেতু আপনি একদম ঠিকই বলেছেন। শুধু এই কথা বলেই শেষ করব। আমি জানি supplementary budget-এ এই ধরনের আলোচনা হয় না। আপনি যখন তুলেছেন with pleasure, আমি সেহেতু আলোচনা করলাম। আমি বলব, এই supplementary budget-এ achievement এইটুকুই। যত restraint, fiscal restraint করা সম্ভব, আমরা করেছি এবং বেছে বেছে, যেখানে যেখানে সাধারণ মানুষের উপকার হবে—সামাজিক পরিকাঠামোর উপর জোর। যারা maninstream থেকে সরে গেছেন, market economy-র মধ্যে আসতে পারেনি, তাদের কি করে

mainstream-এ নিয়ে আসা to give them power, এই ছোট-ছোট, ছোট-ছোট করে, আমি ভেঙে ভেঙে আপনাদের কাছে present করেছি। অনেক বড় বই পুরোটা বলা সম্ভব হয়নি। তাই আমি আশা করি, রহমান সাহেব খুশি, ওনার যে মূল প্রশ্ন যেটা ছিল—তার ছোট করে ভেঙে ভেঙে উত্তর দিয়েছি এবং মনে রাখবেন যখনই সম্ভব হবে আমি উত্তর নিশ্চয় দেব। I respect democracy, with my soul and heart. আপনারা যেটা বলবেন, মা-মাটি-মানুষের সরকারের, এইটাই হচ্ছে মারিয়াদা, এইটাই হচ্ছে মারিয়াদা। আমাদের young colleague যার সম্বন্ধে বলেছিলাম, তিনি আজ এখানে নেই তার convey করবেন আমি কোনো ill-will নিয়ে বলিনি, আগের বারে তার সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছিলাম। আমার রিগার্ডস, আমার অ্যাফেকশান তাকে দয়া করে কনভে করবেন। দ্যাট ইজ্ দ্য মা-মাটি-মানুষের সরকার। এইটুকু বলে মাননীয় অধ্যক্ষ মহোদয় শেষ করতে চাই।

SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 2011-2012

VOTING ON DEMANDS FOR SUPPLEMENTARY GRANTS OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2011-2012

DEMAND No. 3

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2,23,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013 – Council of Ministers" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

[5.00–5.12 p.m.]

DEMAND No. 4

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 32,43,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "3451 – Secretariat – Economic Services" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 5

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 48,96,10,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2401 – Crop Husbandry" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 7

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 289,42,65,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225 – Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes and 2251 – Secretariat – Social Services" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 8

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 14,99,80,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "6425 – Loans for Co-operation" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 10

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1,13,71,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "3456 – Civil Supplies" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 12

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 90,48,10,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads : "3451—Secretariat—Economic Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 13

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 341,92,75,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "2202—General Education" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 14

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 13,19,46,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2202—General Education" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 15

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1038,39,66,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads : "2202—General Education, 2204—Sports and Youth Services, 2251—Secretariat—Social Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 16

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 24,87,000 be granted for expenditure under Demand No. 16, Major Head : "3435—Ecology & Environment" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 18

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1528,29,81,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2030—Stamps and Registration, 2052—Secretariat—General Services, 2071—Pensions and Other Retirement Benefits and 2075—Miscellaneous General Services" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 20

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit

Mitra that a sum of Rs. 9,67,29,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2401—Crop Husbandry, 2405—Fisheries and 4405—Capital Outlay on Fisheries" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 21

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 64,92,50,000 be granted for expenditure under Demand No. 21, Major Head: "6408—Loans for Food, Storage and Warehousing" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 24

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 159,50,86,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2211—Family Welfare and 4210—Capital Outlay on Medical and Public Health" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 25

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 17,18,34,000 be granted for expenditure under Demand No. 25, Major Head: "3054—Roads and Bridges" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 26

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 8,73,24,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "2551—Hill Areas" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 27

Mr Speaker: There is one cut motion to Demand No. 27 by Dr. Surjya Kanta Mishra. The cut motion is in order and I now call upon Dr. Mishra to move his motion.

Dr. Surjya Kanta Mishra: Hon'ble Speaker. Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Surjya Kanta Mishra that the amount of the Demand be reduced by Rs. 100/-. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion, will please say, No.

Noes have it. Noes have it.

I now put to vote the main motion of Dr. Amit Mitra that a sum of Rs. 430,74,32,000 be granted or expenditure under Demand No. 27 Major Heads: "2015—Elections, 2055—Police, 2070—Other Administrative Services, 2575—Other Special Areas Programmes, 3454—Census, Surveys and Statistics, 4055—Capital Outlay on Police, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4050—Capital Outlay on Other Social Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme' during the current financial year. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed.

DEMAND No. 33

Mr Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 12,59,88,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2056—Jails and 4216—Capital Outlay on Housing" during the current financial year.

As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 33 is passed.

DEMAND No. 34

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 46,10,81,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014—Administration of Justice, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the current financial year. As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 34 is passed.

DEMAND No. 35

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "4250—Capital Outlay on Other Social Services" during the current financial year. As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 35 is passed.

DEMAND No. 38

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 43,46,68,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2202—General Education" during the current financial year. As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 38 is passed.

DEMAND No. 39

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 29,83,00,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2217—Urban Development" during the current financial year. As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 39 is passed.

DEMAND No. 40

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 708,55,00,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes and 4515—Capital Outlay on Other Rural Development Programmes" during the current financial year. As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 40 is passed.

DEMAND No. 43

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 287,89,00,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2801—Power" during the current financial year. As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 43 is passed.

DEMAND No. 45

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 11,79,24,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2215—Water Supply and Sanitation and 4215—Capital Outlay on Water Supply and Sanitation" during the current financial year. As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 45 is passed.

DEMAND No. 47

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 91,64,36,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services and 4059—Capital Outlay on Public Works" during the current financial year. As many as are of the opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No. Ayes have it, Ayes have it. Demand No. 47 is passed.

DEMAND No. 56

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 167,54,29,000 be granted for expenditure under Demand No. 56, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 61

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2,00,000 be granted for expenditure under Demand No. 61, Major Head : "2052—Secretariat—General Services" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND No. 62

Mr Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 201,30,38,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "2052—Secretariat—General Services, 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on other Special Areas Programme" during the current financial year.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 38

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 20,000 be granted to make good an excess on the Grant No. 38, Major Head : "4235—Capital Outlay on Social Security and Welfare" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 44

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 5,25,39,914 be granted to make good an excess on the Grant No. 44, Major Head: "6858—Loans for Engineering Induatries" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 45

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2,90,74,696 be granted to make good an excess on the Grant No. 45, Major Head : "2215—Water Supply and Sanitation" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 50

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2,78,44,063 be granted to make good an excess on the Grant No. 50, Major Head : "2575—Other Special Areas Programme" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 52

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2,75,68,883 be granted to make good an excess on the Grant No. 52, Major Head : "3452—Tourism" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 53

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 80,51,42,457 be granted to make good an excess on the Grant No. 53, Major Head : "5055 – Capital Outlay on Road Transport, 5056 – Capital Outlay on Inland Water Transport, 5075 – Capital Outlay on Other Transport Services, 7055 – Loans for Road Transport and 7056 – Loans for Inland Water Transport" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

DEMAND FOR GRANT No. 54

Mr. Speaker: I now put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 86,33,927 be granted to make good an excess on the Grant No. 54, Major Head : "6217 – Loans for Urban Development" for the year 2005-2006.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say, No.

Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

GOVERNMENT RESOLUTION UNDER RULE 169

Shri Firhad Hakim: Mr. Speaker, Sir, I beg to move – WHEREAS the State Government expressed its intention, by notification No. 222/MA/O/C-5/CC/IL-1/2011 dated the 19th day of September, 2011 (hereinafter referred to as the said notification) to include the areas under Joka I and Joka II Gram Panchayats in the district of South 24 Parganas, specified in the Schedule of the said notification, within the limits of Kolkata to be administered

by Kolkata Municipal Corporation (hereinafter referred to as the said Corporation) constituted under the Kolkata Municipal Corporation Act, 1980 (West Ben. Act LIX of 1980) (hereinafter referred to as the said Act) ;

AND WHEREAS it was stipulated in the last paragraph of the said notification that the draft would be taken into consideration on or after the expiry of fifteen days from the date of its publication in the *Official Gazette* and any objection or suggestion with respect thereto which may be received by the undersigned before that date would be considered ;

AND WHEREAS the said notification was published in an issue of the *Kolkata Gazette, Extraordinary* of the 19th September, 2011, and no objection or suggestion thereon has been received ;

NOW, THEREFORE, it is resolved that the West Bengal Legislative Assembly has approved the intention of the State Government expressed in the notification No. 222/MA/O/C-5/CC/IL-1/2011 dated the 19th day of September, 2011, published in the *Kolkata Gazette, Extraordinary,* on the 19th September, 2011 for the purposes of inclusion of the areas under Joka I and Joka II Gram Panchayats, in the district of South 24 Parganas, specified in the schedule of the said notification, in the neighbourhood of Kolkata, within the limits of Kolkata to be administered by the Kolkata Municipal Corporation constituted under the Kolkata Municipal Corporation Act, 1980 (West Ben. Act LIX of 1980).

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী যে প্রস্তাব নিয়ে এসেছেন, দুটো গ্রাম পঞ্চায়েত জোকা (১) এবং জোকা (২) কলকাতা কর্পোরেশনের সঙ্গে যুক্ত করতে হবে। এই প্রস্তাবকে আমি সমর্থন করছি। কারণ এই সময়কালের মধ্যে যেভাবে গ্রাম পঞ্চায়েতগুলির অগ্রগতি হয়েছে, এই বামফ্রন্টের জমানায় পঞ্চায়েত সিস্টেমে তাদের অগ্রগতি যথেষ্ট হয়েছে। এই পঞ্চায়েতের পাশাপাশি চারটি ওয়ার্ড কলকাতায় অবস্থান করছে। এদের অগ্রগতি যথেষ্ট হয়েছে। তাতে এই পঞ্চায়েত দুটোকে যে যুক্ত করা হচ্ছে এদের অগ্রগতি যথেষ্ট হয়েছে। জোকা (২)-তে এই মুহূর্তে চাষযোগ্য জমি নেই। সেখানে এত ডেভলপমেন্ট হয়েছে, এত পরিবর্তন হয়েছে, এত দ্রুত তাদের পরিবর্তন হয়েছে। স্বাভাবিকভাবেই সেখানকার আয় বেড়েছে এবং সেখানে চাষযোগ্য জমি এখন আর নেই বললেই চলে। এবং সেখানে প্রচুর ঘরবাড়ি হয়েছে। এই সময়ের মধ্যে ওই এলাকাতে ১৩-১৪ তলা পর্যন্ত বাড়ি হয়েছে। স্বাভাবিকভাবে এই উন্নতি এবং এই দুটো পঞ্চায়েতকে কলকাতা কর্পোরেশনের সঙ্গে আনার যে সিদ্ধান্ত সরকার নিয়েছে, এই সিদ্ধান্তকে বিরোধিতা করার কোনো জায়গা

থাকছে না, পাশাপাশি বলি এক নাম্বার গ্রাম পঞ্চায়েতের একটু গ্রোথ কমেছে। কিছু জায়গা আছে এবং বেশ কিছু বি.পি.এল. ক্যাটাগরির লোক আছে। এদের একটু অসুবিধা হবে। এখানকার মানুষ যখন এই কর্পোরেশনের আওতায় আসবে তখন তাদের ট্যাক্স বেড়ে যাবে। এটা সত্ত্বেও তাদের যে অগ্রগতি হয়েছে, এটাকেও যুক্ত করার ক্ষেত্রে কোনো আপত্তি আমি দেখছি না। স্বাভাবিকভাবে সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছে, এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে আমার কথা আমি শেষ করছি, ধন্যবাদ স্যার।

[11.50 – 12.00 noon]

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, আজ এক ঐতিহাসিক সিদ্ধান্ত এই বিধানসভার অভ্যন্তরে হতে চলেছে। মাননীয় পৌরমন্ত্রী যে প্রস্তাব সরকারের পক্ষ থেকে পেশ করেছেন, তাকে আমি অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ জানাই এই কারণে যে, এই বিধানসভার ইতিহাসে দেখা গিয়েছিল যে, কলকাতা পৌরসভা ১৯৮৪ সালে একবার সংযুক্ত এলাকা হিসেবে বিভিন্ন এলাকা এসেছিল। কিন্তু সেই সংযুক্ত এলাকা আনতে গিয়েও দেখা গেছে যে, বিভিন্ন এলাকাকে মিউনিসিপ্যালিটিতে পরিবর্তন করে তার পরবর্তী ক্ষেত্রে কলকাতা পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু জোকা - ১ এবং ২ নম্বর অঞ্চল যেটি রয়েছে, এটিকে পঞ্চায়েতের মধ্যে বলা হলেও এটা শহরকেন্দ্রিক উন্নয়ন ব্যবস্থার মধ্যে আস্তে আস্তে বড়ো হয়ে উঠেছে। যে কথা আমার বন্ধু বললেন, সমর্থন করার জন্য ধন্যবাদ। কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে এই জোকা - ১ এবং ২-এ যে উন্নয়ন হওয়ার কথা ছিল, সেই উন্নয়নের পরিকাঠামো এখানে—রাস্তা, পানীয় জল বা অন্যান্য যে পরিকাঠামো—বিদ্যুৎ, সমস্ত কিছু কিন্তু সেইমতো পৌঁছায়নি। কিন্তু দেখা যায়, মাত্র ২০ ফুট দূরত্বে কলকাতা পৌরসভার ১১৫ নম্বর ওয়ার্ড, ১২২, ১২৪ এবং ১২৫-এর প্রান্তরে এই এলাকাটা কলকাতার মানসিকতার সঙ্গে একাত্মিভুত হয়ে গেছে। আজকে সেই পরিপ্রেক্ষিতে সেই অঞ্চলে যেমন—রামজীবনপুর, মাগুরখালির মতো যে গ্রামাঞ্চল রয়েছে, সেখানে আজও হয়তো চাষযোগ্য কৃষিপ্রধান মানুষেরা যেমন রয়েছেন, তেমনি সেখানে বলাকা থেকে, সৃজনী থেকে শুরু করে বার্মা কলোনি থেকে শুরু করে বিভিন্ন জায়গা, যে জায়গাগুলিতে আমরা আজকে কলকাতার উন্নয়ন পৌঁছে দেওয়ার একান্ত প্রয়োজনীয়তা অনুভব করছি, তাই আমি মনে করি যে, আজকের এই মহতী সভায় যে সমস্ত সদস্যরা রয়েছেন, তাঁরা সর্বসম্মতভাবে সমর্থন করবেন এবং জোকা - ১ আর ২ অঞ্চলকে উন্নয়নের পরিকাঠামো আমরা ভবিষ্যতে পৌঁছে দিতে পারব এবং তাতে রাজ্য সরকারের—যেহেতু একটি এলাকা সংযুক্ত হচ্ছে, তার জন্য সম্পূর্ণ সহযোগিতা আমরা পাব। আমি মনে করি, যেমন আমি জোকা অঞ্চলে যেখানে পড়েছে, যেমন বেহালা পূর্ব কেন্দ্র থেকে আমি নির্বাচিত, তেমনই কলকাতা পৌরসভারও দায়িত্বভারও যেহেতু আমাকে সামলাতে হয়। আরেকটি যৌক্তিকতা কিন্তু ভীষণভাবে রয়েছে। বেহালা পূর্ব কেন্দ্র বা দক্ষিণ কলকাতা লোকসভা কেন্দ্র। কলকাতায় যে দুটি লোকসভা কেন্দ্র রয়েছে, উত্তর এবং দক্ষিণ, সেই জায়গায় দাঁড়িয়ে দক্ষিণে ৬০টি ওয়ার্ড কলকাতা পৌরসভার সঙ্গে দুটি অঞ্চল যুক্ত ছিল। আর বেহালা পূর্ব কেন্দ্রে ৮টি ওয়ার্ড যেহেতু কলকাতা পৌরসভার এবং দুটি পঞ্চায়েত এলাকা ছিল, সেই পরিপ্রেক্ষিতেও আজকে

সমস্ত পরিকাঠামোটি আজকে কলকাতা পৌরসভার অন্তর্গত একই প্রশাসনের মধ্যে আসবে, একই উন্নয়নে শামিল করা যাবে। আর যারা আশঙ্কা করছেন যে, ট্যাক্স বৃদ্ধি হয়ে যাবে, আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৮৪ সালে যখন বেহালা, যাদবপুর এবং গার্ডেনরীচ কলকাতা পৌরসভার সঙ্গে সংযুক্ত হয়েছিল, সেই সময় আমরা বিরোধী পক্ষ থেকে যখন বলেছিলাম যে, ট্যাক্স বৃদ্ধি পাবে, সেই সময় সরকারি দল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি বামপন্থীরা তখন সরকারের ক্ষমতায় ছিলেন। তাঁরা বারবার বলবার চেষ্টা করেছিলেন, না এই অঞ্চলের ট্যাক্স বৃদ্ধি ঘটবে না। কারণ, মানুষের কাছে সেই বিষয়ে বলার কিছু নয়, আমরা যখন এই এলাকা উন্নয়নের পরিকাঠামোতে আমরা কলকাতা পৌরসভার সঙ্গে সামগ্রিক একটা বিধিবদ্ধ ব্যবস্থায় একটা স্ট্যান্ডাডাইস করতে পারব, তখনই এই সমস্ত চিন্তা-ভাবনা আসবে। এই আশঙ্কা করার কোনো কারণ নেই। কলকাতা পৌরসভার পক্ষ থেকে আমরা নিজেরা সঙ্ঘবদ্ধ যে, কোনো ক্ষেত্রেই মানুষের ওপর ট্যাক্সের বোঝা না চাপিয়ে জোকা অঞ্চলের উন্নয়ন আমরা করতে পারব। তাই এই প্রস্তাবকে সমর্থন করে এবং আগামি দিনে জোকার মানুষের উন্নয়নে কলকাতা পৌরসভার সঙ্গে সংযুক্ত হয়ে শামিল হবে, এই কথা জানিয়ে, সবাইকে সমর্থন করার অনুরোধ জানিয়ে আমি এই প্রস্তাব রাখলাম। ধন্যবাদ, নমস্কার।

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাবটা এখানে এসেছে যে জোকা ১ এবং ২ নম্বরকে কলকাতা কর্পোরেশনে নিয়ে আসার সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। এটা ঠিক যে অনেক সময় এই আশঙ্কা থাকে যেটা কলকাতা কর্পোরেশনের মাননীয় মেয়র বললেন ট্যাক্স বাড়বে কর্পোরেশন এলাকায় গেলে, পৌর এলাকায় গেলে ট্যাক্স বাড়বে। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি সর্বত্র একটা দাবি সব এলাকা থেকেই থাকে যে পৌরসভার অন্তর্গত হোক। একটু আগেই মাননীয় পৌরমন্ত্রীর হাতে আমি একটা চিঠি দিয়ে এলাম আমাদের ময়নাগুড়ি এলাকার, তাঁদের দীর্ঘদিনের দাবি যে ময়নাগুড়িকে একটা মিউনিসিপ্যালিটি তৈরি করা হোক। আমি তাঁদের বললাম যে তাতে ট্যাক্স বেড়ে যেতে পারে। না স্যার, কোনো অসুবিধা নেই, বাড়ুক না, আমরা সেবা পাব, পরিষেবাটা পাব। আসলে গ্রাম পঞ্চায়েতে থেকে মানুষ যে পরিষেবাগুলো চায় সেই পরিষেবাগুলো পায় না। কাজেই পরিষেবা যদি দেওয়া যায় তাতে সামান্য কিছু ট্যাক্স বাড়ুক, কি না বাড়ুক সেই নিয়ে মানুষ কিন্তু অত বিব্রত হয় না। এটা আমরা সব ক্ষেত্রেই দেখতে পাচ্ছি। আমরা আজকের দিনে যা দেখতে পাচ্ছি যে মানুষ পরিষেবা চায়, ডেলিভারি অফ সার্ভিসেস। উন্নত ডেলিভারি অফ সার্ভিসেস চায় এবং তার জন্য যদি কিছু পয়সা বেশি দিতেও হয়—যার জন্যই আমরা দেখছি বিভিন্ন জায়গায় কত ধরনের বড়ো বড়ো বাজার হচ্ছে। প্রথমদিকে আমাদের মনে হয়েছিল এই সব বাজার বোধহয় চলতে পারে না। সেই জন্য আমি বলছি যে গ্রামীণ মিউনিসিপ্যালিটিগুলো থেকেও এই ডিমান্ডগুলো আছে। গ্রামীণ মিউনিসিপ্যালিটিগুলোতে অনেক জায়গায় অনেক গ্রাম আশ-পাশে রয়েছে তাদেরও ডিমান্ড হচ্ছে যে এগুলো মিউনিসিপ্যালিটিতে ঢুকুক। এই ধরনের অনেক এলাকা আছে। আমি যেহেতু তৃতীয় অর্থ কমিশনের চেয়ারম্যান ছিলাম, সেই সময় অনেকগুলো বিষয় অর্থ কমিশনে আমরা দেখেছিলাম এবং বহু মানুষের তখন ইন্টারভিউ নেওয়া হয়েছিল, তাঁদেরও

এই বক্তব্যগুলো ছিল যে এগুলো ঢোকানো হোক, পরিষেবা বাড়ানো হোক। এই যে ইস্যুগুলো, এই ইস্যুগুলোর পরিপ্রেক্ষিতে জোকা ১ এবং ২-কে যেখানে আনার প্রস্তাব রয়েছে তাকে আমি সাধুবাদ জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি মাননীয় পৌরমন্ত্রীকে যে তিনি প্রস্তাব নিয়ে এসেছেন। আমি সঙ্গে সঙ্গে অনুরোধ করব এই ধরনের আরও অনেক ইস্যু আছে আমাদেরই রাজ্যে আমি অনুরোধ করব সেই ইস্যুগুলোকেও দেখা, যেখানে এই ধরনের আবেদন রয়েছে, যেখানে মানুষ চাইছে যে পৌরসভায় আসুক, কর্পোরেশনে আসুক। শিলিগুড়িতে রয়েছে, আসানসোলের ক্ষেত্রেও একই জিনিস রয়েছে। এই যে বিষয়গুলো সেগুলো দেখার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ফিরহাদ্ হাকিম : স্যার, সবাইকে ধন্যবাদ জানাতে চাই যে আমাদের এই রেজোলিউশানটা সর্বসম্মতভাবে সমর্থন করা হয়েছে। স্যার, আমাদের সরকার নিশ্চিত ভাবে একটা ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ সেটা হল যে মানুষকে বেটার লিভিং দেওয়ার ক্ষেত্রে এবং নিশ্চিতভাবে প্রায় আমাদের ৭২২টা সেন্সার টাউনশিপ রয়েছে। যেখানে সেখানকার সব মানুষই চায় যে পৌরসভা হোক, আরও বেটারভাবে পৌর পরিষেবাগুলো পাক। আমরাও চেষ্টা করছি যতদূর সম্ভব এই আর্থিক যে একটা অনটনের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গকে ফেলে রাখা হয়েছে, আমরা যেটাকে নিয়েছি, তার মধ্যে দিয়ে যতটা সম্ভব এই পৌর পরিষেবাগুলোকে যাতে বিভিন্ন স্তরে পৌঁছে দেওয়া যায়। অনেক মাননীয় সদস্য রয়েছেন তাঁরা চান যে তাদের নিজেদের এলাকার যে জায়গাগুলো একটু ডেভলপ করে গেছে সেটা পৌরসভায় রূপান্তরিত করতে। এই প্রয়াসটা আমরা জারি রাখছি এবং আস্তে আস্তে নিশ্চিতভাবে আপনাদের যে আশা সেটা পূরণ করব বলে আমি দৃঢ়বদ্ধ। স্যার, এই এলাকায় প্রায় ১৮.৭৭ স্কোয়ার কিঃমিঃ, জনসংখ্যা ৬৫১৬০, দা ডেনসিটি অফ পপুলেশান ৩৮৭০.১৬। এখন যে দুটো পঞ্চায়েত ওই জায়গায় আছে তাদের কর্মী সংখ্যা ১৪।

[12.00 – 12.10 p.m.]

কিন্তু ওই জায়গাটা জোকা ১, ২ সেখানে প্রায় ৯৩.১৬ যাঁরা অকৃষি রয়েছেন অর্থাৎ অকৃষি জনসংখ্যা যাঁরা রয়েছেন, যাঁরা চাকরি-বাকরি করেন, ফ্যাক্টরিতে কাজ করেন এই ৯৩% মানুষ তাঁরা কেউই কৃষি কাজের সাথে যুক্ত নয়। সুতরাং এই জায়গাটা এমনিতেই ডেভলপড্ হয়ে গেছে। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, গত সরকার যাঁরা ছিলেন তাঁরা এতদিন ধরে এই বিষয়টা কেন নেগলেক্ট করেছেন। এটা অনেকদিন আগেই কলকাতার মধ্যে আশা উচিত ছিল। কারণ কলকাতার পাশে হয় নতুন মিউনিসিপ্যালিটি হচ্ছে কিম্বা যে এরিয়াগুলো এরকম ভাবে রয়েছে, যেগুলো অলরেডি হয়ে গেছে, সব রকম ফেসিলিটি হয়ে গেছে, সেখানে বড়ো বড়ো বিল্ডিং হয়ে গেছে, ১০ তলা, ১২ তলা বিল্ডিং পর্যন্ত হয়ে গেছে সেই জায়গাগুলোকে কলকাতা কর্পোরেশনের মধ্যে আনার অর্থ হচ্ছে—কলকাতার রাস্তা যেটা মহাত্মা গান্ধী রোড তার এক সাইডটা কলকাতা পৌরসভার সব রকম ফেসিলিটি পাচ্ছে আর ঠিক তার আর একটা দিক, মহাত্মা গান্ধী রোডের আর একটা দিক সেখানকার মানুষ যে পরিষেবাগুলো পাওয়া তাদের অধিকারের মধ্যে পড়ে কারণ তারা কলকাতার লাগোয়া ফ্ল্যাটগুলো কিনেছে, বাড়ি করেছে বা বিভিন্ন ভাবে গেছে তারা সেটা পাচ্ছে না। স্যার, এটার

মধ্যে দিয়ে আমরা আশা করব আমাদের যে কলকাতা পৌরসভার পৌর পরিষেবাগুলো এতদিন জোকা ১, ২—এত বড়ো জনসংখ্যার মানুষ প্রায় ৬৫ হাজার মানুষ যারা এতদিন ধরে বঞ্চিত হয়েছে, তাদের কলকাতা পৌরসভা সেই পরিষেবাগুলো দেবে। আর আমি এই রেজলিউশানটা অ্যাডাপশানের জন্য আবার সবাইকে ধন্যবাদ জানিয়ে, আপনাকে স্যার, এই রেজলিউশানটা অ্যাডাপ্ট করার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : ধন্যবাদ, মাননীয় মন্ত্রী।

Now, I put the Motion of Shri Firhad Hakim to vote, As many as are of that opinion will please say Aye and as many as of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it. The Motion is passed.

LEGISLATION

The West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Bill, 2012

Mr. Speaker: Now, I call upon the Minister of State for Health & Family Welfare to introduce her Motion and thereafter to place a statement as required under 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Smt. Chandrima Bhattacharya: Sir, I beg to introduce that the West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Bill, 2012 and place a statement explaining the circumstances which had necessitated immediate legislation of the West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Ordinance 2012.

Government of West Bengal
Health and Family Welfare Department

Subject: **Statement explaining the circumstances which had necessitated immediate legislation of the West Bengal Medical Council (Temporary Supersession) Amendment) Ordinance 2012 for placement in the house in terms of Rule 72(1) of the Rules of Procedure and conduct of business in the West Bengal Legislative Assembly**

The Bengal Medical Act, 1914 (Bengal Act of VI of 1914) was promulgated with effect from 27th May, 1914. It was published in

the Calcutta Gazette on even date. The said Act provides for the registration of medical practitioners and for matters connected therewith in the State of West Bengal. It also provides for the constitution, function and powers of the Council (West Bengal Medical Council).

The original Act came into force long years back when the country was under British rule. This Act was amended after the Indian Constitution came into force. The West Bengal Legislative Assembly passed a Bill entitled "the West Bengal Medical Council Bill, 2009" in the year 2010 and the same has been referred to the Hon'ble Governor of West Bengal for his kind assent. However, the said Bill is yet to be assented to.

Section 4 of the Bengal Medical Act, 1914 provides for the constitution of the West Bengal Medical Council along with its composition. In terms of the said Section, the following categories of members comprise the West Bengal Medical Council, namely, members nominated by the State Government, ex-officio members and elected members. Furthermore Section 11 of the said Act provides that the terms of office of a member of the council nominated or elected under Section 4 shall be five years. The Council was last constituted in the year 2005. Thus, it is evident that the reconstitution of the Council and holding the elections has been lying overdue since 2010. Due to unavoidable circumstances, the election for constituting the new Council has not been notified since 2010. Thus for all practical purposes, the Council has been technically unable to discharge its powers, functions and obligations.

As the West Bengal Medical Council is vested with registration matters of registered medical practitioners together with "penal and ethical" matters related to adjudicating cases of medical negligence, therefore under such constraints that the Council has been technically unable to discharge its functions, consequently, a very large number of cases pertaining to penal and ethical matters and other related issues had not been disposed, thereby hampering public and professional interest. Therefore it has been felt necessary that an ordinance may be promulgated for superseding the Council by an ad-hoc Council comprising persons of eminence and of unimpeachable integrity in the fields of medicine and medical

education, and who may be either nominated members or members, ex-officio, and the said ad-hoc Council would enjoy of powers and functions of the Council to ensure smooth functioning of the State Medical Council in an appropriate manner. It may be recalled that an Act namely the West Bengal Medical Council (Temporary Supersession) Act, 1985, had been enacted by this State Government. This State Government has since considered, after re-drafting certain provisions therein so as to mutatis mutandis suit the present purpose of constituting an ad-hoc West Bengal Medical Council with persons of eminence and of unimpeachable integrity, in line with the similar Act, to temporarily supercede the Council.

As the West Bengal Legislative Assembly was not in session, the same had necessitated immediate promulgation of the West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Ordinance 2012 on 13th February 2012.

Sd/-
(Mamata Banerjee)
Member-in-Charge

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker: Now, I call upon the Minister of State for Health & Family Welfare to move her Motion for consideration of the Bill.

Smt. Chandrima Bhattacharya: Sir, I beg to move that the West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Bill, 2012 be taken into consideration.

শ্রী আনিসুর রহমান : আজকে শুক্রবার বিরতি থাকে আমাদের জন্য। আজকে তো শুক্রবার।

মিঃ স্পীকার : আমরা ঠিক সাড়ে বারোটার মধ্যে আজকে শেষ করে দেব।

শ্রী আনিসুর রহমান : বারোটাতেই তো নামাজ হয়, বারোটাতেই তো সব হয়।

মিঃ স্পীকার : আমি জিজ্ঞেস করে নিয়েছি, ঠিক সাড়ে বারোটায়। আপনি টাইমটা খেয়াল রাখবেন মিঃ রহমান। সময়টা আপনি মনে রাখবেন আমি রিসেস করে দেব সাড়ে বারোটায়। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : আমি ভেবেছিলাম পরেই হবে। যাক গে, এই যে বিল—এই যে বিলটা এখানে উত্থাপন করা হয়েছে, আমি একটা জিনিসে অবাক হয়ে গেলাম, আমি বিলের বিরোধিতা করার জন্য শুধু বলছি না, আমি বলছি যে, অনেকদিন একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে এটা চলেছে। আমাদের যে কাউন্সিল অ্যাক্ট, যেটা এখানে আছে, সেই কাউন্সিল অ্যাক্টে পরিবর্তন দরকার এবং সেই পরিবর্তনের জন্য বোধহয় ২০১০ সালে একটা প্রস্তাব একটা অ্যামেন্ডমেন্ট বিল এখানে অনুমোদন হয়েছে এবং সেটা রাজ্যপালের কাছে পড়ে আছে। ইতিমধ্যেই যে ঘটনা আমি দেখলাম—এই সরকার আসার পরে একটা জিনিস লক্ষ করেছি যে, সব বিষয় তাড়াহুড়ো করতে গিয়ে এই সব অর্ডিন্যান্স হয়ে যাচ্ছে। এই যে আমাদের MLA-দের বেতন বাড়বে, কি allowance বাড়বে, ordinance করতে হবে ? মন্ত্রীদের বেতন বাড়বে ordinance করতে হবে ? সব ordinance করতে হবে ? ordinance-তো ব্যতিক্রমের ক্ষেত্রে হয়। যখন একান্ত জরুরি প্রয়োজন হয় তখন হয়। এটা তো তা ছিল না। এই যে Council Committee যেটা ছিল, তার মেয়াদ শেষ হয়েছে ২০১০ সালে। তারপরে অনেকগুলো ঘটনা ঘটেছে, অনেক প্রক্রিয়া হয়েছে, টাকা-পয়সা দেওয়া হয়েছে, election-এর ব্যবস্থা হয়েছে, এমনকি যারা এর nominated member ছিল, তারা resign দিয়েছে। আবার member দেওয়া হয়েছিল। এসব অনেক প্রক্রিয়া আমি দেখলাম। হঠাৎ করে ordinance করার কোনো প্রয়োজন ছিল বলে আমার মনে হয় না। কিন্তু অদ্ভুত যেটা লাগছে যে, ordinance যেটা করা হল, যেটা আজকে বিল আকারে এখানে এসেছে, যেটা আইনে পরিণত হবে, তাতে আমি দেখলাম যে, Committee সম্পর্কে, আগে একটা Committee বলা আছে, মূল একটা তাতে বলা ছিল যে, ১৫ জন হবে elected member। যারা registered practitioner থাকবে তাদের মধ্যে থেকে They will elect 15 members। আর তিনজন না চারজনকে nominate করবে। আর তিনজন বোধহয় এরকম একটা ভাগ করা ছিল আমি দেখছিলাম যে, ১৫ জন হচ্ছে elected member; তিনজন হচ্ছে nominated member আর চারজন হচ্ছে আমাদের Ex-officio member, যারা অফিসার হিসাবে থাকবে। কিন্তু এটাকে পুরোপুরি change করে দিয়ে বলা হল, ১০ জন হবে, ১০ জনই হবে nominated। এবং এই ১০ জনের মধ্যে একজনের যে orderটা বেরিয়ে গেছে দেখলাম, তাতে ১০ জনের মধ্যে একজন হচ্ছে Ex-officio member। একজন অফিসার আছেন, সবই হচ্ছে nominated member। তারপরে যেটা আরো মারাত্মক দেখলাম আমি যে, তারা দুটো কমিটি করতে পারবে। এই দুটো কমিটির মধ্যে একটা কমিটির power হচ্ছে অনেক বেশি। এবং সেই কমিটি গঠনে যে প্রক্রিয়া বলা হয়েছে, ওই যে penal and ethical committee. Penal and ethical committee গঠন করতে পারবে। তাতে বলা আছে, one member of the Ad-hoc Council who will act as the Chairman of the Penal Committee। কিন্তু সেই চেয়ারম্যান কিভাবে ঠিক হবে তা কিন্তু বলা নেই। এটা অদ্ভুত। আর একটা ঘটনা বলা আছে যে, ১০ জনের কমিটি হবে, তারপরে কমিটিকে বলে দিল, এই কমিটি ইচ্ছে করলে, যত খুশি মানে co-opt করতে

পারবে, ডাকতে পারবে। এই যে provided also that the Ad-hoc committee shall have the liberty of co-opting more number of member. There is no limit. ১০ জনের একটা nominated committee করে দিলাম, দিয়ে বলে দিলাম তুমি যত পার লোককে ডাক। কোনো সীমাটিমা নাই। এ তারাই করবে এবং তারাই ethical যে committee করা হয়েছে, সেই কমিটিকে বলে দিল যে, suo-mottoও করতে পারো। এর একটা কিছু তো condition থাকার দরকারও তো হয় না। সেগুলো করা নাই। আর অদ্ভুত যেটা ঘটনা যে একটা elected body-র অনেকের দু-বছর, তিন বছর মেয়াদ থাকে। Ad-hoc Committee-র তিন বছর মেয়াদ থাকবে একটানা, এ আমি কখনও শুনিনি। এই প্রথম দেখছি এখানে Ad-hoc Committee-র তিনবছর মেয়াদ, three years। Not three years লেখা আছে। Provided that aggregate period for which the Ad-hoc Council may be recommended shall not exceed three years. মানে কি ? আমি টোটালটা বলেছি aggregate is three years। তিনবছর একটা Ad-hoc Committee থাকবে এটা আমি দেখিনি, সেই জিনিসটা রাখা হয়েছে। এরকম আরো কিছু বিষয় আছে, যেগুলো আমি বুঝতে পারলাম না, এগুলো এত তাড়াহুড়ো করে এই জিনিস করার কি দরকার আছে, সময় যখন ছিল, করা যেতে পারত। আর ফেব্রুয়ারিতে আমাদের একটা Ordinance হল, আর মার্চ মাসে আমাদের বিধানসভা বসছে। মাত্র ক'দিনের gap। Ordinanceটা হল ফেব্রুয়ারি মাসের কত তারিখ, শেষ দিকে। আর ক'দিন পরেই বিধানসভা আর তার উপর একটা বিল পড়ে আছে রাজ্যপালের কাছে সেটারও খোঁজ নেওয়া হল না। এইজন্য করা হল কেন আমি বুঝতে পারলাম না। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই যে, এই বিল, কাউন্সিল, অমুক তমুক যা হচ্ছে, সবটা তো আমাদের একটা বড়ো লোকের সঙ্গে যুক্ত। যে, আমাদের স্বাস্থ্যব্যবস্থা উন্নত করতে হবে। আমরা বারবার একটা কথা বলি, কোনোদিন একথা বলিনি, এই যে স্বাস্থ্য নিয়ে যত সমস্যা হয়, যে, আমরা.সব ঠিক করে গিয়েছিলাম। আর এখানে সব ভুল হয়ে গেছে—একথা আমরা বলিনি। যদি কেউ বলে, যদি কেউ বলে আগে সব ভালো ছিল, এখন খারাপ হয়ে গেছে—আমাদের কোনো লোক অন্যায় করবে। আবার যদি এই সরকার বলে যে, আগের সব অচল হয়ে গেছে, আমরা এসে ঠিক করে দিলাম সব। সেটাও ভুল বলা হবে। কিন্তু আমাদের সাবধানে দায়িত্ব পালন করতে হবে এই কারণে, এ সবটা গুছিয়ে নিয়ে রাজ্যের এই স্বাস্থ্যের যে সমস্যাগুলো আছে, সেই সমস্যাগুলোর সমাধান করার চেষ্টা করতে হবে। কিন্তু সমাধান করার পথ কি হবে ? আমি এই প্রসঙ্গ তুলছি এই কারণে যে, যেহেতু ethical committee-র কথা বলা হয়েছে। আমি কালকে মুখ্যমন্ত্রীর একটা interview দেখছিলাম, ভালো লাগল। উনি অন্য কথার মধ্যে একটা ভালো কথা বললেন যে, হাসপাতালে কোনো সাংবাদিক মানে যে কেউ ঢুকে যেতে পারে না। উচিত না, বে-আইনি কাজ। যখন তখন ঢুকে যাচ্ছে। এমনকি উনি বললেন যে, Operation Theatre-এও নাকি ঢুকে যাচ্ছে। এটা অন্যায়। উনি বলেছেন অন্যায়। ঠিক, ভালো বলেছেন। কিন্তু আমার যেটা খারাপ লেগেছিল, উনি মুখ্যমন্ত্রী হওয়ার ক'দিন পরে, উনি

একটা হাসপাতালে গেলেন, তার নাম হচ্ছে বাঙ্গুর। সে ডাক্তার কেমন টেমন অত আমার চেনা-জানা নাই, কোন দল, কি কোন সমর্থক—আমার জানা নাই। কিন্তু আমি ডাক্তারকে দেখলাম—যেটা খারাপ লাগল, সেটা হচ্ছে উনি ঢুকে পড়লেন দলবল, সাংবাদিক নিয়ে। এবং ওখানে ঢোকার পরে, যেতে পারেন, কোনো বাধা দিইনি আমি। (গোলমাল) বলব না ? আমার যেটা খারাপ লেগেছে সেটা আমি বলেছি। আমি কোনো তদন্তের কথা বলিনি, আমি বলেছিলাম যে উনি বললেন সাংবাদিক যাওয়াটা অন্যায়। এর বাইরে আমি কোনো কথা বলিনি।

[12.10 – 12.20 p.m.]

মিঃ স্পীকার : Mr. Rahaman, don't put any aspersion on Chief Minister.

...(Noise)...

You are representing it in another way. This will not go. Please continue.

শ্রী আনিসুর রহমান : আমি বলছি এই জন্যে যে আমাদের এই ব্যাপারে কড়া ব্যবস্থা হওয়া দরকার যে হাসপাতালে কেউ যেন ডিস্টার্ব না করে। হাসপাতালে কেউ যেন ডিস্টার্ব না করে, আমি তো এই কথা বলেছি, আর তো কিছু বলিনি। আমি এই জন্য আবেদন জানাব এই যে কাউন্সিল গঠন করা হয়েছে সেটা যেন সুবিচার হয়। সরকারি নমিনেটেড ১০ জন লোক যদি নমিনেটেড থাকে, তাদের হাতে বিশাল ক্ষমতা দেওয়া হবে, তারা যদি সুবিচার না করে তাহলে ক্ষতি হবে। আমরা তো সুবিচারটা চাই। আমি এইজন্য বলছি এই যে বিল আনা হয়েছে, এই অর্ডিনান্স থেকে বিলে পরিণত করা হয়েছে, এটা বাতিলের কথা তো বলিনি আমি। বাদ দেওয়ার কথাও তো বলিনি আমি। আমি বলেছি এর যদি যথাযথ প্রয়োগ না হয় তাহলে সমস্যা হয়। যাতে ঠিকভাবে প্রয়োগ হয়, যে অপরাধ করবে সে যেমন শাস্তি পাবে, আর যে অপরাধ না করবে সে যেন কোনো শাস্তি না পায় সেটাও দেখা দরকার। কারণ, এদের হাতে বিরাট ক্ষমতা আছে। তাই আমি আবেদন জানাব এই যে কাউন্সিল গঠনের সঙ্গে সঙ্গে আজকে আমাদের রাজ্যে যে সমস্ত ডাক্তার আছে, অনেকে আছেন যাঁরা ভালো কাজ করেন, আবার কিছু ডাক্তার আছেন ফাঁকিবাজি করেন। আমরা জানি এটা, অনেক ডাক্তার আছেন তাঁরা হাসপাতালে কাজটি করেন না। তাঁরা বাইরে গিয়ে অনেক কাজ করে বেড়ান। এই ঘটনা বহু আছে। আবার এমন ডাক্তারও আছেন, সমস্ত কাজ ফেলে দায়িত্ব পালন করেন। এমন ডাক্তারও আছেন। এইজন্য আমার বক্তব্য হচ্ছে, একটা যে সুবিচার হোক। যে অন্যায় করবে তার শাস্তি হোক। দলমত দেখার দরকার নেই। কোনো চিন্তার লোক দেখার দরকার নেই। এইজন্য আমি বলছি, এটা আমরা চাই। এইজন্য আমি বলছি, যে এই বিলের ব্যাপারে যে কমিটিটা করে দেওয়া হয়েছে, এথিকাল অ্যান্ড পেনাল কমিটি, সেই কমিটি এমনভাবে করা হয়েছে, এটা হয়ে যাবে একটার পর একটা

ঘটনা ঘটে যাবে। এই ঘটনা যেন না ঘটে। যে কথা বলা হয়েছে সেই সুবিচার যেন হয়, সেটা হচ্ছে বড়ো কথা। এইজন্য আমি এই বিলের ব্যাপারে আমি আগেও বলেছি, এখনও বলছি, যে এই বিলে এমন কতকগুলো বিষয় আছে যে বিষয়গুলোর পরিবর্তন হওয়া দরকার। আমি দেখলাম শোভনদেববাবু বোধহয় একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন, আগে আমরা জানতে পারিনি, অ্যামেন্ডমেন্ট দেওয়ার সুযোগ হয়নি কিন্তু উনি একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন, তাতে বলেছেন যে একটা ভাইস চেয়ারম্যানের পোস্ট হওয়া দরকার। চেয়ারম্যানের জায়গায় বোধহয় শোভনদেববাবু না কে এনেছেন দেখলাম যে ভাইস চেয়ারম্যানের একটা পোস্ট হওয়া দরকার, যেটা নাকি এখানে নেই। একটাও নেই। তা আমরা সেই সময়ও পাইনি, আমরা জানতাম না, হঠাৎ করে এসেছে, আমরা কোনো অ্যামেন্ডমেন্টের কথাও বলতে পারিনি। কিন্তু আমি যেটা বলতে চেয়েছি, এখনও যেটা বলতে চাইছি এই সবটা নমিনেটেড লোককে দিয়ে তিন বছর ধরে একটা বিল চালাবে, তাদের হাতে আরো অসীম ক্ষমতা থাকবে তারা নিজেরা সুয়োমটো তদন্ত করে যা খুশি করতে পারবে, এটা কখনোই গণতান্ত্রিক ব্যবস্থায় কাম্য হতে পারে না। আমি এইজন্য বলেছি যে এমন একটা ব্যবস্থা থাকা দরকার এতে বাইরে যাতে কেউ এর ক্ষমতার অপব্যবহার করতে না পারে। এই অপব্যবহার করলে আমাদের ক্ষতি হবে। আমি আবারও বলছি আজ যে খারাপ, যে ফাঁকিবাজ, যে অন্যায় করবে তার ব্যবস্থা হোক, কোনো আপত্তি নেই আমাদের। কোনো আপত্তি নেই। কিন্তু যারা....

(তুমুল হট্টগোল)

মিঃ স্পীকার : Hon'ble member প্লীজ টেক ইয়োর সিট, মিঃ রহমান প্লীজ continue. ওনাকে বলতে দিন, পীজ। আপনি বলুন।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি বুঝতে পারছি না, কি বললাম কি ? What have I said ? I have said nothing wrong.

...(Noise and Interruption)...

মিঃ স্পীকার : প্লীজ ওনাকে বলতে দিন।

শ্রী আনিসুর রহমান : একে বলে সহিষ্ণুতা ? আমি বলেছি একটা কথা, এখনও বলছি আমি। একটা অ্যাডহক কমিটি করে দেওয়া হয়েছে, নমিনেটেড বোর্ড, ১০ জন মেম্বার, ১০ জনই নমিনেটেড। এই রকম একটা বোর্ডের হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে। সেই ডাক্তারের ব্যাপারে অভিযোগ যখন খুশি যেখানে দেখতে পারেন, যা খুশি বাতিল করতে পারেন। ইট ইজ নট অ্যাট অল প্যারিটি উইথ দ্য ডেমোক্রেটিক নর্মস। ইট ইজ এগেনস্ট দ্য ডেমোক্রেটিক নর্মস। এটা করা অন্যায় হয়েছে। একইভাবে বারবার বলুন। আপনারা তো সব ভেঙ্গে দিচ্ছেন। সমস্ত নর্ম ভেঙ্গে দিচ্ছেন।

...(গোলমাল)...

সেটা আমি বলতে পারব না ? এটা যাতে না হয় সেটা দেখার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা করবেন। আমরা দিতে পারিনি। অ্যামেন্ডমেন্ট দেওয়ার সুযোগও আমাদের হয়নি। যদি সুযোগ থাকে কিছু অ্যামেন্ডমেন্ট রাখা দরকার—তিন বছর থাকা উচিত নয়। এটা কমানো উচিত। যেটা নোমিনেটেড মেম্বারদের করা হয়েছে, আরো এক্স অফিসিও মেম্বার কয়েকটা বাড়ানো উচিত। এই যে অধিকার দেওয়া হয়েছে, যত খুশি মেম্বার আপনারা ডেকে নেবেন এটা কখনোই কাম্য নয়। একটা আমি দশজন দিলাম। আবার বলে দিলাম যত পারো ডেকে নাও। এটা হয় কখনো ! তাই জিনিস করা হয়েছে। আর একবার ভালো করে পড়ে দেখুন। এইজন্য আমি বলছি সত্যিকারে আন্তরিকভাবে যদি আপনারা চান ভালো করে ভেবে নিয়ে সেইমত ভাবে করুন। প্রয়োজনে পারলে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেবেন বা অন্য কমিটিতে পাঠিয়ে দিন। আলোচনা হোক। দেখুক। তারপর করুন। যা খুশি একটা করতে চান করুন, আপত্তি নেই, মেজরিটি আছে করবেন। এইজন্য আমার আবেদন থাকছে ভালো করে ভেবে দেখে করুন। আপনাদেরও লাভ হবে, আমাদেরও লাভ হবে, মানুষের লাভ হবে। এটা মুখ্যমন্ত্রীকে বারবারই বলছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : ধন্যবাদ। অনারেবল চিফ মিনিস্টার ইজ হিয়ার, সি উইল মেক এ স্টেটমেন্ট।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি, স্টেটমেন্ট নয়, কিছু বক্তব্য এখানে রাখা হয়েছে—কথায় কথায় আমি লক্ষ্য করছি, গণতন্ত্রের তর্ক-বিতর্ক, আলোচনা সমালোচনা গণতন্ত্রের পথ সমৃদ্ধ করে। কিন্তু এখানে আমি লক্ষ্য করছি ডেলিবারেটলি, পলিটিক্যালি মোটিভেটেড ওয়েতে কিছু কিছু কথা, বক্তব্য বা ভাষা প্রয়োগ করা হচ্ছে যা গণতন্ত্রের পক্ষে কুরুচিকর, আপত্তিকর এবং কুৎসাজনক, আপত্তিজনক। আমি উভয়পক্ষকেই, সবাইকেই বলব এই হাউসের পরম্পরা মেনে, মনে রাখবেন ৩৫ বছর পরে পরিবর্তন হয়েছে এবং অনেকেই আমাদের কাজ সহ্য করতে পারছে না, উন্নয়নে গায়ে জ্বালা ধরছে। কিন্তু তবুও আমি মনে করি বিরোধীরা যখন বলবে, বলতে দিন। আপনারা আপনাদের আর্গুমেন্ট দিয়ে, তর্ক-বিতর্ক করুন। আমি সরকারপক্ষে যারা আছে সবাইকে অনুরোধ করব, তার কারণ হচ্ছে বিরোধী দলের নিশ্চয় মর্যাদা থাকা উচিত। আপনারা কি করেছিলেন যখন আপনারা ছিলেন ? আমাদের বিরোধী দলনেতা পার্থদা ছিল, রোজ কি হ্যাকেল করেছিলেন আমরা সব দেখেছি। আমাদের এম.এল.এ.-দের মাইনে পর্যন্ত কেটে নিয়েছিলেন। কি অন্যায়, কি অত্যাচার হয়েছে আমরা সেটা করব না। আমি এখনো আপনাদের বলি পলিটিক্যাল পারপাসে কেউ কিছু বলতেই পারেন, কিন্তু রেগুলার প্লান্টেড ওয়েতে, মোটিভেটেড ওয়েতে যে কথা, যে বক্তব্য আপনারা বলছেন এবং মিসলিডিং দ্য হাউস—দ্যাট ইজ নট একসেপ্টেড ইন আওয়ার ডেমোক্রেটিক সিস্টেম। আনিসুরবাবু আমার কোনো আপত্তি নেই, আপনি আপনার কথা বলতেই পারেন। আপনি আপনার কথা বলতেই পারেন, ইট ইজ ইওর ডেমোক্রেটিক রাইট, ইট ইজ ইওর প্রেরোগেটিভ। কিন্তু আমি দেখছি বাংলায়, বাংলার সংস্কৃতি, বাংলার

সভ্যতাকে ডিসটর্ট করার জন্য একটা সেকশান অ্যালং উইথ ইউ পিপল—দে আর ক্রিয়েটিং দ্য কন্ট্রোভার্সি আননেসেসারিলি, দ্য পাথ.....

(এই সময় বিরোধী দলের সদস্যগণ একসাথে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)

....(তুমুল হট্টগোল)....

প্লিজ লেট মি স্পিক, লেট মি স্পিক, ডোন্ট সাউট, ডোন্ট সাউট, ডোন্ট সাউট, ইউ অল, ইউ অল। ইট ইজ মাই চান্স। আপনারা বসুন। আপনারা বসুন।

মিঃ স্পীকার : বসুন, বসুন আই অ্যাম হিয়ার, আই অ্যাম অন মাই লেগস। আই উইল এগ্‌জামিন। প্লিজ টেক ইওর সিট, প্লিজ টেক ইওর সিট, আই উইল এগ্‌জামিন। আই হ্যাভ সেড দ্যাট আই উড এগ্‌জামিন ইট। প্লিজ টেক ইওর সিট। ওনাকে বলতে দিন। আমি এটা এগ্‌জামিন করব, ওনাকে বলতে দিন। বলতে দিন। আমি তো বলেছি আই উইল এগ্‌জামিন দ্য স্টেটমেন্ট। প্লিজ আপনারা বসুন। আপনারা বসুন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছিলেন, বলুন। প্লিজ কন্টিনিউ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মিঃ স্পীকার স্যার, এটাই খুব আনফরচুনেট, এটা খুব আনফরচুনেট, গায়ের জোরে কিন্তু বিধানসভা চলে না। আর গায়ের জোরে গণতন্ত্রও চলে না। গণতন্ত্র চলে মানুষের অধিকারে। গণতন্ত্র চলে সংবিধানের ভাষায়। গণতন্ত্র এই অ্যাসেম্বলির মধ্যে পোস্টার এনে চলে না। যাদের রাজনৈতিক বক্তব্য নেই তারা পোস্টার নিয়ে আসে অ্যাসেম্বলির ভেতরে, নাথিং এলস্। আমি এখনো আপনাদের বলি, যখন...

....(গোলমাল)....

আমি আপনাদের রিকোয়েস্ট করছি প্লিজ বসুন। আমি আমাদের সরকারি দলের যারা আছে তাদের রিকোয়েস্ট করছি, প্লিজ বসুন। স্যার, এটা খুব আনফরচুনেট এবং আনফেয়ার যখন আনিসুরবাবু বলছিলেন, আমি পুরো বসে শুনেছি। ওনার এভরি রাইট আছে টু স্পীক। আমি যখন আমার কথা বলব সেটা আমার গণতান্ত্রিক অধিকার। ইউ ক্যান নট কার্ব মাই ফান্ডামেন্টাল রাইটস। আই অ্যাম নট রি-প্রেজেন্টিং ইওর পার্টি, আই অ্যাম দ্য রিপ্রেজেন্টিং দ্য বেঙ্গল গভর্নমেন্ট, দ্য পিপল অফ বেঙ্গল। ইট ইজ মাই এভরি রাইট, আই ক্যান এক্সপ্রেস মাই ভিউজ, আমি বলতামও না স্যার। আমি অনেক কথা বলিও না, শুনি বসে বসে। কারণ ওনারা বলবেন। আমাকে বলছেন আমি দলবল নিয়ে ঢুকে গেছি হেল্‌থ ডিপার্টমেন্টে। স্যার, এই কথাটার আমি অবজেকশান করছি। আমি কোনোদিন ঢুকি না। আমি সারপ্রাইজ ভিজিট কেন করি হসপিটালে জানেন ? যাতে কেউ জানতে না পারে। কিন্তু কেউ না কেউ বলে দেয়। আপনারাই বলে দেন, আমার কাছে রেকর্ডও আছে।

(এই সময় একাধিক বিরোধী দলের মাননীয় সদস্য কিছু বলতে উঠে দাঁড়ান।)

মিঃ স্পীকার : দাঁড়ান, দাঁড়ান। ক্রস স্টেটমেন্ট করবেন না প্লিজ। আপনারা ক্রস স্টেটমেন্ট করবেন না। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, আপনারা ক্রস স্টেটমেন্ট করছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি আপনাদের এখনো বলি এরপরে কিন্তু আপনারা কোনো কোয়েশ্চেন রেইজ করলে উত্তর যদি না দিতে দেন তাহলে কিন্তু রেইজ করাটা বৃথা হয়ে যাবে। আপনি একটা কথা বললেন। কথাটা ভুল কি সত্য আমি এখানে প্রেজেন্ট আছি। আমি যদি মনে করি এটার ক্ল্যারিফিকেশান দেওয়া দরকার আমি ক্লারিফাই করব। তা আপনারা শুনতে চান না কেন ? তার মানে শুনলে আসল তথ্য বেরিয়ে যাবে। অ্যালিগেশান করা খুব সহজ, আদৌ অ্যালিগেশান ঠিক কিনা সেটা প্রমাণ করতে হবে। উইদাউট দ্য এভিডেন্স অ্যালিগেশান ক্যান নট বি পুট। স্যার, ইউ আর দ্য রেপুটেড ল'ইয়ার, আপনি জানেন এগুলো।

[12.20 – 12.28 p.m.]

যে কেউ কমপ্লেন করতে পারে, কিন্তু কমপ্লেনটা আদৌ ঠিক বা বেঠিক সেটা জানবার অধিকার, ইনভেস্টিগেশানের পরে জানা যায়। Planted game is always planted game. আমি যে কোনো হসপিটালে ঢুকি, আমি বারণ করি। জানেন আমার সাথে কিরকম তর্কাতর্কি হয় এ নিয়ে। ইভেন গায়ের জোরে ঢুকে যাওয়া। বামফ্রন্ট সরকার একটা আইন করেছিল। আমি আপনাদের আইনটাই বলছি বলবৎ করতে। এই সরকার করেনি। তাতে বলা আছে যে, ইমারজেন্সি জায়গায়, এবং বিশেষ করে হসপিটালে, inside without the permission they cannot go. আমি দেখেছি অনেকে, আমি নিজে দুঃখ পাই। আমি একটা কোনো জায়গায় যাচ্ছি, একটা ঘটনা ঘটেছে ধরুন। আমি দু-তিনবার মেদিনীপুর হসপিটালে গেছি, যখন কোনো একটা ঘটনা শুনেছি। আমি দেখি গায়ের জোরে সব ঢুকে যাচ্ছে। ঢুকে গিয়ে কি করছে ? সংবাদ মাধ্যমের আমি বিরোধী নই। আপনারা আমার নামে এ সমস্ত প্রচার করবেন না। আমি মানবিকতার দিকটা বলছি। সবাই করে না। কেউ কেউ করে। কি করছে ? গায়ের জোরে ক্যামেরা নিয়ে এমন করে ঢুকে যাচ্ছে এটা—আমি সাংবাদিকদের দোষ দিই না বা ফটোগ্রাফারদের বা ক্যামেরা ম্যানদের। তাদের ডিউটি করতে হয়, কমপিটিশান মার্কেটে। দেখতেই পাচ্ছে না, এমন করে ক্যামেরায় ছবি তুলছে। হঠাৎ পেছন দিক দিয়ে যেতে যেতে স্যালাইনের বোতলটা ভেঙে দিল। অক্সিজেনের মাস্কটা খুলে গেল। অপারেশানের রোগী নিচে পড়ে আছে, বা কখনো হসপিটালে আছে। ব্লাডের শিশিটা ভেঙে রক্ত পড়তে শুরু করল। আমি তাদের হাতজোড় করে বলি, হসপিটালের ভেতর কিন্তু ঢোকার অধিকার আমাদের নেই এভাবে। আমি খুব অসন্তুষ্ট, আমি খুব অফেনডেড। তাহলে কি আমার কোথাও যাবার অধিকার নেই ? আমি একটা হসপিটালে যদি ভিজিট করতে যাই, কেন গায়ের জোরে ফোর্সফুলি এটা হবে ? এটা বিভিন্ন জায়গায় হয়। জানেন আমাদের ফেস করতে হয়। আমি তো রিকোয়েস্ট করব সবাইকে, সবাই মিলে বলুন, হসপিটালের ভেতরটা গুণ্ডামি করার জায়গা নয়। আর আমায় ছবি তুলতে হবে টি.আর.পি. রেট বাড়াবার জন্য, মিথ্যে কথাও বলতে যাব না। ডাক্তারদের কাজ ডাক্তারদের করতে দিন। ডাক্তার তো আপনাদের সমর্থকও প্রচুর আছেন। সবই তো অ্যাপয়েন্টমেন্ট আপনারা করে গেছেন। নতুন করে আমরা তো খুবই কম করেছি, যতটুকু পেরেছি। সেটাও, প্রসেস শুরু হয়েছিল, প্রসেসে করছি। এটা আপনাদের বুঝতে হবে, বর্ধমানে যে ঘটনা ঘটেছে, কাউকে কাউকে নিশ্চয়

মারা হয়েছে। এবং সেটা পুলিশ তদন্ত করছে, এফ.আই.আর. হয়েছে। এটা আইন, আইন আইনের পথে চলবে। কিন্তু আপনারা আমায় বলুন তো ? আমি অনেকগুলো মেডিকেল, ...(গোলমাল).... আপনারা ঠিক করবেন না, কে অ্যারেস্ট হবে, না হবে। কমপ্লেন করলে, কমপ্লেনের জেনুইন জিনিসটা দেখতে হবে। ইনভেস্টিগেশান করে সরকার সিদ্ধান্ত নেয়। এফ.আই.আর. লজ করা মানেই, এফ.আই.আর. লজ করা মানেই, without evidence বা without investigation it is not proved. কিন্তু আমি জানি কয়েকজনকে মারা হয়েছে। ...(গোলমাল)... বেশি কথা বলবেন না। কিছু করা হয়নি, করলে, সব কটা জেলে থাকতেন। এসব বলবেন না, এসব বলবেন না। ....(গোলমাল).... বেশি বলবেন না। ....(গোলমাল).... Now you face, Now you face.

....(তুমুল গোলমাল)....

মিঃ স্পীকার : আপনারা এইভাবে ইন্টার‍্যাপ্ট করবেন না।

....(তুমুল গোলমাল)....

শ্রীমতী মমতা ব্যানার্জী : অসভ্যের মতো একদম।

....(তুমুল গোলমাল)....

মিঃ স্পীকার : আপনারা এইভাবে ইন্টার‍্যাপ্ট করবেন না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : শুনুন এখানো আমি সরি, আমি এখনো মনে করি কতকগুলো জায়গা, স্বাস্থ্যের জায়গাটা খুব সেনসেটিভ। স্কুল, কলেজ ভেরি সেনসেটিভ। মাদ্রাসা, মন্দির, মসজিদ, গুরুদোয়ারা, গীর্জা খুব সেনসেটিভ। এই জায়গাগুলো নিয়ে বেশি রাজনীতি করা উচিত নয়। যার যে গুরুত্বপূর্ণ জায়গা তাকে সসম্মানে সেখানে থাকতে দেওয়া উচিত। আজকাল মানুষের অধিকার অনেকটা খর্ব হতে চলেছে। সংবাদ মাধ্যমকে আমরা সমর্থন করি, ভালোবাসি। কিন্তু বলুন তো, একটা আপনাকে করতে হবে বলে তো বাড়িতে ঢুকে গেলেন আপনি। একটা মহিলা আমাকে ফোন করে বলছেন, কোনো একটা ব্যাপারে, 'আমি বিছানায় শুয়ে আছি, গিয়ে বলছে—শোন আমি এখান থেকে এসছি, তোমাকে এখানে দাঁড়িয়ে ইন্টারভিউ দিতে হবে।' মানুষের পার্সোনাল লাইফ আজকে লস অ্যান্ড ইনজুরি হয়ে যাচ্ছে অনেক ক্ষেত্রে। সবাই নয়, পার্টিকুলার দু-একজন করছে। আমাদের তাদের বোঝাতে হবে মাথা ঠাণ্ডা করে। প্রত্যেকের একটা geographic boundary আছে, আমারও Geographic boundary আছে। আমার সি.পি.এম.-এর সাথে রাগ হলেও, আমি আলিমুদ্দিন স্ট্রিটের অফিস ভাঙতে যেতে পারি না। কারণ, I have a political boundary ; I have a dignity for the political purpose. Just like this, nobody can cross the boundary. Please remember. যারা আমার বিরোধী দলের বন্ধুরা আছেন, কখনো কখনো তারা ভাবতেই পারে না, যে তারা সরকার থেকে চলে গিয়েছে। কি করেছিলেন আপনারা ৩৫ বছরে, একটা ফিরে দেখুন। এত নরকঙ্কাল দেখেও, এত নরকঙ্কাল, এত হাড় দেখেও আমাদের লোকেরা কিন্তু কিছু করেনি। মাথায় রাখবেন, ভুলে গেছেন, ভুলে গেছেন ৩৫ বছরের সন্ত্রাস। ভুলে গেছেন ৩৫ বছর

গণশক্তি পেপার ছাড়া, কোনো পেপার পড়তে দেওয়া হয়নি। ভুলে যাবেন না, বন্ধু পলিটিক্যালি অনেক কিছু করেছেন আপনারা। আর একটা কথা আপনাদের বলি, চন্দ্রিমা ভট্টাচার্য আমার মিনিস্টার, মেম্বারদের কাছে শুনে সে উত্তর দেবে। আমি এই সাবজেক্টে কিছু বলছি না কারণ মেম্বাররা তাদের views রাখবেন। views রাখার পরে চন্দ্রিমা ভট্টাচার্য তার উত্তর দেবেন। কিন্তু জেনে রাখবেন যে কোনো Ordinance government করতে রাজি নয়, Ordinance government তখনই করে, যখন কোনো উপায় থাকে না, date expiry করে যায়। মনে রাখবেন একজন ডাক্তার যদি retire করে যায়, extentionটা যদি আগে না দিই—doctor available না থাকলে তাহলে সে কিন্তু retire করে যায়। পরে তাকে আবার অন্যভাবে appointment দিতে হয়, reappointment করতে হয়। কাজেই যখন date পেরিয়ে যায়, Assembly session থাকে না, কোনো urgent matter আসে, যেখানে medical council না হলে—সূর্যবাবু আপনি তো জানেন, college, medical, university, student, admission—এইগুলো সবকিছু involve আছে। এটা না করলে total processটাই নষ্ট হয়ে যেত, তাই করেছে, কেন করেছে, সেটা চন্দ্রিমা ভট্টাচার্য বলবেন। আমি তাকে authorized করেছি। আমি শুধু আপনাদের কাছে আবেদন করব, নিশ্চয় সবাই সবার কথা বলতে পারেন, শান্তিপূর্ণ ভাবে সুন্দর ভাবে, গণতান্ত্রিক পদ্ধতিতে। আসুন আমরা একটা system চালু করি, যেখানে উভয় পক্ষের কথাই সবাই শুনবে। শুনে argument দিয়ে বিচার হবে। আমি এইটুকু আবেদন জানালাম। আর আমি কাউকে hurt করতে গিয়ে কিছু বলি না, কিন্তু acquisition করবার আগে, কথায় কথায় শুধু—মমতা ব্যানার্জী আপনাদের Allergy হয়ে গেছে কারও কারও। কিন্তু মনে রাখবেন মমতা ব্যানার্জী পিপলের energy, বাংলার energy, বাংলার খেটে-খাওয়া মানুষের energy, মা-মাটি-মানুষের energy। কাজেই কথায় কথায়, আমাকে ব্যক্তিগত ভাবে আক্রমণ করা একটা প্রবণতা হয়ে গেছে, অসুখ হয়ে গেছে, হিংসার অসুখের কোনো ওষুধ নেই। স্যার, হিংসার কোনো ওষুধ নেই, I cannot suggest। Even হোমিওপ্যাথিতে নেই, আয়ুর্বেদে নেই, অ্যালোপ্যাথিতে নেই, হিংসার কোনো ওষুধ নেই Sir, সরি স্যার। পরে সুযোগ পেলে গবেষণা হবে।

মিঃ স্পীকার : ধন্যবাদ, যেহেতু আজকে শুক্রবার, আমাদের অনেকে prayer-এ যাবেন সেই জন্য এখন হাউস adjourn হচ্ছে, বাকি আলোচনা হবে ১.৩০ সময়। হাউস উইল রি-অ্যাসেম্বল অ্যাট 1.30 p.m.

(এই সময় সভার কাজ ১.৩০ মিনিট অবধি মুলতুবি থাকে।)

[1.30—1.40 p.m.]

AFTER RECESS

ডাঃ নির্মল মাজি : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, West Bengal Medical Council (Temporary Superession) (Amendment) Bill, 2012 সমর্থনে এই

পবিত্র গণতন্ত্রের মন্দির, মসজিদ, গির্জায় আমি বলতে চাই যে, ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল ঐতিহাসিক ভাবে ১৯১৪ সালে প্রতিষ্ঠা হয়েছে। ১৯৬৫ সালে কাউন্সিল পুনর্গঠন হয় নির্বাচনের মাধ্যমে। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ৮ বছর কেটে গিয়েছিল, কোনো নির্বাচনও হয়নি, কোনো অর্ডিন্যান্সও হয়নি। ১৯৮৫ সালে অর্ডিনেন্সের মাধ্যমে পুরনো কাউন্সিল ভেঙ্গে বামফ্রন্টের লোকজন ক্ষমতায় এসেছিল। সভাপতি হয়েছিল ডাঃ জ্যোতির্ময় মজুমদার, তার নেতৃত্বে ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল গঠিত হয়েছিল। ১৯৮৯-৯০-এ প্রথম নির্বাচন হল। কিন্তু নির্বাচন হল ব্যাপক কারচুপির মাধ্যমে, ব্যালট পেপার ছিনতাই-এর মাধ্যমে এবং প্রকৃত যারা চিকিৎসক সদস্য তারা নির্বাচনে অধিকার থেকে বঞ্চিত হয়েছিল। বিরোধীরা সেখানে নির্বাচনে প্রার্থী দিতে পারেনি এবং একচেটিয়া আধিপত্য স্থাপন করে পর পর ১৯৯৫ সালে একই কায়দায় নির্বাচন হয়েছিল। ডাক্তার জ্যোতির্ময় মজুমদার সভাপতি এবং সহ-সভাপতি হয়েছিলেন ডাক্তার নরেশ বন্দ্যোপাধ্যায়। ১৯৯৫ সালের পর ২০০০ সালে ডাঃ অশোক চৌধুরী সভাপতি এবং সহ-সভাপতি হয়েছিলেন ডঃ পূর্ণেন্দু ঝা। ২০০৫ সালে আবার ডাঃ অশোক চৌধুরী একই পদ্ধতিতে সভাপতি এবং ডাঃ সুবীর দত্ত সহ-সভাপতি হয়েছিলেন। ২০১০ সালে ফেব্রুয়ারি মাসে 'ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল'-এর মেয়াদ শেষ হল। এক বছর 'ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল' নিষ্ক্রিয় অবস্থায় কাটিয়েছে। কাউন্সিলের উপরে মানুষের আস্থা এবং বিশ্বাসযোগ্যতা হারিয়ে গেছে। ২৫০টির বেশি অভিযোগ সেখানে জমে পড়ে রয়েছে ২০০২-২০০৩ সাল থেকে। পুরনো জমা কেসগুলো এখনও পড়ে আছে। বিচারের বাণী সেখানে নীরবে নিভৃতে কাঁদছে। পশ্চিমবঙ্গের জনসংখ্যা ২০১১ সালের সেনসাস অনুযায়ী ৯ কোটি ১৩ লক্ষ ৪৭•হাজার ৭৩৬, বর্তমানে প্রায় ৯ কোটি ১৪ লক্ষের মতো। ৯ কোটি ১৪ লক্ষ মানুষের বেদনা, ব্যথা, যন্ত্রণা। রেজিস্ট্রিভুক্ত ডাক্তার ৪৯ হাজার ১৪৫, রাজ্য হেল্‌থ সার্ভিস ডক্টরের সংখ্যা ৯ হাজার, মেডিকেল এডুকেশান সার্ভিসের ডক্টরের সংখ্যা ২ হাজার ৫০০। ১৮০৪ জন মানুষ পিছু এই বাংলায় একজন করে ডাক্তার আছে। লোক্যাল বডি, মিউনিসিপ্যালিটি, হসপিটালের সংখ্যা ৩১। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন হাসপাতালের সংখ্যা ৫৮, রাজ্য সরকারের হেল্‌থ ডিপার্টমেন্ট ছাড়া অন্য দপ্তরের হাসপাতালের সংখ্যা হচ্ছে ৭২ এবং ব্যাঙের ছাতার মতো, মুড়ির দোকানের মতো এইসব নার্সিংহোম গজিয়ে উঠেছে, তার সংখ্যা হচ্ছে ২ হাজার ১৩। স্বাস্থ্য মানুষের ভিক্ষা নয়, স্বাস্থ্য বাংলার মানুষের জন্মগত অধিকার। সুস্বাস্থ্যের দাবি, বাংলার মানুষের দাবি। যাদের নুন আনতে পান্তা ফুরোয়, যাদের ওষুধ কেনার ক্ষমতা থাকে না, যারা চিকিৎসার জন্য এক হাসপাতালের দরজা থেকে আর এক হাসপাতালের দরজায় মাথা ঠুকে মরে একটা বেডের আশায়, তারা দালালের খপ্পরে পড়ে অথবা নার্সিংহোমের দ্বারস্থ হয় এক কাঠা জমি বা স্ত্রীর গয়না বন্ধক বা বিক্রি করে। তাই মেডিকেল কাউন্সিল নতুন ভাবে নতুন দিশা দেবে। সাধারণ মানুষের ব্যথা যন্ত্রণা তাদের সুবিচার করবে। তাই বলি,

"এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান,
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ মৃত আর ধ্বংস স্তুপ পীঠে

চলে যেতে হবে আমাদের, চলে যাব
তবু যতক্ষণ দেহে আছে প্রাণ,
প্রাণপনে পৃথিবীর সরাব জঞ্জাল।
ভবিষ্যতে এই শিশু বাসযোগ্য করে যাব আমি।
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।"
ধন্যবাদ।

শ্রী নেপাল মাহাত : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, "The West Bengal Medical Council (Temporary Supersession) (Amendment) Bill, 2012, এই বিলের বিষয় বলতে উঠে আমি দু-একটি কথা বলছি। ১৩.২.১২ অর্ডিন্যান্স হয়েছিল এবং সেই অর্ডিন্যান্স পাশ করাতে হবে বিধানসভাতে। আজকে সেই অর্ডিন্যান্স বিধানসভাতে পাশ হচ্ছে। আমি এই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই ম্যাডাম। এই যে অ্যাডহক কমিটিটা হচ্ছে, এই অ্যাডহক কমিটির যে গঠনটা, সেই গঠনে আমরা দেখতে পাচ্ছি last যেটা আছে three persons nominated by the State Government. এই তিনজনের ক্যাটাগরিগুলো যদি উল্লেখ থাকত তাহলে একটু ভালো হত, যেটা আমার মনে হচ্ছে। এই বিষয়টা একটু দেখার জন্য আমাদের মাননীয়া মন্ত্রী বসে আছেন, আমি তাঁকে অনুরোধ করছি। আর সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কথাটা, নিশ্চয়ই একটা প্রসেসের মধ্যে থেকে ওটা এক্সপায়ার হয়ে গিয়েছিল আগের কমিটি এবং সেখানে প্রচুর দুর্নীতি ছিল বা অনেক রকম ভাবে তারা অকেজো হয়ে পড়েছিল, নন-ফাংশানিং, টাইম পেরিয়ে গিয়েছিল। সরকার বাধ্য হয়েছে অর্ডিন্যান্স করে সেটাকে আবার ফাংশান করার জন্য। এই যে অ্যাডহক্ কমিটিটা যেটা হচ্ছে এটা ডিউরেশানটা ম্যাক্সিমাম থ্রি ইয়ার্স করা হয়েছে। পরবর্তীকালে আবার যদি কিছু অসুবিধা হয় সেটাও আবার বাড়াবার একটা ব্যাপার করা হয়েছে। এই সরকারের কাছে সাধারণ মানুষের সবার একটা চাহিদা আছে। যে প্রসেস, ডেমোক্রেটিক যে সিস্টেম, সেই সিস্টেমে যেন বডিটা তাড়াতাড়ি গঠন হয়। অত বেশিদূর না গেলেই ভালো। যত তাড়াতাড়ি সম্ভব যেন গঠন হয়। আর একটা টেকনিক্যাল ডিফেক্টের কথা আমি মাননীয়া মন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করব। ৫ নং-এর 'জি'-তে দেখুন 'Two registered Practitioners being Graduates in Medicine. এটাতে একটু টেকনিক্যাল ডিফেক্ট মনে হচ্ছে আমার, কারণ মেডিসিনের গ্র্যাজুয়েট তো হবে না। এম.বি.বি.এস. হলে দুটোই হয়, মেডিসিন সার্জারি দুটোই। তাহলে এটা আইদার পোস্ট গ্র্যাজুয়েট লিখতে হবে, আর তা নাহলে এই রেজিস্টার্ড প্র্যাকটিশনার্স মানে তো গ্র্যাজুয়েট হবেই। এই টেকনিক্যাল ব্যাপারটা যদি ক্লিয়ার করে দেন আমার মনে হয় ভালো হয়। আমি এই বিলটাতে আর বিশেষ কিছু বলতে চাই না। কয়েকটা ক্ল্যারিফিকেশান আমি জিজ্ঞাসা করলাম, সেগুলো ক্লিয়ার করবেন এবং পরবর্তীকালে ডেমোক্রেটিক সিস্টেমে যে নিয়ম-নীতি আছে, সেই নিয়ম-নীতিতে যত তাড়াতাড়ি সম্ভব ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল গঠন হয়, এই আশা সবাই করে, এটা অবশ্যই করা উচিত। এই কথা বলে এটাকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.40 – 1.50 p.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি এই সদনে যাঁরা আজকে এই 'বিল'-টির যে বিলটির টাইটেল হচ্ছে—The West Bengal Medical Council (Temporary Sepersession) Amendment) Bill, 2012 সম্পর্কে সদনে তাদের বক্তব্য রাখলেন আমি তাদের বক্তব্যের জবাব দিতে চাই। প্রথমেই উল্লেখ করতে হয় যে, বিরোধী আসনে বসে এখানে অনেক দিনের পুরনো সদস্য, প্রাক্তন মন্ত্রী মাননীয় আনিসুর রহমান সাহেব একমাত্র ব্যক্তি যিনি বিরোধিতা করলেন। আমার আবেদন যারা একদিন কবিকে, বিশ্বকবিকে বুর্জোয়া কবি বলেছিলেন, সেই কবির ভাষায় বলি—'আমার চেতনার রঙে পান্না হল সবুজ, চুণি উঠল রাঙা হয়ে, চোখ মেলে তাকালাম, পূর্বে, পশ্চিমে আলো উঠল জ্বলে গোলাপকে বললাম সুন্দর, সুন্দর হল সে"। ভাবতে হবে সুন্দর জিনিসকে সুন্দর বলতে হবে, ভালোকে ভালো বলতে হবে। পূর্বে- পশ্চিমে তাকাবেন মাননীয়া ভরপ্রাপ্তা মন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দিশা দেখতে পাবেন। অনুপস্থিতি দিয়ে অনেক আলোচনা কিন্তু, তিনি যা দিশা দেখাচ্ছেন, তিনি যা করছেন তার কাজের মধ্য দিয়ে তার উপস্থিতিকে অনুভব করবেন। এই আবেদন আমার বিরোধীদের কাছে। এটা অত্যন্ত innocuous একটা Bill, অত্যন্ত innocuous একটা Bill। আমরা কি করছি, মাননীয়া ম্যাডাম, আমরা কেন এই 'বিল'টি আনতে চাই তার অবজেক্টস অ্যান্ড রিজনস-এ সে কথা বলেছি এবং এটা settled নয় যে প্রত্যেকটি আইনে objects and reasons আছে, part of the law. সুতরাং, objects and reasons যদি পড়েন তাহলে নিশ্চিত ভাবে বুঝতে পারবেন যে, এই 'বিল'টির আনার প্রয়োজন কি হয়েছিল ? কেনই বা অর্ডিন্যান্স এসেছিল ? কেনই বা 'বিল'টি আনার প্রয়োজন হয়েছে এখন আইন তৈরি করবার জন্য ? মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, এখানে মেডিকেল কাউন্সিল যেটা গঠন হয়েছিল সেই মেডিকেল কাউন্সিল তার পাঁচ বছরের মেয়াদ ফুরিয়ে যাচ্ছিল ২০১০ সালে, ২০০৫ সালে যে মেডিকেল কাউন্সিল গঠিত হয়েছিল তার মেয়াদ ফুরিয়ে যাচ্ছিল ২০১০ সালে। West Bengal Medical Council Bill 2009, এই সদনে অনুমোদন পাওয়ার পর ২৮শে জুলাই ২০০৯ সালে এই সদন থেকে মাননীয় রাজ্যপালের কাছে সেটা পাঠানো হয় এবং ২১শে সেপ্টেম্বর ২০১০ সালে মাননীয় তৎকালীন রাজ্যপালের কাছ থেকে এই 'বিল' চলে যায় president assent-এর জন্য, ২১শে সেপ্টেম্বর ২০১০-এ আর আমরা এসেছি ২০শে মে ২০১১। এই 'বিল'টি অ্যাসেন্ট আনবার জন্য অথবা কোনো দিক দিয়ে এর অগ্রগতি করবার জন্য বিগত সরকার কোনো পদক্ষেপ নেয়নি। আজকে কেন বিলে বিরোধিতা করছেন ? 'বিল'টির টাইটেলটা দেখলে বোঝা যাবে যে, আমরা কিসের Amendment আনতে চাইছি। Amendment ১৯৮৫ সালে আপনারা যে 'বিল'টি করেছিলেন তার Amendment, আপনি তিন বছর দেখতে পাননি। আসলে ১৯৮৫ সালে প্রিন্সিপল অ্যাক্টটা পড়ে ওঠা হয়নি। শুধু মাননীয়া মুখ্যমন্ত্রীর সমালোচনায় ব্যস্ত থাকেন তাহলে 'বিল'টি এবং তার উদ্দেশ্যে ব্যাখ্যা করা যাবে না। ১৯৮৫ সালে যদি দেখেন তাহলে সেই সময়েও 'বিল'টির দু'বছরের মেয়াদ which could have been extended, till

three years—ছয় মাসের extension period করতে করতে 'বিল'টি চলে যেতে পারত তিন বছরে। আপনারা কি করেছিলেন ? ৭৭ সালে ক্ষমতায় এসেছিলেন আর আট বছর লেগেছিল এই Supersession 'বিল'টা আনতে। ৭৭ সালের আগে ১৯১৪-র Bengal Medical Act প্রযোজ্য ছিল। আপনারা নিয়ে আসলেন Supersession-র এই আইনটি—temporary supersession. সেই temporary supersession দিয়ে প্রায়ই একটা permanent supersession-র দিকে এগিয়ে গেছেন। আট বছরে কি করলেন, আট বছর পরে এনে ? ১৯১৪ সালের সেসন-4 যদি দেখেন তাহলে দেখবেন মেডিকেল কাউন্সিল গঠন করার জন্য ইলেকটেড মেম্বার থাকতে হত। চারজন নমিনেটেড মেম্বার এবং ১৯ জনের কমিটির মধ্যে বাকি যে ১৫ জন থাকতেন তাঁরা সবাই ইলেকটেড মেম্বার হতেন। আর আপনারা যেটা '৮৫ সালে এনেছেন সেটা একটু দয়া করে খুলে দেখবেন, সেখানে কিছু ইলেকশনের প্রসিডিওর ছিল না, সেখানে আপনারা উল্লেখ করে দিয়েছেন one member ... (গোলমাল) ... হাত দেখালে, চিৎকার করলে হবে না, আমি বিলটা নিয়ে এসেছি, আমার কাছে আছে দেখে নেবেন। পরে আপনারা একটা অ্যামেন্ডমেন্ট এনেছিলেন। তারপরে ইলেকশনের বিষয়টা আছে। আমরা কী করেছি ? আমরা ১৯১৪ সালের Bengal Act, সেই act অনুযায়ী, তার পরে যে সুপারসেশন, এই আইনটি এসেছিল এবং সেই আইনটি কার্যকর করা যাচ্ছিল না কারণ ad-hoc council যিনি head করছিলেন, ডাঃ অশোক চৌধুরী, তিনি রিজাইন করেছেন 6th june, 2011 অর্থাৎ নতুন সরকার আসার পরে। তাই আইনী জটিলতা কাটাতে এবং Medical Council-কে সক্রিয় রাখতে আমরা এই ordinance এনেছিলাম এবং ordinance-টা পরবর্তীতে আইনে পরিণত করার জন্য আজকে এই মেডিকেল কাউন্সিল বিল-টা এনেছি।

মিঃ ডেপুটি স্পীকার : সভার অনুমতি নিয়ে আমি ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্য : কী করেছি আমরা objects and regionss-এ ? কোন্ কোন্ সেকশনগুলো আমরা নিয়ে এসেছি আপনারা দেখুন তো। আপনি বলছেন 5(a). 5(a) আমরা সাবস্টিটিউট করেছি। নমিনেটেড মেম্বার। আপনারাও দেখবেন 'অ্যাডহক' শব্দটা ১৯৮৫ সালের পেরেন্ট অ্যাক্টের মধ্যে আছে এবং 'অ্যাডহক কাউন্সিল'। লেজিসলেটারের ব্যাপারে আপনি জানেন। আপনি বহুদিনের লেজিসলেটার, আমি এখানকার নতুন সদস্যা, নতুন লেজিসলেটার। আপনি জানেন, যে কোনো লেজিসলেটারের মনোটনি কাটাবার জন্য বিভিন্ন শব্দ ব্যবহার করা হয়। আপনার ১৯৮৫-র অ্যাক্টটা যদি দেখা যায় তাহলে ওটা নমিনেশন ছাড়া কিছুই নয়। আমরাও আজকে এটাই করেছি। ১০ জন মেম্বার নমিনেটেড হতে পারেন ; not more than ten members নিয়ে এই অ্যাডহক কাউন্সিল হতে পারে। এটাই আমরা বলেছি। আরেকটা রিটন-ইন-ফিচার, তিন বছরকে এক্সটেন্ট করা নয়, আমরা বলেছি "the aggregate period of supersession of the Council under section 3 shall be deemed to have been extended for the period for which the ad-hoc Council is reconstituted or till the

Council is reconstituted in accordance with the provisions of the Act, whichever is earlier"—যেটা আগে হবে। যদি তিন বছরের আগে হয় তাহলে তিন বছরের আগেই করতে হবে। Medical Council Constitution তাই যেহেতু এখনও হয়নি এবং সমস্ত কাজ বাকি ছিল, এর আগে মাননীয় সদস্য ডাঃ নির্মল মাঝি বলেছেন যে আড়াইশো-র বেশি কমপ্লেন পেন্ডিং পড়ে আছে। তাই আমাদের সেকশন 7B আনতে হয়েছে। কারণ আমরা committed to the State, committed to the people of the State. আমরা transparency আনব। আর, transparency আনব বলেই এই কমপ্লেনগুলো যাতে সঠিকভাবে দেখা হয় তার জন্য আমাদের একজিকিউটিভ কমিটি তৈরি হবে। তার জন্য 7A and 7B. এই ইনকুয়াস বিলটা শুধু সমর্থন করবেন না বলে চেঁচামেচি করে এখানে এমন একটা সিন করলেন যাতে মনে হল আমার লজ্জায় মাথা নিচু করা উচিত।

এখানে বসে আছেন মাননীয় সূর্য্যবাবু, ডাক্তারবাবু। আমি ওনাকে শ্রদ্ধা করি ডাক্তার হিসাবে। আমি হাসপাতালেও যাচ্ছি যেখানে যেখানে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিচ্ছেন। মেদিনীপুর হাসপাতালেও গিয়েছিলাম। ডাঃ মিশ্র আমি ভাবলাম অনেকে এসেছেন এখানে এবং আমি বোধহয় তাঁদেরই অনুসরণ করে আসছি। আমি দেখলাম আলপনা-টনা কেটে আমাকে মেদিনীপুর হাসপাতালে স্বাগত জানানো হল। কিন্তু গিয়ে শুনলাম আমিই প্রথম মন্ত্রী সেখানে গিয়েছি। আপনার জেলা কিন্তু আপনি হাসপাতাল ঘুরতেনই না। আর আজকে ৩৪ বছর পরে যখন মাননীয়া মুখ্যমন্ত্রী হাসপাতালে হাসপাতালে ঘুরছেন তখন বড্ড জ্বালা ধরছে তাই না !

আমি তাই আপনাদের কাছে আবেদন করব, আসুন স্বাস্থ্য পরিষেবাকে সচল রাখি, সবাই মিলে সেটা করি। মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয় আজকে যে দিশা দেখিয়েছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, আমি সেই বিলকে সাদরে সমস্ত মাননীয় সদস্যগণের কাছে সমর্থন জানানোর অনুরোধ করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

Madam Dy. Speaker: The question before the House is that the Bill be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it.

Clause 2 & 3

There is no amendment to Clause 2 and 3. So I put Clause 2 & 3 do stand part of the Bill.

As many as are of the opinion please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 4

There is one amendment to Clause 4 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : I beg to move that in Clause 4, in proposed sub-section (1)(a) of section 5A of the principal Act, for the first proviso the following provisos be inserted :-

"Provided that the ad-hoc Council shall at any time elect from amongst its members one person as Vice President of the ad-hoc Council.

Provided further that the aggregate period for which the ad-hoc Council may be reconstituted shall not exceed three years."

Madam Dy. Speaker : মাননীয় মন্ত্রী আপনি কি অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করছেন ?

Smt. Chandrima Bhattacharjee : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম এই অ্যামেন্ডমেন্ট আমি গ্রহণ করছি।

Madam Dy. Speaker : The question before the House is that the amendment moved by Shri Sobhandeb Chattopadhyay.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contray opinion will please say NO.

AYES have it, AYES have it.

Now I put to vote Clause 4 as amended do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clauses 5 & 6

Madam Dy. Speaker : There is no amendment to Clauses 5 & 6. So I put clauses 5 and 6 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of Bill.

Now I put that Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Madam Dy. Speaker: I beg to move that the West Bengal Medical Council (Temporary Supersession) Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

The Bill is passed.

[1.50—2.00 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী: মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি ম্যাডাম আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রোটেকশান চাইছি, সেটা হল আমি দীর্ঘদিন ধরে দেখছি, আমি এখানে দৃষ্টি দূষণে ভুগছি। ম্যাডাম আপনি জানেন, আইনসঙ্গতভাবে পরিবেশ দপ্তর আছে, যেখানে এই দৃষ্টি দূষণ হলে তার ব্যবস্থা নিতে পারে। আপনার সভাতেও এই ব্যবস্থা থাকা জরুরি। আমার সামনাসামনি এমন একজন ব্যক্তিত্ব, [***] বসে আছেন, তাকালেই যাকে দেখতে হয়, সেটাতে আমার দৃষ্টি দূষিত হচ্ছে। ম্যাডাম আমার মনের মধ্যে একটা প্রতিক্রিয়া হচ্ছে, একজন মানুষ যার মামলা রয়েছে—খুনের, কঙ্কালের, নরহত্যার, ডাকাতির এবং সেই মানুষকে আপনি ম্যাডাম আমার সামনাসামনি বসিয়ে দিয়েছেন। হয় আমার সিট চেঞ্জ করে দিন নাহলে ওনার সিট পেছনের দিকে করে দিন।

The West Bengal Appropriation Bill, 2012

Dr. Amit Mitra: Duputy Speaker Madam, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

[***] অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হল।

Madam Deputy Speaker : Now the Minister-in-Charge, Department of Finance, may now move his Motion for consideration of the Bill.

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2012 be taken into consideration.

The West Bengal appropriation (Vote on Account) Bill, 2012

Dr. Amit Mitra : Deputy Speaker Madam, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Madam Deputy Speaker : Now the Minister-in-Charge, Department of Finance, may now move his Motion for consideration of the Bill.

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012 be taken into consideration.

....(Noise & interruption)....

Madam Deputy Speaker : The discussion on the Motions for consideration of The West Bengal Appropriation Bill, 2012 and The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012 will be taken together.

Dr. Amit Mitra : Madam, I am speaking on the Appropriation Bill.

Madam, under the Article 266(3) of the Constitution of India, no monies out of the consolidated fund of the state can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution. The West Bengal Appropriation (No. 2) Act 2011 authorizes payment in appropriation certain sum from and out of the consolidated fund from the State of West Bengal towards defraying several charges which came and will come in the course of payment during the financial year 2011-2012. During the present session, the Assembly voted certain further grants for the purpose of the year 2011-12 under the provisions of

Article 203 read with Article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution of India to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all the monies required to meet for further Grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the consolidated fund of the state in accordance with provisions of the Constitution. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so many of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The details to the proposed Appropriated Bill will appear from the Schedule to the Bill. Madam, with these words, I comment my motion for acceptance by the House.

....(Noise & interruption)....

Mr. Speaker : Dr. Mishra, I have taken information from Government Chief Whip. I will examine the statement that has been made by the Hon'ble Minister. I will do the needful. You need not worry about it. I will examine it.

[2.00 – 2.10 p.m.]

প্লিজ, আমি বলছি...

(গোলমাল)

আমি বলছি, বলছি। আমি আপনাদের আশ্বস্ত করতে চাই, আমি আপনাদের আশ্বস্ত করতে চাই। আপনারা বসুন, আমাকে বলতে দিন, বলতে দিন, আমি বলছি।

(তুমুল গণ্ডগোল)

মিঃ রহমান সাহেব, আমাকে বলতে দিন। আপনারা আমাকে বলতে দিন। আমি আপনাকে আশ্বস্ত করতে চাই, আমি আপনাদের আশ্বস্ত করতে চাই যদি অসংসদীয় শব্দ থাকে আই উইল টেক কগনিজেন্স অফ ইট।

(গোলমাল)

(এই সময়ে বিরোধী দলের মাননীয় সদস্যরা মাননীয় স্পীকারের কাছে গিয়ে কিছু বলতে থাকেন।)

ডাঃ মিশ্র, আমি ওই স্টেটমেন্টটা এগজামিন করে দেখব। দেখুন এটাতে আপনি বলবেন, তাতে আরও বিতর্ক বাড়বে। আমি স্টেটমেন্টটা এগজামিন করে দেখব। ওই স্টেটমেন্টে যা অসংসদীয় থাকবে বা যদি কাউকে উদ্দেশ্য করে কোনো harmful কিছু বলা হয়, আমি এক্সপাঞ্জ করে দেব। আই উইল এক্সপাঞ্জ। আমি এক্সপাঞ্জ করে দেব। আমি তো বললাম আপনাকে।

(গোলমাল)

(এই সময়ে বিরোধী দলের মাননীয় সদস্যরা মাননীয় স্পীকারের কাছে গিয়ে কিছু বলতে থাকেন।)

O.K., O.K. প্লিজ, মাননীয় সদস্যদের আমি বলছি আপনারা একটু ধৈর্য ধরবেন। প্লিজ, আপনারা কোনো কমেন্ট করবেন না। ঠিক আছে, আমাকে অনুরোধ করেছেন। আমি বিরোধী দলের নেতাকে এক মিনিট বলার জন্য সুযোগ দিচ্ছি। কিন্তু এমন কিছু যাতে না হয়, যারা সরকার পক্ষে আছেন বা বিরোধী দলে আছেন, সবাইকে আমি শান্ত হতে অনুরোধ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি দুঃখিত যে আলোচনার মাঝখানে, যখন সুষ্ঠুভাবে আলোচনা হচ্ছে, বিল পাশ হচ্ছে তখন হঠাৎ করে একজন দায়িত্বশীল মন্ত্রী ট্রেজারি বেঞ্চ থেকে দাঁড়িয়ে এই রকম একটা অসংসদীয় মন্তব্য করেছেন। আপনি নিশ্চয় এগজামিন করবেন এবং আপনি এক্সপাঞ্জ করবেন আপনি যা প্রতিশ্রুতি দিয়েছেন। আর একটা মিস ইনফরমেশান মাননীয় মন্ত্রী করেছেন যে উনি যখন মেদিনীপুর হাসপাতালে যান..

মিঃ স্পীকার : আমি এটা দেখে নেব, আমি তো বলেছি। শুনুন, আপনি যা চাইছিলেন আমি তো বলেছি যে আমি এটা পড়ে দেখব। অসংসদীয় যে পোর্শানটা আছে, আমি বাদ দেব। আমি আপনাকে অ্যাসিওর করতে পারি, প্লিজ বসুন।

ডঃ অমিত মিত্র : Sir, সেকেন্ড পার্ট, যেহেতু দুটো বিল একসঙ্গে মুভ হচ্ছে, আমার সেকেন্ড স্টেটমেন্টটা পড়তে পারিনি। দি অ্যাপ্রোপ্রিয়েশান ভোট অন অ্যাকাউন্ট বিলের যে ব্রিফ ডেসক্রিপশানটা with your kind permission, Sir, আমি পড়ে দিচ্ছি। Sir, under the Art. 266(3) of the Constitution of India, no money out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the matter provided in the Constitution. During the present Session, the Assembly voted a consolidated grant in advance in respect to the estimated expenditure for a part of the financial year 2012-13 under the provision of the Art. 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India read with Article 206 thereof to provide for

the appropriation out of the Consolidated Fund of West Bengal of the monies required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grants made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 2012-13. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceeds the amount showed in the statement previously made before the House. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount any expenditure or altering the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill with the expenditure during a part of the financial year 2012-13 in Rupees Thirty nine thousand four hundred thirty four crores fifty three lakh and sixty one thousand. The amount includes Sir, Rupees Thirteen thousand five hundred eighty six crores twenty lakhs and twenty thousand on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill. Sir, with these words I comment my motion for acceptance by this House.

শ্রী উপেন কিসকু : মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে মাননীয় অর্থমন্ত্রী ব্যয় অনুমোদন বিল ২০১২ যেটা উত্থাপন করেছেন এই সভায় আমি সেই সম্পর্কে কিছু কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা যখন বাজেট আলোচনা করি তখনই আমরা কয়েকটা প্রশ্ন তুলেছিলাম। এই বাজেটে উনি যে কথাগুলি বলেছেন যে দুশো কোটি টাকা বাড়তি আদায় হবে, নয় কোটি টাকা ঘাটতি থাকবে, এই যে কথাগুলি বললেন এবং যেখানে কৃষিক্ষেত্রে সাত লক্ষের উপর কর্মসংস্থান হবে যে কথাগুলি বলেছেন উনি কিন্তু জবাবী ভাষণে এটা আমাদের সামনে ক্লিয়ার করতে পারেননি। আমি না হয় পুরনো সদস্য, আমারই বুঝতে অসুবিধা হচ্ছে। বহু নতুন সদস্য আছে তারা কি কেউ বলতে পারবেন এই যে tax যেখানে ছাড় দিলেন বা যেখানে tax বসাচ্ছেন তার থেকে কত ঘাটতি হবে বা কত আয় হবে, সেটা পরিষ্কার করে বলা উচিত ছিল। কিভাবে কর্মসংস্থান তৈরি হবে যেটা পশ্চিমবাংলা আগামী দিনে দিশা দেখাবে বলে উনি ব্যাখ্যা করছেন। আমরা কিন্তু তার জবাবী ভাষণে সেগুলি পায়নি। উনি সেগুলিকে পরিপূর্ণভাবে অ্যাভয়েড করে গিয়েছেন। উনি গত বছর বলেছিলেন ত্রিশ শতাংশ বাড়তি রাজস্ব আয় হবে কিন্তু তার ধারে-পাশে যাননি। আঠারো শতাংশের মধ্যে সীমাবদ্ধ থেকেছে। উনি এবারে প্রত্যাশা করেছেন উনি পঁচিশ শতাংশ বৃদ্ধি করবেন। এই যে বৃদ্ধি করবেন বলছেন সেটা কীসের ভিত্তিতে, সেটাও তিনি ব্যাখ্যা করেননি। এক্ষেত্রে যদি আয় না হয়, বৃদ্ধি না হয় তাহলে যে ব্যয় অনুমোদন উনি চাইছেন সেইভাবে তিনি

ব্যয় করবেন কি করে ? স্বাভাবিক ভাবে এই প্রশ্নটার আজকে উনি জবাব দেবেন এটা আমি আশা করছি। উনি কয়েকটি ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি করেছেন সেই সম্পর্কে ওনাকে নিশ্চয়ই ধন্যবাদ জানাব। কিন্তু যে গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলো যেখানে কর্মসংস্থান বৃদ্ধির সুযোগ ছিল, সেই ক্ষেত্রগুলি আমরা দেখছি বিশ্ববিদ্যালয়ে শিক্ষাক্ষেত্রে এক শতাংশ মাত্র বৃদ্ধি করেছেন। ক্ষুদ্র শিল্পে উনি ব্যয় বৃদ্ধি করেছেন, বরাদ্দ মাত্র ৩.১%। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস যেটা গ্রামবাংলায় হাজার হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টি করতে পারত, সেখানে উনি ব্যয় বৃদ্ধি করেছেন ৪.৮%। আর উনি সেচ ও জলপথ যেটা দিয়ে কৃষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধি হত, তাদের ইনকাম জেনারেট করত, কাজের সুযোগ বৃদ্ধি হত সেখানে বৃদ্ধি করছেন মাত্র ১১.৩%। আর ক্ষুদ্র সেচ যেটাতে অনেক ভালো উপকার হয় কৃষকদের সেক্ষেত্রে ৪৯৫ কোটি টাকার বর্তমান বর্ষে যেটা ছিল সেটা আগামী বছর কমিয়ে এনেছেন ৩৬৯ কোটি টাকা।

[2.10 – 2.20 p.m.]

স্বাভাবিকভাবে এই ক্ষেত্রগুলোতে যেগুলো গুরুত্ব আরও বেশি দেওয়া উচিত ছিল সেগুলোতে উনি কম গুরুত্ব দিয়েছেন। অথচ প্রচারমূলক যে অন্যান্য দপ্তরগুলো, সেক্ষেত্রে বেশ বৃদ্ধি করেছেন যা আগামীদিনে পশ্চিমবাংলাকে আবার পিছনের দিকে টেনে আনবে বলে আমি বিশ্বাস করি। আমি কয়েকটা দপ্তর সম্পর্কে বলতে চাই। খাদ্য দপ্তর—এ বছরে কি দেখলাম ? এ বছরে খাদ্য দপ্তরের অপদার্থতার জন্য আজকে ৪১ জন কৃষক আত্মহত্যা করল। লক্ষ-লক্ষ কৃষকের ধান বিক্রি হল না। এর জন্য খাদ্যমন্ত্রী কত বরাদ্দ করলেন ? মাত্র ৬০ কোটি টাকা। যার ফলে কোনো কৃষক তার সেই দাম পেল না। তারা খাদ্য বিক্রি করতে পারল না, অভাবী বিক্রি তারা করতে পারল না এবং খাদ্য সংগ্রহ করতে পারেনি। অথচ ২০০৯-'১০ সালে বামফ্রন্ট সরকার ৪০০ কোটি টাকা বিনা সুদে সমবায় সমিতিগুলোকে দেওয়ার মধ্য দিয়ে সাড়ে ১৭ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ করতে পেরেছিল, যা পশ্চিমবাংলার রেকর্ড। আমরা যদি কৃষিক্ষেত্রে দেখি, তাহলে কৃষিক্ষেত্রে কি দেখব ? যা কাগজে বেরিয়েছে, অনেক আলোচনা হয়েছে আপনারা জানেন, যে বছর কৃষকরা গমের বীজ পেল না, দুর্নীতির একটা চক্র যে কৃষকদের সর্বনাশ করল, সেই চক্র উনি ভাঙতে পারেননি, তার জন্য কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে ? আজকে এই অবস্থায় কৃষিক্ষেত্রে কৃষকদের সর্বনাশের মধ্যে নিয়ে যাচ্ছে। স্বাস্থ্যের ক্ষেত্রে কি দেখছি ? আমরা বিধানচন্দ্র শিশু হাসপাতাল, আমরা দেখছি বর্ধমান মেডিকেল কলেজ, আমরা দেখছি মালদা হসপিটাল, সেখানে শিশু-মৃত্যুর মিছিল চলছে। সেটা বন্ধ করা যায়নি। আরও শুনলে আশ্চর্য হয়ে যাবেন, মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী উনি পি.জি. হসপিটালে গিয়েছিলেন। সেখানে এম.আর.আই. মেসিন এতো তাড়াতাড়ি কেনা হল কিন্তু ৬ মাস হয়ে গিয়েছে স্যার, আজও পর্যন্ত সেই এম.আর.আই. মেসিন চালু করা যায়নি লোকের অভাবে। তারপর যখন লোক নিয়োগ হল, এখন কি রেটে সেখানে পরীক্ষাটা হবে তার তালিকা দেয়নি বলে সেটা এখনও চালু করা যায়নি। এই হচ্ছে স্বাস্থ্য বিভাগের হাল। পুলিশ বিভাগের কথা আর বলার দরকার নেই। পুলিশ অফিসার ভয়ে কাঁপছেন। কারণ এতো নেতা-নেত্রীরা ঝগড়াঝাটি

করছেন, প্রতিদিন মারামারি, খুনোখুনি, চুরি, ছিনতাই, ডাকাতি, রাহাজানি এইসব বেড়ে গেছে, প্রতিদিন সংবাদপত্র খুললে আমরা দেখাতে পাব। এর জন্য কি আমরা ব্যয় অনুমোদন করব ? আমাদের শিক্ষাক্ষেত্রের হালটা কি আপনি কি বলতে পারবেন স্যার ? যে আজ পর্যন্ত ১০ মাস পেরিয়ে গিয়েছে, এই ১০ মাসের মধ্যে একজন প্রাথমিক শিক্ষক, একজন হাইস্কুলের শিক্ষক নিয়োগ হয়েছে ? ১০ মাসের মধ্যে নিয়োগ করা যায়নি। ওই স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে যে দরখাস্ত নেওয়া হয়েছিল, একটা ডেট করা হয়েছিল জুন মাসে—৩রা জুন, সেটা আবার পিছিয়ে দেওয়া হয়েছে। আগামী ২০১২ সালে ডিসেম্বর পর্যন্ত একজনও মাধ্যমিক শিক্ষক পশ্চিমবঙ্গের স্কুলগুলোতে পাবে কিনা আমাদের সন্দেহ আছে। স্বাভাবিক ভাবে আজকে যে ব্যয়ের অনুমোদন চাইছেন কিসের ভিত্তিতে আমরা দেব ? এই শিশু শিক্ষায় যে শিক্ষক মহাশয়রা আছেন, প্যারা টিচাররা আছেন, মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে তিনি বলেছিলেন একই ছাতার তলায় আনবেন, সেটা আজও পর্যন্ত কি হবে ? কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকারা তারা অসহায় অবস্থার মধ্যে পড়ে আছে। আমরা কি এইজন্য ব্যয় অনুমোদন করব ? এইসব প্রশ্নের জবাব মাননীয় অর্থমন্ত্রী দেবেন এটা আমি আশা করি। আই.সি.ডি.এস.—যেটা শিশুদের এবং মায়েদের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। আজ পর্যন্ত ১০ মাসে এই যে জঙ্গলমহল এলাকায় যে চাল দিয়েছিলেন, নতুন মন্ত্রী হওয়ার পর সেটাও বন্ধ করে দিয়েছেন। একটাও আই.সি.ডি.এস. কর্মী বা সহায়িকা নিয়োগ হয়নি। তাহলে কীসের জন্য ব্যয় অনুমোদন করব ? আমরা জানি পশ্চিমাঞ্চলকে নিয়ে অনেক জলঘোলা হয়েছে। পশ্চিমাঞ্চলে সামান্য ব্যয় বরাদ্দ বৃদ্ধি করেছেন। কিন্তু উত্তরবঙ্গে ? গত বছরে দুই শত কোটি টাকা ছিল এবারেও দুই শত কোটি টাকা অথচ উত্তরবঙ্গের সমস্যার বিষয়ে আমরা সবাই ওয়াকিবহাল। আমাদের সদস্যারা, সরকার পক্ষের সদস্যারা উত্তরবঙ্গের বিষয়ে গলা ফাটান কিন্তু সেখানে বরাদ্দ এক টাকাও বৃদ্ধি হল না। এই তো হচ্ছে অবস্থা। আজকে যে বিষয়টা এখানে যিনি বলেছেন পরিকল্পনা বরাদ্দ ১১.৫৬ শতাংশ বৃদ্ধি করবেন। আর মুদ্রাস্ফিতি যে হারে বাড়ছে, যদি দু-অঙ্কের মুদ্রাস্ফিতি ধরি তাহলে কি দাঁড়াবে ? বাস্তবে এটা দাঁড়াবে শূন্য। কিছুই অগ্রগতি হল না। বামফ্রন্ট সরকার শেষ বছরে ২০ শতাংশ তারা পরিকল্পনা বরাদ্দ বৃদ্ধি করেছিল কিন্তু এখানে আমরা যেটা আশা করেছিলাম সেটা ঘটল না। আমি বলতে চাই, মাননীয় যে অর্থমন্ত্রী, তিনি বাস্তব সত্যকে অস্বীকার করছেন। কেন্দ্রীয় সরকারের যে নীতি, তার সিদ্ধান্তের ফলে ১৮ শত কোটি টাকা ট্যাক্স তার কমে গেছে, কমে গেছে বিক্রয় কর, কমে গেছে—এটা বলছেন। আমরা বারে বারে কেন্দ্রীয় সরকারের এই সব সিদ্ধান্তের বিরোধিতা করেছি। আমরা বারে বারে রাজ্যের অধিকারে হস্তক্ষেপ করার বিপক্ষে মতামত পোষণ করেছি। আপনার নেত্রী আগে এই সব দাবির বিরোধিতা করেছেন। আজ অর্থমন্ত্রীর মুখে এইসব কথা শুনছি। যাই হোক দেরিতে হলেও বোধোদয় হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দু-একটা কথা বললেও বাস্তব সত্যকে আড়াল করতে চাইছেন। এইভাবে বাস্তব সত্যকে আড়াল করে সঠিক লক্ষ্যে পৌঁছনো যাবে না, পশ্চিমবাংলাকে আগের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাইছি তিনি যে এখানে আশার বাণী শুনিয়েছেন, পশ্চিমবাংলাকে শক্ত ভিতের

উপরে দাঁড় করাবার আকাশকুসুম স্বপ্ন রচনা করছেন, সেটা কি বাস্তবায়িত হবে ? আমার সন্দেহ আছে। কেন সন্দেহ আছে ? কারণ ওনার পেছনে যিনি বসেন, সভার নেত্রী, তিনি যেখানে যান সেখানে কল্পতরু সেজে একের পর এক সিদ্ধান্ত ঘোষণা করেন, একের পর এক পরিকল্পনা ঘোষণা করেন, স্কিম ঘোষণা করেন। যদি এইভাবে চলতে থাকে তাহলে অর্থমন্ত্রীর ঘাড়ে কটা মাথা আছে যে সেইসব সিদ্ধান্তগুলিকে বাদ দিয়ে আমরা যে অনুমোদন করছি, সেইভাবে তিনি ব্যয় বরাদ্দ করবেন, সেগুলো কোনো চেঞ্জ হবে না। এটা কি উনি বলতে পারবেন ? এটা উনি জবাবের সময় নিশ্চয় বলবেন। আমার বিশ্বাস তিনি এটা পারবেন না। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গের পক্ষে ভয়ঙ্কর অবস্থা হবে, আমরা এটা বলতে পারি। আজকে অর্ধসত্য এবং বিভিন্ন তথ্য যা দিয়েছেন, সেখানে আগের সরকারের বিরুদ্ধে কিছু কুৎসা রচনা করেছেন, কিছু অপপ্রচার করেছেন। তথ্যের জাগলারি দিয়ে হাউসকে বোঝাতে চেয়েছেন, বিরাট শক্ত ভিতের উপর তিনি পশ্চিমবাংলাকে দাঁড় করাতে চাইছেন। অতীতে বামফ্রন্ট সরকার নাকি পশ্চিমবাংলাকে ধ্বংসের কিনারায় এনে দিয়েছেন। উনি সেটা আজকে পরিবর্তনের পথে চলছেন। আমি বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী আমাদের হাউসকে এইভাবে বিভ্রান্ত করার যে চেষ্টা করছেন, আগামী দিনে তার ফল বুঝতে পারবেন। ইতিমধ্যেই কৃষি দপ্তরে যা দুর্নীতি দেখা গেছে, আরো অন্যান্য দপ্তর থেকে যা দুর্নীতির খবর আসছে, এইভাবে অর্থ যদি দুর্নীতির পথে চলে যায়, যদি অন্য পথে চলে যায়, তাহলে পশ্চিমবাংলার কি হবে ? উন্নয়নের যে স্বপ্ন রচনা করেছেন, সেটা বাস্তবায়িত করার কি হবে ? সেইজন্য আমি বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী আমাদের হাউসকে আরো আশ্বস্ত যাতে করেন, আজকে যে অনুমোদন চেয়েছেন, সেই অনুমোদনটা সঠিক ভাবে, দুর্নীতিমুক্ত ভাবে, পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য যেটুকু অর্থ, সেটা সঠিক ভাবে ব্যয় হবে কি না, এই সব প্রশ্ন আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই। আশাকরি আগের বারে যেভাবে এড়িয়ে গিয়েছেন, এবার আমাদের প্রশ্নগুলো এড়াবেন না, এর সঠিক জবাব দেবেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, আমি The West Bengal Appropriation, (Vote on Account) Bill, 2012-এর উপর সংক্ষিপ্ত আলোচনা করতে গিয়ে বলি, আনিসুর সাহেব, আপনি তো এতক্ষণ শুনলেন। বক্তব্যে অ্যাপ্রেপ্রিয়েশন বিল বা ভোট অন অ্যাকাউন্ট বিলের প্রতিপাদ্যের একটু ছিটেফোঁটাও থাকল ? আপনি সিনিয়ার মানুষ, কেন ট্রেনিং দেন না, মানে বোঝান না, আমি বুঝি না। অ্যাপ্রোপ্রিয়েশন বিল কাকে বলে স্যার ? অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ব্যাপারে আমি বলি যেটা অতিরিক্ত ব্যয় বরাদ্দ করেছে এই বিধানসভা, সেই অতিরিক্ত সাপ্লিমেন্টারি যে টাকা, সেটা খরচ করার অধিকার চাইছেন। বিত্ত মন্ত্রী বলছেন, আপনারা, এই বিধানসভা যে টাকাটা অনুমোদন দিয়েছেন, সেই টাকাটা এবারে খরচ করার অধিকার আমাকে দিন। এটা অত্যন্ত সরল। এটা ব্যয় বরাদ্দের অনুমোদন নয়। অনুমোদিত ব্যয়, যেটা অলরেডি বিধানসভা অনুমোদন দিয়েছে, তার ব্যয়। তিনি চাইছেন অ্যাপ্রোপ্রিয়েট করুন, আমাকে ক্ষমতা দিন, যাতে আমি খরচা করতে পারি। ব্যয় অনুমোদনের কথা বলেছেন।

[2.20 – 2.30 p.m.]

তাহলে আমি বলতাম না। স্যার, ভোট অন অ্যাকাউন্ট কি ? ২০১২-২০১৩ আর্থিক বছরে যে কনসোলিডেটেড ব্যয় অনুমোদিত হয়েছে—৩ মাসের জন্য—সাবজেক্ট টু দি রেকমেন্ডেশন অফ দি সিলেক্ট কমিটি অফ দি অ্যাসেম্বলি—তিনি বলছেন এই খরচাটা করবার অনুমতি দেওয়া হোক। এই হচ্ছে ভোট অন অ্যাকাউন্ট এবং তিনি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল করতে গিয়ে বলছেন এবং এটা অনুমোদিত, এটা অলরেডি বিধানসভায় অনুমতি নিয়ে বলছেন যে, ১৬৭৮৮ কোটি ৮৩ লক্ষ টাকা—তার মধ্যে চার্জড অ্যামাউন্ট ৬৬ পারসেন্ট অফ দি টোটাল যে অ্যামাউন্টে ১১১২৭ কোটি ৯ লক্ষ ২৭ হাজার টাকা—এটা চার্জড, এ ব্যাপারে কোনো বক্তব্য নেই। বাকি যে ব্যাপারে অনুমোদন দিয়েছেন—তিনি বলছেন, এবার আমি খরচা করব, আর দু-দিন বাকি আছে, পেমেন্ট দেব বলছেন ৫৬৬১ কোটি ৭৫ লক্ষ টাকা। তার মধ্যে আছে কি স্যার ? তার মধ্যে আছে স্কুল এডুকেশন, তার মধ্যে আছে সিডিউল ট্রাইব, সিডিউল কাস্ট এবং ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য অনুমোদন। তার মধ্যে আছে কি স্যার ? তার মধ্যে আছে এগ্রিকালচার অ্যান্ড এগ্রিকালচারাল অ্যাক্টিভিটি। অর্থাৎ মূল যে বাজেট আছে, তার মধ্যে ডিমান্ড সংখ্যা ছিল ৬৩, আর এই যে এসেছে অ্যাপ্রোপ্রিয়েশন, সেখানে মোট ডিমান্ডের সংখ্যা ৪১। তিনি জেনারেল ডিসকাসন করতে চাইছেন না। যেগুলো এমারজেন্সি, গরীবের স্বার্থে, পশ্চিমাঞ্চল, বনাঞ্চলের উন্নয়নের স্বার্থে, হিল এরিয়ার উন্নয়নের স্বার্থে, দরিদ্র তপশিলি জাতি ও উপজাতি এবং পিছিয়ে পড়া মানুষের উন্নয়নের স্বার্থে, ছাত্রদের বৃত্তির স্বার্থে, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা এগুলোকে রিলিজ করার স্বার্থে, অর্থাৎ যেগুলো আকস্মিক খরচা, সেই খাতে তিনি মাত্র ৬ পারসেন্ট অফ দি টোটাল বাজেট যেটা অলরেডি অ্যাসেম্বলি পাশ করেছে, তিনি বলছেন এই অর্থটা দিন, আমি খরচা করব। এ তো রুটিন ব্যাপার। আমরা যদি বলি কাউকে, টাকা দেব, অনুমোদন দিলাম, এবারে অনুমোদনের পরে কোনো ডিসকাসন, কোনো শঙ্কা, কোনো বিতর্ক, কোনো আশঙ্কার অবকাশ থাকে কি স্যার ? থাকে না। আর ভোট অন অ্যাকাউন্টের ক্ষেত্রে স্যার, যে কনসোলিডেটেড অ্যামাউন্ট এই অ্যাসেম্বলি অলরেডি পাশ করে দিয়েছে স্যাংশন বাজেটে—তিনি বলছেন যেহেতু সিলেক্ট কমিটিতে ডিসকাসন হয়নি, সেই সিলেক্ট কমিটিতে আলোচনা সাপেক্ষে আমাকে এই টাকা দেওয়া হোক। সুতরাং এটা একদম রুটিন ব্যাপার। টেকনিক্যাল ব্যাপার। শুধু দেব বললে তো দেওয়া হয় না, শুধু দেওয়ার সিদ্ধান্ত হল, সিদ্ধান্ত মানে তো দেওয়া নয়। তাই মাননীয় অর্থমন্ত্রী বলছেন, 'হে, মাননীয় বিধায়কগণ, আপনারা যখন সিদ্ধান্ত লইয়াছেন দিবেন, আপনারা এবার সিদ্ধান্ত মোতাবেক মত প্রদান করুন। তাই প্রদান করতে হয়, তাই অ্যাপ্রোপ্রিয়েট বিল পাশ হয়ে যাক। এই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে মাননীয় বিধায়ক পশ্চিমবাংলার যে দুরবস্থা চলছে তার একটা সংক্ষিপ্ততম এবং বিস্তৃততম বিবরণ দিয়েছেন। আমি একটা কথা জিজ্ঞাসা করি, আমি যুক্তির কাছে ধরে নিলাম আপনার কথা যে, পশ্চিমবাংলার অবস্থা খুবই খারাপ। আচ্ছা আপনারা তো খুব ভালো অবস্থায় রেখে গিয়েছিলেন বলছেন। তাই ওটা কি ঠুনকো ? স্যার, দু-রকমের জিনিসের স্থায়িত্ব বা লাইফ থাকে, একটাকে আমরা বলি

ডিউরেবেল, একটাকে আমরা বলি ইউজ অ্যান্ড থ্রো—ব্যবহার কর এবং ফেলে দাও, এদের অর্থনীতিটা কি ইউজ অ্যান্ড থ্রো ছিল ? যে ব্যবহার কর, যা খরচা কর ভস্মে ঘি ঢালার মতো, আমরা চলে যাব, সব ভস্ম হয়ে যাব। আরে বাবা বর্তমান অবস্থাকে যদি আপনি এতই ভস্মের সঙ্গে তুলনা করেন, তাহলে আপনার উপর বর্তাবে না কি ? সুতরাং থুথু আকাশে ছুড়লে নিজের গায়েও পড়ে—এটা আপনারা ভাবছেন না কেন ? আবেগে বলে যাচ্ছেন। সুতরাং তাই মাননীয় স্পীকার স্যার, আজকের এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল এবং ভোট অন অ্যাকাউন্টের বিল অত্যন্ত সিদ্ধান্ত মোতাবেক—অবিলম্বে মত প্রদানের জন্য গৃহীত হোক। এই আবেদন রেখে, এই প্রস্তাব সমর্থন করে আমি আমার বিনম্র নিবেদন শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখন এখানে দুটি বিল নিয়ে আলোচনা হচ্ছে একসঙ্গে। মাননীয় সদস্য জ্যোতির্ময়বাবু দুটি বিলের উদ্দেশ্য কিছুটা ব্যাখ্যা করেছেন। আমি তার সঙ্গে শুধু এইটুকু যোগ করতে চাই যে, ভোট অন অ্যাকাউন্ট বাজেটটা হল অনেকটা অ্যাডহকের মতো। পুরো বাজেটটাকে প্লেস করা হয়েছে, কিন্তু দফাওয়ারি আলোচনা এখনো সম্ভব হয়নি, সময়ের অভাবে এবং এখানকার যে পদ্ধতি—সাবজেক্ট কমিটিতে সব আলোচিত হবে, তারপর হাউসে আলোচনা হবার পর পুরো বাজেট নিয়ে কথা হবে। যতদিন পর্যন্ত পুরো বাজেট নিয়ে কথা না হচ্ছে, সেই সময়ের জন্য, অন্তত দুই, তিন বা চার মাস পর্যন্ত যাতে কাজটা চলতে পারে—কেন না এই সভার অনুমোদন ছাড়া আগামী ১ তারিখ থেকে একটা পয়সাও খরচ করার অধিকার সরকারের নেই—সেইজন্য কনসোলিডেট ফান্ড থেকে ভোট অন অ্যাকাউন্ট বাজেটের একটা অঙ্ক তুলে নিয়ে, একটা অঙ্ক খরচ করার যে অধিকার, সেই অধিকারটা মাননীয় অর্থমন্ত্রী চেয়েছেন। এই অধিকার অবশ্যই তাঁকে চাইতে হবে, নাহলে সরকার অচল হয়ে পড়বে এবং সেইজন্য আমাদের কারোরই হয়তো কিছু করার নেই, এই অনুমোদন আমাদের দিতে হবে। তবে, এই অনুমোদন দিতে গিয়ে আমরা অবশ্যই আলোচনা করব, যে প্রস্তাবগুলো এসেছে সেইগুলো আগামী দিনে কিভাবে দেখা দরকার। এই অর্থে মাননীয় অর্থমন্ত্রী কাছে দু-চারটি কথা রাখব। বিশেষ করে যে রেভিনিউ সাইডটা করে দেখানো হয়েছে। আমি এর আগেও বলেছিলাম যে, মোটর ভেহিক্যালসে অ্যাকচুয়াল ২০১০-১১-তে এসেছিল ৯৩৬, বাজেট এস্টিমেট ধরা হয়েছিল ১৩৫৯, রিভাইজড-এ আবার ৯৩৬ আসছে। কেন আসছে ? মাননীয় অর্থমন্ত্রী খুব চেষ্টা করেছিলেন, তিনি ভেবেছিলেন অনেকটাই করা যাবে। আমরা গতকালই পেয়েছি মোটর ভেহিক্যালসের উপর CAG report। সেখান থেকে দেখতে পাচ্ছি ২০১০ সাল পর্যন্ত কি দুরবস্থা ছিল। এমনকি সমস্ত registering authority, তাদের computerization-ও হয়নি। বাবন এবং সারথী দুটো সফ্‌টওয়্যার সবাই ইউস করতে পারেনি। এমনকি বিভিন্ন অফিসে cash bookগুলোও regular way-তে maintain করা যায়নি। সেইজন্য বারবার অনুরোধ করেছিলাম আমাদের financial administration -টাকে খুব করে টাইটেন করতে হবে।... (এমন সময় লাল বাতি জ্বলে ওঠে)। স্যার, আমি তো দুটোর উপরেই বলছি, আর একটু সময় তো আছে।

মিঃ স্পীকার : দুটো বিলের আলোচনার টাইম কিন্তু সেপারেট আছে। আপনি দুটো একসঙ্গে বলতে চাইলে বলুন। পরেরটার সময়ও যোগ করা হল।

শ্রী সুখবিলাস বর্মা : আপনি যে জিনিসটার উপর জোর দিয়েছিলেন financial administrationটাকে টাইটেন করা, এফিসিয়েন্ট করা, সেটা চালিয়ে যাবেন, যাতে এটা সম্ভব হয়। এই পরিপ্রেক্ষিতে আমি স্টেট একসাইজের দিকটাও বলব। সেখানেও আমাদের ডেফিসিয়েন্সি আছে। যেহেতু আমি এই কমিটিতে ছিলাম, আমরা ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করেছি। আমি যেহেতু এই সংক্রান্ত বিষয়ে কিছুটা ইনভলভ্‌ড ছিলাম, আমি বারবার দেখেছি আমাদের এই রাজ্য সরকারের একটা conservative policy, যেন একটা রাখ-ঢাক ভাব, যেন পশ্চিমবঙ্গের মানুষ মদ খায় না। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ যে মদ খায় এবং মদ খেয়ে কি দুর্দশাগ্রস্ত হয় তা তো আমরা দেখেছি। এই পরিপ্রেক্ষিতে আমাদের যে পলিসি সেটা নিয়ে বোধহয় একটু ভাবনা-চিন্তা করা দরকার। আমাদের country spirit-এর production খুব কম এবং bottling plant দীর্ঘদিন ধরে এখানে দেওয়া হয়নি। এখানে bottling plant দেওয়ার প্রয়োজনীয়তা আছে। আগামী দিনে immediately bottling plant-এর অনুমোদনের আগে ইনফরমালি যেটা দেওয়া হয়েছিল, তার construction করার পারমিট দেওয়া হয়েছিল সেইগুলো যাতে চালু হয়, সেখানে production হয়, সেদিকে একটু নজর দেবেন এই অনুরোধ রাখব। আমি distillery খোলার জন্যও অনুরোধ রাখব। কেন না মানুষ মদ খাবেই। আমরা যদি legal country spirit সাপ্লাই দিতে না পারি, তাহলে illicit মদ খাওয়ার প্রবণতা বেড়ে যাবে এবং আমাদের এখানে অনেক মানুষ মারা যাবে।

[2.30 – 2.40 p.m.]

দু-দিক থেকে, রেভিনিউ সাইড থেকে এবং মানুষের জীবনের নিরাপত্তার সাইড থেকে সব কিছুর দিক থেকে বিচার করে আমাদের স্টেট একসাইজ পলিসিটা থাকা দরকার। স্যার, এই সংক্রান্ত যেহেতু রেভিনিউ এবং এক্সপেনডিচার, এক্সপেন্ডিচার সাইডে একটু আগে মাননীয় বিধায়ক অপোজিশন, তিনি অনেক কথা বলছিলেন। কোথায় কি এক্সপেন্ডিচার, কোথায় কি অপচয় হচ্ছে। সে তো আমরা দেখতেই পাচ্ছি, হয়েছিল এবং সেই টেন্ডেন্সি এখনও চলছে। স্কুল এডুকেশনের রিপোর্ট আমরা গতকাল পেয়েছি। স্কুলের রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি কোচবিহার এবং জলপাইগুড়ি দুটো জেলায় স্কুলের কোয়ালিটি কি, শিক্ষার মান নিয়ে তারা কথা বলেছেন—গতকালই আমরা ২ হাজার কোটি প্রায়—এডুকেশনাল ইনস্টিটিউশনের জন্য এক হাজার পঁয়ত্রিশ কোটি টাকা, আর এক হাজার চৌত্রিশ কোটি টাকা অনুমোদন দিয়েছি আমরা পেনশন, গ্র্যাচুইটি ইত্যাদির জন্য। এটা আমরা কাদের জন্য দিয়েছি ? এই ধরনের কোয়ালিটি এডুকেশনের জন্য ? স্যার, আপনি আপনার বক্তৃতায় মেনশন করেছেন যে নকসালাইটস উপদ্রুত এলাকায় কোনো খরচ হয়নি এতদিন পর্যন্ত। আমার কাছে স্যার, প্ল্যানিং কমিশনের একটা রিপোর্ট আছে। আমি সেখানে দেখতে পাচ্ছি ২০১০ পর্যন্ত যে যে জায়গায় খরচ হয়েছে—সাপ্লিমেন্টারি নিউট্রিশনের জন্য ৯৩ কোটি

টাকা, সর্বশিক্ষা অভিযানের জন্য ৯৮ কোটি টাকা, রোডস কানেকটিভিটি— পি.এম.জি.এস. ওয়াই.-এর জন্য ২৬৩ কোটি টাকা, ২৩৩ কোটি টাকা এন.আর.ই.জি.এ, ইন্দিরা গান্ধী হাউজিং আই.ও.ও.াই তার জন্য ৭৫ কোটি টাকা। স্যার, এগুলো তাহলে গেম কোথায় ? কি ভাবে খরচ হয়েছে ? এর এফেক্ট কেন হয়নি ? একই ভাবে, যদি আমরা দেখি হিল এলাকায় প্রতি বছর আমার কাছে প্ল্যানিং কমিশনের একটা রিপোর্ট আছে। তাতে আমরা দেখছি প্রতি বছর ৩০ কোটি, ২৮ কোটি, ৩৫ কোটি একসেস এক্সপেন্ডিচার হয়েছে। সেগুলো কোথায় গেল। সেগুলো দেখার প্রয়োজনীয়তা বোধহয় আছে। কারণ এক্সপেন্ডিচারের যে বিশেষ দিক, এক্সপেন্ডিচার ঠিক ঠিক হচ্ছে কিনা সেগুলো দেখার প্রয়োজনীয়তা আছে। এই কথা বলে এই কয়টি সাবমিশান রেখে যে বিল, যে অনুমোদন চাওয়া হয়েছে তাকে সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিল নিয়ে আজকে আলোচনা হচ্ছে, ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন, ভোট অন অ্যাকাউন্ট ২০১২ আমি এটার উপরেই আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। আমি প্রথমেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী, আপনার মাধ্যমে আমি তাকে ধন্যবাদ জানাতে চাই স্যার, তিনি সমস্ত ট্যাক্স—যেটা বলেছেন দুদিন আগে—গত ২৮ তারিখে আমরা যে বাজেট বরাদ্দ পাশ করা হয়েছে, সেখানে তিনি বলেছেন কোনো গরীব মানুষের ব্যবহার্য কোনো জিনিসের উপরে তিনি নতুন করে কোনো ট্যাক্স বসাননি। খুব ভালো কথা এবং আমি আরও ধন্যবাদ জানাব যে তিনি এখানে যে সমস্ত বিলাসবহুল দ্রব্য তার উপরে তিনি ট্যাক্স বসিয়েছেন। আমি নিশ্চয়ই এটাকে সমর্থন করছি। কিন্তু আমি একটা কথা বলব মাননীয় অধ্যক্ষ মহাশয় যে আজকে আমাদের অর্থমন্ত্রী পণ্ডিত মানুষ এবং তিনি একজন অর্থনীতিবিদ তো বটেই, তিনি অত্যন্ত সুকৌশলে, যে ভাবে গোটা দেশের, গোটা পশ্চিমবাংলার মানুষের আজকে পকেট কাটবার চেষ্টা করেছেন। আমরা যেটা দেখেছি স্যার, ২০০৯ সাল থেকে আমাদের দেশের যে সর্ববৃহৎ শিল্প—রেল শিল্প সেখানে যে পণ্য মাশুল তা বাড়িয়ে যে ভাবে গোটা দেশের মানুষের উপরে বোঝা চাপানো হয়েছে, আমাদের পশ্চিমবাংলার মানুষ এই বর্তমান যে অর্থ বাজেট, এই বাজেটের মধ্যে দেখতে পেলেন যে অত্যন্ত সুকৌশলে আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি এখানে প্রবেশ কর বসিয়ে সমস্ত গরীব মানুষের উপরে বোঝা চাপিয়েছেন কাজেই আমি তাঁকে ধন্যবাদ না জানিয়ে পারছি না স্যার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এখানে বিলের মধ্যে দেখেছি যে তিনি এখানে যে অর্থ বরাদ্দের কথা বলেছেন, যেটা তিনি ভোট অন অ্যাকাউন্টে বলেছেন, আজকে যেভাবে গোটা দেশের সর্বনাশটা হচ্ছে। আমি এখানে দেখলাম যে তিনি কৃষকদের জন্য ভালো ভালো কথা বলছেন। তিনি এখানে কিষাণ মান্ডির কথা বলেছেন। তিনি বলেছেন এখানে ৩৪১টি ব্লকে কিষাণ মান্ডি তৈরি হবে। তিনি বলেছেন এর মধ্যে বাংলায় ৬২টি কিষাণ মান্ডি তৈরি হয়ে গেছে। এর জন্য খরচ হয়ে গেছে ১৯৯ কোটি টাকা। আমি দেখিনি আমার ব্লকে হয়েছে কিনা। তবু আমি ধরে নিলাম ৬২টি হয়েছে। কিন্তু এখানে বলি ৩৪১টির মধ্যে যদি ৬২টি হয়ে যায় তাহলে বাকি ২৭৯-এর জন্য তিনি বরাদ্দ করেছেন কৃষি বিপণন দপ্তরের জন্য তিনি বরাদ্দ করেছেন ১৫০.৪৬ কোটি টাকা। আর ৬২টি কিষাণ মান্ডি যে হয়েছে তার জন্য

১৯৯ কোটি টাকা লেগেছে। তাহলে এক-একটি কৃষক মান্ডি তৈরি করতে খরচ হয়েছে ৩ কোটি ২০ লক্ষ ৯৬ হাজার ৭৭৪ টাকা। তাহলে ২৭৯টি কিষাণ মান্ডি তৈরি করতে গেলে খরচ হবে ৮৯৫ কোটি ৪৯ লক্ষ ৯৯ হাজার টাকা। তাহলে তিনি কিভাবে মানুষকে বোঝানোর চেষ্টা করছেন যে এই কাজগুলি তিনি করবেন কিন্তু আসলে বরাদ্দ করলেন খুব সামান্য টাকা, যেটা দিয়ে বাকি ২৭৯টি কিষাণ মান্ডি তৈরি হওয়া সম্ভব নয়। কাজেই এই কথাগুলি তিনি এখানে বুঝিয়ে বলবেন। স্যার, আমি এই কথাগুলি বলব, এখানে আবার মাননীয় সরকার পক্ষের সদস্যগণ চিৎকার করবেন। স্যার, আমি এখানে দেখলাম না যে অর্থের কথা তিনি বলেছেন যে—গোটা দেশে ১৯৯১ সাল থেকে যেভাবে কৃষকরা আক্রান্ত হচ্ছে, আমাদের দেশের কৃষকরা ইতিমধ্যে ২ লক্ষ ৫৭ হাজার কৃষক তারা এখানে আত্মহত্যা করেছেন তাদের ফসলের দাম না পাওয়ার জন্য এবং ঋণের বোঝা তাদের ঘাড়ে চেপে যাওয়ার জন্য তারা আত্মহত্যা করেছেন। আমরা কখনো এটা অস্বীকার করতে পারব না যে, আমাদের এখানে পশ্চিমবাংলাতেও কৃষক আত্মহত্যা করছে। আমরা এখানে দেখছি ইতিমধ্যে ৪১ জন কৃষক আত্মহত্যা করেছে। আমি এখানে বলতে চাইছি আমাদের দেশের কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছেন সরকার পক্ষ থেকে আমাদের দেশের যে সমস্ত রাজ্যগুলিতে সবচেয়ে বেশি কৃষক আত্মহত্যা করছে, বিশেষ করে অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্র, কর্ণাটক, সেখানে তারা জানিয়েছে যে, সম্প্রতি অন্ধ্রপ্রদেশে ১০৯ জন, মহারাষ্ট্রে ১২৩ জন, কর্ণাটকে ৭৭ জন আত্মহত্যা করেছেন এবং এই তিনটি রাজ্যের যে জেলাগুলিতে কৃষক আত্মহত্যা করেছেন সেই জেলাগুলির জন্য আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারকে এই তিনটি রাজ্যের জন্য ১১৯ কোটি ১০ লক্ষ ৭০ হাজার টাকা পুনর্বাসনের প্যাকজে দেওয়া হয়েছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলবেন কি আমাদের এখানে যে ৪১ জন কৃষক আত্মহত্যা করেছেন, আজকে আপনারা সবাই বলবেন, এটা আজকে না বললেও ভিতরে বলছেন যে এটা ঘটেছে এবং এই ৪১ জন কৃষকের জন্য আমাদের রাজ্যের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় খাদ্যমন্ত্রী, মাননীয় কৃষিমন্ত্রী তাঁরা কি এখান থেকে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন যে, এই অর্থটা এখানে বরাদ্দ করা হোক যা অন্য রাজ্যগুলি পাচ্ছে। স্যার, আমি এই কথা বলব যে, আজকে গোটা রাজ্যে যে সমস্যাগুলি তৈরি হচ্ছে, যাতে করে গোটা রাজ্যের মানুষ সমস্যায় ভুগছে, তারা যে কথাগুলি বলতে চেয়েছেন যে ৩৪ বছরে এখানে কি হয়েছে। আমরা এখানে নিশ্চয় এই কথাটা বলব ১৯৭৭ সালে যখন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন তখন পশ্চিমবঙ্গে একটা ভয়াবহ অবস্থা ছিল। তখন কৃষিতে বন্ধ্যাত্ব ছিল। খাদ্যে ঘাটতি ছিল। শিল্পে ক্রমবর্ধমান অধগতি, বিদ্যুৎসহ সমস্ত পরিকাঠামোর অপ্রতুলতা, শিক্ষাক্ষেত্রে ব্যাপক নৈরাজ্য, বিপর্যস্ত আইনশৃঙ্খলা পরিস্থিতি, নানা ধরনের এই যে সমস্যা, সেই সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের তৎকালীন বামফ্রন্ট সরকার ভূমিসংস্কার করেছে এবং বর্গাদারদের অধিকার প্রতিষ্ঠিত করেছে। ত্রি-স্তর পঞ্চায়েতী ব্যবস্থা চালু করে কৃষিক্ষেত্রে বন্ধ্যাত্ব দূর করার ফলে কৃষি ফসলে বৈচিত্র্য এনে সারা দেশের মধ্যে শীর্ষস্থান লাভ করেছিল।

[2.40 – 2.50 p.m.]

অন্যদিকে এরই ফলশ্রুতিতে গ্রামীণ দারিদ্র্য দূর হয়েছে, দারিদ্র্যতা হ্রাস পেয়েছে। গ্রামীণ পরিকাঠামো তৈরি হয়েছে অসংখ্য। রাস্তা, বিদ্যুৎ, সেতু, ক্ষুদ্রসেচ, প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ তৈরি হয়েছে, বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। অসংখ্য ক্ষুদ্র-কুটির শিল্প—দেশের মধ্যে সর্বোচ্চ আমাদের এখানে তৈরি হয়েছে এই ৩৪ বছরে। গ্রামীণ কর্মসংস্থান আয় বৃদ্ধির গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। গ্রামীণ যে সমস্ত কর্মসংস্থান হয়েছিল। যে কথাটা অনস্বীকার্য যে কথাটা এখানে সবাইকে স্বীকার করতেই হবে যে আমরা এখানে—ইঞ মিৎটাং আদিবাসী কানাঞ। হড় মানোয়া ভিতরিরে—এখানে মাননীয় একজন বিধায়ক, আমাদের বিরোধী দলের, তিনি বলছিলেন, এক সময় যখন আমরা কোনো একটা জল বা খাড়ি পার হয়েছি, সেখানে একটাই কাপড় ছিল। আমাদের আদিবাসীদের মধ্যে এক সময়ে ১৯৭৭ সালের আগে তাদের একটা মাত্র কাপড় ছিল। ভাগোয়া ডেঙ্গাতাঁহে কান তাবনা। ভাগোয়া ডেঙ্গা, বুঝবেন ভাগোয়া ডেঙ্গাটা কি ? আপনারা বলতে পারবেন না। ভাগোয়া ডেঙ্গা তো দেখেননি। ভাগোয়া মানে—ভাগোয়া ডেঙ্গা কাতে বন চালাঃ কান তাহেঁনা। মিৎ বিতা কিচ্‌রিজ তাঁহে কান তাহেঁনা। অনা কিচ্‌রিজ তেবন চালাঃ কান তাহেঁনা। যখন পারবো কান তাহেঁনা বন, আবো যখন পারবো কান তাহেঁনা। খড়ি করে, গাডা করে, নাই করে, উন সময় অনা মিৎটাং কিচরিজ গে ভূঁড়ি কাতেন, লামটা কাতে বন পারমঃ কান তাহেঁনা। নংকা তাঁহে কানা পশ্চিমবাংলা ১৯৭৭ সাল এই ছিল পশ্চিমবাংলাতে। ভাগোয়া মানে—এটা নিশ্চয়ই বুঝবেন—'নেংটি', নেংটি মানে বুঝবেন তো ? নেংটি ছিল মানুষের। এই ছিল পশ্চিমবাংলাতে ১৯৭৭ সালের আগে। এখানে পাট্টা দেওয়া হয়েছে স্যার। এখানে ৩০ লক্ষাধিক পাট্টা দেওয়া হয়েছে। ১১ লক্ষ ২৭ হাজার একর জমি বিনা মূল্যে এখানে দেওয়া হয়েছে সমস্ত গরীব মানুষকে, এই সাধারণ মানুষদের। তার মধ্যে তপশিলি উপজাতি পেয়েছে ১৮ শতাংশ, তপশিলি জাতি পেয়েছে ৩৭ শতাংশ। সংখ্যালঘু পেয়েছে ১৮ শতাংশ, ৩০ লক্ষ পাট্টার মধ্যে। স্বামী-স্ত্রী যৌথ পাট্টা হয়েছে ৬ লক্ষ ১৮ হাজার, আরো বেশি। মহিলাদের পাট্টা হয়েছে ১ লক্ষ ৬৬ হাজার। এখানে পশ্চিমবাংলাতে কত জমি ? পশ্চিমবাংলায় সারা দেশের ৩০ শতাংশ জমি। তার মধ্যে আমাদের দেশে কত জমি বণ্টিত হয়েছে ? এখানে ২২ শতাংশ জমি বণ্টিত হয়েছে, অস্বীকার করতে পারবেন ? আমাদের গোটা দেশে যত জমি বণ্টিত হয়েছে, তার মধ্যে ২২ শতাংশ পশ্চিমবাংলাতে বণ্টন হয়েছে। পশ্চিমবাংলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা ৮৪ ভাগ জমি দখল করে। আর আমাদের দেশের মধ্যে এই সংখ্যা, এই হারটা হচ্ছে ৩৪ ভাগ। ১৫ লক্ষ ১৩ হাজার বর্গাদার আমাদের পশ্চিমবাংলাতে। মোট জমি হচ্ছে ১১ লক্ষ ১৫ হাজার একর। এত জমিতে বর্গাদার রেকর্ডভুক্ত হয়েছে। সপ্তম বামফ্রন্টের আমলে 'চাষ ও বাস' প্রকল্প এখানে চালু করা হয়েছিল। এখানে প্রথম আমাদের দেশের মধ্যে উদ্যোগ নেওয়া হয়েছিল। যেটাকে আপনারা নামকরণ করেছেন এখানে যে চাষবাসের জায়গাটা আপনারা করছেন, 'নিজ গৃহ, নিজ ভূমি'। 'নিজ গৃহ, নিজ ভূমি' নামকরণ আপনারা করতে চাইছেন। এখানে ৫ কাঠা করে জমি দেওয়া হয়েছে 'চাষ ও বাস'-এ। এখানে ২৫ শতাংশ হারে, ২৫ শতাংশ বেশি হারে

জমি বাজার থেকে কিনে, বাজারের যে দাম তার থেকে ২৫ শতাংশ বেশি হারে জমি কিনে ২ লক্ষ পরিবার উপকৃত হয়েছেন এখানে। আমরা এখানে দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের রিপোর্ট অনুযায়ী যে, গরীবের বাড়ি তৈরি হয়েছে দেশের মধ্যে প্রথম। তিনটি রাজ্যের মধ্যে আমাদের পশ্চিমবাংলা একটা। সংখ্যালঘু পরিবারের বাড়ি তৈরি হয়েছে। যা দেশের মধ্যে দ্বিতীয়। এটা 'আমার বাড়ি' নামকরণ। আপনারা এখানে এই নামটাকে একটু পাল্টে দিয়ে সেটা করেছেন, 'গীতাঞ্জলী', 'আমার ঠিকানা'—এইভাবে এটাকে একটু পাল্টে দিয়ে একই জিনিসকে লেভেল পাল্টে এটার নামকরণ করেছেন। অনধিকার আইন, ২০০৬ সাল অনুযায়ী ২৭ হাজার আদিবাসী পরিবার পাট্টা পেয়েছে। শহরের গরীব মানুষ ২০ বছরের বেশি ধরে যারা সরকারের সমস্ত অব্যবহৃত জমিতে দখল করে আছে, তাদের মাত্র এক টাকায় ৯৯ বছরের লিজ দেওয়ার জন্য এখানে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছিল। যার নামকরণ হয়েছিল, প্রজাস্বত্ব আইন। যেটাতে আপনারা ওয়াকআউট করেছিলেন, মনে আছে তো ? যে এই এক টাকা দিয়ে ৯৯ বছরের লিজ দেওয়ার ক্ষেত্রে আপনারা আপত্তি করেছিলেন, ওয়াক আউট করেছিলেন এখান থেকে। মনে আছে আপনাদের নিশ্চয়ই। মাননীয় রাজ্যপালের ভাষণে বা মাননীয় অর্থমন্ত্রীর ভাষণেও কিন্তু এই জিনিসটা আমি দেখতে পেলাম না, এর জন্য মাননীয় অর্থমন্ত্রী কিছু ভেবেছেন কি না ? কৃষি ফসল উৎপাদনের ক্ষেত্রে খাদ্যশস্য উৎপাদন ১৯৭৬-৭৭ সালে মাত্র ৭৪ লক্ষ মেঃ টন ছিল, বেড়ে সেটা হচ্ছে ১৭০ লক্ষ টন। চাল ১৪৮ লক্ষ মেঃ টন, আমাদের পশ্চিমবাংলাতে ১৯৭৬-৭৭ সালের তুলনায় ৯৮% বেশি। দেশের মধ্যে হচ্ছে প্রথম, যেটা আপনারাও স্বীকার করবেন। পাট উৎপাদনে পশ্চিমবাংলা দেশের মধ্যে প্রথম। যে পাট এখানে হচ্ছে সেই পাট আপনারা ধরে রাখতে পারবেন কিনা জানি না। এ বছর কৃষকরা পাটের দাম না পাওয়ার জন্য তারা পাটকে জ্বালিয়ে দিয়েছেন, পুড়িয়ে দিয়েছেন। আজকে কৃষকরা যে পাট উৎপাদন করছে সেটা আপনারা ধরে রাখতে পারবেন কিনা জানি না। মোট উৎপাদন হয় ২০০৭-০৮ সালে ৮৮২.৬৫ মেঃ টন। সবজি উৎপাদনে দেশের মধ্যে প্রথম ছিল পশ্চিমবাংলা, এখানে সবজি উৎপাদন, ১৩০ লক্ষ মেঃ টন। আলু উৎপাদনে পশ্চিমবাংলা দেশের মধ্যে দ্বিতীয়, আনারস উৎপাদনে প্রথম, লিচু উৎপাদনে দ্বিতীয়, আম উৎপাদনে অষ্টম। সবজি ফুল ইত্যাদিতে আমাদের পশ্চিমবাংলা ছিল অনেকটা এগিয়ে। ভোজ্য তেল উৎপাদনের ক্ষেত্রেও আমাদের পশ্চিমবাংলা অনেকটা এগিয়ে। চা উৎপাদন হয় প্রায় ২৫%, এখান থেকে আমাদের দেশের যে অর্থ আয় হয় সেটা হচ্ছে ৪৫%। মৎস্য উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম, এখানে গতকাল মাননীয় মন্ত্রীও সেটা স্বীকার করেছেন। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণের শেষের দিকে আমাদের মাননীয় বিধায়কদের ল্যাপটপ্ দেওয়ার কথা বলেছেন। এটা খুব ভালো কথা যে ল্যাপটপ্ দিতে হবে। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব আমরা ২৯৪ জন বিধায়ক, আমরা ২৯৪টা বিধানসভা কেন্দ্রর থেকে নির্বাচিত হয়েছি, এই ২৯৪ জন বিধায়কের জন্য এখানে যেমন ল্যাপটপ্ দিচ্ছেন, কিন্তু যাঁরা নির্বাচিত করেছেন সেই এলাকার মানুষ—আমাদের গোটা পশ্চিমবাংলার ৯ কোটি মানুষ সেই সমস্ত মানুষদের জন্য, তাঁদের এলাকার উন্নয়নের জন্য বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প আমাদের চালু আছে, আমরা

এই বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের জন্য এখানে বারবার বলেছি এবং বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প কমিটি থেকেও বলেছি আমাদের এম.পি.-দের ক্ষেত্রে আড়াই গুণ বেড়েছে, পশ্চিমবাংলার এম.এল.এ.-দের ক্ষেত্রেও আড়াই গুণ বাড়িয়ে ৬০ লক্ষ থেকে ১ কোটি ৫০ লক্ষ টাকা করা হোক। সেটা আমরা বলেছি, কিন্তু অর্থমন্ত্রী এই বিষয়ে কিছু বলেননি। (এই সময় মাই অফ্ হয়ে যায়)।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল পেশ করেছেন তাঁকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আজকে আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের মূল দিশাই হচ্ছে এস.সি., এস.টি. এবং পিছিয়ে-পড়া মানুষ তাদের অর্থনৈতিক দিক থেকে সাবলম্বী করা। আমাদের দিশা সামাজিক ক্ষেত্রে আরও নিরাপত্তা এবং প্রতিটি ক্ষেত্রে অগ্রগতি। অর্থনৈতিক পরিকাঠামো এমনভাবে তৈরি করতে হবে যাতে বাংলার প্রতিটি মানুষের জন্য সমভাবে আমরা এগিয়ে যেতে পারি।

[2.50 – 3.00 p.m.]

বিরোধী পক্ষের কথা শুনছিলাম এবং এই ক'দিন ধরে যে হাউস চলছে, একটা বিষয় লক্ষ করা যাচ্ছে যে, কারণে অকারণে ওরা এই সভাকে বিভ্রান্ত করছে, এই সভার মূল্যবান সময় নষ্ট করছে এবং নানান ভাবে ব্যাঘাত সৃষ্টি করছে। কারণটা কি ? কারণ—৩৪ বছর ক্ষমতায় ছিল ক্ষমতা হারিয়ে পাগল হয়ে গিয়েছে, পাগল হয়ে গিয়েছে এরা। ওরা যেন-তেন-প্রকারেন মানুষের উপর দমন পীড়ন করে, মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়ে, সন্ত্রাস করে দীর্ঘ সময় ক্ষমতায় ছিল। মানুষের উন্নয়নের মধ্যে দিয়ে নয়, মানুষের মঙ্গলের মধ্যে দিয়ে নয়, মানুষের কল্যাণের মধ্যে দিয়ে নয়। ওনারা আবার বোধহয় সেই পুরনো কায়দায় বিভ্রান্তিকর প্রচেষ্টার মধ্যে দিয়ে ক্ষমতায় ফিরে আসার দিবাস্বপ্ন দেখছেন। এতই যদি করেছেন, একটু আগে বিরোধী পক্ষের এক সদস্য লম্বা ফিরিস্তি দিচ্ছিলেন—উনি এই করেছেন, তাই করেছেন, পাট্টা দিয়েছেন, আমে ফার্স্ট, জামরুলে ফার্স্ট, জামে ফার্স্ট, কচুতে ফার্স্ট, ধানে ফার্স্ট। ওনারা জানেন যে, গুলে আর গালগপ্পতেও ওনারা ফার্স্ট। আরে আপনাদের লজ্জা করে না ? আপনারা ১০ মাসের একটি শিশু সরকার তার কাছে যা প্রত্যাশার কথা বলছেন, ৩৪ বছরে আপনারা এই করেছেন আর এখন দাবি করছেন ১০ মাসে এই হয়নি, ওই হয়নি, তাই হয়নি। আজকে ভাবুন যে পাহাড়ের মানুষকে আপনারা চক্রান্ত করছিলেন বিচ্ছিন্নতাবাদের মধ্যে দিয়ে অস্থিরতা জিইয়ে রাখার। চেষ্টা করেছিলেন জঙ্গলমহল মানুষের—একটু আগেই জঙ্গলমহল মানুষের জন্য এত টাকা খরচ করা হয়েছে বললেন। সেই টাকা কিন্তু তাদের কাছে যায়নি গেছে আপনাদের পকেটে। আপনারা নিয়ে নিয়েছেন তাই জঙ্গলমহলের মানুষকে পিঁপড়ের ডিম খেয়ে দিন কাটাতে হয়েছে। আজকে কিন্তু সেটা হচ্ছে না। আজকে জঙ্গলমহলের মানুষ নতুন স্বপ্ন দেখতে শুরু করেছে। মা-মাটি-মানুষের সরকার আমাদের নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে শান্তি প্রতিষ্ঠা করেছেন। শান্তি ছাড়া কোনো দেশের উন্নতি হতে পারে না, কোনো রাজ্যের উন্নতি হতে পারে না। তাই একদিকে পাহাড়ের মানুষের উন্নয়নকে তরান্বিত করতে, তাদের

অধিকারকে ফিরিয়ে দিতে তিনি কালক্ষেপ না করে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিয়েছেন এবং আজকে পাহাড়ে শান্তি ফিরে এসেছে। আপনারা চেষ্টা করেছিলেন, চক্রান্ত করেছিলেন যাতে কোনোভাবে জি.টি.এ. চুক্তি না হয়। যাতে কোনো ভাবে পাহাড়ের মানুষের মধ্যে যে অশান্তি তা জিইয়ে থাকে। কিন্তু আমাদের নেত্রী মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় আজকে পাহাড়ে শান্তি ফিরে এসেছে। আজকে জঙ্গলমহলে উন্নতির দিশা দেখা দিয়েছে। প্রতিটি ক্ষেত্রে আজকে জঙ্গলমহলের মানুষ বুঝতে পারছে যে, তাদের অধিকার এই সরকার কায়েম রাখবে। আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল এনেছেন যার মধ্যে দিয়ে মূলত ব্যয়-বরাদ্দ যা হয়েছে কয়েক মাসের জন্যে তিনি তার অনুমতি চেয়েছেন। এ তো দিতে হবেই। কিন্তু মনে রাখতে হবে ১০ মাসের সরকার এই সময়ের মধ্যে যে কাজ করেছে ১০ বছরে আপনাদের ৩৪ বছরকে ছাপিয়ে চলে যাবে এটা ভুলবেন না। এটা হবেই হবে। আমি আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমি লম্বা বলতে চাই না তার কারণ বেশিরভাগ বক্তব্যই এই যে দুটি বিল তার থেকে সরে গিয়ে অন্য আলোচনায় চলে গেছে। সেহেতু খুব সংক্ষিপ্ত ভাবে আপনার অনুমতি নিয়ে আমি দু-একটি ইস্যু রেজ করতে চাই। মাননীয় সদস্য উপেন কিস্কু সাহেব দুটো কথা উনি বলেছেন, যেটা আমার মনে হয়েছে আমার উত্তর দেওয়া উচিত। প্রথম, উনি বলেছেন, রাজস্ব বৃদ্ধির হারের কথা, যে ৩০ শতাংশ আমরা করেছিলাম কিন্তু কেন সেখানে পৌঁছাতে পারিনি। তার আগেই বলি, এটা আমি বাজেটের উপর বলতে গিয়ে বলেছিলাম, যখন উত্তর দিয়েছিলাম যে, সরকার ৪০ শতাংশ বলে ধরে নেয় এক বছরে রাজস্ব বৃদ্ধি। তাদের মানুষদের কি এই প্রশ্ন করার আজ সম্ভাবনা আছে ? ৪০ শতাংশ, এক বছরে ? সেখান থেকে আমরা নামিয়ে এনে, ৩০ শতাংশ করেছিলাম, কেন করেছিলাম ? তারও বিনীতভাবে একটা ঐতিহাসিক পরিপ্রেক্ষ নিয়ে বলেছি। আমরা এখন ২৫.২ শতাংশে target করছি। আশা করেছিলাম, উনি সাধুবাদ দেবেন এই সাহসিকতার। লোকে করে না ? Target বড়ো রাখে, কম করে। আমরা realistic target-এ এসেছি। এবং statistical manipulation-এর জায়গা ছেড়ে আমরা একটি স্বচ্ছতা, transparency-র মাধ্যমে সরকারকে এগিয়ে নিয়ে যাচ্ছি। No statistical jugglery, straight forward, simple স্বচ্ছ, honest। আমি আশা করেছিলাম, উনি সাধুবাদ দেবেন। কিন্তু উনি আবার সেই প্রশ্নটা তুললেন, তাই দু'শব্দে তার জবাবটা দিলাম। দ্বিতীয় প্রশ্ন উনি করেছেন, যে ১২ শতাংশ হারে plan expenditure যে বেড়েছে প্রায় ১২ শতাংশ হারে, এটা কিন্তু উনি দেখলেন না। উন্নয়নের প্রতি, যে নজর, যে দিশার কথা আমি আগে বলেছিলাম। সেটা উনি দেখলেন না। এবং দু-একটা জায়গায় বলেছেন, যে খুব বেশি বাড়েনি, আমি ওঁকে request করব যে, উনি core plan-টার numberগুলো একটু study করুন। ওই department-এরই core plan। দেখে একটু আশ্চর্য হয়ে গেলাম যে, core plan-এ আমরা সেই department-এ অনেক টাকা

বাড়িয়েছি। এবং কেন্দ্রীয় সরকার যে টাকা আনে আমাদের তাতে share-টা যাতে দেওয়া যায় সেইজন্যে core plan-এ টাকা বাড়িয়েছি যাতে আরো টাকা তারা নিয়ে আসতে পারে। এরপরে আমি দু-একটা কথা বর্মাসাহেব বলেছেন, তাঁর একটু আলোচনা, সমালোচনা নয়, আলোচনা করতে চাই। Financial Administration Tighten করার কথা বলেছেন। ঠিক, ঠিকই, সাধুবাদ। উনি যখন সরকারে ছিলেন, যেটা উনি বলেছেন ওর নিজের বক্তব্যে, তখন কি পরিপ্রেক্ষ ছিল ? পরিপ্রেক্ষ ছিল Finance Department is all powerful। প্রত্যেকে Finance Department-এ ফাইল পাঠাও। ৪০০ থেকে ৬০০ ফাইল centralized। আমরা এসে কি ঠিক করলাম ? যাতে administrative tightening করা যায় আমরা বিরাট পদক্ষেপ নিলাম decentralization-এর প্রতি। কি করে ? প্রথমেই আমরা বললাম যে, ৭৫ শতাংশ বরাদ্দ যা state plan-এ আছে, Individual Department এগিয়ে গিয়ে খরচ করবে। Finance Department-কে কোনো file-ই পাঠাতে হবে না। কোনো permission-ই নিতে হবে না। চিন্তা করতে পারেন ! আগের দশকের প্রাক্তন অর্থমন্ত্রী একথা বলবেন ? দু-নম্বর, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা আসে, আমরা বলে দিলাম বড়ো Department-গুলোকে যে আপনারা খরচা করুন, Finance Department-এ পাঠাবেন না। You are free to do। C.S.&C.N. যাকে বলা হয়। এই সাহস কি আগে কারোর হয়েছিল ? একদম centralize করে power রাখা। এবং তৃতীয়, Central Government-এ, আপনি জানেন বর্মাসাহেব, আপনাকে আমার বলার প্রয়োজন নেই। Central Government-এ একটি খুব সুন্দর ব্যবস্থা আছে, যেটা economic adviser, controller, economic controller, তাঁর additional secretary rank হয়, সে secretary-র থেকে Junior। কিন্তু সমস্ত অর্থনৈতিক ব্যাপারে সেই মানুষটির discipline আনার ব্যবস্থা আছে।

[3.00 – 3.10 p.m.]

আগের ৩০/৩৪ বছরে কি চেষ্টা করা হয়েছিল, যে ডি-সেন্ট্রালাইজ করে, Financial Adviser বসিয়ে, নিজেদের পাওয়ার কমিয়ে দেওয়া ? না। এই মা-মাটি-মানুষের সরকার decentralization-এ বিশ্বাস করে। Grassroot process-এ বিশ্বাস করে, তাই আমরা করেছি। সেই সম্বন্ধে একটা কথা আমি বর্মা সাহেবকে বলব, মনে করিয়ে দেব, Abraham Lincoln বলেছিলেন, যখন—মানুষের পরিচয় তখনই পাবেন যখন the person sits on the seat of power। আমরা দেখিয়ে দিয়েছি, যে নিজের হাত থেকে পাওয়ার ছেড়ে দিয়ে system-কে improve করার জন্য, financial tightening-এর জন্য, আমরা সেই কাজ করেছি। ইট ইজ, not easy. ওই Seat of power-এ বসেই মনে হয় centralize করে নিই। কিন্তু আমি চেষ্টা করেছি এই সরকারের তরফ থেকে decentralization। সো আই assure Hon'ble Member, Mr. Barma for financial administration, decentralization and tightening, এটা হচ্ছে

আমাদের মোটো, আমরা সেইভাবে এগিয়ে যাব। মূর্মু সাহেবের একটা কথার আমি ছোট্ট জবাব দেব। আমি বলতে চাই না বিশেষ তবু এটা বলতে হবে, উনি বলেছেন, আমি নাকি পকেট কেটেছি। আমাকে পিক পকেট বললেন। কিন্তু বিগত দশকে যে পুকুর চুরি হয়ে গেল তার ইতিহাস ভুলে গেলেন। এখন পিক পকেটে এসে গেছেন। আমি এটুকু বলেই শেষ করব যে এই দুটো বিলই, routine bill, যেগুলি ডিটেল্স আমি আগেই পড়ে দিয়েছিলাম, লম্বা ভাষায় পড়ে দিয়েছিলাম, আমি সেইজন্য আজকে টেবিল করব যাতে এই বিলকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারি এবং আপনার অনুমতি পেলে সেইগুলি পাস্ করার উপর আমি বক্তব্য রাখব। তবে আমি শেষ করব এইটুকু বলে, আমাদের মনে রাখতে হবে যে গণতান্ত্রিক প্রথায় কাঁধে কাঁধ মিলিয়ে সবাইকে এগোতে হবে। তার মধ্যে ইতিবাচক, নেতিবাচক সমালোচনা থাকবে। কিন্তু নেগেটিজিম যেটা আমি দেখছি, বারবার হাউসে, ব্যক্তিগত অ্যাটাক, এর থেকে সরে দাঁড়াতে হবে। তবে আমি আশা করছি, যে পশ্চিমবঙ্গকে আগে স্কিপিং রেটে নিয়ে যাওয়ার ব্যবস্থা। সবাই কাঁধে কাঁধ লাগাবে। এইটুকু বলে এই দুটো বিলের উপর বক্তব্য আমি শেষ করতে চাই।

Madam Dy. Speaker : Now the question before the House is the motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation Bill, 2012 be taken into consideration.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "No."

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 2 & 3

Madam Deputy Speaker : There is no amendment to clause 2 and 3. The question before the House is that clauses 2 & 3, do stand part of Bill.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "No."

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Schedule

Madam Deputy Speaker : The question before the House is that the Schedule do stand part of Bill.

As many as are of that opinion, will please say "Aye." As many as are of the contrary opinion, will please say "No."

Ayes have it, Ayes have it.
The motion is adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Madam Deputy Speaker : The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of Bill.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "No."

Ayes have it, Ayes have it.
The motion is adopted.

Dr. Amit Mitra : Madam, Deputy Speaker, I beg to move that the West Bengal Appropriation Bill, 2012, as settled in the Assembly, be passed.

Madam Deputy Speaker : Now I put to vote the motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation Bill, 2012 as settled in the Assembly be passed.

The question before the House that the West Bengal Appropriation Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it. The Bill is passed.

Now I put to vote the motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say 'No.' Ayes have it. Ayes have it.

Clauses 2 - 3

The question before the House that the Clause 2-3 do stand part of the Bill. As many as are of that opinion will please say

'Aye'. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Schedule

The question before the House that the Schedule do stand part of the Bill. As many as are of that opinion will please say aye. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula Preamble and the Title of the Bill

The question before the House that the Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say 'No.'. Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2012, as settled in the Assembly be passed.

Madam Deputy Speaker: The question before the House that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it. The Bill is passed.

The West Bengal Finance Bill 2012

Dr. Amit Mitra : Sir I beg leave to introduce the West Bengal Finance Bill, 2012.

.... (Secretary then read the title of the Bill) ....

Dr. Amit Mitra: Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2012 be taken into consideration.

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী দ্য ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ২০১২ আজকে এখানে উত্থাপিত করেছেন। এই বিলের মধ্য দিয়ে আমরা লক্ষ্য করে দেখছি যে কিছু কিছু জিনিসের ট্যাক্স বাড়ানো হয়েছে, কিছু কিছু জিনিসের ট্যাক্স কমানো হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী ব্যয় বরাদ্দের যে চিত্র তুলে ধরেছেন এবং

তা রূপায়ণের আর্থিক সংস্থানের সুযোগ কোথা থেকে আসবে সেটা স্পষ্টভাবে এখানে আমরা বুঝতে পারছি না। মাননীয় অর্থমন্ত্রী তিনি এখানে বিলাস দ্রব্যের ওপরে বর্ধিত কর আরোপ করেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি ওনাকে। ১০ লাখ টাকার বেশি মূল্যের মোটর গাড়ির ওপরে, ২৫ হাজার টাকার বেশি যে টি.ভি. যা ব্যবহার করবেন, ২০ হাজার টাকার বেশি মোবাইল, ১৫ হাজার টাকার বেশি ঘড়ি, এক টনের অধিক ক্ষমতা যে এ.সি.-তে থাকবে সেগুলোতে করের হার ১৩.৫ শতাংশ থেকে বাড়িয়ে ১৪.৫ শতাংশ করেছেন। পাশাপাশি ভাবে আবার আমরা দেখছি যে কাঠের বাক্স, ঘুড়ির কাঠি, পনীর, জুতোর ফিতে এগুলোতে ট্যাক্স কমিয়ে তিনি ১৩.৫ শতাংশ থেকে ৪ শতাংশ করেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি।

[3.10 – 3.20 p.m.]

কিন্তু আমরা এখানে ঠিক বুঝতে পারছি না, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে একটু জানতে চাইব বিলাস দ্রব্যের ওপর যে বর্ধিত কর আসছে সেই করের মধ্যে দিয়ে কত রাজস্ব আদায় হবে তার হিসাবটা ঠিক পরিষ্কার ও সুস্পষ্ট নয় এখানে। এবং ঠিক যেভাবে এই কাঠের বাক্স, জুতোর ফিতে, ঘুড়ির কাঠি ইত্যাদিতে যে ট্যাক্সটা কমছে, তাতে কত রাজস্ব আয় কম হবে। এটাতেও কিন্তু আমরা এখানে সুস্পষ্ট ভাবে, ঠিক সেভাবে পরিষ্কার হতে পারছি না। ফলে, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি আবেদন করব যে তিনি তাঁর জবাবী ভাষণের সময় এটা আর একটু যদি পরিষ্কার করে দেন তাহলে আমাদের পক্ষে সুবিধা হবে। এবং পাশাপাশি ভাবে, এখানে আর একটা জিনিসে পরিষ্কার হতে পারছি না, তিনি একটা ব্যবস্থা করেছেন, খুব ভালো, এ জন্য সাধুবাদ জানাচ্ছি। যে, স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে নেট ব্যাঙ্কিং, কাউন্টারে টাকা জমা দেওয়া অর্থাৎ তিনিই স্ট্যাম্পিং ব্যবস্থা করেছেন। কিন্তু এই ক্ষেত্রে, হ্যাঁ, নিশ্চয় জালিয়াতি বন্ধ হবে। খুচরো যেগুলো অন্য জুডিশিয়াল স্ট্যাম্প আছে দশ টাকা, কুড়ি টাকা, পঞ্চাশ টাকা ঠিকই, সেগুলো পাওয়ার ক্ষেত্রে আমাদের খুবই অসুবিধা হয়। দশ টাকার স্ট্যাম্প কিনতে গেলে পঞ্চাশ টাকা একশো টাকারও মধ্যে অনেক সময় পাওয়া যায় না। এতে, এই ই স্ট্যাম্পিং ব্যবস্থার মধ্যে দিয়ে সুবিধা হবে। কিন্তু, আমি ঠিক পরিষ্কার হতে পারছি না জমি ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে যে সমস্ত ভেন্ডাররা কাজ করতেন, তারা এই ই স্ট্যাম্পিং ব্যবস্থার মধ্যে দিয়ে, যে এই স্ট্যাম্প ডিউটির কথা এখানে বলা হয়েছে ; নেট ব্যাঙ্কিং হচ্ছে, কাউন্টারে টাকা জমা হচ্ছে ব্যাঙ্কে। তাহলে সেই ভেন্ডাররা কোথায় যাবেন ? তাদের সম্বন্ধে কিছু, পরিষ্কার ভাবে ঠিক বুঝতে পারিনি ব্যাপারটা। আমি এটা জানানোর জন্য আবেদন করছি যে, সেই ভেন্ডাররা, হাজার হাজার ভেন্ডাররা আছে। যে ভেন্ডাররা এখানে স্ট্যাম্প ব্যবসার মধ্যে দিয়ে তাঁরা তাঁদের সংসার পরিচালনা করতেন। তাঁদের সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয়কে জবাবী ভাষণের সময় একটু জানানোর জন্য আবেদন করব। তখন এটা আরো একটু পরিষ্কার করলে আমাদের পক্ষে সুবিধা হবে। পাশাপাশি ভাবে আরো একটা জিনিস জানতে চাইব, এই যে বিগত দিনে ভেন্ডারদের কাছ থেকে স্ট্যাম্প কিনে জমি ক্রয় এবং বিক্রয় করা হত, আজকে আপনার নেট ব্যাঙ্কিং এবং ব্যাঙ্কের

কাউন্টারে টাকা জমা দেওয়া সেই ক্ষেত্রে সাধারণ গ্রামের মানুষ যাঁরা আছেন, খেটে খাওয়া মানুষ, যারা চাষী, ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তাঁরা কতখানি সুবিধা এখান থেকে পাবেন ? কী ধরনের সুবিধা পাবেন ? যারা অশিক্ষিত মানুষ, অর্ধশিক্ষিত, একেবারে অশিক্ষিত গ্রাম্য মানুষ, তারা কি মাঝখানে কোনো দালাল চক্রের মধ্যে পড়ে যাবেন ? এটা পরিষ্কার করা নেই। ফলে আমার কাছে এখানে ব্যাপারটা পরিষ্কার হয়নি। সেই কারণে আমি এটা জানতে চাইব, যে এটা কী ধরনের ? এখানে কি সেই সমস্ত মানুষের ঘাড়ে কোনো আর্থিক বোঝা চাপবে ? যারা এই ই স্ট্যাম্পিং ব্যবস্থার মধ্যে দিয়ে, নেট ব্যাঙ্কিং ব্যবস্থার মধ্যে দিয়ে তারা দলিল ক্রয় করে, স্ট্যাম্প ক্রয় করে জমির রেজিস্ট্রেশান করাবেন তাদের ওপরে কি কোনো বেশি আর্থিক বোঝা চাপবে ? আমি মনে করছি এগুলো একটু পরিষ্কার করলে সুবিধা হবে।

পাশাপাশি ভাবে আপনি এখানে প্রবেশ কর বৃদ্ধি করার কথা বলেছেন। প্রবেশ কর পুনরায় লাগু করা হবে। বিগত বামফ্রন্ট সরকারের সময়ে সেটাকে উঠিয়ে দেওয়া হয়েছিল, সত্তর দশকে চালু হওয়া সেই প্রবেশ কর সেটা তুলে দেওয়া হয়েছিল। আপনি পুনরায় সেটাকে চালু করছেন। এর ফলে, এটা আসার ফলে, কি কি পণ্যের ওপর কর ধার্য হবে এখানে আমরা সেটা ঠিক বুঝতে পারিনি, যে কি কি পণ্যের উপরে, কি ধরনের এন্ট্রি কর বা প্রবেশ কর আপনি ধার্য করবেন, এবং এই প্রবেশ করের মধ্য দিয়ে আমাদের পশ্চিমবঙ্গের রাজস্ব আদায়ের পরিমাণ কতখানি বাড়বে, কত গুণ বাড়বে, কত শতাংশ বাড়বে ? এটা আপনি একটু পরিষ্কার করে বললে আমাদের পক্ষে আরো জানা সম্ভব হবে। এবং আমি আশঙ্কা প্রকাশ করছি যে এই প্রবেশ করের মধ্যে দিয়ে, যে জিনিসগুলোর ওপরে ডবল কর চাপানো হচ্ছে, একটা কর দিয়ে তারা আসছে, আবার প্রবেশ কর তারা দিচ্ছে। বর্তমানে আপনি যেটা করেছেন সে বিষয়ে আর একটু পরিষ্কার হতে চাইছি আপনার কাছ থেকে। ডবল কর চেপে যাওয়ার ফলে এখানে যে পণ্য বিক্রি হবে, কোন কোন পণ্য, কোন কোন পণ্যের ওপরে আপনি এটা করছেন ? আর যে পণ্যগুলো এখানে বাজারে বিক্রি হবে সেই পণ্যের কি মূল্য বৃদ্ধি ঘটবে ? এই রকম আমি আশঙ্কা প্রকাশ করছি যে সেই ক্ষেত্রে যে পণ্যগুলো, যা আমরা সাধারণ মানুষেরা ব্যবহার করি, যা সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে লাগে, সেই জিনিসগুলোর দাম অধিক হয়ে যাবে এবং একটা অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঘটার একটা সম্ভাবনা দেখা দিচ্ছে বলে আমি মনে করছি। আজকে আরও একটা জায়গায় আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি বলেছেন, মোটরগাড়ির ক্ষেত্রে—একটা ভালো সারা জীবনের জন্য কর একসাথে করবেন, আবার যারা ইচ্ছুক থাকবেন তারা পাঁচ বছরে সেই কর প্রদান করতে পারবেন, আপনি এখানে বলেছেন। এবং বিভিন্ন ধরনের কর একত্রিত করার একটা পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন। বিভিন্ন ধরনের পথ করছেন, অতিরিক্ত পথ কর আছে—ভিডিও, অডিও, রেজিস্ট্রেশান চার্জ, বিশেষ কর, অন্যান্য সম্পর্কিত কর—সমস্ত কিছুকে এই জায়গায় এনে আপনি আরও বেশি সুবিধার সরলীকরণ করার আপনি চেষ্টা করেছেন। আমি আপনার কাছে জানতে চাইছি যে, সারা জীবনের জন্য যে করটা মোটরগাড়ির ক্ষেত্রে দেওয়া হবে। সেই ক্ষেত্রে লাভবান কারা হবেন ? এখানে কি রাজস্ব আদায় বৃদ্ধি পাবে ? না, যারা মোটরগাড়ির ব্যবসায়ীরা আছেন—দুই ধরনের

মোটরগাড়ি ক্রয় করার লোক থাকে, এক ধরনের মোটরগাড়ি ক্রয় করে ব্যবসা করেন, যাদের ১০, ২০, ৩০, ৪০, ৫০ খানা গাড়ি থাকে, আবার ব্যক্তিগত প্রয়োজনে গাড়ি কেনা হয়, একটা গাড়ি কিনে ফ্যামিলিগত ভাবে চলেফেরা করে। তা আমার এখানে জিজ্ঞাস্য আপনার কাছে এই যে, সেই ক্ষেত্রে এই যে আপনি করগুলোকে একত্রিত করে দিচ্ছেন, বিভিন্ন জায়গায় কর, বিভিন্ন জায়গায় ধরা ছিল, সেই করগুলোকে আপনি একত্রিত করার একটা পরিকল্পনা করেছেন, সেই ক্ষেত্রে কি এখানে ব্যবসায়ীরা লাভবান হবেন ? যাদের ৫০ খানা গাড়ি আছে, না সেই ক্ষেত্রে রাজস্ব আদায় বেশি হবে ? কি কারণে এখানে এই সুযোগ-সুবিধা বাড়তি পাওয়ার জন্য সমস্ত করকে একত্রিত করার পরিকল্পনা গ্রহণ করেছেন, সেটা একটু জানিয়ে দিলে আমাদের সুবিধা হবে। আর পাশাপাশি ভাবে আপনি দেশি মদের ক্ষেত্রে ২০১০ সালে আবগারি বিধির প্রয়োজনীয় নিয়ে সংশোধন করেছেন এখানে। কিন্তু এই ক্ষেত্রে আমরা একটা জিনিস জানতে চাইছি যে, আবগারি বিধির প্রয়োজনীয় সংশোধন করবেন, সেই ক্ষেত্রে আমাদের রাজস্ব আদায় কত বৃদ্ধি পাবে ? গত ২০১১-১২ কি আদায় হয়েছিল এবং ২০১২-১৩-তে আপনার এই সংশোধনীর ফলে কত বৃদ্ধি পাবে সেটা একটু জানালে আমাদের সুবিধা হবে। পাশাপাশি ভাবে আপনি, আপনার বাজেট ভাষণে বলেছেন ২০১২-১৩ সালে পরিকল্পনার খাতে প্রতিশ্রুতি মেটানোর জন্য, ২৩ হাজার ৩৭১ লক্ষ ৪৪ হাজার কোটি টাকা ধার্য করার প্রস্তাব দিয়েছেন। বলেছেন, বিভিন্ন ভাবে এটাকে খরচ করার একটা পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন। আমার এখানে প্রশ্ন আছে, এই টাকা খরচের একটা পরিকল্পনা আপনি রাখছেন। তাহলে এই টাকাটা কি ভাবে আসবে। আপনি বিভিন্ন খাতে টোল বৃদ্ধি করার প্রস্তাব আপনি দিয়েছেন, যেগুলো আমি বললাম এখানে, সেই ভাবে আপনি নিয়ে আসবেন, প্রবেশ কর হচ্ছে, বিশাল বহুল দপ্তরের উপর কর বৃদ্ধি পাচ্ছে, ইন্টারকস্টিং ব্যবস্থার মধ্যে দিয়ে, সেখান থেকে কিছু রাজস্ব আদায় হতে পারে। কিন্তু আমি জানতে চাইছি যে, এত টাকা খরচ করার পরিকল্পনা গ্রহণ করেছেন, এখানে আপনার এই টাকা আদায় করার কি পরিকল্পনা গ্রহণ করেছেন, সেটা যদি একটু পরিষ্কার থাকে, আমাদের পক্ষে সুবিধা হত। পাশাপাশি এই পরিকল্পনার মধ্যে, আমার একটা জিজ্ঞাস্য আপনার কাছে—আজকে আমরা লক্ষ করে দেখছি যে, সংখ্যালঘু যে দপ্তর আছে, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য বিভিন্ন ধরনের পরিকল্পনা করা হচ্ছে, অর্থ বরাদ্দ করা হচ্ছে, সেই ক্ষেত্রে আমরা শুধু লক্ষ করে দেখছি, আমি এখনও পরিষ্কার হতে পারিনি, আপনার কাছে পরিষ্কার হতে চাই—যা পরিকল্পনা হচ্ছে এখনও পর্যন্ত, আবাসন পরিকল্পনা, আই.সি.ডি.এস.-এর গৃহ নির্মাণ প্রকল্প, আজকে অতিরিক্ত ক্লাসরুম প্রকল্প, সমস্ত কিছু কেন্দ্রীয় সরকারের প্রকল্প এখানে গ্রহণ করা হচ্ছে। পশ্চিমবঙ্গের রাজ্য সরকার আলাদা ভাবে মাইনরিটি এলাকাগুলোর জন্য আমাদের পশ্চিমবঙ্গে ১২টি জেলা সংখ্যালঘু অধ্যুষিত গোটা ভারতবর্ষে, আজকে সেটা আপনার বাজেট ভাষণেও দেখতে পাচ্ছি। সেই ১২টি জেলার যা মাইনরিটি অধ্যুষিত, সেই জায়গায় পিছিয়ে পড়া সংখ্যালঘু মানুষদের ডেভেলপমেন্টের জন্য, যেমন ধরুন বেকার যুবক-যুবতী যারা ক্লাস এইট পর্যন্ত পড়ার পরে, তারা আর পড়াব সুযোগ পায়নি, বেকার অবস্থায় বসে আছে।

[3.20—3.30 p.m.]

আবার একজন মাধ্যমিক পাশ করার পর সংখ্যালঘুদের যুবক-যুবতীরা বেকার হয়ে পড়ে আছে। তাদের কর্মসংস্থানের জন্য কোনো ভোকেশনাল ট্রেনিং এলাকা ভিত্তিক, স্কুলে স্কুলে করেছেন, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, কিন্তু আপনি এলাকা ভিত্তিক যে সমস্ত সংখ্যালঘু অধ্যুষিত এলাকা আছে সেই জায়গাগুলোতে আঞ্চলিক ভিত্তিক বা ব্লক ভিত্তিক সেই ধরনের কোনো ভোকেশনাল ট্রেনিং দেবার জন্য কোনো অর্থ বরাদ্দ করেছেন কিনা ? সেখান থেকে সে যাতে নিজেই রোজগার করতে পারে তার কোনো পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন কিনা ? পাশাপাশি ভাবে সেই যে ব্যাকোয়ার্ড জায়গাগুলো, মাইনরিটি অধ্যুষিত জায়গাগুলো আছে সেখানে রাস্তা নেই, স্বাস্থ্য পরিষেবা নেই, সেখানে শিক্ষার ব্যবস্থা নেই এবং আরো অনেক ধরনের পরিকাঠামোর অভাব আছে। সেই পরিকাঠামো উন্নয়ন করার জন্য সেই সংখ্যালঘু এলাকাগুলোর পরিকাঠামো উন্নয়ন করার জন্য আপনি কোনো ধরনের অর্থ বরাদ্দ করেছেন কিনা ? পরিকল্পনা ক্ষেত্রে আপনি যে টাকা ধরেছেন তার মধ্যে এই সংখ্যালঘু সম্প্রদায়ের পিছিয়ে পড়া যে ১২টি ডিস্ট্রিক্ট আছে মাইনরিটি অধ্যুষিত, সেখানে এই ধরনের কোনো পরিকল্পনা রাজ্য থেকে বরাদ্দ করা হয়েছে কিনা ? আগে যা হত, আমি যা বললাম এম.এস.টি.পি. প্রকল্পের মধ্যে দিয়ে বিভিন্ন ধরনের প্রকল্প এখন কেন্দ্রীয় সরকার পাঠাচ্ছেন সেটাই রাজ্য অনেক সময় নিজেদের বলে চালিয়ে দিচ্ছে। রাজ্যের পক্ষ থেকে আপনি কি ধরনের পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা জানালে উপকৃত হব। পাশাপাশি সেই পরিকল্পনা খাতে যেখানে আপনার টাকাটা ধরা আছে সেই পরিকল্পনা খাতে যে সমস্ত জায়গাগুলো আর্সেনিক প্রবণ, যেখানে আর্সেনিক এবং ফ্লোরাইড আছে, বিশেষ করে মালদা জেলার ক্ষেত্রে আমার মনে আছে, মালদা জেলা আর্সেনিক প্রবণ জায়গা যেখানে মুক্ত জোন আছে, যেটা আদিবাসী অধ্যুষিত এলাকা, আমাদের বোরিন্দ এলাকা, মালদা জেলার একটা পোরশান, ৩-৪টা থানা, ৩-৪টা ব্লক ফ্লোরাইড এলাকা, জলে প্রচুর পরিমাণে ফ্লোরাইড আছে। সেই ফ্লোরাইড এবং আর্সেনিক, গোটা পশ্চিমবাংলা জুড়ে যে আর্সেনিকের প্রবণতা দেখা দিয়েছে, সেটাকে রোধ করার জন্য, আর্সেনিক এবং ফ্লোরাইড মুক্ত পরিশ্রুত পানীয় জল দেওয়ার জন্য পরিকল্পনাখাতে কোনো অর্থ বরাদ্দ এখানে করেছেন কিনা একটু জানালে ভালো হয়। পাশাপাশি উত্তরবঙ্গের উন্নয়নের স্বার্থে—উত্তরবঙ্গ নিয়ে আমরা অনেক বলেছি পুনরায় আমি বলতে চাইছি না—২০০ কোটি টাকা আপনি বরাদ্দ করেছেন। আমরা মনে করি এই ২০০ কোটি টাকা পর্যাপ্ত নয়। এলাকা ভিত্তিক সেই টাকাগুলোকে যদি আমরা ভাগ করে দেখি ৬টি জেলাতে, তাহলে ৩৫-৪০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে। সেই ক্ষেত্রে আপনি এই পরিকল্পনাখাতে অর্থাৎ ২০১২-১৩ আর্থিক বছরে পরিকল্পনাখাতে কী পরিমাণ অর্থ আলাদা করে উত্তরবঙ্গের জন্য রেখেছেন কিনা ? উত্তরবঙ্গের উন্নয়নের জন্য কোনো টাকা রেখেছেন কিনা জানালে ভালো হয়। আমি আশা রাখব। আপনি যে এখানে ফিনান্স বিল ২০১২-১৩ উপস্থাপিত করেছেন তার মধ্যে পুরোপুরি সমর্থনযোগ্য না থাকার কারণে এই বিলটাকে আমি সমর্থন করতে পারছি না, ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি প্রথমেই আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র "দি ওয়েস্ট বেঙ্গল ফাইন্যান্স বিল, ২০১২" যেটা পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। ম্যাডাম, একটা বিষয় যে একটু আগে যে বিরোধী পক্ষের সদস্যের বক্তব্য শুনছিলাম, তো আমার মনে হচ্ছে ম্যাডাম যে উনি গরুর রচনা মুখস্থ করে এসেছেন। পরীক্ষায় পড়ে গেছে শ্মশান—গরুর রচনা। বিজ্ঞানের অগ্রগতি—গরুর রচনা। আমি বুঝতেই পারলাম না উল্টে-পাল্টে কোথায়ও, উনি যখন বলছিলেন আমি মেলাবার চেষ্টা করছিলাম, ভ্যালু এডেড ট্যাক্সের ব্যাপারে কোথায়, কোথায় স্ট্যাম্প অ্যাক্টের ব্যাপারে, কোথায় আপনার প্রফেশান অ্যাক্টের ব্যাপারে কোথায়ও স্যার খুঁজে পেলাম না কোথায় আর্সেনিক জল। আমি তো কোথায়ও দেখতে পেলাম না। কোথায়ও আদিবাসী এলাকা উন্নয়ন এখানে দেখতে পেলাম না। আলোচনাটা কিন্তু ভিন্ন। আলোচনাটা হচ্ছে আপনার ফাইন্যান্স বিলের উপরে। আমি আমার সামান্য জ্ঞান নিয়ে যেটুকু বুঝেছি সেটুকু আমি নিবেদন করছি। সাধারণভাবে চারটি অ্যাক্টে যে সংশোধনগুলি এনেছেন মূলত জনস্বার্থে এনেছেন এবং জনসাধারণের তথা সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থার কিছু সুবিধা দেওয়া। আপনাদের বিগত সরকার যে বাস্তব বোধের পরিচয়টা দেননি, দিতে পারেননি, ডঃ অমিত মিত্র সেই বাস্তব বোধের পরিচয়টা দিলেন। Indian Stamp Act, Indian Stamp Act—এ সব থেকে বড়ো বিষয় যেটা এনেছেন, সেটা হচ্ছে আপনি আগে একটা কাগজে সই করে দিয়ে দিতেন। একটা Court Paper-এ সই করতেন এবং তাতে কোনো সুরক্ষা পেতেন না। কিন্তু এই যে Development agreement, যেটা এখানে মূল কথা, তার একটা মূল্য থাকবে। এর আগে যা করতেন, তাতে পারস্পরিক যে চুক্তি হত, সেই চুক্তিতে কোনো রক্ষা আপনি পেতেন না, কোনো Protection আপনার মিলত না। Power of attorney—সেই ক্ষেত্রেও দেখা যাবে উনি যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে দু'পক্ষের Protection মিলবে। মূলত tax on profession, এই যে tax on profession—এখানে দেখুন একটা বিপ্লবাত্মক পরিবর্তন এনেছেন। প্রথমত Profession tax-এ কি ছিল ? তিন হাজার টাকার পর Tax deduct করা হত। এটা বাড়িয়ে পাঁচ হাজার টাকার পর করা হল। এটা স্বীকার করবেন যে নিশ্চয়ই এটা যুক্তসঙ্গত। দ্বিতীয়ত যে বিষয়টা অ্যামেন্ড করতে চাইলেন, deemed assessment—এই deemed assessment-এ সুবিধা দেওয়ার জন্য ১০-১১ পর্যন্ত বাড়িয়ে দিলেন। অর্থাৎ assessee, যিনি Professional tax deduct-এর যে return submit করেছেন, সেটাকে accept করে নেওয়া। সেটার period ছিল ২০০৯-১০। সেটাকে বাড়িয়ে করলেন এবং এই assessment-এ পুরনো যে সিস্টেম ছিল, বর্তমানে তা computerized system-এ আনা হয়েছে, একবারে নতুন। সুতরাং তাতে কিছু ত্রুটি-বিচ্যুতি থাকতেই পারে। সুতরাং deemed assessment accept করে নেওয়াই বেটার, সেই কারণেই করেছেন। Sales Tax-এর ব্যাপারটা দেখুন। একটা audit section আছে। তার last date December. Value added tax-এ interest-টা Per day calculation হয়। কিন্তু Sales Tax-এ এই calculationটা হয় monthly. সেটা Daily calculation হলে তার সুবিধা

বাড়বে। Actual interest দিতে তিনি liable হবেন। As per law এটা হয়তো সঙ্গত। কারণ মাসের পয়লা তারিখ পেমেন্ট করতে চাইলেও পুরো মাসের Interest pay করতে হবে। তাই ডঃ মিত্র বস্তুত এটা এনে তো তাকে relief দিচ্ছেন। Value added tax-এ দেখুন, বর্তমানে কোনো গাড়ি নিলে শুধু গাড়ির উপর ট্যাক্সটা হয়। Vehicle and expenses incurred for registration—এটা ধরে নিয়ে company bill করে। আমাদের একটা কথা চালু আছে on road। এই কথাটা বাজারে চালু আছে দেখবেন। ডঃ মিত্র এখন চাইছেন যে Registration cost—এটা মোটরগাড়ির Sale price থেকে বাদ দিতে। তাহলে তার ট্যাক্সটা কমবে। অর্থাৎ অন্তত যুক্তিসঙ্গত ভাবে ক্রেতাকে রিলিফ দেওয়া হচ্ছে। Cooked food—কুকড় ফুডের যারা ব্যবসায়ী তাদের রেজিস্ট্রেশান বাধ্যতামূলক। যে মুহূর্তে তার ১৫ লক্ষ টাকা অতিক্রম করবে তখনই তাকে রেজিস্ট্রেশান করতে হবে। ডঃ মিত্র বললেন না, তার দরকার হবে না। বর্তমানে বাজার দরের ভাবনা ভেবে তিনি তাকে বাড়িয়ে দিলেন ২৫ লক্ষ টাকায়। ২৫ লক্ষ টাকা পর্যন্ত কোনো কর লাগবে না। তাহলে সুবিধাটা কার ? সুবিধা আপনাদের মতো লোকেদের নয়, সুবিধাটা হচ্ছে ক্ষুদ্র ব্যবসায়ীদের, গরীব মানুষদের। তাই গরীব মানুষের আসল সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন এই সরকারের এগুলোই হচ্ছে জনকল্যাণমুখী কর্মসূচী অন্যতম। এছাড়া ল্যামিনেশান, ল্যামিনেশানকে contractual price থেকে বাদ দিতে চাইলেন। সেকশান ২২-এ negative list-টা change করতে চাইছেন। যারা works contractor for repairing, তারাও one kind of works contractor। তাদেরকে যে ট্যাক্স পেমেন্ট করতে হয়, তারা কোনো ইনপুট ট্যাক্সে ক্রেডিট পাচ্ছেন না। তার কারণ নেগেটিভ লিস্টের মধ্যে এই আইটেম অর্থাৎ স্পেয়ার পার্টস জাতীয় আইটেম থাকার জন্য তারা ইনপুট ট্যাক্সে বেনিফিট পাচ্ছেন না। সেই জন্যই ডঃ মিত্র নেগেটিভ লিস্টের পরিবর্তন, বিশেষ করে স্পেয়ার পার্টস যে আইটেম, সেই আইটেমের ক্ষেত্রে যেটা করলেন, সেটা যুক্তিসঙ্গত। এটা change করলে input tax credit অর্থাৎ ইনপুট ট্যাক্স রিবেটের সুবিধা তিনি পেয়ে যাবেন।

[3.30—3.40 p.m.]

পরে দেখুন যে, ২৪-এ তাতে স্পেশাল provision for registration-এর সময়সীমা বাড়াতে চাইছেন। এতে বেশ কিছু মানুষ সুবিধা পাবেন। যারা রেজিস্ট্রেশান নেননি তারা এই আওতায় আসার সুবিধা পাবেন। যারা রেজিস্ট্রেশান নেননি তারা যাতে এর আওতায় আসার সুবিধা পান, এদের টোটাল turn over-টা declare করতে হবে এবং ১.৫ পারসেন্ট ট্যাক্স দিলেই এই সুবিধা পাবেন। তাকে রেজিস্ট্রারড ডিলার হিসাবে সব রকম ফেসিলিটিজ দেওয়া হবে। ওই সময়সীমা শেষ হয়ে গেছে। তাই সরকারের রাজস্ব বৃদ্ধি করতে—আপনারা যে চিৎকার করছিলেন এবং একই সঙ্গে ডিলারদের ক্ষেত্রে রেজিস্ট্রেশানের সুবিধা দেওয়ার জন্য এই সীমা বাড়ানোটা অত্যন্ত জরুরি। কোথা থেকে রাজস্ব বাড়বে—বলেছিলেন না আপনারা, চিৎকার করছিলেন, একটু আগেও বলছিলেন, আমরা বলছি, যত সরলীকরণ

হবে তত বেশি সুবিধা হবে, তত ট্যাক্স বাড়বে। মানুষকে যত বেশি সুবিধা দেওয়া যাবে তারা তত বেশি এগিয়ে আসবেন। এই ব্যাপারে সরকারের রেভিনিউ ডিপার্টমেন্টকে তৎপর হতে হবে নিঃসন্দেহে। বিজ্ঞাপন প্রভৃতির মাধ্যমে জনগণকে জানাতে হবে। শুধু ইন-কিলাব বলে আর ঘন ঘন ধর্মঘট ডেকে কাজের যে পরিবেশ তাকে নষ্ট করলে চলবে না। যে জন্য এই ব্যবস্থাগুলো গ্রহণ করা হয়েছে। আরও কিছু অ্যামেন্ডমেন্ট করার প্রস্তাব, যেমন—চার্টার্ড অ্যাকাউন্টকে দিয়ে অডিট রিপোর্ট সাবমিট, অরিজিন্যালি পঞ্চাশ লক্ষ, পরে এক কোটি, পরে তিন কোটি টাকার প্রস্তাব এসেছে। তারপরে একটা নতুন সেকশান চালু করে শুধু ডিপার্টমেন্ট নয় ডিলার, ডাইরেক্টর তাদেরও রেসপন্সিবিলিটি সম্পর্কে প্রশিক্ষিত করা, তারপরে ফারদার অ্যাসেসমেন্টে প্রভিশান সেটা তুলে দিয়ে ডিলারকে যাতে হেনস্থা হতে না হয় তার ব্যবস্থা করা, section 46(2) অনুযায়ী পেনালটি ইমপোজ করা হত সেটা তুলে দেওয়া, ২০১০-১১ পর্যন্ত ডিমড্ অ্যাসেসমেন্ট যাদের ডিক্লিয়ার করা হয়ে গেছে অথচ রিটার্ন দিতে পারেননি তাদের টাইম এক্সটেন্ড করে ৩০শে জুন, ২০১২ পর্যন্ত করা হল। টার্ন-ওভারের লিমিট পাঁচ কোটি টাকা করা হল। এই সময়সীমার বৃদ্ধি সেটাও যুক্তিসঙ্গত। ওয়ে বিলের ক্ষেত্রে বস্তুত দুর্নীতি প্রতিরোধের জন্য বিভিন্ন আইনের ১৫ শতাংশ, ২৫ শতাংশ এবং ৪০ শতাংশ পেনালটি কমিয়ে দিয়েছেন। এল.পি.জি. গ্যাস সিলিন্ডার এখান থেকে তিনি exempt ক্যাটাগরিতে এনেছেন। ফলে, দাম কমবে—সাধারণ মানুষের সুবিধা হবে। এছাড়াও যে মোটরগাড়ি এবং অন্যান্য বিষয় যেগুলো অনেক দামের সেগুলোর বিষয়েও তিনি তার ট্যাক্সটা বাড়িয়েছেন। এই ক্ষেত্রে আমি জানি যে, আনিসুর সাহেবদের অসুবিধা হবে। কারণ সেই গাড়ির দাম বাড়লে তাদের অসুবিধা হবে—সাধারণ মানুষের নয়, গরীব মানুষের নয়। সুতরাং রাজস্ব আদায়ের দিক থেকেও এই 'বিল' অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এর ফাইনান্স 'বিল' পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া, এই মাত্র আমার বন্ধু মাননীয় সদস্য আশীষ ব্যানার্জী তিনি প্রকৃতপক্ষে ফিনান্স বিলে কি আছে এবং কি আলোচনা করা উচিত সেগুলো নিয়ে ডিটেলস-এ বললেন। কারণ, এর আগে বিরোধী পক্ষ থেকে যে কথাগুলো বলা হল সেগুলো সত্যিকারের ফিনান্স বিল ছিল না, ও অন্য কিছু ছিল। ফিনান্স বিলের এখন অনেক কিছু টেনে আনা যায়, সেটা আলাদা কথা। এই সভায় সব কিছু টেনে আনা যায় কিন্তু কোনটা রেলিভ্যান্ট, কোনটা রেলিভ্যান্ট নয় সেটা নিয়ে বোধ হয় আমাদের কথা বলা দরকার এবং সেইজন্য বোধহয় খুব সুন্দর ক্লারিফাই করে দিলেন আমাদের মাননীয় সদস্য আশীষবাবু এবং সেগুলো প্রায় ধরে দিলেন উনি। যে কথাগুলো এখানে সামারি অব অবজেক্টস অ্যান্ড রিজনসে বলা আছে এবং সেটা যদি আপনারা পড়তেন, দেখতেন তাহলে বোধহয় এত আলোচনা করার পক্ষে সুবিধা হত, বলাও আপনাদের পক্ষে সুবিধা হত। আনফরচুনেটলি সেই সব না করে এই চৌত্রিশ বছরে কি হয়েছে, এই করেছেন, কত ফাস্ট হয়েছেন—সেইসব নিয়ে চলল। এখানে আশীষবাবু যে ব্যাখ্যাটা করেছেন এবং মাননীয় অর্থমন্ত্রী যে এখানে প্রজেক্ট করে রেখেছেন তা সত্যিকারের ফিনান্স বিলে—আমি যদি বলি যেন তেমন কিছু নেই, তার মানে ফিনান্স বিলে যে এর মাধ্যমে একটা বিশাল অঙ্ক আমরা

আগামী দিনে রিয়েলাইজ করব, আয় করতে যাচ্ছি সেই ধরনের কথা এখানে নেই। পূর্বতন আমাদের মাননীয় অর্থমন্ত্রী উনি যেটা করতেন সেটা হল, এই মেজার নিলাম, এর থেকে এত কোটি টাকা আসবে। এই মেজার নিলাম, আপনাদের নিশ্চয় মনে আছে, এই মেজারে এত কোটি টাকা আসবে। বস্তুত সেই টাকাগুলো আসত না। সেই রিয়েলাইজেশনগুলো হত না এবং পরবর্তীকালে এই নিয়ে যা হওয়ার তাই হয়েছে ; ট্যাক্স রেভিনিউ ভীষণ কম হয়েছে। কিন্তু বারবার দেখানো হয়েছে 'অনেক রেভিনিউ, যেটা মাননীয় অর্থমন্ত্রী বললেন। শেষের বছর তো 40% increase দেখালেন। যার কোনো অর্থ আছে বলে, রেলিভ্যান্স আছে মনে করি না। গত ১৫ বছরে, ২০ বছরে যেটা 16%, 17%-র বেশি কখনও এগোয়নি সেটাকে 40% ধরা হয়েছিল। আমাদের বর্তমান মাননীয় অর্থমন্ত্রী সেটাকে কমিয়ে 30% করেছিলেন এবং তা নিয়ে আপনারা কটাক্ষ্য করেছেন। কিন্তু একবারও ভাবেননি 40% কোথায় ছিল। সেটাকে এবারে, যেটা মাননীয় অর্থমন্ত্রী বললেন, 25%-র মতো আনা হল। প্রাগমেটিক ওয়েতে আমরা চলার চেষ্টা করছি। এবং এই জন্য ফিন্যান্স বিলের যে কসমেটিক্স, কিছু সার্জারি বলব আমি, এখানে-ওখানে একটু দেখানো, যেটা মাননীয় আশীষবাবু খুব সুন্দর বলেছেন, Indian Stamp Act-এ, West Bengal Tax on Profession-এ, Sales Tax-এ এবং Value Added Tax-এ এবং বেশ কিছু জায়গায় একটা প্রোগ্রেসিভিটি আনার জন্য, বিলাস দ্রব্য হিসাবে সেগুলো, ২৫ লক্ষ টাকার বেশি দামি গাড়ি, দামি টি.ভি. ইত্যাদি যে ইস্যুগুলো আছে সেগুলোতে বেশি ট্যাক্স বাড়ানো, যে কোনো প্রোগ্রেসিভ সরকারই তাই করবে। আর আগের যে মেজারস তাতে আপনারা দেখবেন, অধিকাংশই হচ্ছে সিম্পলিফাই করা। ট্যাক্স সিস্টেমটাকে যদি সিম্পলিফাই করা যায়, যদি কমপ্লায়েন্স কষ্ট কম পড়ে, ট্যাক্সের এটাই নিয়ম, যদি কমপ্লায়েন্স ট্যাক্স কষ্ট কম হয় তাহলে ট্যাক্সের আদায় ভালো হয়। সেই কমপ্লায়েন্স ট্যাক্স যাতে কম পড়ে, তাতে বিজনেসম্যান, যারা সেলস্ ট্যাক্স দিচ্ছে, ভ্যাট দিচ্ছে তারা যখন রিটার্ন সাবমিট করবে আরো অনেক কিছু করতে হবে তখন এই সব করতে করতে কষ্ট অনেকটা বেড়ে যাবে এবং তাহলে ট্যাক্স কমপ্লায়েন্স কমে আসবে। সেই কমপ্লায়েন্স কষ্ট কমানোর জন্য চেষ্টা করেছেন বলে আমার মনে হয়েছে।

মাননীয় অর্থমন্ত্রী এর আগে তাঁর জবাবী ভাষণে খুব সুন্দর ভাবে বলেছিলেন, আমার সাজেশনেও ছিল যে, ফিন্যানসিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের ওপর জোর দেওয়া, টাইটেন করা এবং তিনি যে ব্যবস্থাগুলো নিয়েছেন তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমার পার্সোন্যাল এক্সপিরিয়েন্স থেকে মনে করি আমাদের ডেলিভারি মেশিনারিটাকে অনেক বেশি স্মুথ করবে, অনেক বেশি স্ট্রং করবে, অনেক বেশি সহজ-সরল করবে। এজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। তবে স্যার আমি শুধু বলি, Financial Advisor শুধু নিয়োগ করলেই হবে না, Financial Advisor আগেও ছিলেন আপনি জানেন, এডুকেশন ডিপার্টমেন্টে ফিন্যানসিয়াল অ্যাডভাইসর ছিলেন। বিকাশ ভবনে একজন ফিন্যানসিয়াল অ্যাডভাইসর, জয়েন্ট সেক্রেটারি ছিলেন কিন্তু সত্যি বলতে তিনি কোনো ডিসিশন নিতে পারতেন না, তাঁকে বলা হত সমস্ত ইস্যুভিত্তিক ফাইলগুলো, important fileগুলো, যেগুলোর সঙ্গে

পলিসি যুক্ত আছে সেগুলো তুমি পাঠাও। আবার পড়ে থাকত। সেই Financial Advisor নিয়োগ করতে গিয়ে তা যাতে না হয়, আমি আপনাকে অনুরোধ করব, সেটা একটু দেখবেন। কেন না Financial Advisor-র যেন সত্যিকারের পাওয়ার থাকে, যেটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়াতে আছে। Government of India-তে এই অ্যাডভাইসরদের ক্ষমতা আছে বলে তারা টাকা রিলিজ করতে পারেন। কিন্তু আমরা এখানে পারি না। আমাদের অসুবিধা হচ্ছে এখানে। চোদ্দবার করে ফিন্যান্স ডিপার্টমেন্টে যেতে হয়। আমার মনে আছে, post metric scholarship-র ব্যাপারে, Government of India থেকে টাকা এসে পড়ে আছে এবং সেই টাকা রিলিজ করতে গিয়ে কতবার করে যে আমাকে ফিন্যান্স ডিপার্টমেন্টে যেতে হয়েছিল তার হিসাব নেই। তখনকার মাননীয় মন্ত্রী, উপেন কিস্কু মহাশয়ও এখানে আছেন, তাঁকে নিয়ে এবং ফাইল নিয়ে বহুবার মাননীয় অর্থমন্ত্রীর কাছে যেতে হত। সেই সিস্টেমগুলো যেন না হয়। আমি ধন্যবাদ জানাব আপনি অন্তত ব্যবস্থা করেছেন Government of India থেকে Central Assistance যেটা আসে সেটা সরাসরি যাতে রিলিজ করতে পারেন। সেজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

একই ভাবে এক্সপেন্ডিচারের ক্ষেত্রে যেমন ব্যবস্থা নিয়েছেন আবার tax administration-র টাইটেনিংয়ের ক্ষেত্রেও ব্যবস্থা নিয়েছেন। আমি দেখতে পাচ্ছি, মাননীয় মন্ত্রী "fundamental reforms of the tax administration"— এই নিয়ে প্রায় তিন পৃষ্ঠা বক্তব্য রেখেছেন। অর্থাৎ এত গুরুত্ব এর ওপর দেওয়া হয়েছে। Tax Administration, যেটা বারবার করে আমি বলেছি, আমার মনে হয়েছে, কেন না আমাদের রাজ্যে নতুন করে কোথাও ট্যাক্স খুব বেশি impose করার ব্যবস্থা নেই।

[3.40—3.50 p.m.]

কিন্তু ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশানটাকে যদি আমরা কড়া করি সেখান থেকে compliance-টা যদি আমরা ensure করি, তাহলে কিন্তু ট্যাক্স অনেক পেতে পারি। আমি বারবার বলেছি অন্ধ্রপ্রদেশ যদি পারে, আমরা পারব না কেন ? অন্ধ্রপ্রদেশ ৬০ কোটি টাকা পারছে, আর আমরা ৩০ কোটি টাকায় আছি। কেন ? অন্ধ্রপ্রদেশের সঙ্গে আমাদের যে ট্রেড অ্যান্ড কমার্স, আমাদের যে infrastructure, খুব বেশি তফাত নয়। আমরাও করতে পারি। Tax administration যে loose আছে, সে ব্যাপারে আমি আজকেই একটু আগে এখানে উল্লেখ করেছিলাম। মোটর vehicles tax-এর ক্ষেত্রে, প্রত্যেকটা ট্যাক্সের ক্ষেত্র যদি আমরা analysis করে দেখি, এই ধরনের loose ends হয়েছে। সেই loose endsগুলোকে ঠিক করে, এই যে কতগুলো পদ্ধতির কথা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, introduction of E-filing, Pre-assessment refund facility, payment of industrial promotion assistance, তারপরে payment of salary. Payment of salary—সেটারও কমপিউটারাইজেশান হতে অনেক দেরি হয়েছে আমাদের। আমার মনে আছে, হয়তো আপনারা শুনলে আমার উপর রাগ করবেন কিনা জানি না, কমপিউটারাইজেশান অব স্যালারি এটা আমরা করতে পারিনি। এমনকি ব্যাঙ্কের থ্রুতে

স্যালারি দেওয়ার ব্যবস্থা করতে পারিনি। কেন ? না ইউনিয়নগুলো যেহেতু স্যালারির ডেটে তাদের কাছ থেকে চাঁদা আদায় করত। যদি ব্যাঙ্কের থ্রুতে হয় তাহলে এটা হবে না। এ হয়নি, করা যায়নি। হয়তো মাননীয় অর্থমন্ত্রী বলবেন, আপনি তো ফিন্যান্স ডিপার্টমেন্টে ছিলেন, করেননি কেন ? করা যায়নি, করতে পারিনি। সিস্টেমটাই অ্যালাও করেনি। অথচ ব্যাঙ্কের মাধ্যমে করতে পারলে কত সুবিধা হত। এই জন্যই তিনি ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশনের উপর, ফিন্যানসিয়াল রিফর্মসের উপর জোর দিয়েছেন। ফিন্যান্স বিলে হয়তো সামান্য কিছু অর্থের আয় হবে, কিন্তু সেখান থেকে cost and cosmetics করে, কিন্তু compliance যদি ভালো হয়, অনেক বেশি আয় হবে। আমি তার জন্য মাননীয় অর্থমন্ত্রীর কাছে অবশ্যই বলব। আমি তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী কানাইচন্দ্র মণ্ডল : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, এখানে মাননীয় অর্থমন্ত্রী বিল নং থ্রি অব 2012 The West Bengal ফাইন্যান্স বিল 2012 এখানে পেশ করেছেন। এই বিল সম্পর্কে কিছু আলোচনা আমি এখানে রাখছি। প্রথমেই আমি বলি, এখানে খুবই একজন অভিজ্ঞ বিধায়ক, মাননীয় আশীষবাবু—উনি বলেছেন, রহিম বক্সি মাঠে গরু ভরে দিয়েছে। ঠিকই, মাননীয় অর্থমন্ত্রী এখানে যে অর্থবিল—অর্থবিল মানে আমরা মোটামুটি জানি আয়-ব্যয় সংক্রান্ত বিল। আয়-ব্যয়ের সমস্ত বিলই অর্থবিল হিসাবে গণ্য হয়। সংবিধানের ১১০ নং অনুচ্ছেদে অর্থবিল সম্পর্কে যেগুলির উল্লেখ আছে তাছাড়াও সঞ্চিত অর্থ, তহবিল থেকে অর্থ ব্যয়, কর ধার্য, বিলোপ, পরিহার, পরিবর্তন বা নিয়ন্ত্রণ বা সরকারি ঋণ গ্রহণ, ভারত সরকার কর্তৃক ঋণের প্রতিশ্রুতি দান, এগুলি সবটাই অর্থবিল হিসাবে গ্রহণ করা যেতে পারে। সুতরাং এতগুলি বৃহৎ অর্থে হচ্ছে অর্থবিল। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী এই বিলের কয়েকটি বিষয়ে অ্যামেন্ডমেন্ট আনতে চেয়েছেন। ঠিকই, আশীষবাবু এখানে বলেছেন, এ বিষয়ে আমাদের অভিজ্ঞতা খুবই কম। দীর্ঘদিন এই বিধানসভায় থাকার সুবাদে তার অভিজ্ঞতা অনেক বেশি। আর এই বিল সম্পর্কে আমাদের অভিজ্ঞতা সত্যিই নাই। তা সত্ত্বেও আলোচনাতে তিনি যা বলেছেন এবং আমরা যা বুঝেছি, তাতে সংক্ষিপ্ত ভাবে মাননীয় অর্থমন্ত্রী কতগুলো অ্যামেন্ডমেন্ট এনেছেন। এক নম্বর অ্যামেন্ডমেন্ট হচ্ছে ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট ১৮৯৯। ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স অন প্রফেশানস্, টেন্ডার, কলিংস অ্যান্ড এমপ্লয়মেন্ট অ্যাক্ট ১৯৭৯, ওয়েস্ট বেঙ্গল ভ্যালু অ্যাডেড ট্যাক্স অ্যাক্ট ১৯৯৪ ইত্যাদি এবং ওয়েস্ট বেঙ্গল ফাইন্যান্স ট্যাক্স ২০১২—এই অ্যামেন্ডমেন্ট তিনি আনতে চেয়েছেন। এই অ্যামেন্ডমেন্ট সম্পর্কে এখানে বলেছেন সরকার পক্ষের মাননীয় দুইজন সদস্য খুব মূল্যবানভাবেই বলেছেন যেখানে দাঁড়িয়ে এই যে নতুন অ্যাক্ট এবং মৌলিক কিছু বিষয় তিনি আনতে চেয়েছেন। কর ব্যবস্থাপনায় তিনি মৌলিক সংস্কার করতে চেয়েছেন এবং মৌলিক সংস্কার করতে গিয়ে তিনি এই কথাগুলি এখানে বলেছেন এবং অ্যামেন্ডমেন্ট আনতে চেয়েছেন। আমার যেটা মনে হয়েছে সংক্ষিপ্ত সময়ে—আমার সময় খুব কম যেটা হচ্ছে প্রথমে যেটা বলেছেন ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট এই বিলে বলেছেন ১৮৯৯-এর সংশোধন করতে চাইছেন। তিনি এখানে সম্পত্তি করের কিছু পরিবর্তন এনেছেন। স্থায়ী সম্পদ গঠন, বিক্রি, হস্তান্তর ক্ষেত্রে রেজিস্ট্রেশান ফি ধার্য করেছেন। এখানে তিনি যেটা ধার্য করেছেন

আমার যেটা মনে হয়েছে ৩০ লক্ষ টাকা পর্যন্ত বাজার মূল্য হলে দিতে হবে ৫ হাজার টাকা স্ট্যাম্প ডিউটি। গ্রামের একেবারে কৃষক, ক্ষেতমজুর তারা জমি কিনছেন ১, ২, ৩ লক্ষ টাকা বিঘে প্রতি—এই পরিমাণ টাকার জমি কিনছেন তাদের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটি দিতে হবে ৫ হাজার টাকা। আবার এখানে বলা হচ্ছে ৩ কোটি টাকার উপরে যারা জমি কিনবেন তাদের রেজিস্ট্রেশান ফি হবে মাত্র ৭৫ হাজার টাকা। মাত্র ৭৫ হাজার টাকা, একটা গরীব মানুষ দেবে ৫ হাজার টাকা যে ৫০, ৬০, ৭০ হাজার ২ লক্ষ টাকা বিঘার জমি কেনেন—আমরা এখানে বেশিরভাগ বিধায়করা গ্রামাঞ্চলের আছি এবং আমরা ইতিমধ্যে দেখছি যে রেজিস্ট্রেশান ফি কীভাবে বেড়েছে। এরা যে ভোট-অন-অ্যাকাউন্ট পেশ করেছেন আমরা দেখছি রাতারাতি স্ট্যাম্প ডিউটির দাম বেড়েছে এবং এখন যেভাবে স্ট্যাম্প ডিউটি বাড়বে তাতে সাধারণ যারা জমি কিনতে চান তাদের ক্ষেত্রে একটা করের বোঝা হবে এবং বড়লোকদের ক্ষেত্রে এখানে ছাড় দেওয়া হল দেড় কোটি টাকা থেকে তিন কোটি টাকার ক্ষেত্রে ৪০ হাজার টাকা লাগবে মাত্র। তিন কোটি টাকার উপরে হলে ৭৫ হাজার টাকা লাগবে। আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে বলব আপনি আকাশচুম্বী যে বাজেট পেশ করছেন, অনেক প্রতিশ্রুতি দিচ্ছেন এটা করতে গেলে বড়োলোকদের উপরে যাতে আরো স্ট্যাম্প ডিউটি বাড়ে সেই বিষয়টা নিয়ে ভাবলে ভালো হয়। এখানে বলা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সেল ট্যাক্স অন প্রফেশান ট্যাক্স অ্যান্ড কলিংয়ের ক্ষেত্রে তিনি কিছু শব্দগত এবং সময়গত পরিবর্তন এনেছেন। আনুন, আপত্তি নেই এই ক্ষেত্রে কোনো আপত্তি নেই। এখানে তিনি মূল্যযুক্ত কর আইনের সংশোধন চেয়েছেন, সরলীকরণ চেয়েছেন। সরলীকরণ করে যদি ব্যবসায়ীদের কাছ থেকে বেশি টাকা আদায় হয় আমাদের আপত্তি থাকার কথা নয় কিন্তু এখানে আমার মনে হয়েছে তিনি বলছেন যে ব্যবসায়ীদের ক্ষেত্রে অডিট ও মূল্যায়নের সময় ১২ মাস কমে যাবে বলে দাবি করছেন। ১২ মাস কমে যাওয়ার বিষয়টি বোধগম্য হচ্ছে না। তাহলে ১২ মাসের ট্যাক্স কি তাদের লাগবে না ? এই ট্যাক্স কি তাদের লাগবে না ? এই বিষয় নিয়ে আমাদের মধ্যে ধাঁধা থাকছে। যারা পণ্য কারবারী তাদের জরিমানা আপনি অর্ধেক করে দেবার ঘোষণা রেখেছেন। অ্যাক্টে আপনি বলেছেন যারা পণ্যে জরিমানা দেয় তাদের ক্ষেত্রে অর্ধেক করে দিয়ে আপনি ব্যবসায়ীদের অনিয়মকে প্রশ্রয় দিয়েছেন বলে আমার এই অ্যাক্টে মনে হয়েছে। মোটরগাড়ির কথা এখানে উল্লেখ করেছেন মোটরগাড়ি আইনে ভ্যাট ধার্যের সমালোচনা করে তুলে দিয়েছেন, ভাল। এখানে মোটরগাড়ি কারা চাপে ১০ লক্ষ টাকার বেশি আয় হলে সেই মোটরের ট্যাক্স লাগবে। এখানে আপনি ভ্যাট তুলে দিলেন আর মোটরগাড়ি গরীব মানুষের মা-মাটি-মানুষের সরকার—জানি না কোন ক্ষেতমজুর, কোন গরীব কৃষক যাদের কথা বলছেন—যাদের জন্য দিশার কথা বলছেন তারা গাড়িতে চাপে কিনা জানি না তাদের জন্য ভ্যাট তুলে দেওয়া হল এবং এটা তিনি খুবই উল্লসিতভাবে বলছেন যে আমি এই ব্যবস্থাটা করছি।

[3.50 – 4.00 p.m.]

এতে ট্যাক্স আদায়ের ক্ষতি হবে বরং এতে আপনার আয় কমবে। আপনি টি.ভি.-র ক্ষেত্রে করেছেন, আপনি ঘড়ির ক্ষেত্রে করেছেন, মূল্যবানের ক্ষেত্রে আপনি ট্যাক্স বাড়িয়েছেন।

এখানে যে রেট দিয়েছেন তাতে যারা কিনবে, তাদের ক্ষেত্রে কোনো সমস্যা হবে না। এইজন্য আমি বলতে চাইছি যে এখানে আপনার পণ্য মাসুল বৃদ্ধির প্রবেশকর চাপানোর জন্য জিনিসের দাম বাড়বে। এই ক্ষেত্রে বাঁকা পথে জিনিসের দাম বাড়ানো হচ্ছে। রেলের ভাড়া বেড়েছে। তার জন্য একজন মন্ত্রীর পরিবর্তন হয়েছে। কিন্তু রেলের মাসুলের জন্য পরিবর্তন হয় না। আজকে সারের দাম বাড়া, আজকে সমস্ত জিনিসের দাম বাড়ছে। একই ভাবে এখানে আমরা দেখলাম যে পণ্য কর, তার দাম বাড়ছে। প্রবেশমূল্য আবার নতুন করে চাপানো হচ্ছে। যার মধ্য দিয়ে আজকে জিনিসের দাম হুহু করে বাড়ছে। সুতরাং যাদের কথা আমরা বলছি, আজকে যে গ্রামের কৃষক, খেতমজুর, গরীবের কথা বলছি, তাদের ক্ষেত্রে এই যে অ্যামেন্ডমেন্ট আনছেন, এই অ্যামেন্ডমেন্ট কোনো কাজে লাগবে না বলে আমার মনে হয়েছে। এই বিষয়ে নিশ্চয় আপনি সংশোধন করবেন। এই কথা বলে সকলকে শ্রদ্ধা জানিয়ে, নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ফিন্যান্স বিল ২০১২ যে পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে দু-একটি বক্তব্য রাখছি। ইতিপূর্বে আমার পূর্ববর্তী এক বক্তা এম.এল.এ. আশীষ বন্দ্যোপাধ্যায় এই ফিন্যান্স বিলের যাবতীয় তথ্যগুলো পরিষ্কার ভাষায় আপনাদের কাছে বুঝিয়ে দিয়েছেন। বিরোধী পক্ষের কয়েকজন বক্তা যে বক্তব্য রাখলেন, তার মধ্যে আমি আশ্চর্য হয়ে যাচ্ছি, বক্তব্য রাখতে রাখতে একটা জায়গায় বললেন যে সমস্ত মোটরগাড়ি বা লাক্সারিয়াস গুডসের ক্ষেত্রে সমস্ত ভ্যাট তুলে দেওয়া হয়েছে। স্যার, ভাল করে পড়ুন। বলা হয়েছে যেগুলোর দাম দশ লক্ষ টাকার বেশি, মোটরগাড়ি, সেগুলোতে ১% ট্যাক্স বাড়ানো হয়েছে। কিন্তু যেগুলো আছে, সেগুলো ১৩.৫% রয়েছে। কেবলমাত্র যেগুলো বেশি দামের, সেগুলোতে ১% বাড়ানো হয়েছে। আপনাদের মনে রাখার দরকার আছে যে যারা লাক্সারিয়াস গুডস্ যারা ইউজ করে তাদের standard of living অনেক হাই, তারা বড়োলোক। তাদের ক্ষেত্রে এই সমস্ত সামান্য ট্যাক্স বাড়ানো কি না বাড়ানো, সেগুলোর ক্ষেত্রে অর্থনীতির ভাষায় তাদের বলে তাদের চাহিদাটাকে ineastic demand. সুতরাং সামান্য কিছু দামের পরিবর্তনের সঙ্গে তাদের কেনা-বেচার কোনো পরিবর্তন ঘটে না বরং বেড়ে যায়। কারণ কি ? এইখানে ওই একই তথ্য আছে Kens-এর কনজাম্পশান ফাংশান থিয়োরি, সেইখানে কি হয় ? demonstration effect বলে একটা তথ্য আছে। যে কে কত দামের মূল্যের গাড়ি কিনল, তার স্ট্যাটাস বেশি। সেই স্ট্যাটাস অনুযায়ী কেনার ফলে আজকে অর্থমন্ত্রী উপযুক্ত ব্যবস্থা করেছেন। যে high priced, high road জায়গাতে, সেখানে ট্যাক্সের পরিমাণ ১% বাড়িয়ে দিয়েছেন। সেখানে টোটাল ট্যাক্স আদায়ের পরিমাণটা অনেক বেশি বেড়ে যাবে। এটা অর্থনীতির তথ্য। আবার আপনাদের আর একটা কথা বলছি। আপনি আর একটা কথা বলেছেন। আমি অবাক হয়ে যাচ্ছি আমাদের বিরোধী নেতা তিনি বারে বারে বলেছেন যে আমরা যখন বলেছিলাম যে আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে আমাদের ২২ হাজার কোটি টাকা আমাদের ঋণ শোধ করতে হয় এবং তার ইন্টারেস্ট দিতে ২২ কোটি টাকা চলে যায়। সেটা যদি বিনিয়োগ হতে পারত তাহলে সেই বিয়োজিতর থেকে

আমাদের চারগুণ অর্থাৎ ৮৮ হাজার কোটি টাকা আমাদের growth or development আসত। আপনারা কি জানেন না কেইনসিয়ান Dynaic Multiplier theory অনুযায়ী, সেই কেইনসিয়ান তথ্য অনুযায়ী কোনো একটা প্রতিষ্ঠান বা কোনো একটা জায়গায় যদি এক পয়সায় বা একটা ইউনিটে কোনো বিনিয়োগ করা হয়, তাহলে সেই বিয়োজিতর জায়গা থেকে কয়েক গুণ growth বা ডেভেলপমেন্টে আসে। সেখান থেকে অনেক বেশি রিটার্ন আসে। সেখানে অনেক বেশি ট্যাক্সের পরিমাণ বাড়বার ব্যবস্থা থাকে। সুতরাং সেই কথাটাই আমাদের অর্থমন্ত্রী কেইনসিয়ান থিয়োরি অনুযায়ী Dynamic multipier মাল্টিপ্লায়ার সিস্টেমটাকে তিনি বলেছেন not static but dynamic. It will rise and it will create the new demand and which will create more more income and more more profit and more, more income to our economy. দিস ইজ দা সিস্টেম। আপনারা জানেন না ১৯২৯ সালে যখন great depression হয়েছিল, গোটা পৃথিবী যখন অর্থনৈতিক সংকটের মধ্যে ভুগছিল তখন ব্রিটিশ অর্থনীতিবিদ Keins বলেছিলেন যে কিভাবে এই অর্থনৈতিক অবস্থা থেকে আমরা মুক্তি পেতে পারি। কিভাবে এই পৃথিবী অর্থনৈতিক অবস্থা থেকে বেরিয়ে আসতে পারে, সেই সময় এই তথ্যগুলির কথা প্রচার করা হয়েছিল। যাতে এই তথ্যগুলির মাধ্যমে আমরা অর্থনৈতিক depression-কে কাটিয়ে একটা অর্থনৈতিক সুশৃঙ্খলার পথে আসতে পারি। পরবর্তী কথায় আসি, আমরা সমর্থন করছি এই বিলকে এই কারণে যে করের বোঝা বিপুলভাবে না বাড়িয়ে, দৃষ্টিভঙ্গি নিয়ে দীর্ঘদিনের বাম শাসনে ভেঙ্গে পড়া অর্থনীতিকে চাঙ্গা করতে, আয়ের পথকে প্রশস্ত করতে, কর কাঠামোকে সরলীকরণ এবং e-governance মাধ্যমে কর প্রদানের বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ করে, করদাতাদের মানসিক উন্নয়ন এবং কর প্রদানের সহজতর মাধ্যমের ব্যবস্থা করেছেন। তাই অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেওয়া ছাড়া অন্য উপায় নেই। আমাদের বিরোধী পক্ষের যাঁরা বক্তা আছেন তাঁরাও আজকে ট্যাক্সের ব্যাপার নিয়ে বলেছেন এবং বঙ্কি সাহেবও বলেছেন। এখানে প্রত্যেক বক্তাই কিন্তু তার খুব একটা বেশি বিরোধিতা করতে পারেননি। কেবলমাত্র কয়েকজন বক্তা বলেছেন যে কোন কোন খাতে আমাদের কত পরিমাণ টাকা আসবে, সেই source থেকে কতটা আসতে পারে তার calculation-এর কথাটা বলেছেন। হুবহু calculation-এর কথাটা এখানে বলা নেই ঠিক কথা কিন্তু একটা কথা আমি আপনাদের বলছি, এই বাজেটে কর প্রস্তাবে সাধারণ মানুষের উপরে করের অতিরিক্ত বোঝা চাপানো হয়নি, Luxary goods-এর উপর চাপানো হয়েছে। সামাজিক দায়বদ্ধতার উপর লক্ষ্য রাখা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, পিছিয়ে পড়া মানুষের উন্নয়ন, সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের ব্যাপক বরাদ্দ করা হয়েছে। তার সঙ্গে যুক্ত হয়েছে ক্ষুদ্র শিল্প এবং কৃষি বিপণীতে investment-এর পরিমাণ বাড়িয়ে স্থায়ী সম্পদ তৈরি করার কথা বলা হয়েছে। যে স্থায়ী সম্পদের মাধ্যমে প্রচুর পরিমাণ tax আদায় করতে পারে। Tax-এর পরিধিকে সম্প্রসারিত করে total tax-এর একটা আধার তৈরি করেছে। এই বিনিয়োগের মাধ্যমে আগামী যে বছরগুলি আসছে সেখানে tax-এর একটা বড়ো দিশা দেখানো যাবে। বিভিন্ন সে সব ভর্তুকিগুলি উনি নিয়েছেন tax-এর ক্ষেত্রে নতুন হারের যে ব্যবস্থা নিয়েছেন

এগুলি নতুন দিশা দেখাবে। একটু ওয়েট করতে হবে। স্থায়ী সম্পদের মাধ্যমে সারা পশ্চিমবাংলায় উন্নয়নে এবং পশ্চিমবাংলায় ২৫% টার্গেট নেওয়া হয়েছে সেই টার্গেট ফুলফিলমেন্টে হয়তো টাইম লাগবে না এবং dynamic multiplier system চালু হলে পশ্চিমবাংলায় tax-এর পরিমাণ আরো বেশি ভাবে ইনক্রিজ হবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম আপনার কাছে ধন্যবাদ যে এই ফিন্যান্স বিল, সেই ফিন্যান্স বিল ২০১২ পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী সেই ফিন্যান্স বিলের উপরে আমি আলোকপাত করছি। এই ফিন্যান্স বিল বেশিরভাগ মানুষের বিশেষ করে লোয়ার ক্লাস যে মানুষ আছেন তাদের স্বার্থের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। এর সিংহভাগটাই সেখানে যুক্ত রয়েছে। তাই আমি এই বিলের বিরোধিতা করছি। এর সঙ্গে সঙ্গে আমরা এই বিলে দেখতে পাচ্ছি আয়ের চেয়ে ব্যয় বেশি। গ্রামে একটা মেঠো কথা আছে—আমের চেয়ে আটি বড়ো। আমরা জলের চৌবাচ্চা জানি, সেই চৌবাচ্চায় জল ঢুকল বারো লিটার বেরিয়ে গেল অর্থাৎ সেখানে শূন্য পড়ে থাকবে। বাজেটে তারই প্রতিফলন ঘটেছে অর্থ বিলে। কেন্দ্রীয় সরকারে আপনারাই রয়েছেন। সেই কেন্দ্রীয় সরকার বিক্রয় করের ক্ষতিপূরণ বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। ফলে আমাদের রাজ্যে রাজস্ব ক্ষতি হয়েছে আঠারশো কোটি টাকা। শুধু তাই নয়, কয়লার রয়েলটি আগের বামফ্রন্ট সরকার বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েও পাঁচ হাজার কোটি টাকা আজ পর্যন্ত মেলেনি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী অর্থনীতিতে পণ্ডিত। ডিউ টু রেসপেক্ট উনি কেবল দিল্লি আর কলকাতা করছেন। দিল্লি আর দৌলতাবাদ করছেন কিন্তু আমাদের এই পশ্চিমবাংলায় আঠারশো হাজার কোটি টাকা এবং পাঁচ হাজার কোটি টাকা তার কোনোটাই আদায় হয়নি। পশ্চিমবঙ্গ সরকার বঞ্চিত হয়েছে, পশ্চিমবাংলার লক্ষাধিক মানুষকে বঞ্চনা করা হয়েছে। এছাড়া বেসরকারি বিমান সংস্থা বিদেশ থেকে যে তেলটা আমাদের অ্যাডিশান ফুয়েল সেই ফুয়েলের মাধ্যমে দুশো পঁচিশ কোটি টাকা যেখানে আয় হত যেখানে বিক্রয়কর পেত আমাদের পশ্চিমবাংলা সরকার।

[4.00—4.10 p.m.]

সেই অ্যাডিশান ফুয়েল বিদেশ থেকে আনার জন্য অনুমতি দিয়েছে কেন্দ্রীয় সরকার। ফলে ২২৫ কোটি টাকা এখানে আমাদের ক্ষতি হচ্ছে। পাশাপাশি রাজ্য সরকারের নিজস্ব করগুলো যথা মূল্যযুক্ত কর—ভ্যাট, স্ট্যাম্প ডিউটি, আবগারি শুল্ক, মোটর যান কর ২০১০-'১১ সালে বামফ্রন্ট সরকারের আমলে রাজস্ব বৃদ্ধি ঘটেছিল ২৫ শতাংশ—২৫%। নতুন সরকারের ২০১১-'১২ সালে লক্ষণীয়ভাবে কম হয়েছে, সেটা হচ্ছে ১৮%। তার মানে ৭% কম হয়েছে এবং শুধু তাই নয়, লক্ষমাত্রা ছিল ৩০%, সেখানে ১২% লক্ষমাত্রাতেও পৌঁছতে পারেননি। আর আমাদের আগের সরকার বামফ্রন্ট সরকারের সময়ে যদি বলেন, ৭% সেখানে কম হয়েছে। ফলে বর্তমান বছরে রাজস্ব বৃদ্ধি খাতে ঘাটতি যেখানে দেখানো হয়েছে, বাজেটে দেখানো হয়েছে ৯ কোটি টাকা। কিন্তু এখানে অনুল্লেখিত হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী অনুল্লেখিত রেখেছেন, সেখানে বাড়াবেন ২৭ শত ৫৬ কোটি

টাকা। তাই আমি বলেছিলাম যে, এম্পটি ভ্যাসেল সাউন্ড মাচ। কেন এই ঘাটতি ? তার কোনো ব্যাখ্যা এই রাজ্য বাজেটে নেই এবং অর্থবিলেও নেই। অর্থমন্ত্রী বলেছেন উনি যখন বাজেট পেশ করেছেন, বাজেট পেশ করার পর উনি বলেছেন যে বিশ্বমন্দা পরিস্থিতি এর কারণ। এই জায়গায় দাঁড়িয়ে অন্য রাজ্যগুলি এই অর্থনৈতিক মন্দা পরিস্থিতির সামনে দাঁড়িয়ে তারা ২৩% ট্যাক্স আদায় করল ভারতবর্ষের অন্যান্য যে রাজ্যগুলো আছে, সেই রাজ্যগুলো ডিসেম্বর পর্যন্ত। তাহলে আমাদের রাজ্যের ক্ষেত্রে ১৮%-এ পৌঁছনো গেল না কেন ? স্বাভাবিকভাবে উনি যেটা বলছেন যে ফান্ডামেন্টাল রিফর্মস করা হচ্ছে ট্যাক্সের ক্ষেত্রে। আমি বলছি উনি ফিফায় নেতৃত্ব দিয়েছেন, সেই ফিফার রিফর্ম করা হচ্ছে কিনা সেটা মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা। নিজস্ব রাজস্ব আদায়ের ক্ষেত্রে বিরাট ঘাটতি, কেন্দ্রীয় করের প্রদেয় অংশ ঘাটতির জন্য বর্তমান সরকার এই ১০ মাসের মধ্যে ১৭ হাজার ৫শত কোটি টাকা অন্যান্য সমস্ত রাজ্যগুলির থেকে সর্বাপেক্ষা বেশি ঋণ দিয়েছেন। যেহেতু ঘাটতি ২৭শত ৫৬ কোটি টাকা। সেইজন্য সেটাকে মেটাতে ১৭ হাজার ৫শত কোটি টাকা বাজার থেকে ঋণ নিয়েছেন। উনি বলছেন যে, কর ব্যবস্থার সরলীকরণ করেছেন। সম্প্রসারণের নমুনা ২০০৩ সালে ভ্যাট যেটা মূল্যযুক্ত কর, ১৯৯৪ সালে বিক্রয় কর, ১৯৫৬ সালে কেন্দ্রীয় বিক্রয় কর আইন অনুযায়ী রিটার্ন করা সত্ত্বেও বলা হত ছোটো ব্যবসায়ী। আমাদের ভাষায় ছোটো ব্যবসায়ী কাকে বলে বুঝি না আর বড়ো ব্যবসায়ীর কি সংজ্ঞা তাও বুঝি না। যেটা বাৎসরিক বিক্রির পরিমাণ যেখানে ২ কোটি টাকা তাদের ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট, প্রথমবার খরচ পাওয়ার জন্য সরকার বহন করবে। যদি আমরা ধরি যে, যারা একটা বছরে যে ব্যবসাদার ২ কোটি টাকা ডিল করছে, ট্র্যানজ্যাকশান করছে, সেই ব্যবসাদারকে ডিজিটাল সিগনেচার সার্টিফিকেটের দৌলতে তাকে কনসেশান দেওয়া হচ্ছে, তার খরচ সরকার বহন করবে। আমরা তো কই দেখছি না, কৃষকের ক্ষেত্রে এইরকম তো দেখছি না। কৃষকের ক্ষেত্রে সারের মূল্য বৃদ্ধি যেখানে দেখছি—আপনারাই সরকারে আছেন, রিমোট কন্ট্রোলটা আপনাদের হাতে, অর্থনীতির রিমোট কন্ট্রোলটা আপনাদের হাতে, সেখানে ডি-কন্ট্রোল করে দিলেন সারের উপরে প্রথম বার। তারপরে ১০ হাজার কোটি টাকা ভর্তুকি তুলে নিলেন। তো আমাদের মাননীয় অর্থমন্ত্রী এখানে এদেরকে যেমন ভর্তুকি দিচ্ছেন ২ কোটি টাকা বড়ো ব্যবসাদার যারা, তাদেরকে ডিজিটাল সিগনেচার সার্টিফিকেটের সুযোগে তাদেরকে ভর্তুকি দেওয়া হচ্ছে, কৃষকদের ক্ষেত্রে ভর্তুকি নেই। তাই গ্রামে-গ্রামে কৃষকরা শ্লোগান তুলেছে যে—'কাকে ভোট দিলেন কাকা ? সারের দাম ডবল কাকা। কাকে ভোট দিলেন কাকা ? ধানের দাম অর্ধেক টাকা।' এই শ্লোগান উঠেছে আপনাদের বিরুদ্ধে। অডিট রিপোর্ট অনুযায়ী বিক্রির সীমা যেখানে দেড় কোটি টাকা, সেটা বাড়িয়ে ৩ কোটি টাকা। অর্থাৎ দেড় কোটি টাকার বিক্রির সীমা হচ্ছে তাদেরকে কনসেশান দেওয়া হল। তাই আমি প্রথমেই বলেছি, জনস্বার্থ মানে হচ্ছে হায়ার কাস্ট ইন্টারেস্ট রক্ষা করা হয়েছে অর্থ বিলে। ফলে ১ লক্ষ ৪৮ হাজার ব্যবসায়ী এই সুযোগ পাবেন। তার ফলে কোটি কোটি টাকা সরকারের যে আয় হত, সেটা লোকসান হয়ে যাবে। এর সঙ্গে প্রবেশ করের কথা যেটা বলা হচ্ছে, পণ্যসামগ্রী এনট্রান্স ট্যাক্স। সেখানে রাজ্য বাজেটে আমরা

দেখছি এর মাধ্যমে প্রায় ৮০০ কোটি টাকা, ৭০ দশকে এটা চালু হয়েছিল। আমার বাঁ-দিকে যারা কংগ্রেস বন্ধু রয়েছে, বাজেটে ৮০০ কোটি টাকা এর মাধ্যমে আয় হয়েছিল। বামফ্রন্ট সরকার এটা তুলে দিয়েছে। কারণ বেশিরভাগ মানুষের উপর থেকে সেই ট্যাক্স আদায় হবে। যে বে-আইনি পণ্য আমাদের পশ্চিমবাংলায় ঢুকছে, মাননীয় অর্থমন্ত্রী, এটা কি বে-আইনি পণ্য চোরাই কারবারের রাজ্য হবে না কি ? তাই, যেখানে বর্তমানে ৩০ পারসেন্ট আছে, সেটাকে ১৫ পারসেন্ট করেছেন। আর বে-আইনি পণ্য ৫০ পারসেন্ট যেটা ঢুকছে, সেখানে ২৫ পারসেন্ট করেছেন। স্বাভাবিক ভাবে চোরদেরকে কনসেশান দিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী। স্বাভাবিক ভাবে ডিমড অ্যাসেসমেন্টের কথা বলা হচ্ছে। আমার একটু আগে আমাদের বর্মণবাবু বলছিলেন যে, বিক্রয় কর। প্রত্যেক মাসে তিন হাজার টাকা, যারা চাকরি করছেন তারা ২৫ হাজার, ৩০ হাজার, ৫০ হাজার টাকা মাইনে পান, সেখানে বিত্তি কর তারা ৩ হাজার টাকা করে দিত, সেই স্ল্যাবটা বাড়িয়ে ৫ হাজার টাকায় নিয়ে গেলেন। অর্থাৎ ছাড়ের সীমা এই ডিম্ড অ্যাসেসমেন্টের ভিতর দিয়ে তাদেরকেও কনসেশান দেওয়া হয়েছে। চা-বাগানের মালিকদের, গ্রামীণ কর্মসংস্থান, সেস যেটা ছিল সেটাতে মালিকদেরকে ছাড় দেওয়া হয়েছে। চা-বাগানের শ্রমিকরা অনাহারে মারা যাচ্ছে। এখানেই আলোচনা হয়েছে তারা মাসে মাসে যেটা পান, সরকার দেন, সেই ভাতা তারা পাচ্ছেন না। সেই জায়গায় দাঁড়িয়ে, মালিকদেরকে কনসেশান দেওয়া হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে বিলাস দ্রব্যের ক্ষেত্রে মাত্র ১ পারসেন্ট বাড়িয়েছেন। (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী সমরেশ দাস : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে আমাদের অর্থমন্ত্রীর কর্তৃক আনিত যে ফিন্যান্স বিল, ২০১২ তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থনের পেছনে যে কথা বলতে চাই শুধু আমাদের এই রাজ্যে নয়, সারা ভারতবর্ষ, সারা পৃথিবীর প্রত্যেকটি মানুষের, কর দিতে কারোরই ইচ্ছে হয় না, মানসিক কষ্ট অনুভব করেন। যে আইন আমাদের রাজ্যে চলছিল, সেই আইনে অনেকগুলো জটিলতা ছিল। বর্তমান অর্থমন্ত্রী সেই আইনের জটিলতা দূরীকরণ এবং সঙ্গে সঙ্গে মানুষের মনে যাতে ক্ষোভের সঞ্চার না হয়, সেই কারণে সাধারণের কাছে সরলীকরণ করবার ব্যবস্থা করেছেন। বিভিন্ন ক্ষেত্রে গরীব মানুষ, ছোটো ব্যবসার সঙ্গে যারা যুক্ত, তাদের বেশি পরিমাণ ছাড় দেওয়ার ব্যবস্থা হয়েছে। আবার সঙ্গে সঙ্গে অনেক জায়গাতে ট্যাক্সের উপরে যে ট্যাক্সের ব্যবস্থা ছিল, সেগুলোকে তুলে দেওয়া হয়েছে। আবার যে চারটে আইনকে সংশোধন করা হচ্ছে, সেগুলোর কিছু নিয়মতান্ত্রিক সংশোধন আছে। কিছু কিছু জায়গাতে ব্যাখ্যার অভাব ছিল। যে কারণে সরকারি আধিকারিকরা বিভিন্ন ভাবে ব্যাখ্যা করে ট্যাক্স পেয়ারদের উপরে চাপ সৃষ্টি করছিলেন, সেটাকে দূরীকরণ করা। বিভিন্ন জায়গায় পেনাল্টি ইম্পোজিশানের ব্যবস্থা ছিল, তাকে উইড্র করবার ব্যবস্থা করা এবং কিছু আইটেমের উপর আবার ছাড় দেওয়ারও ব্যবস্থা করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, নতুন করে যে কিছু কিছু ক্ষেত্রে ট্যাক্স চাপবে, বিরোধীরা যাই বলুক না কেন, তিনি আগেই স্বীকার করে নিয়েছেন এই কারণের জন্যে মাননীয় অর্থমন্ত্রী যখন বাজেটটা উপস্থাপিত করলেন, তখনই নতুন ট্যাক্সের কথা বলেছেন। এখন সেই বাজেটকে যদি

আমরা পাশ করে দিই তাহলে পরবর্তীকালে এটা অবশ্যম্ভাবী যে, অর্থমন্ত্রীর আনিত যে কর প্রস্তাব ফিন্যান্স বিল, তাকে আমাদের সমর্থন করা।

[4.10 – 4.20 p.m.]

সমর্থন করা এই কারণের জন্য যে, কিছু কিছু ক্ষেত্রে তিনি নতুন করও চাপিয়েছেন, তাই বিরোধীদের কষ্টের কারণ হচ্ছে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কিছু এই সভাকে জ্ঞাত করার বিষয়। এখনকার মাননীয় অর্থমন্ত্রী সভাকে জানালেন যে, এখন যাঁরা মন্ত্রিসভায় আছেন, তাঁর দপ্তরগুলো পরিচালনার জন্য টোটাল যে বাজেট তার ৭৫ পারসেন্ট পর্যন্ত খরচ করার জন্য তাঁকে ফিনান্স দপ্তরের কোনো অনুমোদন নিতে হবে না। এখানে প্রায় নয়-দশজন মন্ত্রী আছেন—যাঁরা বিদায়ী মন্ত্রী, তাঁরা এখন কপালে করাঘাত করছেন। করাঘাত করছেন এই কারণের জন্য, আগে যাঁরা যাঁরা অর্থমন্ত্রী ছিলেন, এঁরা যতদিন মন্ত্রিসভায় ছিলেন, তাঁরা ততদিন প্রত্যেকটি কাজের জন্যে অনুমোদন প্রাপ্তির জন্য ফিনান্স মন্ত্রীর কাছে পাঠাতেন। ফলে কাজ তো করতে পারতেন না—নির্দিষ্ট সময়ে কাজ করতে পারতেন না, কিন্তু যেহেতু জনপ্রতিনিধি, কাজ করতে হবে, তাই চোরাপথে, গুপ্ত পথে কাজ করেছেন, বিধানসভাকে ফাঁকি দিয়েছেন। আজকের আলোচনা স্বভাবত ২০০৩-২০০৪-এর ঘটনাগুলো আমাদের সামনে এসেছে, আমরা পাশ করে দিয়েছি। স্বভাবত তাঁদের মনে তো ক্ষোভ হওয়া স্বাভাবিক। যে কারণের জন্যে তাঁরা হয়তো কিছু কিছু জায়গায় আপত্তি করেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব যে, হ্যাঁ যেগুলো করেছেন সেগুলোর প্রতি পূর্ণ সমর্থন আছে, কিন্তু তার সঙ্গে সঙ্গে আরও কতগুলো ক্ষেত্র, যেগুলো এখনও পর্যন্ত আনটাচ্‌ড অবস্থায় আছে, সেই জায়গাগুলিকে চিহ্নিত করবার ব্যবস্থা করুন। স্ট্যাম্প অ্যাক্ট সম্পর্কে বলি, আমাদের এই রাজ্যে যেমন জলের জন্য ৫ পারসেন্ট স্ট্যাম্প ডিউটি দিতে হয়, রুরাল এবং মেট্রোপলিটন সিটির জন্য ৬ পারসেন্ট স্ট্যাম্প ডিউটি দিতে হয়। সেই জায়গাতে আমার অনুরোধ, যদি ১ পারসেন্ট বাড়ান তাতেও কোনো ক্ষতি নেই। এছাড়াও হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, তার সঙ্গে 'আড্ডা' এবং এস.ডি.এ. এবং দীঘা ডেভেলপমেন্ট অথরিটি—যে জায়গাগুলিতে গভর্নমেন্টের জমি নিয়ে, লিজ নিয়ে—পরবর্তীকালে হয় ঘর করেনি, নতুবা সেই জায়গা অন্য কাউকে বিক্রি করে দিয়েছেন, যার ওনারশিপ ট্র্যান্সফার হচ্ছে না, সেই জায়গায় ফেসিলিটিস দিয়ে যদি আপনি কর আদায়ের ব্যবস্থাটা করেন, তাহলে টোটাল ডেফিসিট যা আছে আপনার বাজেটে—একটা বছরে সেই জায়গা থেকে আমরা উপার্জন করতে পারি। এখানে আপনি উল্লেখ করেছেন, কোনো কোনো বন্ধু ভুল ব্যাখ্যা করছেন যে, সেকশন-২, আর্টিকেল-৫ এ যে চুক্তি, বিগত দিনগুলিতে যাঁরা ডেভেলপার, যাঁরা প্রোমোটার, তাঁদের জমির মালিকের সঙ্গে চুক্তিবদ্ধ হওয়ার ব্যবস্থাটা ছিল না। বিভিন্ন সময়ে যাঁরা প্রোমোটারের কাছ থেকে বা ডেভেলপারের কাছ থেকে ঘর কিনতো, ফ্ল্যাট কিনতো, তাঁরা নানা অসুবিধার মধ্যে পড়তেন, প্রতারিত হতে হত—কাউকে কাউকে প্রাণও দিতে হয়েছে বিগত দিনে। সেই জায়গাতে ক্রেতা সাধারণের ভবিষ্যতকে সুরক্ষিত করবার জন্য এই আর্টিকেল-৫-এ যে সংযোজন করেছেন

মাননীয় অর্থমন্ত্রী—তাকে সাধুবাদ জানাচ্ছি। এটা হওয়া অনেক আগে থেকে দরকার ছিল। আজ থেকে ৩০ বছর, ৪০ বছর আগেও যদি হত, তাহলে কিন্তু অনেক মানুষ অনেক সুবিধা পেতে পারতেন। দীর্ঘকাল পরে হলেও অরণ্যের ঘুম ভেঙেছে, নতুন সরকার এসে যে যে জায়গাগুলিতে ত্রুটি ছিল সেই ত্রুটিগুলি সংশোধনের ব্যবস্থাটা করেছে। আমি অনুরোধ করব, মাননীয় অর্থমন্ত্রী আরেকটু চিন্তা-ভাবনা করে দেখুন, আরও অনেকগুলো জায়গাতে আপনার পার্টিকুলারলি জমির যে পাওয়ার অফ অ্যাটর্নি যেটা আর্টিকেল-৪৮, এই আর্টিকেল-৪৮-এ আরও গভীরভাবে মনোনিবেশ করা দরকার এই কারণের জন্যে যে, অনেক জায়গায় পাট্টা জমি হস্তান্তর হয়ে যাচ্ছে। আপনি মোটরগাড়িতে ছাড় এনেছেন, সাধুবাদ জানাচ্ছি, সমর্থন করছি। গভর্নমেন্ট থেকে দীর্ঘদিন ধরে দু-ধরনের লাইসেন্স দেওয়া হয়—একটা প্রাইভেট কার, আর একটা কমার্শিয়াল কারের জন্য। সারা পশ্চিমবঙ্গে বিভিন্ন গভর্নমেন্ট অফিস প্রাইভেট কারগুলোকে কমার্শিয়াল কার হিসাবে ব্যবহার করছে, সেইগুলো যদি আপনি রেস্ট্রিকটেড করার চেষ্টা করেন তাহলে কয়েক হাজার কোটি টাকা সেই ক্ষেত্র থেকে আসতে পারে। আইনটা হল, পরবর্তীকালে রুলসও হবে, মাননীয় অর্থমন্ত্রীকে বলব, যদি প্রয়োজন মনে করেন আলোচনায় ডাকবেন, তাহলে ভালো হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে সম্মানীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র সাহেব যে ফিনান্স বিল এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধী সদস্যরা—রহিমদা, শাহজাহানদা যা আলোচনা করেছেন তাকে সমর্থন করে এই বিলের উপর কিছু বলতে চাই।

এই ফিনান্স বিলের সঙ্গে আমাদের অর্থমন্ত্রী গত ২৩ তারিখে যে বাজেট পেশ করেছেন তা ওতপ্রোত ভাবে জড়িত। ওনার যে স্বপ্ন বাস্তবায়িত করার কথা উনি বলেছেন, সেইগুলো ফিনান্স বিল এবং বাজেটের সঙ্গে যুক্ত। আমরা দেখেছি, ২০১১-১২-তে যে বাজেট পেশ করেছিলেন তাতে বলেছিলেন ৩০ পার্সেন্ট রাজস্ব বাবদ আয় বৃদ্ধি করবেন, যা ৩৯,৫৩৮ কোটি টাকা হবে। কিন্তু ফেব্রুয়ারি পর্যন্ত আয় করতে পেরেছেন ২৬,৩১৮ কোটি টাকা। অর্থাৎ ২০১১-১২-তে ঘাটতি ছিল ১৩,২২০ কোটি টাকা। বলেছিলেন খরচ কম করবেন। ২০১১-১২-তে খরচ হয়েছে ৫৫,৯১৬ কোটি টাকা, যা ২০১০-১১ থেকে ৫ হাজার কোটি টাকা বেশি। আয় ও ব্যয়ের মধ্যে সামঞ্জস্য থাকছে না। আমি নিশ্চিত যে, অর্থমন্ত্রী সাহেব যখন ২০১২-১৩-এর বাজেট পেশ করবেন তখনও এই ঘাটতি থেকেই যাবে। আমরা খুব আশা নিয়েছিলাম, আমরা ভেবেছিলাম এই পরিবর্তনের ফলে যে কৃষক দরদী সরকার এখানে এসেছে—কৃষকদের জন্য মেকি কান্না কেঁদে—কৃষকদের কথা নিশ্চয় এর মধ্যে রাখবেন মাননীয় অর্থমন্ত্রী। কিন্তু বাস্তবে আমরা দেখলাম, উনি সহজেই আমাদের কৃষকদের বিভ্রান্তই শুধু করলেন না, পণ্য করের উপর মাশুল বাড়িয়ে দিলেন। আমাদের মতো নতুন সদস্যরা এটা বুঝতে পারছি না। আমাদের পশ্চিমবঙ্গে এখনও অনেক জিনিস বাইরের রাজ্য থেকে আসে, তার মধ্যে থাকে খেটে-খাওয়া মানুষের নিত্য প্রয়োজনীয়

জিনিসও, যেমন চাল, ডাল, চিনি, মাছ এমনকি অনেক ইলেকট্রনিক্স গুডস্ এবং আরও অনেক জিনিস। এই কর বৃদ্ধির ফলে চালের দাম কুইন্টাল প্রতি ৬০-৭০ টাকা বেড়ে যাবে। অন্ধ্র এবং মাদ্রাজ থেকে যে মাছ আসছে, তার দামও বেড়ে যাবে। আমরা বিধায়ক যারা এম.এল.এ. হোস্টেলে খাই—ভাত, ডাল, একটা সবজি এবং মাদ্রাজ থেকে আসা মাছের একটা পিস, এই এক প্লেটের জন্য আমাদের এখন দাম দিতে হয় ২৫ টাকা করে। আগামী দিনে এই দামটা ৩৭ থেকে ৩৮ টাকা হয়ে যাবে। ... (নয়েজ) ... চেঁচানোটা আপনাদের অভ্যেস। যখন এদিকে ছিলেন তখনও চেঁচাতেন, এখন ওদিকে গিয়েও চেঁচাচ্ছেন। চিৎকার করে কাউকে বিভ্রান্ত করতে পারবেন না। যা হোক, মাননীয় অর্থমন্ত্রী আমাদের আভ্যন্তরীন কর ১৫.৩৩ পার্সেন্ট বৃদ্ধির কথা বলেছেন। পরিকল্পনা খাতের থেকে যে আয় হবে, তার ১১.৫৬ শতাংশ তিনি ব্যয় করবেন। খুব ভালো কথা। ২০১০-১১ বামফ্রন্ট সরকার যে বাজেট পেশ করেছিলেন, তাতে রাজস্ব খাতে আয় ৪০ পার্সেন্ট রেখেছিলেন।

[4.20 – 4.30 p.m.]

এবং বিগত সরকার সেই ৪০% আদায় করতে পারেননি। ২৫% আদায় করেছেন। স্যার, আমাদের অর্থমন্ত্রী সম্মানীয় অর্থমন্ত্রী বলেছেন যে বিশ্বজোড়া আর্থিক মন্দার দিকে লক্ষ্য রেখে উনি বলেছেন যে রাজস্ব আদায় ৩৫.২% করবেন বলেছেন। এবং উনি বলেছিলেন যে আমরা এই রাজস্ব আদায় ৩৮, ৩৯ কিম্বা ৪০% বলিনি। আমরা ৩৫.২% আদায় করব রাজস্ব খাতে এটা উনি বলেছেন। আমরা তাই জানতে চাইছি এই রাজস্ব খাতে যে আদায় করবেন বলেছেন, কোথা থেকে এই টাকাটা আপনি আদায় করবেন। এবং আমরা বাজেটে দেখেছি যে ঢালাও প্রতিশ্রুতি। বইটা পড়ে মনে হয় এমন কোনো খাত নেই যেখানে উনি টাকা-পয়সা ধরেননি। কোথাও ১%, কোথাও ২%, ৩% ধরেছেন। কৃষি থেকে, খাদ্য থেকে, শিক্ষা থেকে, স্বাস্থ্য থেকে, বিদ্যুৎ থেকে, তপশিলি জাতি, উপজাতি সংখ্যালঘু সকলকেই সন্তুষ্ট করতে চেয়েছেন কিন্তু আমরা যেটা দেখছি রাজস্ব আয় আসবে তার থেকেই তো উনি ব্যয় করবেন। কিন্তু আয়ের যে উৎস পণ্য মাশুল থেকে পণ্য কর বসাবার পরে এখানে পণ্য মাশুলের জন্য যে বিগত দিনের যে চেক পোস্ট যেটা বিগত সরকার উঠিয়ে দিয়েছিল এবং যে সমস্ত দ্রব্য আমাদের পশ্চিমবঙ্গে আমদানি হবে এর থেকে কত টাকা আমাদের আয় হবে ? কোন্ কোন্ খাতে উনি আয় করবেন সেটা যদি সুনির্দিষ্টভাবে আমরা জানতে পারতাম তাহলে আমাদের মতো নতুন বিধায়করা অনেক খুশি হতাম। আমরা দেখেছি যে আপনারা বিগত দিনের অনেক কথাই বলেন যে, যে শিশু জন্মাবে ২২ হাজার টাকা ঋণ নিয়ে জন্মাবে। বিগত দিনের সরকার ঋণ করে গেছে, আপনারা অনেক কথাই বলছেন। বামফ্রন্ট সরকার আসার আগে আমাদের রাজ্যে বি.পি.এল. ছিল ৭৩% এবং ৩৫ বছর পরে বি.পি.এল. পার্সেন্টেজ এসে দাঁড়ায় ৩২.৫% এ। সেই ৩২.৫%-এর কথা ভেবে এইরকম ভাবে পিছন দিকে নাক গলিয়ে কিভাবে আপনারা ট্যাক্স আদায় করবেন ? আমাদের দৃঢ় বিশ্বাস যে এই পণ্য করের ফলে আগামি দিনে চাল, ডাল, সামগ্রিক ভাবে জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হবে এবং তাতে আপনাদের কিছু হবে না। গরীব

খেটে-খাওয়া মানুষ আপনাদের কাছে প্রশ্ন করবে যে আপনারা এটা কি করলেন। আপনারা ছাড় দিয়েছেন, খুব ভালো কথা। আপনারা ছাড় দিয়েছেন কীসের উপরে। আমরা জানতে চাইছি যে আমাদের পশ্চিমবঙ্গে যেখানে আপনারা বলছেন ৩২.৫% মানুষ গরীবি রেখার নীচে বসবাস করে সেখানে আপনারা ছাড় দিয়েছেন যে সমস্ত গাড়ি দশ লক্ষ টাকা দামের বেশি। পশ্চিমবঙ্গের কতজন মানুষ দশ লক্ষ গাড়ি চেপে ঘুরে বেড়ায়। আমরা তো বিধানসভায় দেখতে পাই, বিধানসভায় ঢোকার মুখে হাঁটার জায়গা থাকে না। এত বিলাসবহুল গাড়ি। সেই সমস্ত গাড়ি ১৩.৫% থেকে আপনি কর বাড়িয়েছেন ১%। ১৪.৫% করেছেন। আমি অর্থমন্ত্রী সাহেবের কাছে জানতে চাইছি যে এই গাড়ি পশ্চিমবঙ্গে কত বিক্রি হয় এবং এর থেকে এতদিন কত আয় এসেছে। ১% বাড়ানোর ফলে রাজস্ব খাতে কত পার্সেন্ট আয় আসবে। আমরা জানতে চাইছি যে সমস্ত ঘড়ি ১৫ হাজার টাকা দাম তাতে আপনি ১৩.৫% থেকে ১% বাড়িয়ে ১৪.৫% করেছেন।. আমরা জানতে চাই পশ্চিমবঙ্গে এরকম ঘড়ি কতজন ব্যক্তি পড়েন ? এর থেকে এতদিন কত আয় হয়েছে এবং ১% বাড়াবার পরে কত পার্সেন্ট আয় আসবে ? আপনারা বলেছেন যে মদের দাম—যখন এপারে ছিলেন তখন মদ নিয়ে অনেক হল্লা করেছেন। আজ ওপারে গিয়ে মদের উপরে ট্যাক্স বসিয়েছেন। তার মানে আপনার মদ থেকে কত আয় করতে চান ? আগামী দিনে পশ্চিমবঙ্গে মদের লাইসেন্স দিয়ে ওই সংগ্রামপুরের মতো মদ খাইয়ে মানুষকে দু-লক্ষ টাকা করে দিতে চান ? আমি অর্থমন্ত্রীর কাছে এটা জানতে চাই। আপনারা বলছেন কিছুই করেননি, কিছুই করেননি। আর আমরা কি দেখছি ? ডিসেম্বর মাসে ত্রয়োদশ অর্থ কমিশনের তিনশো কোটি যে টাকা এখনও পর্যন্ত খরচ করতে পারলেন না। কালকে ৩১শে মার্চ হয়ে যাবে। আমরা দেখলাম স্বাস্থ্য দপ্তরের ৭৫ কোটি টাকা একটা টাকাও খরচ করতে পারলেন না। সেচ দপ্তরের একটা টাকাও খরচ করতে পারলেন না। সেসব কথা তো আপনারা বলতে পারছেন না। শুধু বলছেন পশ্চিমবঙ্গে কিছুই করেননি। ঋণগ্রস্ত করে গেছেন। তাই আমরা এই সমস্ত বিলের উপরে বিরোধিতা করে অর্থমন্ত্রীর কাছে আশা রাখব যে আমার প্রশ্নের উত্তর পাব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন দিয়ে শুনলাম বিরোধী দলের কথা এবং আমাদের সরকার পক্ষ থেকে যে সমস্ত বিধায়ক বলেছেন। আমাকে বলতে হবে যে, তাঁদের মধ্যে ডাঃ আশীষ ব্যানার্জীর বলার পরে আমার আর অনেক কিছু বলার বাকি নেই। উনি সুন্দর করে ধারা ধরে ধরে বলেছেন এবং ডঃ বটব্যালের বক্তব্য শুনলাম। উনি Keynesian economics সম্বন্ধে যে বক্তব্য রাখলেন, সেটা শুনে আমার ভালো লাগল। ঠিক যে ছোটো কথাটা আমি বলেছিলাম, তিনি সেটাকে বিস্তারিতভাবে বুঝিয়ে দিলেন। তবুও চেষ্টা করব অল্প-স্বল্প কিছু বলার। আমার সময় কম এবং কিছু প্রশ্ন যেগুলি উঠেছে সেগুলির অল্প করে উত্তর দেবার চেষ্টা করব। আমরা চারটি বিষয় নিয়ে আলোচনা করছি আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়। একটা হচ্ছে স্ট্যাম্প ডিউটি রিলেটেড। দ্বিতীয় প্রফেশনাল ট্যাক্স সেকশন (২) অ্যান্ড সেকশন (৩), সেল্স ট্যাক্স সেকশান (৪), ভ্যাট সেকশন (৫)। বিলটা যখন আপনারা দেখেছেন এইভাবে নিশ্চয় দেখেছেন যে, এই চারটি জিনিসের উপরে

আজকে এই আলোচনা আপনারা করেছেন এবং আমি শুনেছি। প্রথমেই স্ট্যাম্প অ্যাক্টের যে পরিবর্তনটা আমরা এনেছি যে ডেভলপারের সঙ্গে আপনার জমি কিন্তু এই পর্যন্ত আপনারা একটা কোর্টের পেপারের উপরে সই করে আপনারা তার সঙ্গে একটা এগ্রিমেন্ট করতেন। কিন্তু পরে সেই ডেভলপার বা প্রোমোটার যাই নামে বলেন, পবে যদি সেই এগ্রিমেন্টটা তিনি না মানতেন তাহলে আপনার কোথাও রাস্তা ছিল না because it is an unregistered document আমরা বলেছি যে চয়েজ দেওয়া যাক। এই কথাটা খুবই গুরুত্বপূর্ণ। কেন না কানাই মণ্ডল সাহেব এই কথা বলেছেন তাই আমি রেসপন্ড করতে চাই। আমরা বলছি আপনি চান যে পুরনো প্রথায় কাজ করুন, কোনো অসুবিধা নেই। আপনি কোর্টের পেপার কিনুন, কিনে আনরেজিস্টার্ড এগ্রিমেন্ট করুন। কিন্তু যদি আপনি চান তাহলে আপনি একটা নতুন জগতের মধ্যে চলে আসতে পারবেন। যেখানে আপনার সিকিউরিটি গ্যারান্টেড হবে। guarantee through a registered deed। এবং খুব Small amount of money খুব অল্প পয়সায়। যেমন, উদাহরণস্বরূপ ৩০ লক্ষের নীচে যদি আপনার জমির দাম হয়, আপনার এটা রেজিস্ট্রি করার জন্য ০.১৬% দিতে হবে। মানে ওয়ান পারসেন্টের অর্ধেকও নয় তারও কমে। তাতে আপনার একটা বিরাট সিকিউরিটি এল। ৩০-৬০% যদি হয় মানে আপনি ৫০০০ প্রথমটায়, ৭০০০ দেবেন সেটার ০.১১৬%। তার মানে আমরা বলছি আপনি যদি চান মা-মাটি-মানুষ অলওয়েজ প্রেফার করে ফ্রি চয়েজ। আপনার অলটারনেটিভ থাকা দরকার। সেহেতু আপনি যে গ্রামের মানুষের কথা বলেছেন তারা যদি না চান, তার কাছে ওপেন আছে তারা কোর্ট পেপারে যেভাবে করছিলেন করবেন। যদি চান নিজের সিকিউরিটি বাড়ুক তবে ছোট্ট একটা অ্যামাউন্ট দিয়ে নিজের সিকিউরিটি বাড়াবেন। সেহেতু ওই সম্বন্ধে আপনাদের কাছে আমার এটুকু বক্তব্য যে মনে রাখবেন আমরা কমপালশান আনছি না। ফ্রি টু চুজ। যদি চান সিকিউরিটি আনুন, যদি না চান মনে করুন পুরনো সিস্টেমে আপনার সামাজিক একটা ব্যবস্থা আছে সমাজ শাস্ত্রের মাধ্যমে আপনি সেটাকে দেখবেন—দেখুন। ফ্রেন্ডস, ফ্যামিলি, গ্রাম, দ্যাট ইজ ইওর সিকিউরিটি তাহলে আপনি করুন।

[4.30 – 4.40 p.m.]

নাম্বার-২, এবার আসি প্রফেশনাল ট্যাক্সে। আপনারা শুনে খুশি হয়েছেন নিশ্চয়ই, পড়ে দেখেছেন, ৩ হাজার থেকে আমরা ৫ হাজারে উঠিয়ে নিয়ে যাচ্ছি। তার নিচে আপনাকে প্রফেশনাল ট্যাক্স দিতে হবে না। এতে অনেক মানুষের সুবিধা হবে। কিন্তু তার সঙ্গে এটাও বলছি, ডিম্‌ড্ অ্যাসেসমেন্টে চলে যাবেন, তার মানে হ্যারাসমেন্ট হবে না। এই দুটি স্টেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি খবরের কাগজে দেখলাম, সংবাদপত্রে লোকে সেটাকে সাধুবাদ দিয়েছে। কেন না একটা প্রসেস শুরু করেছি আমরা।

এর পরে আসি সেল্‌স ট্যাক্স অ্যান্ড ভ্যাট। এই সম্বন্ধে বলতে গেলে আমি খুব সংক্ষিপ্তভাবে বলব বলেছিলাম, এই বিলটাকে ৫টা ভাগে আমরা ভাগ করতে পারি। এক হচ্ছে সরলীকরণ, দুই হচ্ছে র‍্যাশনালাইজেশন—ছোটো ছোটো প্রবলেম ছিল, যেগুলো

অন্যায়, যেগুলো ঠিক নয়, আপনাদের সরকারের সময় সেটা হয়তো খতিয়ে কেউ দেখেনি। যেগুলো দেখে দেখে আমরা সোজা করেছি। তৃতীয়, একটা নতুন অ্যামনেস্টি স্কিম। চতুর্থ, ছোটো ব্যবসাদারদের জন্য—ছোটো মানুষ যাঁরা ব্যবসা করেন, তাদের জন্য স্পেশালি আমাদের মা-মাটি-মানুষের সরকার নজর দিয়েছে। অ্যান্ড পঞ্চম, প্রসিডিওরাল সিম্পলিফিকেশন। এই পাঁচভাবে আপনি এটাকে চিন্তা করে সাজিয়ে নিন আপনার সামনে। আমি ছোট্ট করে এক-একটা উদাহরণ দিয়ে দেব। কেন না অনেকগুলো জিনিস বলতে পারব না। সরলীকরণ, সেকশন-৪, ক্লজ (১) এ, বি, সি। এতে কি আছে ? আমি তো মনে করি এটা ঐতিহাসিক ব্যাপার। এ পর্যন্ত আপনাদের তিনটে আলাদা আলাদা রিটার্ন ফাইল করতে হত—সেল্স ট্যাক্স, ভ্যাট অ্যান্ড সি.এস.টি.। আমরা এক ধাক্কায় সিঙ্গল রিটার্ন—এটার নাম সরলীকরণ। আপনাদের সরকারের মানুষের সঙ্গে ডিল্ করা অত্যন্ত সোজা এবং তাদের ইলেকট্রনিক্স প্রসেস সম্বন্ধে আমি আবার বলব না। হিস্টরিক ডেভেলপমেন্ট—যে তিনটের জায়গায় একটি ফর্মের মাধ্যমে, একটি প্রসেসের মাধ্যমে আপনি তিনটেকে কভার করছেন।

র‍্যাশনালাইজেশন—এটা ৫(১)-এ দেখবেন, রেজিস্ট্রেশন অফ সেল প্রাইস অফ মোটর ভেহিকেলস্। আপনারা গাড়ি কিনছেন। রেজিস্ট্রেশনের পয়সা দিয়েছেন, তার ওপরেও ট্যাক্স অন ট্যাক্স। আগে কিন্তু সরকার দেখেননি এটা, রঙ। আমরা বলেছি, না দিতে হবে না। রেজিস্ট্রেশনের ট্যাক্স ইজ নট ট্যাক্সেবল্। ইট ক্যান নট বি ডবল্ ট্যাক্স।

তারপরে ৫(৩)-তে দেখবেন, ল্যামিনেশন। আপনি এটাকে উল্লেখ করেছেন, মাননীয় ডঃ ব্যানার্জী। ল্যামিনেশনটা ছেড়ে দেওয়া হল থার্টিন অ্যান্ড হাফ পার্সেন্টি ট্যাক্স। আর যেখানে প্রিন্টিংয়ে ৪%। অন্যায় করে দিয়েছি। ইনপুট ট্যাক্স ক্রেডিট টু স্পেয়ার পার্টস্। পাবে না, ইনপুট ট্যাক্স ক্রেডিট স্পেয়ার পার্টে দেখতে পাবে না। রঙ, কারেক্ট করে দিয়েছি।

আপনি লেট ফাইল করতে যাচ্ছেন। সময়ে ফাইল করেননি। এখানেও আমরা দেখলাম, পেনাল্টি অ্যান্ড লেট ফি। আগের সরকার কিন্তু দেখেনি। পেনাল্টিও দেব, লেট ফিও দেব। দুটো তো হয় না। ডব্ল জিওপার্ডি। আমরা বললাম, না। দুটো দিতে হবে না। নো ডব্ল পেনাল্টি। রঙ।

অ্যামেনেস্টি স্কিমে আসি। যারা ট্যাক্সের আওতায় আছেন, অথচ রেজিস্ট্রেশন করেননি, যে কোনো কারণেই হোক। তারা টার্নওভারের ম্যাক্সিমামের ২ শতাংশ জমা দিয়ে রেজিস্ট্রি করতে পারেন বাই থার্টি ফার্স্ট অফ ডিসেম্বর, ২০১২। মানে এই বছরের শেষের মধ্যে অ্যামেনেস্টির জন্য আরেকটা জানালা খুলে দেওয়া হল এবং ওয়ার্কস কন্ট্রাক্টের জন্য ৪ শতাংশ। তার মানে আপনি এগিয়ে আসুন, এই ট্যাক্স সিস্টেমের পার্ট হোন, অনেস্টলি ব্যবসা করুন, তার একটা জানালা খুলে দেওয়া হল। যাতে আপনি এই পর্যন্ত যে লুকিয়ে বেড়াতেন, এখন মাথা উঁচু করে দাঁড়িয়ে বলতে পারবেন, আই অ্যাম এ ট্যাক্স পেয়ার, আই অ্যাম এ রেজিস্টার্ড ট্যাক্স পেয়ার। কিন্তু ছোট্ট একটা ট্যাক্সের মাধ্যমে। স্মল বিজনেস, পুরো বিলে দেখবেন সব জায়গায় ছোটো ব্যবসাদারদের সুবিধার জন্য নানা রকমের সিমপ্লিফিকেশান, আমি শুধু দুটো ছোটো উদাহরণ দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

mandatory submission of the audit report Chartered Accountant, Cost Account সবাইকার জন্য—আপনার দেড় কোটি টাকার বিজনেস কিছুই না, কিন্তু আপনাকে সেই Chartered Accountant, Cost Accountant তাকে দিয়ে তৈরি করিয়ে অডিট রিপোর্ট, কোথা থেকে আপনি পাবেন ? আমরা বললাম এটা উঠিয়ে দিন, raise the limit to 3 crores, যাতে কিছু ছোটো ব্যবসা অন্তত সেই সুযোগ থেকে self assessment করে এগিয়ে যেতে পারে। তারপরে আপনার ছোটো রেস্টুরেন্ট, ছোটো uteri five to abc এগুলোতে দুটো কাজ করা যায়। এক হচ্ছে ১৫ লক্ষ থেকে ২৫ লক্ষয় তুলে দেওয়া হল। দ্বিতীয় যে ভ্যাট রেট ছিল সাড়ে ১৩%, সেটাকে ৪% করে দেওয়া হল। তার মানে দুভাবে সেই ছোটো ব্যবসাকে আমরা সাহায্য করলাম। এবারে আসি দু-একটি প্রশ্নে, আমি জানি সময় আমার প্রায় শেষ হয়ে আসছে, তাই দু-একটি প্রশ্নের জবাব দেব। আব্দুর রহিম বক্সি সাহেব, তিনি e-stamping-এর কথা বলছিলেন, এটা কিন্তু খুব genuine, ভালো জিনিস তুলেছিলেন। এ সম্বন্ধে বলি স্ট্যাম্প ভেন্ডারদের সম্বন্ধে একটু প্রশ্ন তুলেছিলেন যে তাদের কি হবে। শুনে খুশী হবেন stamp vendor can sell stamps upto five thousand টাকা। আমাদের ই-স্ট্যাম্পিং অনলি শুরু হবে ৫ হাজারের উপর। তার মানে স্ট্যাম্প vendor will be very much breathered। নাম্বার টু, লাইফ টাইম ট্যাক্সের কথা আপনি বলেছিলেন। আবার চয়েস, হয় ৫ বছর নিন, নাহলে লাইফ টাইম নিন। এটা আপনি বোধহয় লক্ষ করেননি। আপনি বলেছেন আমরা নাকি মাইনরিটিকে পয়সা বিশেষ দিইনি। আমি তার অঙ্কটা শুধু আপনাকে বিনীতভাবে বলতে চাই, আগের সরকার ৩৩০ কোটি টাকা মাইনরিটির জন্য allot করেছিল। এই মা-মাটি-মানুষের সরকার ৫৭০ কোটি টাকা allot করেছে ৭২.৭৭%, এটা কি অন্যায় করেছে ? আমি বিনীতভাবে বলব প্রচুর চেষ্টা হয়েছে, আপনাদের বক্তব্যের মধ্যে থেকে আমি যা পেলাম, সেহেতু আমি শেষ করব এটুকুই বলে যে, এই বিলে আমরা একটা ছক তৈরি করেছি, তাত্ত্বিক বিচারের মাধ্যমে, এই রকম নয় যে এখানে একটা নিলুম, ওখানে একটা নিলুম, আমরা একটা জাল তৈরি করেছি, যে জালটা positive ইতিবাচক মানুষের জন্য সুবিধে, যারা জাল ধরে উঠতে পারবে উপরের দিকে, উপরে উঠতে পারবেন। আমি এই জন্য আমাদের মাননীয় সদস্যদের মাননীয় অধ্যক্ষের মাধ্যমে ধন্যবাদ দিতে চাই যে আপনারা অনেকেই পড়েছেন এবং অনেক valuable কথা বলেছেন, সেগুলো আমি সব নোট করেছি। এটুকুই বলে শেষ করব, এর পরের বছরে যখন আমরা এই নতুন বাজেট আনব আমার বিশ্বাস এই বিলের মাধ্যমে আমরা পশ্চিমবঙ্গের পরিবর্তনের একটা বিশাল step নিতে পারব, ক্ষুদ্র বাজেটের মাধ্যমে।

Mr. Speaker : Now I put to vote the motion of Dr. Amit Mitra that the West Bengal Finance Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say 'Ayes'. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 2 to 5

The question before the House that is the Clause 2 to 5 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting formula, Preamble and the Title of the Bill.

The question before the House that the Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are contrary to that opinion will please say "No". Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2012 as settled in the Assembly be passed.

The question before the House is that the West Bengal Finance Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it, Ayes have it.

The Bill is passed.

[4.40 – 4.50 p.m.]

The West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012

Dr. Amit Mitra : Hon'ble Speaker Sir, I beg to introduce the West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012.

(The Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012 be taken into consideration.

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিল দ্যা ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স অন এন্ট্রি গুডস্ ইনটু লোকাল এরিয়াস বিল, ২০১২—যেটা পেশ করেছেন, এই বিলের উপর বক্তব্য রাখতে গিয়ে নির্দিষ্টভাবে কয়েকটি বিষয় মাননীয় মন্ত্রীর

কাছে বক্তব্য রাখব। আশাকরি উনি এই বিষয়গুলির উপর নিশ্চয়ই উত্তর দেবেন। আমরা জানি যে, সাধারণ করগুলির উপর পুনরায় আর একটি কর বসানো, এই নতুন বিলে মূল বিষয়টি হচ্ছে নতুন আর একটি কর চাপানো হচ্ছে। এর আগেই বাজেট বক্তব্যে আমি যখন বক্তব্য দিয়েছিলাম সেখানে এই বিষয়ে উল্লেখ করা হয়েছে এবং আজও বলছি। এই নতুন কর চাপানোর ফলে সাধারণ মানুষের যেমন হয়রানি হবে ঠিক তেমনি ভাবে দুর্নীতিও ব্যাপকভাবে বাড়বে। মানুষের জনসমর্থনে প্রত্যাশার পাহাড় নিয়ে আপনারা ক্ষমতায় এসেছেন। আমরা এই ১০ মাসে কি দেখছি, সেই প্রত্যাশার পাহাড় ক্রমে ক্রমে সাধারণ মানুষেরা আজ হতাশায় পরিণত হয়েছে। এই ১০ মাসে ক্রমে ক্রমে সেটা বলছি। আপনারা প্রত্যাশা বাড়িয়েছেন। নির্বাচনের সময় বলেছেন, আপনাদের নীতির কথা বলেছেন। সেই নীতির মধ্যে আপনারা একটা কথা বারবার বলতেন যে, আমাদের ঘোষিত নীতি—জনগণের উপর আর নতুনভাবে কর চাপানো নয়। আমরা এটা দেখেছি, আমরা এটা আপনাদের বক্তব্যে শুনেছি। যে আপনারা নতুন করে জল কর থেকে আরম্ভ করে অনেক কথাই বলেছিলেন। আমরা, আমাদের জাতীয় রাজনীতিতে আপনাদের প্রত্যক্ষ করলাম এই করের বিষয় নিয়ে। সেখানে আপনারা যে ভাবে বিরোধিতা করেছেন সেটা আমরা প্রত্যক্ষ করলাম। কিন্তু আজকে রাজ্যে আমরা কি দেখছি ? আপনারা সেই জায়গা থেকে সরে এসেছেন। রাজ্যের এই অর্থনীতিতে সাধারণ মানুষের উপর এই কর চাপানোর ফলে জিনিসপত্রের যা দাম বাড়বে, যা মূল্যবৃদ্ধি ঘটবে ফলে সাধারণ মানুষকে আপনারা চরম বিপদের দিকে ঠেলে দিলেন। মাননীয় মন্ত্রী, আমি এই বিলের উপর বলতে গিয়ে যে বিষয়টা বলব যে, কোন কোন জিনিসের উপর আপনি tax বসাবেন, আপনি একেবারে বিলের শেষ পাতায় আপনি বলেছেন যে, আমাদের এই ভ্যাটের এই act-র ২০০৩-র আপনারা schedule (c), schedule (ca), schedule (d) এবং West Bengal sales tax act-এর ১৯৯৪-এ সেখানে four and schedule (8a) এখানে যে নির্ধারিত schedule দেওয়া আছে, সেকথা আপনি বলেছেন। সুনির্দিষ্টভাবে কোন কোন commodity-র উপরে কি হারে আপনার কর আপনি কিন্তু সেটা পরিষ্কারভাবে কোথাও বলেননি। কিভাবে আপনি যে হিসাবটা করলেন, যে বাড়তি 4 যে আয়টা আসবে নিশ্চয়ই কোনো item-র উপর ? কোথায় ১% বসবে ? কোথায় ২% বসবে ? আপনি এখানে বলেছেন up to ৫%। আপনি ৫ শতাংশ পর্যন্ত এই জায়গাটা আপনি বৃদ্ধি করবেন। আপনি নিশ্চয়ই আপনার উত্তর দেওয়ার সময় এই বিষয়টা আপনি খোলাখুলি নিশ্চয়ই আমাদের অবগতির জন্য জানাবেন। এটা সকলেই জানেন যে, আমাদের সরকারের আমলে ১লা এপ্রিল, ১৯৯৫-এ আমরা এই যে ট্যাক্স-এর বিষয় নিয়ে সে সময় প্রত্যাহার করে নেওয়া হয়েছিল। তখন কি আদায় কম হত ? প্রয়োজন কি ছিল না অর্থের, সরকারের ? হ্যাঁ, প্রয়োজন ছিল। অর্থের প্রয়োজন নিশ্চয়ই ছিল। কিন্তু কেন প্রত্যাহার করা হল ? এটা অকপটে আমরা স্বীকার করব যে, ব্যাপক দুর্নীতি, গোটা রাজ্যের এই ট্যাক্স-এর বিষয় নিয়ে সে সময় যে দুর্নীতির অবস্থা তৈরি হয়েছিল, দালালরাজ তৈরি হয়ে গিয়েছিল, সেজন্য সরকার বাধ্য হয়ে ১লা এপ্রিল, ১৯৯৫ এই বিল প্রত্যাহার করতে বাধ্য হল। আমরা আপনার এই বিলে যে বিষয়টা সবচেয়ে বেশি

আমরা যে বিষয়টার জোর দিচ্ছি, যে গোটা পশ্চিমবঙ্গের গোটা রাজ্যের আপনার entry of goods আপনার page number ২-তে অপানার যেখানে আপনি ব্যক্ত করেছেন entry of goods, যে কোন কোন জায়গায়, সারা রাজ্যের যত local bodies অর্থাৎ আমার পশ্চিমবঙ্গের যত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, আমার municipal area, corporation অর্থাৎ গোটা রাজ্যে এটা এই ব্যবস্থা চালু হবে। আমরা যদি লক্ষ করি, যে আমাদের local bodies অর্থাৎ গোটা রাজ্যে এটা এই ব্যবস্থা চালু হবে। আমরা যদি লক্ষ করি, যে আমাদের local bodies অর্থাৎ municipality-তে এগুলোতে তাদের নিজস্ব development-এর জন্য তারা আলাদা কর বসান। তার পাশাপাশি এই entry tax, progress কর অতিরিক্ত কর বসানোর ফলে সাধারণ মানুষ আরো হয়রানি হবে। আমরা এ বিষয়ে বার বার ওই একই কথা বলছি যে, আমি সুনির্দিষ্টভাবে আপনার কাছে আমি একটি বিষয় উল্লেখ করব যে, আমি যে জায়গার থেকে নির্বাচিত, সেই এলাকায় SAARC-এর চুক্তির ফলে আমাদের বাংলাদেশ, ভুটান এবং আমার ভারতবর্ষ থেকে সেখানে যে ব্যবসা চলছে, সেখানে ভুটান থেকে ফল থেকে আরম্ভ করে, fruit juice থেকে আরম্ভ বিভিন্ন সেখানে রপ্তানি হচ্ছে। এবং আমাদের রাজ্যের কোচবিহারের পরে আসাম, সেখান থেকে কয়লা বাংলাদেশের দিকে যাচ্ছে, এবং বিভিন্ন item সেখানে এই ব্যবসা বাণিজ্য হচ্ছে। এলাকার বহু শ্রমিক এই কাজের সাথে যুক্ত। এই করের প্রভাবে সেখানে এই ব্যবসার মধ্যে আমি যে বিষয় জানতে চাইছি, যে আঘাত কি আসবে না ? এবং এই আঘাতের ফলে এর প্রভাব কি সেখানকার শ্রমিকদের উপর পড়বে না ? আমি এ বিষয়ে সুনির্দিষ্টভাবে আপনার কাছে আমি জানতে চাইছি। আপনি যে বিষয় উল্লেখ করেছেন যে, ভ্যাটের যে schedule সেখানে যেভাবে আমাদের এই সুনির্দিষ্টভাবে কতগুলি যেটাতে ১%, কতগুলি যেটাতে ৪% যেভাবে নির্দিষ্ট করা আছে। যেমন, আমি যে বিষয়টা উল্লেখ করছি যে, আমাদের এখানকার অনেক বিরোধী বন্ধু কিছুক্ষণ আগেই ওনারা যে বক্তব্যের মধ্যে তুলে ধরলেন যে, কৃষি কাজে, বিশেষ করে আমাদের গ্রামীণ অর্থনীতি যেটা কৃষকের উপর নির্ভর করে।

[4.50 – 5.00 p.m.]

আজ কৃষক এমনিতেই দিশেহারা। কি করবেন, কিভাবে আগামী দিনে সংসারকে তারা বাঁচিয়ে তুলবেন, তারা চিন্তায় মগ্ন, কারণ কৃষিকাজের যে সরঞ্জাম থেকে আরম্ভ করে সারের যেভাবে মূল্যবৃদ্ধি ঘটে গেল তাতে তারা দিশেহারা। এই অবস্থার মধ্যে আমাদের ভ্যাটের যে সিডিউল সেখানে যেভাবে বলা আছে, কৃষিকাজে ব্যবহৃত যন্ত্রপাতি, ট্রাক্টর, থ্রেসার, ধান মাড়াই করার কল, রাসায়নিক সার, কীটনাশক-এর উপরে আমাদের প্রচলিত যে ট্যাক্স ফোর পারসেন্ট হারে নির্ধারিত, তার উপর আবার বাড়তি, জানি না সেখানে এই কৃষিকাজে ব্যবহৃত এইসব সরঞ্জামের উপর কত পারসেন্ট কর, এই এন্ট্রি ট্যাক্স বসাবেন। আমরা সারের কথাটাই যদি ধরি, যেভাবে মূল্যবৃদ্ধি ঘটে গেল, আমাদের এই আলোচনায়, আপনার বাজেটের উপর বলতে গিয়ে, আমাদের এক বিধায়ক তিনি উল্লেখ করেছেন, আমিও উল্লেখ

করছি, ঠিক কিভাবে সারের দামগুলি লাফিয়ে লাফিয়ে বাড়ল। ২০১০-এর থেকে ২০১২ আমি এটা হিসাব দিচ্ছি, এস.এস.পি. দাম ৫০ কেজি বস্তায় যেখানে ২০০ টাকা ছিল, সেটা বেড়ে গেল ৩০০ টাকা। পটাশ যেখানে ৫০ কেজি বস্তায় ২৪৬ টাকা থেকে একেবারে ডবল হয়ে ৪৬৮ টাকা হয়ে গেল। এম.পি.-কে ১০,২৬,২৬ যেটা খুব প্রয়োজন, আমরা যারা চাষ করি, তারা প্রত্যেকে জানি, যেটা ৪৭৫ টাকা ৫০ কেজির বস্তা ছিল, সেটা বেড়ে গিয়ে দাঁড়াল ৮৭৪ টাকা। এইভাবে কীটনাশকের দাম, সেটা আরো দ্বিগুণ, কোনো জায়গায় তিনগুণ এইভাবে বৃদ্ধি পেল। আজ সেই জায়গায় দাঁড়িয়ে আপনি এই এন্ট্রি ট্যাক্স আরো সাংঘাতিক অবস্থায় দাঁড়াবে। কি অবস্থা দাঁড়াবে আমাদের এই কৃষক ভাইদের। আমাদের ওখানে গ্রাম বাংলায় আর্থ সামাজিক সমীক্ষার কাজ চলছে গ্রাম জুড়ে। সেদিন বি.ডি.ও.-রা আলোচনা হচ্ছিল, যে আপনার সেই এলাকার, এলাকা ধরে ধরে মানুষরা কোথায় ? এই কয়েক মাসে মানুষরা চলে গেল বাইরে। সাংঘাতিক অবস্থা। বাড়ির বৃদ্ধ-বৃদ্ধাকে বাদ দিয়ে কাজের সন্ধানে ছুটে যাচ্ছে। এই অবস্থার মধ্যে আপনি নতুন করে আর একটা ট্যাক্স বসিয়ে সাংঘাতিক অবস্থার সৃষ্টি করবেন। তাই আমি আপনাকে অনুরোধ করব, আরো অনেকগুলি বিষয় ছিল, যে বিষয়গুলি আলোচনা করাটা খুব জরুরি। যেমন, ইচ্ছাকৃতভাবে কোনো ডিলার বা ইমপোর্টার যদি রিটার্ন তিনি দাখিল না করেন, তাকে প্রথম অবস্থায় ১০ হাজার টাকা আপনার জরিমানা দিতে হবে। যদি এই জরিমানা হয় দ্বিতীয় পর্যায়ে তাকে ৬-মাস জেল অথবা ২৫ হাজার টাকার কথা উল্লেখ করা হয়েছে। গ্রামে গ্রামে শহরে শহরে নতুনভাবে আবার দালাল তৈরি করবেন। যে দালাল, এই দালালদের জন্য আপনাকে আবার নতুন ভাবে চিন্তা করতে হবে, তাই আপনার কাছে বিশেষভাবে অনুরোধ করছি, অর্থ প্রয়োজন, কিন্তু এই অর্থ এই ভাবে আনবেন না। এইভাবে আসলে গোটা দেশে যেভাবে দ্রব্যমূল্যর বৃদ্ধি ঘটবে, এই দ্রব্যমূল্য একটা বিভীষিকার রূপ নেবে, তাই আপনার কাছে অনুরোধ, আপনি যে বিল এনেছেন, একে সমর্থনে করতে পারছি না, এই বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিল নম্বর ফোর অফ ২০১২, দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স অন এন্ট্রি অফ গুডস ইনটু লোকাল এরিয়াজ বিল, ২০১২-র সমর্থনে দু-একটি কথা বলি। কয়দিন ধরে সভায় এই বাজেট বিতর্ক চলছে। সেই বাজেট বিতর্কে আমার বিরোধী বন্ধুরা বিভিন্ন সময়ে অংশগ্রহণ করেছেন, আলোচনা করেছেন। আবার কোথাও কোথাও তারা অসন্তুষ্ট হয়েছেন বলে তাদের ধৈর্যের অভাবও আমরা দেখতে পাচ্ছি। আজ সকালেই আমার এক বিরোধী বন্ধুর নাম বলব না, দেখা হয়েছিল আমার সঙ্গে, তো, আমাকে প্রশ্ন করল যে আপনি শাসকপক্ষে বসে কি রকম অনুভব করছেন ? তা, আমি বললাম যে দেখুন, আমার তো ওইখানেও বসা অভ্যেস ছিল, আবার এখানেও বসছি। আমি আলাদা করে কিছু অনুভব করছি না, তবে দায়িত্ব বেড়েছে, সংযমী হওয়ার চেষ্টা করছি। মানুষের কথা বলার চেষ্টা করছি, এই পর্যন্তই। তা আমি তার মুখটা দেখে বুঝলাম যে তিনি খুব কষ্টে আছেন, এখান থেকে ওইদিকে চলে যাওয়াতে খুব কষ্টে আছেন এবং খুব দ্রুত কিভাবে আবার এদিকে আসা যায় সেই চেষ্টাটা করার ইচ্ছা

একটা আছে। কিন্তু উনি জানেন কিনা জানি না, আগামী ১৫-২০ বছরের মধ্যে বোধহয় এদিকে আসার সম্ভাবনা খুবই কম। কারণ আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তার সুযোগ্য নেতৃত্বে পশ্চিমবাংলার যে ব্যবস্থা চলছে তাতে আমরা খুব আশাবাদী। কারণ আমরা মানুষে বিশ্বাস করি তো। আমরা মাটির তলার কোনো পদার্থে বিশ্বাস করি না। আমরা কোনো গুণ্ডামি, মস্তানি, রঙবাজি এইসব বিশ্বাস করি না। আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে সরকারে এসেছি। সরকারে থেকে আমরা মানুষের পাশে দাঁড়াব। আজ সকালেই আমাদের মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের একটা কথা শুনে হঠাৎ দেখলাম বিরোধীরা খুব জ্বলে-পুড়ে উঠল। এ তো অনেকটা সেই 'দেখবি আর জ্বলবি, ফুলকো লুচির মতো ফুলবি।' এইরকম একটা ব্যাপার হচ্ছে। আমি আপনাদের বলছি, এই যে হঠাৎ করে জ্বলে উঠছেন, এতে আপনাদের কষ্ট হচ্ছে সেটা আমি জানি। কিন্তু আপনারা জানেন কি মমতা বন্দ্যোপাধ্যায় যখন একমাত্র নেত্রী হিসাবে, সাংসদ হিসাবে পার্লামেন্টে ঢুকতেন তখন আপনাদেরই সাংসদরা তাঁর সঙ্গে কি ভাষায় সংসদের মধ্যে কথা বলতেন ? বোধহয় সূর্যবাবুরা চেষ্টা করেননি জানার বা সেই সৌজন্যতা বোধ দেখানোর। আমরা তো অনেক ভদ্রভাবে আপনাদের সঙ্গে কথা বলছি। আমি জানি সূর্যবাবু যখন কথা বলেন, আপনারা লক্ষ করে দেখবেন, এই হাউসে, বুকের ওপর হাত রেখে কথা বলেন। আমি জানি ওনার বুকে অনেক ব্যথা। ওনার বুকে ব্যথা এবং বুকে হাত রেখে কথা বলেন। আসলে অজস্র অসত্য কথা বলেন। যার ফলে উনি বুকে হাত রেখে কথা বলেন। আনিসুর সাহেব এখানে আগের দিন অনেক বড়ো বড়ো কথা শুনিয়ে গেলেন। এইসব শুনে আমার যেটা মনে হয়, আগে আপনারা ঠিক করুন, আগে ৩৪ বছরের সরকারের পুরোধা হিসাবে আপনারা ঠিক করুন যে আপনারা কি চান। সম্প্রতি আপনাদের পার্টি কনফারেন্স গেল, সেইখানে আপনারা সিদ্ধান্ত নিয়েছেন এবং সেখানে আপনারা আলোচনা করেছেন যে আমরা উন্নয়নের মধ্য দিয়ে আমাদের বিপ্লবের পথ ত্বরান্বিত করব না বন্ধ করব। অর্থাৎ আপনাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আপনারা কি চান ? বাজেটের মধ্য দিয়ে কর বসিয়ে তা বাংলার উন্নয়ন করে বাংলাকে এগিয়ে নিয়ে যেতে চান না আপনারা বিপ্লবের কথা বলে উন্নয়ন দিয়ে বিপ্লবকে বন্ধ করা যায়, এ কথায় বিশ্বাস করে বিপ্লব করতে চান না। এই যে দুটো পরস্পর বিরোধী আপনাদের যে লড়াই এই লড়াইয়ের ফল হচ্ছে বিগত ৩৪ বছরে আমাদের এই পশ্চিমবাংলাটা শেষ হয়ে গেছে। আমি অমিতবাবুকে অত্যন্ত সাহসী পদক্ষেপের জন্য ধন্যবাদ জানাবো। তিনি উদ্যমী মানুষ, সত্যি মা-মাটি-মানুষের লোক। সহজ সরল লোক এটা আপনি ঠিকই বলেছেন। সেই অমিতবাবু যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের দুটি দিক নিয়ে আমি আগে আপনাদের বলি—যে কোনো বাজেটের দুটো দিক থাকা উচিত। যেটা আপনাদের ছিল না। একটা দিক হচ্ছে, আমার বাজেটের লক্ষ্যটা কি। অমিতবাবু সেই লক্ষ্য/টা খুব ক্লিয়ার বলেছেন। লক্ষ্যটা কি আমি আপনাদের একটু পড়ে শোনাই। শুনে আনন্দ পাবেন। লক্ষ্যটা হচ্ছে যে, ১০ লক্ষ বেকারের কর্মসংস্থান। ইয়ার্কি মারতে পারেন, ঠাট্টা করতে পারেন। কিন্তু একটা সৎ প্রচেষ্টা উনি রেখেছেন। আর কি রেখেছেন—কৃষিতে বিশেষ করে জোর দিয়েছেন। ক্ষুদ্র শিল্পের ওপরে জোর দিয়েছেন। হরিপুরে মৎস্য বন্দর করবেন বলেছেন। এই দিনটা মাথায় রাখবেন,

প্রতি বছর কৃষক দিবস ১৪ই মার্চ, যেটা করেছিলেন নন্দীগ্রাম, সেই দিনটাকে আমরা কৃষক দিবস হিসাবে পালন শুধু করব না, সেই ব্লকের একজন কৃষককে আমরা 'কৃষিরত্ন' দেব। ভাবতে পারছেন ! ভাবতে পারছে না। কষ্ট হচ্ছে বুঝতে পেরেছি। আর কি করবেন, উনি বলেছেন—উনি বলেছেন পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দ ১১.৫৬%, ভাবতে পারছেন ! কষ্ট হচ্ছে। সবার জন্য হেল্‌থ ব্যাঙ্ক। আগামী তিন বছরের মধ্যেও সবার বাড়িতে লাইট জ্বলবে। পড়বেন সেই লাইটে। আর কি বলেছেন—আর্থিক দুর্বল মানুষদের জন্য ভর্তুকিযুক্ত গৃহ নির্মাণ। তিনি আর কি বলেছেন—শ্রমিক কল্যাণে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক এবং অসংগঠিত শ্রমিকদের জন্য তিনি বলেছেন মুক্তি কার্ড এবং উনি বলেছেন যে ডোমেস্টিক এল.পি.জি.-র খালি সিলিন্ডারের ভ্যাটের ওপরে কর বসবে না এবং তিনি আরো বলেছেন দুটো বিশ্ববিদ্যালয় করবেন এবং দশটি নতুন কলেজ করবেন। তাহলে একটা বছরে একটা লক্ষ্য নিয়ে তিনি এগিয়েছেন। কোনো লক্ষ্য আপনাদের ছিল না। উনি একটা লক্ষ্য নিয়েছেন। আর সেই লক্ষ্যগুলোকে পূরণ করতে গেলে কি করতে হবে—কিছু কিছু জায়গায় কর বসাতে হবে। বিনা করে তো চলে না, কর কিছু বসাতে হবে। সেই করের মধ্যে দেখতে হবে যে সাধারণ আমজনতা যাদেরকে আমরা মা-মাটি-মানুষ বলি, যাদেরকে আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী তখন আমি ওইদিকে বসতাম, উনি পাকা চুল নিয়ে এখানে বলেছিলেন যে মা-মাটি-মানুষ সেটা আবার কি বস্তু ! ওটা তো যাত্রায় হয়।

[5.00 – 5.10 p.m.]

এতো ওনার ঔদ্ধত্য ছিল। মা-মাটি-মানুষ কি এবার বুঝতে পারছেন। ...(নয়েজ)...। বাড়িতে বসে আছেন এখন। ...(নয়েজ)... এখন বাড়িতে বসে আছেন। তো সেই মা-মাটি-মানুষের কথা ভেবে তিনি কি করেছেন ? তিনি ঠিক করেছেন যে এই ট্যাক্সটা বসাবেন। ১০ লক্ষ টাকা বেশি দামের গাড়ি যারা চড়বে তাদেরকে ট্যাক্স দিতে হবে। আর কি বলেছেন ? যারা বিশ হাজার টাকার বেশি দামের মোবাইল ব্যবহার করবেন, তাদেরকে ট্যাক্স দিতে হবে। ১৫ হাজার টাকা বেশি দামের ঘড়ি যারা ব্যবহার করবেন, তাদেরকে ট্যাক্স দিতে হবে। ২৫ হাজার টাকা বেশি দামের টিভি যারা ব্যবহার করবেন, তাদেরকে ট্যাক্স দিতে হবে। তাহলে এতগুলো সাহসী দায়িত্ব উনি নিয়েছেন। এন্ট্রি ট্যাক্সটাও ওর মধ্যে আছে। এন্ট্রি ট্যাক্সটা ১৯৯৫-এর ১লা এপ্রিল আপনারা তুলে নিলেন। আপনারা বলেছিলেন, সে সময় আমরা বিরোধিতা করেছিলাম। এন্ট্রি ট্যাক্সের আমরা বিরোধিতা করেছিলাম। তার কারণ হচ্ছে, তখন এন্ট্রি ট্যাক্সে একটা ঘুষের মহড়া হয়ে গিয়েছিল। প্রত্যেক অঞ্চলে, যখন স্টেটের মধ্যে ঢুকছে, সেখানে আপনাদের কিছু পার্টি কমরেডকে বসিয়ে ওই এন্ট্রি ট্যাক্সের নামে পনেরোটা করে গাড়ি ছেড়ে দিতেন। ওই কমরেডরা টাকাগুলো খেয়ে নিতেন। আর একটা গাড়ি এন্ট্রি করিয়ে সরকারের খাতায় জমা করতেন। যখন প্রাক্তন মুখ্যমন্ত্রী এটা জানতে পারলেন, তখন ওই এন্ট্রি ট্যাক্সটা উনি তুলে দিলেন। কিন্তু আমরা আবার এন্ট্রি ট্যাক্সটা নিয়ে এলাম। কারণ আমার রাজ্যের যে জিনিসগুলো তৈরি হচ্ছে, সেগুলো যখন অন্য রাজ্যে যাচ্ছে, সেই রাজ্য তখন তার ওপর ট্যাক্স বসাচ্ছে। কিন্তু আমার রাজ্যে যেগুলো

ঢুকছে, আমি যদি না বসাই তাহলে একটা বৈষম্য থেকে যায়। তো আমরা সেই জন্যেই এই ট্যাক্সটা এখন আর আপনাদের মতো করে কোনো কমরেডদের বসিয়ে টাকা আদায় করব না। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, তিনি একটা ইলেকট্রনিক্স বিলিং সিস্টেমের মধ্যে, ইন ভয়েজের মধ্যেই আপনার সেই টাকাটা ধরা থাকবে। এখানে কোনো ক্যাশ টাকা গোনার কোনো সুযোগ নেই। ...(নয়েজ)... তো, বিরক্ত লাগছে বুঝি ? আমার বলাটায় কষ্ট হচ্ছে ? তো আমি সেইজন্যেই বলছি, যে আমরা সম্পূর্ণভাবে, আমার আরো অনেক কিছু বলার ছিল। কিন্তু স্যার, অত্যন্ত অল্প সময়, তো আমরা আজকে সামগ্রিকভাবে বাজেটের একটা অংশ হচ্ছে এন্ট্রি ট্যাক্স, এটাকে সমেত আমরা সমস্ত ট্যাক্সগুলোকে সমর্থন করে আমাদের সরকারের যে দিশা, সেই দিশা হচ্ছে মানুষের পাশে দাঁড়ানো, মানুষকে সেবা দেওয়া, মানুষের পরিষেবা দেওয়া। আমরা এটা অঙ্গীকারবদ্ধ আমরা এটা করব। এবং এটা করার জন্যেই আমাদের এই ট্যাকসেসান বিলটাকে সমর্থন করলাম। ধন্যবাদ। নমস্কার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী তিনি এখানে The West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012 এনেছেন। আমি এই বিলের আলোচনায় ঢোকবার আগে বলি, মাননীয় অর্থমন্ত্রী, তিনি এখানে যে বাজেট বক্তৃতা করেছেন তো সেই বাজেটের ওপরে আমরা আলোচনা করেছি। আলোচনা করার সময় আমরা বলেছি যে ওনার এই বাজেট অসম্পূর্ণ, অনিশ্চিত বাজেট। ...(নয়েজ)... কেন বলেছি, সেই কথা আমরা ওনার বাজেট বক্তব্যের ওপরে আলোচনা করতে গিয়ে বলেছি। যে, কিভাবে তিনি রাজস্ব আদায় করতে পারলেন না। তার জন্যে ২৭৫৬ কোটি টাকা ঘাটতি, এবং সেই ঘাটতি পূরণ করবার জন্যে বাজার থেকে সাড়ে সতেরো হাজার কোটি টাকা ঋণ নিলেন। সেই ঋণের বোঝা মাথায় নিয়ে প্রমাণ করলেন যে দেশের মধ্যে যতগুলো রাজ্য আছে, সেখানে পশ্চিমবাংলা আজকের দিনে সবচাইতে বেশি ঋণ করেছে। তো সেই রাজ্যটাকে ঋণগ্রস্ত করে আপনারা এই যে নতুন কর, এই নতুন কর, এন্ট্রি ফি এখানে আপনারা আরোপ করতে যাচ্ছেন। আমার আগের বক্তা বলছিলেন, যে ওই সত্তর দশকে, কারা ক্ষমতায় ছিল ? আপনাদের শরিক। তখন আপনারা কংগ্রেসেই ছিলেন। ১৯৯৮ পরে তো আপনারা তৃণমূলে ভাগ হয়েছেন। তো তখন এই এন্ট্রি ফি উনারা চালু করেছিলেন। এবং তখন ওই টোল কালেকশান করতেন, চুঙ্গি কালেকশান করতেন। সে অভিজ্ঞতা আমাদের আছে। যে কারণে বামফ্রন্ট সরকার ১৯৯৫ সালে এই এন্ট্রি ফি-টা প্রত্যাহার করে। সে কথা বলেছি আমরা প্রত্যাহার করে কেন ? আমাদের পরেশদা বলছিলেন, তার বক্তব্য বলার সময় যে, আপনারা এখানে বলেছেন—এখানে মাননীয় মন্ত্রী বলেছেন বিলের মাধ্যমে বলার চেষ্টা করেছেন ২০০৩ সালে debt আইনের C, CA এবং De-schedule এবং ১৯৯৪ সালে পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইনে, চার এবং এখানে আবার amendment দিয়েছেন, আট-এর schedule-এ উল্লেখিত পণ্য থেকে, এখানে আগে যেটা বলা ছিল, আপনার সেখানে amendment দিয়ে বলেছেন যে, Schedule, in the entry in column (2) against serial no. 2 in column (1), for the word and letters "Schedule VIIIA", the word and letters "Schedule

VIII" be substituted—আপনি এটা বলছেন। অর্থাৎ এর মধ্যে থেকে আপনি কি বলতে চাইছেন। এখানে এই যে সর্বোচ্চ পাঁচ শতাংশ হারে আপনি পণ্যের উপরে কর আরোপ করছেন। এই পাঁচ শতাংশ হারে, কর আরোপ করতে গিয়ে কত টাকা আপনি নতুন করের মাধ্যমে কত টাকা আয় করবেন ? আপনি বলছেন এই বিলের মাধ্যমে যা টাকা আয় হবে, সেই টাকায়—রাস্তাঘাট, ব্রীজ ইত্যাদি পরিকাঠামো উন্নয়নে খরচ হবে। এই কথা আপনারা বলছেন। আমার অভিজ্ঞতা থেকে বলছি, আপনি এখানে যা বলছেন, তাতে করে আমরা দেখেছি, এই যে করের মধ্যে কর বসিয়ে এই যে জিনিসপত্রের দাম অস্বাভাবিক ভাবে বাড়বে এবং এখানে যতগুলো জিনিসপত্রের উপরে কর—শুধু খাদ্যসামগ্রী নয়, কৃষি পণ্য থেকে, খাদ্য সামগ্রী থেকে শুরু করে ইট, বালি সমস্ত কিছুর উপরে আপনারা কর আরোপ করবেন। ফলে কি হবে ? ফলে একটা সাংঘাতিক বোঝা সাধারণ মানুষের উপরে আসবে। কারণ এমনিতেই যে হারে জিনিসপত্রের মূল্যবৃদ্ধি হচ্ছে, যে হারে দাম বাড়ছে তার উপরে এই নতুন entry কর বসিয়ে, প্রবেশ কর বসিয়ে—আপনারা সাধারণ মানুষের উপর আর্থিক আঘাত নিয়ে আসবেন। সেই কারণে আমরা entry করের বিরোধিতা করছি। আমরা দেখেছি যে, আজকে আপনারা কি করবেন ? তমোনাশবাবু বলছিলেন যে, এখানে আমরা তো বলছি—এখানে স্বচ্ছতা কোথায় ? আপনারা কি করবেন ? আপনারা আপনাদের পার্টির লোক নিয়োগ করবেন। হাওড়া, উলুবেড়িয়া তারপর বিভিন্ন জায়গাতে আপনারা collection-এর জন্য লোক বসাবেন। কি collection হবে ? এখানে কি স্বচ্ছতা থাকবে ? মাননীয় অর্থমন্ত্রী বলবার সময় বলবেন যে, কি ভাবে ট্যাক্সটা আদায় করবেন ? কীসের মাধ্যমে ? যদি টোল ট্যাক্স কালেকশান না করেন, চুঙ্গি করের মতো, তাহলে কাদের মাধ্যমে আদায় করবেন ? যে সমস্ত পণ্য আসবে—বিভিন্ন পণ্য একটা জেলা থেকে আর একটা জেলাতে, কৃষি পণ্য থেকে শুরু করে অন্যান্য জিনিসপত্র, তাহলে সেখানে কি হবে। সেখানে যদি এই বিক্রয় কর আরোপ করেন, তাহলে ডবল কর বসিয়ে তারা সেখানে ক্ষতিগ্রস্ত হবে। তাই আমরা যে কথাটি আগেও বলেছি—যে ভ্যাট চালু ছিল, ভ্যাট যদি এক শতাংশ হারে সেখানে আরোপ করতেন, তাহলে কি হত ? এক শতাংশ হারে ভ্যাট আরোপ করলে, সেখানে কাঁচামালের উপরে একবার ভ্যাট হলে, সেইটা যখন উৎপাদন হবে, তখন খরচ তাতে বাড়বে। কিন্তু সেটা যখন বিক্রি হবে সেই সময় এই যে এক শতাংশ হারে ভ্যাট বসল। বিক্রি করার সময় সেটা লাগবে না, সেটা প্রত্যাহার হবে। তাহলে বিক্রির সময় দামটা বাড়বে না। আপনারা সেই পথে গেলেন না। আপনি এখানে অতিরিক্ত entry কর বসিয়ে, সাধারণ মানুষের পকেট কাটার ব্যবস্থা করলেন। অর্থাৎ আবার জিনিসপত্রের দাম সাংঘাতিক হারে বাড়বে। ইট, বালি, পাথর-এর উপরে যদি entry ট্যাক্স বসে, তাহলে আজকে যে ঘরবাড়ি তৈরি হচ্ছে, সেখানে জিনিসপত্রের দাম আরও বাড়বে। অর্থাৎ এমনিতেই বাড়ি তৈরির কাজে যে সমস্ত জিনিসপত্রের দাম যে হারে বেড়েছে।

[5.10 – 5.20 p.m.]

তাহলে মানুষের নাভিশ্বাস উঠবে। খুব স্বাভাবিক কারণে কৃষি যন্ত্রপাতি থেকে শুরু করে সার ইত্যাদি, এই যে সাধারণ কৃষকদের যা হাল করেছেন, আজকে কৃষি ফসলের দাম নেই অথচ

কৃষি উপকরণের দাম সাংঘাতিক, কৃষি সরঞ্জামের দাম সাংঘাতিক। আজকে কৃষি পণ্যের দাম বাজারে পাচ্ছে না। তাহলে আজকে চাষীরা যাবে কোথায় ? আত্মহত্যার জায়গা তো তৈরি করে দিয়েছেন। আবার এই প্রবেশ কর রাজ্যের মানুষকে সর্বনাশের দিকে ঠেলে দেবে। তাই এই এন্ট্রি করের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে The West Bengal Tax on entry of Goods into Local Areas Bill, 2012 হিসাবে এসেছে It is a part and parcel of the budget প্র্যাকটিক্যালি in details in the form of a Bill। বাজেটের সময় ইঙ্গিত দিয়েছিলেন মাননীয় অর্থমন্ত্রী, তাঁর যে আয়ের উৎস, তার মধ্যে এটা একটা তিনি করবেন। আজকে সেটা ইন ডিটেল্‌স ইন দি ফর অফ এ বিল নিয়ে এসেছেন। সুতরাং বাজেট আমি সমর্থন করেছি আজকেও এটা সমর্থন করছি। তার কারণ স্যার, যখনই একটা বাজেট তৈরি হয় তার উদ্দেশ্য তো একটা থাকে। উদ্দেশ্য হচ্ছে আজকের এই সরকারের যে উদ্দেশ্য নিয়ে এই বাজেট—বাজেট প্রস্তুত হয়েছে এবং পাশ হয়ে গিয়েছে—তার উদ্দেশ্য হচ্ছে জনগণের কল্যাণ করা জনগণের উন্নয়ন করা এবং যত কম মানুষের উপর কর বা কিছু চাপিয়ে দেওয়া। মাননীয় অর্থমন্ত্রী উন্নয়নের জন্য অনেক পরিকল্পনা নিয়েছেন। আজকে চা-শ্রমিক থেকে আরম্ভ করে কৃষক থেকে আরম্ভ করে শিক্ষক থেকে আরম্ভ করে অনেক ভালো ভালো পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন। তার জন্য প্রচুর টাকা তিনি বরাদ্দ করেছেন। কিন্তু স্যার, আজকে তিনি যে বিলটা নিয়ে এসেছেন তাতে মানুষের উপর কিছু কর চাপবে। তা আয় তো কিছু করতে হবে। যদি আয় কিছু করা না যায় শুধু ব্যয়ই হবে তাহলে সংসারটা চলবে কি করে ? এই পরিপ্রেক্ষিতে দু-একটা কথা আমি আপনার সামনে নিবেদন করতে চাইছি। স্যার, এই পশ্চিমবাংলায় ট্রাকের মাধ্যমে লরির মাধ্যমে অনেক খাদ্যদ্রব্য, অনেক কিছু জিনিস আসে। সেটা বিভিন্ন রাজ্য থেকে আমাদের রাজ্যে প্রবেশ করে। এখন এই যে লোকাল এরিয়ায় প্রবেশ কর আদায় হবে, কোথায় কোথায় লোকাল এরিয়ায় আদায় হবে ? যে কোনো গ্রাম পঞ্চায়েত এরিয়ায় ঢুকলেই কি দিতে হবে ? যে কোনো মিউনিসিপ্যালিটি এরিয়ায় ঢুকলেই কি দিতে হবে ? সেই সম্বন্ধে কোনো নির্দেশ এই বিলে নাই। সুতরাং এই জিনিসটা একটু পরিষ্কার হওয়া দরকার। এর আগে যখন চুঙ্গি কর ছিল তখন আমাদের যে অভিজ্ঞতা তাতে দেখা গেছে এক-একটা জায়গাতে ৩দিন ৪দিন লরি দাঁড়িয়ে আছে। কাঁচা মাল পচে যায়, অন্ধ্র থেকে মাছ আসে সেটা নষ্ট হয়ে যায়। কয়েকদিন আগে আমি বলেছিলাম যে ওভার লোডেড লরি, যারা ওভার লোডেড হয়ে আসে তাদের মাপার কোনো ব্যবস্থা নেই। সেখানে যদি ওয়ে মেশিন না থাকে, ওয়ে মেশিনের মাধ্যমে যদি এই সমস্ত লরিগুলোতে কত মাল আসছে কত মাল যাচ্ছে এর যদি কোনো ওজন করার ব্যবস্থা না থাকে এবং কোথায় কোথায় থাকবে তার যদি কোনো ব্যবস্থা না থাকে তাতে তো মানুষের আরো অসুবিধা হবে। এর আগে যখন চুঙ্গি কর ছিল, একজন বলছেন কোরাপশানে ভর্তি, বর্তমানে যে অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ, ওদের ৩৪-৩৫ বছরে ওনাদের রাজত্বে আরো কোরাপশানে ভর্তি হয়ে গিয়েছে, আরো বেশি বাস্তু ঘুঘুর বাসা হয়ে গিয়েছে। তাহলে আপনি এই কোরাপশান যদি বন্ধ করতে না পারেন তাহলে আপনার রাজকোষে যে টাকা আসবে তার চেয়ে অন্যদিকে

যে অনেক ফাঁক আছে সেই ফাঁক দিয়ে অনেক টাকা বেরিয়ে যাবে। সুতরাং আমার নিবেদন মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে যে, এই সমস্ত ফাঁকগুলো, আজকে অ্যাডমিনিস্ট্রেশানে যে কোরাপশান সেই কোরাপশানের চেকের ব্যবস্থা না করতে পারেন তাহলে এই উদ্দেশ্যটা ব্যাহত হবে। স্যার, আপনি একটু আমাকে বলবেন যখন ওনাদের আমলে এই চুঙ্গি করটা উঠে যায়, আমি জানি না, আপনি একটিবার জানাবেন, ভুল হতে পারে, সত্যটা জানাবেন, তখন তো সেন্ট্রাল গভর্নমেন্টের একটা কথা ছিল এই—যে টাকাটা ক্ষতি হবে, যে টাকাটা কম হবে আয়ের ক্ষেত্রে, সেই আয়টা ওখান থেকে একটা গ্র্যান্ট হিসাবে পাওয়া যাবে। এই রকম কোনো শর্ত ছিল কিনা এবং যদি শর্ত থাকে এখন সেই শর্তটা কি অবস্থায় আছে ? এখন কি সেন্ট্রাল গভর্নমেন্ট এই প্রবেশ করের জন্য আপনি যদি ইন্ট্রোডিউজ করেন তাহলে সেই রকম কোনো গ্র্যান্টের ব্যবস্থা আছে কিনা ? আমি জানি স্যার, যে আজকে এই করের—যে কোনো কর হোক না কেন, সেই করের জন্য গরীব মানুষদের খাবার-দাবারের দাম কিছু বাড়বে। কিন্তু সেই বাড়বার জন্য যে, একটাকে বাড়িয়ে দিয়ে যদি আরও তিনটে মানুষের উপকার করতে পারি, তবে সেটাই দেখতে হবে আমাকে। সুতরাং তাই আজকে মাননীয় অর্থমন্ত্রী তিনি যে বিলটা নিয়ে এসেছেন, তার জন্য একটা ছাড়, একটা কনসোলিডেটেড ফান্ড তৈরি হবে, একটা অ্যাকাউন্ট তৈরি হবে, সমস্ত টাকা-পয়সা যা কিছু আয় হবে সেই অ্যাকাউন্টে জমা হবে এবং তিনি যে পারপাস অফ্‌ দি ইনকাম, সেই পারপাসটা তিনি বিস্তারিতভাবে বলেছেন যে পশ্চিমবাংলায় এই টাকা থেকে কি কি পারপাসে তিনি কাজ করবেন। রাস্তাঘাট, ইলেকট্রিসিটি বিভিন্ন ধরনের ইনফ্রাস্ট্রাকচার অর্থাৎ জনকল্যাণের স্বার্থে—জনকল্যাণের স্বার্থে মানুষের কাছে আমরা যদি একটু বোঝা চাপাই, আমার ধারণা পশ্চিমবাংলার মানুষ—যেটুকু তাদের উপর চাপবে, আরও যে বিভিন্ন ভাবে এই সরকারের মাননীয় অর্থমন্ত্রী পরিকল্পনা গ্রহণ করেছেন ফর দিস অ্যান্ড দিস পারপাসেস, আমি এই টাকা ব্যয় করব তাহলে সেই টাকা মানুষের উপর যদি চাপে এবং সামান্য কিছু দাম বাড়ে, যদি বাড়ে তাহলে, সেটা নিশ্চয়ই মানুষ গ্রহণ করবে। আজকে যখন মানুষ ওষুধ খায়, অনেক সময় তো তেতো লাগে ক্যুইনাইন। কিন্তু যখন দেখে যে এই সুবিধার জন্য, অসুখ তাড়াবার জন্য, অসুখ সারাবার জন্য আমি এই ক্যুইনাইন খাচ্ছি, তখন সে ক্যুইনাইন খাবার ইচ্ছা প্রকাশ করে। তার জন্য তার গায়ে ব্যথা আসে না। সুতরাং আমাদের যে বিভিন্ন ধরনের উন্নয়ন করার পরিকল্পনা গ্রহণ করেছেন এই সরকার, সেই সরকারের আয় বাড়াবার জন্য—আমি এটাও বুঝতে পারছি, তাই আপনার কাছ থেকে জানতে চাইছি যে আপনার এক্সপেক্টেশানটা কত ? এই প্রবেশ করের মাধ্যমে আপনি কত টাকা এক্সপেক্ট করছেন যে এত টাকা আমার ইনকাম হবে। আপনার তো একটা ইনকামের আশা থাকে। যেমন ওই মূল্যবান জিনিসগুলোর উপরে আপনি যে কর চাপাচ্ছেন, মোটরগাড়ির উপরে, ফ্রিজের উপরে, বেশি দামের ঘড়ির উপরে, সেখানে আপনার পরিষ্কার হওয়া দরকার। আপনাকে সেদিন জিজ্ঞাসা করেছিলাম যে আপনার এখান থেকে কত টাকা ইনকাম হবে বলে আপনি আশা করছেন। ইনকাম যদি আশা করা না যায়—যখন আপনি একটা বিল আনছেন, একটা কর ধার্য করছেন—তাহলে আমাদের উদ্দেশ্য সার্থক হবে না। তাই মাননীয়

অর্থমন্ত্রী আজকে যে বিলটা নিয়ে এসেছেন, উদ্দেশ্য যেহেতু মহৎ, উদ্দেশ্য যেহেতু ভালো, সেইজন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীলভদ্র দত্ত: মাননীয় স্পীকার স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র আনীত "The West Bengal Tax on Entry of Goods into Local areas Bill, 2012-কে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। আমার আগেই আমাদের বিরোধী দলের দু-জন নেতা, প্রাক্তন মন্ত্রী পরেশ অধিকারী এবং মাননীয় নর্মদা রায় মহাশয় বক্তব্য রেখেছেন। বক্তব্য রাখতে গিয়ে বলছেন, নর্মদাবাবু বিশেষ করে বলেছেন যে দুর্নীতির একটা আখড়া হবে, অস্বচ্ছতার কথা বলেছেন পরেশবাবু। এদের এই বলা দেখে মাননীয় স্পীকার স্যার, আমার মনে পড়ে এনারা বোধহয় নিজেরাই নোংরা জামা-কাপড় পড়ে আয়নার সামনে দাঁড়িয়ে আয়নাটাকেই নোংরা ভাবছেন। কারণ নিজেরাই দুর্নীতির রাজনীতিতে ডুবে গিয়ে যা দেখেন তার মধ্যেই দুর্নীতি খুঁজে পান। ভাবেন সবটাই বোধহয় দুর্নীতিতে ডুবে যাবে। মাননীয় স্পীকার স্যার, আমি জানি, একদিকে ওনারা যেমন বলছেন, একটা সময় বক্তৃতায় শুনছিলাম বারবার বলছিলেন মাননীয় অর্থমন্ত্রী কোথা থেকে টাকা পাবেন।

[5.20—5.30 p.m.]

তিনি কি করে এত সমস্ত প্রোজেক্ট তৈরি করবেন ? আবার যখনই কোথাও ট্যাক্স বসছে ওনারা চিৎকার শুরু করে দিয়েছেন—কেন এটা বসছে, গরীব মানুষের ক্ষতি হয়ে যাবে। মাননীয় স্পীকার স্যার, সারা ভারতবর্ষে ১৯টি রাজ্যে এই ট্যাক্স চালু আছে। যেমন, মহারাষ্ট্রে আছে, গুজরাটে আছে, আসামে আছে, বিহারে আছে, উড়িষ্যায় আছে ঠিক তেমনি ভাবে এক সময় ওনাদের শাসনে থাকা কেরালাতেও আছে। মাননীয় স্পীকার স্যার, ১৯৯৫ সালে কেরালার যে আইন তৈরি হয়েছিল ২০০৫ সালে যাকে পরিবর্তন করে নতুন ভাবে আইন আনা হয়েছে। এন্ট্রি ট্যাক্স কেরালাতেও চালু আছে। ২০০৬-এর নির্বাচনে আমার মনে হয়, সূর্যবাবুদের দল ইউ.এল.ডি.এফ. ওখানে ক্ষমতায় এসেছিলেন। সেই কর কিন্তু ওনারা বাতিল করেননি। আজকে এখানে দাঁড়িয়ে এন্ট্রি ট্যাক্সের বিরুদ্ধে ওনারা অনেক কথাই বলছেন। আজকে যেমন একদিকে ওনারা বলতে চাইছেন, এই এন্ট্রি ট্যাক্সের মধ্য দিয়ে অমিতবাবু সমস্ত জিনিসপত্রের দাম বাড়িয়ে দেবেন, মাননীয় স্পীকার সাহেবের কাছে একটা কথাই বলতে চাইছি, এই ব্যাপারে এন্ট্রি ট্যাক্স নিয়ে, চুঙ্গি কর নিয়ে এর আগে যখন অক্ট্রয় ছিল তা নিয়ে ভারতবর্ষের বিভিন্ন আদালতে অনেক মামলা হয়েছে। আমার মাননীয় সুপ্রিম কোর্টের পাঁচজন জাজের বেঞ্চও সেই মামলাতে তাদের আদেশ দিয়েছিলেন, অর্ডার দিয়েছিলেন এবং সেই ক্ষেত্রে আমরা দেখেছি একটা সময় কোনো কোনো হাইকোর্ট, মহামান্য হাইকোর্ট চুঙ্গি করকে বাতিল করেছিলেন। ১৯৯৫ সালে একটা অর্ডার বেরিয়েছিল। পরবর্তীকালে আবার আমরা দেখেছি, এন্ট্রি ট্যাক্সকে আইনসম্মত বলাও হয়েছে। এন্ট্রি ট্যাক্স সারা ভারতবর্ষের বুকে—১৯টি রাজ্যে যখন চালু আছে, বিভিন্ন রাজ্যে দেখতে পাচ্ছি বিভিন্ন রকমের ট্যাক্স চালু আছে। মহারাষ্ট্রে হায়েস্ট ট্যাক্স—হায়েস্ট স্পীড ডিজেলের উপরে, বোধহয় ৩০ শতাংশের বেশিও এন্ট্রি ট্যাক্স আদায় করা হয়। সেখানে পশ্চিমবাংলার মাননীয়

অর্থমন্ত্রী ৫ শতাংশের বেশি এন্ট্রির ট্যাক্স আদায় হবে না বলে আমাদের এর মধ্যেই কথা দিয়েছেন। আমরা ধন্যবাদ জানাচ্ছি আমাদের প্রিয় অর্থমন্ত্রীকে। মাননীয় অর্থমন্ত্রী এই ট্যাক্সটা আদায় করে শুধুমাত্র নিজের কোষাগারের কিছু টাকা বাড়িয়ে নিয়ে কিছু মাইনা বা অন্য খরচের জন্য এই ট্যাক্সটা আদায় করতে চাননি। তিনি ক্যাটিগরিক্যালি বলে দিয়েছেন, এই ট্যাক্স-এর একটা ফান্ড তৈরি করে সেই ফান্ডে রেখে কি কি খাতে খরচ হবে। সেখানে বলা আছে কনস্ট্রাকশান ডেভলপমেন্ট অ্যান্ড মেন্টেন্যান্স অব রোডস অ্যান্ড ব্রিজেস ফর লিঙ্কিং দ্য মার্কেট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল এরিয়া। আজকে একটা ব্যবসা যদি বাড়াতে যায়, মাননীয় শিল্পমন্ত্রী যদি শিল্পকে বৃদ্ধি করাতে চান সবার আগে যেটা দরকার সেটা ইনফ্রাস্ট্রাকচার—সেটা রাস্তা, সেটা আলো, সেটা জল সরবরাহ। মাননীয় অর্থমন্ত্রী সেই সুযোগটাই বোধহয় করে দিয়ে পশ্চিমবাংলার বুকে ব্যবসার পরিবেশকে ফেরত আনার চেষ্টা করছেন এবং আমরা জানি, যদি ব্যবসার পরিবেশ বৃদ্ধি পায়, যদি নতুন ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলায় আসে, যদি নতুন করে এখানে আবার প্রোডাকশান শুরু হয় তাহলে জোগানটা বাড়বে। জোগান বাড়লে জিনিসের দাম বাড়বে না, জিনিসের দাম কমবে। এটাই স্বাভাবিক। সুতরাং এন্ট্রি ট্যাক্স বসিয়ে দিয়ে জিনিসের দাম বাড়ানোর যে কথা এখানে বলা হচ্ছে আমি তা বিশ্বাস করি না। মাননীয় অর্থমন্ত্রী যেখানে বার বার করে এই এন্ট্রি ট্যাক্স চালু করে দিয়ে বাংলার বিভিন্ন জায়গায় উন্নয়ন, শুধু মাত্র ব্যবসার পরিবেশকে বাড়ানোর জন্য যে উন্নয়ন তৈরি হবে বাংলায় সেই উন্নয়নের ভাগীদার আমরাও হব এবং আমাদের উল্টোদিকে বসে থাকা মানুষগুলোও হবে। তাই আমার মনে হয়, এই এন্ট্রি ট্যাক্সের যারা বিরোধিতা করছেন তারা বোধহয় বিরোধিতার জন্যই বিরোধিতা করছেন অথবা না বুঝে বিরোধিতা করছেন। আমি আর বেশি সময় নিচ্ছি না। মাননীয় স্পীকার স্যার, তাই যে বিল আজকে এখানে আমাদের মাননীয় অর্থমন্ত্রী এনেছেন সেই বিলকে এবং তার সাথে সাথে আমাদের সরকারি দলের চিফ্ হুইপ যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

Shri Sultan Singh : Hon'ble Speaker Sir, I have heard my previous speakers on the subject very carefully. I feel that the Hon'ble Members have not gone through the provisions of this Act. I heard the Hon'ble Leader of Opposition while he was speaking on the budget in his budget speech. He said that this is a regressive measure and he pointed out that the Hon'ble Finance Minister has not clarified the rates, has not clarified the items, has made no mention about the likely income and probably in economic terms, he talks of Kings multipliary fact plus optimization of welfare which I do not understand much though I know a little economics, but I do not deal with any monitory economics, nor his budget and instrument of monitory economics with the State Government. I want to clarify these points first. When this

budget was introduced on 23rd, he went to the media. There are certain allegations by the media. This will create hassle; this will create harassment; this will escalate costs; this will increase price inflation; this may put burden on the common man. So, I think the Hon'ble members of the opposition benches during their budget speeches, supplementary budget speeches and even today on the Appropriation Bill, have repeated that the budget is a matter of fact. It is a Ma-Mati-Manusher Budget. The Telegraph editorial of 24th morning said that the budget does not have a mission, it does not indicate any growth, it does not tell us very clearly where it wants to take off, where it intends to take us on the economic terms. So many things have been commented. The budget as I like, I feel the Hon'ble Finance Minister after propelling a Ma-Mati-Manush initiative has at least opened one door for a growth budget and take care of the huge revenue deficit. There has to be a source of collection. You have to be back out of it as our present revenue resources will certainly not tolerate a debt burden to the extending aim. I am not going merely to the 11 or 12 of the certain states which are having higher debt burden but the ratio with the revenue which is equal. If it is bad, the industry is bad. We are today in a perilous state. The Hon'ble Finance Minister has given us one instrument thereby probably we may have some scope for earning some money about which all the Members of the opposition benches are very worried টাকা কোথা থেকে আসবে, টাকা কোথা থেকে আসবে ? এই বলেন নি, ওই বলেন নি, রেট বলেন নি, কমোডিটি বলেন নি। They are very happy that the Finance Minister has tried to do away with the disparities, the regional disaprity, the class inequalities, everything. They are very happy but they have their own doubts. Probably these doubts are coming as far as this Act is concerned. But they have not read the Act. I will tell you one thing. I think you will like it very much. You will have no entry post, you do not have any check post. This is not an octroi tax, these are in the Act, no octroi post or check post anywhere in the state. This is a local area tax. Anybody who is importing or receiving or purchasing either as a dealer or as an agent or a delivery agent or a purchaser, whether it is a corporation area or a municipality area or a notified area or a gram panchayat area or any little hut located somewhere.

[5.30 – 5.40 p.m.]

He is liable to pay this tax. He will submit a weigh bill, a challan that he is dealing with it. Anybody who is a customer of VAT, he will have to submit and obtain a registration that he is receiving these goods ; if he does not he will pay fine, the penalties. There have been stiff measures as Mr. Paresh Chandra Adhikary told. Measures are very stiff. There are penalties and they will ensure that there is no tax escape. Now one more thing I will say. After saying that there will be no hassles I would say there will be no corruption as well. There will be no corruption even though we will be collecting money. There will always be proper management. The Hon'ble Finance Minister has ensured the same – by training certain personnel so that the regular touts are done away with. These are also the same people who were in the VAT. They will operate within the provisions of this Act also. There is no scope for *goonda raj.* And you are saying that we will have our own check posts ? There shall be no check posts anywhere in the State, neither in the corporation area, nor in the municipal area as the people who will be paying for these taxes, they will be living ordinarily like the people who are paying the sales tax etc. etc. No corruption. ...(noise)... I will say one more thing because I have not got much time. This is called 'compensatory'. The previous speaker from my side has said that the provisions have the sanction of the High Court. They are regulated by 301, 302, 303 & 304. 304 said that these shall be reasonable, that these shall be in the public interest and that these will have the previous sanction of the Government of India. But after the seven-bench of the Supreme Court ...(noise)... Sir, give me some more minutes because I am dealing with a special subject and would like to inform the Hon'ble members about it – all the receipts, collection, advances, that will be collected after deducting the expenditure, this and that, go into the consolidated fund. After that from the consolidated fund they will all be transferred to the compensatory fund to the State of West Bengal ; this compensatory fund, which has been given a clearance by the Supreme Court and all the High Courts. Now there is nothing to stop it. And sec. 18 deals with it very clearly – construction, development, maintenance, road, bridges, transport

hubs, cold storages facilities, waterways, ports, railways stations, air-ports, railway over bridges, under bridges and maintenance of infrastructure, upgradation of pollution free equipments etc. etc. What else are required ? This will give jobs ; may be in agriculture there is a limit. So I am leaving this on you. We might not get ten thousand. But we have started an engine, an engine which will lead up to a place in India. We will move on as well.

(At this stage the mike went off)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিস্টার স্পীকার স্যার, আমি প্রথমেই বলতে চাই, আমার আগে মাননীয় সদস্য শ্রী সুলতান সিং বলেছেন। আমরা বোধহয় এটা পড়িনি, উনি পড়ে আমাদের শুনিয়েছেন, বোঝাবার চেষ্টাও করেছেন। আমি ভালো ছাত্র হিসাবে বোঝবার চেষ্টাও করেছি। আমার মনে হচ্ছে, উনি পড়েছেন ঠিকই কিন্তু বুঝতে পারেননি। আমি যেটা বলতে যাচ্ছি, সেটা হচ্ছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই যে এটা entry tax নয়। অন্য রাজ্যে যেসব চালু আছে, তার সঙ্গে তুলনা করে লাভ নেই। এটা চুঙ্গি করও নয়, এটা octroi নয়। This is what it is, the West Bengal tax on entry of goods into local areas—that is in the bill form. But on what goods ? কি কি জিনিসের উপরে ট্যাক্স বসবে ? প্রিঅ্যাম্বেলে বলা হচ্ছে মাননীয় অর্থমন্ত্রীকে আমি সেদিন বলেছিলাম যে সেদিন আমি আলোচনায় ছিলাম না আজ নিশ্চয় অর্থমন্ত্রী প্রস্তুত হয়ে এসেছেন, বলবেন আমাদের। আমি আপনার কাছ থেকে শিক্ষা নিতে রাজি আছি। what goods ? preamble বলছেন সার্টেন গুড্‌স আবার যদি আপনি চলে যান ধরুন ক্লজ—টু জি সাবক্লজ-জি ইটালিক টু সেখানে বলেছেন স্পেসিফায়েড গুড্‌স। আবার যদি আপনি চলে যান ক্লজ - ২ সাবক্লজ - জে ডেফিনেশানে সেখানে আবার আপনি আর একটা ভাষা ইউজ করছেন। অল কাইন্ডস্ অফ মুভেবেল প্রপার্টিস। কোনটা তাহলে ? সার্টেন গুড্‌স, স্পেসিফায়েড গুড্‌স, অল কাইন্ড অফ মুভেবেল প্রপার্টিস, দা থ্রি ল্যাঙ্গুয়েজেস আর দেয়ার ইন দা বিল ইট সেলফ্। ইট ইজ নট দ্যাট আই ম্যানুফ্যাকচারড্। দেন কাম টু দা সিডিউল। সিডিউলে এগুলো বলা হয়েছে। একবার বলছেন যে গুডস্ রেফারড্ টু ইন সিডিউল-সি। সিডিউল-সি আমরা সবাই জানি ভ্যাটে সিডিউল-সি সব আইটেম ধরে ৩৯০-এর বেশি হবে। গুড্‌স হিসাব করলে অনেক বেশি হবে যার উপরে ৪% ট্যাক্স অবধি বসাতে পারেন। ট্যাক্সেবেল যেটা অ্যাট ৪% বলে আপনি নিশ্চয় সেটা বসাতে পারেন। আর সিডিউল-সি-তে ৩টি পার্ট-ওয়ান, পার্ট-টু, পার্ট-থ্রি এইসব নিয়েই বলছি। আর আপনি তারপরে বলেছেন সিডিউল সি-(এ)-তে কি আছে ? লিস্ট অফ গুড্‌স ট্যাক্সেবেল অ্যাট ১২.৫%। যে সব গুডসে্ ১২.৫% ট্যাক্স ছিল। অল আদার গুডস্ নট স্পেসিফায়েড ইন সিডিউল-এ, বি, সি, ডি। তারমানে আর কিছু বাকি থাকল না। এ, বি, সি, ডি যেগুলিতে স্পেসিফায়েড করা নেই সমস্ত রকমের গুড্‌স—বাকি কি থাকল। আপনি যদি সেলস্ ট্যাক্সে যান ওয়েস্ট বেঙ্গল সেল্‌স ট্যাক্স অ্যাক্ট—১৯৯৪ অ্যাজ অ্যামেন্ডেড ফ্রম টাইম টু টাইম।

তাতে আপনি বলেছেন সিডিউল-৪, সেখানে লিস্ট আছে আমি তার মধ্যে গিয়ে কি করব, সবাই জানেন। তারপরে আপনি লিখেছিলেন সিডিউল ৮-এ আমি মহা চিন্তায় পড়েছিলাম সিডিউল-৮-এ আপনি কি করতে চাইছেন। যাই হোক এখানে বসে থাকতে থাকতে চিফ হুইপের অ্যামেন্ডমেন্ট এল। ৮-এ নয় ৮ হবে। ৮ নিয়ে আমাদের কোনো চিন্তা নেই। আমি দু-হাত তুলে সমর্থন করব যত ইচ্ছা ট্যাক্স বসাতে পারেন, ফরেন লিকার ইত্যাদিতে যা ইচ্ছা বসাতে পারেন। আমি তাই নিয়ে আর বলছি না। যাই হোক, তাহলে আর কি বাকি থাকল। সেইজন্য এই কথাগুলোর মানে কি, কেনই বা আপনি ব্যবহার করেছেন সার্টেন গুড্স, স্পেসিফায়েড গুড্স, অল কাইন্ড অফ মুভেবেল প্রপার্টিস অ্যান্ড দেন এ সিডিউল হুইচ ইনক্লুড্স এভরিথিংস আন্ডার দি অ্যাক্ট। আপনি অনুগ্রহ করে এটা ঠিক বলছেন না বেঠিক বলছেন। এটা কোন জায়গায় চালু হবে। ঠিকই এন্ট্রি ইনটু লোকাল এরিয়াস, পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি, ডেভলপমেন্ট অথরিটি ইত্যাদি। কিন্তু আপনি একসম আপনি ক্লজ - ১, সাব-ক্লজ - ২-তে বলে দিয়েছেন খুব পরিষ্কার করে। it extends to the whole of West Bengal very clear. তারপর সাব-ক্লজ - ৩-তে বলছেন this section shall come into force at once. এটা এখুনি কার্যকর হবে সারা রাজ্যে। অর্থাৎ সারা স্টেট জুড়ে এটা এখন কার্যকর হবে। এটার জন্য আর সময়ের অপেক্ষা নেই।. বাকিগুলো আপনি টাইম নিয়েছেন। কত বসাবেন, কোথায় বসাবেন, কার উপর বসাবেন, কি করবেন—সময় নিয়েছেন কিন্তু এ বিষয়ে সন্দেহ নেই that it extends to the whole of West Bengal and right now at once. তৃতীয় কথা হচ্ছে যে আপনি কিভাবে আদায় করবেন—আপনারা ডিলারদের কাছ থেকে আদায় করবেন। ভ্যাটের ডিলার আমাদের ইংরাজি জ্ঞান যা আছে তাতে এটা বোঝাতে হয় না যে ওখানে টোল বসিয়ে করবে সেইসব কেউ ভেবেছে তা করছেন না আপনি আপনার ভ্যাটের ডিলারদের কাছ থেকে আদায় করবেন। সেলস্ ট্যাক্সের ডিলারদের কাছ থেকে আদায় করবেন।

[5.40 – 5.50 p.m.]

Sales Tax-এর ডিলারদের কাছ থেকে আদায় করবেন। রেজিস্ট্রার আছে আপনাদের, কোনো অসুবিধা নেই। কিন্তু আপনি একটা কথা ব্যবহার করেছেন ডিলার ছাড়াও আরও as the case G-তে আপনি sub-clause G ক্লজ টু-তে অ্যান্ড ইনক্লুড্স, ইন ইনক্লুড্স বলে আবার ব্যাখ্যা করেছেন। তার মানে ডিলার ছাড়া অন্যরা, importer, who are these importers ? তারা কারা ? যাদের মাধ্যমে আপনি এটা আদায় করবেন ? আপনি কি দশ লক্ষ টাকার নীচে যারা, তাদের ধরতে চাইছেন ? এটা আমার জানা নেই। আপনি কি ভেবেছেন এটা আমি জানি না। এটা আপনি একটু পরিষ্কার করে বোঝাবেন যারা এর মধ্যে নেই। মানে আপনি কি বাড়াতে চাইছেন ? এর বাইরে যেতে চাইছেন ? সেজন্য আমি আপনাকে জিজ্ঞেস করলাম। আবার চার নম্বর কথা, আমার চার নম্বর প্রশ্ন—আপনি অনুগ্রহ করে যদি বলেন, আপনি কি ভ্যাটের উপরে একটা ভ্যাট বসাতে চাইছেন ? সেলস্ ট্যাক্সের উপরে একটা সেলস্ ট্যাক্স বসাতে চাইছেন ? And you taxing on Tax ?

That is why I said it is disgraceful and that no provision of set-off. আমি যা বুঝেছি। মানে সেট অফ আমি কেন্ বলছি যে বিলটি যখন ছাপিয়েছে তখন অসুবিধাটা নিশ্চয় লক্ষ্য করে থাকবেন। তৃতীয় পৃষ্ঠা আছে চতুর্থ পৃষ্ঠায়। চতুর্থ পৃষ্ঠা হচ্ছে তৃতীয় পৃষ্ঠা। করেছেন যে এত ভালো করে সেটাও উনি বুঝেছেন কিনা আমি ঠিক জানি না, যিনি ভালো করে পড়েছেন। আমি বলছি যে সেকশান টু বি, সেকশান টু এল আপনি যদি পড়েন তাহলে আপনি যদি তার সাথে read it with clause 4 sub-clause 5 কি দাঁড়াচ্ছে Is there any provision of set off—ইয়েস অর নো ? কাইন্ডলি, আপনি যদি জবাব দেন। তা নাহলে বুঝতে হবে যে সেট অফ নেই, আপনি ট্যাক্সের উপরে একটা ট্যাক্স বসাচ্ছেন। কেন বসাচ্ছেন আপনি ? ঠিক, আপনি যা বলেছেন এই কাজগুলো করতে হবে। আপনি একটা ফান্ড করবেন। করেছেন, বলে দিয়েছেন, কি কি হবে। কি কি হবে বলে দিয়েছেন, আমি তার মধ্যে যেতে চাইছি না। ওগুলো পড়বার কি দরকার আছে আমি তাও জানি না। সব রকম কথাই বলা আছে। দিয়ে আবার একটা কথা তার মধ্যে ঢুকিয়ে রেখেছেন, যা যা বলেছেন এত তালিকা দিয়েও, আপনি ক্লজ ১৮, সাব-ক্লজ এইচ, সেখানে বলেছেন Any other purpose connected on development of trade, commerce and industry or facilities relating there। এনি আদার পারপাস বলে ছেড়ে দিয়েছেন। মানে যে কোনো পারপাসে আপনি ব্যবহার করতে পারবেন। ঠিক আছে, আমি বুঝলাম যে আপনি এটা করতে চান, এই এই ভালো কাজ করতে চান। তার জন্য আপনার পয়সা দরকার। Why not in VAT ? Why not in Sales Tax ? Why not in Transport ? Why does it require a separare Act like this ? আপনি একটু বুঝিয়ে বলবেন আমায়, যে কীসের জন্যে। তারপরে হচ্ছে যে কি রেট হবে, At what rate ? রেট অ্যাজ সাচ রেট। ক্লজ ফোর, সাব ক্লজ ওয়ান At such rates or rates as many be specified under Sub-section 2. As may be specified, রেটটা আপনি হাতে রেখে দিলেন। ভ্যাটে আছে, সেলস্ ট্যাক্সে আছে, কত ট্যাক্সেবেল কি ? আপনি এই একটা হাতে রেখে দিলেন। as many be specified আপনি বললেন ৫%-এর নীচে কিন্তু ১%, ২%, ৩%, ৪% ৪.৯% কি ? সেটা আপনার হাতে রেখে দিলেন। দিস ইজ অ্যান এক্সট্রা বাজেটরি টু বাইপাস দিস লেজিসলেচার। এই হাউসটাকে বাইপাস করার জন্যে আপনি হাতে রেখে দিলেন to be specified আপনি তার জন্য রুল করবেন। রুল্ করে আপনি করবেন। আপনি সেই ক্ষমতাটা হাতে রেখে দিয়েছেন। তাহলে এটা অস্বচ্ছতা থেকে গেল। আচ্ছা আপনি তো রেট ঠিক করছেন। আপনি রেটটা কিসের উপর ঠিক করলেন ? Ad valorem খুব পরিষ্কার না। আপনি তিন রকম কথাই ব্যবহার করেছেন। অন টার্নওভার আপনি বলছেন Ad valorem টার্নওভার যা হবে তাই। আবার আপনি লিখছেন কোথাও কোয়ান্টিটি অর ওয়েট, কোয়ান্টিটি ভলিউম, ওয়েট, তার মূল্য অ্যাড ভ্যালোরিয়াম, তিন জায়গায় তিন রকম আছে। কি, মানে তিনটেই, যখন যেটা। তার উপরে আপনি করলেন। তার উপরে আবার বলছেন যে এই ট্যাক্সটা ডিফারেন্ট হবে। ডিফারেন্ট হবে কি ? ডিফারেন্ট ফর ডিফারেন্ট

গুডস্। বিভিন্ন জিনিসের জন্য আপনি বিভিন্ন রকম বসাবেন। সেটাও আপনি হাতে রেখে দিলেন। কার উপরে আপনি বসাবেন, কার উপরে আপনি কম করবেন সেটা হাতে রেখে দিলেন, আমরা হাউস জানছি না, বাইপাস করে যাচ্ছেন আপনি। on different consumptions তার উপরে তার ট্যাক্স ভ্যারি করবে রেট। কনজাম্পশান কি রকম হবে তার উপরে ট্যাক্স ভ্যারি করবে। আপনার ক্লজ ফোরের, সাব-ক্লজ, আপনাকে এইসব বলার অপেক্ষা রাখে না। And it will be different in different local areas. ভেরি স্ট্রেঞ্জ, আপনি একটা জিনিসের ট্যাক্স এই জায়গায় একরকম হবে ওই জায়গায় আর এক রকম হবে, একটা রাজ্যের মধ্যে, একটা মিউনিসিপ্যালিটি, একটা গ্রাম পঞ্চায়েত, দ্যাট ইজ হোয়াট ইট মিন্স ? হোয়াট ইউ হ্যাভ রিটেন ? অ্যান্ড নট ওনলি দ্যাট অন দা নিড অফ ডেভলপমেন্ট অফ দ্যাট এরিয়া। নিড অফ দা ডেভলপমেন্ট আপনি অ্যাসেস করবেন ? তার উপর ট্যাক্স ভ্যারি করবে। পড়েছেন নাকি ভালো করে ? অনেকে আবার পড়তে পরামর্শ দিয়েছেন। ভালো করে পড়েছেন না, মানে বোঝার চেষ্টা করেছেন, কিছু জানি না। (নয়েজ) আমি কাউকেই বলছি না আমি নিজেকেই বলছি। সুতরাং অস্পষ্টতা হচ্ছে এখানে যে বোঝা যাচ্ছে না আপনি কি করতে চাইছেন। এইজন্য আমার চিন্তা হচ্ছে। তারপর এসব করে আপনি যদি যান ক্লস-টুতে, ডেফিনেশান আছে, সেখানে clause 2(O) পার্সেনের একটা ডেফিনেশান আপনি দিয়েছেন। পার্সেন কাকে বোঝাচ্ছেন ? "person" includes any company or association or body of individuals" তারা পার্সন, কোম্পানিও পার্সন, অ্যাসোসিয়েশান হলেও পার্সন, বডি অফ ইনডিভিজুয়ালস হলেও পার্সন, পার্সন মানে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, এও পার্সন, আপনার ডেফিনেশান অনুসারে। যদি "Government of India, the Government of any State or Unikon Territory", তারাও পার্সন। আমিও পার্সন, অন্য রাজ্য সরকারও পার্সন, কেন্দ্রীয় সরকারও পার্সন, ট্রাস্টও পার্সন, অ্যাসোসিয়েশানও পার্সন, এনি স্ট্যাটিউটরি বডিও পার্সন। সোসাইটি ইনক্লুডিং কো-অপারেটিভ সোসাইটি তারাও পার্সন, অ্যান্ড অফ কোর্স এজেন্টও পার্সন, এডুকেশানাল ইনস্টিটিউশানও পার্সন, এনি হসপিটাল অর নার্সিংহোম তারাও পার্সন। All are persons. Define the 'person' – What is the intention, define "person" like this. এইসব পার্সনকে সব এক করে দেওয়া। আমাদের থেকে আরম্ভ করে স্টেট গভর্নমেন্ট থেকে, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে সব পার্সনকে, কো-অপারেটিভ সোসাইটি থেকে আরম্ভ করে, কোম্পানিকে, এদের সবাইকে এক করে দেওয়া এর মানেটা কি, কি উদ্দেশ্যে আপনি এটা করতে চাইছেন ? আপনি যদি অনুগ্রহ করে একটু বলেন। ক্লজ-ফাইভে গিয়ে যে প্রভিশানটা আপনি করেছেন I should say that it is draconian. ক্লজ-ফাইভে আপনি কি বলছেন—"The State Government, after giving by notification not less than fourteen days notice" চোদ্দ দিনের মধ্যে নোটিশ দিয়ে "notice of its intention so to do, may, by like notification, with prospective or retrospective effect add to, amend, or alter any Schedule to this Act." এই সিডিউলে আপনি একটা দিয়েছেন,

কোনো কোনো জিনিসের মধ্যে আপনি একটা ট্যাক্স বসাবেন। চোদ্দ দিনের নোটিশে, আপনি ওটা পরিবর্তন করতে পারবেন, অল্টার করতে পারবেন, অ্যামেন্ড করে নিতে পারবেন, রাজ্যের হাতে একটা ড্রাকোনিয়ান ক্ষমতা, Draconion power that you have taken into your own hand, will byepass the lagislature, extra budgetary, extra parliamentary modes of taxing. তারপর আপনি ক্লজ-সিক্সে বলেছেন—"The State Government may, if it is necessary so to do in public interest, by notification, exempt, either in full or in part, the tax payable under this Act" আবার আপনি exemptionও যখন ইচ্ছা দিতে পাববেন। কেন আপনি বাই পাস করে বাড়িয়ে দিতে পারবেন, চেঞ্জ করে দিতে পারবেন আবার exemptionও দিতে পারবেন, সে ক্ষমতাটাও আপনি আপনার হাতে রাখছেন। এইজন্য আপনাকে লেজিসলেচারে কাছে আসছেন। সেইজন্য এগুলো আবার prospective or retrospective দু-রকম এফেক্ট আপনি এখানে রেখেছেন। সাংঘাতিক ব্যাপার। আপনি এসব প্রশ্নের জবাব দেবেন। আমার মনে হচ্ছে এই যে সব হচ্ছে, সত্যি যদি আপনি অনুগ্রহ করে মন খোলা করে বলেন, আমি আপনাকে অনুরোধ করছি যে, দুশো কোটি টাকা ট্যাক্সে আদায় করবেন ধরে রেখেছেন। যে ফিনান্স বিল পাশ হল, যা যা আপনি করেছেন, আমার ধারণা আমি আপনার মতো এত হিসাব করতে পারব না, আপনি যে রকম করবেন আমার ধারণা আপনি খুব বেশি হলে ওইসব করে সত্তর-আশি কোটি টাকা আদায় করতে পারবেন কি না সন্দেহ।

[5.50 – 6.00 p.m.]

ওই রকমই আমার ধারণা। ঠিক আছে। তাহলে বাকি আপনার ২ শত কোটি টাকা টার্গেট হয়ে থাকে, আর বাকি ধরুন ১২০ কোটি টাকা, তার জন্য এইসব করছেন ? এটা কি ব্যাপাব ? কোথা থেকে আপনি ২ শত কোটি টাকা আনবেন, কোন্ সোর্স থেকে কোনটা আনবেন—why not—let us discuss it transparently ? কি আছে অসুবিধা ? আপনি ট্রান্সপারেন্টলি বলেন না কি, আপনি ওখান থেকে কতটা আনবেন মনে করছেন, এখান থেকে কতটা পাবেন মনে করছেন। আপনি কি সত্যিই ১২০ কোটি টাকার জন্য এটা করছেন ? আচ্ছা, আমার আশঙ্কা যদি হয় এটা ১২০ কোটি না, আপনি হয়তো ১২ শত কোটি টাকার জন্য করছেন। আমার যদি আশঙ্কা হয়। আপনি তো আমার আশঙ্কা Will you allay my apprehension ? অথচ আপনি ২ শত কোটি টাকা বলছেন, আপনি ১২ শত কোটি টাকা বলছেন না। কারণ ১২ শত কোটি টাকা বলতে আপনি ভয় পাচ্ছেন। The Democles sword is not over you heard. It is behind your neck, your head You are afraid that somebody has lost his job by doing this and that's why you are not daring to do that. আপনি কি হাত ঘুরিয়ে নাকটা ধরার চেষ্টা করছেন ? কেন করছেন ? আপনি যদি এটা করতেন, এই যে আপনি এখানে সিডিউল দিয়েছেন goods specified on schedule 4 and schedule 8A,

now amended মানে এখন অ্যামেন্ডমেন্ট আসবে আপনার ওটা আমি সমর্থন করে নিতাম, সেটা কোনো অসুবিধা নেই। সিডিউল এইট মানে ফরেন লিকার, যার উপরে আপনি আরও VAT-ই করতেন কি সেল্‌স ট্যাক্স-এ করতেন, আমি তো আপনাকে সমর্থন করতাম। আপনি যে কতগুলো বিলাসদ্রব্যের উপরে করেছেন, আপনি করতেন, আমি সমর্থনই করতাম। আপনি যে এখানে যেটা সিডিউল সি-এতে যে গুড্‌সগুলো সাড়ে বারো পার্সেন্ট আছে, আপনি যদি সিলেক্টিভলি তার উপরে বাড়াতেন আমি তো সমর্থনই করতাম আপনাকে, আমরা তো সবাই সমর্থন করতাম। কেন করতাম না ? আপনি কেন করছেন না ওটা ? পরিষ্কারভাবে ট্রান্সপারেন্টলিভাবে কেন করছেন না ? কেন আর একটা মেকানিজমের উপরে আপনাকে নির্ভর করতে হচ্ছে ? এবং যে মেকানিজম, mechanism on which you have to depend আমি জানি না এইসব অনেকগুলো প্রশ্নের জবাব আপনার কাছে পাওনা। এই সবগুলি পরস্পরের উপরে নির্ভরশীল। Do you think it will operate transparently ? খুব পরিষ্কারভাবে স্বচ্ছভাবে কেউ গিয়ে কারোর বাড়িতে—বাড়িতে, কারোর দোকানে দোকানে, ছোটোমোটো দোকানে, রাস্তায়-রাস্তায়, বাড়িতে বাড়িতে গিয়ে হানা দেবে না আপনি কি নিশ্চিত ? আমি কখনও মনে করি না আপনি তা চান। আমরা তা চাই না, আপনি কখনও তা চাইতে পারেন না। কিন্তু আপনি কি আটকাতে পারবেন আপনি যা করছেন ? এইসব আপনি কোন জিনিসটা পরিষ্কার না করে এখানে as specified, as may be prescribed ইত্যাদি ইত্যাদি করে এমন একটা ক্ষমতা হাতে রাখছেন যার থেকে জিনিসটা পরিষ্কার হচ্ছে না। এই কথাগুলোর জবাবের উপরে নির্ভর করছে আমরা যে এই নীতিগতভাবে যদি বলেন আমি তা আগেও বলেছি, আবারও বলছি We consider this to be a regressive tax, tax on tax, it is not transparent, and it will definitely add to inflation. এতে কোনো সন্দেহ নেই। কারণ আপনি যা বসাবেন, কত বসাবেন আপনি কিসের উপরে বসাবেন, আপনি এর মধ্যে সিডিউল সি-তে এই যে সব আইটেম আছে, তার উপরে যা আপনি বসাবেন, আর যেগুলো বললাম কোনো জিনিসই বাদবাকি নেই আপনি যা বসাতে পারেন যে কোথায় কার উপরে বসাবেন, তার তো শেষ পর্যন্ত সেই লোকগুলোকে তো দিতে হবে। আপনি হয়তো গিয়ে ওকে বলতে পারেন যে ভাই তোমরা এখানে ট্যাক্সটা দিয়ে দাও, তোমরা ঝুটঝামেলা কোরো না, তাহলে তোমার ডেভেলপমেন্টের জন্য আমি করব। ওরা বলবে আপনি যে রাস্তা করে দেবেন বলেছিলেন রাস্তা কোথায় ? আমাকে ট্যাক্সটা দাও আমি রাস্তা করে দিচ্ছি। ওরা বলবে আমাদের মাস্তি করে দেবেন বলেছিলেন মাস্তি কোথায় ? বলবেন ট্যাক্সটা দাও আমি মাস্তি করে দেব। আচ্ছা তুমি এখানে ট্যাক্স দাও তাহলে তোমার মাস্তি হবে, আর তুমি এখানে ট্যাক্স যদি না দাও তোমার মাস্তি হবে না because you have different rates for different objects, different goods in different areas সেই প্রভিশান আপনি আইনে এমনভাবে করেছেন ভয় হচ্ছে আমার যে এটা নিয়ে আপনি কি করবেন এবং কারা ঢুকবে এর মধ্যে ? না না আপনি মাথা নাড়ছেন তো, আপনি মুখ খুলে বলে দেবেন যে না এটা চিন্তা করার আপনার

কোনো কারণ নেই। সেটাই আমাকে আশ্বস্ত করবে। আমি তো আপনার কাছ থেকে আশ্বস্ত হয়ে চাইছি। আর এই প্রস্তাবগুলোর খুব সুস্পষ্ট জবাব চাইছি। কিন্তু যেহেতু in principle we are opposed to this, in principle আমি যেটা বলেছিলাম। আমরা দেখব আপনি কি বলবেন, কি আশ্বস্ত করেন আমাদের এবং তার উপরে আমাদের কর্মপন্থা ঠিক করতে হবে। আমি আশা করি আপনি আমাকে ডিভিশান চাইতে বাধ্য করবেন না। আপনি জানেন, আপনাকে আমি আগে ঠিক বলেছিলাম যে সেইজন্য এতগুলো প্রশ্ন এর সঙ্গে জড়িত আপনি যদি আগে থেকে প্রস্তুত না হয়ে আসেন আমি তাহলে আপনাকে হঠাৎ করে ঝামেলায় ফেলতে চাই না পরিষ্কার করে যাতে আপনি বলতে পারেন সেইজন্য। আমি আবারও বলছি যে, আমি বিশ্বাস করি, আমরা বিশ্বাস করি যে আপনি যা বাজেট রেখেছেন, এটা আরও স্বচ্ছ ভাবে, আরও পরিষ্কার ভাবে ভ্যাট এবং সেল্‌স ট্যাক্স, আপনার যে ইনস্ট্রুমেন্ট আছে, সেগুলো ব্যবহার করে এবং কেন্দ্রের কাছে আপনার যে ন্যায়সঙ্গত দাবি আছে, সংবিধান সম্মত যা দাবি আছে, দেশের উচ্চতম আদালত তার রায় যা আপনাকে অধিকার দিয়েছে, সে সবগুলো প্রয়োগ করে আপনি যেটা করতে চাইছেন, সেটা আপনি করতে পারেন, এটা আমি বিশ্বাস করি। তার জন্যে এইসব করার কোনো দরকার নেই। আমি আপনার কাছে শেষ আশঙ্কাটা ব্যক্ত না করে পারছি না যে, আপনি যেভাবে এটা করছেন, আমার সন্দেহ আছে If it is challenged in the Court of Law whether it will stand indisputable; সেটা একটা ব্যাপার। আমার সন্দেহের ব্যাপার, আমি আপনাকে খালি বলে রাখলাম। কারণ এটা এমনভাবে তৈরি হয়েছে যাতে VAT, sales tax ইত্যাদি থেকে আরম্ভ করে আমাদের এই আইনের যা প্রভিশন, এগুলোর সঙ্গে কিছু কিছু conflict যেখানে আছে, আপনি আইনে বলেছেন যেখানে যেখানে inconsistent হবে, এই আইনের ধারার সঙ্গে inconsistent হবে, সেখানে এই আইনের ধারাটা প্রযোজ্য হবে। ভ্যাট, সেল্‌স ট্যাক্স, কারণ আপনার তো ডিলার হচ্ছে হয় ভ্যাটেরা ডিলাররা, না হয় সেল্‌স ট্যাক্সের ডিলার। কমিশনার মানে হচ্ছে সেল্‌স ট্যাক্সের কমিশনার বা ভ্যাটের কমিশনার ইত্যাদি, ইত্যাদি। পুরো মেকানিজম তো আপনার, তাই। অথচ আপনি বলছেন যে, আপনি যখন আদায় টাদায় এইসব করবেন ইত্যাদি, তখন যদি কোনো জিনিস ভ্যাট আইনে বা সেল্‌স ট্যাক্স আইনে আপনার এর সঙ্গে inconsistent হয়, তাহলে কিন্তু এইটা প্রিভেল করবে। That is where—it attracts a litigation. Are you sure that you will be able to defend the government, if it happens so. লাল আলো জ্বলবার আগে আমি আপনাকে এই কয়েকটা প্রশ্ন করে আপনার সদুত্তর অপেক্ষা করে এবং এই আশা করে যে আপনি আমাদের ডিভিশনে যেতে বাধ্য করবেন না। আমি আমার কথা এখানে শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক প্রশ্ন লিডার অফ দ্য অপোজিশান তুলেছেন। ভালো, গণতান্ত্রিক প্রথায় আমরা শুনতে চাই প্রশ্ন এবং তার অনেকগুলো জবাব নিশ্চয়ই দেব। আশা করি উনি খুশি হবেন সেই জবাবগুলো শুনে। অন্যরাও অনেকগুলো প্রশ্ন করেছেন, সেগুলোরও জবাব দেব। প্রথমে বলি যে কি ছিল earlier scenario ? বাম

সরকারের মাধ্যমে যে এন্ট্রি ট্যাক্স চলত, ১৯৯৫-এ আপনারা সরিয়েছেন, কিন্তু চলতো টা কি ? তার ধাঁচা কি ছিল ? সেটা একটু বলতে চাই। চেক পোস্ট অ্যারাউন্ড কলকাতা মেট্রোপলিটন এরিয়া, কতগুলো জানেন ? 165 entry check post in KMDA area, ১৬৫টা। আমি আমার তথ্য দিচ্ছি, যদি আপনি বিমত প্রকট করেন আমরা আলোচনা করতে পারি। Long detention of trucks—yes or no ; long detention of trucks harassment—yes or no ; manual checking of documents—yes or no; collection of tax at check post—yes or no. Rampant corruption আপনাদের তরফ থেকে বলেছেন যে, Rampant corrupton ছিল, yes or no. All the above problems আমরা অ্যাড্রেস করেছি এই বিলে এবং তার উপরে আমি নিশ্চয়ই বলব। আসি এবার আমরা কি করেছি। no collection of any tax at any check post. কোন check post-এ ট্যাক্স কালেকশান হবে না। No question of vehicle being detained anywhere within the local area including check post—there is no check post.

[6.00—6.10 p.m.]

আপনাদের ছিল না চেক পোস্ট, ভুলে গেছেন। টোটালি বেস্‌ড অন সেল্‌ফ ডিক্লিয়ারেশন এবং সেল্‌ফ অ্যাসেসমেন্ট। ছিল না আপনাদের সময়। দি ট্যাক্স ইজ ডিজাইনড টু বি কমপেনসেটরি ইন নেচার অ্যান্ড এন্টায়ার ট্যাক্স এরিয়া মাইনর এরিয়া—যাবে না। ইন্টারেস্ট দেওয়া যাবে না। It is a fund to which this tax will go and shall be used for providing benefits and facilities for the development of trade and industry in the State. যে রকম—Construction, development road maintenance, bridges, linking markets, industrial areas, construction, transport hub, cold storage, creating infrastructure for supply of electricity, water to industry and other commercial complex—ছিল না আপনাদের সময়। নতুন ধরনের ট্যাক্স। আপনারা তুলে নিয়েছেন অনেকদিন থাকার পরে ১৯৯৫। তার জন্য ডিটেল্‌স দিয়েছি আপনাদেরকে। একটাও ডিনাই করতে পারবেন না সূর্য্যবাবু। As these things that I have said, they are all true. আমি তারপরে আসি। Registered dealer under VAT Act, imports of all taxable goods to weigh bills এবং Weigh bills are electronics. সেহেতু By and large weigh bills are electronics. The value declared there shall be the determining factor for levy of entry tax. Weigh bills ক্যারি করছে which has been electronically generated. Registered dealers will be required to make monthly payment and furnish one page monthly return on line through self declaration-এর নাম ট্যাক্স। This is openness that we talk about. Entry tax will only be on VAT

goods, except exempted goods, Goods—তার সম্বন্ধে আমি আসছি কি গুড্‌স। তার উদাহরণস্বরূপ আসছি Goods which will be taxed, will be notified by the govt. later কিন্তু আমি বলে দিচ্ছি এক্ষুনি যখন আপনি জিজ্ঞাসা করেছেন। What are the type of goods? যাতে ট্যাক্স লাগবে না। Paddy, rice, wheat, flowers, pulses no tax. Sugar, textiles fabrics, vegetables, fruits, eggs, meat, fish, prawns, livestock, fishnet, bread, medical implements, LPG for domestic use, kerosene oil, poultry feed, cattle feed, aquatic feed, hay, kerosene oil, books and periodicals and journals, bed sheets, pillows, covers, towels, hankys, blankets, mats, fertilizers, pesticides, tractors and all firm equipments and tea, rectified spirit, petrol, diesel, motor spirit, etc. আরও বলি এটাতেই শেষ নয়। Aids and implements used by the handicapped persons, aquatic feed, poultry feed, cattle feed, grass, hay, straws, husks, towels, table cloth, duster, betel leaves, bio-fertilisers, সব বলছি না bullock carts, cotton, silk yarn, fish net, fishing hooks, seeds of fish, prawns, shrimps, fresh milk, pasteurized milk, fresh plants, saplings, flowers, fresh plants, fresh vegetables, fresh fruits, gur সে তো অনেক লিস্ট আমি আপনাকে পড়ে দিতে পারি, ন্যাশনাল ফ্ল্যাগও তাতে আছে। Organic manure, paddy, wheat, pulses, ata, mayda, suji, besan, sattu, mudi, murki, khai. list-এ আছে। বিরাট লিস্ট এতে ট্যাক্স লাগবে না। এই যে সাধারণ মানুষের কথা বলছেন, সাধারণ মানুষের উপরে ট্যাক্স লাগবে না। এবারে আসি unregistered dealers or persons who import taxable goods are to obtain weigh bill from Commercial Tax Directorate, such weigh bill shall be available on line.

Totally based on self declaration...

Totally based on self declaration...

The tax is designed to be compensatory in nature and entire tax shall go to the dedicated fund...

It is a fund to which this tax will go and shall be used for providing benefits and facilities for the development of trade and industry in the State...

Construction, development road maintenance, bridges, linking markets, industrial areas, construction, transport hub, cold storage,

creating infrastructure for supply of electricity, water to industry land other commercial complex...

All these things that I have said, they are all true...

Registered dealer under VAT Act, imports of all taxable goods to way bill...

Way bills are electronics...

By and large we will go to electronics. The value declared there shall be the determining factor for levy for entry tax...

This has been electronically generated. Registered dealers will be required to make monthly payment and furnish one page monthly return on line through self declaration...

This is openness that we talk about. Entry tax will only be on that goods, except exempted goods, goods...

Which will be taxed, will be notified by the govt. later...

What are the type of goods ?...

Paddy, rice, wheat, flowers, pulses—no tax. Sugar, textiles fabrics, vegetables, fruits, eggs, meat, fish, prawns, livestock, fishnet, medical implements, LPG for domestic use, kerosene oil, poultry, fish, cattle feed, aquatic feed, hay, books and periodicals and journals, bed sheets, pillows, covers, towels, hankies, blankets, mats, fertilizers, pesticides, tractors and all firm equipments...

Tea, rectified spirit, petrol, diesel, etc. ...

Aids and implements used by the handicrafts persons, aquatic feed, poultry feed, cattle feed, grass, hay, straws, husks, towels, table cloth, duster, betel leaves, bio-fertilizers, bullock carts, cotton, silk yarn, fish net, fishing hooks, seeds of fish, prawns, shrimps, fresh milk, pasteurized milk, fresh plants, saplings, flowers, fresh plants, fresh vegetables, fresh fruits, gur...

National Flag...

Organic manure, paddy, wheat, pulses, *ata, mayda, suji, besan, sattu, mudi, murki, khai*...

Unregistered dealer or persons who import textile goods are to obtain way bill from commercial tax directorate, their way bill shall be available on line.

[6.10—6.22 p.m.]

That is the vision and spirit which I humbly represent. There will be no assessment of any dealer under the Entry Tax Act. All registered dealers under the VAT tax importing goods to way bills will be due to be registered under the Entry Tax Act. No need of making any application for registration লিবারেল চিন্তা করুন। আপনারা করতে পারতেন। আপনারা শুধু ৯৫-এ হটিয়ে দিয়েছিলেন। কিন্তু এই ধরনের লিবারেল চিন্তা আপনারা করেননি। Honest tax payer today is almost not required to visit to the office of commercial tax. In VAT, we introduced summery assessment from the last financial year meaning that once the registered dealer files the return, it shall be automatically summarily assessed unless any adverse report exists on or crops up later. The same provision will apply mutatis mutandis to the entry tax as well. The same provision will apply. এবারে, আপনি জিজ্ঞেস করেছেন কিছু প্রশ্ন, তার উত্তর আমি নিশ্চয় দেব। Tax on value. It is not on wait, although provision has been kept up আপনারা Law করেন, আপনারা provision রাখেন, but I am announcing the sanctity for the floor of this august House tax will be on value. There is no confusion I have kept the provision as law always keeps provision. Importers are basically unregistered dealers. Section 5-এর কথা আপনি বলেছেন। Section 5 Provision is also in VAT passed by the earlier Government Section 19 and 20. You have passed it. Entry Tax was sent to the President. This is information, Hon'ble Speaker for the House. Entry Tax had been sent to the President by the earlier Government in 2003 for President's assent. And it was non-compensatory. This is for the information of the House as I have received. Now I come to the last a very important that you have raised. I have kept a provision, আমি Provision রেখেছি ৫ পার্সেন্টের। Yes, in the sanctity of the august House. I announce that the tax, the Entry Tax will be only one per cent as for the rules being set. Only one per cent so that it is a minimum tax, it is a tax which will create development যার জন্য supply বাড়বে, যার জন্য দাম কমবে। যেখানে যেখানে আমরা বলেছি কি ভাবে উন্নতি করা হবে—রাস্তা হোক, bridge হোক—নিশ্চয় আপনারা আমাদের সহায়তা করবেন। আমি শেষ করব এই বলে যে, আমি আশা করিনি সূর্যবাবু আমাকে ব্যক্তিগত ভাবে attack করবেন। সেটা his Prerogative। উনি বলেছেন, আরও কারো নাকি চাকরি গিয়েছিল, আপনি হয়তো চাকরি করেন। আমি চাকরি করি না, আমি রাজনীতি করি। I am not

here to lose a job. I can find many jobs, I assure you. So do not attack me on that term. You can find, I can find too. I hope you will withdraw that particular comment you have passed. সেহেতু আমি শেষে এটুকুই বলতে চাই যে, এই ট্যাক্সে সাধারণ মানুষের সমস্ত জিনিস যা আমি mention করেছি—আপনার হাতে list আছে—এবং Government has kept the option for adding things to it. This Tax—it attracts that will build business capability, it will create infrastructure specific to business। তার থেকে supply বাড়বে। আর এটা আমাকে বোঝাতে হবে না যে, supply বাড়লে দাম কমবে। So this is on question you are raising on rising of price. It is a vision by which mundi will come up Mundi আসবে, রাস্তা connect হবে, market connect হবে। Let me end Hon'ble Speaker, Sir, I thought there was a existing theory—একটা existing theory ছিল, তত্ত্ব ছিল, একটা তাত্ত্বিক বিচার ছিল যেটা developing দেশের বড়ো problem। একজন Nobel prize পেয়েছিলেন এই কথাটার উপর research করার জন্য যে, developed দেশে মার্কেট fails—যেমন এডুকেশনে It is a market failure market failure। কেন আমেরিকায় primary এডুকেশনে entirely গভর্নমেন্ট করে। কেন আমেরিকায় প্রাইমারি এডুকেশনে এনটায়ারলি গভর্নমেন্ট করে ? Because there is positive externality. আমরা অর্থশাস্ত্রের ছাত্ররা বলি, সেহেতু সরকার করে। দ্যাটস a form of market failure. Monopoly - market failure. Polygopaly - market failure. সেটা ভেভলপ্ড মার্কেটসে। কিন্তু ভেভলপিং মার্কেটে there is an additional feature, যেটার নাম হচ্ছে incomplete markets. যার জন্য একজন নোবেল প্রাইজ পেয়েছিলেন। এই ট্যাক্সের মাধ্যমে what we will try to do is complete the process. Market will be connected to the relevant place. আপনারা এই যে ইনকমপ্লিট স্ট্রাকচার যেটুকু করা যায় ডেডিকেটেড ফান্ড সেই ফান্ড থেকে আর অন্য কোনো কাজ করা যাবে না। I think it is important, আপনারা এই ভিশনটা দেখুন। আর আপনাদের সময়ে কি ট্যাক্স ছিল আপনারা চালিয়ে গেছেন সেই ট্যাক্স নিয়ে ৭৭ থেকে ৯৫ অবধি সেহেতু আমি বলব যে ভিশনারি ট্যাক্স without injuring the interest of the common people and without increasing prices in the long run. This will be a vision where we will have completed markets to this tax। সেহেতু আমি আশা করি যে, যা বক্তব্য রাখা হয়েছিল তার বেশিরভাগই উত্তর দিয়েছি। ব্যক্তিগতভাবে যদি কারোর কোনো প্রশ্ন থাকে তো জিজ্ঞেস করবেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি। মার্চ ফরোয়ার্ড। দ্যাট ইজ দি ভিশন।

Mr. Speaker : The Question before the House is that The West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012, be taken into consideration.

As many as are of that opinion will please say AYE.

As many are of that contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

Clause 2–24

There is no amendment to Clause 2-24. So I put Clause 2-24 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of that contrary opinion will plese say NO.

Ayes have. Ayes have it.

Schedule

There is one amendment to the Schedule by Shri Sobhandeb Chattopadhyay.

Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in the Schedule, in the entry in column(2) against serial no. 2 in column(1), for the word and letters "Schedule VIIIA", the word and letters "Schedule VIII" be substituted.

Dr. Amit Mitra : Sir, I accept it.

Mr. Speaker : I now put to vote the Motion (Amendment) moved by Shri Sobhandeb Chattopadhyay.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

I now put to vote the Schedule as amended.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please NO.

Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the title of the Bill

There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it.

Now the Minister-in-Charge of Finance may please move the motion for passing the Bill.

Shri Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Tax on Entry of Goods into Local Areas Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Tax on entry of Goods into Local Areas Bill, 2012 as settled in the Assembly be passed.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অনুরোধ করছি। আপনারা আপনাদের সিটে বসুন। আপনাদের হাতে স্লিপ পৌঁছে যাবে।

Mr. Speaker : I declare the result.

AYES - 52
NOES - 28

AYES have it, AYES have it.

Before I announce the adjournment of the House I beg to present the 18th report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following programme of Business for the 2nd April, 2012.

2.4.2012, Monday	:	(i)	The West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	$1^1/_2$ hours
		(ii)	The West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	$^1/_2$ hour

(iii) The West Bengal Official Language (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) $^1/_2$ hour

(iv) The West Bengal Advocates Welfare Corporation Bill, 2012 (Introduction, Consideration & Passing) $^1/_2$ hour

(v) The West Bengal Minorities' Commission (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) $^1/_2$ hour

(vi) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing) $^1/_2$ hour

The minister-in-charge of the Parliamentary Affairs may please move the motion for acceptance of the House.

MOTION

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ১৮তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

.....(নয়েজ ফ্রম অপোজিশন বেঞ্চ).....

মিঃ স্পীকার : In the B.A. Committee we had a detailed discussion আমরা বি.এ. কমিটিতে আলোচনা করে নিয়েছি।

I think the motion is adopted.

The motion is adopted.

Adjournment

The House was then adjourned till 11 a.m. on Monday, the 2nd April.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 2nd April, 2012 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 09 Ministers of State and 232 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

হলদিয়ায় প্লাস্টিক পার্ক নির্মাণ

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৫) **ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্পের অনুসারী শিল্প হিসাবে হলদিয়াতে প্লাস্টিক পার্ক নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, উক্ত প্রকল্পের জন্য কত পরিমাণ জমির প্রয়োজন হবে বলে আশা করা যায় ?

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় বিরোধী দলনেতার উত্থাপিত প্রশ্নের উত্তরে আমি বলি যে, (ক) হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ দ্বারা হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্পের অনুসারী শিল্প হিসাবে হলদিয়াতে প্লাস্টিক পার্ক নির্মাণের কোনো পরিকল্পনা নেই। তবে ২০১০ সালে ইন্ডিয়ান প্লাস্টিক ফেডারেশনের পলি-পার্ক প্রকল্পের জন্য ১৪২.৫০ একর জমি প্রদানের আবেদন জানায়। হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ বোর্ড-এর মতামত অনুযায়ী পূর্ণাঙ্গ পরিকল্পনার রিপোর্টটি (ডি.পি.আর.) জমা দেওয়ার জন্য উক্ত সংস্থাকে অনুরোধ জানানো হয়। কিন্তু পূর্ণাঙ্গ পরিকল্পনা রিপোর্ট (ডি.পি.আর.) জমা না হওয়ার জন্য হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারে নি। আমি মাননীয় সদস্যকে জানাই পরের প্রশ্নটা ছিল যে, জমির পরিমাণ কত। (খ) আমি ইতিমধ্যেই জানিয়েছি যে সেই প্রকল্পের ডি.পি.আর. নেই, কিন্তু জমির পরিমাণ ছিল ১৪২.৫০ একর।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং প্রশ্ন করতে চাই যে, হলদিয়া পেট্রোকেমিক্যালস যখন হয়েছিল তাতে প্রত্যক্ষ কর্মসংস্থান কি হবে সেটাই একমাত্র বিচার্য বিষয় নয়, গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু পরোক্ষভাবে

কর্মসংস্থান প্রসারের একমাত্রই রাস্তা সেটা হচ্ছে অনেক প্লাস্টিক শিল্প হওয়া দরকার। সেই জন্য প্লাস্টিক পার্ক সেটা করা হয়েছিল অনুসারী শিল্প যাতে হয় এবং অনেক বাড়ে। সেই জন্য আমি আপনাকে প্রশ্ন করতে চাই যে, সারা রাজ্যে হলদিয়া সহ আমাদের এই রকম প্লাস্টিক পার্ক গড়ে তোলার কোনো পরিকল্পনা আছে কি, যাতে অনুসারী শিল্পটা আরও প্রসারিত হতে পারে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলনেতার প্রশ্নের উত্তরে জানাই যে প্লাস্টিক পলি পার্ক করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে, ইতিমধ্যেই কোথাও কোথাও প্রাথমিক কাজ শুরু হয়েছে। আর হলদিয়া পেট্রোকেমিক্যালসের যে কথাটা আপনি বললেন, অতি সম্প্রতি সরকার হলদিয়া পেট্রোকেমিক্যালসের পরিচালন বোর্ডে যায় এবং আমাদের যে চারজন ডিরেক্টর আছেন, তাঁদেরকে বলে যাতে হলদিয়া পেট্রোকেমিক্যালসটা অংশীদারিত্বের প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে এটাকে ভালোভাবে চালানোর। এবং আমি আপনার সঙ্গে একমত, যখন এটা প্রথম তৈরি হয় তখন তার যে ডি.পি.আর., তার যে বিষয়বস্তুগুলো ছিল, তার অনেকটা থেকেই সরে এসেছে হলদিয়া পেট্রোকেমিক্যালসের বর্তমান অবস্থা। এখনও পর্যন্ত কোনো প্রথম মিটিং করিনি। আপনি জানেন আমি নিজে তার দায়িত্ব গ্রহণ করেছি, ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউট, তারা আমাকে অনুরোধ করেছেন আপনি অন্তত হন। আমি চেষ্টা করছি এবং সবাইকে বলেছি, যে অনুসারী শিল্পের কথা বলেছেন সেটা অত্যন্ত প্রয়োজন। আর একটা প্রোডাক্ট করবার জন্য যে প্রোডাক্টটা আসলে পলি পার্ক বা প্লাস্টিক যেটাই আপনি বলতে চান যে প্রত্যক্ষ ও পরোক্ষ, পরোক্ষ যেটা কর্মসংস্থান তৈরি করবে। সেটার উপর জোর দেওয়ার কথা আমরা বিবেচনা করছি—though it is too early to comment. এত তাড়াতাড়ি আমি কোনো মন্তব্য করতে চাই না কিন্তু আপনি যে বিষয়টা উত্থাপিত করেছেন সেটা পরিচালনবর্গের অনেকেই এই প্রশ্নটি সামনে রেখেছেন, আশা করি পরিবর্তীকালে যখন আবার পরিচালনবর্গের মিটিং হবে আমরা এই প্রশ্নটি নিয়ে আলোচনা করে কি করা যায়, কত দূর করা যায় সেই বিষয় সিদ্ধান্ত নিতে পারি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, মাননীয় মন্ত্রীকে আমি আরও একটি প্রশ্ন করছি যে, অনুসারী শিল্প না হলে হলদিয়া পেট্রোকেমিক্যালসের পুরো সুবিধা আমরা পাব না। আমরা এখানে যা তৈরি করব যত রকম পলিমার তৈরি হওয়া সম্ভব, যত রকম প্লাস্টিক শিল্পের বৈচিত্র্যকরণ সম্ভব সেগুলো মূলত ছোট শিল্প হবে কিছু মাঝারি শিল্প হবে। এবং তা অনেক বেশি প্রসারিত হতে পারে, অনেক বেশি কর্মসংস্থান হতে পারে তার জন্য একটি সামগ্রিক পরিকল্পনার অংশ হিসাবে এটাকে করা হয়েছিল। আমি আপনাকে বলতে চাইছি যে, এই ইন্ডিয়ান প্লাস্টিক ফেডারেশনের সঙ্গে আলাপ-আলোচনা কি আপনি করবেন, কি আরও কারা কারা এই ব্যাপারে আগ্রহী—এবং সেটা হলদিয়াতে আমি খালি বলছি না, আমার খেয়াল পড়ছে যে হাওড়াতে একটা হয়েছিল সেরকম আরও বিভিন্ন জায়গায় এটা হতে পারে। এটার জন্য সামগ্রিকভাবে আপনি কোনো উদ্যোগ নেবেন কিনা সেটাই আমি জিজ্ঞাসা করছি। এদের সঙ্গে কথা বলে ইন্ডিয়ান প্লাস্টিক ফেডারেশন বা অন্য কারো সঙ্গে কথা বলে আমি জানি না ছোট-বড়-মাঝারি শিল্প অনেক হতে পারে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলনেতা শুনলে খুশি হবেন যে, ইন্ডিয়ান প্লাস্টিক ফেডারেশনের প্রতিনিধিরা এসেছিলেন আমি দু-দফায় তাদের সঙ্গে কথা বলেছি শুধু হলদিয়া নয় হাওড়ার ক্ষেত্রেও। সেখানে সামগ্রিক যে সমস্যার কথা তাঁরা বলেছেন, আমরা তার সুরাহা করবারও চেষ্টা করছি এবং খুব সম্ভবত এপ্রিল মাসে কোনো একটি সময় তাদের প্রতিনিধিদের নিয়ে এই ইন্ডিয়ান প্লাস্টিক ফেডারেশনের প্রতিনিধিদের নিয়ে আমি বসব এবং একটি রূপরেখা তৈরি করবার চেষ্টা করব। কিন্তু আমি আবার আপনাকে বলি যে, হলদিয়া পেট্রোকেমিক্যালসের ওটাকে ছেড়ে দেওয়া যাবে না কেননা, ওটা মূল, যখন তৈরি হয়েছিল তখন এই ভাবনাতেই তৈরি হয়েছিল যে, এটা সাহায্যকারী বা অনুসারী শিল্পকে যোগান দেবে। আমি তো আর পুরোটাই দেখতে পারি না কিন্তু যতটুকু দেখেছি এই যোগানটাও কিন্তু কলকাতামুখী বা রাজ্যমুখী ছিল না। সেটা অনেকটা দক্ষিণমুখী হয়ে গেছে। এবং রাজ্যের অনেক বিনিয়োগকারীরা আছেন যাঁরা এটা করতে পারতেন। আমি এখনই আপনাকে এটুকু বলব যে, একটু সুযোগ দিলে আরও বেশি বিশদভাবে জানতে পারলে আমি হলদিয়া পেট্রোকেমিক্যালস সম্পর্কে আপনাদের বলব। আর প্লাস্টিক ফেডারেশন সম্বন্ধে আপনি যেটা বলেছেন, আমি অলরেডি সরকারের পক্ষ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীকেও জানিয়েছি এবং তাদের প্রতিনিধিরা আসছেন ও কথাবার্তা চলছে।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—২০১১ সালের এপ্রিল পর্যন্ত কতগুলি অনুসারী শিল্প হলদিয়া পেট্রোকেমিক্যালসের সঙ্গে হয়েছে ? আমরা অনেক শুনেছিলাম রক্ত দিয়ে হলদিয়া গড়বো ইত্যাদি। কতগুলি অনুসারী শিল্প হয়েছে এবং তাতে নিযুক্ত শ্রমিকদের সংখ্যা কত ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্য অসিতবাবুকে বলতে চাই যে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমি দপ্তরকে ইতিমধ্যেই বিশদ রিপোর্ট তৈরি করবার কথা বলেছি এবং রিপোর্ট তৈরি হলেই আমি আপনাকে তার একটি কপি পাঠিয়ে দেব।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন—স্যার, উনি উত্তর দিয়েছেন যে, প্লাস্টিক পার্ক হলদিয়াতে হবে না। আমার নির্দিষ্ট প্রশ্ন বর্তমানে কোন শিল্পকে স্থাপন করার চিন্তাভাবনা চলছে ? কোথায় এবং লগ্নি কত ? আপনি ওটা বলেছেন যে, এইসব শিল্প হবে না। তাহলে আপনি কোন শিল্প স্থাপন করার চিন্তাভাবনা রেখেছেন ? কোথায় এবং লগ্নি কত ?

[11.10 – 11.20 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্য আপনি, ঠিকমতো আমার উত্তরটার—আপনি যে প্রশ্ন তুলেছেন বোধহয় প্রণিধান করেননি। আমি বলেছি হলদিয়া পেট্রোকেমিক্যালসের পরিচালন বোর্ড plastic park-এর এই DPR এখনও পর্যন্ত গ্রহণ করেনি। ২০১০ সালে যে DPR-টা দেওয়ার কথা ছিল plastic board তারা সেই DPR-টি দেয়নি। তাই

এখনও পর্যন্ত সেরকম কোনো পরিকল্পনা নেই। আর অন্যত্র আমাদের পরিকল্পনা আছে, যার উত্তর আমি বিরোধী দলনেতাকে এইমাত্র দিলাম।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি যে, এ রকম plastic কারখানা জঙ্গিপুরের ওমরপুরের একটা বিস্তীর্ণ এলাকা নিয়ে এই plastic কারখানা ওখানে আছে। সেইখানে plastic park বানানোর জন্য কোনো ব্যবস্থা করেছেন কিনা ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সোহরাব সাহেব যেটা প্রশ্ন তুলেছেন, এটা অনেক জায়গাতেই আছে। হাওড়ায় যদি যান হাওড়াতে দেখবেন যে, এই plastic park আছে এবং এটা একটা সামগ্রিক সমস্যা। এবং এর সঙ্গেও আবার পরিবেশেরও একটা সমস্যা আছে। আপনি যে প্রশ্নটা তুলেছেন তা আপনি পরবর্তীকালে আমার কাছে যদি লিখিতভাবে দেন আমি তার উত্তর দেব। কিন্তু আপনার যে concern আমি আশ্বস্ত করতে চাই যে, poly park করবার পরিকল্পনা আমাদের আছে। কিন্তু সেটা পরিবেশকে রক্ষা করে।

হাওড়া জেলায় মাধ্যমিক শিক্ষক নিয়োগ

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী অসিত মিত্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> জানুয়ারি ২০১০ থেকে ডিসেম্বর, ২০১১ পর্যন্ত সময়ে হাওড়া জেলায় কতজন মাধ্যমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে ?

শ্রী ব্রাত্য বসু : স্যার, স্পীকার মহোদয়, আমি মাননীয় বিধায়কের প্রশ্ন ছিল, জানুয়ারি, ২০১০ থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ত সময়ে হাওড়া জেলায় কতজন মাধ্যমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। তার উত্তরে আমি জানাচ্ছি যে, জানুয়ারি, ২০১০ থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ত সময়ে হাওড়া জেলায় মোট ৪৫ জন মাধ্যমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন যে, ২০১১ থেকে ২০১২ এই পর্যন্ত হাওড়া জেলায় মোট কতগুলো school upgradation হয়েছে ? অর্থাৎ Class VIII থেকে Class X অথবা Class X থেকে Class XII এবং সেখানে কতজন শিক্ষককে নিয়োগ করা হয়েছে ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, upgradation-এর পুরো জেলাওয়ারি list আমার কাছে আছে। হাওড়া জেলাটা এই মুহূর্তে আমি, দেখে বলতে হবে আমায়। সমস্ত জেলার তথ্যই আমার কাছে আছে, কত জেলার মোট স্কুল upgradation হয়েছে। সেটা যদি আপনি চান আমি

একটি—আলাদা করে আপনার কাছে পাঠিয়ে দিতে পারি। আর তার recruitment process teacher-দের তাও শুরু হয়েছে। প্রাথমিকের ক্ষেত্রে এখন কথাবার্তা চলছে, এবং শীঘ্রই হয়তো আমরা নোটিশ করবো পরীক্ষার জন্যে। আর School Service Commission-এর প্রায় ready হয়ে গেছে। আপনারা জানেন, এই শিক্ষক নিয়োগ School Service Commission-এর মাধ্যমে হয়। ফলে দ্রুত আর কয়েক মাসের মধ্যে পরীক্ষা আমরা নিতে পারবো আশা করছি। এবং তখনই recruitment-এর সংখ্যা আরো বাড়বে বলা বাহুল্য।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী, আপনি জানেন যে, আপনারা একটা বন্দোবস্ত করছেন যে, বিভিন্ন স্কুলে mutual transfer, বাংলায় বললে, সমঝোতা বদলি যাই হোক একটা হবে। হ্যাঁ, আপস বদলির ব্যবস্থা আপনারা করছেন, তার জন্যে ধন্যবাদ। কিন্তু এক্ষেত্রে আমি যতদূর জানি যে, যাতে করে যারা যারা বদলি হবে তাদের প্রত্যেকটা ব্যাপারেই এক অর্থাৎ একই। যোগ্যতা একই ধরনের marks বা এক রকম ধরনের সমস্ত কিছু থাকবে। Subject-তো একই। তো আমি বলছি, এর বাইরেও অনেক শিক্ষকই থেকে যাবেন যাঁরা বিভিন্ন জেলায় পড়ে থাকবেন। কারোর বাড়ি হাওড়ায়, তিনি থাকবেন দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে। এই ব্যাপারে কি আপনারা আর কোনো সিদ্ধান্ত নেবেন বা সিদ্ধান্ত নিচ্ছেন ? যে না, ওই আপস বদলির বাইরেও আমরা অন্য কোনোভাবে বদলি করবো ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বিধায়ককে জানাচ্ছি, আপনার প্রস্তাবটা খুবই সঠিক এবং এটা নিয়ে আমাদের ডিপার্টমেন্ট গভীরভাবে ভাবনা-চিন্তা করছে। আপনি জানেন যে এই আপস বদলি বা মিউচুয়াল ট্রান্সফার এটা নিয়ে শিক্ষকদের দীর্ঘদিনের একটা দাবি ছিল। আমি আপনাকে বলছি, এই নোটিফিকেশনটা কবে হয়েছে, ২৯.০২.২০১২ তারিখে এই মিউচুয়াল ট্রান্সফারের গেজেট নোটিফিকেশনটা বেরিয়েছে। যেটা দীর্ঘদিনের দাবি ছিল সেটা সরকারে আসার কয়েক মাসের মধ্যে এটা আমরা করতে পেরেছি। এবং যেটা আপনি বলছেন জেনারেল ট্রান্সফার, যেটা আপনি অ্যাকচুয়ালি বলতে চাইছেন জেনারেল ট্রান্সফার নিয়েও আমাদের শিক্ষকরা দীর্ঘদিন ধরে এই নিয়ে দাবি জানাচ্ছেন, কেননা সত্যিই তাঁদের ভৌগোলিক দূরত্বের কথা যদি বলেন, তাহলে অনেককে দূরে যেতে হয়। আবার এটাও ঠিক যে তারা মোট কাজ করেন বছরে ১৪১ দিন; ওয়ার্কিং ডে তাদের। ফলে আমার মনে হয় যে, যেহেতু এই ভৌগোলিক দূরত্বের সমস্যাটা থাকছে এবং নানাবিধ সমস্যা থাকছে, তার থেকেও বড় কথা হচ্ছে বদলির বিষয়টি নিয়ে তারা দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছেন। আশা করছি সামনের বছরের মধ্যে জেনারেল ট্রান্সফার সিস্টেমও আমরা চালু করতে পারব। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাস্য যে, আপনি তো জানেন যে দীর্ঘকাল ধরে বামফ্রন্ট যেভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বস্তুত একটা কারচুপি চালিয়ে যাচ্ছিলেন, একই সংখ্যা বারবার থেকে যাচ্ছিল, যেটা পড়ে

থাকছিল, শিক্ষক নিয়োগ হচ্ছিল না। দেখা যাচ্ছিল যে এত হাজার অ্যাডভার্টাইজমেন্ট করলেন, তারপরে আসল নিয়োগের ক্ষেত্রে অনেক কমে গেল। ফলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটা অপ্রতুলতা দেখা গিয়েছে। ফলে শিক্ষার অবস্থা যা হয় তাই হয়েছে এদের আমলে। স্যার, আমি আপনার মাধ্যমে প্রশ্ন করছি, যে এই ট্রানজিশানাল পিরিয়ড, এই পিরিয়ড-এর মধ্যে আপনার প্যারা টিচার নিয়োগ করে এই অবস্থা সামাল দেওয়ার কোনো চেষ্টা করা হচ্ছে বা এই রকম কোনো পরিকল্পনা আছে যে প্যারা টিচার নিয়োগ যদিও সেটা আপনার ডাইরেক্ট কন্ট্রোলে আছে কিনা, আমার জানা নেই। কিন্তু প্যারা টিচার নিয়োগ অর্থাৎ যেটা হয়ে এসেছে আগে, আগে কিছু হয়েছে, তারপর বন্ধ ছিল, এখন কি আবার প্যারা টিচার নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, যেহেতু আপনি জানেন, যে প্রসঙ্গটা আপনি তুললেন, প্রসঙ্গটা সত্যিই বিশেষত পি.টি.টি.আই.-এর ক্ষেত্রে আপনি জানেন যে গত শতকটাই চলে গেছে এই পি.টি.টি.আই. নিয়োগ এবং তার যে গণ্ডগোল সেটা নিয়ে। সেটা নিয়ে আমরা একটা স্বচ্ছ রূপরেখা বার করার চেষ্টা করেছি এবং আপনি দেখবেন যে আমাদের রাজ্যে পি.টি.টি.আই. সমস্যাটা এখন অনেকটাই প্রশমিত। এখন আমার মনে হয় যেহেতু প্যারা টিচারদের নিয়োগের পাশাপাশি যারা পূর্ণ সময়ের শিক্ষক তাদের নিয়োগটাও অগ্রাধিকারের মধ্যে পড়ে। ফলে দুটোই আমরা সমান্তরালে চালাতে চাইছি। এবং এখন অবধি কোনো স্কুল বা কলেজের ক্ষেত্রে নতুন করে এই মুহূর্তে কোনো পার্ট টাইমার রিক্রুট করছি না। কিন্তু সমস্ত পি.টি.টি.আই.-কে ধাপে ধাপে আমরা স্কুলে অ্যাবজর্ভ করবো। এইটাই কথা হয়ে আছে, এবং পাশাপশি আপনি যে নতুন রিক্রুটমেন্ট-এর কথা বললেন, শিক্ষকদের অপ্রতুলতা আছে। সেই অপ্রতুলতা কাটিয়ে তোলার চেষ্টাও আছে, এবং আমরা আশা করছি যে খুব শীঘ্রই যে দুটো পরীক্ষার কথা বললাম অর্থাৎ প্রাইমারি পরীক্ষা, রিক্রুটমেন্ট পরীক্ষা এবং স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা এই দুটোই আমরা খুব শীঘ্রই করতে পারব। ধন্যবাদ।

শ্রী চাঁদ মহম্মদ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি দৃষ্টি আকর্ষণ করে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আপনি বলেছেন, প্রাথমিক শিক্ষক জেলার ভাগটা বলে দেবেন, ঠিকই বলেছেন। আমি বলতে চাইছি এই রাজ্যে কতজন শিক্ষক নিয়োগ হয়েছে এবং নতুন করে কতকগুলি পোস্ট আছে জানাবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, এই যে রিক্রুটমেন্ট করা হয়েছে, এটাতে যদি সময়সীমা না বলেন, এই প্রশ্নের উত্তর দেওয়া আমার পক্ষে দুঃসাধ্য হচ্ছে। আমার ঠিক প্রণিধানে আসছে না। ঠিক, কোন সময়সীমার মধ্যে রিক্রুটমেন্ট-এর কথা বলছেন ? আর দ্বিতীয়ত যে প্রশ্নটা করলেন, নতুন করে রিক্রুটমেন্ট সেটা যদি আপনারা দেখেন, আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় দেওয়া আছে যে আমরা কত পোস্ট এবার ক্রিয়েট করছি, প্রাইমারি এবং সেকেন্ডারি মিলিয়ে। তা সত্ত্বেও আপনি যদি জানতে চান, আমি আপনাকে একটা জেলাওয়ারি তথ্য আলাদা করে ব্রেক ডাউন করে আপনাকে দিয়ে দিতে পারি, যদি আপনি চান। ধন্যবাদ।

[11.20—11.30 a.m.]

শ্রী সেখ আমজাদ আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, গত শিক্ষা বাজেটে উনি বলেছিলেন ৪৬ হাজার যে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হবে সেখানে তার ১০ শতাংশ প্যারা টিচার, তার সঙ্গে যা কিছু আছে এস.এস.কে., এম.এস.কে. সেখান থেকে নিয়োগ হবে। সেই বিষয়ে সুনির্দিষ্টভাবে—এই বছরে যে শিক্ষক নিয়োগ হতে চলেছে প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ে সেখানে নির্দিষ্টভাবে—কত পদ এম.এস.কে. কত পদ প্যারা টিচার, কত পদ এস.এস.কে., এই সমস্ত জায়গা থেকে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে সেটা সুনির্দিষ্টভাবে জানতে চাই। ধন্যবাদ স্যার।

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ আপনাকে। আপনাকে এই প্রশ্নের উত্তরে জানাই যে, ১০ শতাংশ এই সংরক্ষণের বিষয়টি এটি প্রত্যেক জায়গাতেই আছে এবং আপনি শুনলে খুশি হবেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন এমনকি কলেজের ক্ষেত্রেও যে পার্ট টাইমার নেওয়া হচ্ছে তার ক্ষেত্রেও ওই একই সংরক্ষণের নীতি প্রযোজ্য হচ্ছে। এবার কতটা এস.এস.কে. কতটা এম.এস.কে., কতটা প্যারা টিচারে নেওয়া হচ্ছে এই তথ্য আমার কাছে এই মুহূর্তে নেই। তবে এই তথ্য আমার দপ্তরে আছে। আপনি চাইলে আপনাকে আমি দিয়ে দেবো। ধন্যবাদ।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। ২০১০ সালে জলপাইগুড়ি জেলাতে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি হয়। প্রবল জন-আন্দোলনের চাপে বিগত সরকার শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা তপন অধিকারীর তত্ত্বাবধানে একটি তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটির অন্তর্বর্তীকালীন রিপোর্টের ভিত্তিতে ১৫ জনের বরখাস্তের আদেশ হয়। ৩২৭ জনকে শো-কজ করা হয়। জেলার ডি.পি.এস.সি.-র চেয়ারম্যানকে অপসারিত করা হয় এবং ডি.আই.-কে অবনমন করা হয় এবং ১৭ জন শিক্ষককে শো-কজ করা হয়। সেই তদন্ত কমিটির পূর্ণাঙ্গ রিপোর্টটি জনসমক্ষে পেশ করতে মাননীয় মন্ত্রী উদ্যোগী হবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী দেবপ্রসাদ রায়কে আমি জানাচ্ছি যে, ইতিমধ্যেই আমাদের জলপাইগুড়িতে আপনি জানেন যে ডি.পি.এস.সি.-র চেয়ারম্যান প্রশাসনের আগে আধিকারিক ছিলেন, নতুন ডি.পি.এস.সি.-র চেয়ারম্যান খুব শীঘ্র পূর্ণ সময় নিয়োগ হতে যাচ্ছেন। আমি আপনার বক্তব্য তার কাছে জানাবো এবং আপনিও যদি ডি.পি.এস.সি.-র চেয়ারম্যানকে নতুন করে এই বিষয়ে, সেই কমিশন যে রিপোর্ট দিয়েছিল, সেটার জন্য যদি আপনি তার কাছে একটা আবেদন জানান, আমিও আমার দপ্তর থেকে তার কাছে চেয়ে পাঠাব এবং এটা জনসমক্ষে প্রকাশ করতে কোনো বাধা আছে বলে আমি মনে করি না।

শ্রীমতী নীলিমা নাগ : মাননীয় স্পীকারের মাধ্যমে আমি সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই, বিগত সরকার থাকাকালীন নদিয়া জেলায় যেসব প্রাইমারি শিক্ষক নিয়োগ হয়েছে সেটা এত অবৈধভাবে নিয়োগ হয়েছে, যে, যার বাড়ি নগরউখড়া তাকে

দেখা গেল তার পোস্টিং দিয়েছে পলাশীপাড়া থেকে আরো দশ কিলোমিটার ভেতরে যেখানে সাইকেল বা পায়ে হেঁটে গিয়ে তাকে শিক্ষকতা করতে হয়। তার বাড়ি নগরউখড়া। নগরউখড়া থেকে যদি ট্রেন ধরতে হয় নগরউখড়া থেকে তাকে কাঁচরাপাড়া আসতে হবে। কাঁচরাপাড়ায় তাকে লালগোলা ট্রেনে—একটাই মাত্র ট্রেন—লালগোলা ট্রেনে তাকে পলাশীপাড়া যেতে হবে। এখান থেকে তাকে সাইকেলে বা বাসে ১০-১৫ মিটার গিয়ে তবে স্কুল ধরতে হয়। আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, তাদের স্ব-স্ব জায়গায় ফিরিয়ে আনা যাবে কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয়া বিধায়িকাকে জানাচ্ছি যে এই রকম নানান সমস্যা আছে। এটা শুধু নদিয়া জেলা নয়, অনেক জেলাতেই আছে। তার জন্য আমি একটু আগেই মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্রকে জানালাম যে এই নিয়ে আমরা একটা জেনারেল ট্রান্সফার নীতি হয়তো কার্যকর করবো। আপনাকে ভেবে দেখতে অনুরোধ করছি যে যারা এই কর্মস্থলে দূরে যান চাকরি করতে, সারা পৃথিবীর নিয়ম হচ্ছে বা সারা ভারতবর্ষের নিয়ম হচ্ছে যে সেখানে তারা ঘর ভাড়া করে থাকেন। বা অন্য কোনোভাবে তারা থাকার ব্যবস্থা করেন। তারা বাড়িতেই থাকবেন এবং দূরে চাকরির ক্ষেত্রে একটা প্রতিবন্ধকতা বা অসুবিধার কথা বলেন। এইভাবে প্রত্যেককে তো ঠিক বাড়ির পাশে বা বাড়ির কাছাকাছি চাকরি দেওয়া সমস্যা। আমরা শিক্ষকদের অসুবিধার কথা বুঝেছি, তাই আমরা আপস বদলি চালু করেছি। আমরা জেনারেল ট্রান্সফার নীতিও হয়তো চালু করবো। কিন্তু এটাও আমি বলতে চাই, চাকরির ক্ষেত্রে যেখানে তিনি চাকরি করতে যাচ্ছেন সেখানেই থাকার ব্যবস্থা করেন—কলেজের কিন্তু এই রকম সমস্যা হয় না। ধরুন একজন কলকাতায় থাকেন, কিন্তু তিনি পুরুলিয়া বা উত্তরবঙ্গে চাকরি করতে যাচ্ছেন। সেখানেই কিন্তু তারা সেটেল করেন। কিন্তু স্কুলের ক্ষেত্রেই এই রকম একটা সমস্যা থাকছে, বিশেষ করে মহিলাদের ক্ষেত্রে একটা গভীর সমস্যা হয়। তাদের বাড়িতে ফিরে আসতে হয়। ঘটনা হচ্ছে, এটা নিয়ে সর্বদা আমরা সজাগ আছি, আমার দপ্তর এই নিয়ে কাজ করে চলেছে। পাশাপাশি জেনারেল অ্যাওয়ারনেসের জন্য এই দিকটাও আমি তুলে ধরতে চাইলাম। আপনার মাধ্যমে এই বিষয়টা আমি সবাইকে ভাবতে অনুরোধ করছি।

ই.সি.এল.-এর বোর্ড অফ ডাইরেক্টর্স-এ সরকারি প্রতিনিধি

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ই.সি.এল.-এর বোর্ড অফ ডাইরেক্টর্স-এ রাজ্য সরকারের প্রতিনিধি আছেন ; এবং

(খ) সত্যি হলে, এই প্রতিনিধি ই.সি.এল.-এর সমস্ত বোর্ড মিটিং-এ উপস্থিত থাকেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : (ক) না। (খ) প্রযোজ্য নয়।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে যেটা জানতে চাই, যখন থেকে ই.সি.এলের উৎপত্তি তখন থেকেই রাজ্য সরকারের কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্টের একজন প্রতিনিধি সব সময় থাকেন। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্টের সেক্রেটারি ডঃ সব্যসাচী সেন ২০০৯-১০ সাল পযন্ত ছিলেন বোর্ডের স্থায়ী আমন্ত্রিত সদস্য হিসাবে। কাজেই রাজ্য সরকারের যদি কোনো প্রতিনিধি ই.সি.এলের বোর্ড অফ ডাইরেক্টরসে না থেকে থাকেন, তাহলে রাজ্য সরকারের স্বার্থ কিভাবে রক্ষা করা হবে এটা আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নটা কি করা উচিত ছিল। আপনি প্রশ্ন করলেন, এটা কি সত্যি যে ই.সি.এল.-এর বোর্ড অফ ডাইরেক্টরস-এ রাজ্য সরকারের প্রতিনিধি আছেন কিনা। সেখানে আপনি বর্ষকাল, সময়কাল কিছুই বললেন না। এই মুহূর্তে কি আমি এই সভাতে অসত্য ভাষণ দিয়ে সভাকে অতিরঞ্জিত করতে পারি। আপনি যেটা বলেছেন সেই ব্যাপারে আমি নিশ্চয় ভেবে দেখব। ই.সি.এল. সম্পর্কে আমাদের যথেষ্ট ভাবনা-চিন্তা আছে, নানা বিষয়ে সমস্যাও হচ্ছে, আপনি নিজে জানেন সেটা। সেই ভাবনা-চিন্তা থেকে ই.সি.এল.-এর চেয়ারম্যানকে আপনি একটা সময় কিছু বলেছিলেন, আমিও তাকে ডেকে পাঠিয়েছিলাম। আপনি যখন বলছেন তখন আমি সব নথিপত্র দেখবো, দপ্তরের সাথে কথা বলবো এবং দেখে প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা থাকলে সেই ব্যাপারে যাতে যথাযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করা যায় সেই ব্যাপারে আমি সদর্থক ভূমিকা নেব।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমার দ্বিতীয় প্রশ্ন হল, ই.সি.এল.-এর প্রত্যেক বছরের যে অ্যানুয়েল রিপোর্ট বেরোয় তাতে কিন্তু রাজ্য সরকারের প্রতিনিধির কথা উল্লেখ থাকে। এবারে যে আর্থিক সমীক্ষা তাতেও দেখেছি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে কয়লার গুণমান ঠিকমত না থাকার জন্য, উৎপাদন কম হচ্ছে। রাজ্য সরকারের প্রতিনিধি এই কারণেই এখানে থাকা দরকার। বিদ্যুৎ কেন্দ্রের জন্য যে কয়লা আসছে তাতে পাথর চলে আসছে, নানা রকম বিষয় থাকছে। প্রতিনিধি রাখার বিষয়টা নিয়ে আপনি দেখবেন বলেছেন এবং এটা যাতে করা হয় সেটা দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য একই প্রশ্ন করেছেন। শুধু কয়লার গুণমান নয়, রাজ্যের স্বার্থ যাতে অক্ষুন্ন থাকে সেটাও দেখা আমাদের কাজ। এই বিষয়ে আমরা যথেষ্ট সতর্ক আছি। কয়লা নিয়ে এখন কোনো সমস্যা নেই, যখন সমস্যা হবে তখন বোর্ডের ভিতরে থাকি আর বাইরে থাকি, আমরা তো রাজ্যেই আছি, আমরা নিশ্চয় তা দেখবো। কিন্তু আপনি যে প্রশ্ন তুলেছেন, একজন সচিব পর্যায়ের প্রতিনিধি থাকার কথা, এই বিষয়টা আমি দেখবো কত সাল পর্যন্ত আছে। যেহেতু আপনি সময়টা দেননি, ন্যাচারালি আমি তাই জন্যে এটা দেখিনি। কিন্তু যখন বলছেন, আপনাকে বলি, আমি ই.সি.এল.-এর এই ব্যাপারটি সম্পর্কে যথেষ্ট সতর্ক এবং আবার বলছি, যে রাজ্যের স্বার্থে

ক্ষুন্ন হোক এরকম কোনো সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার নেবে না। সুতরাং আপনি নিশ্চিন্তে থাকতে পারেন আপনি যখন উঠিয়েছেন, বিষয়টি আমরা বিবেচনা করবো।

[11.30—11.40 a.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করি যে এই কোল, ই.সি.এল.-এর রয়্যালটি নিয়ে, কয়লা, যেহেতু রাজ্য এই কয়লা উত্তোলনের ক্ষেত্রে এবং বিশেষভাবে এই রয়্যালটি নিয়ে, গত দীর্ঘ বছর ধরে, আমরা পূর্বতন সরকারের কাছে শুনতাম কখনো ২ হাজার কোটি টাকা, কখনো ৩ হাজার কোটি টাকা। এবং সর্বশেষ এটা ৫ হাজার কোটি টাকারও বেশি। আমি মাননীয় মন্ত্রীকে এ ব্যাপারে শুধু জানাতে বলি, যে আপনার কাছে এই রয়্যালটির ব্যাপারটি কোন পর্যায়ে আছে ? এবং এতে সত্যি পাওনা থাকলে আমাদের এই রাজ্য সরকার এই বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য নির্মলবাবু যে প্রশ্ন করলেন, সে প্রসঙ্গে জানাই, আপনি একটা লিখিতভাবে করলে সেটা আমি অর্থমন্ত্রীর কাছে, মাননীয় অর্থমন্ত্রীর কাছে পাঠাবো। কেননা এ প্রশ্নটির সঙ্গে এটা যুক্ত নয়। তবুও প্রশ্নটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, আপনি লিখিতভাবে আমার কাছে দিলে, আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো।

শ্রী সুনীলচন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। যদিও এই প্রশ্নের এর সেরকম যোগ নেই। আমার পানাগড়ে যে সমস্ত কারখানা হয়েছে, সেই কারখানার জন্যে কোনো অনুমতি আপনার কাছে নিয়েছে কিনা। এবং সেখানে যে সমস্ত কাজ কর্মগুলো হচ্ছে,

মিঃ স্পীকার : এটার সাথে মূল প্রশ্নের কোনো সম্পর্ক নেই। বসুন প্লিজ।

*প্রশ্ন ১৪৫ নট রেসপন্ডেড

* প্রশ্ন ১৪৬ নট রেসপন্ডেড

বন্ধ রাষ্ট্রায়ত্ত উদ্যোগের পুনর্গঠন

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী জ্যোতির্ময় কর** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ২৩টি রাষ্ট্রায়ত্ত উদ্যোগের মধ্যে বন্ধ হয়ে যাওয়া ৭টি উদ্যোগ পুনর্গঠনের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, (১) অবশিষ্ট রাষ্ট্রায়ত্ত উদ্যোগের ক্ষেত্রগুলি কি কি ; ও (২) তাদের বর্তমান আর্থিক অবস্থা কীরূপ ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, উনি বলেছেন (ক) এটা কি সত্যি, যে রাজ্যে ২৩ (তেইশ)টি রাষ্ট্রায়ত্ত উদ্যোগ-এর মধ্যে বন্ধ হয়ে যাওয়া ৭টি উদ্যোগ পুনর্গঠনের জন্য সরকারি সিদ্ধান্ত হয়েছে ?

এই বিষয়ে আমি জানাই যে, ২০০৩ থেকে ২০০৬-এর মধ্যেই এই সংস্থাগুলি বন্ধ হয়। এবং সমস্ত কর্মচারীদের ভি.আর.এস. দেওয়া হয়। জমি এবং অন্যান্য সম্পত্তি নির্দিষ্ট পদ্ধতিতে অন্য সংস্থা বা শিল্প সংস্থাকে হস্তান্তর করা হয়। অতএব এইসব সংস্থাকে নতুন করে পুনর্গঠনের কোনো সুযোগ নেই। সংস্থাগুলো হল, আই.পি.পি. লিমিটেড, কৃষ্ণা সিলিকেট অ্যান্ড গ্লাস লিমিটেড, অ্যাপোলো জিপার ইন্ডিয়া লিমিটেড অরিজিনাল কোম্পানি, ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাক্টস লিমিটেড, ডব্লু.বি.অ্যাগ্রো টেক্সটাইলস লিমিটেড-এর একটা অংশ এমপ্লয়িজ কো-অপারেটিভ সফলভাবে চালাচ্ছে বলে জানা গেছে। কাঠ পুলার ইঞ্জিনিয়ারিং লিমিটেড, সুন্দরবন সুগার বিট ডেভলপমেন্ট কর্পোরেশন।

আর দ্বিতীয়টি হচ্ছে, (খ) সত্যি হলে, (১) অবশিষ্ট ১৬টি রাষ্ট্রায়ত্ত উদ্যোগের ক্ষেত্রগুলো কি কি ? এবং (২) তাদের বর্তমান আর্থিক অবস্থা কি রুগ্‌ণ ?

(খ) (১) বর্তমানে রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগের অধীনে নিযুক্ত ১৩টি সংস্থা রয়েছে ও ৩টি সংস্থা যৌথ উদ্যোগে রূপান্তরিত করা হয়েছে।

সংস্থার নাম হল—(১) সরস্বতী প্রেস লিমিটেড, ক্ষেত্র হচ্ছে প্রিন্টিং। (২) ম্যাকিনটোস বার্ন লিমিটেড, ক্ষেত্র হচ্ছে সিভিল ইঞ্জিনিয়ারিং। (৩) ইস্টার্ন ডিস্টিলারিস্ লিমিটেড, ক্ষেত্র হচ্ছে দেশি মদ, স্পেশাল এবং অর্ডিনারি ডিনেচার্ড স্পিরিট। (৪) ওয়েস্টিং হাউস স্যাক্সবী ফার্মার লিমিটেড, ক্ষেত্রে রেলওয়ে কোচ কাপলার ও আর.আর. মেশিন। (৫) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ের হাউসিং কর্পোরেশন, ক্ষেত্র ওয়ারহাউসিং। (৬) ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিমিটেড, ক্ষেত্র রোড রোলার, টি প্রসেসিং মেশিন ও অন্যান্য ইঞ্জিনিয়ারিং দ্রব্য। (৭) গ্লুকনেট হেলথ লিমিটেড, ক্ষেত্র জীবনদায়ী ওষুধ ও বিভিন্ন ভ্যাকসিন। (৮) দুর্গাপুর কেমিক্যালস লিমিটেড, ক্ষেত্র কসটিক সোডা, লিকুইড ক্লোরিন, ব্লিচিং পাউডার, ক্লোরো বেনজিন। (৯) শালিমার ওয়ার্কস (১৯৮০) লিমিটেড, ক্ষেত্র জাহাজ তৈরি। (১০) ইলেক্ট্রোমেডিকেল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ক্ষেত্র এক্স-রে মেশিন ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জাম তৈরি ও মেরামত। (১১) নিও পাইপস্ অ্যান্ড টিউবস্ লিমিটেড, ক্ষেত্র প্রোডাকশন বন্ধ আছে। (১২) লিলি বিস্কুট, ক্ষেত্র প্রোডাকশন বন্ধ আছে। (১৩) ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি লিমিটেড, ক্ষেত্র প্রোডাকশন বন্ধ আছে।

নিম্নোক্ত ৩টি সংস্থা যৌথ উদ্যোগে রূপান্তরিত করা হয়েছে—

(১) ওয়েস্ট বেঙ্গল কেমিকেল ইন্ডাস্ট্রিজ লিমিটেড (৭৪ শতাংশ)

(২) এঞ্জেল ইন্ডিয়া মেশিন্‌স অ্যান্ড টুল্‌স (১৯৮৭) লিমিটেড (৭৪ শতাংশ)

(৩) অ্যাপোলো জিপার ইন্ডিয়া লিমিটেড (৯০ শতাংশ)

উপরে উল্লেখিত ক্রমিক ১—৫ সংস্থাগুলি স্বাবলম্বী এবং তারা কোনোরূপ সরকারি সাহায্য ছাড়াই চলে, ক্রমিক ৬—৯ সংস্থাগুলি ২০০৩-২০০৬ সালে পুনর্গঠনের পর আর্থিকভাবে স্বাবলম্বী হলেও পঞ্চম বেতন কমিশনের সুপারিশের পর তারা কিছুটা হলেও সরকারি সাহায্যের উপর নির্ভরশীল ও বাকি সংস্থাগুলি সম্পূর্ণরূপে সরকারি সাহায্যের উপর নির্ভরশীল।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় অতিরিক্ত প্রশ্ন, মাননীয় শিল্পমন্ত্রী জানালেন যে, অবস্থা কি করে গেছেন দেখুন ? মোট ২৩টি যে রাষ্ট্রায়ত্ত সংস্থা আছে, সেই ২৩টি সংস্থার মধ্যে অলরেডি ৬টি সংস্থা মৃত এবং আর একটা কর্মচারীরা চালাচ্ছে—কোন অবস্থায় পেয়েছেন। কারণ প্রশ্নগুলি হচ্ছে আর্থিক পরিস্থিতিটা জানা দরকার। আজকে হেল্‌থ কার্ড কি আছে জানতে চেয়েছিলাম—৬টা আপনার লাভজনক চলছে। আমার প্রশ্ন আজকে লাভজনক কালকে অলাভজনক হতে পারে, আধুনিকীকরণের অভাবে। আর এই ব্যাপারে রাজ্য সরকারে কোনো সঠিক দৃষ্টিভঙ্গী বা পর্যবেক্ষণ—এগুলি নিরন্তর পর্যবেক্ষণের কোনো বন্দোবস্ত আছে কি ? আর বাকি ৭টি চলে গেল, যেটা অলাভজনক হচ্ছে, তাকে লাভজনক করার জন্য কোনো এক্সপার্ট কমিটি বা অন্য কিছু আছে কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য জ্যোতির্ময় কর, যে প্রশ্ন তুলেছেন আমি শুধু এইটুকু বলতে চাই যে, রাজ্যের হাতে যে শিল্প সংস্থাগুলি আছে—সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী মনে করেন যে শ্রমজীবী মানুষকে প্রোটেকশন দিয়ে এগুলো কি করে চালানো যায় এবং সেই ক্ষেত্রে আমাদের এখন পরিকল্পনা স্তরে আছে, যেগুলি একেবারে চলছে না, তাদেরকে নিয়ে, শ্রমিকদের নিয়ে, তাদেরকে অন্যত্র ব্যবহার করে, সেই জায়গায় এবং যে জায়গায়টি তারা বর্তমানে তারা আছে, সেই জায়গায় অন্য কোনো শিল্প এনে তাদেরকে ব্যবহার করতে দেওয়া। আর অন্যদিকে লাভজনকভাবে যেগুলি চলছে, তারই অংশ থেকে কিছু টাকা তাদেরকে দেওয়া এবং ৪১৭ জনের মতন লোক বোধহয় মোট ৬টির মধ্যে চারটি জায়গায় আছে এবং খুব সম্ভবত। তাদেরকে রেখে কি করে ব্যবহার করা যায়—এই কর্মচারীদের, শ্রমিকদের, সেটা যেমন একদিকে লক্ষ্য, অন্যদিকে যেগুলো চলছে, সেগুলো আরও ভালোভাবে কিভাবে চালানো যায়, রাজ্যের রাজস্ব যাতে আসে, সার্বিক এবং মানবিক উন্নয়ন যাতে এখানে হয়, তার ব্যবস্থা আমরা করবার চেষ্টা করছি। আপনি যখন বললেন কোনো রিপোর্ট-টিপোর্ট আছে কি না ? বহু রিপোর্ট আছে আমাদের দপ্তরে এখন ধুলো খাচ্ছে। রিপোর্ট তৈরি হয়েছে, কিন্তু রিপোর্টের বাস্তবায়ন বিগত দিনে করবার মতন সময় বা পরিকল্পনা বিগত সরকার ভাবেননি।

[11.40 – 11.50 a.m.]

আমরা চেষ্টা করছি। বিগত দিনের একটা রিপোর্ট আমরা তৈরি করবার চেষ্টা করছি। সেই রিপোর্টের ভিত্তিতে একটা স্টাডি একটা স্টেট ডেভলপ করছে, একটা ডাটা বেস করছে যাতে সেই ডাটা বেসে বোঝা যায় কোন কোন স্টেজে কি অবস্থায় তারা আছে। সেই

ভিত্তিতে সরকার উদ্যোগ গ্রহণ করবেন। তবে আমি আবার আপনাকে বলছি শুধু সরকারের সাহায্যের উপর নির্ভর করে কিন্তু সংস্থা চালানো যাবে না। তার পারদর্শিতা বাড়াতে হবে, তার প্রযুক্তিগত দিক বাড়াতে হবে, তার কর্মকুশলতা বাড়াতে হবে এবং তার যে শ্রমজীবী মানুষ এবং যারা এর সঙ্গে জড়িত, স্টেক হোলডার্স, তাদের প্রত্যেকেরই স্বার্থকে অক্ষুণ্ণ রাখতে হবে। কাজটা কঠিন, তবুও এই কঠিন কাজ পেশাদারিত্ব সংস্থা এবং আমাদের আধিকারিকরা, সকলে মিলে এক সাথে কাজে হাত দিয়েছি।

শ্রী জ্যোতির্ময় কর : ধন্যবাদ মাননীয় শিল্পমন্ত্রীকে, উনি ঠিক জায়গায় নিয়ে যাচ্ছেন। এই ক্ষেত্রে আপনি কি পি.পি.পি. মডেল-কর্মচারীদের কথা আপনি বললেন, এটা যাতে স্টেবেল থাকে, আজকে যেটা লাভ করছে কালকে যাতে ক্ষতি না হয়ে যায়, স্টেবেল রাখার দিকে তাকিয়ে এই ক্ষেত্রে কি পি.পি.পি. মডেলের কথা ভাবছেন ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি আবার বলছি, প্রথম হচ্ছে যে ভাবনার স্তরে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, বেশ কিছু রিপোর্ট তৈরি হয়েছিল, পি.ডব্লু.সি. পেশাদারী সংস্থা, তারাও কিছু রিপোর্ট দিয়েছেন এবং তারাও এখন এটার ডাটা বেস তৈরি করবার চেষ্টা করছে। রোগটা না জেনে ওষুধ দেওয়া যায় না। রোগটা জানতে হবে, বুঝতে হবে এবং সকলকে নিয়েও চলতে হবে। আমরা উপরতলার বোর্ড থেকে সিদ্ধান্ত তৈরি করলাম অথচ শ্রমিক কর্মচারী সেটা গ্রহণ করলেন না, তাহলে তো হবে না। তাদেরকেও বোঝাতে হবে যে এই রোগ হয়েছে এই তার ওষুধ, এ না হলে সংস্থা বাঁচবে না। আর রোগের আর একটা কারণ হচ্ছে এইগুলো যখন তৈরি করছে, পি.ডব্লু.সি. যখন রিপোর্ট দিচ্ছে তখন যাওয়ার আগে আমাদের বিগত সরকার পঞ্চম বেতন কমিশনটা যুক্ত করে দিয়ে চলে গেলেন। তাও আবার কিছু জায়গায় দেওয়া হলো কিছু জায়গা দেওয়া হলো না। নানা রকম সমস্যা আছে। আমি শুধু বলি যে পুরানো জঞ্জাল ঘেঁটে তো কোনো লাভ নেই, ধূলির প্রাপ্য ধূলিকে না দিলে জঞ্জাল বাড়ে শেষটায়। আমাদের কাজ করতে হবে এবং কাজটা যুক্তিগ্রাহ্য এবং বাস্তব দিকে তাকিয়েই করতে হবে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় এখানে ১৩টা কারখানার নাম আলাদা আলাদা করে উল্লেখ করেছেন। আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি, যে এই ১৩টি কারখানার মধ্যে যদি থাকে ওনার কাছে, দিতে পারেন তাহলে ভালো হয়—প্রতিটির শেয়ার ক্যাপিটাল কত এবং তার নেগেটিভ নেটওয়ার্ক কত দাঁড়িয়ে আছে এখন। এবং যেগুলো লাভ হচ্ছে তার ক্যাশ প্রফিট কত ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যতদুর সম্ভব মনে আছে এইগুলো এই বিধানসভায় বিলি-টিলি করা হয়, এইগুলো পাওয়া যায়। আপনি যখন বলছেন এটা আপনি লিখিতভাবে দিন আমি আপনাকে জোগাড়-যন্তর করে এখান থেকেই বইগুলো নিয়ে আপনাকে দিয়ে দেব।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, শ্যামনগরের আটপুরে রামস্বরূপ উৎপাদক বলে একটা রোলিং মিল ছিল। আজ প্রায় দেড় বছরের উপর বন্ধ হয়ে আছে। অদ্ভুত ব্যপার ওখানে টাটা কোম্পানি থেকে আনা র স্টক রয়েছে, ডব্লু.আই.পি. স্টক রয়েছে, মেশিনারী রয়েছে এবং সবচেয়ে বড় কথা রোলিং মিলের যে রড বের হয় তার মার্কেটও প্রচুর রয়েছে। অদ্ভুত কারণে মালিক কিছুতেই খুলছে না। এই ক্ষেত্রে একটু আগে আপনি যেটা বললেন যে যেগুলো নেহাতই বন্ধ হয়ে আছে অন্য কাউকে নিয়ে এসে সেখানে যদি কারখানা করানো যায়, পরিচালনা করানো যায়। এমন কোনো চিন্তা-ভাবনা কি করা যায় ? কেননা প্রায় ১ কোটি টাকার র স্টক, ডব্লু.আই.পি. স্টক থাকা সত্ত্বেও কারখানাটা কিছুতেই খুলছে না। আমরা বহুবার বলেছি, অনেক রকম ভাবে বলেছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য পরশ দত্তের উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেদিন সরকারে আসেন মুখ্যমন্ত্রী হিসেবে, প্রথম থেকেই আমরা বলেছি যে, যারা এই রাজ্যের লগ্নিকারী, বিনিয়োগকারী, তারা যখন আসছেন, তারা বন্ধ কারখানার সঙ্গে ক্লোজ্‌ড ইউনিটকে যদি নেন তাহলে ভালো হয়। এমন কি কোর কমিটির যে মিটিং, যেখানে বণিকসভার প্রতিনিধিরা আছেন, সেই বণিকসভার প্রতিনিধিদেরকেও আমরা বলেছি যে, আপনারা যখন নতুন ইনভেস্টমেন্টের কথা বলছেন তখন যেগুলো পড়ে আছে সেগুলো নিয়েও আপনারা যদি খুলতে পারেন তাহলে সরকার আপনাদের পাশে দাঁড়াবে। আপনি যে কারখানাটি সম্পর্কে বললেন, তার ডিটেল্‌স রিপোর্ট নিয়ে আপনি আসবেন, আমি নিশ্চয়ই দেখব এটা কোন্ ডিপার্টমেন্টের সেটা আগে জানতে হবে। কিন্তু আমাদের নীতিগত সিদ্ধান্ত আবার এই মহতী সভায় জানাই যে, বন্ধ কারখানাকে যদি কোনো বিনিয়োগকারী খুলতে চান, সরকার তার পাশে দাঁড়াবে। দেখবে কিভাবে আইনগত দিক থেকে, আর্থিক দিক থেকে তাদেরকে সাহায্য করা যায়। যাতে এই বন্ধ কারখানার যে জমিটি, যে ইনফ্রাস্ট্রাকচার অ্যাভেলেব্‌ল, তা নতুন বিনিযোগকারীরা গ্রহণ করতে পারে।

শ্রী নরেশ চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি আর.আই.সি., রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেডের এই রাজ্যে ১৩টি কারখানা রাষ্ট্রায়ত্ত সংস্থা চালাতেন। হাজার হাজার লোক চাকরি করত। কয়েকশো কোটি টাকা অ্যাসেট আছে। শেড, বিল্ডিং এবং সবরকম ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটিজ আছে। বামফ্রন্ট সরকার এই কারখানাগুলো বন্ধ করে দিয়েছেন এবং অতি কম খরচেই এই কারখানাগুলো চালু করা যেতে পারে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি শিল্প পুনর্গঠন দপ্তর আর.আই.সি.-র এই কারখানাগুলো এবং আমার এলাকায় একটি কারখানা আছে—চাকদহ আর.আই.সি. ফ্যাক্টরী লিমিটেড। চাকদহ কারখানা-সহ আর.আই.সি.-র এই ১৩টি কারখানা চালু করার ব্যাপারে আপনার ডিপার্টমেন্ট কি ভাবছে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : এখানে মাননীয় মন্ত্রী মঞ্জুল ঠাকুর আছেন। আমি তাঁর সাথে কথা বলব, কথা বলে আপনাকে জানাব। ১৩টিই নয়, আরও অনেক জায়গায় আর.আই.সি.-র বেশ কিছু জমি রয়েছে। কিন্তু এই সভা কি আলোচনা করতে পারে কেন্দ্রীয় সংস্থার কথা ? আমাদের কেন্দ্রীয় সংস্থার কাছে জানাতে হবে এবং যেগুলো বন্ধ আছে সেগুলো খোলবার দায়িত্ব নিতে হবে। শুধু আপনার নয়, এই মহতী সভায় সকলকেই সেই দায়িত্ব নিয়ে একত্রিত হয়ে আমাদের দরবার করতে হবে। এটুকু বলব প্রচুর আর.আই.সি.-র জমি এখন বিভিন্ন জায়গায় আছে। সেখানে তাদের কি অবস্থান, সেই অবস্থানটা জানতে হবে। আমি নিজে বেহালায় আছি, আমাদের ওখানে আর.আই.সি.-র প্রচুর জমি পড়ে আছে। অথচ সেখানে আমাদের শিল্প করবার দরকারও আছে। যেমন আপনাদের ওখানে আছে। এই রকম বিভিন্ন জায়গায় আর.আই.সি.-র বেশ কিছু জমি আছে। সেগুলো কিভাবে পুনরুদ্ধার করা যায় এবং সেগুলো কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা আলাপ-আলোচনা চালাচ্ছি। যখন সেটা শেষ হয়ে যাবে তখন আমি আপনাদের জানাব।

মহাবিদ্যালয়ের পরিচালন সমিতি

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫১) **ডঃ তরুণ কান্তি নস্কর** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> রাজ্যের মহাবিদ্যালয়গুলির পরিচালন সমিতিতে কোনো বিধায়ককে রাখা হয়েছে কি ?

শ্রী ব্রাত্য বসু : হ্যাঁ, রাজ্যের কিছু কিছু মহাবিদ্যালয়ের পরিচালন সমিতিতে বিধায়কদের রাখা হয়েছে।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন—যে এই রকম কতকগুলো কলেজে বিধায়কদের রাখা হয়েছে এবং সেই বিধায়করা কোন্ রাজনৈতিক দলের বিধায়ক ?

শ্রী ব্রাত্য বসু : রাজ্যের মোট মহাবিদ্যালয়গুলির তালিকার কথা আপনি জানতে চাইছেন, আমি আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তরে আপনাকে জানাচ্ছি—ইস্ট ক্যালকাটা গার্লস কলেজ—সুজিত বসু, পি. কে. কলেজ (কাঁথি)—দিব্যেন্দু অধিকারী, এগরা সারদা শিশু মিশন।

মিঃ স্পীকার : টোটাল নাম্বারটি তিনি জিজ্ঞাসা করেছেন।

শ্রী ব্রাত্য বসু : মোট ৪১টি কলেজে রাখা হয়েছে। ৬০০টি কলেজের মধ্যে মোট ৪১টি কলেজে রাখা হয়েছে।

(ভয়েজ : কোন্ কোন্ রাজনৈতিক দলের বিধায়কদের সেখানে রাখা হয়েছে, উনি সেটা জানতে চাইছেন।)

শ্রী ব্রাত্য বসু : রাজনৈতিক দলের কথা জানতে চাইছেন—সেখানে তৃণমূল কংগ্রেসের বিধায়ক আছে এবং কংগ্রেসের বিধায়করা আছে।

[11.50 – 12.00 noon]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন যে, বর্তমান সরকার ক্ষমতায় আসার পরে ঘোষণা করেছিলেন যে, তারা শিক্ষায় রাজনীতির অনুপ্রবেশ করাবেন না। সেই অনুযায়ী তারা অ্যাক্ট তৈরি করেছেন এবং সেখানে উপাচার্যদের জন্য তারা বলেছেন যে, কোনো রাজনৈতিক সংযোগ থাকলে কাউকে উপাচার্য করা যাবে না। ফলে, এই পরিপ্রেক্ষিতে বিধায়কদের এই রকমভাবে কলেজে গভর্নিং বডিতে আনা হ'ল কেন, এই বিষয়টা মাননীয় মন্ত্রিমশায় যদি জানান।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে প্রিয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, আপনি গণতান্ত্রিক যে সংজ্ঞা দিচ্ছেন তাতে আমার মন্ত্রী হওয়া উচিত নয়। কেন, আমি একটি রাজনৈতিক দল থেকেই এসেছি। এইবার কথা হচ্ছে, বিধায়ক মানে তিনি হচ্ছেন জনপ্রতিনিধি। তিনি যদি জনপ্রতিনিধি হন এবং তিনি যদি মনে করেন যে, কলেজের পরিচালন ব্যবস্থার মধ্যে থাকলে কলেজের সুবিধা হবে এতে আপনার আপত্তি কোথায় আছে, আমি বুঝতে পারছি না।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিভিন্ন কলেজের জি.বি.গুলো এক্সটেনশন হচ্ছে আর কতদিনের মধ্যে নতুন জি.বি.-র রি-কনস্টিটিউড হবে ? এটা যদি একটু আমাদের বলেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, অধিকাংশ কলেজেই গভর্নিং বডি গঠনের কাজ হয়ে গেছে। অল্প কিছু কলেজে বাকি আছে, সেগুলো আমাদের গোচরে আছে। আমরা আশা করছি, খুব দ্রুত এটা শেষ হয়ে যাবে এবং যেগুলোর এক্সটেনশন দেওয়া হয়েছে, সেগুলোর আগের টার্মস ফুরিয়ে যাচ্ছে। আমরা অলরেডি সেই সমস্ত কলেজকে জানিয়েছি যে, আপনারা গভর্নমেন্ট নমিনি অবিলম্বে চেয়ে পাঠান।

শ্রী রামেশ্বর দোলই : ধন্যবাদ। আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন, বিষয়টা আপনারাই বলেছেন যে, ঐসব মেন্টর গ্রুপ, সার্চ কমিটি—নানারকম সব, তারা বলেছেন, যাঁরা রাজনীতির সঙ্গে যুক্ত তাদের মহাবিদ্যালয় বা এইসব জায়গায় পরিচালন কমিটিতে থাকার কথা না। আপনি স্বীকার করলেন যে, ৪০টি কলেজে বিধায়করা আছেন। আমি স্পেসিফিক বলছি। উনি বললেন যে, ৪০টি কলেজে সম্ভবত বিধায়করা আছেন। মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, নির্বাচনে যাঁরা শাসক দলের প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন কিন্তু পরাজিত হয়েছেন তারা এই রকম কলেজের কোনো গভর্নিং বডিতে আছেন কিনা অনুগ্রহ করে জানাবেন কি ?

......(গোলমাল)......

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে, হারার তালিকা আপনার পকেটে বেশি থাকবে, এটাই প্রত্যাশিত। তাও আমি আশা করছি যে, যাঁরা যাঁরা হেরেছেন, সেই তালিকা আমি সংগ্রহ করবো এবং আপনাদের সাহায্য চাইব এবং অবিলম্বে আপনার প্রশ্নের উত্তর আমি আপনাকে জানাব।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউজে মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের কি শিক্ষা দিচ্ছেন ? রাজনৈতিক দল ছাড়া কেউ এম.এল.এ., মন্ত্রী হয় ? আপনি বললেন, আমারও মন্ত্রী হওয়ার উচিত নয়। আমি জানি না এটা আছে কিনা। আমার প্রশ্ন হল যে, মাননীয়া মুখ্যমন্ত্রী উনি তো বলেছিলেন যে, একটু গণতন্ত্রের ছুঁয়া দেবেন, উনি কিন্তু পরিপূর্ণ গণতন্ত্রের ছুঁয়া দিতে পেরেছেন ! আপনি একজনও কি বিরোধী পক্ষের কোনো বিধায়কদের রেখেছেন কোনো মহাবিদ্যালয়ে ? স্পেসিফিক বলুন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়কের উত্তরে জানাচ্ছি যে, আজ অবধি আপনি একটি বিরোধী বিধায়ক কি বলতে পারবেন যে, তিনি কোনো গভর্নর বডিতে থাকতে চেয়ে কোনো চিঠি পাঠিয়েছেন আমাকে ?

.....(গোলমাল).....

আপনাদের একজন বিধায়ক উপেন কিস্কু মহাশয় বোধহয় আছেন।

ডঃ আশীষ ব্যানার্জী : বামফ্রন্টের মানুষজন চিৎকার করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, বামফ্রন্টের সময় একটা মহাবিদ্যালয়ে, কলেজের কোনো অধ্যক্ষ governing body-র member তো ছেড়ে দিন, কলেজের কোনো অধ্যক্ষ, বামফ্রন্ট বিরোধী কোনো মানুষ বা বামফ্রন্ট করেন না এমন কোনো মানুষ বা আলিমুদ্দিনে টুল নিয়ে বসেন না এমন কোনো মানুষ, তাঁরা কী অধ্যক্ষ হতে পেরেছিলেন ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাচ্ছি, আপনার প্রশ্নের মধ্যেই উত্তর লুকিয়ে আছে। ব্যাকরণের ভাষায় যাকে বলে "কাকুবক্রোক্তি"। প্রশ্নের মধ্যেই আপনি উত্তর দিয়েছেন। এর উত্তর সর্বজনবিদিত, নতুন করে উত্তর দেবার মানে হয়না।

পুরুলিয়া জেলায় বৃহৎ শিল্প গঠন

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) **শ্রী নেপাল মাহাত :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বৃহৎ শিল্প গঠনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কীরূপ ?

শ্রী পার্থ চ্যাটার্জী : (ক) আগেরদিনও বলেছি নেপালবাবুকে, হ্যাঁ আছে। (খ) ইতিমধ্যে আপনি জানেন যে, জয় বালাজী, নিও মেটালিক্স লিমিটেড, এস.আর.এম.বি., শ্রীজন লিমিটেড, শ্যাম স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং আধুনিক কর্পোরেশন লিমিটেড শিল্প স্থাপনের প্রস্তাব করেছে যা বর্তমান সরকারের বিবেচনাধীন।

শ্রী নেপাল মাহাত : স্যার, অতিরিক্ত প্রশ্ন। এই বৃহৎশিল্পগুলো গঠনের কথা সরকারের বিবেচনাধীন আছে বলে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। আমি জানতে চাইছি, এগুলো এখন কী পর্যায়ে আছে ? জমি নেওয়া হয়েছে কিনা বা কবে থেকে শুরু হবে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, বেশ কিছু জমি নেওয়া আছে, যা 14y-কে লঙ্ঘন করে। কিন্তু নতুন সরকারের নীতি হচ্ছে এবং জোরের সঙ্গেই বলছি, আমরা কোনো রকম গায়ের জোরে জমি অধিগ্রহণ করব না। বিনিয়োগকারীদেরই নিতে যেতে হবে এবং আমরা আমাদের পরিকল্পনার ক্ষেত্রে, যারা জমি নিয়েছেন শিল্পের জন্য এবং শিল্প স্থাপন করতে চান, তাদের ডি.পি.আর. যদি ঠিক থাকে এবং তাঁরা যদি সময়মত করেন তাহলে তাঁদের সঙ্গে কেস-টু-কেস দেখে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। এবং ইতিমধ্যেই জমি সংক্রান্ত যে চুক্তি সেই চুক্তিগুলো আমরা গভর্নমেন্টের পলিসি অনুযায়ী সম্পাদন করেছি। DPR রিসিভ্ড হয়েছে, কেউ কেউ দিয়েছেন, কেউ কেউ এখনও দেননি। একটি মাত্র ক্ষেত্রে আমরা DPR পেয়েছি, সেটা হচ্ছে রিলায়েন্স সিমেন্ট।

[12.00 noon – 12.10 p.m.]

শ্রী নেপাল মাহাত : অতিরিক্ত প্রশ্ন স্যার, যে শিল্পগুলো হচ্ছে, সেই শিল্পগুলোতে মোটামুটি ইনভেস্টমেন্ট কত কোটি টাকা হয়েছে এবং কত বেকার ছেলেদের চাকরির সংস্থান হবে, যদি জানা থাকে বলবেন ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় ঠিক এই কারণেই আমরা বর্তমান চুক্তিগুলিকে ভালো করে পর্যালোচনা করছি। আমরা কেন করছি ? জমির পরিমাণ কত, যিনি করতে যাচ্ছেন তার ব্যাক গ্রাউন্ড, তার ব্যালেন্স সিট ৩ বছরের, তিনি কত দিনের করতে চান, কত টাকা বিনিয়োগ করতে চান এবং সবচেয়ে বড় প্রশ্ন, কত কর্মসংস্থান তিনি করতে চান ? সেই কর্মসংস্থানের যদি কারিগরি শিক্ষার দরকার হয়, যদি এক্সপ্রিরিয়েন্স্ টেকনিক্যাল লোকের দরকার, তাহলে তিনি যখন তৈরি করবেন, আমরা সেই সময়ের ক্ষেত্রে আমাদের বেকার যুবক, যুবতী যারা আছে, তাদেরকে প্রশিক্ষিত করবো। আপনি জানতে চেয়েছেন কত টাকা আছে এর মধ্যে ? জয় বালাজী ইন্ডাস্ট্রি যে ডি.পি.আর. দিয়েছে, তাতে প্রপোজাল হচ্ছে ১৬ হাজার কোটি টাকার। আধুনিক কর্পোরেশনের প্রোপোজাল হচ্ছে ৭ হাজার ২০০ কোটি টাকার, শ্যাম স্টিলের প্রোপোজাল হচ্ছে ৩ হাজার ৪২৫, এটা আমি বলছি ২০০৯-২০১০-এর তার আগে যে প্রোজেক্টের ইন্ডিকেশন দিয়েছিলেন তার ভিত্তিতে। এছাড়াও জয় বালাজী ইন্ডাস্ট্রিতে ডাইরেক্ট এমপ্লয়মেন্টের সম্ভাবনা আছে ১৫০০, আধুনিক কর্পোরেশনে আছে ৫০০, শ্যাম স্টিলে আছে ২১০০। আমরা মনে করি স্থানীয়ভাবে

পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং বীরভূম এই জায়গায় যদি আপনাদের কোনো দৃষ্টিতে আসে বিনিয়োগকারীরা শিল্প স্থাপন করতে চান, তাদেরকে নিয়ে নিশ্চয়ই আমাদের সঙ্গে দেখা করবেন। এবং এই হাউসে যদি সে রকম কোনো প্রস্তাব থাকে আমার সঙ্গে দেখা করবেন। কারণ আমরা এই পিছিয়ে পড়া জেলাগুলোতে গুরুত্বের সঙ্গে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করতে চাই। আপনি শুনলে খুশি হবেন, আগামী ১২ তারিখ ঐ পুরুলিয়া জেলাতেই একটা আই.টি. হাব করছি—যা কোনোদিন নিয়ে যাওয়া হয়নি—ইনকিউবেশন সেন্টারের, আমরা ভিত্তি প্রস্তর স্থাপন করতে যাচ্ছি। মাননীয়া মুখ্যমন্ত্রী বড়জোড়ায় যাবেন ১৩ তারিখে। ১২ তারিখে আমি পুরুলিয়ায় গিয়ে ওই কাজটা সম্পাদন করে আসব।

Mr. Speaker : The Question Hour is over.

Starred Questions

(to which answers were laid on the table)

Appointment on Compassionate ground

*145. (Admitted Question No. *285) **Shri Krishnendu Narayan Chowdhury :** Will the Minister-in-Charge of the Fire & Emergency Services Department be pleased to State—

(a) number of appointments in the Fire & Emergency Services Department on compassionate ground during the year 2011 ; and

(b) number of such cases pending as on 31.12.2011 ?

Will the Minister-in-Charge of the Fire and Emergency Services Department—

(a) Nil.

(b) 252 numbers such cases pending as on 31.12.2011 consisting of all ranks.

শিক্ষক-শিক্ষিকাদের বদলি

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪২) **শ্রী এস. এম. সাদি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের বদলির বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি। সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের আপস বদলির বিষয়ে একটি আদেশনামা প্রকাশিত হয়েছে।

(খ) ২৯/০২/২০১২ তারিখে আদেশনামাটির গেজেট নোটিফিকেশন বেরিয়েছে এবং ঐদিন থেকেই তা কার্যকরী হয়েছে। এ ব্যাপারে বিদ্যালয় শিক্ষা দপ্তরের ওয়েবসাইট (www,wbsed.gov.in) দ্রষ্টব্য।

কৃষি পেনশন

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৪) **শ্রী বিজয় বাগদী** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-২০১২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত কত সংখ্যক মানুষকে কৃষি পেনশনের আওতায় আনা হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কৃষি পেনশন ত্রৈমাসিক ভিত্তিতে দেওয়া হয়। বর্তমান আর্থিক বছরে (২০১১-২০১২) প্রতি ত্রৈমাসিকে নিম্নলিখিত সংখ্যক মানুষকে এই পেনশন দেওয়া হয়েছে—

১ম ত্রৈমাসিক	৬৬০৬৭ জন
২য় ত্রৈমাসিক	৬৬২৪৯ জন
৩য় ত্রৈমাসিক	৬৫৭৭১ জন
৪র্থ ত্রৈমাসিক	৬৬১৮৬ জন

প্রাথমিক শিক্ষক নিয়োগ

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯) **শ্রী মন্টুরাম পাখিরা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা মে, ২০১১ তারিখ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ তারিখ পর্যন্ত সময়ে মোট কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে (জেলাওয়ারি তথ্য সহ) ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা মে, ২০১১ থেকে ২৯শে ফেব্রুয়ারি, ২০১২ পর্যন্ত সময়ে প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য কোনো প্যানেল অনুমোদিত হয়নি।

বোরো চাষ

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতুল্লাহ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ বছর রাজ্যে বোরো চাষ কম হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) কত পরিমাণ জমিতে এই চাষ কম হয়েছে ; ও (২) চাষ কম হওয়ার কারণ কী ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এ বছর রাজ্যে বোরো চাষ লক্ষ্যমাত্রার (১৪.৭৫ লক্ষ হেক্টর) তুলনায় কম হওয়ার সম্ভাবনা রয়েছে।

(খ) (১) ২১.০৩.২০১২ তারিখ পর্যন্ত জেলা থেকে প্রাপ্ত রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে, ১১.২৯ লক্ষ হেক্টর জমিতে বোরো চাষ হয়েছে। আনুমানিক ৩.৪৬ লক্ষ হেক্টর জমিতে বোরো চাষ কম হয়েছে। আশা করা যায়, পূর্ণাঙ্গ রিপোর্ট চলতি মাসের শেষ নাগাদ সম্পূর্ণ হলে আরো কিছু এলাকা বৃদ্ধি পেতে পারে। (২) বোরো ধান চাষে জলের চাহিদা বেশি হওয়ার জন্যে কৃষি দপ্তর থেকে বিকল্প ফসল যেমন, চীনাবাদাম, মুগ, তিল, ভূট্টা, (যে সব ফসলে জলের চাহিদা কম) চাষে জোর দেওয়া হচ্ছে, যাতে ভূগর্ভস্থ জলের ব্যবহার কমানো যায়। এছাড়া জেলা থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী দেখা যাচ্ছে যে মূলত কৃষি শ্রমিকের মজুরি, রাসায়নিক সারের দাম ইত্যাদি বৃদ্ধি পাওয়ার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা পৌঁছানোর সম্ভাবনা কম।

প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য "সার্ভিস কমিশন" গঠন

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩) **শ্রী বিপ্লব রায়চৌধুরী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য রাজ্যে "সার্ভিস কমিশন" গঠনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

বর্ধমান জেলায় শিল্প স্থাপন

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৩) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় শিল্প স্থাপনের জন্য যে জমি অধিগ্রহণ করা হয়েছে সেখানে কোন ধরনের শিল্প স্থাপনের প্রস্তাব সরকারের নিকট জমা পড়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নিম্নলিখিত প্রস্তাবগুলি এসেছে : রাসায়নিক সার, সেরামিক টালি, সোলার মডিউল, এল.পি.জি. বটলিং প্ল্যান্ট, গ্যালভানাইজ্‌ড টিবিউলার পোলস, ওয়াগন উৎপাদন সুবিধা, মেগা গ্লাস কমপ্লেক্স, সোলার গ্লাস ও অ্যালুমিনিয়াম কোটেড মিরর প্ল্যান্ট, ফিগারড গ্লাস, ইন্টিগ্রেটেড লজিস্টিক পার্ক এবং অটোমোবাইল।

মালদা জেলায় ধান চাষ

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪) **শ্রী সুশীল চন্দ্র রায়** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলায় গাজোল বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কৃষি খামারে ১০০ বিঘা জমি থাকা সত্ত্বেও উন্নতমানের বীজ ধানের চাষ হচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইহা সম্পূর্ণ সত্য নয়।

(খ) মালদা জেলায় গাজোল বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কৃষি খামারে মোট জমির পরিমাণ ৭৫ বিঘা, এর মধ্যে চাষযোগ্য জমির পরিমাণ ৫১ বিঘা। উক্ত খামারে মোট কর্মচারীর সংখ্যা ১১ জন, এর মধ্যে বর্তমানে ৬ জন কৃষি শ্রমিক ছাড়া আর কোনো পদাধিকারী নেই। এই ৬ জন কৃষি শ্রমিকের মধ্যে ৩ জন কৃষি শ্রমিক চৌকিদারী, ট্রাক্টর ও পাম্প চালানোর কাজের সাথে যুক্ত। বাকি ৩ জন কৃষি শ্রমিকের দ্বারা ২০১০-১১ এবং ২০১১-১২ সালে যথাক্রমে মোট ৩৬ বিঘা এবং ২১.৫ বিঘা চাষ হয়েছে।

উক্ত জমি থেকে ২০১০-১১ সালে ৪৭.৬৯ কুইন্টাল বীজ এবং ২০১১-১২ সালে ১০.৪০ কুইন্টাল ধান খরিপ মরশুমে উৎপাদন হয়েছে। রবি ফসল কাটা চলছে, পরিমাণ নির্ধারণ সম্পূর্ণ হয়নি।

সরকারি পাঠ্যপুস্তক বিতরণ

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান শিক্ষাবর্ষ শুরুর একমাস পরেও দক্ষিণ দিনাজপুর জেলার সমস্ত স্কুলে সরকারি পাঠ্যপুস্তক পৌছায়নি ;

(খ) সত্যি হলে, কারণ কি : এবং

(গ) উক্ত জেলায় পাঠ্যপুস্তক না পাওয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা কত (বিদ্যালয়ের নাম-সহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত **মন্ত্রিমহোদয়** :

(ক) আংশিকভাবে সত্য।

(খ) প্রাথমিক শ্রেণীর (প্রথম থেকে পঞ্চম) মোট ৯৮ ধরনের বইয়ের মধ্যে কেবলমাত্র একটি বইয়ের সংখ্যায় কিছু ঘাটতি থাকায় সেগুলি আবার ছাপতে দেওয়া হয়। বর্তমানে ছাপা সম্পূর্ণ হয়েছে এবং জেলায় অতিরিক্ত বই পাঠিয়ে দেওয়া হয়েছে।

(গ) উক্ত জেলায় ঘাটতি বইয়ের সংখ্যা ছিল ১৪,৫০০। কিন্তু বর্তমানে কোনো ঘাটতি নেই। বিদ্যালয়ের নামের তালিকা দেওয়া সম্ভব নয়।

মিনিকিট বিতরণ

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫) **শ্রী অজয় দে** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমান চাষের মরশুমে সরকারের পক্ষ থেকে মিনিকিট বিতরণ করা হয়েছে কি না ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর ইতিবাচক হলে,

(১) তা কোন্ কোন্ ক্ষেত্রে দেওয়া হয়েছে ; ও

(২) কোন্ সময়ে দেওয়া হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত **মন্ত্রিমহোদয়** :

(ক) রাজ্যে বর্তমান চাষের মরশুমে সরকারের পক্ষ থেকে বীজ মিনিকিট বিতরণ করা হয়েছে।

(খ) রবি খন্দে নিম্নলিখিত শস্যের বীজ মিনিকিট বিতরণ করা হয়েছে :

নং	শস্যের নাম	মিনিকিটের সংখ্যা	বীজের পরিমাণ	বিতরণের সময়
১।	খেসারি	২৩৭০৪	৪ কেজি/প্যাকেট	কার্তিক-অগ্রহায়ণ
২।	সরিষা	১২৯২৪০	১ কেজি/প্যাকেট	
৩।	মুসুর	৩৮৭৬৫	৪ কেজি/প্যাকেট	
৪।	মুগ	২৫৭১০	৪ কেজি/প্যাকেট	মাঘ-ফাল্গুন
৫।	গম	৮৫৮৬১	১৫ কেজি/প্যাকেট	অগ্রহায়ণ-পৌষ
৬।	সংকর ধান	১০০০০০	২ কেজি/প্যাকেট	
৭।	উচ্চ ফলনশীল ধান	১৯০৫২৬	১০ কেজি/প্যাকেট	
৮।	সংকর ভূট্টা	১৮৬১৬	৩ কেজি/প্যাকেট	
৯।	তিল	১৯৬০০	১ কেজি/প্যাকেট	মাঘ-ফাল্গুন১

মাধ্যমিক পরীক্ষায় গণটোকাটুকি

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৫) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি শিক্ষাবর্ষে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন কোন কোন পরীক্ষা কেন্দ্রে গণটোকাটুকির ঘটনা ঘটেছে ;

(খ) সত্যি হলে, পরীক্ষা কেন্দ্রগুলির নাম কি কি ; এবং

(গ) সরকার এ বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করেছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চলতি শিক্ষাবর্ষে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন কোনো পরীক্ষাকেন্দ্রে গণটোকাটুকির কোনো খবর পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

রুগ্ন শিল্পগুলির পুনরুজ্জীবন

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯২) **শ্রী অখিল গিরি** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রুগ্ণ/বন্ধ শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, পূর্ব মেদিনীপুর জেলার রামনগরের (কাঁথির) দাদনপাত্রঝড়ে অবস্থিত বেঙ্গল সল্ট কারখানাটিকে পুনরায় চালু করার জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি ?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সত্যি যে, সরকার রুগ্ন/বন্ধ শিল্প সংস্থাগুলির পুনরুজ্জীবন ও পুনর্বাসনের জন্য সব সময়েই সক্রিয়। এ বিষয়ে সরকারের পরিবর্তিত ও সুবিন্যস্ত নীতি অবিলম্বে গ্রহণ করা হচ্ছে।

(খ) পূর্ব মেদিনীপুর জেলার রামনগরের (কাঁথি) দাদনপাত্রবাড়ে অবস্থিত একদা রুগ্ন কারখানাটির পুনরুজ্জীবনের বিষয়টি বর্তমান সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন। পুনরুজ্জীবন অসম্ভব হলে বিকল্প হিসাবে ওই কারখানার জমিতে নতুন শিল্প স্থাপনার জন্য বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

শিলাবৃষ্টিতে রবি চাষের ক্ষতি

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩) **শ্রী রামেশ্বর দোলই** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার কেশপুর ব্লক-সহ কয়েকটি ব্লকে সাম্প্রতিক শিলাবৃষ্টিতে রবি চাষের ব্যাপক ক্ষতি হয়েছে ;

(খ) সত্যি হলে, ক্ষতিগ্রস্ত কৃষক পরিবারের সংখ্যা কত ; এবং

(গ) ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণ দেবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, গত ০৮/০১/২০১২ তারিখ রাত্রে কেশপুর ব্লকের কয়েকটি অঞ্চলে শিলাবৃষ্টি এবং ব্যাপক বর্ষণ হয়েছে। প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্যানুযায়ী আলু—৮৮০০ হেক্টরের মধ্যে ৬১০০ হেক্টর। সরিষা—৩৫০০ হেক্টরের মধ্যে ২২০০ হেক্টর। গম—১০০০ হেক্টরের মধ্যে ৫০০ হেক্টর এবং শীতকালীন সবজি—৭৫০ হেক্টরের মধ্যে ৫০০ হেক্টর ক্ষতিগ্রস্ত হয়েছে।

(খ) মোট ৬৩৪টি মৌজার মধ্যে ৪১৫টি মৌজার ২৪০০টি (আনুমানিক) কৃষক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছেন।

(গ) ক্ষতিগ্রস্ত কৃষকগণ জাতীয় শস্যবীমা প্রকল্পের মাধ্যমে দাবি অনুযায়ী ক্ষতিপূরণ পাবেন। শস্য কর্তন রিপোর্ট অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের পদসংখ্যা বৃদ্ধি

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৪) **ডঃ আশীষ ব্যানার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলির জন্য শিক্ষক-শিক্ষিকার পদসংখ্যা বৃদ্ধি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, মোট কতগুলি শিক্ষক ও শিক্ষিকার পদ সৃষ্টি করা হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান রাজ্য সরকার শিশুদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুসারে ছাত্র-শিক্ষক অনুপাত বজায় রাখার জন্য মোট ৫৪৪৫টি প্রাথমিক ও ৩৯,৫১০টি উচ্চতর প্রাথমিক অতিরিক্ত শিক্ষক পদের সৃষ্টি করেছেন।

কৃষি সমবায় সমিতির কর্মচারীদের বেতন কাঠামো

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৮) **শ্রী ঈদ মহম্মদ** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কৃষি সমবায় সমিতিতে নিযুক্ত কর্মচারীদের বেতন পরিকাঠামো তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে কৃষি সমবায় সমিতিতে নিযুক্ত কর্মচারীদের বেতন পরিকাঠামো তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের নেই।

চাকদহে দমকল কেন্দ্র স্থাপন

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৪) **শ্রী নরেশচন্দ্র চাকী** : অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদিয়া জেলার চাকদহে দমকল কেন্দ্র স্থাপনের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নদিয়া জেলার চাকদহে দমকল কেন্দ্র স্থাপনের জন্য জমি খোঁজার কাজ চলছে। তবে এখনও উপযুক্ত জমি পাওয়া যায় নাই।

সাঁওতালি ভাষায় পঠন-পাঠন

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৬) **শ্রী উপেন কিস্কু** : গত ১৬ই ডিসেম্বর, ২০১১ তারিখের তারকিত প্রশ্ন নং ৫৪ (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চম শ্রেণি থেকে সাঁওতালি ভাষায় পঠন-পাঠন শুরু করার জন্য কতগুলি বিদ্যালয়ের আবেদনপত্র মাধ্যমিক বোর্ডের কাছে জমা পড়েছে (বিদ্যালয়ের নাম-সহ জেলাওয়ারি তথ্য) ; এবং

(খ) উক্ত বিষয়ে শিক্ষাদানের জন্য কতজন শিক্ষক নিয়োগ করা হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পঞ্চম শ্রেণী থেকে সাঁওতালি ভাষায় পঠন-পাঠন শুরু করার জন্য কোনো আবেদনপত্র মাধ্যমিক বোর্ডের কাছে জমা পড়েনি।

(খ) আপাতত ৫ম শ্রেণীতে সাঁওতালি ভাষায় দক্ষ ৩ জন করে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অতিরিক্ত জেলা পরিদর্শকের রিপোর্টের ভিত্তিতে ইতিমধ্যেই বিদ্যালয় শিক্ষা দপ্তর বাঁকুড়া জেলায় ১৪টি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণীতে সাঁওতালি ভাষায় পঠন-পাঠনের অনুমতি দিয়েছেন। এছাড়া পশ্চিম মেদিনীপুর জেলায় ২৫টি প্রাথমিক ও মুর্শিদাবাদ জেলায় ২টি নতুন সাঁওতালি মাধ্যম উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে সাঁওতালি ভাষায় পঠন-পাঠন শুরু হয়েছে।

নন্দীগ্রামে শিল্প তালুক গঠন

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৯) **শ্রীমতী ফিরোজা বিবি** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রামের জেলিংহাম-এ শিল্প তালুক গঠনের বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১-১২ সালের রেলওয়ে বাজেট বক্তৃতাতে তদানীন্তন রেলমন্ত্রী মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জী জেলিংহাম-এ একটি রেল ইন্ডাস্ট্রিয়াল পার্ক গঠনের প্রস্তাব রেখেছিলেন। পার্ক গঠনে অংশগ্রহণ করতে ডব্লু.বি.আই.ডি.সি. থেকে একজন কার্যনির্বাহী অধিকর্তা মনোনীত করা হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিকে উন্নীতকরণ

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৫ **শ্রী শাহাজাহান চৌধুরী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ মাধ্যমিকস্তরে উন্নীতকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, মঙ্গলকোট ব্লকে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীতকরণ করা হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের সমস্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে আগামী তিন বছরে উচ্চ মাধ্যমিকে উন্নীতকরণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে। সেইমতো ২০১১-১২ সালে মোট ৪০৩টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিকস্তরে উন্নীত করা হয়েছে, তার মধ্যে বর্ধমান জেলায় উন্নীত বিদ্যালয়ের সংখ্যা ২১।

(খ) বর্ধমান জেলায় উন্নীত বিদ্যালয়গুলির তালিকা দেওয়া হল। এর বাইরে মঙ্গলকোট ব্লকের প্রস্তাব পাওয়া গেলে ডি.এল.আই.টি.-র অনুমোদন সাপেক্ষে সেগুলিকেও উন্নীত করা যাবে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely—

	Subject		Name
(i)	Re-opening Dunlop Factory	:	Dr. Tarun Kanti Naskar
(ii)	Proposal for inclusion of residential place of poet Kumud Ranjan Mallick at Kogram in Mangalkote Assembly Constituency area as Tourist Centre	:	Shri Sahajahan Choudhury
(iii)	Urge for construction of a culvert at Tulsiaghat Village under Harischandrapur Block-2	:	Shri Tajmul Hossain
(iv)	Directions of NCTE regarding qualifications for apointment to the post of primary teachers	:	Shri Asit Kumar Mal
(v)	Construction of proposed stadium at Nabaratna area under Metiabruz Assembly Constituency	:	Smt. Mamtaj Begam
(vi)	Suspension of work at Hastings Jute Mill, Rishra	:	Shri Asit Mitra
(vii)	Setting up of Natural Fibre Mission	:	Shri Manturam Pakhira & Shri Asutosh Mukherjee

I have selected notice of Smt. Mamtaj Begam on the subject of Construction of proposed stadium at Nabaratna area under Metiabruz Assembly Constituency.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় সংশ্লিষ্ট মন্ত্রী এখন সভায় উপস্থিত নেই। তার সঙ্গে কথা বলে আমি শ্রীমতী মমতাজ বেগমের আনীত এই প্রশ্নের উত্তর, হয় সভায় না হয় তার কাছে পাঠিয়ে দেওয়ার জন্য অনুরোধ জানাব।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Irrigation and Waterways Department to make a statement on the subject of reconstruction of "Braja Durga" dam at Masra in Rampurhat Assembly Constituency.

(Attention called by Dr. Asish Banerjee on the 21st March, 2012)

দৃষ্টি আকর্ষণী প্রস্তাব

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য ডঃ আশীষ ব্যানার্জীর দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমাদের এই বিবৃতি।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে একটি নিবেদন যে বিষয়টিতে নিশ্চিত একটা বিভাগগত পার্থক্য রয়েছে কিন্তু মূল বিষয়টি হল সেখান থেকে সেচের জল মানুষ পায়। হাজার হাজার আদিবাসী মানুষ ঐ একটি ড্যামের উপর নির্ভর করে চলে। সেই ক্ষেত্রে আমি অনুরোধ করব আপনি উদ্যোগ নিয়ে এটা বিদ্যুৎ বিভাগের সঙ্গে আলোচনা করে এই হাজার হাজার বিঘে জমি চাষের কোনো বন্দোবস্তর আয়োজন করবেন কি ?

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মানীনয় অধ্যক্ষ মহোদয়, প্রস্তাবটি খুবই ভাল। আমার দপ্তরের direct jurisdiction-এ নয়। It is concerned with Zilla Parishads, Panchayat Samities still. কোনো নদী বা কোনো জলাশয় থেকে জল উত্তোলন করে জল দেওয়াটা হচ্ছে জল সম্পদ দপ্তরের দায়িত্ব ; সেচ বিভাগের নয়। সেচ বিভাগ is concerned with canals, canals। তবুও আপনি যখন বলেছেন মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি জেলা পরিষদ, সংশ্লিষ্ট জেলাশাসক এবং সম্মানীয় জল সম্পদ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সৌমেন মহাপাত্রের সাথে কথা বলে কি করা যায় আমি দেখবো।

Mr. Speaker : I now call upon the Minister-in-Charge of the Irrigation and Waterways Department to make a statement on the subject of progress of work of Kaliaghai-Kapaleswari-Baghai Flood Control Project.

(Attention called by Shri Jyotirmoy Kar on the 28th March, 2012)

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ব্রজ দুর্গা বাঁধ বীরভূম জেলা পরিষদের উদ্যোগ ও তত্ত্বাবধানে রামপুরহাট-১ ব্লকের মাসরা পঞ্চায়েতের অধীনে ঠাকুরপুরা মৌজায় 'ভূত' নামক একটি কন্দর (স্বাভাবিক নিকাশি)-এর উপরে তৈরি হওয়া নিচু উচ্চতার একটি কনক্রিটের বাঁধ। ইলেকট্রিক্যাল পাম্পের সাহায্যে ওই কন্দরে জমা জল উত্তোলন করে সংলগ্ন জমিতে সেচ সুবিধা প্রদানের লক্ষ্যে ওই বাঁধ তৈরি হয়েছিল। এটির তৈরি বা রক্ষণাবেক্ষণের সঙ্গে সেচ ও জলপথ বিভাগ কোনোভাবেই যুক্ত নয়। সেচ বিভাগের আধিকারিকদের এলাকা সরেজমিনে পরিদর্শন ও তাদের কাছ থেকে প্রাপ্ত সংবাদ অনুযায়ী উইং ওয়ালের পাশের ক্ষতিগ্রস্ত মাটির অংশ ইতিমধ্যেই স্থানীয় পঞ্চায়েত মেরামত করেছে।

আরও জানা গেছে যে, পাম্প সংলগ্ন ট্রান্সফরমার চুরি যাওয়ার কারণে বর্তমানে পাম্পটি অচল অবস্থায় পড়ে আছে। নতুন ট্রান্সফরমার বসিয়ে লাইন চালু না করলে প্রকল্পটির অচল অবস্থা দূর করা যাবে না। তবে এই সম্পত্তি সেচ ও জলপথ বিভাগের নয়, ফলে এই বিষয়ে আমার বিভাগের এই মুহূর্তে কিছু করণীয় নেই।

[12.10 – 12.20 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ যে তিনি খুব বড় প্রকল্পের কাজ হাত দিয়েছেন দীর্ঘদিন অবহেলার পরে। কিন্তু আমরা প্রশ্ন এতবড় কাজ শেষ করতে এই যে ৮ তারিখে উনি কাজ শুরু করলেন, ওঁনার কাছে কি কোনো তথ্য আছে কি কি জায়গায় কাজ শুরু হবে মানে ৮০০-৮৫০ কি.মি. হবে তো এবং বৃষ্টি এসে যাবে এবং আপনি সেই কলঙ্ক থেকে নিজেকে মুক্ত নিশ্চয় রাখবেন যে বৃষ্টি পড়বে আর মাটি কাটা হবে সেটা তো চলবে না। সুতরাং দয়া করে যদি এর উপরে একটু আলোকপাত করেন ভালো হয়।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনারা জানেন যে আমাদের নতুন সরকারের নির্দিষ্ট একটি ঘোষণা আমার দপ্তর প্রথম ১০ই অক্টোবর ২০১১ সালে রূপায়িত করেছিল তার নাম ই-টেন্ডারিং। দিজ ইজ দি ফার্স্ট টাইম আমরা সেচ দপ্তরে ই-টেন্ডারিং চালু করেছিলাম ১০ই অক্টোবর। এবং এই ই-টেন্ডারিং কথাটা যেহেতু নতুন ইঞ্জিনীয়ারদের বোঝাতে হয়েছে, অফিসারদের বোঝাতে হয়েছে এবং এজেন্সিগুলোকে বোঝাতে হয়েছে তার জন্য একটু সময় লাগছে। আমরা আগে ঠিক করেছিলাম ১ কোটি ২৫ লক্ষ টাকার উপরে ই-টেন্ডারিং হবে। এখন আবার সিদ্ধান্ত করেছি ওটাকেও নামিয়ে, কেটে ৫০ লক্ষ টাকার নিচে নামিয়ে ৫০ লক্ষ টাকার উপরে যা কাজ হবে ই-টেন্ডারিং হবে। আপনার কথামত বিধায়কদের সঙ্গে, সাংসদদের সঙ্গে, সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে, পঞ্চায়েতদের সঙ্গে, জনসাধারণের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার সাপেক্ষে আমরা তিনটি জায়গা প্রথমে বেছে নিয়েছি। তার মধ্যে এই তিনটি কাজের আনুমানিক ব্যয় মূল্য সর্বমোট ১৩৪ কোটি ২৫ লক্ষ টাকা। এর মধ্যে একটি কাজ লাঙলকাটা থেকে ভাটিতে ৩.৫ কি.মি. রূপায়ণ করবে কন্টাই ইরিগেশন ডিভিশন। বাকি দুটি লাঙ্গলকাটার ৩.৫ কি.মি. ভাটি থেকে ঢেউভাঙা পর্যন্ত রূপায়ণ করবে ইস্ট মিডনাপুর ডিভিশন। এই জায়গাগুলোতে পূর্ব মেদিনীপুরের সংশ্লিষ্ট এলাকাগুলিতে আমরা কন্টাই ডিভিশন এবং ইস্ট মিডনাপুর ডিভিশনকে দিয়ে ৮ই এপ্রিল কাজটা শুরু করতে চাই। ইতিমধ্যে কপালেশ্বরীর কাজ কিছু কিছু জায়গায় শুরু হয়ে গেছে। খাল কাটার কাজ শুরু হয়ে গেছে। আমি মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়ার মাধ্যমে পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরের সমস্ত বিধায়কদের কাছে, সাংসদদের কাছে জনপ্রতিনিধিদের কাছে অনুরোধ করবো সরকারের এই সুবৃহৎ প্রকল্পটিকে রূপায়ণের জন্য আপনারা সাহায্যের হাত বাড়িয়ে দিন।

স্টেটমেন্ট আন্ডার রুল ৩৪৬

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ম্যাডাম, আমাদের বিধায়করা একটা এবং আমাদের গভর্নমেন্ট চীফ হুইপ বলেছিলেন আমাকে নির্দেশ দিয়েছিলেন এই কংসাবতী এবং ডি.ভি.সি.-র জল বোরোর শেষ মুহূর্ত, রবির শেষ মুহূর্ত, তা আমি আপনার পারমিশন নিয়ে বলে দিতে চাই কি জল দেওয়া হচ্ছে। আপনি যদি দু-মিনিট সময় দেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি বলুন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনাকে ধন্যবাদ জানাই, আপনি অনুমতি দিয়েছেন। কারণ বিধায়করা খুবই বিচলিতভাবে, উদ্বিগ্নভাবে এবং আমাদের গভর্নমেন্ট চিফ হুইপ শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, তিনিও আমাকে বলেছিলেন, বিরোধী দলনেতা শ্রী সূর্য্যকান্ত মিশ্রও বলেছিলেন এবং বিভিন্ন জেলার বিধায়করা বলেছিলেন। এখন আমি লিখিত বিবৃতিটা পড়ছি।

(ক) খরিফ চাষ

(১)	ময়ূরাক্ষী প্রকল্পের সেচ খালের মাধ্যমে বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলার বিভিন্ন ব্লকে ২০১১ সালে খরিফ চাষে সেচসেবিত এলাকা	: ৪,৮৯,৪৬৩ একর
(২)	দামোদর নদের ব্যারেজ ও সেচ ব্যবস্থার সেচ খালের মাধ্যমে বর্ধমান, বাঁকুড়া ও হুগলি জেলার বিভিন্ন ব্লকে ২০১১ সালে খরিফ চাষে সেচসেবিত এলাকা	: ৮,২০,২৮০ একর
(৩)	কংসাবতী প্রকল্পের সেচ খালের মাধ্যমে বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও হুগলি জেলার বিভিন্ন ব্লকে ২০১১ সালে খরিফ চাষে সেচসেবিত এলাকা	: ৫,৪১,০১৫ একর

(খ) রবি ও বোরোচাষ

১। খরিফ চাষের পরে জলাধারে জল অত্যন্ত কম (মাত্র ১৭,৪০০ একর ফুট) থাকার কারণে ময়ূরাক্ষী প্রকল্পের মাধ্যমে রবি/বোরো চাষের জন্য জল সরবরাহ সম্ভব হয়নি।

২। দামোদর নদের ব্যারেজ ও সেচ ব্যবস্থার সেচ খালের মাধ্যমে বর্ধমান ও হুগলি জেলায় কমবেশি ৫০,০০০ একর জমিতে রবি চাষের জল সরবরাহ করার পরে অবশিষ্ট ২,৯৬,০০০ একর ফিট জলের সাহায্যে ওই দুই জেলায় সেচ খালের মাধ্যমে ও হাওড়া ও হুগলির সামান্য কিছু এলাকায় নদীতে জলপ্রবাহের মাধ্যমে মোট ৮৮,০০০ একর জমিতে বোরো চাষের জন্য জল দেওয়ার পরিকল্পনা করা হয়েছিল। ২৭শে জানুয়ারি থেকে ৩১শে মার্চ পর্যন্ত চার দফায় ২,১৭,০০০ একর ফিট জল দেওয়া হয়েছে এবং ৫ই এপ্রিল থেকে ২৬শে এপ্রিল সময়কাল পর্যন্ত আরো দুই দফায় দেওয়ার জন্য ৭৯,০০০ একর ফুট জল সঞ্চিত আছে যা অন্য কাজে ব্যবহার করলে বোরো চাষ ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে।

প্রসঙ্গত উল্লেখ্য এই সময়কালে হুগলি জেলার খানাকুলে ৫০০০ একর ও হাওড়া জেলার আমতা ও উদয়নারায়ণপুর ব্লকে ১০০০ একর জমিতে পরিকল্পনা ও চাহিদা মাফিক ২৫,৪৭১ একর ফুট জল নদীপথে ইতিমধ্যেই সরবরাহ করা হয়েছে, যা হিসাবমত প্রয়োজনের তুলনায় যথেষ্টই বেশি।

৩। ২০১১-১২ সালে রবি মরশুমে কংসাবতী জলাধার প্রকল্প থেকে সেচ খালের মাধ্যমে বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও হুগলী জেলার বিভিন্ন ব্লকে সর্বমোট তিন দফায় ১,০০,৬৮০ একর জমিতে জল দেওয়ার পরে জলাধারে সঞ্চিত জল সাধারণ ভাবে অন্যান্য বছরের মতো শুখা মরশুমে গবাদি পশুর ব্যবহার ও পানীয় জল অংশতঃ সরবরাহ করার জন্য ধরে রাখা হয়েছে। এই প্রকল্প থেকে সাধারণ ভাবে সেচখালের মাধ্যমে বোরো চাষের জন্য জল দেওয়ার বিষয়, প্রকল্প প্রস্তুত কালে ভাবা হয়নি। এতৎসত্ত্বেও পশ্চিম মেদিনীপুরের, বিশেষতঃ দাসপুর ও ঘাটাল অঞ্চলে কৃষকরা যাঁরা নদীর বুকে বোরো বাঁধ তৈরি করে কিছু জল ধরে রেখে বোরোচাষ করেন, তাদের স্বার্থে গত ২০শে মার্চ থেকে ২৫শে মার্চ রাইট ব্যাঙ্ক মেইন ক্যানাল হয়ে তারাফেনি—ভৈরববাকি ব্যারেজের ভাঁটিতে পুনরায় কংসাবতী নদীতে গড়ে ৩৫০ থেকে ৪৫০ একর ফুট জল পাঠানো হয়েছে, ৩১শে মার্চ পর্যন্ত খালের আশু মেরামতির কারণে জল সরবরাহ বন্ধ ছিল যা পুনরায় ১লা এপ্রিল থেকে চালু করার ব্যবস্থা হয়েছে। জলাধারের জলতল অনুযায়ী ও কৃষকদের দাবি ও প্রয়োজনের সাযুজ্য রেখে জল সরবরাহ নিয়ন্ত্রণ করা হবে।

একই সাথে ২৬শে মার্চ থেকে ১লা এপ্রিল পর্যন্ত লেফ্ট ব্যাঙ্ক মেইন ক্যানাল হয়ে শিলাবতী ব্যারেজের ভাঁটিতে শীলাবতি নদীতে গড়ে ৩৫০ একর ফুট জল পাঠানোর ব্যবস্থা হয়েছে। ভবিষ্যতের চাহিদা ও যোগান অনুযায়ী জল সরবরাহ নিয়ন্ত্রিত হবে।

প্রসঙ্গত উল্লেখ্য রবি চাষের পরে পরেই জলাধারে জলের উচ্চতা ৪০৯ ফুট অবস্থান করছিল ৩৯৫ ফুট উচ্চতা পর্যন্ত জল সরবরাহ করা যায়। আগামী শুখা মরশুম দীর্ঘ সময় পর্যন্ত বিলম্বিত হতে পারে এবং প্রবল গরমের সময় গবাদি পশু ও মানুষের ব্যবহারের জন্য প্রয়োজনীয় জলের সংস্থান রাখতেই হবে। এই ভাবনার সঙ্গে চাহিদার সমন্বয় সাধন করেই দায়িত্বে থাকা বিভাগীয় ইঞ্জিনিয়ারদের জল ছাড়ার বিষয়টি নিয়ন্ত্রণ করতে হয়, এই বাস্তব সমস্যা আমি এই মহতী সভার মাননীয় বিধায়কদের হৃদয়ঙ্গম করতে সনির্বন্ধ অনুরোধ করছি।

[12.20 – 12.30 p.m.]

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the First Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Horticulture, Co-operation and Consumer Affairs (2011-2012)

The Chairman (Shri Ashok Kumar Deb) : Hon'ble Deputy Speaker, Madam, I beg to present the first Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Horticulture, Co-operation and Consumer Affairs (2011-2012) on the activities of the Consumer Affairs Department.

Presentation of the Third Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2011-2012)

The Chairman (Shri Jatu Lahiri) : Hon'ble Deputy Speaker, Madam, I beg to present the Third Report of the Standing Commitee on Finance, Excise and Development & Planning (2011-2012) on the Excise duty and issues pertaining to the Department of Excise.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Certificate and Audit Reports on the Accounts of the West Bengal Human Rights Commission for the years 2008-2009 and 2009-2010 along with the comments of West Bengal Human Rights Commission thereon

Shri Partha Chatterjee : Hon'ble Deputy Speaker, Madam, I beg to lay the Audit Certificate and Audit Reports on the Accounts of the West Bengal Human Rights Commission for the years 2008-2009 and 2009-2010 along with the comments of West Bengal Human Rights Commission thereon.

The 39th Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy & Poultry Development Corporation Limited for the year 2007-2008

Shri Manjul Krishna Thakur : Hon'ble Deputy Speaker, Madam, I beg to lay the 39th Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy & Poultry Development Corporation Limited for the year 2007-2008.

MENTION CASES

শ্রী অসিত কুমার মাল : (নট প্রেজেন্ট)

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া আপনার মধ্যে দিয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে, গত ২২শে মার্চ হাতিবাগানে যে অগ্নিকান্ড হয়েছে, সেখানে ব্যবসায়ীরা খুব ক্ষতিগ্রস্ত হয়েছেন। এখানে প্রচুর ক্ষুদ্র ব্যবসায়ী আছেন। সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, স্থানীয় বিধায়ক গিয়েছিলেন। গত ৩০শে মার্চ সন্ধ্যায় আমি যখন তাদের সঙ্গে দেখা করতে যাই আমার মনে হয়েছে তারা এই মুহূর্তে

পুনর্বাসন, দোকানগুলির পুনর্নির্মাণ এবং বিদ্যুতের সংযোগ এটা তাদের ভীষণভাবে প্রয়োজন। এই পুনর্নির্মাণের জন্য তারা আর্থিক সাহায্যের জন্য কাতর আবেদন করছেন। আমি আপনার মধ্যে দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীকে সেই আবেদনে সাড়া দিয়ে তাদের আর্থিক সাহায্যের জন্য অনুরোধ করছি। এই প্রসঙ্গে স্মরণ করছি ২০০৮-এ নন্দরাম মার্কেটে আগুন, আর ২০০৯-এ মল্লিকঘাট ফুল বাজারে আগুনে ক্ষতিগ্রস্তদের এখনও সাহায্য করা হয়নি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : একটা পয়েন্ট নিয়েই বলবেন, যে পয়েন্ট লিখবেন সেই পয়েন্টই বলবেন। বারবার বলা হচ্ছে কিন্তু মাননীয় মেম্বাররা কেউ মনে রাখছেন না।

শ্রী কেশবচন্দ্র রায় : (নট প্রেজেন্ট)

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারদা গোষ্ঠীর চলমান হাজার হাজার ক্ষুদ্র সঞ্চয়কারীর মাধ্যমে লক্ষ লক্ষ জনগণ টাকা রেখেছে কিন্তু সেই টাকা ফেরত পাচ্ছে না। এই অভিযোগ আমরা গ্রামাঞ্চলে পাচ্ছি। এর সঙ্গে সঙ্গে এই চিট ফান্ড তিন বছরে ফুলে ফেঁপে উঠেছে। বিভিন্ন পত্রিকা এবং বিভিন্ন মিডিয়া হাউস কিনেছে, গ্রামাঞ্চলেও হাজার হাজার একর জমি তারা ক্রয় করেছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ডোন্ট রিড। আপনি দেখে পড়বেন না।

শ্রী শাহাজাহান চৌধুরী : ব্যবসার কথা থাকলেও তারা ওয়েবসাইটে এই ক্ষুদ্র সঞ্চয়কারীর ব্যাপারটা অনুল্লেখিত থেকে গেছে। ফলে এটা নিয়ে বিভিন্ন প্রশ্ন আসছে। তার সঙ্গে সঙ্গে জনৈক কংগ্রেসের এম.পি. তিনি গত ১২ই জুলাই প্রধানমন্ত্রীর কাছে একটা অভিযোগ করেছেন। প্রধানমন্ত্রী তদন্তের নির্দেশ দিয়েছেন ১২ই আগস্ট। ২৫শে আগস্ট পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র বিভাগে সেই তদন্তের নির্দেশ এসেছে। ৭ মাসে তিনটে রিমাইন্ডার লেটার এসেছে কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে কিন্তু কোনো এক অদৃশ্য কারণে সেই তদন্তের ফাইল আলমারিতে ধামাচাপা দিচ্ছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি স্ট্যাটিসটিক্স দেখুন কিন্তু আপনি পুরোটাই তো দেখে বলছেন।

শ্রী শাহাজাহান চৌধুরী : যাই হোক, আমি দাবি করছি কেন্দ্রীয় সরকারের কাছে, এখানকার স্বরাষ্ট্র দপ্তর তদন্ত রিপোর্ট পাঠাবেন এবং লক্ষ লক্ষ জনগণ যেখানে টাকা রেখেছেন সেই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী নির্মল ঘোষ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়—উত্তর ২৪ পরগনা জেলার হেড কোয়ার্টার বারাসাত। এয়ারপোর্ট নাম্বার ওয়ান থেকে এই যে যশোর রোডের যে কানেকশন, সেই রাস্তাটি দীর্ঘ বছর ধরে একেবারে যান চলাচলের অসুবিধে হচ্ছে। এই রাস্তাটির ওয়াইডেনিং এবং রিকনস্ট্রাকশন করার জন্য দাবি জানাচ্ছি তার কারণ দীর্ঘদিন ওখানকার মানুষ অবহেলিত হয়ে আছে। আপনার মাধ্যমে আমার বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন যে অবিলম্বে যেহেতু এটা ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার, সেই জন্য

এয়'র পোর্ট নাম্বার ওয়ান দমদম থেকে একেবারে চাঁপাডালি মোড় এবং কলোনি মোড় পর্যন্ত রাস্তাটিকে প্রশস্ত করে, রাস্তাটিকে পুনর্গঠন করার আবেদন জানাই।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী, পূর্তমন্ত্রী এবং পঞ্চায়েত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার বিধানসভা এলাকায় যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত নিম্নমানের। যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন না ঘটলে, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য কোনো কিছুরই উন্নয়ন হতে পারে না। এমন অবস্থা ম্যাডাম আপনি জানেন যে, কয়েকবার আমি বিধানসভায় এই রাস্তাগুলি সম্পর্কে বলেছি। যে কয়েকটি রাস্তার কথা আমি বলছি সেগুলো হচ্ছে ভালুকা জিরো পয়েন্ট থেকে ভায়া খিদিরপুর হয়ে বস্তার পর্যন্ত, তুলসীহাটা বাগ থেকে রাজনাথপুর, মিলনগড় রোড থেকে গৌরীপুর, ভালুকার বাগ থেকে ভায়া জগন্নাথপুর হয়ে ভৈরবপুর পর্যন্ত, স্মরণপুর থেকে পীরগঞ্জ, মহেন্দ্রপুর থেকে রামপুর। সব চাইতে দুঃখের বিষেয় যে, রসিদপুর থেকে ভায়া মীরপাড়া হয়ে দক্ষিণ ভাখুরিয়া, উত্তর ভাখুরিয়া পর্যন্ত একটি বিচ্ছিন্ন এলাকায় এই রাস্তাগুলি এমনভাবে পড়ে আছে ম্যাডাম, আপনাকে এর আগেও দৃষ্টি আকর্ষণ করেছি আপনার মাধ্যমে, আপনি বিষয়টি একটু গুরুত্ব সহকারে দেখুন। আমার এলাকায় রাস্তাঘাটগুলির সার্বিক উন্নয়ন করে, সার্বিক উন্নয়নের জন্য আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা পূর্তমন্ত্রী ও পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, যাতে অবিলম্বে এই রাস্তাঘাটগুলির নির্মাণ করা হয়। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী বাচ্চু হাঁসদা : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা দক্ষিণ দিনাজপুর জেলার তপন বিধানসভা। আমার বিধানসভা-সহ গোটা দক্ষিণ দিনাজপুরে প্রায় ১০০টি প্রাইমারী স্কুলে সেখানে তফসিলী জাতি, উপজাতি সম্প্রদায়ের মানুষ, সাঁওতাল সম্প্রদায়ের মানুষের ছেলেমেয়েরা পড়াশোনা করে। সেই জন্য আমি আপনার মাধ্যমে জানাতে চাই অন্যান্য জেলার মতো সেখানেও যাতে সাঁওতালি ভাষায় এবং অলচিকি হরফে সেই স্কুলগুলোতে সাঁওতালি ছেলেমেয়েদের যাতে পড়াশোনার ব্যবস্থা করা হয়, তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30 – 12.40 p.m.]

শ্রী তোয়াব আলি : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে পৌর ও নগরোন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম আমার বিধানসভা ধুলিয়ান পৌরসভা এলাকায়। এই ধুলিয়ান পৌরসভা এলাকায় ২০০৯ সাল থেকে শিশুশিক্ষা প্রকল্প চালু আছে। ৩৬টি শিশু শিক্ষা কেন্দ্র এবং ৭৬ জন সহায়িকা আছে। ধুলিয়ান পৌরসভা ভাঙন প্রবণ এলাকা, পিছিয়ে পড়া এলাকা। আমি গত পরশুদিন বাড়ি গিয়েছিলাম। গতকালকে দেখলাম বর্তমান পৌরবোর্ড অগণতান্ত্রিকভাবে, স্বৈরতান্ত্রিকভাবে একটা চিঠি করে কাউন্সিলারদের যে, ২০০৯ সাল থেকে যে শিশুশিক্ষা কেন্দ্রগুলো চলছে, এগুলোকে বাতিল করে নতুন করে চালু করার জন্য। ওখানে শিক্ষার একটা পরিকাঠামো এতদিন ধরে গড়ে উঠেছে, শিক্ষার একটা পরিবেশ গড়ে উঠেছিল। শিশু শিক্ষা কেন্দ্রে কর্মরত মেয়েদের বয়স ৪০ বছরের

উপর, ৪০ বছর থেকে তাদের লাগানো হয়েছিল। অগণতান্ত্রিক এবং স্বৈরতান্ত্রিক কায়দায় এটা করা হচ্ছে এবং বদ উদ্দেশ্য নিয়ে করা হচ্ছে। এই জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন, যে বিষয়টাতে সরাসরি হস্তক্ষেপ করুন এবং ধুলিয়ান পৌরসভায় যে শিক্ষার পরিকাঠামো গড়ে উঠেছে, এটা যেন অস্থির না হয়ে যায়, চালু থাকতে পারে, এরজন্য আপনি হস্তক্ষেপ করুন। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। ম্যাডাম বিগত ৩-৪ বছর ধরে শিশু পাচারচক্র পিলখানা এলাকায় ভীষণভাবে গড়ে উঠেছে। প্রায় ১৬টি বাচ্চা এই এলাকা থেকে চুরি যায়। অভিভাবকরা অত্যন্ত ক্ষিপ্ত হয়ে থানা ঘেরাও করে, আবার রাজ্যপালের কাছে ডেপুটেশনও হয়েছে। কিন্তু এই বাচ্চাগুলো এখনও পর্যন্ত উদ্ধার হয়নি। গত পরশুদিন একটি বাচ্চা চুরি হয়। ঘটনাচক্রে সেই বাচ্চা হিন্দু এলাকার বাচ্চা। সেটা জানাজানি হয়ে যাওয়ার পর লোকাল ছেলেরা পুলিশ প্রশাসনের সাহায্য নিয়ে একটি মুসলিম মহিলার বাড়ি থেকে সেই বাচ্চাটি উদ্ধার করে। হাতে নাতে সেই বাচ্চাটি-সহ মুসলিম মহিলাটিকে অ্যারেস্ট করা হয়। অ্যারেস্ট করার পরে তাকে থানায় নিয়ে যাওয়া হয়। স্থানীয় সি.পি.আই.এম. নেতারা তাকে ছাড়াবার জন্যে থানা ঘেরাও পর্যন্ত করে। আমি এখানে দাঁড়িয়ে বলছি গোলাবাড়ি থানা তারা ঘেরাও করে। হাতেনাতে ধরে বাচ্চাটাকে উদ্ধার করা হল এবং পুলিশ তাকে গ্রেপ্তার পর্যন্ত করল। তাকে ছাড়ানোর জন্যে এই ধরনের যদি প্রবণতা থাকে, প্রশাসনকে আবার যদি চাপ দেওয়া শুরু হয় তাহলে এই বাচ্চাগুলো, যাদের অভিভাবকরা চিৎকার করছেন, কাঁদছেন, তারা এখনও তাদের বাচ্চা পায়নি। আমার মনে হয় যাকে অ্যারেস্ট করা হয়েছে তার থেকে যদি ঠিকমত কথা বের করা হয় তাহলে ১৬টি বাচ্চা যে গত তিন-চার বছরে নিখোঁজ হয়েছে, তাদেরকে পাওয়া যাবে। এরা কেউ বড়লোকের ঘরের বাচ্চা নয় যে টাকা আদায়ের জন্য করা হয়। এদের কারোর বাবা ঠেলা চালায়, কারোর বাবা রিকশা চালায়। এরা গরিব ঘরের ছেলে। এদেরকে নিয়ে বাইরে পাচার করে দেওয়া হয়। এই শিশু পাচারচক্র উত্তর হাওড়ার পিলখানা এলাকায় যেটা গড়ে উঠেছে, আপনার মাধ্যমে আমি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভবিষ্যতে ওখান থেকে আর একটাও বাচ্চা চুরি না হয়।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে জানতে চাইছি এবং বলতে চাইছি, সেটা হচ্ছে এবার বোরো চাষ ১৪ লক্ষ হেক্টর জমিতে চাষ করার কথা ছিল। কিন্তু দেখা যাচ্ছে ১১ লক্ষ হেক্টরের কিছু বেশি জমিতে চাষ হয়েছে। এই চাষ কমে যাওয়ার ফলে আগামী দিনে খাদ্য সঙ্কট দেখা দেবে। চাষ কমে যাওয়ার কারণ হচ্ছে যে, কৃষকদের ধান বিক্রি হচ্ছে না। ইনপুটের দাম বেড়েছে। যার ফলে কৃষকেরা চাষ করতে পারছে না। সবচেয়ে বড় কথা, যারা চাষ করেনি সাবমার্সিবল থেকে তাদের নামেও বিল আসছে। তারা আগেই জানিয়েছে বিদ্যুৎ দপ্তরকে যে, আমরা এবারে চাষ করব না, তা সত্ত্বেও তাদের নামে বিল আসছে। এর আগে মাননীয় অর্থমন্ত্রী এখানে বিবৃতি দিয়েছেন যে, বিভিন্ন জায়গা থেকে ট্যাক্স তোলা হবে, তবে নির্দিষ্ট

কিছু বলা হয়নি। তাহলে এসব জায়গা থেকে টাকা এনে ট্যাক্স যোগাড় হচ্ছে ? বিষয়টা দেখার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মমতাজ বেগম : ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, আমার মেটিয়াবুরুজ বিধানসভা এলাকায় বহু দরিদ্র সংখ্যালঘু দর্জি বসবাস করেন। তাৎক্ষণিকভাবে সেখানে কিছু শিল্প গড়ে না তুলতে পারলে সেখানকার দিন আনি দিন খাই মানুষরা কাজ করে দিন কাটাতে পারবে না। আপনারা জানেন বর্তমানে অটোমেশনের যুগে বহুজাতিক কোম্পানির সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে এবং প্রাচীন এই শিল্পকে বাঁচাতে হলে আধুনিক পোশাক শিল্পের উপযোগী করে তুলতে হবে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, নিশ্চয় তিনি গুরুত্ব দেবেন।

শ্রী সুভাষ নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত দুঃখজনক বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়া মুখ্যমন্ত্রী থাকলে নিশ্চয় আরও সুবিধা হত। মুখ্যমন্ত্রীকে বলেছি, হাউসের সবার দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক মাসের মধ্যে ক্যানিং ২ নং ব্লকে ৫ জন খুন হয়েছে। শেষ খুনটা হল মানিক পাইক—আপনাদের সঙ্গে তার সম্পর্ক আছে, কিন্তু আমার সঙ্গে তার ব্যক্তিগত সম্পর্ক হল, আমরা একই স্কুলে পড়াতম, সে আমার থেকে দু বছরের, দুটো ক্লাসের জুনিয়ার ছিল। পঞ্চায়েতের প্রধান ছিলেন, ইদানীং ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি। রাতের বেলায় তার বাড়িতে স্বামী-স্ত্রী ঘুমিয়েছিলেন, সেই সময় জানালা দিয়ে বন্দুক ঢুকিয়ে খুন করা হল তাকে। একজনও গ্রেপ্তার হয়নি। অক্টোবর মাসে ওই একই ব্লকের কুমিরমারিতে নাসিরুদ্দিন মোল্লা খুন হল। নভেম্বর মাসে খুন হল মাহিউদ্দিন, চন্ডীবাড়িতে। ডিসেম্বর মাসে মোবারক মোল্লা খুন হল মৌখালিতে। জানুয়ারিতে খুন হল ফারুক জমাদার। সবাই ক্যানিং ২ নং ব্লকের। আর দুর্ভাগ্যবশত সবগুলোই হয়েছে তৃণমূলের গোষ্ঠী কোন্দলে। আমাদের দুর্ভাগ্য হল, আমাদের একজন পার্টি কমরেড নাসিরুদ্দিন মোল্লা মাঝখান থেকে মারা গেলেন। এটা লক্ষ্য করা উচিত। আপনাদের দৃষ্টি আকর্ষণ কেন করলাম ? একটা ব্লকে ৫ মাসের মধ্যে ৫ জন খুন ! বলুন তো এলাকার পরিবেশ পরিস্থিতি কোথায় ! মানুষ ভয়ে রাত্রিবেলা পথ চলতে পারে না। পুলিশকে বলেও হচ্ছে না। পুলিশকে নিরস্ত্র করা হচ্ছে। কাকে ধরবেন ? তৃণমূল কংগ্রেসের সভাপতি খুন হয়েছেন, যুব কংগ্রেসের সভাপতি সম্পাদকের নাম এফ.আই.আর.-এ ১ নম্বর, ২ নম্বরে। পরিবেশটা খুব খারাপ যাচ্ছে। আমি এইজন্য বলছি এই যে থমথমে ভাব, এটা থেকে অন্তত বিরত থাকুন। ঝগড়াটা একটু বন্ধ করুন। সবাই চেষ্টা করছেন, কিন্তু কার হালে কে পানি দেয় ? কেউ কারো কথা শুনছে না। আসুন না, আমাদের যদি কিছু সাহায্যের দরকার থাকে আপনাদের সাহায্য করব। গোষ্ঠীদ্বন্দ্বকে বন্ধ করুন। অকালে মৃত্যুপাত বন্ধ হক, মানুষ খুন বন্ধ হক। মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, খুন খারাপির রাজনীতি বন্ধ হক। শান্তি আসুক।

[12.40 – 12.50 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটি কো-অপারেটিভ ব্যাংকের ব্যাপারে মাননীয় সমবায় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

রিজার্ভ ব্যাংক এবং রাজ্য সরকারের একটা মৌ চুক্তি হয়েছিল। সেই চুক্তি অনুযায়ী কিছু কিছু ব্যাংকে টাকা দেওয়ার কথা বলেছিল রিজার্ভ ব্যাংক। তার মধ্যে আমাদের হাওড়া জেলার একটা বিখ্যাত সমবায় ব্যাংক কাসুন্দিয়া সমবায় ব্যাংকও ছিল। এটা ১৯৩৯ সালে তৈরি হয়েছিল এবং বর্তমানে তার মেম্বার ১৬,০০০। সেই ব্যাংকের ডিপোজিটারের সংখ্যা হচ্ছে প্রায় ৪৪,০০০। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি যে চুক্তি অনুযায়ী ১৪ কোটি ৬৬ লক্ষ টাকা রাজ্য সরকার ইতিমধ্যে ওই ব্যাংককে দিয়ে দিয়েছে। কিন্তু তা সত্ত্বেও রিজার্ভ ব্যাংক এখানে দু' বছর হল, আজ পর্যন্ত এমবার্গো তুলছেন না। আমি আপনাকে আরও বলছি যে এখন সোনা রেখে ঋণ অথবা ফিক্সড ডিপোজিট রেখে ঋণ এগুলি সমস্তই বন্ধ আছে। রিজার্ভ ব্যাংকের নির্দেশে ওদের ওখানে ৯৮ জন কর্মচারী রাখা যাবে না। সেটা ৩৮ জন হয়ে গেছে। তা সত্ত্বেও আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীকে জানাচ্ছি যে এখনও পর্যন্ত ওদের উপরে যে এমবার্গো ছিল, সেটা এখনও তোলা হচ্ছে না। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ এই ব্যাপারে রিজার্ভ ব্যাংকের সাথে যোগাযোগ করে অবিলম্বে এই ব্যাপারটি কার্যকরী করার জন্য চেষ্টা করুন।

শ্রী এইচ এ সফি : মাননীয়া ডেপুটি স্পীকার আপনার মাধ্যমে জানাচ্ছি আমাদের একটা কমিটি আছে। স্টেট লেভেল ইমপ্লিমেনিটং অ্যান্ড মনিটরিং কমিটি। এর মধ্যে রিজার্ভ ব্যাংক আছে, নাবার্ড আছে এবং আমাদের অফিসাররা আছেন। দু'মাস পরে পরে মিটিং হয়। ওরা যেভাবে রেকমেন্ডশন দেন, সেইভাবেই করা হয়।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, এটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এই মা-মাটি-মানুষের সরকারের দৃষ্টি আকর্ষণ করে এই হাউসে বলতে চাই, কেন্দ্রীয় সরকার বি.পি.এল.-এর মাপকাঠি কমিয়ে দিয়েছে। ফলে এই মাস থেকে রেশনের মাধ্যমে যে সমস্ত গরিব মানুষ চাল-গম পান, তাদেরও পরিমাণ কমিয়ে দিয়েছেন। প্রায় এক-তৃতীয়াংশ কমিয়ে দিয়েছে। এই মাস থেকে সারের দামও বৃদ্ধি হচ্ছে। ফলে জিনিসের দাম বৃদ্ধি হবে। কৃষিপণ্য উৎপাদন করতে গেলে তার খরচ বৃদ্ধি হবে। এমতাবস্থায় সারা রাজ্যে প্রায় ১ কোটি ৯২ লক্ষ ৭৬ হাজারের বেশি বি.পি.এল. অন্তর্ভুক্ত মানুষের চাল-গমের বরাদ্দ ছাঁটাই করা হচ্ছে। অন্ত্যোদয়-অন্নপূর্ণা স্কিমে প্রায় ৬৮ লক্ষ ১৭ হাজার ৫ জন তারা সব মিলিয়ে প্রায় সাড়ে তিন কোটি মানুষ তাঁরা রেশনের মাধ্যমে চাল এবং গম পেয়ে থাকেন। তাঁরা এতদিন এটা পেতেন। এই যে গত বামফ্রন্ট সরকার দু-টাকা কেজি দরে চাল, এটা চালু করেছিল। আপনারাও সেই দু-টাকা কেজি দরে চাল উত্তরবঙ্গ চা-বাগানে এবং জঙ্গলমহলে দিয়ে আসছেন। সুতরাং এই বরাদ্দ যদি কমতে থাকে তাহলে এই সাড়ে তিন কোটি মানুষের অবস্থা কি হবে। তাই মা-মাটি-মানুষের যে সরকার, আপনারা গরিব মানুষের সরকার বলে বলেন, আপনারা দেখুন কেন্দ্র যে এই মাপকাঠি কমিয়ে দিয়েছেন, তাই আমি দাবি করেছি যে এই সরকারের উচিত নির্লিপ্ত না থেকে অবিলম্বে অতিরিক্ত বরাদ্দ পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে বি.পি.এল. অন্তর্ভুক্ত মানুষের স্বার্থে আদায় করা হক। এই দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয়া ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে আমাদের মা-মাটি-মানুষের সরকারের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীকে ধন্যবাদ জানাচ্ছি যে প্রায় বারো বছর হল কাকদ্বীপ মহকুমা তৈরি হয়েছে এবং মহকুমা হাসপাতালও রয়েছে। এই বিগত সরকারের আমলে বারবার বলা সত্ত্বেও মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক তৈরি হল না। ফলে গোটা সুন্দরবন এলাকার মানুষ কাকদ্বীপ, সাগর, নামখানা, পাথরপ্রতিমা এই দ্বীপ বেষ্টিত মহকুমার মানুষদের প্রতিনিয়ত রক্তের জন্য হাহাকার করতে হত। সম্প্রতি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ৮০ লক্ষ টাকা কাকদ্বীপ মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক নির্মাণের জন্য অনুমোদন করেছেন। আমি তাঁর কাছে আবেদন করব যাতে অনতিবিলম্বে এই কাকদ্বীপ মহকুমাতে এই ৮০ লক্ষ টাকা ব্যয়ে যাতে ব্লাড ব্যাঙ্ক নির্মিত হয়। এখানে স্বাস্থ্য দপ্তরের মাননীয়া রাষ্ট্রমন্ত্রী আছেন, আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম আপনি জানবেন, গত ০১/০২/২০১২ তারিখ নদিয়া জেলার জেলা পরিষদে একটা প্রশাসনিক মিটিং হয়েছিল। যে মিটিংটাতে মাননীয়া সভাধিপতিকে ডাকা হয়নি। সেই মিটিং-এ খরচ দেখানো হয়েছে ৩ লক্ষ ১ হাজার ৬৬৪ টাকা। যার ২ লক্ষ টাকা দিয়েছে জেলা পরিষদ এবং ১ লক্ষ ১ হজার ৬৪ টাকা এন.আর.ই.জি.এ.-র টাকা থেকে খরচের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাই, এন.আর.ই.জি.এ.-র টাকা দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর ভ্রমণের যে খরচা দেখানো হয়েছে, এটা খুবই অপ্রীতিকর এবং দৃষ্টিকটু। যেখানে গরিব মানুষের এন.আর.ই.জি.এ.-র টাকা, সেই টাকা খরচা করে ম্যানডেজ্ দেখানোর চেষ্টা। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এই যে বিষয়টা নদিয়া জেলাতে ঘটেছে, এটার তদন্ত করে, খতিয়ে দেখে ইমিডিয়েটলি এটা বন্ধ করা উচিত বলে আমি মনে করছি, ধন্যবাদ।

শ্রী আশুতোষ মুখার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া এবং মা-মাটি-মানুষের সরকারের সম্মানীয় মন্ত্রীগণ ও এই বিধানসভার সদস্যবৃন্দ, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বাঁকুড়া জেলায় এম.টি.পি.পি.-র একটি পাওয়ার প্রোজেক্ট আছে। সেই পাওয়ার প্রোজেক্টটি কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত। ওই পাওয়ার প্রোজেক্ট থেকে যে ছাই-এর জল আজ দীর্ঘদিন ধরে বয়ে যাচ্ছে, তার ফলে প্রায় দেড়শো একর জমি অনুৎপাদক হয়ে আছে। চাষীরা দীর্ঘদিন এম.টি.পি.পি.-র যারা আধিকারিক আছেন, তাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং এ বিষয়ে আমিও কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করি। কিন্তু কর্তৃপক্ষের অনমনীয় মনোভাবের জন্য চাষিরা তাদের ক্ষতিপূরণ থেকে বঞ্চিত হচ্ছেন। এ অবস্থায় চাষিদের ক্ষোভ বাড়ছে, চাষিরা ওই সমস্ত জমি—ওই এম.টি.পি.পি.-র কর্তৃপক্ষকে বলছেন, আপনারা এই জমিগুলি কিনে নিন, নচেৎ আমরা দীর্ঘদিন এই ধরনের ক্ষতির সম্মুখীন হচ্ছি। এই অবস্থার মধ্য দিয়ে মা-মাটি-মানুষের সরকারের কাছে আবেদন রাখছি যাতে চাষিরা উপযুক্ত ক্ষতিপূরণ পান, সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত গঙ্গাজলঘাটি ব্লক সারা ভারতবর্ষের মধ্যে শস্য উৎপাদনের ক্ষেত্রে সর্বশ্রেষ্ঠ ব্লক হিসেবে বিবেচিত হয়েছে। এই অবস্থার মধ্য থেকে আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি, যাতে চাষিদেরকে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে সরকার ওই ব্লকের চাষিদের ওপরে বিশেষ জোর দেন। এই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করলাম, ধন্যবাদ।

[12.50 – 1.00 p.m.]

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করে একটি জরুরি বিষয়ে আলোচনা করতে চাইছি। আমার বিধানসভা এলাকায় পলাশবনায় গত ৩১ তারিখ রাত্রি ৮ ঘটিকায় তিনজন কংগ্রেস আশ্রিত দুষ্কৃতকারীরা নজরুল ইসলামের বাড়িতে ফাঁকা বাড়ি পেয়ে সেই বাড়িতে ঢুকে পড়ে এবং তার স্ত্রীকে তিন জন মিলে গণধর্ষণ করে।

অসুস্থ অবস্থায় পাড়ার লোকেরা তাকে প্রথমে ফাঁড়িতে নিয়ে আসে, সেখানে সংশ্লিষ্ট ডিউটি অফিসার F.I.R. নিতে অস্বীকার করায় তাকে আড়াইডাঙ্গা হাসপাতালে ভর্তি করা হয় গুরুতর অসুস্থ অবস্থায় এবং তার বাড়ির লোকজনেরা বাড়ি ফিরে আসেন রাত্রি ১টায়। সকাল বেলায় যখন নজরুল ইসলাম এবং তার ছেলে সইদুল শেখ পুনরায় ফাঁড়িতে F.I.R. করার জন্য যায়, ঠিক সেই মুহূর্তে দুষ্কৃতকারীরা সদলবলে অনেক লোকজন নিয়ে ট্রাক্টর গাড়ি-সহ সেখানে অবস্থিত তার বাড়ির সামনে উপস্থিত হয়, পি.ডব্লু.ডি.-তে অবস্থানরত তার বাড়ি, সেই বাড়িটাকে পুরোটাই ভেঙ্গে ফেলে এবং বাড়ির সমস্ত জিনিসপত্র ট্রাক্টরে উঠিয়ে সেখান থেকে নিয়ে চলে যায়। এমতাবস্থায় নজরুল ইসলামের বাড়ির লোকেরা আতঙ্কিত, ভীত-সন্ত্রস্ত, বাড়িছাড়া। আমার দাবি অনতিবিলম্বে দোষীদের গ্রেপ্তার করা, নজরুল ইসলামের পরিবারের ক্ষতিপূরণ দেওয়া এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার জন্য মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মইনুল হক : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাইছি। ফারাক্কা থেকে বিহারের মোকামা প্রায় ৪০০ কি.মি. রাস্তা। যে রাস্তা বিগত এন.ডি.এ. সরকারের আমলে স্যাংশন হয়েছে ১৯৯৯-২০০০। আজকে প্রায় ১২/১৩ বছর ধরে যদিও বিহার এবং ঝাড়খণ্ড সরকার তারা কাজ শুরু করেছে, ফারাক্কায় আমাদের বাংলায় মাত্র ১২ কি.মি. রাস্তা, এই ১২ কি.মি. রাস্তা বিগত বামফ্রন্ট সরকার ১২ বছরে রাস্তায় হাত দেয়নি। আমি মাননীয় পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে ২০০০ সাল থেকে প্রায়ই আমি বিধানসভায় এই ব্যাপারটা আমি উল্লেখ করেছি, কিন্তু ওই ১২ কি.মি. রাস্তা হয়নি। আজকে প্রতি বছর যখন ঝাড়খণ্ড থেকে জল নামলে এলাকা প্লাবিত হয় সেই রাস্তাটা কেটে যায় নিশিন্দা এবং ঘোড়াইপাড়া এলাকায়। এবং হাজার হাজার যারা রাজমহল, সাহেবগঞ্জ বোল্ডারের একটা বড় ব্যবসা। তাই আজকে এই রাস্তা না নির্মাণ হওয়ার ফলে মানুষ প্রতি বছর বর্ষা হলে প্লাবিত হলে এলাকা ভেঙ্গে যায় এবং টোটাল যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। তাই মাননীয়া ডেপুটি

স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ওই রাস্তার কাজ চালু করা হোক।

শ্রী গোকুল রায় : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমার উত্তর দিনাজপুর জেলার করণদীঘি হাসপাতালে O.T. থাকা সত্ত্বেও অ্যানাসথেসিস্টের অভাবে কোনো অপারেশন হচ্ছে না। এক মাস আগে একজন চাইল্ড স্পেশালিস্ট জয়েন করেছিলেন, কিন্তু তাঁকে সাথে সাথে তুলে নিয়ে রায়গঞ্জ জেলা হাসপাতালে দেওয়া হয়েছে। ওখানে করণদীঘি গ্রামীণ হাসপাতালে কোনো আই টেকনিসিয়ান, হোমিওপ্যাথি ডাক্তার এমনকি ওখানে এই গরমের সময়ে একটা জেনারেটর নেই। আমি ওখানে অবিলম্বে এইসব ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ইমানী বিশ্বাস : সম্মানীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩১ তারিখে ঝড় এবং বৃষ্টির ফলে আমার বিধানসভা অমরাজপুর জি.পি., চণ্ডীতলা গ্রামে একটা পাড়ায় প্রায় ১৫-২০ খানা বাড়ি ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই বাড়ির লোকজনেরা পার্শ্ববর্তী পাড়াতে আছেন এবং তাদের ঘরবাড়ির নির্মাণ এবং ত্রাণের জন্য আবেদন রাখছি।

শ্রী ধীরেন বাগদী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—ম্যাডাম, আমার বিধানসভা কেন্দ্র সাঁইথিয়া। তার মধ্যে বীরভূম জেলার মহম্মদ বাজার একটি পিছিয়ে-পড়া ব্লক। সেখানে কোনো কলেজ নেই। সেখানে শতকরা ৫০ ভাগের উপরে তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ বসবাস করে। এখানে সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের মানুষও বাস করে। সুতরাং ছেলেমেয়েদের অনেক সময় দূরবর্তী জায়গায় গিয়ে পড়াশুনো করতে হয়, তাদের ইচ্ছা থাকলেও তারা করতে পারে না। এই পরিস্থিতিতে আমি, আমার বিধানসভা কেন্দ্রের মহম্মদ বাজার ব্লকে একটি কলেজ যাতে স্থাপন হয় তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে দাবি রাখছি। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : ম্যাডাম, একটা ছোট্ট নিবেদন—আমাদের রামপুরহাট বিধানসভার অন্তর্গত একটি রাস্তা—নারায়ণপুর থেকে শালবনি। দীর্ঘদিন ধরেই বুঝতেই পারছেন বামফ্রন্টের অপকর্ম তো ব্যাপক সুতরাং এই রাস্তা না করার ফলে সেখানকার খুব সাধারণ গরিব গোয়ালা, যারা দুধ দিয়ে জীবন যাপন করেন। যদিও দুগ্ধমন্ত্রী ছিলেন তাঁরাও কিছু দেখেননি। আমি অনুরোধ করব যে, সেই রাস্তাটির যাতে সংস্কার হয়, অন্তত পাকা রাস্তায় পরিণত করা যায় সেই বিষয়টি দেখার জন্য। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আপনি জানেন এই ৯০-এর দশকের শেষদিকে আমাদের রাজ্যে হাইকোর্টের অর্ডারে কোনো প্রাইমারি স্কুল গঠন করা যেত না। সেই সময় খুবই সমস্যা হয়েছিল, যে হারে ছেলে বাড়ছে তার আবার পড়াশুনোর ব্যবস্থা কি করব। তখন আমাদের রাজ্যে একটি মিশন তৈরি করা হয়। তার নাম শিশু শিক্ষা মিশন। মুখ্যমন্ত্রীকে চেয়ারম্যান করে করা হয়। তার মাধ্যমে আমাদের রাজ্যে এখন প্রায়

১৪ হাজার, প্রায় ১৪ হাজার শিশু শিক্ষণ কেন্দ্র চালু আছে এবং তাতে প্রায় ৫০ থেকে ৬০ হাজার শিক্ষক-শিক্ষিকা এর সঙ্গে যুক্ত আছেন। এবং আমার যতটুকু মনে পড়ছে প্রায় ১৬ লক্ষ থেকে ১৮ লক্ষ ছেলেমেয়ে এখানে পড়াশুনা করেন। তারা যখন শুরু করে মাত্র ১ হাজার টাকা দিয়ে শুরু করেছিলেন সেই বিপদের সময়। আজকে অনেকটা পরিবর্তন হয়ে অনেকটা স্থায়িত্ব তারা পেয়েছেন। কিন্তু খুবই দুর্ভাগ্য যে তারা এখন বেতন পাচ্ছেন না। আমি শুনলাম কয়েক মাস তারা বেতন পাননি খুবই দুরবস্থার মধ্যে আছেন। আমি আবেদন জানাব যে, তারা এতবড় দায়িত্ব নিয়ে, এতবড় ঝুঁকি নিয়ে তারা সারা পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ ছেলেমেয়েদের পড়াশুনোর ব্যবস্থা করছেন এবং তারা একেবারে রিমোটেস্ট এলাকায় যে সমস্ত পাড়ায় স্কুল ছিল না, বিচ্ছিন্ন এলাকা, ন্যাচারাল কেরিয়ার আছে সেই সমস্ত এলাকায় তারা কাজ করেছে। তাদের ব্যবস্থা করে দেওয়ার জন্য, তাড়াতাড়ি যেন তারা বেতন পেতে পারে তার ব্যবস্থা করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমাদের মাননীয় মন্ত্রী নাই। আমি তাকেই চেয়েছিলাম আজকে তো দৃশ্য দূষণের ভয় নাই। সুশান্ত ঘোষও নাই অতএব চোখের কোনো প্রবলেমের ভয়ও নাই, থাকলে ভালো হত যাই হোক, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রীমতী মালা সাহা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি নিবেদন রাখছি। আমার কেন্দ্র কলকাতার কাশীপুর-বেলগাছিয়া। সেখানে নর্থ সুবারবান হাসপাতাল একটি বহু প্রাচীন হাসপাতাল। এই হাসপাতালটি বিগত বামফ্রন্ট সরকার তথা সি.পি.আই.এম.-এর সময়ে আজকে মাননীয় প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত নেই কিন্তু তিনি জানেন তার হার্মাদ বাহিনী ও সি.পি.এম.-এর দ্বারা আক্রান্ত এই হাসপাতাল বোমা বাঁধার একটি আখড়া তৈরি হয়েছিল। বোমব্লাস্ট করে তার মধ্যে অসামাজিক কাজকর্মের জন্য একটি অংশ ভেঙে পড়ে যায়। বারবার বিগত বিধানসভায় আমি এই বিষয়ে এর উন্নয়নের জন্য বলেছি কিন্তু তারা কর্ণপাত করেননি, কেউ দৃষ্টি দেননি। এবং আমরা যেহেতু বিরোধী ছিলাম কোনো রকম কোনো উন্নয়নের কথা ভাবেন নি। আমাদের মা-মাটি-মানুষের সরকার গঠন করার সঙ্গে সঙ্গেই মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর পরিদর্শক পাঠিয়েছেন এবং এই হাসপাতালটি উন্নয়নের জন্য বিশেষ দৃষ্টি দিয়েছেন। মাননীয়া রাষ্ট্রমন্ত্রী উপস্থিত আছেন তিনিও বিশেষ দৃষ্টি দিচ্ছেন। আমি এটুকু আবেদন রাখব যত তাড়াতাড়ি সম্ভব এই হাসপাতালটি যেন, যেভাবে তারা পরিকল্পনা নিয়েছিলেন উন্নত মানের করা সেই কাজ যেন সম্পন্ন হয় এবং বিস্তীর্ণ এলাকার মানুষ সেই স্বাস্থ্য পরিষেবা পায়। যেভাবে আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী চাইছেন এবং জায়গায় জায়গায় স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিচ্ছেন, আমরা চাই এই অঞ্চলের হাসপাতালটি সেভাবেই যেন নির্মিত হয় এবং হার্মাদদের আখড়া থেকে মুক্ত হয়। মানুষ যেন মুক্ত পরিষেবা এবং স্বাস্থ্য পরিষেবা পায়। এই আবেদন রেখেই আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার ১.৩০ মিনিটে মিলিত হব।

[1.30 – 1.40 p.m.]

(বিরতির পর)

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : Hon'ble Members, in addition to the programme announced earlier, I beg to present the 19th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the revised programme of Business for the 2nd April, 2012 as follows :

02.04.2012	(i)	The West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	1½ hours
	(ii)	The West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	½ hour
	(iii)	The West Bengal Official Language (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	½ hour
	(iv)	The West Bengal Advocate Welfare Corporation Bill, 2012 (Introduction, Consideration & Passing)	½ hour
	(v)	The West Bengal Minorities' Commission (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	½ hour
	(vi)	The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 2012 (Introduction, Consideration & Passing)	½ hour

এই ছ'টা বিল আমাদের সিডিউলের মধ্যেই আছে। In addition to that আজকে একটা নতুন bill এসেছে। আমরা সেটা নেওয়ার জন্য নতুন—আজকে আমাদের কাছে ইতিমধ্যেই এসে গেছে। সেটা আমরা circulate করেছি। সেটাও আজকে include করা হয়েছে। The West Bengal Panchayat (Amendment) Bill, 2012 (introduction, consideration and passing) half an hour.

Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ১৯তম প্রতিবেদনে যেটা সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনি অবগত আছেন যে Business Advisory Committee-এর meeting-এ আমরা এই ব্যাপারে ভিন্ন মত পোষণ করেছি। এরকম একটা bill যেটা গতকাল রাত্রে আমিই পেয়েছি। অনারেবল মেম্বাররাও হয়তো কালকে কেউ রাত্রে হোস্টেলে পেয়ে থাকবেন আর অনেকে আজকে এখানে পেয়েছেন। এরকম একটা বিল যেটা আমাদের গত Business Advisory Committee-এর meeting-এ আলোচনাও হয়নি, আমাদের ন্যূনতম যেটুকু বলা দরকার সেটুকুও হয়নি। কিন্তু, এই কাল রাত্রে বা আজ সকালে আপনি আজকে আলোচনার জন্যে এই নতুন করে—এখন শেষদিনে ঠিক হচ্ছে। এটা স্যার, আমাদের rules, আমাদের এতদিন ধরে অনুসৃত যা নীতি তার বিরোধী হচ্ছে। আমি সেইজন্য বলেছিলাম যে, Business Advisory Committee-তে,—আমরা আজকে এটা আলোচনার বিরুদ্ধে। আমি সরকারপক্ষকে অনুরোধ করেছিলাম যে, বিলটা এই ব্রেকের পরে যখন আমাদের হাউস বসবে তখন আলোচনার জন্য। কিন্তু তা সত্ত্বেও স্যার এই বিলটা আজকে আলোচনা হচ্ছে। আমরা এ' বিষয়ে আমাদের অসম্মতি জানিয়েছি যে, এত তাড়াহুড়ো করে এ রকম করে আলোচনা করা যায় না। এ বিল পড়বার সময় আমাদের নেই। যথেষ্ট পড়বার জন্য এবং এর আগের original আইনের সঙ্গে যে রকম সময় সময়ে সংশোধিত হয়েছে তার সঙ্গে মিলিয়ে দেখবার মতো যথেষ্ট সময় আমাদের হাতে নেই। এ রকম করে কোনো আলোচনায় অংশগ্রহণ করা যায় না। আমি আগেই বলেছি স্যার, আমরা এই আলোচনা থেকে বিরত থাকতে চাই। আমি এই প্রস্তাবটার বিরোধিতা করছি।

মিঃ স্পীকার : আই ওয়ান্ট দি sense of the House যারা রয়েছেন, Dr. সূর্য্যকান্ত মিশ্র বললেন, দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল—আপনারা বিরত থাকার কথা বলেছেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি এই প্রস্তাবটারই বিরোধিতা করছি।

মিঃ স্পীকার : আপনাদের বিরত থাকা না থাকাটা আপনাদের এক্তিয়ারভুক্ত। সুতরাং আপনি বিরত থাকতেই পারেন। কিন্তু আলোচনা হবে। আই ওয়ান্ট to take the consent of the House.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমরা তার বিরুদ্ধে, আলোচনার বিরুদ্ধে।

Mr. Speaker : Now the question before the House is the 19th Report of the Business Advisory Committee as presented in the House.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No".

Ayes have it, ayes have it.

The motion is adopted.

I have taken the sense of the House, the motion stands adopted and in respect of that particular Bill also. This motion is accepted in respect of the entire Business Advisory Committee Report. It's a comprehensive Report that I have already read before the House and it stands adopted.

Dr. Surjya Kanta Mishra : Sir, we have objection in respect of this Bill. This may kindly be recored.

Mr. Speaker : Yes, the objection has already been noted down, that has gone into record.

LEGISLATION

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2012

Shri Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012

(Secretary then read the Title of the Bill)

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 be taken into consideration.

Mr. Speaker : Now there is a motion for reference of the Bill to a Select Committee by Dr. Surjya Kanta Mishra. Dr. Mishra may now move his motion.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 be referred to a Select Committee of the House consisting of the following Members. :

1. Shri Partha Chatterjee, Minister-in Charge, Departments of Commerce and Industries, Industrial Reconstruction & Public Enterprises, Parliamentary Affairs and Information Technology ;
2. Shri Subrata Mukherjee, Minister-in-Charge, Departments of Public Health Engineering and Panchayats & Rural Development ;
3. Shri Sobhandeb Chattopadhyay, Chief Government Whip ;
4. Shri Abdur Razzak Molla ;
5. Shri Manoj Chakraborty ;
6. Shri Md. Soharab ;
7. Shri Subhas Naskar ;

8. Shri Choudhury Md. Hedayatullah ;
9. Shri Asit Kumar Mal ;
10. Dr. Harka Bahadur Chettri ;
11. Shri Prabodh Chandra Sinha ;
12. Shri Anandamay Mandal ;
13. Shri Jatu Lahiri ;
14. Shri Gyan Sing Sohanpal ;
15. Shri Tapas Roy ;
16. Dr. Tarun Kanti Naskar ;
17. Shri Chand Mohammad ;
18. Shri Id. Mohammad ;
19. Shri Paresh Chandra Adhikari ;
20. Smt. Usha Rani Mondal ;
21. Shri Anil Adhikari and
22. Smt. Mamata Banerjee, Hon'ble Chief Minister and Minister-in-Charge of the Land & Land Reforms Department.

With the instructions to submit its Report by the 31st May, 2012 and that the quorum of the Select Committee be fixed at 8.

Mr. Speaker : Now we are going for the discussion of the Bill.

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : স্যার, এই বিলটা সিলেক্ট কমিটিতে যাবে কি যাবে না, সেইটাতো আগে ডিসিশন হবে। তারপর তো জেনারেল ডিসকাশন শুরু হবে।

মিঃ স্পীকার : ঐটা একদম শেষে হবে। ঐটা আফটার ডিসকাশন।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আবার এই হাউসে আরো একটা বিতর্কিত বিষয়ের অবতারণা হতে চলেছে। আমি বুঝতে পারছি না, আমরা এই হাউসে (গোলমাল) একটু শোনেন, একটু শোনেন—সংশ্লিষ্ট দপ্তরগুলির মন্ত্রীদের দেখতে না পেয়ে ভুলেই যাচ্ছি যে, কে কোন দপ্তরের মাননীয় মন্ত্রী। সুতরাং এই দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় উপস্থিত থাকলে আমাদের আরো সুবিধা হত। তবু হাউসের নিয়ম আছে, আমি আপত্তি করছি না, আমরা বলে যাব। স্যার, আপনি নিশ্চয় অবগত আছেন (এ ভয়েস : প্যাঁচের কথা।) প্যাঁচের কথা নয়, সহজ কথা, প্যাঁচ দিয়ে বুঝবেন না। ২০০৬ সালেতে ঠিক সিমিলারলি, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যামেন্ডমেন্ট বিল, ২০০৬ ; এই হাউসে আলোচনা হয়েছিল, প্লেস্‌ড হয়েছিল। আপনারা তখন এদিকে ছিলেন, আমরা তখন ওদিকে

ছিলাম। আমাদের পক্ষ থেকে, সরকারের পক্ষ থেকে আলোচনার জন্য এই হাউসে তোলা হয়েছিল। সরকারের পক্ষ থেকে সব রাজনৈতিক দল, অর্থাৎ আমরা শরিক যারা আছি, সবাই যে ঐক্যমত হতে পেরেছি তা নয়।

[1.40 – 1.50 p.m.]

হাউসে সে কথা আপনারা শুনেছেন পার্থবাবুরা আলোচনায় অংশ নিয়েছিলেন এবং আপনারাও এই বিলটার তীব্র বিরোধিতা করেছিলেন, সিলেক্ট কমিটিতে গিয়েছিল। তারপরে সেখানে আলোচনার পরে ঐক্যমতে আসতে না পারার ফলে এইটা খারিজ হয়ে যায়, উইড্র হয়ে যায়, আলোচনা হয়নি। এই কারণে এই রকম একটা গুরুত্বপূর্ণ বিল, আমি বুঝতে পারছি না—একটা সরকার একটা রাজনৈতিক দলের সুস্পষ্ট একটা নীতি মেনে সরকার চালাবেন বা দলটা চলবে—কিন্তু আপনারা কখন কি কথা বলছেন, কোনটা কখন প্রতিশ্রুতি দিচ্ছেন, সরকারে আসার আগে, সরকারে এসে, তার সঙ্গে এই হাউসে এবং সরকার পরিচালনার ক্ষেত্রে একবিন্দু কোথাও মিলছে না। এই বিলটার ক্ষেত্রে সেটাই দেখুন, আগে তো বিরোধিতা করেছেন সে তো রেকর্ডে আছে। কিন্তু আপনারা প্রতিশ্রুতি দিলেন যে চাষযোগ্য কোনো জমি দো ফসলি, তিন ফসলি ইত্যাদি, সেইগুলো কিন্তু আদৌ অধিগ্রহণ করা হবে না, বা অন্য ক্ষেত্রে রেফার করা হবে না, ইন্ডাস্ট্রি, পাওয়ার ইত্যাদি, ইত্যাদি। এটা আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন। কোথাও উল্লেখ আছে এখানে—নেই। ছয়টি গুরুত্বপূর্ণ ধারা সংশোধনের জন্য এই বিলে উত্থাপিত আছে, ছয়টি গুরুত্বপূর্ণ ধারা। এখানে শিল্পের ক্ষেত্রে হোক, অন্যান্য ক্ষেত্রে হোক, জমির উর্ধ্বসীমা তুলে দিচ্ছেন। কিন্তু বলছেন না, যে কর্পোরেট হাউস যাদেরকে জমিগুলো দেবেন তাদের সর্বোচ্চ সীমা কত হবে। সে কথাটা কিন্তু একবারের জন্যও এখানে বলছেন না। আরো বলছেন যে ভবিষ্যতে সিলিং বহির্ভূত জমি রাখার অনুমতিও এই বিলের মধ্যে আপনারা প্রদান করছেন। কত কন্ট্রোভার্সি দেখুন ! সবাই জানেন, জমিদারতন্ত্র কবে উঠে গেছে এবং বাকি যেটুকু ছিল লেফ্‌ট ফ্রন্টের আমলে—জমি সংস্কারের, ভূমি সংস্কার, ভূমি দপ্তরের বিষয়বস্তু—সারা দেশ জুড়ে তার একটা আলাদা প্রতিক্রিয়া, আলাদা প্রভাব। আমাদের দেশের প্রধানমন্ত্রী তারা অনেকবার এই বিষয়ে উল্লেখ করেছেন যে এটা একটা মডেল হওয়া উচিত। আজকে সেই জমিদারতন্ত্র নতুন করে কর্পোরেট সংস্থার মাধ্যমে আপনারা আবার এই রাজ্যে ঢোকাতে চেষ্টা করছেন। নয় কিনা ভেবে দেখবেন। দুই বা তিন ফসলি জমি নেওয়ার ক্ষেত্রে একটা শব্দও উল্লেখ করলেন না, অথচ কতবার কি করলেন আপনারা ! সিঙ্গুরে অবস্থান, অবরোধ, বিক্ষোভ, অনশন সারা রাজ্য কাঁপিয়ে দিলেন। আর সেই কাঁপানোর ফলে প্রচার মিডিয়া মাধ্যমগুলোর মাধ্যমে এমনভাবে সারা রাজ্য তোলপাড় হয়ে গেল যার ফলে আপনারা ওই দিকটায় এত সুন্দরভাবে সাজাতে পারলেন। নাহলে পারতেন না। এটা একটা বড় ইস্যু, বড় ইস্যু। খুব ছোট ব্যাপার নয় এই বিলটা। আপনারা কতবার বলেছেন বলুন তো কোথাও এক ইঞ্চি জমি নিতে গেলে অন্তত জমিহারাদের পুনর্বাসন দেবেন। তার উপযুক্ত ক্ষতিপূরণ-সহ চাকরি মাস্ট। একদম ধরে ধরে বলেছেন। এখন সুরটা কোথায় ! অনেক প্রকল্প, অনেক প্রোজেক্ট, জমি অধিগ্রহণের হচ্ছে। কিন্তু এই বিলের মধ্যে একটা শব্দ উচ্চারণ করা নেই যে উপযুক্ত

ক্ষতিপূরণ—ক্ষতিপূরণ একটার সঙ্গে আর একটা সংশ্লিষ্ট। কিন্তু সে কথাটা একদম উল্লেখ নেই। পুনর্বাসন তো নেই। তাহলে শুধু জমি নেবেন, সিলিং বাড়িয়ে দেবেন, এইটা করবেন। আরো অবাক ব্যাপার, স্ব-শাসিত সরকারি সংস্থার মাধ্যমে পঞ্চায়েত হোক, পুরসভা হোক, গভর্নমেন্টের কোম্পানি হোক, তারও আবার এই জমি, অতিরিক্ত জমি, বর্ধিত জমি, সিলিংয়ের বাইরে জমি এই আইনে তাদের ছাড় দেওয়া হচ্ছে, তারা রাখতে পারেন। এই যে এতগুলি বিষয় আপনি এখানে উল্লেখ করেছেন, আর এতদিন ধরে যে মানুষদের বিচ্ছিন্ন করে দিলেন, আমাদের পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের ফলে যে সুবিধাটা তারা পেয়েছিলেন, তাদের মনটাকে বিচ্ছিন্ন করে দিলেন। এই কারণে অল্প কথা বলছি, স্যার, যেহেতু আলোচনাটা এই সংক্ষিপ্ত সময়ে, দেড় ঘণ্টা সময়ে এই হাউসে এই আলোচনাটা হয় না, আমি আবার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করছি যে আপনারা মাঝে মাঝে তো ভালো কথা বলেন। আপনারা মাঝে মাঝে ভালো কথা বলেন, এই হাউসে বিধান পরিষদ নিয়ে আলোচনা হয়েছিল, তারপরে সেই ব্যাপারে একটা কমিটি তৈরি হল। সেই কমিটিতে এই ব্যাপারে দু' মাস ধরে আলোচনা হল, তারপরে বিধান পরিষদের বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী হাউসে এসে এক সেকেন্ডে বলে দিলেন এটা নিয়ে যখন এত আলোচনা হচ্ছে, আরও আলোচনা হবে, সুতরাং এটা ভবিষ্যতে দেখা যাবে, এই বিধান পরিষদ বিল এখন পাশ করানোর দরকার নেই। এতবড় একটা বিতর্কিত ল্যান্ডের ব্যাপার, সেই বিষয়টা এত সহজে এক ঘণ্টার আলোচনায় পাশ করাবেন ! আমি আবার আপনার মাধ্যমে অনুরোধ করছি, এই বিষয়টা সিলেক্ট কমিটিতে পাঠান। আমাদের বিরোধী নেতা এটা দাবি করেছেন, আমরা সবাই মিলে বসে ঠাণ্ডা মাথায়, আরও ভাবনা-চিন্তা করে এই বিলের ভালো দিক, খারাপ দিক সব বিষয়গুলো নিয়ে আলোচনা করে একটা নির্দিষ্ট জায়গায় পৌঁছাতে পারব বলে আশা করি। তাতে সরকারের পরাজয় হবে না। তাতে সরকারের মুখ পুড়বে না। তাতে আমাদেরও এমন কিছু ক্ষতি হবে না। আপনারাতো প্রথম দিন থেকেই সেই কথাটাই বলেন, কিন্তু যে কথা আপনারা বলেন সেটা করেন না কেন ? আপনারা যা বলেন তা করার চেষ্টা করুন। এটুকুই আমি চাই। তাই অহেতুক আমি আর সময় নষ্ট করতে চাই না, আবার আমি অনুরোধ করছি, বিষয়টা সিলেক্ট কমিটিতে পাঠান, আলোচনার আরও সুযোগ যাতে আমরা পাই। এই বিলকে আমি সমর্থন করতে পারলাম না, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কালিপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২, মা-মাটি-মানুষের সরকারের তরফ থেকে এখানে যা উপস্থাপিত করা হয়েছে, আমি মনে করি এই বিলটি খুবই গুরুত্বপূর্ণ এবং তাৎপর্যপূর্ণ বিল, একে আমি পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা এখানে নিবেদন করতে চাই। যাই হোক সুভাষবাবু প্রাক্তন মন্ত্রী ছিলেন, আমার থেকে তার অভিজ্ঞতা অনেক বেশি। এই বিল সম্পর্কে তিনি কি বললেন তা আমার মাথায় এল না। উনি সব গুলিয়ে ফেলেছেন। সরকারের প্রতিশ্রুতি এবং এই বিল সম্পর্কে আপনার মাথা গুলিয়ে গেছে। এতদিন পর্যন্ত আপনারাও মেনে চলেছেন যে, ১৯৫৫ সালের ভূমি সংস্কার আইনের ১৪(Y) ধারাতে

কয়েকটি বিশেষ বিশেষ ক্ষেত্রে, যেমন চা-বাগান, চা-বাগানের সাথে পরিকল্পিত নগরী, উপ-নগরী, ডেয়ারি, পোলট্রি, ফ্যাক্টরি প্রভৃতির ক্ষেত্রে জমির ঊর্ধ্বসীমা ছাড় দেওয়া হত। আপনারাও এটা মানতেন। কিন্তু তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বা বায়ো টেকনোলজির ক্ষেত্রে শিল্প ও পরিষেবাকে জমির ঊর্ধ্বসীমা ছাড় দেওয়ার কোনো ব্যবস্থা ছিল না। তাহলে আমরা শিল্পও চাইব, টেকনোলজির উন্নয়নও চাইব, আবার সার্বিকভাবে জমির সিলিংটা বেঁধে রাখব, এটা হয় না। সেই জায়গায় যেখানে কর্মসংস্থান হবে, বর্তমান সরকার সেইসব জায়গাকে ছাড় দেওয়ার ব্যবস্থা করেছে। ফলে আধুনিক পরিষেবা এবং শিল্পে যারা বিনিয়োগ করতে আসবেন তাঁরা সেই সুযোগটা গ্রহণ করতে পারবেন। আপনাদের আমলে আমরা দেখেছি শিল্পে যারা বিনিয়োগ করতে আসত এই জমির ছাড়পত্র পাওয়ার জন্য তাদের মহাকরণে ঘুরতে হত এবং আর্থিক উৎকোচ না দিলে তাদের কাজ হত না। এইভাবে দুর্নীতিকে প্রশ্রয় করে আপনারা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা কামিয়েছেন। বাধ্য হয়ে সেইসব বিনিয়োগকারীরা পশ্চিমবঙ্গ ছেড়ে অন্যত্র চলে গেছে। শিল্পের উন্নয়ন পশ্চিমবঙ্গে হয়নি। বাম আমলে ভূমি দপ্তরের ঘরে ঘুরতে ঘুরতে শিল্পপতিরা হয়রান হয়ে যেত। এই বিলের মাধ্যমে সরকারের লক্ষ্য হচ্ছে, আপনাদের আমলে যে দুর্নীতির অভিযোগ উঠত সেই দুর্নীতি থেকে মুক্ত হয়ে প্রশাসন যাতে চলতে পারে তার জন্য সহায়তা করা।

[1.50 – 2.00 p.m.]

আর্থিক কেলেঙ্কারির হাত থেকে বের করে একটি স্বচ্ছ প্রশাসন উপহার দেওয়া। এবং বিশেষ করে আপনারা যেটা করেছেন প্রোমোটার রাজ। যেখানে আপনারা টাকার গন্ধ বেশি দেখতেন, অর্থনৈতিক লেন-দেন বেশি হত। সেই প্রোমোটাররাজকে শেষ করবার জন্য এই বিলটি আনা হয়েছে। আপনারা মনে করে দেখুন না, আপনাদের স্মরণে থাকতে পারে। বেদিক ভিলেজের সময় কত কর্মকান্ডের কথা আপনাদের বামফ্রন্ট আমলে উদ্‌ঘাটিত হয়েছিল এখানে। মা-মাটি-মানুষের সরকার তাই গতানুগতিকভাবেই সংস্কার আইন বদল করে, জটিলতা দূর করতে এই আইনের সংশোধন করেছেন। এই আইনে ঊর্ধ্বসীমা ছাড়ের জন্য ছাড়পত্র জোগাড় করতে এখন থেকেই ভূমি দপ্তরের আধিকারিকদের নিকট ঘুরে ঘুরে হয়রানি হতে হবে না। পুরাতন আইনে প্রোমোটারদের জমির ঊর্ধ্বসীমা ছাড় দেওয়া হত, নতুন আইনে তা অনেকটা নিয়ন্ত্রণ করা হবে। টাকার জায়গাটা বন্ধ হবে। শিল্পের জন্য আপনারা ফেলে রাখতেন। আপনারা দেখবেন, আমি বিনীতভাবে অনুরোধ করবো, হুগলি ব্রিজ থেকে বাগনান পর্যন্ত যান ন্যাশনাল হাইওয়ে ধরে, কত শত শত একর জমি পড়ে আছে। ঘেরা পড়ে আছে, ঘাসে আবৃত হয়েছে, ঘাসের জন্ম দিয়েছে। কিছু হয়নি। এখানে সরকার বলছে যে তিন বছরের বেশি জমি ফেলে রাখা যাবে না। রাখলে সরকার তা নিয়ে নেবে বলা হয়েছে। 14Y ধারাতে আরো সংশোধিত আকারে বেশ কিছু প্রকল্প, যেটা উন্নয়নের কাজে লাগবে, তার জন্যে সংযুক্ত করা হয়েছে। যেমন, মিল, ফ্যাক্টরি, পশু খামার, পোলট্রি খামার, ডেয়ারি সাথে সাথে শিল্প প্লট, শিল্প তালুক, চা-বাগান, ফিনান্সিয়াল হাব, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ বণ্টনের সাব স্টেশন, ফিল্ম সিটি, শিক্ষা, স্বাস্থ্য প্রতিষ্ঠান, বায়োটেক পার্ক, বিমান বন্দর, জাহাজ বানানোর ও সারানোর কারখানা, শিল্প

খননের সাথে যুক্ত কাজ এই সবগুলোকে ইনক্লুড করা হয়েছে। 14R ধারাতে, জানি না সুভাষবাবু কি বললেন। 14R ধারাতে কেবলমাত্র প্রযোজ্য ছিল এই ছাড় আইনটা পুরসভা এবং পঞ্চায়েতের ক্ষেত্রে। আপনি বোধহয় বললেন যে নতুনভাবে বোধহয় পুরসভা পঞ্চায়েতের ক্ষেত্রে এই আইনটা আনা হচ্ছে। না, না, পঞ্চায়েত এবং পুরসভার সঙ্গে যোগ করা হচ্ছে শিল্প উন্নয়ন নিগম, এবং তাতে সরকারি কোম্পানির ঊর্ধ্বসীমা ছাড়ের প্রয়োজন হবে না। ওর সঙ্গে ইনক্লুড করা হচ্ছে এই জিনিসগুলো। সরকারি সংস্তাগুলো ভূমি দপ্তরের অনুমতি ছাড়া ২৪ একর জমি কিনতে বা নিজ হাতে রাখতে পারেন। কিন্তু শর্ত দেওয়া আছে প্রয়োগের অতিরিক্ত যে জমি, জমি যদি বাড়তি থেকে যায় শিল্পপতিদের, তাহলে সেই জমিটা তারা হস্তান্তর করতে পারবেন। এই সুযোগটা দেওয়া আছে। ফেলে রাখতে পারবেন না। মাননীয় মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই ঘোষণা করেছিলেন যে আমরা কোনো বেসরকারি সংস্থাকে সরকারের পক্ষ থেকে জমি ক্রয় করে উপঢৌকন দেবো না। যেটা বামফ্রন্ট আমলে হয়েছে। শিল্প মালিককে তার জমি খুঁজে নিতে হবে। চাষিদের কাছ থেকে জমি ক্রয় করতে হবে। ক্রয় করার পর, তারা যদি সত্যিকারের শিল্প করতে চায়, তখন সরকার তাদেরকে অনুমতিপত্র দেবে বা ছাড়পত্র দেবে। যেটা আগে হয়রানি হতে হত, সেই হয়রানি হতে হবে না। কলকারখানার জন্য জমির ঊর্ধ্বসীমা ছাড় দেওয়া হবে। কিন্তু প্রোমোটারদের জন্য ঊর্ধ্বসীমার ছাড় দেওয়া হবে না। এই আইনে বলা হয়েছে। আপনারা, সিঙ্গুর, নন্দীগ্রামের ভূমি আন্দোলনের কথা মাননীয় সুভাষবাবু তুলেছেন। সত্যিই তুলেছেন ঠিক কথা। আমি একটা কথা আপনাদের স্মরণে আনতে চাই, আপনাদের স্মরণে থাকতে পারে, প্রাক্তন ভূমি রাজস্ব মন্ত্রী ঐ সময়ে বলেছিলেন, যারা হেলে ধরতে পারে না, কেউটে ধরতে গেছে। হেলে ধরতে পারে না, কেউটে ধরতে গেছে। আজকে তো এইসব কথার তাৎপর্য বিশ্লেষণ করতে হবে। বামপন্থী বন্ধুদের আমি অনুরোধ করব, আমরা বলিনি। জানি না, এবারের হাউসে ওঁকে দেখতে পাচ্ছি না, অনেকদিন আসেননি। শরীর অসুস্থ থাকতে পারে। তিনি বলেছিলেন, হেলে ধরতে পারেন না, কেউটে ধরতে গেছে। কি তাৎপর্য নিয়ে তিনি ব্যাখ্যাটা করেছিলেন জমি নীতির ? আপনারা যে প্রয়োগ পদ্ধতি নিয়ে শিল্প মালিকদের উপর শোষণ করতেন, এই প্রোমোটাররা কি করেছে ? বিভিন্নভাবে জমি অধিগ্রহণ করেছে প্রান্তিক চাষি এবং মধ্যবিত্ত চাষিদের আপনারা খেয়ে ফেলেছেন। এই প্রান্তিক চাষি, মধ্যবিত্ত চাষিদের বিভিন্ন উপঢৌকন দিয়ে যে এখানে শিল্পনগরী গড়ে উঠবে তোমার বাড়ির ছেলে-পিলেরা এখানে চাকরি পাবে। তারা জমি দিয়েছে, শিল্প আইন, জমি পড়ে আছে, তারা হাহাকার করছে। আবাসন নেই এখানে, স্বল্পমূল্যে তোমাদের আত্মীয়-স্বজন বা পরিবার পরিজন একটি ঘর পাবে—দেওয়া হয়নি। এমনকি যারা সহৃদয় ব্যক্তি কোনো Institution বা শিক্ষা প্রতিষ্ঠান করতে জায়গা দিয়েছে। আমি উদাহরণস্বরূপ বলতে পারি, আমার ওখানে একজন আছে, সরকার থেকে তখন তদানীন্তন এম.এল.এ. মুরারিমোহন মান্না মহাশয় ৩২ বিঘে জায়গা আই.টি..আই. করবার জন্য জায়গা দিয়েছিলেন, সরকারকে রেজিস্ট্রি করে দিয়েছিলেন, সরকারের নামে দলিল। সেই জায়গায় অপরেশন বর্গা বসিয়ে দিয়েছিলেন, আপনাদের লোকজনদের বসিয়ে দিয়েছেন। যাতে Institution না তৈরি হয়। তাই আমি বলি অতি যুক্তিযুক্ত এই বিলটি আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লা : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Land Reforms Act Bill, 2012 নামে এই বিলের মাধ্যমে ১৯৫৫ সালে ভূমি ও ভূমি সংস্কার আইনে কয়েকটি গুরুত্বপূর্ণ ধারা সংশোধনী কথা এই বিলে বলা আছে। রাজ্যের ভূমি দপ্তরের অনুরোদন ছাড়ায় ৪৯ শতাংশ যাদের বেসরকারি শেয়ার থাকছে, তারও যতখুশী তারা জমি রাখতে পারবে। তাদের জমির কোনো অতীতে কোনো সীমা পরিসীমা থাকবে না। এই KMDA, HIDCO এইসব আই.টি. শিল্পোন্নয়ন নিগমের মত সংস্থানগুলি, ceiling বহির্ভূত জমি ভূমি সংস্থার দপ্তরে কোনো নজরদারি থাকবে না, তারা যা খুশি তাই করতে পারবে। ফলে জমির নয়-ছয়ের একটা সুযোগ থাকবে। এর ফলে Promoter যারা একটু আগে বলছিলনে, Promoter রাজ কায়েম হবে, হাঙর দিয়ে রাজত্ব কায়েম হবে এবং এই জমি নিয়ে যা খুশি তাই করবে। আমার পশ্চিমবাংলায় এমনিতেই জমি কম, লোকসংখ্যা বেশি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায়। এই জায়গায় দাঁড়িয়ে আবার আগের অবস্থায় ফিরে আসবে, মানুষ খেতে পাবে না, আগের অবস্থা যেমন ছিল ১৯৭৭ সালের আগে। মাইলো আসত বাইরের থেকে, মাইলো আসলে খেত, তাছাড়া খেতে পেত না। আর ভূমি সংস্কার হওয়ার ফলে, মানুষের হাতে জমি আসার ফলে, Ceiling আইন করার ফলে আজকে পশ্চিমবাংলার বাজারগুলো বেড়েছে, আগে যেগুলো ছিল না, মানুষের খাবার অধিকার বেড়েছে—এই সমস্ত হওয়ার ফলে। আজকে সেগুলো বন্ধ হওয়ার অবস্থায়, কয়েকটা মুষ্টিমেয় হাঙরের হাতে তুলে দিতে চাইছেন। ১৯৫৫ সালে ১৪ এম ধারায় জমির পরিমাণ নির্দিষ্ট ছিল। এবারে ১৪(৮) ধারায়, সমস্ত নির্দেশ উঠে গিয়ে জমির পরিমাণ কত হবে—অতীতে যা খুশি রাখার ক্ষমতা এই বিলের মধ্যে আছে। সুতরাং এই বিল আমরা আনতে বলতে পারি না। কারণ তাতে জমির চরিত্র ক্ষুণ্ণ হবে, জমির সমস্ত কিছু ক্ষুণ্ণ হবে, বিল ইত্যাদি এই সমস্ত মজাগুলো বন্ধ হয়ে যাবে, Promoter-রা ব্যবসা শুরু করবে, যা সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হবে। তাই আমরা যে কথাটি বলেছি, বিরোধী আমাদের দলের নেতা মাননীয় সূর্য্যকান্ত মিশ্র বলেছেন যে, এই বিল Select Committee-তে পাঠানো হোক। ২০০৬ সালে আমরা কয়েকটি সংশোধনী এনেছিলাম এই বিলের মাধ্যমে। আজকে যারা সরকার পক্ষে আছেন তারা তীব্র বিরোধিতা করেছিলেন। বিরোধিতা করে এই বিল Select Committee-তে পাঠিয়েছিলাম। আমরা এখানে দাবি করছি এই বিল Select Committee-তে পাঠানো হোক। এই যে সিঙ্গুরের জমির কথা উঠেছে, সিঙ্গুরের জমি এখানে সরাসরিভাবে ফোড়েদের নিতে দিইনি, এই জমি সরকার অধিগ্রহণ করেছে।

[2.00 – 2.10 p.m.]

নিগম সেই জমি টাটা বা অন্যান্য যারা ভেন্ডার তাদের দিয়েছে। অর্থাৎ এখানে সরাসরিভাবে দালালরা, ফোড়েরা এই সমস্ত জমি দেওয়ার সুযোগ পায়নি। সরকার কিনে, ভূমিসংস্কার দপ্তর অধিগ্রহণ করে শিল্প নিগমের হাতে দিয়েছে এবং তারা এটা হস্তান্তর করেছে। এখন যেটা হচ্ছে সেটা হল শিল্প করার জন্য সরকার কোনো জমি অধিগ্রহণ করবে না। আমরা জানি পশ্চিমবাংলায় জমি ক্ষুদ্র ক্ষুদ্র চাষির হাতে আছে, কারো ১২ শতক, কারো ১ বিঘা, কারো আধ বিঘা, কারো দেড় বিঘা জমি আছে। ভূমিসংস্কারের ফলে এটা

হয়েছে। এই যে বলছেন শিল্প আসবে। কোথা থেকে শিল্প আসবে ? কিভাবে শিল্প আসবে। শিল্পের মালিকরা কাকে খুঁজে বেড়াবে ? ছোট ছোট জমির মালিককে খুঁজে বের করে শিল্প করবে ? শিল্পের দরজা বন্ধ হয়ে গেলে আরো সংঘাতিক অবস্থার মধ্যে চলে যাবে। আর আমাদের রাজ্যে প্রোমোটাররাজ কায়েম হবে। সুতরাং সরকারকে অধিগ্রহণ করতে হবে, সরকার অধিগ্রহণ না করলে কোনোদিনই শিল্পে বিকাশ ঘটতে পারে না। ছোট ছোট জমির মালিক যেখানে বর্তমানে আছে। তাই এই প্রসঙ্গটি আজকে আমরা এখানে বলতে চাইছি। এবং শুধু তাই নয়, যা খুশি দামে, আমার প্রয়োজন হয় তো আমি বিক্রি করবো, যা খুশি দামে দালালরা কিনবে, ফোড়েরা কিনবে। সরকার ঘুরেও দেখবে না কি দামে বিক্রি হচ্ছে। কি দামে এই সমস্ত জমি বিক্রি হচ্ছে সরকার ঘুরেও দেখবে না। তার ফলে লুটে-পুটে খাবার একটা সুযোগ আসবে। জমিগুলোকে নয়-ছয় করার সুযোগ আসবে। ওই জমিগুলোর ক্ষেত্রে কোনো নজরদারি থাকবে না। চোদ্দর ওয়াই ধারাটি সংশোধন করা হয়েছে এবং সংশোধন করে যা করা হয়েছে সেটা হচ্ছে এই যে আপনারা জানেন ৬টা তখন আমরা করেছিলাম, এখন এক গাদা এসেছে, ইন্ডাস্ট্রি পার্ক থেকে আরম্ভ করে ইন্ডাস্ট্রিয়াল হাব, ইন্ডাস্ট্রিয়াল অ্যাসেট, শিল্পোন্নয়ন হাব, ওয়ার হাউস, অ্যাগ্রো ইন্ডাস্ট্রি, বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুতে সাব স্টেশন, ফিল্ম সিটি, পর্যটন প্রকল্প, শিক্ষা প্রতিষ্ঠান, মেডিক্যাল কলেজ, ফুড পার্ক, বন্দর, বিমান ইত্যাদি সমস্ত ক্ষেত্রে যতখুশি জমি রাখতে পারবে। অর্থাৎ কৃষকদের কাছে চাষের দরজা বন্ধ হয়ে যাবে। আইনে যেটা ছিল, ২৪ একরের বেশি জমি রাখতে পারবে না, সিলিং ছিল ২৪ একর। সরকার এইসব ক্ষেত্রে ১৪-র ৮ ধারাকে সংশোধন করছেন এবং এইসব ক্ষেত্রে যত খুশি জমি রাখতে পারবে। এমনকি ৫১ শতাংশ মালিকাধীন সরকারের যে সমস্ত সংস্থাগুলো আছে এবং বেসরকারি ৪৯ শতাংশ যে শেয়ার আছে সেখানে ওরা ঢুকতে পারবে এবং ঢুকে তারা বিভিন্ন রকম বাড়ি-ঘর তৈরি করে সস্তার দামে বিক্রি করে দিয়ে চলে যাবে। সরকার এই জায়গায় কিছু করতে পারবে না। চাষের জমি বে-দখল হয়ে যাবে, জলা জমি বুজে যাবে। ইতিমধ্যে জলা জমিকে কেন্দ্র করে দেখতে পাচ্ছেন—এই বালিতে খুন হয়ে গেলেন তৃণমূল নেতা আপনারা দেখতে পাচ্ছেন, আরো হবে। তারা সি.বি.আই. তদন্তের দাবি করেছে। কারা খুন করেছে সবাই জানে। সেইজন্য সেখান থেকে তাদের পরিবারবর্গ সি.বি.আই. তদন্তের দাবি করেছে। সুতরাং ঘটনা হচ্ছে এই জলা জমি থেকে আরম্ভ করে সমস্ত জমি ভরাট হবে। এই জায়গায় দাঁড়িয়ে সরকার পক্ষের যারা আছেন তাদের বলবো, মাননীয় মন্ত্রিমহাশয় আছেন, তাঁকে বলবো বিষয়টি ভেবে দেখার জন্য। ঠিকাদার প্রোমোটারদের হাত থেকে রক্ষার ব্যাপারে এবং এটাকে আরো ভালো করে দেখার সুযোগ করে দেবার জন্য আমরা সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য অনুরোধ করছি।

[2.00 – 2.10 p.m.]

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় ভূমিসংস্কার ১৯৫৫ সালের প্রণীত আইন, তার উপর যে সংশোধনী আনা হয়েছে, আমি তার সমর্থনে আমার প্রতিবেদন পেশ করছি। আমরা সকলেই পড়েছি, নিশ্চয়ই পড়েছি,

"শুধু বিঘা দুই, ছিল মোর ভুঁই
আর সবি গেছে ঋণে।
বাবু কহিলেন বুঝেছো উপেন
এ জমি লইবো কিনে।"

রবীন্দ্রনাথের বাবু তবু জমি কিনতে চেয়েছিলেন, একালের বাবুরা যখন ছিনিয়ে নিতে চাইলেন তখন দুর্বার গতিতে প্রতিরোধের আন্দোলন শুরু হল। এই অন্দোলনের ফলে কৃষক আন্দোলনের ইতিহাসে নতুন দুটি নাম সংযোজিত হল, সিঙ্গুর এবং নন্দীগ্রাম।

সেই সিঙ্গুর এবং নন্দীগ্রামের পথ বেয়ে, সেই সিঙ্গুর এবং নন্দীগ্রাম আন্দোলনের ফসল আজকের এই জোট সরকার। তাই এটা প্রত্যাশিত যে এই সরকার জমি সংস্কারের ক্ষেত্রে, ভূমি সংস্কারের ক্ষেত্রে সতর্কতার সাথে পা ফেলছে এবং পা ফেলবে। ভূমি সংস্কার এবং ভূমি আন্দোলন এই রাজ্যে পাশাপাশি চলেছে। সেই কারণে আজকে এই বিলের উপর আলোচনার প্রসঙ্গে হয়তো ভূমি আন্দোলনের কথাও একটু স্মরণ করা যেতে পারে। বাংলার ভূমি আন্দোলনের ক্ষেত্রে তেভাগা আন্দোলন একটা ইতিহাস সৃষ্টি করে রেখেছে। আমরা জানি, যে এই আন্দোলনকে স্মরণ করে প্রাক্তন বিধায়ক শ্রী অজিত পাণ্ডে গেয়েছিলেন ৬০-এর দশকে "তরাই কান্দে গো, কান্দে আমার হিয়া, নকশাল বাড়ির মাটি কাঁদে, সপ্তকন্যার লাগিয়া"। সেই সপ্তকন্যার আত্মদানের ইতিহাস ২৪-পরগনার মাটিতে আজকেও অমলিন হয়ে আছে। চল্লিশের দশক, তেভাগা আন্দোলনের দশক। সাগর থেকে পাহাড়, আকাশ-বাতাস মুখরিত হয়েছে—"আঁধি নয় তেভাগা চাই, জান দিব তবু ধান দিব না"। এই স্লোগানে বাংলার আকাশ-বাতাস সেদিন মুখরিত হয়েছে। সূর্য্যবাবু অনতিদূরে বসে আছেন। সম্ভবত তিনি পড়েছেন। অবনী লাহিড়ীর লেখা "৩০-৪০-এর বাংলা"। তেভাগা আন্দোলনে অবিসংবাদিত নেতা অবনী লাহিড়ী সেই বইয়ে দ্ব্যর্থহীন ভাষায় লিখেছেন সেদিনের কমিউনিস্টরা যদি ব্রিটিশ সরকারের প্রচারে নিজেদেরকে নিয়োজিত না করে কংসারি হালদারদের পাশে দাঁড়াতেন, তাহলে বাংলার ইতিহাসে কৃষক আন্দোলন অন্য খাতে বইত, ইতিহাস অন্যভাবে লেখা হত। ভূমি আন্দোলন এবং ভূমি সংস্কার তাই একটা ইতিহাসের পটভূমির উপর দাঁড়িয়ে আছে। স্বাধীনতার পরে ভূমি উদ্ধার, ভূমি বন্টন, ঊর্ধ্বসীমা নিয়ন্ত্রণ, বর্গানথিকরণ—এই কাজগুলো যে আইনের উপর ভিত্তি করে রূপায়িত হয়েছে, সেই আইনটি হল এই ১৯৫৫ সালের "ভূমি সংস্কার আইন"। এই আইন মাঝে মাঝে সংশোধিত হয়েছে। একে জনমুখী করে তুলতে হয়েছে। আজকে সেই জনমুখী আইনকে আরও বেশি বাস্তবমুখী করবার প্রয়োজনে যে সংশোধনী এসেছে, আমি সেই সংশোধনীকে সমর্থন জানাই। কারণ এই সংশোধনীর ফলে চিহ্নিতকৃত কতকগুলো শিল্পে ঊর্ধ্বসীমা ছাড় পাবে এবং ঊর্ধ্বসীমা ছাড়ের ফলে রাজ্যের শিল্পায়নের বাতাবরণ সৃষ্টি হবে এবং নতুন শিল্প গড়ে উঠবে। যেখানে সন্তুষ্টির কথা, যেখানে নিরাপত্তার কথা, যে কথা কালীপদবাবু উল্লেখ করছেন—যে, যদি অব্যবহৃত জমি তিন বছরের বেশি পড়ে থাকে, সেই জমি নীলামে তোলা হবে। ফলে এই রাজ্যে দীর্ঘদিন ধরে বিগত সরকারের আনুকূল্যে জমি মাফিয়ারা যে দাপটে বেরিয়েছে, যে ফাটকাবাজি করেছে, তার একটা পরিসমাপ্তি ঘটানো সম্ভব হবে এই সংশোধনীর ভেতর দিয়ে। এই সংশোধনীর ফলে

আমরা রাজ্যে যেমন শিল্পায়নের বাতাবরণ গড়ে উঠতে দেখব, আমার শুধু মাননীয় মন্ত্রীর কাছে দুটো পরামর্শ দেবার আছে। নিশ্চয়ই তিনি বিবেচনা করবেন। যদিও তিনি অন্যদিকে তাকিয়ে আছেন। জানি না, আমার কথা শুনছেন কিনা। হয়তো দৃষ্টি অন্যদিকে, কান আমার দিকে। আমি দুটো পরামর্শ দিতে চাই। একটি হল—যে সংশোধনী আনা হয়েছে, তার তৃতীয় পাতায় যে শব্দটি ব্যবহার করা হয়েছে, 'অ্যাকোয়ার', আমি বলি 'অ্যাকোয়ার' এবং 'অ্যাকুইজিশন' এই শব্দগুলো বাংলার মানুষের কাছে এখন অ্যানাথেমা। এই শব্দের পরিবর্তে কোন শব্দটি ব্যবহার করা সম্ভব কিনা। পাশাপাশি আমার আরও একটি প্রশ্ন আমার মনে মধ্যে ঘুরপাক খাচ্ছে, মাননীয় মন্ত্রী জবাবী ভাষণে নিশ্চয়ই ব্যাখ্যা দেবেন। রায়তকে যে লিজ দেবার অধিকার দেওয়া হচ্ছে, তার ফলে হয়তো সরকার এবং রায়তের মাঝখানে আর একটি শ্রেণী জন্ম নিতে পারে এবং তার ফলে ভবিষ্যতে আর একটি মধ্যস্বত্বভোগী শ্রেণী গড়ে উঠবে কিনা, গজিয়ে উঠবে কিনা, সেক্ষেত্রে নিশ্চয়ই আপনি বিষয়টি বিবেচনা করে দেখবেন।

[2.10 – 2.20 p.m.]

আমরা রাজ্যে একটা স্লোগান শুনেছিলাম—''কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যত''। স্লোগানটি যদি সঠিকভাবে বাস্তবায়িত হত, হয়তো কেউ ৩৪ বছর যাঁরা ওদিকে বসেছিলেন আগামী পাঁচ বছরেও ওদিকেই বসে থাকতেন। কিন্তু যখন রাজ্যে ছয় লক্ষ একর পতিত জমি থাকা সত্ত্বেও কৃষকের বুকের ওপরে দাঁড়িয়ে যখন শিল্প স্থাপনের অপচেষ্টা শুরু হল মানুষ রুখে দাঁড়িয়েছে, মানুষ রুখে দাঁড়াল এবং পরিবর্তনের শপথ নিয়েছিল। তাই আজকে এই পরিবর্তন। আজকে এই বিধানসভাতেও আমরা পরিবর্তনের প্রতিফলন দেখেছি। শাসন ব্যবস্থায় পরিবর্তনের প্রতিফলন দেখেছি। যারা সেইদিন মোকাবিলা করেছিলেন, লড়াই করেছিলেন, রুখে দাঁড়িয়েছিলেন, একদিকে তাদের যেমন সম্মান জানাই, প্রণাম জানাই, পাশাপাশি এই সভার কাছে আবেদন করি, মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করি সেইদিন যাঁরা লড়তে পারেনি, অত্যাচারের কাছে নতি স্বীকার করেছে যাদের চোখের জল বাষ্প হয়ে উড়ে গেছে, কেউ মুছিয়ে দিতে পারেনি, সেই চাঁদমণি বাগানের আদিবাসী শ্রমিকরা তারা আজকে সুফল ভিটায় এখনও পশুর জীবনযাপন করছে, আমি তাদের কথাও ভাবতে আমি অনুরোধ করি। আমি সরকারের কাছে আবেদন জানাই, যেমনভাবে টাটার কাছ থেকে জমি ফেরত নিয়ে কৃষককে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আমি আবেদন জানাই তেমনিভাবে চাঁদমণি চা বাগানের জমি ফেরত নিয়ে আজকে সেই আদিবাদী শ্রমিকদেরকে আবার দিয়ে দেওয়া হোক। অদৃষ্টের কী পরিহাস ! অদৃষ্টের কী পরিহাস ! ১৯৪৭ সালের পয়লা মার্চ জলপাইগুড়ির মালবাজারের বড়ডিঘি বাগানে তেভাঘা আন্দোলনে অংশগ্রহণ করে পুলিশের গুলিতে মৃত্যুবরণ করল—মহারানি ওঁরাও, সুখো ওঁরাও, বাচ্চু ওঁরাও, বুধু ওঁরাও। ষাট বছর পরে ২০০৩ সালের পয়লা মার্চ বামফ্রন্টের পুলিশের গুলিতে সেই আদিবাসী শ্রমিকের দু'জন শহিদ হলেন। ষাট বছর আগে যে মাটিতে লাল পতাকা নিয়ে আন্দোলন করে আদিবাসী শ্রমিকেরা শহিদ হয়েছিল সেই মাটিতেই আজকে ষাট বছর পরে একই দিনে পুলিশের গুলিতে লাল পতাকাধারী সরকারের পুলিশের গুলিতে আদিবাসীরা শহিদ হল। এর চেয়ে বড় অদৃষ্টের পরিহাস কি হতে পারে ? অধ্যক্ষ মহোদয় আমি অত্যন্ত সীমিত সময়ে বলি, আমাকে দু'মিনিট

সময় শুধু ভিক্ষা দিন, আমি দুটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। আমার এলাকার মানুষ এই সংশোধনীটির দিকে তাকিয়ে অধীর আগ্রহে অপেক্ষা করছে, অপেক্ষা করছে জমির মালিকেরা, অপেক্ষা করছে পাওয়ার গ্রিড, অপেক্ষা করছে জেলা প্রশাসন। আন্দোলন ছিল, ভূমি বাঁচাও কমিটি ছিল। যখন বলা হয়েছে এই সরকার অধিগ্রহণ করবে না, এই সরকার অনিচ্ছুক কৃষকের জমি স্পর্শ করবে না ; মানুষ আশ্বস্ত হয়েছে, মানুষ এগিয়ে এসেছে, তাদের নির্ধারিত মূল্যে জমি দিতে সম্মত হয়েছে। তাই আজকে এই সংশোধনীটি পাশ হলে পরে আমার এলকায় পাওয়ার গ্রিডের উদ্যোগে সাড়ে চার হাজার কোটি টাকা ব্যয়ে ১৮০ একর জমির উপরে যে বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র গড়ে উঠবে, আমার এলাকায় আলোর বন্যা বইবে, উন্নয়নের জোয়ার আসবে। তাই আর একবার নমস্কার জানাই সরকার এই সংশোধনী বিল এনেছে বলে। স্যার, দীর্ঘদিন দিল্লিতে ছিলাম, হিন্দিটা মাতৃভাষার মত বলতে পারি। ইমরান ভাই মাঝে মাঝে এখানে উর্দু শায়েরি শুনিয়েছে, আমি হিন্দি কবিতার তিনটি লাইন শুনিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই।

हो गयी यह फिर पर्वत पिछालनी चाहिये
इस हिमालय से कोई गंगा निकलनी चाहिये।
हंगामा खडा करना मेरा मकसद नही
मेरी कोशिश हे सूरत बदलनी चाहिये॥
मेरे सीने मे सही तो तेरे सीने मे सही
हो कही कही भी आग लेकिन आग जलनी चाहिये॥।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে যে সংশোধনী বিল আনা হয়েছে সে ব্যাপারে আমি প্রথমেই দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সেকশন-4 অনারেবল জাস্টিস সামসুদ্দিন আহমেদ ইতিমধ্যেই সেটাকে ultra vires ঘোষণা করেছিলেন এবং সেটা এখনও সুপ্রিম কোর্টে পেন্ডিং আছে। ফলে এই অবস্থায় অ্যামেন্ডমেন্ট আনা যায় কিনা সেটা আমি ল ডিপার্টমেন্টকে দেখতে অনুরোধ করছি।

তারপর যে কথাটা বলতে চাইছি, এই যে ৬টা গুরুত্বপূর্ণ সংশোধন করার চেষ্টা হচ্ছে এর মধ্যে দিয়ে খাদ্য সঙ্কট মোকাবিলায় চাষযোগ্য জমি, যেটা সিলিং বলবৎ ছিল সেটা কিন্তু রক্ষা হবে না এবং আমার মনে হয়েছে এতে চাষ ছাড়াও অন্য জায়গায়ও সিলিং তুলে দেওয়ার চেষ্টা হচ্ছে। এমনকি ঘর-বাড়ি, রাস্তা, কলকারখানার জন্য প্রতি বছর আমরা জানি ৫০ হাজার একরের বেশি জমি চলে যায়। ফলে এই অবস্থায় এই অ্যামেন্ডমেন্ট এনে ভূমি সংস্কারের প্রকৃত যে উদ্দেশ্য ছিল তা রক্ষা হবে কিনা তা ভাবার জন্য আমি গভর্নমেন্টকে অনুরোধ করছি। ১৪-র 'ওয়াই' ধারাকে সংশোধন করার মধ্যে দিয়ে industrial hub, industrial estate, financial hub, প্রভৃতির জন্য ২৪ একরের বেশি জমি এখানে ধরে রাখতে পারবে বিনিয়োগকারীরা। ফলে এই সমস্ত ঘটনার মধ্যে দিয়ে আমার মনে হচ্ছে land reforms act-এর যে উদ্দেশ্য ছিল তা বানচাল হয়ে যাবে এবং এই Land Reforms Act-এর মূল উদ্দেশ্য ছিল, একটা হাতে যাতে প্রচুর জমি-জমা না হয়ে যায়, বড় জোতদার,

বড় জমির মালিক থেকে 'সিজ' করা জমি গরিব ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিলি করা হবে। এটাই ছিল এর উদ্দেশ্য। ফলে সেই উদ্দেশ্য বানচাল হয়ে যাচ্ছে বলে আমার মনে হয়েছে। লেফট ফ্রন্ট গর্ভনমেন্টের সময় সরকারি শিল্প-জমি বেসরকারিকরণের জন্য WBLR act-এ ১৪Z ধারাকে সংশোধন করা হয়েছিল এবং তার মধ্যে দিয়ে হিন্দমোটর বা এই রকম কিছু লাভজনক ব্যবসা, তারা কিছু জমি বিক্রি করে দিয়ে প্রচুর টাকার পাহাড় বানিয়েছে। ফলে বন্ধ কল-কারখানা জমি ও অ-ব্যবহৃত শিল্পের জমি, অ-প্রয়োজনে যা পড়ে আছে তাকে ব্যবসায়ীরা manipulate করে কিন্তু grab করার চেষ্টা করবে। ফলে এই যে আইন সংশোধন করা হচ্ছে তার মধ্যে দিয়ে land reforms-এর মূল যে উদ্দেশ্য ছিল তা বানচাল হয়ে যাবে বলে আমার মনে হয়েছে। তাই আমি এই বিলের বিরোধিতা করছি। ধন্যবাদ।

****

শ্রী উদয়ণ গুহ : মাননীয় স্পীকার স্যার আজ এখানে যে 'Land and Land Reforms Bill ২০১২' পেশ করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে মাননীয় D.P. Roy বক্তব্য রাখতে গিয়ে বলেছে কেন আমরা এপাশে এবং ওঁরা ও'পাশে। যে কোনো দেশে সরকারের যখন পরিবর্তন ঘটে, যাঁরা সরকার থেকে বিরোধী পক্ষে যান, বুঝতে হবে তাঁদের কিছু কাজ মানুষের মনে ক্ষতের সৃষ্টি করেছে বলে তাঁরা সরকার পক্ষ থেকে বিরোধী পক্ষে এসেছেন। আবার যাঁরা বিরোধী পক্ষ থেকে সরকার পক্ষে গেলেন তাঁদের কিছু কথা, কিছু কাজ, কিছু আন্দোলন মানুষের মনে আস্থা জাগিয়েছে বলেই আজকে তাঁরা সরকারের আসনে বসেছেন।

ঠিক দুটো কথা। এই সরকার ক্ষমতায় আসবার আগে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন এবং এখনও তিনি বলেন, একটি 'জোর করে কৃষি-জমি, কৃষকের কাছ থেকে নেওয়া হবে না' এবং আরেকটি কথা তিনি বলেছিলেন, 'কৃষি-জমিতে শিল্প গড়া হবে না।' কিন্তু আজকে যে সংশোধনী এসেছে, ১৯৫৫ সালের Land and Land Reforms Bill-র সংশোধনী, তার চার নম্বর ধারায়, ১৯৫৫ সালের মূল ধারার ৪ নম্বর সেকশনে ছিল, "A Raiyat shall on and after the commencement of this Act be the owner of his plot of land and the plot of land shall be heritable and transferable."

[2.20 – 2.30 p.m.]

অর্থাৎ তার জমি বদল হতে পারে তখনই, যখন উত্তরাধিকার সূত্রে সেটা বদল হবে বা তিনি বিক্রি করবেন। নতুন আইন হল, যেটা সংশোধনীর কথা বলা হচ্ছে। সেখানে বলা হচ্ছে, কোনো কিছুই একজন রায়তকে "The raiyat from leasing out the whole or any part of his plot of land for the purpose of establishing an industrial park or industrial hub or industrial estate or financial hub or a bio-tech park or a food park as per project report duly vetted and approved by the appropriate Department of Government of West Bengal". অর্থাৎ তিনি তার জমির পুরোটা বা খানিকটা অংশ লিজ দিতে পারবেন।

এই যে লিজ দেওয়া হবে, এখানে কিন্তু একবারও বলা হয়নি আবাদী জমি কতটা, অনাবাদী জমি কতটা। কৃষি জমি তিনি লিজ দিতে পারবেন কি পারবেন না, এক ফসলী জমি তিনি লিজ দিতে পারবেন কি পারবেন না, দো-ফসলী জমি তিনি লিজ দিতে পারবেন কি পারবেন না, এখানে কোনো কথা বলা হয়নি। পার্থবাবু জবাবী ভাষণ দেবেন। আমাদের রাজ্যে আইন আছে, ট্রাইবালদের জমি নন-ট্রাইবালদের কাছে বিক্রি করা যায় না। এই আইনে একথা একবারও বলা হল না, ট্রাইবালদের জমি, নন-ট্রাইবালদের কাছে আপনি লিজ দিতে পারবেন কি পারবেন না ? ৯৯৯ বছরের জন্য যদি আপনি কোনো জমি লিজ দেন, তাহলে আর মালিকানা বদলের প্রশ্নটা আসছে কোথা থেকে ? বিক্রির প্রশ্নটা আসছে কোথা থেকে ? আপনি তো লিজের মাধ্যমে জমি জরাত, ওই হাঙরেরা অপেক্ষা করে আছে গরিব কৃষকের জমিগুলো দখল করবে বলে। তাদের হাতে তুলে দেওয়ার রাস্তা করে দিয়েছেন। একটি কথা আমাদের এখানে স্বীকার করে নিতে হবে, জমির মালিকের ব্যক্তিগত মালিকানা থাকতে পারে, জমির মালিকের উপর ইনডিভিজুয়াল রাইট থাকতে পারে, কিন্তু জমির উপর, বিশেষ করে কৃষি জমির উপর আমাদের সমষ্টিগত স্বার্থ নির্ভর করে। কৃষি জমি আমার নেই। কিন্তু কৃষি জমি কমে গেলে যে খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হবে, তার জন্য কিন্তু আমাকেও সাফার করতে হবে, আপনাকেও সাফার করতে হবে। সারা রাজ্যে ৯ কোটি মানুষের কথা চিন্তা করে একথা ভাবতে হবে। আমি এই যে লিজ দেওয়ার অবাধ সুযোগ করে দিলাম, এটা কতটা আগামীদিনে আমাদের খাদ্যের নিরাপত্তাটাকে রক্ষা করতে পারবে। এখানে আর একটি আইনকে বদল করা হচ্ছে। 14Y সেকশনকে অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে। 14Y সেকশনে কি বলা হয়েছিল ? "if any time after the commencement of the provision of this chapter the total area of land owned by a raiyat exceeds ceiling area applicable to him under section 14M on account of person inherent or otherwise" অর্থাৎ ২৪ একর অসেচ এলাকায় এবং ১৭ একর সেচ এলাকায়, তার বাড়তি যে জমি সেটা সরকার ভেস্ট করে নেবেন, সেটা সরকারের সম্পত্তিতে পরিণত হবে। কিন্তু এখানে আপনারা সংশোধন করছেন, যদিও সেখানে বলা ছিল, একটি কথা Provided that person intending to establish a tea garden, mill, factory or workshop, livestock breeding farm, poultry farm, or dairy or township in a planning area. এ ক্ষেত্রে 14Y ছাড় ছিল ১৯৫৫ সালে। আপনারা কি করছেন, একেবারে আলপিন টু এলিফ্যান্ট।

যা যা দরকার সর্বক্ষেত্রে আপনি এখানে ছাড় দিয়ে দিচ্ছেন। একেবারে পরিষ্কারভাবে বলে দেওয়া হয়েছে। প্রথম কথা হচ্ছে পার্সনটা কে ? কাকে ছাড় দিচ্ছেন ? কালীপদবাবু হয়তো ভালো করে পড়েননি কোম্পানি হবে, সরকার কোম্পানি তৈরি করবে, কর্মসংস্থানের ব্যবস্থা হবে কিন্তু পরিষ্কারভাবে এখানে আপনাদের বিলে আপনারা বলে দিচ্ছেন যে পার্সনটা কারা person includes an individual. একজন ব্যক্তি a firm, a company, an institution or an association or body of individual. এই নানাভাবে তাদের হাতে আপনারা জমি তুলে দেওয়ার বন্দোবস্ত করে দিলেন। একেবারে

ব্যক্তিগত মালিকানা থেকে শুরু করে কোম্পানি মালিকানা—কালীপদবাবু কোম্পানি, কোম্পানি করে চিৎকার করছেন—সরকারি কোম্পানি ৫১% সরকারের শেয়ার আর বাকিটা তো প্রাইভেট শেয়ার। কারণ আপনারা তো পি.পি.পি. মডেলের মাধ্যমে শিল্প করবেন। আপনারা কর্মসংস্থানের ব্যবস্থা করবেন এই কথা বলে ব্যক্তিগত মালিকানার হাতে জমি তুলে দেওয়ার চেষ্টা করছেন। একদিকে বলছেন কৃষি জমিতে শিল্প করবো না আর একদিকে একেবারে অবারিত দ্বার করে দিয়েছেন। কৃষি জমি, জলা জমি, এর আগে পার্থবাবু বক্তব্য রাখতে গিয়ে বলেছেন আমরা land use map করবো। land use map মানে আপনার কোথায় খাদ্যের সুরক্ষার জন্য কৃষি জমির দরকার। আপনার শিল্পের জন্য কোথায় জমি দরকার, আপনার জলাশয়ের জন্য কোথায় জমি দরকার, আপনার বনভূমির জন্য কোথায় জমি দরকার—তার একটা ম্যাপ আপনি তৈরি করবেন। তা না করে এখানে দ্বার খুলে দিয়েছিল কোথায় কত জমি, কে কোথায় থেকে নেবেন, একেবারে ছাড় দিয়ে দেওয়া হল লিজের নাম করে ব্যক্তিগত মালিকানায় জমিগুলো চলে যাবে। ৩ বছরের কথা বলছিলেন, ৩ বছরের মধ্যে কাজ না করতে পারলে সেই জমি অকশন করে বিক্রি করে দেওয়া হবে। যারা এই জমি নেবেন তাদের বুদ্ধি আমাদের কারোর চাইতে কম নয়। ৩ বছরের মধ্যে দেখাবে—এক বছরে দেখাবে একটা প্রাচীর তৈরি হল। এক বছরে দেখাবে একটা ট্যাঙ্ক তৈরি হল। এক বছরে দেখাবে একটা ঘর তৈরি হল। সরকার যখন বলবে তখন ওরা বলবে আমরা কাজ শুরু করেছি, আমাদের কাজ চলছে। আমাদের কাজে কেউ বাধা দেবেন না। ব্যাঙ্ক আসবে, ব্যাঙ্ক এসে বলবে ইতিমধ্যে ঐ জমি আমার কাছে mortage দিয়ে টাকা নিয়েছে কোম্পানি। এখন এই জমির মালিকানা আমার কাছে সরকারের আর অধিকার নেই এই জমি নিয়ে নতুন করে নিলাম করার। আবার নিলাম করবেন কার কাছে কৃষককে তো ফেরত দিতে পারবেন না, কৃষককে ফেরত দেওয়ার বন্দোবস্ত আপনারা শেষ করে রেখেছেন। যদি ঐ জমি যায় তাহলে ঐ পারপাসে জমি আবার আর একজনকে দেবেন। 4C ধারা সেটাকে সংশোধন করে কিছুমাত্র ফিজ নিয়ে আপনারা এই যে character change করার ব্যবস্থা করে দিয়েছেন। জমিকে conversion করে দেওয়ার বন্দোবস্ত করেছেন। আগামী দিনে এটা একটা ভয়াবহ আকার ধারণ করবে। এই বিল আনার কথা মাননীয়া মুখ্যমন্ত্রীর। মাননীয়া মুখ্যমন্ত্রী যদি আজকে এখানে উপস্থিত থাকতেন তাহলে ভালো হত। আমি পার্থবাবুকে বলবো যে মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই কথা বলবেন, তিনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, তিনি ৯ কোটি মানুষের মুখ্যমন্ত্রী। তিনি শুধুমাত্র তৃণমূল কংগ্রেসের মুখ্যমন্ত্রী না যে তৃণমূল কংগ্রেসের কথা শুনে তিনি বিল করবেন, তিনি আইন করবেন। আজকে অনেকেই এই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে দিদি বলেন। দিদি হচ্ছে মাতৃসমা কিন্তু তিনি তো নিজেকে একটা সংখ্যার মধ্যে আবদ্ধ করে রেখেছেন। তিনি ১৮৪-র মা হয়েছেন। আমরা বলি তিনি রাজ্যের ৯ কোটি মানুষের মা হোন। তিনি ৯ কোটি মানুষের স্বার্থ রক্ষা করবার জন্য ৯ কোটি মানুষকে বাঁচাবার জন্য শুধুমাত্র স্লোগানের মাধ্যমে নয়, শুধুমাত্র ঐ কথার কথা নয় কৃষি জমি নিয়ে আমরা শিল্প করবো না সেই কথা না বলে প্রকৃত কৃষকের স্বার্থ, আগামী দিনে

পশ্চিমবাংলার ৯ কোটি মানুষের খাদ্য সুরক্ষা, খাদ্যের নিরাপত্তা সেটাকে বজায় রাখবার জন্য এটাকে নতুন করে চিন্তা করুন।

[2.30 – 2.40 p.m.]

আমি মাননীয় পার্থবাবুর কাছে আবেদন করবো যে কোনো ভেদাভেদি নয়, কোনো ইগোর প্রশ্ন নয়, আজকে এই বিলটাকে আপনারা সিলেক্ট কমিটিতে নিয়ে যান। এটা লজ্জার কিছু নয়, এর আগে ২০০৬ সালে বিগত বামফ্রন্ট সরকার তারা ঠিক এই একই রকমের বিল এই হাউসে আনবার চেষ্টা করেছিলেন। আমি তখন এই সভার সদস্য ছিলাম না। কিন্তু আমাদের দল সেই সময়ে ওই সরকারের শরিক হয়েও এই বিলের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন। তারা ওই বিধানসভার বাইরে এবং বিধানসভা ভেতরে সেই বিলের বিরুদ্ধে কথা বলেছিলেন। আমরা হয়তো অনেক ইস্যুতে আপনাদের সঙ্গে একমত হয়েছি। এক সাথে হয়তো মিছিল করিনি, এক সাথে হয়তো আন্দোলন করিনি, কিন্তু অনেক ইস্যুতে তো আপনাদের কথা আমাদের কথা এক ছিল। সেই এক ছিল বলেই ২০০৬ সালে যে বিল এসেছিল সেই বিলে আপনারা এবং আমরা উভয়ে মিলে সেই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠানোর দাবি করেছিলাম। সেদিন আপনারা সেই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যাপারে আমাদের সঙ্গে সুরে সুর মিলিয়ে বলেছিলেন। আর আজকে আবার নতুন করে সেই বিল আনবার চেষ্টা করছেন। এই দ্বিচারিতাকে বন্ধ করে এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠান। সবাই মিলে আলোচনা করে এর মধ্যে যেটা ভালো দিক আছে সেই ভালো দিকটাকে নিয়ে আগামীদিনে কৃষি এবং শিল্প যাতে এক সাথে চলে পশ্চিমবঙ্গের উন্নয়ন হয় তার ব্যবস্থা করুন এই কথা বলে আমি আমার শুভেচ্ছা এবং ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী বেচারাম মান্না : মাননীয় স্পীকার স্যার, দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যামেন্ডমেন্ট বিল, ২০১২ আজকে আমাদের এই পবিত্র বিধানসভায় উপস্থাপিত হয়েছে। আমি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করে এই বিলের সমর্থনে কয়েকটি কথা আপনাকে বলব। ঘটনা হচ্ছে আমাদের বিরোধী সদস্য যারা রয়েছেন তারা আমাদের মা-মাটি-মানুষের সরকারের ভালো কাজকে কখনোই ভালো চোখে নেন না। তার কারণ দীর্ঘ ৩৪ বছরে অনেক ভূমি সংস্কার করেছেন। বিরোধী কংগ্রেস তখন তৃণমূল কংগ্রেসের যারা সমর্থক ছিল তাদের আইনি জমিকে খাস করে দিয়ে পাট্টা দিয়েছেন। পাট্টার কাগজ দেয়নি কিন্তু দখল দিয়েছেন পেশি শক্তি দিয়ে। আরো এতো ভূমি সংস্কার করেছেন যে, ভূমি সংস্কার করার পর আজকে গিয়ে ৬২তে ঢেকেছে। আর এই আইন, ওরা ভালো আইনকে, ভালো কাজকে বারে বারে ভেন্টিলেশনের সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দমিয়ে দেবার চেষ্টা করছেন। কিন্তু আমাদের শক্তি দিয়েছেন—মা-মাটি-মানুষের শক্তি পেয়েছি আমরা এবং এই বিল নিশ্চিতভাবে গৃহীত হবে এই বিধানসভায়। এবং এই বিল গৃহীত এবং কার্যকরী হলে জনগণ পরবর্তী নির্বাচনে এই ৬২ জনের যে ক'জন আছেন সেই ক'জন বাইরের দিকে চলে যাবেন, বিধানসভার বাইরের দিকে চলে যাবেন। আমাদের সিনিয়ার একজন সদস্য মাননীয় সুভাষবাবু বললেন, তিনি খুব আতঙ্কগ্রস্ত হয়ে গেছেন। আরো কয়েকজন আমার বিরোধী

বন্ধুরা বললেন যে, কৃষি জমি নষ্ট হয়ে যাবে, খাদ্যের অভাব ঘটবে। কত ভালো ভালো কথা। মনে পড়ে না—২০০৬ সালে যখন সিঙ্গুরে তিন ফসলী জমি, চার ফসলী জমিকে নষ্ট করতে যাচ্ছেন তখন তো মনে পড়েনি ? আজকে নন্দীগ্রামে যেখানে উর্বর জমিকে নষ্ট করার জন্য উঠে-পড়ে লেগেছিলেন তখন তো মনে করেননি। আজকে লজ্জা করে আপনাদের এইসব বক্তব্য শুনছে আমাদের নতুন মেম্বাররা। আপনারা ভালো করে পড়বেন, আমি দু'দিন বিধানসভার ছুটি থাকার জন্য বিলটিকে ভালো করে পড়েছি। আপনারা ভালো করে দেখে নেবনে যে ব্যাপারে আপনারা আতঙ্কগ্রস্ত হচ্ছেন।

দুই নম্বর সংশোধনীতে রয়েছে যে, যে কোনো কৃষক সহজে তার জমি কোনো ইন্ডাস্ট্রিয়াল পার্ক এবং ইন্ডাস্ট্রিয়াল এস্টাব্লিশমেন্ট, ফুড পার্ক, বায়োটেক পার্ক করার জন্য লিজ দিতে গেলে সে মনে করলেই লিজ দিতে পারবে না। তার জন্য সরকারের অনুমোদন নিতে হবে। সেজন্য আপনারা যে ব্যাপারে আতঙ্কগ্রস্ত হচ্ছেন যে কৃষি জমি নষ্ট হয়ে যাবে, এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই। তার কারণ আমাদের মা-মাটি-মানুষের ঘোষিত নীতি দু'ফসলী, তিন ফসলী জমিকে অধিগ্রহণ করা হবে না। অনিচ্ছুক কৃষকের জমিকে অধিগ্রহণ করা হবে না। জোর করে পুলিশ দিয়ে লাঠি দিয়ে মেরে তাপসী মালিকের মতো মেয়েকে ধর্ষণ করে, জীবন্ত পুড়িয়ে, ১৪ই মার্চের সেই নন্দীগ্রামের গণহত্যা সংগঠিত করে—এই রকম দ্বারা জমি নেওয়া হবে না। সেটা দু'নম্বর সংশোধনীতে লেখা রয়েছে। আর কি রয়েছে ? তিন নম্বর সংশোধনীতে—কি রয়েছে ? আপনারা এই যে কিছুদিন ৩৪ বছর ধরে করে এসেছেন, প্রোমোটাররা কলকাতার আশপাশের জলাভূমি বুজিয়ে দিয়েছেন। অনেক মস্তানরাজ কায়েম করেছেন। অত্যন্ত বেআইনিভাবে জমির শ্রেণী চরিত্র পরিবর্তন করেছেন এবং ফাইনের ব্যবস্থা নিয়েছেন যেখানে সংশোধনী আইনের ফোর সি ধারাতে রয়েছে যে ফাইন নিয়ে, ভুল করলে ফাইন দিয়ে শ্রেণী চরিত্র পরিবর্তন করা যাবে জমির, এখানে তিন নম্বর সংশোধনীতে রয়েছে আর করা যাবে না। করা যাবে না, যেটা এতদিন করে এসেছেন প্রোমোটারদের সঙ্গে পয়সা নিয়ে, টাকা নিয়ে যে কাজটা, অপরাধটা করে এসেছেন, সেই কাজ এবার বন্ধ হবে। এই সংশোধনী বিলে, সেটা তিন নম্বর সংশোধনীতে রয়েছে, ফোর সি টু—ভালো করে দেখুন। উদয়নবাবু একটু ভালো করে দেখবেন। আর একটি হচ্ছে সংশোধনীতে সরকার যেটা বলেছেন যে আপনারা বলেছিলেন এর আগে কৃষি, শিল্প, নানান রকম স্লোগান দিয়েছিলেন। আমরা চাই যে মা-মাটি-মানুষের সরকার জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। কর্মসংস্থানের দরকার রয়েছে এবং শিল্পে এগিয়ে নিয়ে যেতে হবে। সেজন্য মা-মাটি-মানুষের সরকারের নিজস্ব কৌশল অবলম্বন করছেন। আপনাদের থেকে ধার দিতে হবে না। আপনাদের সংশোধনী প্রস্তাব গ্রহণ করা মানে আমাদের তৃণমূল কংগ্রেসের—মা-মাটি মানুষের সরকারের ক্ষতি হয়ে যাবে। সেই জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকার প্রস্তাব নিয়েছে যে ৬ নং সংশোধনীতে যেটা রয়েছে, যে এই বিলে ফ্যাক্টরী, ওয়ার্কশপ, মিল, livestock breeding farm, poultry farm, dairy, industrial park or industrial hub or industrial estate financial hub, warehousing, tea garden, agro-industry, যেটা আপনারা কোনোদিন করেননি, চিন্তাও করেননি

কোনোদিন। পাওয়ার প্ল্যান্ট, যে পাওয়ার আপনাদের সময়ে অনেক অসুবিধা হত, লোডশেডিং হত এবং ডিস্ট্রিবিউশন, ফিল্মসিটি, ট্যুরিজম, এডুকেশন, মেডিকেল ইন্সটিটিউশন, বায়োটেক পার্ক, ফুড পার্ক এবং port, airport, shipyard including ship building and ship-breaking, oil and gas products, piped transportation information and communication technology। এই যে ব্যাপারগুলো রয়েছে এগুলো আপনারা আপনাদের আমলে চিন্তা করেননি। আমাদের হুগলির ডানকুনিতে ফুড পার্ক করার জন্য প্রাক্তন মুখ্যমন্ত্রী—মারা গেছেন, মাননীয় জ্যোতি বসু মহাশয় শিলান্যাস করতে গিয়েছিলেন। এখনও জমিটা দেখবেন পড়ে রয়েছে, পড়ে রয়েছে। সেই আইনে এখানে বলছেন যে ১৪ ওয়াই সি ধারাতে যেটা বলছেন যে জমি যখনই এইসব শিল্পের জন্য অধিগ্রহণ নেওয়া হবে, সেই জায়গায় যে উদ্বৃত্ত জমি, যেটা আপনাদের আমলে হয়েছে। আমরা জানি হিন্দুস্তান মোটরে অতিরিক্ত জমিকে বিক্রি করে দেওয়া হয়েছে, কিছু করা হয়নি। সেই জায়গায় বাধার জন্য সংশোধনী আইন আজকে এই জায়গায় আসছে। যেখানে উদ্বৃত্ত জমি, বেশি জমি নিলে, আমাদের এই আইনে রয়েছে। এই আইনে আপনারা ১৪ এম ধারাতে রয়েছে যে ইরিগেটেড এলাকাতে ১৭.৩০ এবং সর্বোচ্চ রায়ত, বা নন-ইরিগেটেড এরিয়াতে রয়েছে ২৪.২২ একর জমি নিতে পারবে। এর বাকি যে জমি চাহিদামত সে নিতে পারবে কিন্তু প্রকল্প জমা দিতে হবে। সেই প্রকল্প সত্যিকারের, যেটা আপনারা করতেন না এতদিন ধরে। প্রকল্প রিপোর্ট জমা দেওয়ার পর রাজ্য সরকার চিন্তা করবে এটা বেশি, দেওয়া যায় কিনা ?

[2.40 – 2.50 p.m.]

আপনারা খুব চিৎকার করছেন, আপনারাতো প্রকল্প রিপোর্ট জমা দিতেন না। তার কারণ আপনাদের টেবিলের তলা দিয়ে লেনদেন হত। তখন যেটা হত বেশি জমি দাও, কিছুটা করল আর কিছুটা ফেলে রাখল। আবার তদন্ত করলে দেখা যাবে আপনাদের কিছু নেতার আত্মীয়-স্বজন সেই জমিতে ভাগ বসিয়েছে। সেটা এই আইনে আর করা যাবে না। অনেক নজির রয়েছে। এই যে বৈদিক ভিলেজ, আসেননি প্রাক্তন মন্ত্রী। হেলে ধরতে কেউটে যেটা মাননীয় সদস্য নির্মলবাবু বললেন। তার আমলে কি এসেছিল এই বিল। এই যে বলছেন আমাদের আমলে বিল এসেছিল। সেই বিল সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছে। আবার আনা হয়েছে। আপনাদের বিল যে এসেছিল সেই বিলের সঙ্গে এই বিলের অনেক ডিফারেন্স রয়েছে। আপনাদের বিল আমাদের দরকার পড়বে না। তার কারণ আমাদের এই বিষয়ে পরামর্শ দেওয়ার লোক অনেক রয়েছে। অতএব আপনাদের ওই বিল, এই বিলে নিতে রাজি নই। দ্বিতীয় যেটা হচ্ছে, এইসব আইন সংশোধনের মাধ্যমে আমাদের মা-মাটি-মানুষের সরকার শিল্পের অগ্রগতিকে আরো এগিয়ে নিয়ে যেতে চাইছে। যাতে কর্মসংস্থান হয় এবং আপনারা জেনে রাখবেন যে আগামী দিনে শিল্পের নতুন জোয়ার আসবে। কৃষি জমিও থাকবে, শিল্পও থাকবে। আপনারা অকারণে আতঙ্কগ্রস্ত হচ্ছেন। তাই আমি মনে করি যে আজকে এই যে বিল—আজকে বলছিলেন স্বশাসিত অঞ্চলে যেমন পৌরসভা, পঞ্চায়েত এই যে প্রতিষ্ঠানের মত, ইচ্ছা মতন জমি নেওয়া যাবে। সরকার কন্ট্রোল করছে, একান্ন শতাংশ সরকার হাতে

রাখছে আর উনপঞ্চাশ শতাংশ বেসরকারিকে দিচ্ছে। যেটা আপনাদের মাথা থেকে আসেনি। সরকারের নিয়ন্ত্রণের মধ্যে থাকবে, সেই ব্যবস্থা এই আইনের মধ্যে রয়েছে। আপনাদের বিরোধিতা হল নেত্রী বিরোধিতা, জনগণ শুনলে আরো খারাপ ভাববে আপনাদের। তাই এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Mr. Speaker Sir, The West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 যেটা এখন আলোচনা হচ্ছে, আমি প্রথমেই স্যার একটা মোশান মুভ করেছি এখানে যে, এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য। এই জন্যই যে আমাদের এই অভিজ্ঞতা আছে যখন ২০০৬ সালে আপনারা শুনলেন যে এই বিল এখানে আনা হয়েছিল অনুরূপ আমি বলব না ওতে যা ছিল এতে তাই আছে, কত মিল আছে, নেই তাতেও আমি যাচ্ছি না। কিন্তু তখন আমরা এটা বুঝেছিলাম যে এটার বহু আলোচনা দরকার এবং মতৈক্য দরকার। এতে কোনো সন্দেহ নেই যে সভ্যতার নিয়ম হচ্ছে কৃষি থেকে শিল্পের দিকে যাবে। কৃষিপ্রধান দেশ অগ্রগতি উন্নয়ন মানে এক সময় শিল্প-প্রধান দেশ হবে। কিন্তু তার কৃষি আরো উন্নত হবে। কৃষিপ্রধান দেশের চেয়ে আরো বেশি উন্নত হবে। কৃষিনির্ভর মানুষের জীবনযাত্রার মানের অনেক উন্নতি হবে। এতে কোনো সন্দেহ নেই যে উন্নয়ন, অগ্রগতি, সভ্যতার ইতিহাস হচ্ছে গ্রাম থেকে শহর। তার মানে এই নয় যে গ্রাম পিছিয়ে থাকবে। সেই গ্রাম, একটা গ্রামপ্রধান দেশের চেয়েও অনেক উন্নত গ্রাম হবে। আমরা উন্নত দেশগুলোর গ্রাম কি রকম জানি। অভিজ্ঞতা বা পড়ে শুনে যা জেনেছি যে সেগুলি আমাদের যে সমস্ত শ্রেণীর লোকরা গ্রামে যান না ওদের দেশে ঠিক উল্টো। সেখানে অনেক বেশি বিত্তবান মানুষ গ্রামে তাদের জায়গা জমি থাকার জন্য আছে। সেখানে অগ্রাধিকার দেয়, পরিকাঠামো সেই রকম উন্নত। কাজেই পরিবর্তন যেটা হবে এটার মধ্যে ভারসাম্য কি হবে এটাই হচ্ছে সমস্যা। খুব জটিল বিষয়, এত সহজ বিষয় নয়। ভারসাম্যের কোথাও সূক্ষ্মতম, ছোটখাটো একটা বিচারে ভুল থেকে যায় তাহলে সেটা বিপর্যয়কর হয়। সেই জন্য আলোচনা দরকার।

আমার কাছে আছে ২০০৬ সাল থেকে কি বিতর্ক হয়েছে এই নিয়ে, বিভিন্ন দল কি বলেছে, সিলেক্ট কমিটিতে যখন গিয়েছে, সেখানে কি মতামত ব্যক্ত হয়েছে, সেইসব আছে। এতো বড় দলিল, এটা আলোচনা করা এখানে অসম্ভব। যদি না সিলেক্ট কমিটিতে যায়, এই রকম বিষয় আলোচনা করা খুব অসম্ভব ব্যাপার। বহু বিতর্ক হয়েছে। তারা কি বলেছে, তার প্রত্যুত্তরে কি বলেছে এবং আমরা শেষ পর্যন্ত এটা বুঝেছিলাম যে, এটা এই রকম করে হবে না এবং শেষমেশ আমাদের উইথড্র করে নিতে হয়। কারণ এটা মতৈক্য করা যায়নি। ভালো, এই যে নতুন সরকার, তারা মানুষের রায়ের ভিত্তিতে এটাকে চাইছেন, আবার পরিবর্তন করতে চাইছেন, অ্যামেন্ডমেন্ট করতে চাইছেন। কিন্তু আলোচনার প্রয়োজন। কেন প্রয়োজন আমি বললাম—ওই ভারসাম্য যাতে সুরক্ষিত থাকে। আমাদের শিল্প ইত্যাদির জন্য যখন জমি লাগে, যেসবের জন্য এখানে বলা হয়েছে, দুটো রাস্তা আছে—একটা হচ্ছে জমি অধিগ্রহণ করে, আর একটা হচ্ছে যে, জমি কেউ নিজে কিনে বিভিন্ন কৃষকদের কাছ থেকে, রায়তদের কাছ থেকে জমি কিনে বা এখানে যেরকম প্রস্তাব করেছে যে লিজে নিয়ে, তারা

সেই জমি ব্যবহার করতে পারে। আর যেটা বললেন ওটা ঠিক নয়, তাকে ওটা ব্যবহার করতে হলে জমির চরিত্র পরিবর্তন করতে হবে। আমরা মনে করেছিলাম সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায় হতে হবে যে, সরকারের হস্তক্ষেপ। তার কারণ যে, সরকার যদি না থাকে তাহলে মাঝখানে যারা মধ্যস্বত্বভোগীর মতো একটা শ্রেণির সৃষ্টি হবে, যারা জমির দালালি ইত্যাদি করে জমির হাঙর, ল্যান্ড পার্ক ইত্যাদি বলা হয়, ল্যান্ড মাফিয়া ইত্যাদি বলা হয় তারা শক্তিশালী হয়ে উঠবে। কিন্তু ছোটোখাটো ব্যাপার যেখানে দরকার, সেখানে তারা নিজেরা জমিটা কিনতে পারে। এটা ছিল, আগে এই ব্যবস্থা ছিল, মূল আইনে কতগুলো ব্যবস্থা ছিল, কতগুলো ছাড় ছিল। তারপরে কতদূর যাওয়া উচিত সেটা নিয়েই হচ্ছে বিতর্কের বিষয়। এখানে যেটা প্রস্তাব করা হয়েছে, আমি খালি উদাহরণ দেওয়ার জন্য একটা বলছি। কারণ বিশদ ব্যাখ্যার এখানে অবকাশ নেই। যে ধরুন আপনি যেগুলো ছাড় দিচ্ছেন, সিলিং আইন ছাড় দিচ্ছেন এডুকেশন অ্যান্ড মেডিকেল ইন্সটিটিউশন। এটাতো একবার অ্যামেন্ডমেন্ট আমি যখন মন্ত্রী ছিলাম হয়েছে, তখন সেটা পাশ হয়েছে। পরে যেটা ২০০৬, সেটা প্রত্যাহৃত হয়েছে। কিন্তু তখন থেকে আমি শুনে আসতাম যে, এগুলো এডুকেশনাল মেডিকেল ইন্সটিটিউশনের জন্য ছাড় দিতে হবে। কেন দিতে হবে ? একটা মেডিকেল কলেজ করতে এম.সি.আই. বলত যে, ২৫ একর জমি লাগবে। আমরা বহু লড়েছি, সব রাজ্য লড়েছে। যে সিঙ্গাপুরে যদি একটা মাল্টিস্টোরিড বিল্ডিংয়ে একটা কলেজ হতে পারে, একটা বড় মাল্টিস্টোরিড বিল্ডিং, ২৩তলা, ২৪তলা বিল্ডিং। তাহলে আমাদের এখানে ২৫ একর লাগবে কেন ? সেইজন্য আমরা মেডিকেল, অন্যান্য ইন্সটিটিউশন ইত্যাদি বলিনি। এডুকেশনাল ইন্সটিটিউশনের নামে আমি নাম করতে চাই না, অন্য রাজ্যে হাজার হাজার একর জমি এডুকেশনাল ইন্সটিটিউশনের নামে এইভাবে জোগাড় করা হচ্ছে এবং সিলিং ছাড় দেওয়া হয়েছে—এগুলো খুব বিপজ্জনক। সেইজন্য কোনটা ছাড় দেবেন, কোনটা দেবেন না, কি ছিল, কেন পরিবর্তন দরকার, কি ব্যাপার—সেটা আলোচনা হওয়া দরকার এবং আমরা যদি ঐক্যমত হতে পারি, তাহলে গত পাঁচ বছর ধরে যে বিতর্ক হয়েছে, যে বিতর্কের ভিত্তিতে এই বিভাজন, সেই শিল্প, কৃষি ইত্যাদি নিয়ে যে বিতর্ক, সেইটা আমরা খানিকটা ঐক্যমতের ভিত্তিতে সেই সমস্যাটা কিভাবে আমরা সমাধান করতে চাই সেই জায়গায় আমরা পৌঁছতে পারি। তাছাড়া আপনি এখানে যে এক্সপ্ল্যানেশন দিয়েছেন—ক্লজ সিক্স, সাবক্লজ থ্রি-তে এক্সপ্ল্যানেশন ওয়ান যে, কাদের এই ছাড়টা দেওয়া হচ্ছে ? পার্সেন-পার্সেনের সংজ্ঞা কি দিচ্ছেন ? for the purpose of the section, person includes and individual তারপরে ফার্ম ইত্যাদি ইত্যাদি। আপনি ব্যক্তি ইন্ডিভিজুয়াল পার্সেনের সংজ্ঞা আপনি করে দিচ্ছেন। সে সিলিং-বহির্ভূত জমি রাখতে পারবে। সুতরাং ইন্ডিভিজুয়াল, তার মানে আবার যে জমিদারী উচ্ছেদ আইন করে, সিলিং আইন করে একজন ব্যক্তি সিলিং-এর ঊর্ধ্বে রাখতে পারবে না—এই যে মূল বিষয় ভূমি সংস্কার আইন বা সিলিং আইন, জমিদারি উচ্ছেদ ইত্যাদি আইন, অধিগ্রহণ আইন, এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট, সিলিং অ্যাক্ট—এইসব কিছুর মূল বিষয়টা সেইখানটায় এটা আঘাত করছে পার্সেন যখন ইন্ডিভিজুয়াল হিসাবে সঙ্গ দেওয়া হচ্ছে। এগুলো বিতর্ক হয়েছে, সেইজন্য আমাদের পুনর্বিবেচনা দরকার, অনেক আলোচনা দরকার।

[2.50 – 3.00 p.m.]

আর এটা কি ঠিক না কি যে কথা বলেছেন অর্থাৎ এখানে ক্লজ ৬, সাব-ক্লজ ১(বি)-র একদম নিচে আছে যে, যদি ওই সময়ের মধ্যে সে জমি ব্যবহার না করে, আগেও ছিল কিন্তু সময়টা বাড়ানো হয়েছে। তাহলে কি করতে পারে ? "Government may, by rules prescribe, acquire". ল্যাঙ্গুয়েজে একটু গোলমাল আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। সেগুলো বোধহয় অ্যাসেম্বলি সেক্রেটারিয়েটের ক্ষমতা আছে, তারা কারেকশন করে দিতে পারবে বিল পাশ হওয়ার পরে ছোটোখাটো গোলমাল যেগুলো। "acquire and hold land in excess of the ceiling area, অ্যাকুয়ার ল্যান্ড, ল্যান্ডের সম্পর্কিত কোনো আইনে যদি আপনি অ্যাকুয়ার বলেন তাহলে আবার অ্যাকুইজিশন মিন করে। It should have been that the land should vest to the state. যাই হোক আমি তার মধ্যে যাচ্ছি না। এগুলো হচ্ছে আলোচনার বিষয়। ল্যান্ডের ব্যাপার হচ্ছে টেকনিক্যাল ব্যাপার। জমির চরিত্র পরিববর্তন নিয়ে আপনি একটা করেছেন। মাননীয় মন্ত্রীকে আমি আপনার মাধ্যমে বলতে চাই, হাওড়ায় আপনি কালকে যে দু-একটা অনুষ্ঠানে গিয়েছিলেন, আমি কাগজে এবং সংবাদ মাধ্যমে দেখতে পাচ্ছি যে, সেটা জলা জমি। যেটা নিয়ে হাইকোর্ট রায় দিয়েছে, চিফ জাস্টিস, তিনি একটা কমিটি করতে বলেছেন। সেটা পূরণ করার বিরুদ্ধে সেখানে কিছু একটা আন্দোলন হচ্ছে এবং একজন স্থানীয় তৃণমূল নেতা সেখানে খুন হয়েছিলেন। সেখানে অনেক অভিযোগ উঠেছে। তারা সি.বি.আই. তদন্ত চাইছেন ইত্যাদি ইত্যাদি। ভীষণ জটিল ব্যাপার। সেটা জলা জমি, সেটা পূরণ হয়েছে কি না, সেখানে কি হয়েছে এ একটা স্টিম। কিন্তু আপনি যখন কাউকে জমি দিচ্ছেন যে ওখানে এয়ারপোর্ট করবে বলে, তখন কি আপনি বলবেন যে ওই জমির চরিত্র পরিবর্তন করতে পারবে না ? সরকার দিচ্ছে, অনুমতি দেবে। এইরকম অনেক অনেক বিষয় আছে যেটা এই দেড় ঘণ্টা আলোচনায় এই রকম একটা বিল ইন্ট্রোডিউস করে পাশ করে নিলে হয় না। এই জন্য আমরা সিলেক্ট কমিটি চেয়েছি। যদি সরকার ঐক্যমত্যের ভিত্তিতে অগ্রসর হতে চান তাহলে আমরা সহযোগিতা করব। দীর্ঘ পাঁচ বছর ধরে যে বিতর্ক হচ্ছে যতটা সম্ভব একটা ঐকমত্যের ভিত্তিতে সেই বিতর্কের অবসান ঘটানো যায়। ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে The West Bengal Land Reforms (Amendment) Bill, 2012,—Introduction, Consideration & Passing-এ সরকারি পক্ষ এবং বিরোধী দলের দলনেতা-সহ নয় জনের বক্তব্য শুনলাম। বিশেষ করে উদয়নবাবুর বক্তব্য আমি বেশি করে শুনলাম। এই কারণেই এই বিলটি ভূমি মন্ত্রীর বদলে আমি করছি। কারণ আমার অভিজ্ঞতা আছে কোনো বিলের উপরে আলোচনা করে সিলেক্ট কমিটিতে গিয়েছিল সেই খবরটা আমি মেম্বার ছিলাম, আমি খুব ভালো মত জানি। আর সেদিন আপনারা বিরোধিতা করেছিলেন কি না সেটাও অত কাগজ দেখাবেন বলেছেন বিরোধী দলনেতা, তাতেও লিপিবদ্ধ আছে। সেই সময় সম্ভবত আপনি এই বিধানসভার সদস্য হননি। আমি বিতর্কের মধ্যে দিয়ে যেতে চাই না। শিল্প

আমাদের ভবিষ্যৎ, আর কৃষি আমাদের ভিত্তি, কিন্তু শিল্প সত্যি কি আপনাদের ভবিষ্যৎ ছিল ? কোনোদিনই তা ছিল না। আপনি শুধুমাত্র কৃষকের জমি কেড়ে নিয়ে সিঙ্গুর থেকে, নন্দীগ্রাম থেকে, নেতাই থেকে ভাঙড় থেকে সর্বত্রই প্রশাসনকে কাজে লাগিয়ে, বন্দুকের দামামা বাজিয়ে আর ক্যাডার রাজকে লেলিয়ে দিয়ে কৃষককে হত্যা, ধর্ষণ, খুন সবই হয়েছে। এবং সেই পরিপ্রেক্ষিতেই এই বিলটা এসেছে। আমি প্রত্যেকেরই কিছু কিছু প্রশ্ন লিখে রেখেছি। আমি বলবার আগে বলি যে, সময় তো এগিয়ে যায়, আমরা অ্যাকুয়ার আর অ্যাকুইজিশানের সংজ্ঞা দুটো নিয়ে ভাবতে শুরু করি। আমাদের সরকারের স্পষ্ট নীতি—জমি সরকার কোনোরকমভাবেই গায়ের জোরে অধিগ্রহণ করবে না। এবং আপনারা অপেক্ষা করুন, এর জন্য আর একটা বিল তো আসছেই, আপনারা নিজেরাও জানেন এই বিলটা আনা যায়নি, আমরা সময়মতো নিশ্চয় আনব। যারা ক্ষতিপূরণ নিয়ে চিন্তিত হচ্ছেন তারাও শুনে রাখুন, নিশ্চয় সেই বিলটা আসবে, নিশ্চয় তখন ভাবা যাবে। বিষয়টা ছিল 14(Y) যে ডেফিনেশন, যে ডেফিনেশনটা নিয়ে আমরা উপেক্ষা করে একদিকে বিধানসভার সিলেক্ট কমিটি তৈরি করলাম, আর অন্যদিকে পুলিশকে দিয়ে, প্রশাসনকে লেলিয়ে দিয়ে কৃষকের জমি জোর করে তাদের ক্ষতিপূরণ না দিয়ে, গলা টিপে কেড়ে নিলেন। আমরা দুটো জায়গা জায়গায়। একটা হচ্ছে, এরকমভাবে শিল্পের নামে জমি নিয়ে তৎকালীন সরকার যাদেরকে, সেই বিনিয়োগকারীদের গলা টিপে মেরেছে তাদের, আর এখন যারা আসতে চাইছেন তারা কিভাবে আসবেন। আমি এখনও মনে করি বিরোধী দলের অনেক বিধায়কই বোধহয় ভালো করে বিলটি পড়েননি, যদি পড়তেন তাহলে দেখতেন বিল ২০০৬-এর সঙ্গে বিল ২০১২ এর যথেষ্ট রকম পার্থক্য আছে। পার্থক্যটা এই যে, সেই সময় সরকার মনে করেছিল যে সমস্ত রকম পুলিশ প্রশাসনকে দিয়ে জমি অধিগ্রহণ করবে। আমাদের প্রচুর লেখালেখি আছে, আপনারা দেখে নেবেন। সুভাষবাবু বলেছেন, হোল্ডিং সম্পর্কে জানবার চেষ্টা করেছেন। আনলিমিটেড কোয়ান্টাম হোল্ডিং-এর যে প্রশ্ন তুলেছেন সুভাষবাবু, সেখানে আমি আবারও বলছি, স্টেট গভর্নমেন্টের ডিসিশন—আমরা কেউই আসল জায়গাটার উপর যাচ্ছি না, আমি যাই পরিবর্তন করি না কেন, সেই পরিবর্তন নির্ভরশীল হচ্ছে আপনার প্রোজেক্ট রিপোর্ট, আপনি কিভাবে জমিটা নিয়েছেন, সেই জমিটা কি ? একটু আগে জলাভূমি শুনলাম, সেটারও উত্তর দেব। সেগুলো দেখবে, এবং একটা কমিটি অফ মিনিস্টার্স আছে, যার নেতৃত্বে আছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্বয়ং। আমরা তো কৃষকদের জন্য লড়ছি। আপনারা তো তাদের জন্য লড়েননি, তাদের মেরেছেন, খুন করেছেন, ধর্ষণ করেছেন, আজকে আবার উঠে পড়েছেন কৃষকদের বাঁচাতে হবে। আমরা কৃষকদের বাঁচাব, শিল্পকেও আগাব, এই নীতি নিয়েই আমরা যাচ্ছি। সুতরাং যাই আইন করিনা কেন, আমাদের লক্ষ্য হচ্ছে সেই কমিটির মধ্যে দিয়ে সেটাকে ভেট করা, সেই কমিটির মধ্যে দিয়ে সেটাকে পাশ করা এবং তারপর সেটাকে ছাড়পত্র দেওয়া। এই বিলটা পাশ হয়ে গেলেও এই দায়িত্ব আমরা ছেড়ে দিতে পারি না। সেই কারণেই আমরা বলেছি কেস টু কেস বেসিসে প্রত্যেকটা প্রজেক্টকে দেখব এবং কমিটি অফ মিনিস্টার্স মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আর একটা আশঙ্কার কথা বলেছিলেন সুভাষবাবু, তিনি প্রথম বলেছেন, সেই জন্য একটু

বেশি করে লিখতে হল। ২০০৬-এর বিলটা যদি আপনার সঙ্গে থাকে দেখে নেবেন, সেখানে ট্রান্সফারের কথা বলা ছিল। কিন্তু আমাদের বর্তমান যে বিল আজকে এই মহতী সভায় এনেছি, সেটাতে আমাদের প্রপোজাল আছে লিজের। ওনলি ইন রেসপেক্ট অফ সাম স্পেসিফিক আইটেমস। আমরা সেই আইটেমগুলো লিপিবদ্ধ করেছি, কোথায় হবে। কেননা আপনারাও যদি দেখেন, প্ল্যানিং কমিশন থেকে শুরু করে শিল্পায়নের যদি প্রসেস থাকে— জমির চরিত্রটা পরে আসবে, যদি দেখেন ডেফিনেশন, তাহলে ইন্ডাস্ট্রিয়াল হাব বলে আমরা জানতাম না, সিক্সটিসে কি জানতাম ইন্ডাস্ট্রিয়াল হাব কাকে বলে ?

[3.00 – 3.10 p.m.]

ফাইনান্সিয়াল হাব কাকে বলে আমরা কি জানতাম ? তথ্য প্রযুক্তি পার্ক কাকে বলে আমরা কি জানতাম ? ফুড প্রসেসিং পার্ক কাকে বলে আমরা কি জানতাম, যখন এই আইনটা প্রথম তৈরি হয়েছিল ? তাই সময়ের সাথে সাথে এই ডেফিনেশনগুলিকে চেঞ্জ করা এবং কৃষকের স্বার্থকে অক্ষুণ্ণ রেখেই শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়াই হল আমাদের লক্ষ্য। সুতরাং সেই কারণেই আপনার ওটা ট্রান্সফারটা নয়, আমরা এটা লিজের কথা বলেছি। আর একটি আশঙ্কাও আপনি প্রকাশ করেছেন যে, আপার লিমিট মানে কত নিয়ে চলে যাবে। সেই কারণেই আপনাকে সেকশন (২)-র প্যারা (২)-এর শেষ দুটি লাইন পড়বার জন্য অনুরোধ করছি। সেই সিদ্ধান্তটা গ্রহণ করবে কেন্দ্রীয় কমিটি অফ মিনিস্টারস আছেন ক্যাবিনেটের, তারা এটাকে ঠিক করবে। আপনার যেমন উদ্বেগ আছে আমাদেরও আছে। কেন না আপনাদের সরকারের দ্বারা প্রতারিত এবং অত্যাচারিত হয়েছিল যে কৃষক সমাজ যাদের পাশে দাঁড়িয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেস-সহ আমাদের সব সহযোগীরা তারা কিন্তু এই জিনিসটাকে মেনে নেবে না এবং মেনে নেবে না বলেই মমতা বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে আমরা এই সিদ্ধান্ত গ্রহণ করবার জন্য এগোব। দ্বিতীয় ব্যাপারে আসছি। মিঃ দেবপ্রসাদ রায় অত্যন্ত সুবক্তা। কিন্তু ওঁনাকে যতই আমি দেখি ততই ভাবি যে এতবড় একটা প্রতিভাধর মানুষ শুধুমাত্র জলপাইগুড়িতে আটকে আছে কেন ? একটা দিল্লি যাওয়া লোক, এত সুন্দর লোক তিনি শুধুমাত্র জলপাইগুড়ি আর চা বাগানের একটা অংশ নিয়ে কথা বলবেন কেন ? হাজার হাজার চা বাগান নিয়েও তো কথা বলতে পারতেন। আমি সেইখানেই বলছি যে আপনার যেটা অ্যাকোয়ার অ্যান্ড অ্যাকুজিশন— সেখানে আমরা বলি 'Raiat has been permitted to lease out the land for industrial estate, hubs, parks, food parks.

শ্রী দেবপ্রসাদ রায় : আপনি -প্যারা টু-তে দেখবেন অ্যাকোয়ার আছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি দেখলাম তো। আমি তো দেখেছি। আমি দেখেই বলছি। আপনিও বলেছেন এবং আরও একজন সদস্যও ওই একই কথা বলেছেন। এরপরে আপনি যদি দেখেন যে, 'what acquire is already in the Act which means acquired by purchase because the WBLRA Act is not the Land Acquisition Act. where actually the land is acquired by applying

the provisions of the law prescribed therein. The lease is permitted only in specific purpose. আমি আবারও বলছি এই মহতী সভায় দাঁড়িয়ে যে রাজ্যের মন্ত্রীসভা যে বিলটি এখানে এনেছেন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তার মূল উদ্দেশ্য হচ্ছে যে আমরা কোনো অবস্থাতেই গায়ের জোরে জমি দখল করতে দেব না এবং আপনি যে প্রশ্নটি তুলেছেন সেই প্রশ্নের আমি উত্তর দিয়ে বলছি এটা ট্রান্সফার হবে না। এটা লিজ আউট হবে এবং সেক্ষেত্রেও লিজ হবে স্পেসিফিক যে জায়গাগুলি যে আইটেমগুলির কথা বলেছি সেক্ষেত্রে। এরপরে আসছি তরুণ নস্করের বক্তব্যে। তরুণ নস্কর অনেকক্ষণ ধরে ৪(সি)-র কথা বলছিলেন। সুপ্রিম কোর্টে আমি যতদূর জানি আপনি তো আমাকে অ্যাক্টের একটি কপি দেননি। আমি আমার যতটুকু স্মরণ শক্তি তার উপরে দাঁড়িয়ে বলছি সেকশন। Section 4, 4 is under challenge mainly on the ground of payment of compensation as payable for vesting due to violation of provision provided therein and such compensation is under Section 14V where the compensation matter has been provided. সুতরাং সুপ্রিম কোর্টের যেটা আপনি রেফারেন্স টেনেছেন খুব সম্ভবত সেই রেফারেন্সটা এখানে লাগে না লাগু হয় না। তবু আপনার যদি কোনো সংশয় থাকে আপনি তার কপি দিয়ে আমার কাছে পাঠিয়ে দেবেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর কি একটু সময় বেশি লাগবে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : একটু সময় বেশি লাগবে, কেননা অনেকগুলো উত্তর দিতে হবে তো।

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি ৫ মিনিট বাড়িয়ে দিলাম।

শ্রী পার্থ চ্যাটার্জী : যেগুলো কমন উত্তর আমি আর দিচ্ছি না। আর এটাও আপনাকে জানাই ডঃ নস্কর যে, ৪(সি)-তে যেটা বলা আছে, সেটা কিন্তু অনেকেই এখানে বলেছেন, সূর্যবাবু নিজেও বলেছেন, সেটা হচ্ছে ওয়ান টাইম। এটা একটা ব্ল্যাঙ্কেট নয় যে ছেড়ে দেওয়া হল। এটা ৪(সি)-তে কনভার্সন হল, না নয়। আমরা কৃতকর্মটাকে একটু সংশোধন করছি—যে পাপের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে আমাদের, যে পাপটা করে গেছেন আগের সরকার। আমরা নতুন করে কাউকে বলছি না। যে জায়গাগুলো তৈরি হয়ে গেছে, সেগুলোর মধ্যে ইললিগাল যেগুলো ছিল, যেগুলো আইনানুগ করতে গেলে অর্থনৈতিক যা প্রভিশনস্ থাকবে, সেই প্রভিশনস্ অনুযায়ী তাদেরকে অ্যাপ্লাই করতে হবে এবং তাকে রেগুলারাইজ করতে হবে। For a one time. It's not for repetation. ৪(সি)-তে কোনো রিপিটেশনের কথা বলিনি, ওয়ান টাইমের কথা বলেছি। আর আমাদের বেচারাম মান্না এবং কালীপদ মণ্ডল যে কথাগুলো আপনাদের শুনিয়েছেন বা বলেছেন, আমি আপনাদের শুধুমাত্র এইটুকু আশ্বস্ত করতে চাই যে, এই বিলটি অত্যন্ত সংবেদনশীল বিল এবং আমাদের যেহেতু অভিজ্ঞতা আছে, আমরা কৃষকের পাশে দাঁড়িয়ে আন্দোলন করেছি। আমরা শিল্পের সঙ্গে—যারা শিল্পের বিরুদ্ধে আমাদেরকে চিহ্নিত করতে চেয়েছিলেন, তাদের কাছে গিয়েও বলেছি, আমরা শিল্পের বিরুদ্ধে নই। কিন্তু বহু ফসলি জমি, কৃষককে মেরে

শিল্পকে এগিয়ে নিয়ে যেতে চাই না। আমরা শিল্পের জমিতে শিল্প চাই, কৃষির জমিতে কৃষি চাই। অনেক খাদ্য আন্দোলন, অনেকের কথা বলেছিলেন। আমাদের তো মনে হয়না, এখনো পর্যন্ত ৫ জনের পঞ্চপ্রদীপ জ্বালাতে হয়েছে উদয়নবাবুদের। সেটাও বোধহয় আমার স্মরণে আছে, আমি গিয়েছিলাম। তো খাদ্য আন্দোলনের কথা নাই বা বললেন, আমি শুধু বলি যে, যাতে কৃষকরাও থাক, শিল্পও যাতে থাকে সেই জন্যই এই বিলটা আনা হয়েছে। অনেক সময় নষ্ট হয়েছে। আমি যদি ১৯৯১ থেকেও ধরি, তাহলেও দেখুন কত বছর আমরা নষ্ট করেছি। শুধুমাত্র শিল্প হবে, শিল্প হবে এই ভেবে। শিল্পের জমি এখানে পর্যাপ্ত পরিমাণে আছে। সেগুলো যাতে শিল্পের নাম করে উচ্চ অট্টালিকার জঞ্জাল তৈরি না হয়, তার দিকে আমাদের নজর আছে এবং আমরা চাই যে, শিল্পের জমিতে শিল্প হোক এবং সেই কারণেই আমরা একদিকে যা পুরোনো ছিল, সেগুলোকে মিটিয়ে দিতে চাই, আর নতুন যারা আসতে চান, তারা কিনে আনবেন এবং কেনার সময় আমরা দেখে নিতে চাই তারা কোন জমি কিনছেন। তারপরে তাদের প্রোজেক্ট রিপোর্ট, ডি.পি.আর. তিন বছরের মধ্যে দেওয়া, কতটাকা ইনভেস্টমেন্ট, কত কর্মসংস্থান—এই সমস্ত কিছু নিয়ে যখন তারা জমা দেবেন, তখন ওই কমিটি অফ মিনিস্টার্স মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তার সিদ্ধান্ত নেবেন। আমরা শুধু অনুমোদন চাইছি এই হাউসের, যাতে কৃষিও বাঁচে, শিল্পও বাঁচে, কর্মসংস্থানও সৃষ্টি হয়। তার জন্য এই সভা আমাদের এই বিলকে গ্রহণ করুক।

মিঃ স্পীকার : Now the question before the House is the motion of Dr. Surjya Kanta Mishra for reference of the Bill to a Select Committee. As many as are of the same opinion will please say 'Aye'; as many as are of the contrary opinion will please say 'No'.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমরা ডিভিশন চাই।

The motion of Dr. Surjya kanta Mishra that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 be referred to a Select Committee of the House was then put and a division taken with the following results :

Ayes being 46 and the Noes 152

The motion is lost.

Mr. Speaker : I now put to vote the motion of Shri Partha Chatterjee that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 be taken into consideration.

As many as are of that opinion please say AYE

As many as are of the contrary opinion please say No

Ayes have it. Ayes have it.

[3.10 – 3.20 p.m.]

Clauses 2-7

There is no amendment to Clauses 2 to 7. So I put Clauses 2 to 7 do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

Clauses 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put clause 1, Enacting Formula, the Preamble and the Title do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for passing of the Bill.

Shri Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : Now I put to vote the motion of Shri Partha Chatterjee that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

The Bill is passed.

[3.20 – 3.40 p.m.]

LAYING OF REPORT AND ACCOUNTS

Shri Partha Chatterjee : Sir I beg to lay the Annual Report and Accounts of the West Bengal Tea Development Corporation Limited for the year 2008-2009.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অনুমতি নিয়ে, আমাদের মাননীয় আইনমন্ত্রী তাঁকে একটু জরুরি কাজে চলে যেতে হবে। তিনি আবার চলে আসবেন একটু পরে। সুতরাং West Bengal Advocates Welfare Corporation Bill যেটা সিরিয়াল নম্বর ফোর-এ আছে, ওটাকে আমি সিরিয়াল নম্বর ফাইভ-এ নামিয়ে দিচ্ছি। আর West Bengal Minorities Commission Amendment bill, 2012 এটা আমরা সিরিয়াল নম্বর ফোর-এ করবো। আপনারা যদি অনুমতি দেন তাহলে আমি এটা করে নিচ্ছি।

(Voices, হ্যাঁ)

মিঃ স্পীকার : ঠিক আছে, ধন্যবাদ।

LEGISLATION

The West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012

Dr. Amit Mitra : Sir, I beg to introduce the West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Sir I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012 be taken into consideration.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে পশ্চিমবঙ্গ উপযোজন অতিরিক্ত ব্যয়, ২০০৩-২০০৪, ২০০৪-২০০৫, ২০০৫-২০০৬ বিধেয়ক, ২০১২ যে উথাপন করেছেন সেই নিয়ে দু'চারটি কথা আমি বলতে চাই। এর আগে এই বিল পেশ হওয়ার আগেই গত ২১শে ডিসেম্বর Public Accounts Committee-র চেয়ারম্যান আনিসুর রহমান সাহেব তিনি একটা report রেখেছিলেন। এবং তাতে তিনি বলেছিলেন, সেই report-র মধ্যেই ছিল যে, ১৬(৩) পয়েন্টস-এ এবং ১৭(২৭) পয়েন্টস দিয়ে পরপর গোটা বিষয়টিকে নিয়ে এই ধরনের অর্থনৈতিক যে পদ্ধতি যেটা মানা দরকার সেই নিয়ে আগামীদিনে কি করা উচিত সেটা তিনি বিস্তারিতভাবে বলেছিলেন। এবং সেই report-র মধ্যে দেওয়া রয়েছে। আমি এই প্রশ্নে অতিরিক্তভাবে যেতে চাইছি না। তবে আমার যেটা বলার যে, সরকার এটা বড় কঠিন বস্তু, এটা প্রত্যেকেই জানেন। এবং এই ধরুন যারা—এখন যারা সরকারে রয়েছেন, তারা যখন যে শপথ নিয়েছিলেন, মন্ত্রী হয়েছিলেন, তখন কেমন উত্তমকুমারের মতো মন্ত্রী হয়েছিলেন। এবার তারপরে, যেমন ঠিক সেই বনগাঁ-শিয়ালদা লোকাল ট্রেন, চাপলেন উত্তমকুমারের বেশে। আর ঠ্যালাঠেলি ঠ্যালাঠেলি করতে করতে যখন ভেতরে ঢুকছেন তখন আসতে আসতে দেখবেন নিজেই কেমন করে আসতে আসতে বামাখ্যাপা হয়ে যাচ্ছেন। ওনাদেরকে জিজ্ঞাসা

করে দেখুন স্যার, যারা ওখানে রয়েছেন, কিরকম আসতে আসতে ধীরে ধীরে বামাখ্যাপার মত হয়ে যাচ্ছেন। চারিদিকেই ঘটনা, নানারকম ঘটনা ঘটছে। শিশুমৃত্যু, আগুন, খুন-জখম, নানারকম ঘটনা ঘটছে এবং তারফলে এরকম হয়ে যাচ্ছে। এখন ঘটনা হচ্ছে যেটা যে, এই সমস্তর পরিপ্রেক্ষিতে যেটা আমার মনে হয়েছে যে, এই ধরনের ঘটনা যেগুলো ঘটছে, এবং এক্ষেত্রে এই ধরনের ঘটনাতে Finance Department-এর কি ভূমিকা সেটা বিস্তারিত এর মধ্যে বলা রয়েছে। আমি বিলের মধ্যেই বলছি স্যার। Finance Department-এর ভূমিকা সম্বন্ধে বিস্তারিতভাবে যে Public Accounts Committee তার রিপোর্টের মধ্যে বিস্তারিতভাবে বলা রয়েছে। এবং এখানে এই সম্বন্ধে আরো বিশেষভাবে বলতে পারবেন, যারা এখানে রয়েছেন, মাননীয় মণীশ গুপ্ত রয়েছেন, এখানে মাননীয় রচপাল সিং সাহেব রয়েছেন, এখানে মাননীয় সুলতান সিং সাহেব রয়েছেন, এখানে মাননীয় সুখবিলাস বর্মা সাহেব রয়েছেন, এরা তো সবাই যারা রয়েছেন, আমার যেটা মনে হয়েছে, যে শরৎচন্দ্রের টগর বোষ্টমীর একেবারে আধুনিক পেপার ব্যাক সংস্করণ এরা সব রয়েছেন এখানে। আর এদের যে ওল্ড সংস্করণ তারা রাইটার্সে ২০০ বছর ধরে বসে রয়েছেন। এদের পুরনো সংস্করণকে রাইটার্সের প্রত্যেকটি জানলা, দরজা, ঘুলঘুলি প্রত্যেকটি ফাইল তার সমস্ত কিছুর মধ্যে এদেরকে খুঁজে পাওয়া যাবে। মাননীয় অর্থমন্ত্রী চাক্ষুষমান, তিনি বলেছেন, যে আগামীদিনে যাতে হচ্ছে যে এই ধরনের অর্থনৈতিক যে সমস্ত নিয়ম-কানুনগুলো রয়েছে, সেগুলোকে সঠিকভাবে নিয়ে আসা যাবে এবং প্রত্যেকটি বিষয়কে ঠিক মতন করা যাবে, এটা উনি বলেছেন। এবং আমরা এই অপেক্ষাতেই রইলাম, যে আগামীদিনে নিশ্চিভাবেই এই ধরনের যে সমস্ত ঘটনাগুলো যেগুলো থাকবে, সেগুলোকে যারা রয়েছেন এই সমস্ত আমলাতন্ত্র বিশেষ করে হচ্ছে যে ফিনান্স ডিপার্টমেন্ট এর তারা হচ্ছে সরকারের নজরে নিয়ে আসবেন এবং সময়ে সময়ে সেটাকে হচ্ছে অ্যাপ্রোপ্রিয়েশন করবেন, এই বলে আমি ধন্যবাদ জানিয়ে আমার বলা শেষ করলাম।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন, এক্সেস এক্সপেন্ডিচারের উপরে, ২০০৩-০৪, ২০০৪-০৫, ২০০৫-০৬। স্যার, আমার বক্তব্য এটাই যে, বিগত দিনের সরকার এই যে এক্সেস এক্সপেন্ডিচার করেছেন, ২০০৩-০৪ থেকে সেই নোটিশটা আসে বিধানসভায় পি এ কমিটির কাছে, ২০১০ সালের পর। অর্থাৎ একটা সরকার, সংবিধানের ২০৪ এবং ২০৫ ধারাকে অবজ্ঞা করেছেন, অমান্য করেছেন এবং ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল রুলস ৩৮৪ এবং ৩৮৫ দুটোকেই অবজ্ঞা করেছেন। এবং যে এক্সেস এক্সপেন্ডিচার রয়েছে তার রিফ্লেকশন তার পরবর্তী বছরের বাজেটে কোথাও দেখানো যায়নি। আমি যে বারবার বলেছি, এখানে অর্থমন্ত্রী তিনি প্রাক্তন অর্থমন্ত্রী ছিলেন, হি ওয়াজ এ জাগলার অফ স্ট্যাটিসটিক্স। সেখান থেকে আমি বলতে চাই, যে বারবার করে ২০০৩-০৪ সাল থেকে প্রত্যেক বছরে বাজেট প্লেস হয়েছে, সাপ্লিমেন্টারি বাজেট প্লেস হয়েছে, কিন্তু তার মধ্যে এই টাকার কোনো হিসাব, কোনো জায়গায় দেখানো হয়নি। এমনি করে পুঞ্জীভূত হতে হতে যে তিন বছরের জন্য এনেছেন, অর্থমন্ত্রী অ্যাপ্রোপ্রিয়েশন ওনার কোনো উপায় নেই। সাংবিধানিক বাধ্যবাধকতা

তাই, ওনাকে এটা অ্যাপ্রোপ্রিয়েট করতেই হবে, এটাকে মেনে নিতেই হবে। কিন্তু যে কারণের জন্য অর্থদপ্তর, উনি অর্থদপ্তরে আছেন, একটু আগে, আমার আগের বক্তা বলছিলেন, আমি তার সঙ্গে দ্বিমত করছি না এই জায়গাতে, যে অর্থদপ্তরের অফিসাররা যাদের দায়িত্ব ছিল, এইটাকে সময় মতন এ.জি.-তে পাঠিয়ে দেওয়া এবং একই সঙ্গে তার পরবর্তী বছরে অ্যাপ্রোপ্রিয়েশন যখন হবে, এক্সেস এক্সপেন্ডিচার, তার সঙ্গে এটা পি.এ. কমিটিতে পাঠিয়ে দেওয়া অর্থ দপ্তর কোনোদিন এগুলো পাঠাতেন না। কিন্তু তিনি অর্থমন্ত্রী আছেন, তার তো সুপারভিশন থাকবে, তার তো নিশ্চয়ই এটার নজরদারি থাকবে, এই এক্সেস এক্সপেন্ডিচার হচ্ছে, যেটার রিফ্লেকশন হচ্ছে না বাজেটের মধ্যে, সেটা কেমনভাবে এটাকে অনুমোদন করবে বিধানসভা, এই বিধানসভা হচ্ছে শেষ জায়গা, যেখানে সমস্ত হিসাবকে অনুমোদন করে নিতে হয়। আমরা অবাক হয়ে যাচ্ছি, সেই ২০০৩ সালের হিসাব আজকে এসেছে বিধানসভায় তাও যদি অমিতবাবু উদ্যোগ না নিতেন, আমাদের অর্থমন্ত্রী উদ্যোগ না নিতেন, আরো কতদিন যে এটা চলত, আমরা জানি না। এখানে তিন বছরের মাত্র বলা আছে যে, ১৪,৮৩২ কোটি ৭২ লক্ষ টাকা। আপনি অনুমোদন চেয়েছেন। কিন্তু এটা অরিজিন্যালি ছিল ১৫,৭৫১ কোটি ৭৯ লক্ষ টাকা। অবাক কান্ড। এর মধ্যে আবার পি.এ. কমিটি বলছে যে, ৯২৯ কোটি ৮ লক্ষ ৮৯ হাজার ৬৪৩ কোটি টাকা যেটা দিয়েছিল ফিনান্স ডিপার্টমেন্ট, পাঠিয়েছিল, সেটা আবার ভুল করে পাঠিয়েছিল। এটা হচ্ছে বুকস অফ অ্যাকাউন্টস-এর অ্যাডজাস্টমেন্টের ব্যাপার ছিল। সেটা পাঠাবার কোনো প্রয়োজন নেই। তাহলে অর্থদপ্তরের যোগ্যতা নিয়ে এবং প্রাক্তন অর্থমন্ত্রী এবং সরকার তাদের সদিচ্ছা নিয়ে যথেষ্ট প্রশ্ন উঠতে পারে এই বিধানসভায়। যে বিধানসভাকে সম্পূর্ণ পাস কাটিয়ে একটা সরকার, বছরের পর বছর, আমি তো বলছি আপনাদের কাছে যে, ২০১০-১১ পর্যন্ত এই সরকার, যারা ছিলেন, তারা ৪০ হাজার ৭৩০ কোটি ১৬ লক্ষ টাকা এইভাবে এক্সেস এক্সপেন্ডিচার করে গেছেন। আমি জানি, মাননীয় অর্থমন্ত্রীকে এর পরের বছরগুলোতে আসতে হবে। সেই জায়গায় দাঁড়িয়ে যাতে এই ধরনের অসঙ্গতি—এই ধরনের এক্সেস এক্সপেন্ডিচার হতে পারে, এক্সেস এক্সপেন্ডিচারের কথা সংবিধানে বলা আছে যে হতে পারে—কিন্তু হলে কি হবে। হলে তার পরবর্তী বছরে সেইটা কেন হল তার এক্সপ্ল্যানেটরি নোট দিয়ে সেটা এ.জি.-তে পাঠিয়ে দিতে হবে। এ.জি. ক্লারিফাই করলে সেটা আসবে পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে। পাবলিক অ্যাকাউন্টস কমিটি অ্যাপ্রুভ করলে সেটা যাবে ফিনান্স ডিপার্টমেন্টে। এবং পরবর্তীকালে বিধানসভা থেকে অনুমোদন নিতে হবে। অর্থাৎ এর আগে যে সরকার ছিল তারা কোনোদিনই—যেহেতু তারা এখানে বসে—সূর্য্যবাবু আছেন, আনিসুর রহমান সাহেব আছেন—এরা অনেক কথা বলছেন, কোথায় আমরা বেআইনি করে ফেলছি, কোথায় আমরা অন্যায় করে ফেলছি, নানা বিষয়ে পয়েন্ট আউট করার চেষ্টা করছেন। এটা তো আপনি আচরি ধর্ম পরেরে শিখায়। যে সরকার বছরের পর বছর ভুল করে গেছেন, অন্যায় করে গেছেন, বিধানসভাকে অবজ্ঞা করে গেছেন, সংবিধানের প্রতি বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছেন, রুলসের প্রতি, ফিনান্সের রুলসগুলোকে মেনে চলেননি, তাদের অন্ততপক্ষে এই নৈতিকতার জায়গাটা বলার শোভা পায় না। তারা শুধু

বলতে পারেন যে আমরা ভুল করেছি, আপনারা ভুল করবেন না, এইটুকু বলতে পারেন। কিন্তু এখানে বসে বা অন্যান্য কমিটির মধ্যে বসেও যে কথাগুলো বলছেন। পরিশেষে একটাইকথা বলব, আমরা পি.এ.সি. কমিটির মেম্বার, যে রিপোর্ট আমাদের এখানে পেশ করা হয়েছে, এই পেশ করা রিপোর্টেই ফিনান্স ডিপার্টমেন্টের প্রতি এবং সরকারের প্রতি তীব্র ভাষায় সমালোচনা করা হয়েছে যে তারা কেন এই ধরনের ভুল করলেন। উপায় নেই, এই টাকাকে অনুমোদন দিতেই হবে। আমি সবাইকে এই টাকার অনুমোদন দেওয়ার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ **সুখবিলাস বর্মা** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা একটা কনস্টিটিউশনাল রিকোয়্যারমেন্ট। সুতরাং অনুমোদন আমাদের করতেই হবে। বিরোধীপক্ষে যারা আছেন, তাদেরকেও করতে হবে, সবাইকে করতেই হবে। তবে বিরোধীপক্ষ থেকে মাননীয় সদস্য মিঃ চ্যাটার্জী যে কথাগুলো বললেন আমাদের উদ্দেশ্য করে, সেই জন্য এখানে আমার বোধহয় ডিউটি, বলা যে এটা শুধু ফিনান্স ডিপার্টমেন্টের ব্যাপারটা নয়। আসলে ব্যাপারটা খুব জটিল। যেহেতু নিজে ডিল করেছি, জানি। এই রিপোর্টটা পড়ার পরে কনসার্ন ডিপার্টমেন্টসে পাঠাতে হয়। তাদেরকে বলতে হয় যে কেন ঘটেছে। এবং যেটা আমরা এই মেমোরান্ডাম, এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডাম দেখি। এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডামে যে কথাগুলো থাকে যে এটা এই এই কারণে ঘটেছে, আমরা দেখছি অধিকাংশ ক্ষেত্রেই ঘটেছে ওয়েজ অ্যান্ড মিনস্ অ্যাডভান্স ফ্রম আর.বি.আই। এই ক্ষেত্রে আমরা একটা টেন্ডেন্সি দেখেছি আগের সরকারের যে প্রথমে ওই অংকটাকে এস্টিমেটে কম করে ধরা। আবার রিভাইজড এস্টিমেট যখন আসে তখনও কিছু কম করে ধরা। ফলে যখন ৩১শে মার্চ, তখন এটা একটা বড় অংক, এক্সেস এক্সপেন্ডিচার হিসাবে হয়ে যাচ্ছে। অনেক অংকই আছে মিস-নোটিং, মিস-বুকিং বলে করা আছে। দেখুন, এতকিছু করা সত্ত্বেও এতদিন ধরে বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে বারবার করে লিখতে হয় যে তোমরা পাঠাও, কেন হয়েছে, কেন হয়েছে। তা সত্ত্বেও কিন্তু প্রপারলি করতে পারা যায়নি আমরা যা দেখতে পাচ্ছি। ইন ফ্যাক্ট একটি ক্ষেত্রে এখানে আছে, আমাদের একজন মাননীয় সদস্যও বলেছেন যে এটা কেন্দু পাতা ব্যবহার করার জন্য, কেনার জন্য বলা হয়েছে। কিন্তু আমরা যদি ব্লু-বুকে যাই তাহলে দেখা যাচ্ছে সেটা কেন্দু পাতা নয়। এমনি করে নানা ধরনের সমস্যা রয়েছে। কাজেই ফিনান্স ডিপার্টমেন্ট একক নয়, এটা সমস্ত ডিপার্টমেন্টে, যদি অ্যাডমিনিস্ট্রেশনটা চাঙ্গা না হয়, টাইট না হয়, অ্যাডমিনিস্ট্রেশনে যদি একেবারে যে যে উত্তরগুলি যে যে সময়ে আসার কথা সেই সময় না আসে তাহলে এইসব ঘটনা ঘটতে বাধ্য। আমি সেই ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রীকে অবশ্যই অনুরোধ করবো যে তিনি যেন উদ্যোগ নিয়ে সব ডিপার্টমেন্টের সেক্রেটারিদেরকে বা মাননীয় মন্ত্রিমহোদয়কে এই ব্যাপারে একটু সজাগ করেন যাতে ২০০৭-০৮ এখনও বাকি আছে, ২০০৮-০৯, ২০০৯-১০ এগুলো আরো কতদিনে হবে আমি জানি না, এই রিকোয়্যারমেন্টগুলো, কনস্টিটিউশনাল রিকোয়্যারমেন্টগুলোয় যাতে আমরা তাড়াতাড়ি এই অবলিগেশন মিট করতে পারি, সেইজন্য বোধহয় উদ্যোগ নেওয়া দরকার। এই কয়েকটি কথা বলে যে বিল এসেছে তাকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3.40 – 3.50 p.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal Appropriation (Excess Expenditure, 2003-2004, 2004-2005 and 2005-2006) Bill, 2012 যেটা এসেছে তাকে সমর্থন জানিয়ে খুব সংক্ষেপে কয়েকটি কথা এখানে বলতে চাই। প্রথম কথা হচ্ছে, আমাদের যে ব্যবস্থা এখন আছে সেই ব্যবস্থার মধ্যে কতগুলো পদ্ধতি আছে সেটা আমাদের সকলের জানা।। প্রথম পর্যায়ে বাজেটে আমাদের টাকা-পয়সা অনুমোদন দিতে হয় এই কারণে আমাদের সরকারের মোট টাকাটা একটা কনসোলিডেট ফান্ড। এটা বিচ্ছিন্ন, বিচ্ছিন্ন কোনো অংশ নয়। আমাদের আরও একটা নিয়ম আছে বিধানসভার অনুমোদন ছাড়া কোনো টাকা-পয়সা খরচ করা যায় না। কিন্তু এই যে বিধানসভার অনুমোদন নিতে হবে তার তিনটি ধাপ আছে। সাধারণত বাজেটে একটা অনুমোদন নেওয়া হয়, এটাই হচ্ছে একটা বড় কাজ। চেষ্টা করা হয় একশো ভাগ, যাতে আমার বাজেট মত অনুমোদন নিতে পারি। কিন্তু বাস্তব সমস্যা হচ্ছে কাজ করতে গিয়ে কিছু বাড়তি খরচ হতেই পারে, সেই জন্য সাপ্লিমেন্টারি গ্র্যান্টের একটা ব্যবস্থা আছে। এমনও হতে পারে এটা করার পরেও শেষদিকে এমন ঘটনা ঘটল যার জন্য আরও কিছু অতিরিক্ত ব্যয় করতে হচ্ছে। সেটা করতেই হয়। কিন্তু সেটারও সময়মত অনুমোদন নিতে হয়। কিন্তু দুর্ভাগ্যবশত এই সময়টাই এই অনুমোদনগুলো নেওয়ার যে দরকার ছিল সেটা ঠিকমত নেওয়া হয়নি, এটা একটা বড় ত্রুটি, বড় ঘাটতি বলতে পারেন। একটা কথা আমরা বারেবারে বলি, আইনে যেহেতু সমস্যা হতে পারে বলেই সব রকম প্রভিশন আছে, হওয়াটা দোষের কিছু নয়। দোষের হচ্ছে একটাই, একটা গভর্নমেন্টের এফিসিয়েন্সি নির্ভর করে এই পরিমাণটা কত কমবে তার উপরে। এটা একশো শতাংশ দূর করা যাবে না, কখনোই এটা জিরো হবে না। কিন্তু যত কমানো যাবে তত বোঝা যাবে গভর্নমেন্টের এফিসিয়েন্সি বাড়ছে। দেখবেন এই তিন বছর সময়ে মোট টাকার পরিমাণ যেটা বলা আছে তা হচ্ছে প্রায় ১৫,৭৫৪ কোটি টাকার উপরে। এর মধ্যে দেখবেন প্রথম বছরে প্রায় ১০ হাজার কোটি টাকার উপরে আছে যেটা চার্জের মধ্যে পড়ে, যেটা RBI থেকে ঋণ নিতে হয়েছে বেতন ভাতা দেওয়ার জন্য, এটা আপনারা সবাই জানেন। এটা বাদ দিলে যেটুকু থাকে সেটা হচ্ছে প্রায় ৫১২ কোটি টাকার কাছাকাছি, এটা আমাদের অতিরিক্ত হয়েছে। এটা কেন হচ্ছে ? এটা একটা গভর্নমেন্টের দুর্বলতা। সময়মত যদি ব্যবস্থা নেওয়া হত তাহলে এতখানি হত না। কিন্তু হয়েছে। হল কেন ? পরশুদিন এ.জি.-র একটা রিপোর্ট আপনারা পেয়েছেন। তাতে দেখবেন ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের কথা উল্লেখ করা হয়েছে। এই রিপোর্টটা পাওয়ার পরে যাবে ওই ডিপার্টমেন্টে, তারা আবার একটা উত্তর দেবেন। সেই উত্তর দেওয়ার পরে আবার কমিটির কাছে আসবে। সেই উত্তরে কমিটি যদি স্যাটিসফায়েড না হয় তাহলে কমিটি আবার অফিসারদের ডাকবে। তারপরে যদি স্যাটিসফায়েড না হয় আবার আলোচনা করবে। তারপরে যা ব্যবস্থা নেওয়ার সেটা নেওয়া হবে, সেটা আপনারা সকলেই জানেন। কিন্তু মুশকিল হচ্ছে, অনেক সময় অফিসাররা ঠিকমত রিপোর্টগুলো পাঠায় না, উত্তরগুলো পাঠায় না। যার ফলে অনেক দেরি হয়ে যায়, সমস্যাগুলো তৈরি হয়। ঘাটতিগুলো হয়। আর

এখানে সব থেকে বড় ভূমিকা হচ্ছে অর্থ দপ্তরের। আমাদের এটা কমাবার জন্য একটা contingency ফান্ড রাখা আছে। যদি এমন হয় জরুরি কারণে কিছু টাকা খরচ করতে হবে, উপায় নেই। তার জন্য ২০ কোটি টাকার একটা কন্টিনজেন্সি ফান্ড রাখা আছে। কিন্তু অনেক সময় দেখা গেল সেই টাকা নেওয়া হল না, অথচ একসেস এক্সপেন্ডিচার হয়ে গেল। অনুমোদন দিচ্ছে কে ? অনুমোদন দিচ্ছে অর্থ দপ্তর। অনেক সময় অর্থ দপ্তর তার দায়িত্ব পালন না করার ফলে এই সমস্যাগুলো হয়। এইজন্য আমাদের যে কমিটি আছে সেই কমিটিতে আমরা সমস্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করেছি। আমাদের ত্রুটিগুলো নিয়ে আমরা আলোচনা করেছি, এ.জি.-র কাছে আমরা পরামর্শ নিয়েছি। সবারই পরামর্শ নিয়েছি। এবং ত্রুটিগুলি আমরা এক এক করে চিহ্নিত করেছি। আমরা চেষ্টা করছি এগুলো কিভাবে দূর করা যায়। কিন্তু আমাদের মুশকিল হচ্ছে একটাই, এখনও সেই সমস্যা হচ্ছে। এখনও অনেক ঘাটতি আছে। সেইজন্য আমরা মাননীয় অর্থমন্ত্রীকে চিঠি পাঠিয়েছি, বিষয়টা দেখার জন্য। এই জন্যে আমরা বলেছি, একেবারে ক্যাটাগরিকালি যে কোথায় কোথায় কেন অসুবিধা হচ্ছে, যাতে ভবিষ্যতে না হয় তার ব্যবস্থা সুনিশ্চিত করা দরকার। কেন ? এটা আমাদের সবারই জানা। যদি শুধু অর্থ দপ্তর এইটুকু করে যে যারা কোনো প্রস্তাব নিয়ে এলো একসেস এক্সপেন্ডিচারের জন্যে। যদি আমি শুধু দেখে নিই যে কেন তার এই অবস্থা হলো ? কেন, ওতে বলা আছে যে একসেস এক্সপেন্ডিচার যদি হয়, ছেলেমানুষি করে দিলাম তা তো না ? একটা নির্দিষ্ট জায়গা বলা আছে। কখন হতে পারে ? যখন এটা হবে unforeseenable and an unassessable আমি আগে থেকে মূল্যায়ন করতে পারিনি কত খরচ হবে, আগে থেকে বুঝতে পারিনি কি রকম খরচ হবে। তখনই এটা হয়। কিন্তু আমার এতগুলো ধাপ পার হয়ে গেলো। আমি যদি ঠিকমত আমার বাজেট করতে পারতাম, আমি যদি আমার ঠিকমত সাপ্লিমেন্টারি বাজেট করতে পারতাম তাহলে আমার একসেস এক্সপেন্ডিচার অনেকখানি কম হত। এইটা হচ্ছে সাধারণ নিয়ম। কিন্তু অনেকখানি হয়নি, এইটা ত্রুটি ঘাটতি। কোন সরকার ছিল, না ছিল বড় কথা নয়। বড় কথা হচ্ছে ত্রুটি, ঘাটতি। এবং আগামীদিনে চেষ্টা হবে সবারই তা কাজে লাগবে। যদি আমরা সবাই মিলে উদ্যোগ নিতে পারি, যে এটা আমরা কমাবো। তাহলে আমাদের রাজ্যের পক্ষে ভালো হবে। এই জন্যে আমি আবেদন জানাবো যে আগামী দিনে, বিশেষ করে আমি অর্থমন্ত্রীকে অনুরোধ জানাবো। কেন ? তাঁর দায়িত্ব হচ্ছে বিশাল। তার দপ্তরের ভূমিকার ওপর অনেকখানি নির্ভর করে। আমরা যতগুলো কেস দেখেছি, বেশিরভাগ ক্ষেত্রে অর্থ দপ্তরের ভূমিকা হচ্ছে সর্বাধিক গুরুত্বপূর্ণ। তো তারা যত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবেন তত আমাদের এই কাজটা সহজ হবে। আমার তাই অনুরোধ, আবেদন, এটা শুধু সমর্থন করা নয় আমরা চাই, আন্তরিকভাবে এই কমিটির চেয়ারম্যান হিসাবে ; কেননা এই প্রথম, আমরা রিপোর্ট করার সময়, এই সভাতে আমরা বলেছিলাম, বক্তব্য রেখেছিলাম এই সমস্যাগুলো কি হচ্ছে, কেন হচ্ছে আমরা বলেছিলাম। এই ব্যাপারে সব দপ্তরের ভূমিকা আছে। সব মন্ত্রীর ও ভূমিকা আছে। অনেক সময় দু-একজন মন্ত্রী, আমি যখন মন্ত্রী ছিলাম এই বিষয়গুলো অত দেখতামই না। রিপোর্টটা আসলে হয়তো দেখলাম, হয়তো ভালো করে দেখতাম না। এই

জন্যে প্রত্যেকটা মন্ত্রী যদি ভালো করে দেখে নেন। সর্বোপরি অর্থমন্ত্রী যদি ভালো করে দেখেন, তাহলে এটাকে আমরা অনেকখানি minimize করতে পারবো। এই হচ্ছে আমার কথা, আমি আবার এটাকে সমর্থন জানিয়ে শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : Hon'ble Speaker, Sir, আমার একটা কিছু পড়ার ছিল। তবে অনেক লম্বা আলোচনা হয়ে গেছে। আপনার অনুমতি নিয়ে Constitutional প্রভিশনগুলো কি পড়ব ? পড়ার দরকার নেই ?

মিঃ স্পীকার : পড়ুন। Precisely বলুন।

Dr. Amit Mitra : "Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution."
অ্যামেন্ডমেন্ট করে আরো ৬টি, ১১৫টি সংস্থাকে এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়। তারপরে ২০১১ সালে এই নতুন সরকার এখানেও ১৫টি এই বিষয় নিয়ে এই সংস্থাকে বিধানসভার সদস্যরা এই জায়গায় থাকতে পারবেন উইদাউট অনারারিয়াম এই পদে থাকতে পারবেন—এই নিয়ে সেখানে একটা হয়েছে। আজকেও কিন্তু এই বিষয়ে আলোচনাটা এখানে হচ্ছে। আমি মনে করি, আমরা এই বিষয়ে বিরোধিতা করছি না। এর আগেও হয়েছে। আমার প্রশ্নটা হচ্ছে, ২০১১ সালে, এইমাত্র কয়েকমাস আগে একটা বিল এখানে উত্থাপিত হল। আমরা দেখলাম কয়েকদিন আগে, হলদিয়া পেট্রোকেমিক্যালস্ লিমিটেড, তার চেয়ারম্যান হলেন আমাদের পরিষদীয় মন্ত্রী, শিল্পমন্ত্রী মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয়। তিনি চেয়ারম্যান হয়েছেন, এই নিয়ে সেটাকে সংশোধন বা সেটাকে অ্যাক্টে পরিণত করার জন্যই কি এটা তিনি করলেন ? ভালো কথা। আপত্তি নেই, যদি তাই করেন। আমরা লক্ষ্য করছি, আমরা বিধানসভার সদস্য, একটা রাজ্য পরিচালিত হচ্ছে, উনি হলদিয়া পেট্রোকেমিক্যালসের চেয়ারম্যান হবেন। চেয়ারম্যান হোন, আমাদের আপত্তি নেই। আমরা বিলেরও আপত্তি করছি না। কিন্তু বাস্তবে আমরা যেটা লক্ষ্য করছি যে, উনি সমস্ত বিষয়ে—ল্যান্ড অফ রিফর্মেস, মাইনোরিটি—ঐ যত বিল আছে, তিনিই উত্থাপন করছেন, তিনিই এই কাজগুলি করছেন। হলদিয়া পেট্রোকেমিক্যালসের এই কাজগুলি কিভাবে একার দ্বারা পরিচালিত করবেন, আমাদের সন্দেহ জাগে। তিনি কিভাবে এইসব কাজগুলি করবেন ? কারণ, এক পদ, এক পদটা কি কেন্দ্র জুড়ে থাকবে ? আপনাদের তো অনেক সদস্য আছে, অনেক মন্ত্রী আছে। আমাদের আপত্তি নেই। আমি আপত্তি করছি না। বারবার একই কথা বলছি, কাউকে আঘাত দিয়ে কথা বলছি না। কিন্তু বিষয়টা হচ্ছে, হলদিয়া পেট্রোকেমিক্যালস আমাদের পশ্চিমবাংলার গর্ব। এখানে শিল্প স্থাপনের ক্ষেত্রে অনুসারী শিল্প। সেখানে একটা বিশাল কর্মযজ্ঞ হয়। সেটার উন্নয়ন করার ক্ষেত্রে একটা বিশাল ভূমিকা থাকা দরকার। সবদিক দেখভাল করার ক্ষেত্রে যে ভূমিকা নেওয়া দরকার, সেই ভূমিকা নিতে হবে। আমরা তখনই বলেছিলাম, ২০১১ সালে যখন এই সংস্থা নিয়ে আলোচনা হয়—১৫টি বিষয় নিয়ে। এস.এস.সি.-র চেয়ারম্যান কে হবে, আমরা এখানে বিতর্ক করেছিলাম।

[5.00 – 5.10 p.m.]

এস.এস.সি.-র চেয়ারম্যান, তিনি একজন বিধানসভার সদস্য তিনি সেখানে চেয়ারম্যান হবেন। যেখানে শিক্ষা বিষয়ে যাঁরা প্রাজ্ঞ, যাঁরা সবরকম শিক্ষিত, যাঁরা গোটা পশ্চিমবাংলায় বিভিন্ন বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ করবেন তার চেয়ারম্যান একজন সদস্যাকে হতে হবে। সেখানে আমাদের আপত্তি ছিল, সেটা পাশ হয়ে গেছে। ফলে আমরা চাইবো যে সমস্ত অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন removal of disqualification, আপনি এই কাজগুলি করুন। আমাদের একটু দুঃখ, অভিমান একটা বিষয় নিয়ে যে অনেক বিষয়ে আলোচনার ছিল, Land reforms নিয়ে এখনই আলোচনা ছিল, আমরা বললাম এটা Select Committee-তে পাঠান, আলোচনা হোক। আমরা ৬১ জন আছি, আমরা যতই বিরোধিতা করি কখনই এটা আমরা আটকাতে পারবো না। পাশ হবেই। কিন্তু সংসদকে ব্যবহার করুন। আমরা এর সদস্য হিসাবে নানা জনমত গঠন করা হবে, Select

Committee-তে যাবে, আপনারা পাবলিকের ওপিনিয়ন নিতে পারেন, এগুলি বিলের সঙ্গে সংযুক্ত নয়। কিন্তু আমি যেটা বলছিলাম যে আমরা যদি আরও বিস্তৃতভাবে আলোচনা করার সুযোগটা পেতাম, আমরা এই বিষয়টা নিয়ে আরও যেতে পারতাম—আমরা এইদিকে আছি, আপনারা ওইদিকে আছেন, বলতে আপত্তি নেই আমরা পারিনি, আমরা করার চেষ্টা করেছিলাম, আমরা সফল হতে পারিনি। কিন্তু এটার মানে এই নয় যে বিধানসভার আলোচনাটা সংক্ষিপ্ত হবে, তড়িঘড়ি কোনো সিদ্ধান্ত নিয়ে নেওয়া হবে, এটাই আমাদের অভিমান, অনুযোগ বলুন, আমরা এটাই চেয়েছিলাম। যাই আপনার এই যে বিল উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান স্যার, "The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 2012." ঠিকই বলেছেন আমার পূর্ববর্তী বক্তা যে এটা কোনা বিস্তারিত আলোচনার ব্যাপার নয়, এটাতে সামান্য একটা পরিবর্তন আনা হয়েছে। এটা ২০০৭ সালে আইনটি এখানে প্রণয়ন করা হয়েছিল। ২০০৭ সালে সেখানে ২ নং যে আইটেমটা আছে সেখানটায় আরও স্পেসিফিক করার কথা বলা হয়েছে। একথা ঠিক যে এই বিষয়ে নিয়ে বিতর্ক দীর্ঘদিনের এবং পার্লমেন্টে এই নিয়ে বহু আলোচনা হয়েছে। আমরা দেখেছি কয়েকদিন আগে স্পীকার মহাশয়ের ঘরে এই বিষয়ে নিয়ে অনেক আলোচনা চলছিল office of profit, কিন্তু এখানে এটা করার প্রয়োজনীয়তা কেন দেখা দিল ? আমার বন্ধু বিধায়ক বলছিলেন যে এটাকে একেবারে পার্টিকুলার একটা জিনিসকে টার্গেট করে করা হলো। আসলে আইন যদি থাকে আর সেখানে যদি এমন কোনো শব্দ থাকে, যে শব্দের ফাঁক দিয়ে মূল উদ্দেশ্য যা বিলের তাকে অসুবিধায় ফেলে দেওয়া যেতে পারে, সে ক্ষেত্রে যত স্পেসিফিক করা যাবে আইনকে, তত বেশি শক্তিশালী হবে আইন। আমরা দেখেছি বার বার আমাদের বিভিন্ন আইনের অ্যামেন্ডমেন্ট আনতে হয়, বার বার আনতে হয়, কারণ যখন করা হয় তখন যদি সেটাকে আরও বেশি করে ওয়েলপ্রুফ করা যায়, যাতে সেটার মধ্যে এমন কোনো শব্দ ব্যবহার করা রইলো যা পরবর্তীকালে যার সুযোগ নিয়ে কোনো কোনো ক্ষেত্রে হয়তো বিপদ নেমে আসতে পারে, সেই জন্যই এখানে যেটা বলা আছে It is hereby declared that none of the following offices in so far as it is an office of profit under the Government of India or government of any state shall disqualify the holder thereof for being chosen us or for being Member of West Bengal Legislative Assembly, namely এখানে অনেকগুলো বলা আছে, এর পরেতেও আরও কতগুলো জায়গায় প্রায় ১১৫টি ক্ষেত্রে বলা আছে, যেখানে কোনো বিধায়ক বা কোনো মন্ত্রী যদি কোনো চেয়ারম্যান পদে বসেন তাহলে সে ক্ষেত্রে তিনি এই আইনে পড়বেন না, অর্থাৎ office of profit পড়বেন না। এ ক্ষেত্রেও এটাকে আরও স্পেসিফিক করার ক্ষেত্রে বলা হয়েছে। 'The Office of the Chairperson or member or Director of a committee, or statutory or non-statutory body including any board or trust or trust board—

এইভাবেই আইনটাকে আরও বেশি যাতে করে কোনো দুর্বল জায়গায় আইনের মধ্যে না থাকে। যাতে করে যিনি এই দায়িত্বপ্রাপ্ত হবেন তারপর আবার আইনের ফাঁক দিয়ে তিনি অপদস্থ হবেন, এরকম কোনো জায়গা আইনে যেন প্রভিশন না থাকে। হলদিয়া পেট্রোকেমিক্যালের চেয়ারম্যান হলেন কি না হলেন এটা কোনো ব্যাপার নয়। এটা কোনো বড় ব্যাপার নয়। এটাকেই যদি বিরোধীরা উল্লেখ করার চেষ্টা করেন যে, এইটার জন্যই এটা করা হয়েছে, আজকে এটার জন্য হতে পারে হয়তো এটা কাজে লেগে যাবে কিন্তু ভবিষ্যতে আইনটা থেকে যাবে। অর্থাৎ এই আইনের মধ্যে যত পরিষ্কারভাবে বলা থাকবে আগামীদিনে এর ফসল সবার ক্ষেত্রেই প্রযোজ্য হবে। আজকে আমরা ক্ষমতায় আছি আবার অন্য লোক ক্ষমতায় আসতে পারে কিন্তু আইনটা থেকে যাবে। আপনারা আসবেন না, যারাই আসুক। তো সেই আইনটা থেকে যাবে। সেই আইন যদি এমনভাবে তৈরি করা যায়, যাতে ভবিষ্যতে আর কোনো অসুবিধা সৃষ্টি না করে এই আইন, সেই আইনের কোনো ফাঁক দিয়ে নতুন কোনো সংস্থা তৈরি না হয় তার জন্য এটা করা হয়েছে। এবং স্টেটমেন্ট অফ অবজেক্টস-এ এটা ভালো করে পরিষ্কার করে বলা আছে যে, ২০০৭-এর যে আইন. সেটার থেকেই আর একটু উন্নত করে দেওয়া এই আইনকে। এই বিষয় আমার মনে হয় যে, কোনো বিতর্ক নেই কারণ বিরোধী দলের যিনি বলেছেন, তিনি বলেছেন এর বিরোধিতা করছি না। আমি আশা করব এটা সর্বসম্মতভাবেই এই সভায় পাশ হয়ে যাবে। ধন্যবাদ।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় চেয়ারম্যান সাহেব, যে বিষয়টি এখানে বিলে এসেছে মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় খুব সুন্দরভাবে তার ব্যাখ্যা করেছেন যে, আইনটা এমনভাবে করা দরকরা যাতে আগামীদিনে কখনও কোনো সমস্যা না হয়। একজন বিধায়ক হিসাবে কোনো কোম্পানি-কোম্পানিস্ রেজিস্টার্ড আন্ডার কোম্পানি অ্যাক্ট এই ধরনের সংস্থা অর্থাৎ কোম্পানির ডিরেক্টর বা চেয়ারম্যান এই পদে যদি আসীন থাকেন এবং তাতে যাতে কোনো অসুবিধা না হয় সে জন্য এই বিলটি। মাননীয় সদস্য বিরোধীপক্ষের যিনি বলেছেন, তিনিও বিষয়টি ভালোভাবেই বলেছেন। তবে তিনি যে স্পেসিফিক কোনো একটা পোস্টের জন্য বলছেন সেটা বোধহয় ঠিক নয়। আগামীদিনে যেটাই হোক না কেন, যে পোস্টই আসুক না কেন যিনি কোনো কোম্পানির ডিরেক্টর হিসাবে বা চেয়ারম্যান হিসাবে কোনো পদে থাকেন তার পক্ষে যাতে কোনোরকম বাধা না আসে এবং অসম্মানজনক কিছু না ঘটে, কেননা অতীতে এই নিয়ে অনেক কিছু ঘটেছে, এটা আপনারা উল্লেখ করেছেন এটা আমরা সবাই জানি। এই অসুবিধাগুলি দূর করার জন্য এই বিল কাজেই নতুন করে বলার কিছু নেই। এর আগে যেমন এখানে কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রে এই একই ধরনের বিল আনা হয়েছিল এবং তাতে যাতে অসুবিধা না হয় সেটা করা হয়েছিল। এই একইভাবে যে বিল এবং এই বিলের মাধ্যমে যে প্রস্তাব এখানে এসেছে, সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করে বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় দ্যা ওয়েস্ট বেঙ্গল লেজিসলেচার (রিমুভ্যাল অফ ডিসকোয়ালিফিকেশনস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১২ এই বিলের বিরোধিতা করার কোনো জায়গা নেই। এই

ধরনের বিল একটা ২০০৭ সালে ১১৫টি সংস্থায় যদি অফিস অফ দি প্রফিট থাকে তাহলে তার ডিসকোয়ালিফিকেশন হবে না এই ধরনের একটি বিল পাশ হয়েছে। এই নিয়ে লোকসভাতেও বিস্তর আলোচনা হয়েছে। সেখানে ৪৫টি সস্থাকে ছাড় দেওয়া হয়েছে। সুপ্রীম কোর্টেও এই নিয়ে আলোচনা হয়েছে। এবং সেই আলোচনা করতে গিয়ে আমাদের দেশের অ্যাডিশনাল সলিসিটার জেনারেল শ্রী সুভ্রনম, তিনি আমাদের দেশের বাইরেও কয়েকটি দেশের কথা উল্লেখ করেছেন যে, সেখানে এই নিয়ম বা আইন চালু আছে। যেমন—ইউ.কে., কানাডা, ইউ.এস. এই জাতীয় দেশেও এই নিয়ম চালু আছে। লোকসভাতে, সুপ্রীম কোর্টের বেঞ্চে এই নিয়ে আলোচনা হয়েছে।

[5.10 – 5.20 p.m.]

আমাদের রাজ্যেও ১১৫টি সংস্থাকে ছাড় দেওয়া হয়েছে। যদি কোনো মেম্বার এই ধরনের সংস্থাতে তিনি থাকেন, তাহলে তাঁর মেম্বারশিপ disqualify হবে না। ২০১১-তেও আপনারা এই সরকার সেখানেও আরো কয়েকটি সংস্থাকে যুক্ত করা হয়েছে। আবার নতুন করে এই বিল আনা হয়েছে। যাতে রাজ্য সরকার হোক বা কেন্দ্রীয় সরকার হোক কোনো registered কোম্পানী হোক যদি মেম্বার বা কোনো সদস্য এখানে তার যেকোনো পোস্ট, চেয়ারপার্সন হোক অথবা কোনো সদস্য হোন তাঁর মেম্বারশিপ disqualification হবে না। অতএব এই বিল আবার নতুন করে, একবারেই যদি বিলটা হয়ে যেত সমস্ত রকম এই ধরনের যত registered company আছে রাজ্য সরকারের বা কেন্দ্রীয় সরকারের তাকে আর নতুন করে আনার প্রয়োজন হত না। প্রসঙ্গক্রমে আমাদের মাননীয় মন্ত্রী হলদিয়া পেট্রোকেমিক্যালসের চেয়ারম্যান selected হয়েছেন। নিশ্চয়ই এই আওতার মধ্যে যাতে না পড়েন, তাঁর মেম্বারশিপ যাতে disqualify না হয় সেদিকেও লক্ষ্য রেখেই এবং আরো যেসব government যে সংস্থাগুলি আছে সেই সংস্থাতে যাতে এই ধরনের disqualification-এর মধ্যে আমাদের কোনো সদস্য না পড়েন তার জন্য এই বিল আনা হয়েছে। এই বিলকে আমরা সমর্থন করছি, আমরা সকলেই সমর্থন করছি, আগেও যখন বামফ্রন্ট থেকে নিয়ে আসা হয়েছিল তখনও সকলে সমর্থন করেছিলেন, লোকসভাতেও যখন এই বিল উঠেছিল তখনও সকলে সর্বদলীয়ভাবে সম্মতভাবে সেই বিল পাশ করা হয়েছে। গতবারও যে বিল আনা হয়েছিল ২০১১ সালে সেটাও সর্বসম্মতভাবে পাশ হয়েছিল এবং এই বিলেও সর্বসম্মতি দেওয়া হবে। এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 2012 এটা নিয়ে সদস্যরা আলোচনা করেছেন। আমি বিরোধী দলের দুই সদস্যকে জানাই যে, এই মুহূর্তে আপনি যে সংস্থাটি সম্পর্কে বললেন, সেই সংস্থাটি office of profit-এর মধ্যে পড়ে না। কিন্তু সম্ভবনা প্রবল পরবর্তীকালে আছে। এবং সেই প্রবলতার কারণ হচ্ছে, রাজ্যের স্বার্থকে ক্ষুণ্ণ যাতে না হয় তারজন্য মমতা বন্দ্যোপাধ্যায় এগিয়ে এসে বলছেন রাজ্যের stake

holders-রা যেন বাঁচে। আমি আশা করেছিলাম দু'চারটে লাইন এর সঙ্গে যুক্ত হবে। যে, যে অবস্থা তৈরি হয়েছিল আজকে সূর্য্যকান্ত মিশ্র সকালেই এই subject-এর উপরেই প্রথম প্রশ্ন করেছিলেন। যে অবস্থা ওখানে—আর্থিক দুরবস্থার সৃষ্টি হয়েছে, বাণিজ্যিক দুরবস্থার সৃষ্টি হয়েছে, তার থেকে সকলে মিলেই ঐক্যবদ্ধভাবে বেরিয়ে আসতে হবে। এটা একটা আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্প সংস্থা ছিল। এবং হওয়ার মতো কোনো ইচ্ছা—সেটা নিয়ে থাকার কোনো ইচ্ছা অন্তত আমি মন্ত্রী হিসাবে বা বিধায়ক হিসাবে নেই। কিন্তু রাজ্যের স্বার্থে নিশ্চয়ই সেটা করতে হবে অনেককেই তাই করতে হয়। আর আমরা যে amendment-টি এখানে এনেছি, তার শুধু একদিকে লক্ষ্য রেখে এই amendment বিলটি আনা হয়নি। আপনি দেখেছেন যে, বিস্তারিতভাবে এটা ব্যাখ্যা—আমি নিজেও আপনাদের ২০০৭-এর item No. A--তে বেরিয়ে যাওয়ার ক্ষমতা রাখতাম। কিন্তু আমার নিজের মনে হয়েছে, সেটা যথেষ্ট নয়। কেন in as much as far as এই কথাটার মানে আমি এখনও পর্যন্ত বুঝতে পারছি না। তাতে সমস্ত মন্ত্রীরা বা বিরোধী দলনেতা বা এসবগুলোতো দেওয়া আছে। তা সত্ত্বেও এটা দরকার যাতে কেউ কোনো প্রশ্ন না করতে পারে। তাই সেক্ষেত্রে যাঁরা চেয়ারম্যান হবেন, Trustee board-এর, চেয়ারম্যান হবেন, director হবেন, আরো বড় করে রেখে দেওয়া হয়েছে, যাতে ওই as far as-এ প্রশ্ন তুলে অন্যেরা যেন কোনো সমস্যা তৈরি না করতে পারে। আমি আশা করবো যে, আমাদের এই মহতী সভায় আজকের উপস্থিত সদস্যরা এই বিলকে সমর্থন করবেন এবং আমরা সর্বসম্মতিক্রমেই এই বিলটিকে অনুমোদনের জন্য রাখছি।

Mr. Speaker : The question before the House that the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 2012 be taken into consideration. As many as are of that opinion will please say 'aye'.. As many as are of the contrary opinion will please say 'No' ayes have it. Ayes have it.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'aye'. As many as are of the contrary opinion will please say 'No' Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting formula, the Preamble and the title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill to vote.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

Now, the Non'ble Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for passing of the Bill.

Shri Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Legislature (Removal of disqualifications) (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

Mr. Speaker : I now put to vote the motion of Shri Partha Chatterjee that the West Bengal Legislature (Removal of disqualifications) (Amendment) Bill, 2012 as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

The Bill is passed.

The West Bengal Advocates Welfare Corporation Bill, 2012

Shri Moloy Ghatak : Hon'be Speaker, Sir, I beg to introduce the West Bengal Advocates Welfare Corporation Bill, 2012.

(Secretary then read the Title of the Bill)

Shri Moloy Ghatak : Sir, I beg to move the West Bengal Advocates Welfare Corporation Bill, 2012 be taken into consideration.

Mr. Speaker : There is motion for reference of the Bill to the Select Committee by Shri Anisur Rahaman. Now, Shri Anisur Rahaman may move the motion.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the West Bengal Advocaters Welfare Corporation Bill, 2012 be referred to the Select Committee of the House consisting of following members :

1. Shri Partha Chatterjee : Minister-in-Charge, Department of Commerce and Industries, Industrial Reconstruction, Public Ennterprises Parliamentary Affairs and Information Technology;

2. Shri Sobhandeb Chattopadhyay, Chief Government Whip;
3. Shri Asoke Deb;
4. Shri Manoj Chakraborty;
5. Shri Md. Sohrab;
6. Shri Debaprasad Roy;
7. Shri Tapas Roy;
8. Shri Susanta Ghosh;
9. Shri Anandamoy Mandol;
10. Shri Udayan Guha;
11. Shri Samarendra Nath Ghosh;
12. Shri Dasharath Tirki;
13. Shri Subhas Naskar;
14. Shri Anisur Rahaman and;
15. Shri Moloy Ghatak, Minister-in-Charge, Judicial Department.

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডভোকেট ওয়েলফেয়ার কর্পোরেশন বিল, ২০১২ যেটি এই বিধানসভায় উত্থাপিত হয়েছে, যার মূল উদ্দেশ্য হচ্ছে যে পশ্চিমবঙ্গে যারা আইনজীবী, অ্যাডভোকেটস তাদের পেশাগত কিছু সুযোগ-সুবিধা পাইয়ে দেওয়া। কিংবা তাদের আর্থ-সামাজিক ক্ষেত্রে কিছু সুযোগ-সুবিধা পাইয়ে দেওয়া, দেওয়ার মতো ব্যবস্থা করা। পেশাগতও আছে, এই যে এক বছর ধরে আপনি স্টাইপেন্ড দেবেন, পেশাতে সে ঠিক মতন স্ট্যান্ড করতে পারছে না, এই কল্যাণমূলক কাজের জন্য যে সব প্রকল্পগুলোর কথা বলা হয়েছে, এ নিয়ে কোনো দ্বিমত নেই। সমাজের যে কোনো অংশের মানুষ তার জীবন জীবিকার ক্ষেত্রে সে যাতে সঠিকভাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারে, একটা কল্যাণকামী রাষ্ট্রের কাজই হচ্ছে তাকে সহায়তা করা। সুতরাং বিলের উদ্দেশ্য এবং বিলের মাধ্যমে যে যে সুযোগ-সুবিধাগুলো দেওয়ার কথা হয়েছে, সেই ব্যাপারে আমাদের কোনো দ্বিমত নেই। কিন্তু একটা কথা আমি মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই, সেটা হচ্ছে, এই একই বিষয়ে আরো একটা বিল আছে, যেটা এই বিলে উল্লেখিত আছে।

[5.20 – 5.30 p.m.]

ওয়েস্ট বেঙ্গল অ্যাডভোকেটস ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্ট, ১৯৯১ এবং এখানে দুটি বিলের যদি ধারাগুলি দেখেন, কি কি বেনিফিট দেওয়া হবে ? এক নম্বর, ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্ট কোনো অ্যাডভোকেট আর প্র্যাকটিস বন্ধ করে দিলে কিংবা রিটায়ার্ড করলে ৬০ বছর পরে তাকে একটা স্পেসিফায়েড অ্যামাউন্ট আর্থিক সাহায্য হিসাবে দেওয়া হবে। দুই নম্বর, গ্রুপ

ইন্সিওরেন্সের ব্যাপার আছে। তিন নম্বর, মেডিকেল অ্যান্ড এডুকেশনাল ফেসিলিটিজের ব্যাপার আছে। চার নম্বর, প্রাইমারি ফেসিলিটিজ, ফাইনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স ফর ইনডিজেনাস পারসন্স ইত্যাদি আছে। দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাডভোকেট্স ওয়েলফেয়ার কর্পোরেশন বিলেও একই জিনিস আছে "to provide such stipends to the newly enrolled advocates for a period of one year or more", "to provide housing facilities both rental and ownership" এখানে আছে ইন্সিওরেন্স কভারেজ। আগের বিলেও আছে ইন্সিওরেন্স কভারেজ, এখানেও আছে ইন্সিওরেন্স কভারেজ। আগের বিলে আছে মেডিকেল ফেসিলিটিজ এবং এডুকেশনাল ফেসিলিটিজ। এখানে আছে "to provide any other beneficial scheme like medical insurance, higher study loans, marriage loans, car purchase loans, etc." এই যে নতুন বিল এই নতুন বিলে অতিরিক্ত কি দিতে চাওয়া হচ্ছে। অতিরিক্ত যে জিনিসটা দিতে চাওয়া হচ্ছে, সেটা হচ্ছে অ্যাডভোকেটদের হাউজিং ব্যবস্থা করা এবং তাকে স্টাইপেন্ড দেওয়া এক বছর কিংবা তার বেশি। এই দুটো-তিনটে কল্যাণমূলক প্রকল্পের কথা এই নতুন বিলে বলা আছে। তাহলে এখানে কি করা যেতে পারত। আগের বিলটাকে যদি আপনারা দুর্বল মনে করেন যে অ্যাডভোকেটদের যা যা চাহিদা আছে সব কিছু চাহিদা তার দ্বারা পূরণ করা সম্ভব হচ্ছে না তাহলে এই বিলটা এনে সেই বিলটাকে বাতিল করে দিলে হত, রিপিল করে দেওয়া দরকার ছিল। কিন্তু আপনি দুটো বিল রাখছেন। অ্যাডভোকেট্স ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্টও রাখছেন, আবার একটা ওয়েলফেয়ার কর্পোরেশন বিল আনছেন। মানে একই অভিমুখে দুটো বিল থাকছে। যেটা আইনের দিক থেকে আমার মনে হয় বাঞ্ছনীয় নয়। ফলে এটা চিন্তা-ভাবনা করার দরকার আছে যে এটা করবেন কিনা। তাছাড়া আপনি দেখুন, আপনি ঘরবাড়ি করে দেবেন বলছেন। তারজন্য জমি অ্যাকোয়ার করার কথা বলেছেন। আপনার ল্যান্ড পলিসিতে কিছু আটকে যেতে পারে। এই কর্পোরেশন জমি অধিগ্রহণ করতে গেলে কিছু অসুবিধা হতে পারে। যদি ঘরই দিতে হয় তাহলে আমাদের সরকারের তো আর একটা ডিপার্টমেন্ট আছে হাউজিং। হাউজিং ডিপার্টমেন্ট তারা ঘর তৈরি করছে, প্রাইভেট পারসনসকে দিচ্ছে, গভর্নমেন্ট পারসনসকে দিচ্ছে। আপনি যদি চান যে অ্যাডভোকেটদের জন্য ঘর দিতে হবে তাহলে হাউজিং ডিপার্টমেন্টের সঙ্গে অ্যারেঞ্জমেন্ট করলে সেখানে ঘর দিতে পারা যেত। তাতে কোনো অসুবিধা ছিল না, আর একটা জিনিস হচ্ছে, এই যে অ্যাডভোকেট্স ওয়েলফেয়ার ফান্ড, এই ফান্ডটা ক্রিয়েটেড হচ্ছে গভর্নমেন্ট একটা টাকা দিচ্ছে, বার কাউন্সিল একটা টাকা দিচ্ছে এবং ইন্ডিভিজুয়াল অ্যাডভোকেট য়ারা মেম্বার এই ফান্ডের, তারা একটা সাবস্ক্রিপশন দিচ্ছে। তিনজনের সাবস্ক্রিপশনে ফান্ডটা ক্রিয়েটেড হচ্ছে। এবং তার থেকে প্রয়োজনে অ্যাডভোকেটদের সহায়তা দেওয়া হচ্ছে। আপনি নতুন কর্পোরেশন বিলে কি করলেন—ক্যাপিটাল ফর্মেশানটা কি করে হবে—কর্পোরেশন যে কাজ করবে তার ক্যাপিটাল ফর্মেশন কি করে হবে। স্টেট গভর্নমেন্ট টাকা দেবে এবং এই অ্যাডভোকেট ওয়েলফেয়ার ফান্ড থেকে ক্যাপিটাল ট্রান্সফার করা যেতে পারে। লোন নয়। তাহলে আপনি যে কান্ডটা ট্রান্সফার করলেন, ফান্ডটা রি-পেমেন্টের কোনো ব্যবস্থা নেই। যারা টাকা দিল, চাঁদা দিল, তারা টাকাটা ফেরত পাবে কিভাবে সেই সম্পর্কে ব্যাপারটা অনুল্লিখিত থেকে গেল। সুতরাং এটা একটা অসঙ্গতি

আছে। ফান্ডটা ট্রান্সফার করছে, সুতরাং এটা হয় না। তার ফলে এই বিলটা আমার মনে হয় যথেষ্ট পর্যালোচনা কিংবা ভাবনা-চিন্তা করে আসেনি। আর একটা জিনিস গুরুত্বপূর্ণ আছে যেটা আগের বিলেও ছিল, এখনকার বিলেও আছে, তবু বলতে হচ্ছে যে আপনার অ্যাডভোকেট্স অ্যাক্ট ১৯৬১, অ্যাডভোকেট্স অ্যাক্টে কি বলা হচ্ছে—কে অ্যাডভোকেট। যে এনরোল্ড হবে সেই হচ্ছে অ্যাডভোকেট। তাকে বার কাউন্সিলের, বার অ্যাসোসিয়েশনের মেম্বার হতে হবে এমন কোনো বাধ্যবাধকতা সেখানে নেই। কিন্তু এখানে এই আইনের মাধ্যমে তাকে যদি কিছু সুযোগ-সুবিধা পেতে হয় তাহলে তাকে বার অ্যাসোসিয়েশনের মেম্বার হতে হবে। অনেকের যদি ইচ্ছে না করে অ্যাসোসিয়েশনের মেম্বার হওয়া, সে নাও হতে পারে। কিন্তু ১৯৬১-এর অ্যাডভোকেট অ্যাক্টসে অ্যাডভোকেটের যে ডিফিনেশন আছে আর আপনি অ্যাডভোকেটদের বেনিফিট দেওয়ার জন্য যে ফর্মূলা, যে ধারাটা এখানে রেখেছেন এই দুটোর মধ্যে একটা অসঙ্গতি দেখা দিয়েছে। এটা আপনাকে দেখতে হবে।

আরেকটা বিষয় আছে, যে কর্পোরেশনটা আপনি তৈরি করার চেষ্টা করছেন, যাদের জন্য এই প্রকল্পগুলো তারা কিন্তু ম্যানেজিং কমিটি থেকে বাদ। আপনি কিছু এক্স অফিসিও মেম্বার রেখেছেন। একজন মন্ত্রী এবং বাকি সব সরকারি কর্মচারী তাদের দিয়ে বিলটা তৈরি করছেন। বার কাউন্সিলের চেয়ারম্যান এবং বারের প্রতিনিধিদের যদি না রাখেন তাহলে কিন্তু অসুবিধা হবে। Advocate Welfare Fund Act. এখানে ট্রাস্টি কমিটি ম্যানেজ করবে। আর এই বিলটাতে আপনি কর্পোরেশনকে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করতে চাইছেন। আপনি যে কোনো একটা বিল রাখুন। এই বিলের উদ্দেশ্য মহৎ, এখানে বিরোধিতার কিছু নেই। অ্যাডভোকেটরা সুযোগ-সুবিধা পাক তাতে আমাদের বিরোধিতার কিছু নেই। কিন্তু দুটো বিলের মধ্যে সংঘাত যাতে তৈরি না হয় implementation-এর মধ্যে, তার জন্য যে কোনো একটা বিল রাখুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই ধন্যবাদ জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে এবং আইনমন্ত্রীকে। প্রবোধদা বলছিলেন, কারণ বলতে কোনো ট্যাক্স লাগে না। কিন্তু ৩৪ বছর আগের সরকার আইনজীবীদের জন্য কিছু করেননি। আজকে আইনজীবীদের সম্বন্ধে মা-মাটি-মানুষের সরকার ভেবেছেন এবং ডঃ অমিত মিত্রর বাজেট বক্তৃতাতেও তা এসেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী জাতপাত বা দল দেখেননি, যারা রাজ্যের আইনজীবী তাদের কথাই ভাবা হয়েছে। একটু আগে আপনি বললেন এই দুটো বিল আনাটা যুক্তিযুক্ত হবে না। আপনি এর আগের টার্মে বিধায়ক ছিলেন, কিন্তু তার আগের কথাটা একটু চিন্তা করুন। আপনাদের আমলে আপনারা গায়ের জোরে অনেক কাজ করেছেন, তখন আমাদের কথা শোনেননি। আমরা তো কথা বলার সুযোগ দিয়েছি। একটা ভালো কাজ করতে গেলে বাধা আসতেই পারে। কিন্তু আমরা সবাই মিলে যদি পাশে দাঁড়াই তাহলে সেই বাধাটা আর বাধা হিসাবে থাকবে না। আজকে West Bengal Advocates Welfare Corporation Bill, 2012, যেটা নিয়ে আসা হয়েছে সেখানে তাদের আবাসন দেওয়ার কথা বলা হয়েছে। আপনারা এটা কখনো ভাবতেই পারেননি।

এদের জন্য সরকার বীমা, প্রভিডেন্ট ফান্ড, বৃত্তি দেওয়ার কথা বলেছে। আজকে ১৪ কোটি টাকা দিয়ে এরা কাজ শুরু করবে, আগামী দিনে সংখ্যা আরও বাড়বে। আজকে বিরোধী দলের নেতা যিনি তিনি হচ্ছেন ডাক্তার, তিনি এম.বি.বি.এস. পাশ করার পরে যখন এক বছর ট্রেনিং-এ ছিলেন তখন তিনি একটা টাকা পেয়েছিলেন। আজকে এই বিলটা আনার পরে আইনজীবী হিসাবে যারা নতুন পাশ করে আসবেন তারা একটা বছর টাকা পাবেন। এর ফলে তারা কাজে উৎসাহ পাবে এবং তাদের মধ্যে একটা স্পৃহা জাগবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধমে আমি মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করছি কাজটা করার জন্য যদি আপনি বার কাউন্সিলকে নেন তাহলে আপনার সুবিধা হবে। তাহলে আমরাও কাজ করতে পারি এবং বিভিন্ন সমস্যায় পাশে এসে দাঁড়াতে পারি। আর এম.ডি., জেনারেল ম্যানেজারদের কোয়ালিফিকেশনটা কি হবে ? আমার মনে হয় আইনজীবীদের সঙ্গে যাদের সম্পর্ক ভালো তাদের রাখলে ভালো হয়। আর বার কাউন্সিলের পাশে যদি অফিসটা করেন তাহলে কাজ করারও সুবিধা হবে। বছরে তিন-চারবার অ্যাডভোকেটদের এনরোলমেন্ট হয়, বার কাউন্সিল থেকে নাম পাঠাতে সুবিধা হবে কারা স্টাইপেন্ড পাবে। এই ব্যাপারটা আপনি দেখবেন। আর বার কাউন্সিল থেকে অন্ততপক্ষে চেয়ারম্যান-সহ ছয়জনকে রাখার চেষ্টা করবেন।

[5.30 – 5.40 p.m.]

এবং আমি এও বলি, একজন বার কাউন্সিলের চেয়ারম্যানকে ভাইস চেয়ারম্যান হিসাবে এই কমিটিতে নিয়োগ করা হোক। নিয়োগ করা হোক, তাহলে আমাদের পক্ষে সুবিধা হবে এটা। কেন ? লিঁয়াজো মেইনটেন করে কাজ করার জন্য। কেন ? এটা আমাদের দীর্ঘদিনের দাবি ছিলো, আইনজীবীদের দাবি ছিলো। বার কাউন্সিলের দাবি ছিলো। সেই দাবি আপনারা মেনেছেন। সঙ্গতকারণে সেই মানা—আমাদের পক্ষে এটা বললে সুবিধা হয়। কারণ এই বিলকে আমরা সর্বতোভাবে সমর্থন করি। আমি অনেকের সঙ্গে আলোচনা করেছি। যারা আইনজীবী, তাদের দলের আইনজীবীরা এটা মেনে নিয়েছেন যে না, দীর্ঘদিন পর এসে মমতা ব্যানার্জী, আমাদের মুখ্যমন্ত্রী, এবং আইনমন্ত্রী মলয় ঘটক রাজ্য সরকার ভালো কাজ করেছেন বলে। স্বাভাবিক বিরোধী দল, এতদিন তাঁরা চিৎকার করে এসেছেন। তাঁরা ৩৪ বছর চিৎকার করেছেন। আজও চিৎকার করবেন। চিৎকার করা তাদের স্বভাব। আমি সেই দিকে যাচ্ছি না। আমি চাই, অন্তত পক্ষে সেটা করলে, আমাদের পক্ষে অনেক সুবিধা হবে। এবং এটা জানা দরকার যারা ৬৫ বছর ক্রশ করে যাবে। তাদের কথা ভাবার চেষ্টা করুন। যাতে তারা ৬৫ বছরের পর কিছু টাকা পেতে পারে। তাহলে যেটুকু কাজ আপনারা করেছেন, আমরা করার চেষ্টা করছি। তাতে তাদের পক্ষে সুবিধা হবে। যাদেরকে স্টাইপেন্ড দেওয়া হবে, তাদের কত টাকা দেওয়া হবে সেটা নিশ্চয় মুখ্যমন্ত্রী বলেছেন। হাজার টাকা করে। এবং আমরা দেখেছি ইউ.পি. গভর্নমেন্ট, পাঞ্জাব গভর্নমেন্ট ইয়ারলি একটা টাকা দেয় বার কাউন্সিলকে। সেই টাকা যদি আপানরা ইয়ারলি দেওয়ার চেষ্টা করেন, তাহলে আইনজীবীদের আগামী দিন আরো সুন্দর, এবং শ্রেষ্ঠ হবে। এবং বার কাউন্সিলের রেকমেন্ডশনে যারা মেডিক্যাল ট্রিটমেন্টের জন্য সাহায্য চান, আমরা রেকমেন্ডশন পাঠালে যারা ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্ট, তারা যাতে সেটা

পায় সেই চেষ্টা করবেন। সাথে সাথে একটা অনুরোধ করবো, ভারতবর্ষের মধ্যে আমার মনে হয় কোথাও বোধহয়, আইনজীবীদের বার লাইব্রেরী নেই। পশ্চিমবঙ্গে যদি একটা অন্ততপক্ষে, অনলি ফর ল বুক্স রেখে একটা লাইব্রেরী করা হয়, তাহলে কিন্তু দেখা যাবে অনেক আইনজীবীরা পড়াশুনোর সুযোগ পাবে। বইয়ের দাম অনেক বেড়ে গেছে। অনেক গরিব আইনজীবীরা বই কিনতে পারেন না। তাহলে কিন্তু দেখবেন, এই জিনিসটা ভালো হবে। অনেক কাজ করার চেষ্টা করবেন। আমি আশাবাদী যে, অন্ততপক্ষে আপনারা আগামী দিনে দাঁড়িয়ে চেষ্টা করবেন। আমরা এডুকেটেড লেবার। আমাদের স্পীকারও আইনজীবী। আমাদের মুখ্যমন্ত্রী আইনজীবী। মলয় ঘটক নিজেও আইনজীবী। স্বভাবত কারণেই, আমরা এডুকেটেড লেবার। স্বভাবত কারণে আমাদের দিকে তাকাবার চেষ্টা করুন। আমরা কোর্টে গেলে পয়সা পাই। নতুবা পাবো না। আমরা চাকরি করি না, যে পয়সা পাই। চাকরীজীবীরা আসে মাইনে পায়, মাসে একটা টাকা মাইনে পায়। আইনজীবীরা তা পায় না। সেই আইনজীবীদের কথা আপনারা ভাবার চেষ্টা করুন, এই চেষ্টা করুন। এই কথা বলে আমি আবার সরকারকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে, আমরা আশা করি আগামীদিনে সরকার আমাদের পাশে দাঁড়াবেন। এই বিশ্বাস রেখে, আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আখরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই মহতী সভার মাধ্যমে, আমাদের কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের জোট সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। তার সাথে ধন্যবাদ জানাই এই রাজ্যের আইনমন্ত্রীকে। আমি একজন অ্যাডভোকেট হিসাবে এই মহতী সভায় উনাদের ধন্যবাদ জ্ঞাপন করি এই কারণে যে এই রকম একটা ঐতিহাসিক বিল, আজকে এখানে উত্থাপন করে বাংলার আইনজীবীদের মুখে, বাংলার আইনজীবীদের সামাজিক সুরক্ষার দিকে বিশেষভাবে নজর দেওয়ার জন্য। The West Bengal Advocates Welfare Corporation Bill, 2012 যে বিলটা এখানে উত্থাপন করা হয়েছে এই বিলটাকে আমি সর্বাত্মকরণে সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে, এই বিলটাতে সার্বিকভাবে সবদিকে লক্ষ্য রাখা হয়েছে। এই বিলে যেমন নবীন থেকে প্রবীণ বার অ্যাসোসিয়েশনের সমস্ত আইনজীবীদের সামাজিক কল্যাণের সব দিকে নজর রাখা হয়েছে। এখানে বলা হয়েছে, যাঁরা নবীন আইনজীবী আসবেন, তাঁদের জন্য স্টাইপেন্ডের ব্যবস্থা করা হয়েছে। আমি মাননীয় আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যে নবীনদের স্টাইপেন্ডের টাকার পরিমাণ কত এখানে কোনো রকম উল্লেখ নেই। বলা হয়েছে, এক বছর অথবা তার থেকে প্রয়োজন হলে সরকার বাড়িয়ে দিতে পারে। কিন্তু টাকার পরিমাণটা এখানে বাড়ানো হয়নি। আমি মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো, এই ব্যাপারে যেন উনি সদুত্তর দিয়ে আমাদের এখানে উল্লেখ করেন। নবীন আইনজীবীদের সাথে সাথে, এখানে বলা হয়েছে যে সমস্ত আইনজীবীরা, যারা ৬০ বছরের নীচে আছেন তাঁদের জন্য, সেই আইনজীবীদের বিমার আওতায় আনার ব্যবস্থা করা হয়েছে।

শুধু বিমা আয়ত্তের মধ্যে আনার ব্যবস্থাই করা হয়নি। আমরা যারা গ্রামের আইনজীবী—আমি যেমন কলকাতা হাইকোর্টে পেশাগত কারণে এসেছিলাম, আমাদের

থাকার একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছিল, আমাদের এখান থেকে অনেক দূরের মেসে থাকতে হত। এই সরকার যে সমস্ত আইনজীবীরা গ্রামে এসে শহরে, আমরা গ্রামের ছেলেরা আইনজীবী করতে গেলে কাউকে কলকাতা হাইকোর্টে আসতে হয়, তারপর সদর মহকুমা কোর্টে আসতে হয় সেহেতু তাদের থাকার সমস্যা থেকে যায়। এই সরকার সেই দিকে লক্ষ্য রেখেছে, সেই কারণে এই সরকারকে আমি সাধুবাদ জানাই। কিন্তু আমি মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে, অ্যাডভোকেট মিন্স—উনি একটা সংজ্ঞা দিয়েছেন, সেই সংজ্ঞার ব্যাপারটা একটু দেখার কথা বলব। অ্যাডভোকেট মিন্স উনি বলতে চেয়েছেন, যারা শুধু বার কাউন্সিলের সদস্য হবে, তারাই অ্যাডভোকেটে পরিণত হবে, এই দিকটা ভাবার দিকে লক্ষ্য রাখতে বলব। তার কারণ যারা বার কাউন্সিলের সদস্য হবেন, তারা যাতে এই আওতায় আসতে পারেন, বার অ্যাসোসিয়েশনের সভায়, বার অ্যাসোসিয়েশনের সভায় সবাই সদস্য হতে পারেন না, পয়সার কারণে অনেক সদস্য নেওয়া হবে বাইরে থেকে, তারা কোর্টে প্র্যাকটিস করেন। আমি একটা প্রস্তাব রাখছি, যারা বার কাউন্সিলের সদস্য এবং যাদের নাম নথিভুক্ত হবে, তাদের যাতে এই আয়ত্তের মধ্যে আনা হয়, আমি এই বিলকে সমর্থন জানিয়ে, আইনজীবীদের পক্ষ থেকে পুনরায় কৃতজ্ঞতা জ্ঞাপন করে আমি আমার কথা শেষ করছি, ধন্যবাদ, নমস্কার।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পার্থবাবু চলে গেছেন, 'সারাদিনের ক্লান্তি আমার'—সেই ছড়ার কথা মনে পড়ল—'একা কুম্ভ রক্ষা করে নকল বুঁদি গড়।' এখানে বিধানসভা, তারপরে রাইটার্স, তারপরে যাবেন হলদিয়া। আমার আপত্তি বলিনি আমি, ভালোই তো আমরা পাশ করে দিয়েছি। তাই আমার মনে হচ্ছে, একা পার্থ রক্ষা করে মা-মাটি সরকার। ভালো, প্রশ্ন হচ্ছে একটাই আজকে নিঃসন্দেহে ভালো দিন যেহেতু উর্দু ভাষা সরকারি স্বীকৃতি পেয়েছে। খুব ভালো উদ্যোগ অভিনন্দন জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আজকের দিনটা সব থেকে কলঙ্কের দিন। কেন বলছি শুনুন। আমাদের বই-এ আছে এখানে। আমাদের মাননীয় রাজ্যপাল এখানে এসেছিলেন ১৬ ঘন্টা ধরে বক্তৃতা সবাই বলছিলেন। কেন—বই-এ লেখা আছে, করতে হবে। সেই বই-এ কি লেখা আছে—একটা বিল আনতে গেলে ১৪ দিন সময় লাগে। যেহেতু আমাদের অধ্যক্ষের অনেক ক্ষমতা, কমাতে কমাতে করলেন সাতদিন, তারপরে কমে হল তিনদিন, এখন কমে হল তিন ঘন্টা। তিন ঘন্টা, একটা বিল আসবে তিন ঘন্টা ধরে আলোচনা হবে। এই যে সকালবেলা একটা আলোচনা হল, গুরুত্বপূর্ণ একটা বিল-ল্যান্ড রিফর্মস, আপনাদের উত্থাপনের কারণ কৃষকদের লড়াই করে এসেছেন ভালো খবর, সেই কৃষকের জমি নিয়ে একটা বিল হবে, ভালো-মন্দ পরের কথা। পড়তে পারব না, আলোচনা করতে পারব না, আধ ঘন্টায় একটা বিল পাশ হয়ে গেল ১৬ ঘন্টা লাগল রাজ্যপালকে অভিনন্দন জানাতে, আর এতবড়ো একটা বিল পাশ হয়ে গেল আধ ঘন্টায়। কেউ জানল না, কেউ মানবে না। এই যে এখন যে বিলটা এসেছে, ভেতরে কি লেখা আছে ......(গোলমাল)...... শুনুন কাজে লাগবে। এই যে বিল এসেছে, ভেতরে কি লেখা আছে আপনারা জানেন, তাহলে আপনাদের এখানে অ্যামেন্ডমেন্ট আনতে হল কেন ? আপনি তাকিয়ে দেখুন একটা বিল কিভাবে হয়,

কতগুলো ফিল্টার পার হতে হয়, ডিপার্টমেন্ট বিল তৈরি করে, ল-ডিপার্টমেন্ট ভেট করে, সাত-আট দিন অর্থদপ্তর ভেট করে, তারপর মুখ্যমন্ত্রী সই করে, তারপর ক্যাবিনেটে যায়, তারপর রাজ্যপালের কাছে যায়, তারপর আপনার স্ট্যান্ডিং কমিটিতে যায়—সব ঘুরতে ঘুরতে এখানে আসে। এতগুলো পদ্ধতি আছে এই যে বিল তৈরি হয়েছে, তাতে বিলের অ্যামেন্ডমেন্ট আনছেন কে, না গভর্নমেন্টের লোক—মূল বিষয় এই। এত অদ্ভুত ব্যাপার, এই যে বিল এখানে আছে, দেখবেন কারও সই নাই। ক্যাবিনেটের অনুমোদন হয়নি, অর্থদপ্তরের অনুমোদন হয়নি বলে, পরে আলোচনা হবে, টাকা যুক্ত আছে এখানে লেখা আছে বাজেটে পড়ে দেখুন it is not approved by the finance dept. Finance dept.-এ পরে আলোচনা হবে। তাই বলে এখানে পাঠিয়ে দিয়েছে আমাদের এখানে আপত্তি টাকা দিয়ে দিল, অনুমোদন হয়নি, রাজ্যপালের সই হয়নি, স্ট্যান্ডিং কমিটিতে যায়নি—কোনো নিয়ম মানা হয়নি। সমস্ত নিয়ম অমান্য করে, গায়ের জোরে, সংখ্যাগরিষ্ঠতার জোরে, এনেছেন কোনো আপত্তি না। আবার একটু পরে আলোচনা হবে, আমাদের সুব্রতবাবু বসে আছন—৭২-এ হিরো। তিনি জন্ম দিয়েছেন পঞ্চায়েতী আইন, পঞ্চায়েতের আইনকে উনি পদদলিত করতে যাচ্ছেন।

[5.40 – 5.50 p.m.]

স্যার, আপনাকে বলে রাখবো আমাদের ইতিহাসে কোথাও শুনিনি আইন হয়েছে এখানে, এই আইনের অনুমোদন হয়েছে এখানে, অল পার্টি মিটিং হয়েছে, ভারত সরকার ঘোষণা করেছে ৫০ ভাগ মহিলা হবে। অল পার্টি মিটিং হয়েছে, অনুমোদন হয়েছে, বিল হয়েছে, সুব্রতবাবুরা অ্যামেন্ডমেন্ট আনেন নি, সমর্থন করেছেন। সেই বিলকে অগ্রাহ্য করে আবার বিল আনছেন। একই কথা। অজুহাত দেখাচ্ছেন কি ? না তো নট এক্সিডিং ৫০% মহিলা, কোথায় আছে ? সংবিধানের কোনো পাতায় লেখা নেই। একটা সুপ্রিম কোর্টের অর্ডার হয়েছিল সেই অর্ডারের কপি আমার কাছে আছে for recruitment only সেটা ভেঙে দিয়ে আজকে এই জিনিস করতে যাচ্ছেন। করুন, ভোট পেয়েছেন সংখ্যাগরিষ্ঠতা পেয়েছেন, সব পেয়েছেন। করুন, কোনো আপত্তি নেই। কিন্তু আমার এই পশ্চিমবাংলার বিধানসভায় এইসব কথা লেখা থাকবে। একদিন আমার স্পীকার চলে যাবে, আমরা চলে যাবো, সুব্রতবাবু চলে যাবেন। কিন্তু হাউস থাকবে, এই কাগজ থাকবে, এই বই থাকবে আমাদরে ছেলে-পুলেরা বড় হয়ে এসে দেখবে এই কান্ড হয়েছে। পঞ্চায়েত আইন হয়েছে, কি করেছিলাম ? আমার সেই বই এখনও এখানে আছে। দুটো আইন করেছি দেড় বছরের মধ্যে। সব করা আছে এখানে। সুব্রতবাবু গেলেন না। আজকে আমাদের এস্টাব্লিশমেন্ট নিয়ে সমস্যা হচ্ছে। এম.পি., এম.এল.এ.-দের টাকা দেওয়া নিয়ে সমস্যা হচ্ছে। সব জানেন। এইগুলো আসল না। আসল কোনটা ? না, ৫০ ভাগ মহিলা রিজার্ভেশন। হয়ে আছে, আবার আনতে হবে কেন ? ওটা হয়ে গেলে বামফ্রন্টের নাম হয়ে যাবে, বামফ্রন্ট এনেছে। এত নোংরা রাজনীতি হতে পারে ? এই জিনিস করার চেষ্টা হচ্ছে। আমি আপনাদের কাছে বিনীতভাবে বলতে চাই অন্য কিচ্ছু নয়, আমি শুধু বলতে চাই আপনাদের কাছে কিচ্ছু তো

চাইনি আমরা, আরে আপনারা চাইলে তো পাশ হবে সবাই জানে। আমরা যতই চিৎকার করি, যতই বকি, যতই ওয়াক আউট করি, যতই স্লোগান দিই, যাই করি না কেন সব পাশ হবে। কে জানে না ? পাশ তো হবেই। কিন্তু আমরা বলেছিলাম জানতে দেবেন না কেন ? আমাদের এই যে মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছিলেন একটু আগে। মুখ্যমন্ত্রী আমাদের অতিথি নয়। মুখ্যমন্ত্রী এখানকার সদস্যা। মুখ্যমন্ত্রী, এই নয় মুখ্যমন্ত্রী তিনি লিডার অফ্ দি হাউস। এটা ব্যতিক্রম। গতবার একবার হয়ে গেল, উইন্টার বিধানসভাতে একদিনও মুখ্যমন্ত্রী আসেন নি। আজকে এলেন গেস্টের মত। এতগুলো বিল কার ? কার বিল ? এই বিলগুলো কি আমাদের ওই পার্থবাবুর বিল ? অতিথির মত আসলেন। মাননীয় স্পীকার বললেন বক্তৃতা করবেন, বক্তৃতা করলেন, চলে গেলেন। এতই দুর্ভাগ্য আমাদের। আমাদের কথা বাদ দিন। আপনারা তো মেম্বার। প্রশ্ন করেন নি ? আটটা দপ্তরের মালিক হচ্ছেন মুখ্যমন্ত্রী। আপনি বলুন যে দশ মাসে একটা প্রশ্নের উত্তর করেছেন ? বলুন ? কে আছেন, বলুন ? একটা প্রশ্নের উত্তর করেন নি। একটা বিল তোলেন নি। একটা আলোচনাও করেন নি। অতিথির মত এসেছেন, বক্তৃতা করে চলে গেছেন। প্রধানমন্ত্রী এই জিনিস করেন না, জ্যোতি বসু কোনোদিন এই জিনিস করেন নি, বুদ্ধদেববাবু কখনও এই জিনিস করেন নি, প্রধানমন্ত্রী কখনও এই জিনিস করেন নি, পৃথিবীর কোনো দেশে করে না। এই একমাত্র আমাদের সি.এম. হোল রেকর্ড ভাঙছেন। রেকর্ড ভাঙবে। প্রতিদিন একটা করে রেকর্ড হচ্ছে, রেকর্ড ভাঙছেন। ভাঙুন, আমাদের আপত্তি নেই। আমি শুধু আপনাদের কাছে বিনীতভাবে বলব এই যে এই বিলটা এনেছেন আমি কয়েকটা সংশোধনী এনেছি স্যার, মানবেন কিনা জানি না। কি বলা হয়েছে ? এই যে এই বিলের মধ্যে আছে দু-তিনটি জিনিস দেখুন স্যার। একটা কালচার তৈরি হচ্ছে। যত সংগঠন আছে, সব জায়গায় দলতন্ত্র উচ্ছেদের নামে দলকে বসিয়ে দাও। একটাই দল থাকবে, তার নাম হচ্ছে তৃণমূল। একটাই নেত্রী থাকবে, তার নাম হচ্ছে মমতা ব্যানার্জী। তার ফল কি ? এখানে করে দিয়েছে কমিটি, সেই কমিটি দশ জনের। সেই কমিটির দশ জনই হবে নমিনেটেড। একটাও ইলেকটেড হবে না। আমি প্রস্তাব করেছি যারা এর সঙ্গে যুক্ত আছে, উকিল, উকিলবাবুরা আছেন। অ্যাডভোকেটরা আছেন, তাদের সংগঠন থেকে এটা কেন থাকবে না ? তারা নিজেরা নির্বাচিত করে কেন লোক পাঠাবে না ? প্রস্তাব দিয়েছি, গ্রহণ করবে কিনা জানি না। এটা হওয়া উচিত। এই রকম অনেকগুলি আমার প্রস্তাব দেওয়া আছে। এই যে এখানে বলা আছে এই কমিটিকে গভর্নমেন্ট সুপারসিড করতে পারে। ভালো কথা, করতে পারবে সব জায়গায় আছে। কিন্তু তার শর্ত দেওয়া আছে। যে শো-কজ করে করতে হবে। অদ্ভুত ব্যাপার আইনমন্ত্রী জানেন কিনা জানি না, তারপরেই পরের প্যারায় বলা আছে without any show-cause ভেঙে দেওয়া যাবে। এক প্যারায় আমি বললাম শোকজ করতে হবে, পরের প্যারায় বলে দিলাম There is no need of any show-cause, এই রকম ডেমোক্রেসি হতে পারে নাকি ? আমি আপনার কাছে বিনীতভাবে বলব আমাদের ত্রুটি আছে যত পারেন বলুন। আমাদের বিরুদ্ধে যত সমালোচনা করুন আপত্তি নাই। কিন্তু দয়া করে অনুরোধ করব সিস্টেম ভেঙে দেবেন না। সিস্টেমের কথা একদিন মনে পড়বে।

আজকে গতিতে আছেন, জোয়ারে আছেন, জয়ে আছেন, মনে পড়ছে না। মনে পড়বে একদিন। সিস্টেমকে গড়ে তুলুন, পদ্ধতি মেনে চলুন। পদ্ধতি রাখলে আপনাদেরই লাভ হবে। আপনার কাছে আমার বিনীত অনুরোধ আপনার দায়িত্ব হচ্ছে বিরাট, নিশ্চয়ই আপনার Prerogative আছে। আপনি সব সিদ্ধান্ত নিতে পারেন। কিন্তু আপনার এখানে দায়িত্ব হচ্ছে আমাদের অধিকার রক্ষা করা। সকালে মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছিলেন। আজকে এটা প্রথম দিন নয়, বারবার বলেছিলাম আমি এই সভাতে, আজও বলছি আমি। তিনি যখন বলেছিলেন জোরের সঙ্গে, আমি গণতন্ত্র মানি এবং সেই গণতন্ত্রের মন্দির হচ্ছে এই বিধানসভা, এই গণতন্ত্রের মসজিদ হচ্ছে এই বিধানসভা। আপনি বিশ্বাস করুন আমি নিজে ইমপ্রেসড হয়েছিলাম যে এটাই তো চাই। কিন্তু এটার কি এটা মানে হয় ? আসলাম, চলে গেলাম। আলোচনায় অংশগ্রহণ করলুম না, কোনো সিস্টেম মানলাম না, এই জিনিস কখনও চলতে পারে না। সেই জন্য আমি এখানে আবার আবেদন করব (.....এই সময় লাল বাতি জ্বলে ওঠে).... লাল বাতি জ্বলবে, সবুজ বাতি জ্বলবে, আর কয়েকদিন বাদে শেষ বাতি জ্বলবে, কোনো চিন্তা নাই। কিন্তু একটা অনুরোধ করব আপনাদের কাছে, আমরা বিরোধী দলে রয়েছি। আমাদের প্রতি আপনার দায়িত্ব বিরাট। মুখ্যমন্ত্রী বললেন, বিরোধীদেরকে সম্মান দেওয়া হোক, সময় দেওয়া হোক, সব দেওয়া হোক। এর মানে সময় দেওয়া ? এর মানে কি আলোচনা করতে দেওয়া ? এই জিনিস করছেন। আমি আবার একবার বলব সুব্রতবাবুরা যা করছেন থাক। আপনার কাছে বলে রাখলাম সমস্ত রেকর্ড আমার কাছে আছে। দুটো আইন তৈরি হয়ে আছে। নোটিফিকেশন হয়ে আছে। রাজ্যপালের সই হয়ে আছে। আজকে আবার যদি এই জিনিস অনুমোদন করেন, এর থেকে ছোট কাজ নোংরা কাজ হতে পারে না। আমাদের এই বিধানসভায় এটা জঘন্যতম ঘটনা হয়ে থাকবে যদি এই জিনিস করে থাকেন। আমি আবার আবেদন জানাব যাতে এই জিনিস আর না হয় দেখবেন। আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে আজকে যে আইন আমরা প্রণয়ন করার জন্য এনেছি The West Bengal Advocate Welfare Corporation Bill, 2012। মাননীয় সদস্যদের বক্তব্য আমি শুনেছি। মাননীয় সদস্য শ্রী আনিসুর রহমান সিনিয়ার একজন সদস্য। তিনি এই বিলকে সমর্থন করলেন না, বিরোধিতা করলেন সেটা বোঝা গেল না। তাদের দলের একজন বক্তা প্রাথমিক বক্তৃতায় বললেন যে আমরা এটাকে সমর্থন করছি। তবে দেখতে হবে দুটো আইন হয়ে আছে, আমি স্যার একটাই কথা আনিসুরবাবুকে বলতে চাই, উনি যেটা পড়ে বলছেন "There is financial implication involved in the Bill. Necessary budgetary provision to this effect shall be made in consulation with the Finance Department in due course. এটা স্যার, এই বিল যেহেতু Finance involved, রাজ্যপালের কাছে পাঠানোর প্রয়োজন হয় এবং রাজ্যপালের কাছে যখন পাঠানো হয় তখনও পর্যন্ত বাজেটারি প্রভিশন আমরা পাইনি। কিন্তু তারপরে মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতাতে এবং তাঁর বাজেট স্পীচে ইতিমধ্যেই ১৪ কোটি টাকা বরাদ্দ করে

দিয়েছেন আমাদের এই অ্যাডভোকেট ওয়েলফেয়ার কর্পোরেশন স্টাফ করার জন্য। তো এটা তাঁর জানা উচিত সিনিয়ার মেম্বার হিসাবে। এটা অনেকদিন আগের লেখা। যখন ফাইলটা পাঠানো হয়েছিল গভর্নরের কাছে গভর্নরের অ্যাপ্রুভালের জন্য। তাঁকে জ্ঞাত করার জন্য আরেকটি জিনিস বলে রাখি স্যার, রাজ্যপাল এই বিল অনুমোদন দিয়েছেন এবং তাঁর অনুমোদনের পরেই এই বিল আজকে বিধানসভায় আমরা পেশ করছি। কারণ ফাইনান্স বিল পেশ করার আগে রাজ্যপালের অনুমোদনের প্রয়োজন হয়। আমি স্যার এইটুকু বলতে পারি আজকে আমাদের রাজ্যে আইনজীবীদের একটা ঐতিহাসিক দিন। আইনের ব্যবসার সঙ্গে যারা যুক্ত, আমি নিজেও স্যার একজন আইনজীবী। দীর্ঘ ২৮ বছর আসানসোলের মত মহকুমা আদালতে আমি আইন পেশায় যুক্ত ছিলাম। আমি দেখেছি স্যার এমন বহু আইনজীবীকে, বিশেষ করে যারা নবাগত, তারা কোর্টে এসে বাসের ভাড়াও যোগাড় করতে পারেন না যে কিভাবে আবার বাড়ি ফিরে যাবে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আইনজীবীদের এই অবস্থা দেখে তিনি ইন্সপায়ার করেছেন এই ধরনের বিল বা এই ধরনের আইন তৈরি করার জন্য। এটা সত্যি কথা যে আইনজীবীদের জন্য আরও একটি আইন আছে, যেটা হচ্ছে West Bengal Welfare Fund Act, '1991.

[5.50 – 6.00 p.m.]

কিন্তু সেই যে ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্ট তার যে মূলধন বা টাকা এটা আসে বার কাউন্সিলের যে টাকা তার একটা শেয়ার থেকে এবং রাজ্য সরকার সেখানে কিছু টাকা দিয়ে থাকেন। কিন্তু ১৯৯১ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের সমস্ত বারের মেম্বাররা সেখানকার মেম্বার হতে পারেনি। তাছাড়াও সেখান থেকে যেটুকু সাহায্য পান সেটা হচ্ছে ম্যাক্সিমাম ৩০ হাজার টাকা, তার থেকে বেশি আইনজীবীরা সাহায্য পান না। আর আমরা আজকে এখানে যে বিল নিয়ে এসেছি এটা কিন্তু সরাসরি রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন একটি কর্পোরেশন। রাজ্য সরকার বাজেট থেকে টাকা অনুমোদন দিয়েছেন এবং যে কমিটি এখানে হচ্ছে তাতে যেমন আইন এবং বিচার মন্ত্রী চেয়ারম্যান হিসাবে থাকবেন, সঙ্গে সঙ্গে সেখানে জুডিশিয়াল সেক্রেটারি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল, ল' সেক্রেটারি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল—এরা সরকারিভাবে থাকবেন। পাঁচজন সদস্য আরও এই কমিটিতে নেওয়া হবে। আমাদের মাননীয় সদস্য অশোক দেব যেটা বললেন যে, বার কাউন্সিল হচ্ছে একটা আইনজীবীদের বডি যাঁরা আইনজীবীদের যে প্র্যাকটিস করান—যে অথরিটি সেই অথরিটিকে নিয়ন্ত্রণ করে থাকেন। স্বাভাবিকভাবেই বার কাউন্সিলকে ইগনোর করে কোনো বিল আমরা আনতে চাইনি। কারণ, এখানে বলা আছে যে, কারা কারা বেনিফিট পাবেন, কাদেরকে বার কাউন্সিলের সদস্য হতে হবে, বার কাউন্সিলের এনরোলমেন্ট থাকতে হবে। কারও যদি বার কাউন্সিলের এনরোলমেন্ট না থাকে তারা কিন্তু এই বেনিফিট পাবেন না এবং বার কাউন্সিলের যারা এনরোলমেন্ট নেবেন তারা বার কাউন্সিলে এনরোল্ড কিনা, পরবর্তীকালে বার কাউন্সিলকে সেটা অথেনটিককেশন করার প্রয়োজন হবে যে, এই আইনজীবী ওয়েস্ট বেঙ্গলের রোলে আছে, আমাদের বার কাউন্সিলের তিনি একজন সদস্য।

যে পাঁচজন মেম্বার সরকারের পক্ষ থেকে নমিনেশন করা হবে বার কাউন্সিল তার মধ্যে নিশ্চয় একটা গুরুত্বপূর্ণ জায়গা। বার কাউন্সিলের থেকে যাতে মেম্বারস থাকে সেই ব্যাপারে নিশ্চয় আমরা লক্ষ্য রাখব। পরবর্তীকালে আমরা লক্ষ্য রাখব যাতে বার কাউন্সিল থেকেও একজন মেম্বার এতে থাকে। আসতেই পারে বার কাউন্সিল থেকে মেম্বার। আইনে পরে রুলস তৈরি হয়। সেই রুলস-এ কিভাবে এই আইন নিয়ে আমরা চলবো, কিভাবে আমরা এই কর্পোরেশন চালাব তার জন্য রুলস তৈরি হবে। ন্যাচারালি আপনাদের যাঁরা বক্তব্য রাখলেন তাদের সেই বক্তব্য নিশ্চয়ই সেখানে গুরুত্ব পাবে এবং আমরা সেটা গুরুত্ব দিয়ে দেখব। পাঁচজন মেম্বার রাখা হবে বলা হয়েছে, পাঁচজন মেম্বার আমরা যে কোনো জায়গা থেকে নিতে পারি। স্যার, আমি এইটুকু বলতে পারি যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের আইনজীবীদের জন্য চিন্তা করেছেন। আজ স্বাধীনতার পরে আইনজীবীদের জন্য চিন্তা কিন্তু আর কেউ করেননি এবং আইনজীবীদের যা অবস্থা, একটা সংখ্যক বাদ দিয়ে খুব কম সংখ্যক সেটা, সেই সংখ্যক বাদ দিয়ে আমি মনে করি যে, একটা বিরাট সংখ্যক আইনজীবী যাদের পাশে সরকারকে দাঁড়ানো উচিত এবং সরকারের এই ধরনের আইনের প্রয়োজন আছে। তাই স্যার আমি বলব যে, ১৯৯১ সালের যে আইন সেই আইনের যে ফান্ড সেই ফান্ড হচ্ছে বার কাউন্সিল থেকে আসে এবং খুব কম করা যায়। এটা সরাসরি যেহেতু সরকারি টাকা, একটা বড় সংখ্যক টাকা চৌদ্দ কোটি/পনের কোটি টাকা যেটা গ্র্যান্ট হয়েছে, সেটাতে যাতে সরকারি অফিসাররা, গুরুত্বপূর্ণ অফিসাররা থাকতে পারেন সেই জন্য এই আইনের ব্যবস্থা করা হয়েছে এবং এই আইনের মধ্যে অনেক কিছু প্রস্তাব আছে। তার মধ্যে আপনি জানেন যে, যাঁরা নতুন আইনজীবী পাশ করে সবে মাত্র জয়েন করবেন তাদেরকে প্রাথমিকভাবে এক বছরের জন্য স্টাইপেন্ড দেওয়া হবে। স্টাইপেন্ডের কি পরিমাণ তা ইতিমধ্যেই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। তা সত্ত্বেও আমরা পরবর্তীকালে রুলস তৈরি করে বলে দেব।

এছাড়া আইনজীবীদের জন্য আমরা গ্রুপ ইন্সিওরেন্সের জন্য ইতিমধ্যে কথাবার্তা বলে ফেলেছি। গ্রুপ ইন্সিওরেন্স আইনজীবীদের জন্য করা হবে। আইনজীবীদের জন্য হাউজিং, রেন্টাল এবং ওনারশিপ, তার ব্যবস্থা করা হবে। আনিসুরবাবু বললেন একটা সংস্থা আছে আমাদের রাজ্যের যারা হাউজিং করে থাকে। নিশ্চয় তাদের পরামর্শ থাকবে। আপনি আইনটা হয়তো ভালোভাবে পড়েননি। এখানে বলা আছে একটা ইঞ্জিনিয়ারিং উইং থাকবে এবং সেখানে by deputation from P.W.D.-কারা দেখাশোনা করবেন ? অর্থাৎ আলাদাভাবে কোনো কিছু তৈরি হবে না, সরকারি যে P.W.D. সংস্থা, তাদেরই কাউকে ডেপুটেশনের এনে, তিনি শুধু আইনজীবীদের যেখানে ঘর হবে, আইনজীবীদের যেখানে রেন্টাল এবং ওনারশিপ housing তৈরি হবে সেগুলো দেখাশোনা করবেন। তাই আমার মনে হয় আইনটা, উনি হয়তো বললেন যে, ভালোভাবে পড়তে পারেননি, দু'ঘন্টা, তিন ঘন্টার মধ্যে বাড়িতে গিয়ে পড়বেন, খুবই ভালো আইন। পশ্চিমবঙ্গের আইনজীবীদের জন্য এত ভালো আইন এর আগে কোনোদিন হয়নি। এর জন্য আমি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই এবং মাননীয় সদস্য যাঁরা আজকে সমর্থন করলেন তাঁদেরকেও ধন্যবাদ জানাই।

Mr. Speaker : The Question before the House is the motion for reference of the Bill to the Select Committee

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Noes have it, Noes have it.

I now put to vote the motion of Shri Moloy Ghatak that The West Bengal Advocates Welfare Corporation Bill, 2012 be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it, Ayes have it.

Clause 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clause 2 & 3. So I put Clauses 2 & 3 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it, Ayes have it.

Clause 4

There are four (4) amendments to Clause 4 by Shri Sobhandeb Chattopadhyay, Dr. Traun Kanti Naskar, (Amendment no. 3) and Shri Anisur Rahaman. (Amendment Nos. 4 & 5)

First I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 4. sub-clause (3) be omitted.

Shri Moloy Ghatak : Sir, I accept it.

Mr. Speaker : Next, I call upon Dr. Tarun Kanti Naskar to move his amendment.

ডাঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ সাহেব, এখানে যে Corporation Constitution হয়েছে, সেখানে ৪ নম্বর ধারাতে যেহেতু সবই nominated by ex-officio member, আমি যেভাবে অ্যামেন্ডমেন্ট মুভ করার চেষ্টা করছি।

Sir, I beg to move that in clause 4 in sub-clause (1) for item (f) the following be substituted :-

"(f) five advocate of West Bengal who are members of Bar Associations, elected by the members of Bar Associations from amongst themselves for a term of 5 years" (Amendment No. 3).

Shri Moloy Ghatak : Sir, I do not accept it.

Mr. Speaker : Now I call upon Shri Anisur Rahaman to move his amendments.

শ্রী আনিসুর রহমান : স্যার, মাননীয় মন্ত্রী বলছেন আমার মতামত নাকি আমি দিইনি। আমি তো সিলেক্ট কমিটিতে পাঠাতে বলেছি। এর থেকে বড় মতামত কী আছে ? আলোচনা চেয়েছি।

Sir, I beg to move that in clause 4, in sub-clause (1) for item (f) the following be substituted :-

"(f) Six members, two from each division, to be elected by the Advocates who are members of the Bar Associations from amongst themselves." (Amendment No. 4)

Sir, I also beg to move that in clause 4, for sub-clause (2) the following be substituted :

"(2) The Corporation shall elect one of its members as the Vice-Chairman of the Corporation." (Amendment No. 5).

Shri Moloy Ghatak : Sir, I do not accept the amendments.

Mr. Speaker : The question before the House is the amendment No. 3 moved by Dr. Tarun Kanti Naskar and amendment No. 4 moved by Shri Anisur Rahaman.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Noes have it, Noes have it.

[6.00 – 6.10 p.m.]

Mr. Speaker : The question before the House is that the Amendment (No. 5) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Mr. Speaker : The question before the House is that the Amendment (No. 1) moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Now I put Clause 4. as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it Ayes have it.

Clauses 5 to 25

There is no Amendment to Clauses 5 to 25. So, I put Clauses 5 to 25 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 26

There is Amendment (No. 6) to Clauses 26 by Shri Anisur Rahaman. Now I call upon Shri Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 26, proviso to sub-clause (1) be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Moloy Ghatak : I do not accept the Amendment made by Shri Anisur Rahaman.

Mr. Speaker : The question before the House is that the Amendment (No. 6) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Now I put Clause 26, as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say no. Ayes have it. Ayes have it.

Clauses 27 to 32

There is no amendment to Clauses 27 to 32. The question that Clauses 27 to 32 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Law and Judicial Department may please move the Motion for passing the Bill

Shri Moloy Ghatak : Sir, I beg to move that the West Bengal Advocates Welfare Corporation Bill, 2012 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opionion will please say no. Ayes have it. Ayes have it. The Bill as amended is passed.

The West Bengal Panchayat (Amendment) Bill, 2012

Mr. Speaker : Now. I call upon the Minister-in-Charge to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 2012.

(At this stage, all the Hon'ble Members of the Opposition Parties walked out from the House)......

Shri Subrata Mukherjee : Mr. Speaker Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 2012.

(Secretary then read the title of the Bill)

Mr. Speaker : Now the Hon'ble Minister-in-Charge of Panchayat & Rural Development Department may please move his Motion for consideration of the Bill.

Shri Subrata Mukherjee : Mr. Speaker Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2012 be taken into consideration.

শ্রী বিপ্লব রায় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পঞ্চায়েত নির্বাচনের ৪ বছর কেটে গিয়ে আমরা পঞ্চম বছরে পা দিয়েছি। পশ্চিমবঙ্গের গ্রাম-গঞ্জে, নগরে, বন্দরে, পঞ্চায়েত নির্বাচনের গন্ধ এখন ভেসে বেড়াচ্ছে। দেখা হলে মানুষ জিজ্ঞাসা করছে পঞ্চায়েত

